West Bengal Legislative Assembly."

(The Messages and the Bills were laid on the Table.)

Discussion on Covernor's Address

Shri Razaul Karim:

ম্পেয় সভাপতি মহাশয়, আজকের আলোচনা আপনার অনুমতি নিয়ে আমি বসে বলব। আশা রি আপনি আমাকে ক্ষমা করবেন।

Mr. Chairman:

ক আছে।

Shri Razaul Karim:

ত্তনাল আমাদের মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর আমাদের বিরোধী দলের দুই একজন দুস্য অনেক কথা বলেছেন। আমি আজকে তাঁর সেই ভাষণের উপর আমার কিছু বস্তুব্য বলব। ই ভাষণের জন্য সুব্প্রথমে আমি আমাদের মাননীয়া রাজ্যপালকে অন্তরের সহিত ধন্যবাদ দিছি । এই ভাষণটী যথন শ্নলাম তারপরে পড়লাম তথন দেখলাম যে এর ভাষা খ্ব সংক্ষিণ্ড ও সংযত । তব্ও এতে দেখলাম দরকারী সব কথাই প্রায় বলা হয়েছে, বিশেষ করে বর্তমান অবস্থাতে এইর্প সংযত ভাষণ দেওয়াই দরকার । এ সময়ে উত্তেজনাপ্র্ণ কোন কথা বলা ঠিক নয় । দেখলাম, এই ভাষণে প্রথমে তিনি প্র্বিগের সংখ্যালঘ্ব সম্প্রদারের নিধনের মর্মান্ত্রদ বাাথা ও বেদনার কথা বলেছেন । অবশ্য যেটা শলং পরে বলে নি । সংক্ষিণ্ডভাবে এবং সংযত ভাবে তিনি সে কথা বলেছেন । আমি যখন প্রবিশের এই সমস্ত অসহায় সংখ্যালঘ্ব সম্প্রদারের দ্বংখ দ্বর্দ্দার কথা মফঃস্বলে বসে শ্বনলাম তখন আমার মনে যে প্রতিক্রিয়র স্থিত হয়েছিল সেটা আমি আপনার কাছে বলব । মহাকবি মিলটনের সেই বিখ্যাত সনেটের কথা আমার মনে পড়লো—পাকিস্তানের সংখ্যালঘ্বদের উপরে অত্যাচারের কথা শ্বনে মিলটনের সেই মহাবাণী আমার মনে পড়লো

"Avenge oh Lord, Thy slaughtered Saints whose bones lie scattered on the Alpine Mountains cold."

আমি তো ভাবলাম, এই মধ্যযুগীয় শাসন ব্যবস্থার অধীনে শাসিত ও নিয়ন্তিত পাকিস্তানের সংখ্যালঘ্ সম্প্রদায় কেমন করে সেখানকার ব্যাবিলনিয়ান উয়ো এর হাত থেকে বাঁচবে। এদের বাঁচানোর সমস্ত রকম ব্যবস্থা আজকে করা দরকার—এটাই আমি উপলব্ধি করলাম। আমি আরও উপলব্ধি করলাম যে সেখানে সম্মানের সঙ্গে তারা থাকতে পারে না—এবং থাকাও কোল ক্রমে সম্ভব নয়। এবং সঙ্গে সঙ্গে দেখালাম তার প্রতিক্রিয়াস্বর্প পশ্চিমবঙ্গেও কিছ্ব কিছ্ব দুর্ঘটনা বা গোল্যোগ্র দেখা দিয়েছে।

[2-30-2-40 p.m]

আনন্দের কথা যে আমাদের রাজ্যপাল মেই কথাও সংক্ষেপে বলেছেন, তিনি কোন কথা বলতে কুণিঠত হন নি। কিন্তু তাঁর ভাষা সংযত, এবং এই সব কথা সংযত ভাষায় বলাই কর্তবা। মান্বের প্যাসান যথন হাইলি এক্সাইটেড হয় তথন এর্প সংযত ভাষাই প্রয়োজন। আমাদের রাজ্যপালের ভাষণে সেই সংযমের আভাষ দেখে তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আশ্চ্যা লাগে এই দেখে যে পাকিস্তান এই সমস্ত সংখ্যালঘ্ সম্প্রদায় যাদের তারা নিজের রাজ্যের নাগরিক বলে স্বীকার করেছে, তাদের রক্ষা করার জন্য তাদের সর্ববিধ স্বার্থ এবং কল্যাণের জন্য কোন ব্যবস্থাই করছে না। এর চেয়ে লজ্জা এবং দ্বংথের কথা আর কিছ্ হতে পারে বলে আমি ভাবতে পারি না। যাইহাক, সেখানে যা হয়েছে তার প্রতিক্রিয়া আমরা এখানে কর্ব সেটা ঠিক নয়। আমাদের মনে রাখতে হবে

It is only just India that can demand justice from Pakistan.

সত্তাং আমরা সব সময় জান্টিসের দিকে লক্ষ্য রাখব। দাংগা-হাণ্গমার যে হয় তার অনের কারণ আছে, সে কথা আমি বলব না। আমি সাধারণভাবে এইট্কু বলব যে এর একটা অর্থ-নৈতিক দিক আছে। এই যে দাংগা-হাণ্গমা হয় এতে একটা বিশেষ সম্প্রদায়ের সম্পত্তি নই হয় না, নন্ট হয় সমগ্র নেশানের সম্পত্তি। বাড়ী-ঘর, বিষয় আশায় যা কিছু নন্ট হয় সমস্ট নেশানের সম্পত্তি নন্ট হয় । সত্ত্বাং এইভাবে যে দাংগা-হাণ্গামা হয় এগ্রুলি যাতে বন্ধ হয় তার জন্য কঠোর ব্যবস্থা, কঠোর শাসন এবং কঠোর নীতি প্রয়োগ করা উচিত। আমি আনন্দের সংগে লক্ষ্য করছি যে আমাদের পশ্চিমবণ্গ সরকার বেশ ভালভাবে অলপ দিনের মধ্যে পশ্চিমবণ্গকে দাংগামত্তি করেছেন। কিন্তু পাকিস্তানের যে সংবাদ পেলাম তাতে দেখতে পাছি যে ওখানে এখনও স্বাবস্থা হয় নি, এখনও অনেক কিছু অব্যবস্থা রয়েছে। তবে একটা কথা মাননীয় সভাপতি মহাশার, আপনার মাধ্যমে সকলকে বলব যে এই দাংগা-হাণ্গামার কথা নিয়ে বিস্তৃত আলোচনা করা মোটেই ঠিক নয়। পূর্ববাংগলায় কত লোক মরল, কত লান্ণিঠত হল আর এখানে কত মরল, কত লান্ণিঠত হল এই সব আলোচনা ঘতই করব ততই উত্তেজনা বাড়বে এবং তাতে মান্বের মন মিসলমানে বিরোধী মনোভাব জাগ্রত হবে এবং এবং এব

ফলে আমাদের দেশে সাম্প্রদায়িকতা আরো বৃদ্ধি পাবে। বর্তমান সময়ে রাজ্যপাল দেশ-বাসীকে ভালভাবে স্মরণ করিয়ে দিয়েছেন যে

one wrong, however, can never be righted by the perpetration of another and no provocation from outside should make us swerve from our secular ideal.

এটা একটা অত্যন্ত ম্লাবান ক্থা। এজন্য আমি আমাদের মাননীয়া রাজ্যপালকে অন্তরের সংগে ধন্যবাদ জানাছি। রাজ্যপালের ভাষণের ম্ল আবেদন হচ্ছে সেকুলার আদর্শের দিকে। এই সেকুলার আদর্শের কথা তিনি অত্যন্ত দৃঢ়তার সংগে আমাদের কাছে বলেছেন। তাহলে এই সেকুলার আদর্শের কথা তিনি অত্যন্ত দৃঢ়তার সংগে আমাদের কাছে বলেছেন। তাহলে এই সেকুলার আদর্শের গোড়ার কথা কি? সেই কথা বলতে গেলে আমাকে একটা বই-এর কথা উল্লেখ করতে হয়। আমাদের এই এ্যাসেম্বলীর লাইরেরীতে এই বই আছে। একজন আর্মেরিকান লেডি সেই বই লিখেছেন, মুসলিম উইমেন এন্টার এ নিউ ওয়ার্লাড বইটির নাম। সেই বই-এ তিনি একদিন আরব দেশের কোন একটা পরিবারের সংগে আলাপ-আলোচনা করতে করতে বললেন যে ভারতীয় মুসলমানদের সম্বন্ধে তোমরা কি চিন্তা কর। তখন তারা বলল we are nearer to the christians of Arabs than to the Muslims of India

তথন লেখিকা উপলব্ধি করেছেন এই হল সেকুলারিজমের আইডিয়া। আমাদেরকেও সেই কথাই বলতে হবে। পাকিস্তান এই কথা বলবার মত যোগ্যতা অর্জন কর্রোন এবং সেই সাহস তার নেই। আমাদের বলতে হবে—মুসলমানদের বলতে হবে

We are nearer to the Hindus of India than to the Muslims of Pakistan or anywhere in the world.

এবং হিন্দুকেও বলতে হবে উই আর নিয়ারার টু দি মুসলিমস অব ইণ্ডিয়া দ্যান টু দি হিন্দুজ ন্মব এনিহোরার। কারণ, এ আমার সহ-নাগরিক, এই সহ-নাগরিকের স্বার্থ তার মঙ্গাল কল্যাণ আমাকে আগে দেখতে হবে। এই মনোভাব যদি আমাদের থাকে এবং এই মনোভাব যদি প্রচার করা হয় তাহলে দেখবেন ভারতবর্ষে কোন রকম সাম্প্রদায়িক দাংগা হতে পারে না। সেকুলা-রিজম গঠন করা যে কত কঠিন কাজ সেটা অনেকে চিন্তা করতে পারে না। ইউরোপে এই সেকুলারিজম গড়তে ৫ শো বছর লেগেছে। ৫ শো বছর ধরে সেখানে মারামারি কাটাকাটি হয়েছে। এক সময় ইউরোপের রাজনাবর্গের আদর্শ ছিল কুজাস ইজিও, রিজাস রিলিজিও-দি প্রিন্স অব এ স্টেট শ্যাল সেটেল দি রিলিজিয়ান অব দ্যাট স্টেট। ৩০ ইয়ার্স ওয়ারের পরে নানা রকম কাটাকাটির পরে ইউরোপে ধীরে ধীরে সেকুলারিজ্বমের আদর্শ গ্রহণ করা হয়েছে। আমরা একটা সংবিধান তৈরি করলাম সমস্ত রকম ধর্মান্ধতা, অন্ধতা, সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা বর্জনি করে, হিন্দু, মুসলমান, খূড়ান, বোল্ধ যে কেউ আছে সমুস্ত বাধা ব্যবধানকে দূরে করে সন্দরভাবে একটা শক্ত ভিত্তির উপর এমন একটা সেকুলারিজমের আদর্শ গ্রহণ করলাম যার ফলে আজ আমরা দাঁডিয়ে আছি বিশেবর বৃকে মাথা উ'চ করে। কিন্ত যেখানে থিওক্রাটিক স্টেট চালঃ র রছে সেখানে ফ্যানাটিসিজম থাকে. মিডাইভ্যালিজম থাকে. অভিজ্ঞতা থাকে. ধর্মান্ধতা থাকে--তারা কথনই মান-্ষের প্রতি সদ্বাবহার করতে পারে না এবং একথা সত্য যে ভারতবর্ষে ^{বহ}়ে পূর্ব হতেই কোন বিপ্লব ঘটাবার পূর্বে আমরা সেকুলারিজমের আদর্শ স্থাপন করেছি কিন্তু পাকিস্তানে একদিন আসবে যখন জনমানব সেকিউলারিজম প্রতিষ্ঠা করবে এবং তখন ^{ধ্রংস} যা হবার সব শেষ হয়ে যাবে, মাইনরিটি সম্প্রদায় নিশ্চিহ্ন হয়ে যাবে। তথন তার সেই সেকিউলারিজমের কোন অর্থ পাকবে না। এখানে সংখ্যাগরিষ্ঠ ও সংখ্যা-^{লঘিডে}ঠর কথা বলা হয়, হিন্দ**্ব ম্সলমানে**র কথা বলা হয়,কিন্তু রাজনীতির দিক থেকে সংবিধানের দিক থেকে আমরা সবাই ভারতবাসী উই দি পিপল ইণ্ডিয়া—আমরা হিন্দুও নই, মুসলমানও নই, কেউ নই—আমাদের একথা ভাবতে We are first and foremost Indians,-Muslims next, Muslims or not is not our consideration

আমরা ইণ্ডিয়ান্স এটাই আমাদের সবচেয়ে বড় কথা। পাকিস্তান তা পারেনি এবং কতদিনে তা পারবে সেটা বলতে পারি না। স্তুতরাং এই যে পাকিস্তান তা ধর্মীর রাষ্ট্র, এই ধর্মীর ^{রাষ্ট্র} হলে আন্তর্জাতিক বিধি ও নীতি অনুসারে কি বিচার করা কর্তব্য সেটা আপনার কাছে বলবা । অতীতকালে যতদিন স্লেতানের অধীনে টার্কি ছিল, অনেকে জানেন নিশ্চয়ই, আপনি পশ্ভিত লোক, যে সেখানে ক্যালকুলেসনের ব্যবস্থা ছিল । ক্যালকুলেসন মানে সেখানে যেসব মাইনরিটি থাকবে খাটান, প্রজারাই ইউরোপীয় সম্প্রদায় যারা থাকতো তাদের বিচার টার্কিস আদালতে হত না । তাদের বিচার করবার জন্য ক্যাপিচুলেসন কোর্ট ছিল । পাকিস্তানের কাছে আমাদের দাবী হবে, যতদিন একটাও সংখ্যালঘ্ সম্প্রদায়ের লোক থাকবে, হিন্দ্র দার্ম হিন্দ্র, বৌদ্ধ, খাত্টান যতদিন থাকবে ততদিন আমরা পাকিস্তানের উপর ক্যাপিচুলেসনের দাবী করিছ । টার্কির ব্রুকে ১ শো বছর ২ শো বছর ধরে যা ছিল ক্যাপিচুলেসন কামাল পাশা এসে সেই ক্যাপিচুলেসন দার করেছে । যেহেতু পাতিস্তান সেকিউলার রাজ্য গঠন করেছে । যেহেতু পাতিস্তান সেকিউলার রাজ্য গঠন করেছে ওবাং তু পাতিস্তান সেকিউলার রাজ্য গঠন করেছে ওবাং আন্রা করিছ এবং আন্তর্জাতিক জগতে একথা প্রচার করতে হবে । চাই Capitulation must be claimed from Pakistan otherwise minorities cannot

be secured in Pakistan স্বতরাং একথা আমাদের বলতে হবে। একটা কথা বলছি অ্যান্তাহাম লিংকনের বই-এ একটা

when I look at the slaves of the country I become atraid, because God is just.

স্লেভের দর্দেশা চেখে তার তত্টা দঃখ নয় - যতটকে এর পরিণতির জন্য । কারণ তিনি বিশ্বাস করতেন যে গড় ইজু বাস্ট, কোন জায়গাতে অর্গাণত মানুষের উপর অত্যাচার যদি হয় সেই অত্যাচারের জন্য জ্যাতির ক্ষাতি হতে পারে। রাঞ্জেরও ধরংস হতে পারে। গড় ইজ মাস্ট এই রকম দিনের পর দিন অন্যায় চলতে পারে না। আমরা পাকিস্তানের কাছে শিখবোনা বিছা আমরা বরং শিক্ষা দেব, শুধু পাকিস্তানকৈ নয়, সমগ্র বিশ্বকে শিক্ষা দেব জাণ্টিস থাতে হয় সেই চেণ্টা সব সময় করবে। একটা কথা এই যে হত্যা পাকিস্তানে কিছ, হল. এথানে কিছা হল-সেখানে বেশী এখানে কম এটা আসল কথা নয় এটা ডিফারেন্স ইন ডিগ্রি वार्षे नर्षे हेन काहेन्छ मिर्पेहे व्यक्ति वन्तर्या। शाकिन्छातः २।८।५०।५० हाङात भरतर्छः আর ভারতবর্যে ২।৩ শো মরেছে এ কোন প্রন্ন নয়-প্রন্ন হচ্ছে একটা মানারও মরবে কেন। এই যে সব হত্য হচ্ছে আমি নির্মাল দিবালোকে ঘরের বেডাবো. আমার পর্যালশ আছে, মিলিটারী আছে, মন্দ্রীবর্গ আছে, আমার রাজ্য আছে, আমার আশে পাশে কি অম্প প্রতিবেশী আছে—এই রাজ্যে একটা লোক যেহেতু সে অন্য ধর্মাবলম্বী অতএব গ-ভা লাগিয়ে তাকে মারবো এ জিনিসটা অন্যায়। আজকে সতাই পাকিস্তানে মাইনরিটিদের সিকিউরিটি নণ্ট হচ্ছে। এখানে কিছু কিছু মাইনরিটি নিহত হয়েছে বটে কিল্তু সিকিউ^{রিটি} জিনিসটা ভারতবর্ষের মুসলমানদের সম্পূর্ণরূপে মোটেই নণ্ট হর্মান। তার প্রমাণ আমি কিছুটো আগে নদীয়া জেলার একটা জায়গাতে গিয়েছিলাম—সেখান থেকে নাজিরপার কাছে। নাজিরপুরের লোকেরা এই সভায় যোগদান করতে এসেছিলেন, সেখানে অনেক লোকের সংগে আমার দেখা হল, বল্লাম কি ব্যাপার, তোমরা কি করবে, এখানে কি থাকবে? বল্লো হ্যাঁ থাকবো। তোমাদের ভয় জার্গোন, বল্লো কিছুই নয়। বল্লাম তোমরা ওপারে যাবার চেন্টা করবে না, বল্লো মোটেই নয়—তোমরা নিরাপত্তা বোধ করেছো নিন্চয়ই বোধ করছি, বল্লো আমাদের মন্ত্রীমণ্ডলী এখানে এসেছিলেন স্মর্রজিং বাব, এসেছিলেন, রহমান সাহেব এসেছিলেন...

[2-40-2-50 p.m.] '

জায়গায় আছে জেফারণ্টোন বলছেন

আমরা বহ^{*} অস্বিধা সত্ত্বেও সিকিওড্ হয়ে দাঁড়িয়ে আছি, আমাদের মধ্যে সেন্স অফ সিকিউরিটি জাগ্রত হয়েছে। কাজেই কলকাতার বেনিয়াপ্কুর এলাকায় আমি দেখলাম এই সেদিন ইন্তাহারের সময়, পথের ধারে একটা জায়গায় কি স্কুদর ইন্তাহারের বাকশা তারা করেছে। দেখে মনে হল যেন কোন দিকে, কোথাও কিছ্ব ঘটেনি। এই যে সেন্স অফ সিকিউরিটি, অমারা ভারতবর্ষে পেয়েছি, পাকিস্তানে এই রকম সেন্স অফ সিকিউরিটি তারা আনতে পারেনি; এবং কোন কালে যে তারা আনতে পারবে, সে সন্বন্ধে যথেত সন্দেহ আছে। স্কুরাং

র্মাক ভারতের যে সব হিন্দ্ আজ পাকিস্তানে বাস করছে, তাদের মধ্যে এমন বহু হিন্দ্ আছে যারা দেশের স্বাধীনতার জন্য, গণতন্ত্রের জন্য লড়ই করেছে, তারা জাতীয় সংগ্রামে অর্থ দিয়েছে, জেলে গিয়েছে, এবং নানাভাবে স্বাধীনতা আন্দোলনে অংশ গ্রহণ করে সাহায্য করেছে, আজ তারা সেখানে ধনতান্ত্রিক, স্বৈরাচারী, মিলিটারী শাসনে যে থাকতে চায় না এরজন্য কেরছে, আজ তারা সেখানে ধনতান্ত্রিক, স্বৈরাচারী, মিলিটারী শাসনে যে থাকতে চায় না এরজন্য কোনর্প তাদের উপর জাের দেওয়া যায় না । এখানে তারা চলে এলে, সমান মান, মর্যাদা ও অধিকার পাবে, একথা তারা জানে। স্ত্রাং পাকিস্তান থেকে যে সমস্ত লােক এখানে চলে আসতে চান. তাদের আসতে দিতে হবে এবং স্ব্রাক্থা করতে হবে। এটা খ্ব আনন্দের কথা যে আমাদের কেন্দ্রীয় সরকার বলেছেন যে যারা সেখান থেকে চলে আসতে চায় তাদের জন্য বিশেষ ব্যবস্থা করবেন।

ইউ, এন, ওর দিশে তাকিয়ে একবার ভারতবর্ষের সেকুলার রুপটা দেখুন। ইউ, এন, ওতে পাকিণ্ড নের প্রতিনিধি হিসাবে ভূট্টা সাহেব গেলেন। আর ভারতের প্রতিনিধি হয়ে কে গেলেন। মহম্মদ করীমভাই চাগলা। এ'রা দ্মজনেই মুসলিম। এ থেকে প্রমাণ হচ্ছে যে ভারতবর্ষ কিভাবে তার সেকুলারিরাম-এর আদর্শ রক্ষা করে চলেছে। কান্মীর মুসলিমপ্রধান অঞ্চল, ভারতবর্ষে থাক। উচিত, এই কথাটাকে কত যুক্তি সহকারে চাগলা সাহেব সেখানে বলেছেন। এর-দারা আমরা ব্রুতে পারছি ভারতবর্ষের সেকুলারিজম-এব রুপটা। এই দৃশটাই সারা পর্যিবীর কাপ্নে গুলে ধরাত হবে। এই সেকুলার আন্রাভিক্ত তাদের সকলের কাছে বোঝাতে হবে যে এটা কত খাঁটি, এটা ভাঁওতা নয়, ল্লান্ত কথা নয়, ধাণ্পাব জি নয়, আসল এবং বাসতব কতা, এটাই দেখাতে হবে। স্তেনাং এই প্রসংগ্য আমি একটি কথা বললো যে ইউ, এন, ওতে সাম্মার সেগগে বর্টেনের প্রতিনিধি স্যার পার্টিক ডিন যে সব ভারত বিরোধী কথা বলেছেন তার আমি প্রতিবাদ করছি, এবং আমি পশ্চিমবণ্য সরকারের মাধ্যমে ভারত সরকারের নিকট নিবেদন কথবে। তারা যেন এ সম্পর্কে বৃটেনের সঙ্গো একটা বোঝাপড়ার বাবস্থা করেন। কেন তারা এইর্প পক্ষপাত গ্রহণ করবেন! গতকাল আমরি বন্ধ্ব শশাংক শেথর সান্যাল মহাশয় বলেছেন যে

Indian Muslims have homeland beside India. আমি এই কথা বৰ্লাছ, এটা ভূল কথা। ভারতবর্ষ ছাড়া Indian Muslims have no homeland.

Shri Sasanka Sekhar Sanyal:

আমি এ কথা বলিনি। আমি বলেছি যে প্থিবীতে ম্সলমানদের অনেক রাষ্ট্র আছে, খ্টানদেরও অনেক রাষ্ট্র আছে, কিন্তু, হিন্দুদের ইন্ডিয়া কিন্বা নেপাল ছাড়া আর কোন হোমল্যান্ড নেই। ইন্ডিয়ান মুসলিম হ্যাভ মেনি হোমল্যান্ডস এ কথা আমি বলিনি।

Shri Rezaul Karim:

তাহলে ঠিক আছে। আমি এই কথা বলছি যে ভারতীয় মুসলমান যারা ভারতবর্ষকে ত দের হোমল্যান্ড বলে গ্রহণ করেছে, তারা চিরকালই ভারতবর্ষকে তাদের হে মল্যান্ড বলে গ্রহণ করে। ভারতের স্বার্থের সঙ্গে সে তার নিজের স্বার্থকে জড়িয়ে দেবে, ভারতের স্বার্থকে, নিজের স্বার্থকিল সে গ্রহণ করে। ভারতের কল্যাণ, তার কল্যাণ, ভারতের মঙ্গল, তার মঙ্গল, এই কামনা নিয়ে সে এখানে বাস করবে, এবং সকলের সঙ্গে মিলেমিশে আমরা একভাবে চলবো।

এই দাণ্গা সন্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। এটা লক্ষ্য করা উচিত ষে যে সকল লোক এই দংগায় লিপ্ত নয়, সমস্ত ভদ্র মহোদয়, তাঁদের আমি বলছি লক্ষ্য কর্ন আপনারা যে এণিটসোসাল এলিমেণ্টস্ এর দ্বারাই দাণ্গা স্থিত হয়ে থাকে। এইভাবে তারা আইন বা ল-কে ফাঁকি দিয়ে নির্মাল দিবালোকে নরহত্যা করে, লন্টন করে যে হ'ত পাকাচ্ছে, যে অভিজ্ঞতা অর্জন করছে এইভাবে দাণ্গা করে, তারা এখানেই খাশ্ত থাকবে না, এরা ভবিষ্যতে সমাজে আসবে অরাজকতা, এবং সমাজ জাবনকে ধরংস করবে। স্বতরাং সরকারের সমস্ত শক্তি দিয়ে এই প্রকারের দাপ্যাকে রুখতে হবে, দমন করতে হবে।

not only to save the minorities but to save the State from anarchy, chaos, misery and confusion.

সমস্ত রক্ম দাশ্যার যে প্রস্পারিটি, দাশ্যার যে মনোভাব, তা সম্প্র্ণর্পে দ্র করা একান্ত কর্তব্য। আমার বন্ধব্য এ সম্বন্ধে এবার শেষ হল। আমি সর্বশেষে এইট্রকু বলবো আমার বন্ধব্দের কাছে আপনার মাধ্যমে যে আমাদের রাজ্যপাল তাঁর অভিভাষণের সর্বশেষে যে কথা বলেছেন, যে

promotion of communal harmony and emotional integration among all sections of people,

এটা আমাদিগকে করতে হবে। এই কথাগনলৈ বলে মহামান্য রাজ্যপাল যে সকল মহান আদর্শের কথা আমাদের সম্মুখে উল্লেখ করেছেন, তা আমি সমর্থন করছি। সর্বশেষে আমি একটি কবিতা বলে আমার বন্তব্য শেষ করবো। আমি অন্ধাবাদী। এত যে কাণ্ড হয়ে গেল কলকাতার ব্কের উপর এবং পশ্চিম বংশের করেকটি জারগায় যে কিছু কিছু দুর্ঘটনা ঘটে গেলো, তবু আমি আশা রাখছি সেইজন্য ছোটু দু-লাইন কবিতা আমি পড়ে শোনাচ্ছি—

For sudden the worst turns the best to the brave, The black minute's at end,
And the element's rage, the fiend voices that rove,
Shall dwindle, shall blend,
Shall change, shall become first a peace then a joy,
Then a light, then thy breast,
O thou soul of my soul: I shall clasp thee again,
And with God be the rest.

বন্দেমাতর্ম।

Shri Satya Priya Roy: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of-

- (1) the serious communal situation in East Pakistan and of its repercussion in West Bengal and how the Government intend to tackle this question in a comprehensive manner;
- (2) the complete dislocation in the field of Secondary Education in the State because of the inapt and illegal way in which the West Bengal Board of Secondary Education Act, 1963, has been brought into force."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজাপালের অভিভাষণে আমাদের এই সমস্যাসংকুল রাজ্যের বিভিন্ন সমস্যার সমাধানের ইণিগত থাকবে এটাই আমরা আশা করেছিলাম। এবং অভিভাষণের জন্য যে ধনাজ্ঞাপক প্রস্কৃতাব উত্থাপন করা হয়েছে তার সংশোধনীতে পশ্চিমবাংলার বিভিন্ন সমস্যা সন্বন্ধে আলোচনা করবার একটা স্বেগ আমাদের সামনে উপস্থিত আছে সেটাই আমরা আশা করেছিলাম। কিন্তু দেখা গেল সমস্ত সমস্যাকে ছাপিয়ে আজকে পশ্চিম বাংলায় একটা সমস্যা তারতির হয়ে উঠেছে সে হছে এখানকার সাম্প্রদায়িক সম্প্রতি বজায় রাখার সমস্যা। এবং আজকে রাজ্যপালের ভাষণ সম্পর্কে এ পর্যন্ত যে কয়টা আলোচনা শ্বনলাম সর্বত্রই দেখতে পেলাম সেই একই সমস্যা সম্পর্কে ক তাদের আলোচনা সীমাবন্ধ রেখেছেন। অবশ্য এটা আজকে মানবতার প্রশন এবং এই প্রশন সম্পর্কে আমিও আলোচনা না করে পারব না—কারণ এই পশ্চিম বাংলায় অন্যান্য সমস্যা অমাদের যাই থাকুক না কেন এখানে আমরা যে সভ্য সংস্কৃতি মান একটা অগ্রাজ্য গড়ে তুলতে পারি, যাতে আমরা মন্ব্যন্তোর স্তর্ব থেকে নেমে হিংস্ত্র পশ্রর স্তরে কখনও না নেমে আসি সেই জন্য প্রতিটি স্ক্র্থ শ্বভর্বিধ্বসম্প্র

मान्यक এই य चर्रेना चर्रे शिखार श्रीम्ठमवर्ण এवात या चर्रेट शाकिन्ठात বিরুদ্ধে তীব্র প্রতিবাদ না জানিয়ে পারি না। পাকিস্তান থেকে বোঝা যাচ্ছে যে রাজনীতি আজকে সাপের চেয়ে ক্রুর হয়ে উঠেছে এবং মানুষের সমাজে এমন বিষ ঢেলে দিচ্ছে যাতে সমস্ত মানবতাবোধ মানুষের মন থেকে লুংত হয়ে যায়। পাকিস্তানে গণতন্ত্রের কোন প্রতিষ্ঠা নাই, আয়ুরশাহী সেখানে তার নিজের গদীতে বসিয়ে রাখবার জন্য নিজেকে নিরাপদ রাখবার জন্য সেখানকার যে সংখ্যালঘ হিন্দ, সম্প্রদায় তাদের হোস্টেজ হিসাবে ব্যবহার করছে। এবং তাদের যখনই প্রয়োজন তার নিজের প্রয়োজনে তাদের হত্যা করে পূর্বে বাংলা থেকে পশ্চিম বাংলা প্রেরণ করবার বাবস্থা कরছে। किन्कु সে ব্যবস্থা যে শুধু সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়কে ব্যথিত করেছে তা নয়। সমস্ত মানবতাবোধকে লংঘন করেছে পাকিস্তান সরকার আজকে। একথা তীব্রভ বে আমি বলে নিয়ে আমি এইটাকু বলতে চাই যে এটা শংধা পাকিস্তানের কাজ নয়—যারা দিয়ে গিয়েছেন যাদের হাত থেকে এরা স্বাধীনতা আপোষে গ্রহণ করেছেন তারা যথন এই রাজ্যকে দটোে ভাগে দ্বিজাতিতত্বের উপর প্রতিষ্ঠিত করে ভারতবর্ষের অণ্যচ্ছেদ করেছিলেন সেদিন ত:রা জানতেন যে এই রকম একটা সাম্প্রদায়িক বিষ সাম্প্রদায়িক হলাহল সমসত ভারতের সমাজকে বিষাক্ত করে তুলবে এবং ভারতবর্ষেও একটা স্ব্যুস্থ নাগরিক জীবনকে গড়ে তুলতে দেওয়া হবে না—এই উদ্দেশ্যেই ভারতবর্ষ বিভাগ হয়েছিল এবং বিভাগের ফলে যে বিষবক রোপণ করা হয়েছিল আজকে আমরা সই বিষবক্তের ফল ভোগ করছি। কিন্তু আমার কথা হচ্ছে যে পাকিস্তান থেকে যে আজকে হিন্দ, সম্প্রদায় চলে আসে তাদের সম্পর্কে যাদেরকে মাই গ্রান্টস্ বলা হয়েছে তাদের সম্পর্কে কি ব্যবস্থা করা হচ্ছে? এখানে আলোচনায় আমি দেখলায় যে শুধু দণ্ডাকারণ্যে তাদের পাঠান হবে গ্রাণমন্ত্রী এইটুকে বলেই যেন তিনি নিজের দায়িত্ব এডিয়ে যেতে চাচ্ছেন।

[2-50-3 p.m.]

এবং দণ্ডকারণ্যে পাঠিয়ে দিলে সমস্যার পরিপূর্ণ সমাধান হয়ে যাবে এইরকম একটা ইংগিত যেন আমরা <u>রাণ মন্ত্রীমহাশয়ের</u> কাছে পেলাম। আর্পান নিজেই দেখেছেন যে ১০ হাজার মাইগ্রান্টস এখানে এসেছে। আমাদের হিসাব হচ্ছে এছাড়াও অনেক বেশী এসেছে। কিন্তু, ১০ হাজার মাইগ্রাণ্টস যদি এসে **থাকে** এবং তার মধ্যে ১ হাজার মাত্র দণ্ডকারণ্যে যাবার জনা মাইগ্রান্টস হিসাবে নাম লিখিয়েছেন, তাহলে আর যে ৯ হাজার তারা তো পশ্চিমবাংলায় থেকে যাবে এবং পশ্চিমবাংলার জাতীয় জীবনে, তার অর্থনৈতিক জীবনের উপর তাদের একটা বিরাট প্রভাব পডবে। সেজন্য আমার পশ্চিমবংগ সরকার কিভাবে প্রস্তৃত হচ্ছেন এবং কেন্দ্রীয় সরকারের সংগে সেদিক থেকে কি ব্যবস্থা করছেন সে সন্দেখ আমরা ত্রাণ মন্ত্রীমহাশয়ের কাছ থেকে কোন রকম প্রশেনান্তরের সময় বা অন্য কোন সময় ওপক্ষ থেকে যাঁরা আলোচনা করছেন তাঁদের ভাষণে ইংগিত পাইনি। একথা আমাদের মনে রাখতে হবে যে ২ লক্ষ বা ৩ লক্ষ পরিবার যদি পশ্চিমবংগে চলে আসে তাছলে তার থেকে ১০ হাজারের বেশী পরিবার দশ্ডকারণ্যে যেতে প্রস্কৃত থাকবে না। কারণ, এটা স্বাভাবিক যে একই ভাষাভাষী, একই আচার যাদের তাদের সংগে বাস করবার একটা স্বাভাবিক ইচ্ছা প্রতিটি মানুষের মধ্যে আছে। এজন্য আমি সরকারকে আরো সতর্ক করে দিচ্ছি যে যে ভুল গোড়ায় করেছিলেন পাকি-স্তান থেকে আগত শরণাথীদের জন্য এবং তখন থেকেই এতে যে কি রিয়াট ব্যাপকতার স্মিট ংবে, পশ্চিমবাংলার জীবনের উপর যে কি বিরাট আঘাত আসবে সেটা আমরা কেন্দ্রীয় সরকারকে গানাইনি বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এখানকার শরণাথীদের জন্য যথোপয়ত্ত ব্যবস্থার দাবি করিনি, এই ভুল কিন্তু অবার এখনও করা হচ্ছে। এই দণ্ডকারণ্যে প্রেরণের যে পন্থা ওঁরা দেখিরে দিচ্ছেন তাতে সামান্য মান্র কিছ্ম পরিবার, দণ্ডকারণ্যে আশ্রয় নিতে পারবে। কিন্তু শরণার্থীদের ^{বিরাট} চাপ এই পশ্চিমবংগ সরকারের উপর পড়বে এবং পশ্চিমবঙ্গ সরকার আজও যদি সে শম্পর্কে অবহিত না হন, যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁরা এই সমস্যা সমাধানের জন্য ^{বথেড} সাহাব্যের দাবি না করেন তাহলে পশ্চিমবঞ্গে আর্থিক জীবন যে সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে ^{পড়বে} সে সম্পর্কে আমি আমার দলের তরফ থেকে সরকারকে জানাতে চাই। আমরা জানতে চাই ষে

ভারত সরকার থেকে আরুদ্ভ করে এই পশ্চিমবংগ সরকার এই দাংগা আরুদ্ভ হওয়া পর্যান্ত নানা-রকমভাবে তাঁদের কর্তাবা থেকে চাতে হয়েছেন। আমার বন্তব্য হচ্ছে পবিত্র হজরত মহম্মদের কেশ যখন কাশ্মীর থেকে অপহরণ করা হল তখন ভারতবর্ষ সম্পূর্ণভাবে একটা গোপনতার আড়ালে আশ্রয় গ্রহণ করল তথন ভারতবর্ষ থেকে বিন্দুমাত প্রচার করা হল না যে একজন মুসলমান সে তার কোন বক্তম সাম্প্রদায়িক উদ্দেশ্য সফল করবার জন্য এবং হয়ত বা পাকিস্তানের চর হয়ে সে এই দেসে সাম্প্রদায়িক উম্কানি দেবার জন্য এইরকম একটা অপহরণ কাজে ব্রতী হয়েছে এই রকম একটা স্ক্রেপট ঘোষণা ভারত সরকারের পক্ষ থেকে করা হলনা। কাল পর্যন্ত যে খবর আমরা দেখতে शािक जारज राम रक्षांगे रक्षांगे अकरे, अकरे, करत वलरज ठारेरहम, जारज ভाल श्रीतष्कात ररम्ह ना যে কেন কি উদ্দেশ্যে কারা এই মসজিদ থেকে পবিত্র কেশ চুরি করেছিল এবং এই জায়গায় যে গোপনতা ভারত সরকার বজায় রেখে চলেছেন তার ফলে সারা প্রথিবীর চোখে আজ ভারতবর্ষ তেয় হয়ে উঠেছে। এই প্রচার পাকিস্তান করবার স্থযোগ পেয়েছে যে ঐ যে কেশ অপহরণ এটা হচ্ছে সংখ্যাগরে হিন্দু সম্প্রদায়ের কাজ এবং তারা মুসলিম ধর্মকৈ অপমানিত করবার জন্য এবং এবং মুসলমানদের মনে আঘাত দেবার জন্য ঐভাবে পবিত্র কেশ অপহরণ করেছে। সে দিক থেকে ভারত সরকারের কথা থেকে পশ্চিমবণ্গ সরকারের কথায় আসতে চাই। যখন এই অপপ্রচারের ফলে খুলনা ও যশোহরে নৃশংস বর্বরতা দেখা দিল যা মধায়গীয় বর্বরতাকেও লজ্জা দিয়েছে, তথন পর্যক্ত আমার পশ্চিমবংগ সরকার এ সম্পর্কে বিন্দুমোত্র সজাগ হর্মন। তখন দেখা যাচ্ছে এখানে কোন রক্ষ একটা প্রস্তৃতি বা এখানে একটা জনমত গড়বার কোন রকম প্রচেণ্টা এই সরকার করেন নি। এবং সরকারের প্রায় সমস্ত বড় বড় কর্তারা তখন ভবেনেশ্বরে ঐ প্রতি বছরের যে তামাসা সেই তামাসায় যোগদান করবার জন্য সেখনে নিশ্চিতে আরামে বাস করছেন। ততক্ষণে এখানে আগনে **লেগে গেছে এবং আমার সেই প্রবাদ বাক্যের ক**থা মনে পড়ে—রোম যথন জবলছে তথন নিরো নাকি বাঁশি বাজাচ্চিল। আমি আমার সমস্ত মন্ত্রী-এক্তলী এবং ওপক্ষের সদস্যদের মধ্যে যাঁদের দায়িত্বস্তান আছে তাঁদের প্রশ্ন করতে চাই যে যথন আগ্রন এসে পশ্চিমবঙ্গের সীমান্তে পেশিচাচ্ছে, যখন তার স্পণ্ট লক্ষণ সর্বত্র দেখা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত কোন রকম বাবস্থা ন। করে তাঁরা বার্ষিক তামাসা দেখবার জনা ভবেনেশ্বরে কেন বসে ছিলেন? সেই প্রশ্ন পশ্চিমবঙ্গের জনসাধারণও তাঁদের কাছে কববে। শুখে তাই নয়, স্যার, রাজ্যপাল-এর ভাষণে যা কিছু, দেখলাম তাতে কিন্তু জনসাধারণের যে কোন অংশ আছে,—এই নুশংসতা, বর্ববতাকে দমন করবার জন্য, এই সাম্প্রদায়িক বিদেবষকে সম্পূর্ণ উৎখাত করবাব জন্য পশ্চিমবংলার ব্যক্ত যেটা জনসাধারণের যে একটা ভূমিকা আছে তার কোন একটা কথা তিনি উল্লেখ করেননি অথচ রাজ্যপাল মহোদয় নিশ্চয়ই জানেন যে আম দের শান্তি কমিটিতে এ বিষয়ে অন্ততঃ ৩০ হাজার মান্য সমবেত হয়েছিলেন এবং তিনি জানেন সেদিনকার যে শান্তি মিছিল বের করা হয়েছিল তাকে কিভাবে বিপর্যস্ত করে দেয়া হয়েছিল। আমাদের যিনি মুখ্যানতী তাঁর সে সময়ে যাওয়ার কথা ছিল। তার অন্ততঃ আধ ঘন্টা পরে তিনি উপস্থিত হরেছেন এবং সেই সমসত কমিটিতে এই বৃন্ধ বয়সে আমি যোগদনে করেছিলাম শনিত প্রতিষ্ঠা করবার জন। আমরা দেখেছি সেখানে যে ফেণ্টুন নিয়ে যাবার কথা ছিল শানিত কমিটিব মিছিল তের হওয়ার সময় অতিকানত হবার পরও সেই ফেন্ট্ন এসে পেবিছায় নি। মাঝ পথে সেই ফেন্টেন এসে পে'ছিছে। আমরা শুনে অতান্ত দঃখিত হয়েছি, পামিসান নেয়া হর্যান অভ্ৰেন্ত যে অঞ্চল সেই অঞ্চল দিয়ে সেই মিছিলকে নিয়ে যাওয়া হয়নি এইভাবে সম্পূর্ণরাপে সেই শান্তি কমিটির যে প্রচেন্টা তাকে ব্যর্থ করে দেয়া হয়েছে। অমার অভিযোগ এই মন্ত্রী-মন্ডলীর বিরুদেধ যে মুখামন্ত্রী ফিরে এসে প্রথম আদেশ দিলেন গ্রেণী আমরে কালে এবং গ্রেণী র্যাদ আরো প্রয়োজন হয় তাহলে আরো গলী করা হবে। যখন জনসাধারণ উত্তেজিত হলে উঠেছে তখন সেই মুহুর্তে ঐ গুলীর আশ্রয় নিয়ে যে সরকার শান্তি প্রতিষ্ঠার দ্বণন দেখেন সে যে কি মুখের স্বর্গে বাস করে সে কথা ভাষায় বলতে পার্রাছ না এবং ওর পরিবর্তে নন্দজী এখানে আসবার আগে, পর্যন্ত কেন এই মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে জনসাধারণকে আহ_নন জানানো হয় নি কেন বিভিন্ন রাজনৈতিক দলকে. বিভিন্ন শান্তিপ্রিয় প্রতিষ্ঠানকে জানিয়ে তাদের সহযোগিতা চাওয়া হয়নি, কেন মুখ্যমন্ত্রী এখন ঐ গুলীর কথা না বলে জন সাধারণের সহযোগিতা নিয়ে এই যে সাম্প্রদায়িক নূশংসতা দেখা দিয়েছে এই সাম্প্রদায়িক

মুশংসতাকে পশ্চিমবাংলার বৃক্ত থেকে মুছে ফেলবেন একথা কেন মুখ্যমন্ত্রী বা তাঁর মন্ত্রী-প্রশুলো বল্লেন না। আমি ওদিকে সংব্যাম্থসম্পন্ন সদস্য যারা আছেন তাদের কাছে সেই প্রশুন রাখবো। আমি এর পরে বর্লাছ স্যার, শান্তি কমিটি আমাদের আছে এবং শিক্ষক হিসাবে শান্তিই আমাদের প্রধান কার্য এবং সাম্প্রদায়িকতাকে আমরা সবচেয়ে বেশী ঘূণার চোখে দেখি সে পাকিস্তানই হোক এবং পশ্চিমবাংলাই হোক এবং এই পশ্চিমবাংলায় যথন একজন ও মুসলমান মরেছে সাম্প্রদায়িক বিশ্বেষে তখন লজ্জায় মাথা নত আমার মুসলমান বন্ধ,দের কাছে আমাদের বহু মুসলমান সহকর্মী শিক্ষক আছেন. তাঁদের কাছে আমি মুখ দেখাতে পারিনি—আমি বলেছি স্পণ্ট যে আমি সমস্ত ভারতবর্ষের পক্ষ থেকে তোমাাদের কাছে লজ্জা প্রকাশ করছি। কর্বছি জনসাধারণ যে শান্তি কমিটি প্রতিষ্ঠা করেছে সেজনা আমরা সাার দরজায় থেকে দরজায় গিয়েছি এই শান্তি কমিটিগুলিতে যোগদান করবার জন্য যাতে অন্ততঃ একটা কিছু সংঘ প্রতিপ্র ন আমরা পাই যার ভেতর দিয়ে শান্তির যে কামনা আমাদের মধ্যে তীব হয়ে উঠেছে তাকে একটা বাসতব রূপ দিতে পারি কিন্তু এই শান্তি কমিটিগুলের অপমত্য কেন হল এবং কেন আজ পর্যানত শানিত কমিটিগুলি কোন কাজ করতে পারলো না। আমি ঐ মন্তীমণ্ডলী এবং এদিকে যাঁরা সংব**্রিখসম্পন্ন লোক আছেন তাঁদের কাছে এই প্র**ণন অতান্ত তীব্রভাবে তলে ধরতে চাই। কেন আজকে রাজ্যপাল মহোদয়ের ভাষণে জনসাধারণের যে ভূমিকা ছিল পশ্চিমবাংলার अंदे जीमका किन्द्रमात छेल्लथ तन्दे, त्कन ताजाशाल मरहामत्रा विल्लन रेय श्लोन सम्बार भारत् নেয়া হয়েছে? তিনি কি মনে করলেন তাঁর বালেটের গলেীতে এবং মিলিটারীতে দেশের শান্তি ফিরে এসেছে, তিনি কি এখানকার জনসাধারণের যে শান্তির কামনা এবং ইচ্চা আছে: এখানে জনসাধারণ যে সাম্প্রদায়িক বিস্বেষ চায়না সে কথাটা কি তাঁর মনে একবারও উদিত হল না এবং সেই যে মুস্তবড় বিরুট সূতা সে সতা প্রথিবীতে আবার মানবতাবোধ ফিরিয়ে আনতে পারে, সে সত্য ভারতবাসীকে আবার সর্বসমাজে প্রতিষ্ঠিত করতে পারে, সে সত্য আজকে গোরবের সংগে প্রচার করা উচিত, অহঙ্কারের সঙ্গে প্রচার করা উচিত যে জনসাধারণ এগিয়ে এমেছিল শান্তি প্রতিষ্ঠা করবার জন্য তার সম্পর্কে স্যার, একটা কথারও উল্লেখ নেই কেন, আমি রাজ্ঞাপাল মহোদয়ার ভাষণের উত্তরে যাঁরা ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন তাঁদের কাছে সেই প্রশ্নীর অভানত তীরভাবে করছি।

13 -3-10 p.m.1

শ্ব্য এথানে বলা হচ্ছে—

happily my Government took prompt steps to control the situation, stern measures were taken against the miscreants and army units were called in the aid of the civil police wherever necessary.

্টিভাবে তিনি শান্তি এনেছিলেন। কিন্তু সতাই কৈ এইভাবে শান্তি এসেছে এই পশ্চিম বিলোহ ২ আমি জানি অধ্যাপকদের মধ্যে, শিক্ষকদের মধ্যে, অনেকেই এখানে মুসলমানদের আজার জানি অধ্যাপকদের মধ্যে, শিক্ষকদের মধ্যে, অনেকেই এখানে মুসলমানদের আজার হাজার ইতিহাস এই কলকাতার বুকে আছে। আজাও আবার সেই কথা জোরের বিশ্ব হাজার হাজার ইতিহাস এই কলকাতার বুকে আছে। আজাও আবার সেই কথা জোরের বিশ্ব হাজার হাজার কি পাকিস্তানেও সেই ইতিহাস এবারও সাম্প্রদায়িক নৃশংসতার মধ্যে অতালত বড় বিরোধা হয়েছে। সেখানেও সোর পাকিস্তানের মধ্যে ৫০ জন বাঙ্গালী মুসলমান আর্থাবসর্জনি দিয়েছে সেখানকার হিন্দুদের রক্ষা করবার জন্য। আমি লজ্জিত এই জন্য যে, আমরাও গৌরবেব মধ্যে বলতে পারি যে আমাদের এখানে ৫০ জন হিন্দু নিহত হয়েছে সংখ্যালঘু সম্প্রদায়ের বিজেব কার জন্য! অবশ্য পাকিস্তানী সরকার এবং পশ্চিমী জনসাধারণের মধ্যে যে একটা তীর বিভেদ আছে, সে কথা আমি পরিজ্বারভাবে বলে দিতে চাই। বর্তমান পাকিস্তানের বিজ্বেষ স্টিট করেছে এবং সেখানকার রাষ্ট্রনীতিই হচ্ছে—সাম্প্রদায়িক বিশ্বেষ ছড়ান। আমরা সর্বার মধ্যয়ণীয় নৃশংস, বর্বর সরকার, এবং সেই সরকার উম্কানি দিয়ে এই সাম্প্রদায়িক ভারত সম্পর্কে অত্যতে রাষ্ট্রনীতি এই সাম্প্রদায়িক ভারত রাষ্ট্রনীতি এই সাম্প্রদায়িক

বিশ্বেষের উপর প্রতিষ্ঠিত নয়। আমাদের ভারতের রাষ্ট্রনীতি হচ্ছে সেকিউলারিজম. অর্থাৎ যাকে বলে ধর্ম-নিরপেক্ষ। এখানে আমরা প্রত্যেক রাড্টের দিক থেকে—ভারতীয় ধর্ম নিরপেক্ষ বাল্টের দিক থেকে, তার নীতির প্রতি যে বিশ্বস্ত, সে বিষয় বিন্দুমান্ত সন্দেহ নেই। পাকিস্তান সরকারের বিরুদ্ধে দাঁডিয়ে, সেখানকার লোকজন যারা প্রাণ দান করেছে সংখ্যালঘ্য সম্প্রদায়কে বাঁচাবার জন্য, তাদের আমি এপার থেকে শভেব শিধ মান ষের পক্ষ থেকে. মানবতাবোধ মান ষের পক্ষ থেকে অত্যন্ত আনন্দের সংগ্য অভিনন্দন জানাচ্ছ। আমার প্রশ্ন হচ্ছে যে এবা আজও শান্তি কমিটিগুলিকে বাঁচিয়ে রাখছেন না। আজ এমনও যে আমাদের নানা জায়গায় নানা রকম প্রচাব কার্য চলেছে, দেগনিকে বন্ধ করার জন্য ওঁরা ১৪৪ ধারা জারী করে রেখেছেন। ঐ ১৪৪ ধারা শুধু যে সম্প্রদায়িক সম্প্রীতির জন্য বজায় রেখেছেন, এ কথা জনসাধারণ আজ মনে করতে পারছে না। এখানে বিধান সভা ও বিধান পরিষদের কান্ধ চলাকালীন বহু শোভাষাত্রা এখানে আসবে, এবং সেই শোভাষাত্রাগর্নিল তাদের নানা রকম দাবী-দাওয়া নিয়ে এখানে মন্ত্রী মহোদ্যের নিকট পেশ করবার জন্য আসতে চায়, কিন্তু, স্যার, সেগ্রালি এই ১৪৪ ধারা জারী থ:কার দর্ন, আসতে পারবে না। প্রের্ব ওঁদের এই ১৪৪ ধারা শান্তি রক্ষা করতে পারে নি। ১৯৪৬ সালে তা দেখেছি এবং আজ ১৯৬৪ সালেও তাই দেখছি। কাজেই তাঁরা এই ১৪৪ ধরাব উপর নির্ভার না করে, জনসাধারণের শহুভ বৃদ্ধির উপর নির্ভার করে। যে শহুভ বৃদ্ধির পারচয় যথেক্ট পরিমানে ভারতবর্ষের ও পশ্চিমবাংলার লোক দিয়েছে ত র উপর নির্ভার কর.ন। সেইজন্য আমি এ বিষয় তাদের অনুরোধ জানাচ্ছি। আর রিফিউজি সম্পর্কে আমার পরিক্নার বক্তবন হচ্ছে যে পশ্চিমবাংলা সরকার তাঁর দায়িত্ব এডিয়ে গেলে চলবে না। এবং সমস্ত লোককে দন্ডকারণ্যে পাঠিয়ে দেবো. এই সূত্র্য স্বর্থন যদি ওঁরা দেখে থাকেন তাহলে পরে পশ্চিমবাংলার সমুহত জাতীয় জীবন বিপ্রহিত হয়ে যাবে শুধু মুলীমণ্ডলীর অদ্রদ্শিতার জন্য, সে কথা আজ এখান থেকে অমরা মন্ত্রীমন্ডলীর কাছে ঘোষণা করছি। স্যার সাম্প্রদায়িকতা জিনিষ সম্পর্কে বলার প্রয়োজন আছে প্রতিটি মানুষের সেই হিসাবে আমি বললাম।

কিন্তু, স্যার, আমার প্রধান বস্তব্য হচ্ছে শিক্ষা সম্পর্কে। স্যার, বর্তমানে মাধ্যমিক শিক্ষার কি শোচনীয় অবস্থা হয়েছে এবং শিক্ষা মন্তিমহাশরের সন্ব্যবস্থার কি রকম একটা অরাজকতা মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় চলেছে, সেই সম্পর্কে আমি আপনার দুটি আকর্ষণ করতে চাই। স্যার, ১৯৬৩ সালের গোড়ায়, ঐ বোর্ড অফ সেকেন্ডারি এডুকেসন এগ্রন্ট, শিক্ষা মন্তিমহাশয় পাশ করেন। তারপর এক বছর চলে যাবার পর, মাঝখানে একটা অর্ডিন্যান্স নিয়ে এলেন যে প্রেসিডেন্টের নিয়োগ ঐ পাঁচ বছরের জন্য না করে, প্রয়োজনান্যায়ী যে কোন সময়, কয়েক দিনের জন্য তাঁরা নিয়োগ করতে পারবেন। এইভাবে তাঁরা তিন মাসের জন্য একজন প্রেসিডেন্টকে নিয়োগ করে দিলেন। এই প্রেসিডেন্ট নিয়োগ হলেন ১-১-৬৫ তারিখে। কিন্তু সেদিন থেকে কোন আইনের কোন ধারা অন্যায়ী এই বোর্ড কার্যকরী হয়ে উঠলো, সে কথা আমি মন্তিমন্ডলীর কাছে জিজ্ঞাসা করিছ। ঐ এ্যাক্টের মধ্যে কোথাও নেই যে প্রেসিডেন্ট নিযুক্ত হওয়া মাত্র পর্যদ্ তার কাজ আরম্ভ করতে পারবে। অথচ স্যার, এই যে দেখা যাছে যে বোর্ড থেকে একটা সার্কুলার দেওয়া হছে এবং সমন্ত স্কুলেই এটা পাঠান হয়েছে।

"The undersigned is directed to state that the West Bengal Board or Secondary Education Act, 1963, comes into force with effect from 1st January, 1964 and the Board, named the Board of Secondary Education, West Bengal, is established from the same date with Dr. J. C. Sen Gupta, M.Sc. (Cal.), Dr. Phil., F.N.I. Nat, (Hoidelberg), as President of the Board. All previous orders passed by the Board of Secondary Education, West Bengal, and communicated to schools before 31st December, 1963, will hold good until further orders."

স্যার, এর প্রোনো যিনি সেক্রেটারী বিশ্বনাথ ব্যানাজী মহাশয়, তার স্বাক্ষরে এই রক্ষ গ্রকটা জিনিষ গেল। বিশ্বনাথ ব্যানাজী মহাশয়ের আর কি অধিকার আছে যে সেক্রেটারী ্সাবে ফাংশন করবার সে কথা আমি শিক্ষামন্তিকে জিজ্ঞাসা করতে চাই। কারণ সেখানে গাইনে লেখা আছে যে

lecretary will be appointed by the Government.

তার তো গভর্শমেণ্ট এ্যাপরেণ্টমেণ্ট আজও হরনি। শৃথে তাই নর ওথানে কতকগন্নি কমিটি আছে এবং সেই কমিটিগন্নির মধ্যে বিশেষ করে টিচারদের স্বার্থের দিক থেকে আপীল কমিটি, গুরুদের স্বার্থের দিক থেকে সিলেবাস কমিটি, এক্জামিনেশন কমিটি এই সমস্ত কোন কমিটি এখন পর্যাত্ত সেখানে হতে পারে না; এবং বোর্ড আইনতঃ কি করে ঘোষণা করতে পারে

Board has come into existence with the appointment of the President.

এই প্রশন স্যার, আমি করতে চাই। এবং এই প্রশেনর বাস্তব দিকটা আমি আপনাকে দেখাতে চাই স্টো হচ্ছে এই বিদ্যালয়গর্নলি ৬ মাসের মধ্যে এক পয়সাও সাহাষ্য পায়নি। এবং ৬২-৬৩ সালে য় ফাইনাল মেমো যাদের শেষ অঙ্কের টাকা আজকে ৬৩-৬৪ শেষ হয়ে যাছে এরমধ্যেও নাইণ্টি গারসেণ্ট অফ দি স্কুলস-এও ৬২-৬৩ সালের ফাইনাল মেমো যায়নি, টাকা যায়নি। তাতে শিক্ষকেরা দর্পারবারে উপোষ করছে সেটা আপনার মাধ্যমে শিক্ষামন্তির কাছে বারে বারে আবেদন করেছি। এবং এখানে স্যার, দেখতে পাচ্ছি সেই বিশ্বনাথ ব্যানাজণী মহাশয়ের একটা সাক্লার-এ তিনি বলছেন যে

regarding the work of the Finance Section, the calculation of grants-in-aid, etc., will continue but no communication should be made to schools relating to grants-in-aid or other allied matters.

এখানে পরিষ্কার বলে দেওয়া হচ্ছে ফ ইনান্স ডিপার্টমেন্ট পরোনো বোর্ডকে যে ক্যালকুলেশন করতে পারবে কিন্তু সেই ক্যালকুলেশন সম্পর্কে কোন স্কুলকে জানাতে পারবে না। কোন স্কুলকে र्याप कानान ना रने अवर रकान म्कनरक जात ভिত্তिए जीका ना एम उहा रन जारतन अर्थ कान-কলেশন-এর কি প্রয়েজনীয়তা তা আমরা জানি না। স্কুলগুলি আজকে কোথায় এসে দাঁড়িয়েছে সে সন্বন্ধে শিক্ষামন্ত্রী কিছু, জানেন কিনা জানিনা। তাঁকে আমার আরও প্রশ্ন যে তিনি যে আইন করেছিলেন তথনই আমরা বলেছিলম যে এখানে টাকা ডিসবার্স কে করবে? তার সম্পর্কে কোন অর্থারটি দেওয়া নাই। এবং তখন আমি এই প্রশ্ন করেছিলাম যে এটাকে বোর্ড বিলের থেকে তলে দিলে অটোম্যাটিক্যালি গভর্নমেন্টে পেশছকে—এটাই বা কোন বাবস্থায় হচ্ছে? খাজকে আমি শিক্ষামন্তিমহাশয়কে সোজা প্রশ্ন করছি যে এ, জি, ওয়েণ্ট বেঙ্গল, যে ওরা টাকা ভিস্বাস্মেন্ট করবার যে স্কীম করেছেন তার সম্পর্কে কি আপত্তি জানিয়েছে সে কথা নিশ্চয়ই তিনি এখানে বললেন। ওরা স্যার, ডিস্ ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল-এর থ্রতে এই টাকা ডিস্-বর্স করার একটা দকীম করেছিলেন কিন্তু দকীম সম্পর্কে এ, জি অফিস কি মন্তব্য করেছে সে সম্পর্কে যে চিঠি আদান প্রদান হয়েছে তা নিশ্চয়ই শিক্ষামন্ত্রীমহাশয় আমাদের সামনে উপস্থিত করবেন। আজ পর্যান্ত স্যার, গ্রান্ট কে দেবে তাই ঠিকা হল না। বোর্ড কি করে ফাংশন করবে তা আজ পর্যন্ত ঠিক হল না। আজ এসেম্বলী কাউন্সিলের মেম্বার ইলেক্টড হতে পারলো না। আজ পর্যন্ত টিচার্স রিপ্রেজেনটেটিভ এক্সকিউটিভ কমিটিতে আসতে পারলো না। আজ যে প্রাম্যার কথা সেদিনই বলেছিলাম যে সব ইউনিভাসিটিতে ডীন নেই, ডীন এর কথা কেন উল্লেখ ^{করছেন}, এখন পর্যন্ত সে সব বিশ্ববিদ্যালয়ে ডীন এলো না। এই যে বোর্ড যেটা তিনি ১-৪-৬৫ থেকে চাল্য করতে চাচ্ছেন। এটা আইনগত ক্ষমতা নিয়ে কবে থেকে কাজ করতে আরম্ভ ^{দরবে} তা আমরা কিছুতেই বুঝতে পার্রাছ না। এখন প্রশ্ন হচ্ছে এই গ্র্যান্ট-ইন-এড কে দেবে। গ্রুন উঠেছে এটা কি ডি পি আই-এর কাছে থাকবে? অথবা ফিনান্স ডিপার্টমেন্টে এটাকে ^{কন্টোল} করবে। ডি পি আই-এর কাছে থাকলে কি সেটা ডি আই-এর প্র, দিয়ে ডিসবার্সমেন্ট ^{)লবে}. না ওদের একটা **আলা**দা সেট আপ করতে হবে, যে সেট আপ-এর ভিতর দিয়ে ওরা এই ^{মান্ট} গ্লোকে ডিসবার্স করতে পারবে। এখন আমাদের সাজেসন হচ্ছে এ সম্পর্কে যে অন্ততঃ বার্ড-এর বে ফিনান্স ছিল তাতে দেখা যাচ্ছে যে ১৫২ জন কর্মচারী ছিল। ঐ ১৫২ জন কর্ম-দরীই বরখাসত হয়ে যাবে। এবং তারা দীর্ঘকাল ৫।৬ বছর চাকরী করার পর এরা আজকে বিকারের দলে নাম লেখাতে বাধ্য হবে। এবং আমাদেরও নতুন লোক নিয়ে এসে কাজ আরম্ভ S-9C

করলে অততঃ আরও ১ বছরের মধ্যে এরা বিদ্যালয়গর্নিতে সাহাব্যের টাকা পাঠাতে পারবেন ত আমি বিশ্বাস করি না।

[3-10-3-50 p.m. including adjournment.]

স্যার, নতন লোকের হাতে গেলে কি হয় সেই সর্বনাশের কথা আজকে এই বিধান পরিষদে আসবাহ আগে শনে এসেছি এবং আপনার মাধ্যমে আমি শিক্ষামন্তিমহাশয়ের দূ ভি সেই সমস্যার প্রতি আক্রমণ করছি। ইতিমধ্যে সাহায্যহীন বিদ্যালয়ের যে সমস্ত শিক্ষক বি টি কলেজে পজে আসছেন তাঁদের বেশ কিছু, সংখ্যক আমার সংগে আমার বিদ্যালয়ে দেখা করতে এসেছিলেন। আচ বিধান পরিষদে আসবার আগে তাঁরা বললেন যে শিক্ষা দণ্তর এখন ডেপ্রটেশানের টাকা দেবি অধিকার নিয়ে নিয়েছে। তাঁরা বলেছেন যে আন-এডেড স্কুলের টিচারদের কোন রক্ম ডেপ্রট শান এ্যালাওয়েন্স দেওয়া হবে না। অথচ দীর্ঘ ১০ বছর কাল বোর্ড টাকা দিয়েছে। এই বোড চিরকাল এডেড এবং আন-এডেড স্কুলের টিচারদের ডেপ্রটেশান এ্যালাওয়েন্স দিয়েছে। আজে কি তাহলে শিক্ষামন্ত্রিমহাশয় হঠাৎ নতুন নিয়ম প্রবর্তন করবেন? এবং তাঁরা যথন বি ত্তি কলেজে জয়েন করেছিলেন তখন তাঁদের বলা হয়নি যে তোমাদের ডেপ্টেশান এয়লাওয়েন দেওরা হবে না। এখন কি তাদের ডেপ্রটেশান এ্যালাওয়েন্স তুলে নেওয়া হবে? এ তো শ্র কয়েক শত টিচারদের ব্যাপার, কয়েক হাজার, ও'রা বলেন যে ৩৫ হাজার শিক্ষক, করণিক, গ্রন্থ কারিক আজ বিপন্ন। আজকে যেভাবে ও'রা আইন চাল, করবার চেণ্টা করছেন সেট সম্পূর্ণ বে-আইনী হয়েছে এবং সেখানে সম্পূর্ণ দক্ষতার অভাব দেখা দিয়েছে । এইভ'বে আইনট চ:ল্ব করে একটা যে অরাজকতার স্থিট মাধ্যমিক শিক্ষাজগতে করেছেন তার জন্য শিক্ষা সমাজকে আর কতকাল প্রারশ্চিত্ত করতে হবে সেটা আমি শিক্ষামন্ত্রিমহাশরের কাছে জানতে চাই স্যার, এই বোর্ডের ইলেকশান সম্পর্কে আমার বক্তব্য আছে। আমি ওদের র্লস পড়ছিলা সেই রুলের মধ্যে দেখলাম যে ইলেকটোরাল রোল তৈরী হবে। এই একটা চিঠি ইন্সপেঞ্জের থেকে পেলাম তাও ইন্সপেক্টর নিজে সই করেন নি, ফর ডিজ্টিক্ট ইন্সপেকটর অব স্কুলস কেউ স করছেন, তাতে আমাদের কাছ থেকে সব তথা চেয়ে পাঠিয়েছেন। কিন্তু তাতে লিখছেন এ উত্তর দিতে হবে

by return of mail or through a special messanger.

অথচ কোন্ তারিখের মধ্যে আমাদের এই তথ্যগ্রিল পাঠালে আমরা ভোটার তালিকাভুক্ত হ পারব তার কোন উল্লেখ এর মধ্যে নেই। এবং অনেকেই হয়ত বা এই রিটার্ন অব মেল অর : এ দেপশাল মেসেনজার দিয়ে পাঠাতে পারবেন না বলে আর এর উত্তরের প্রয়োজনীয়তা অন্ত করতে পারবেন না, ফলে অনেকে ভোটার তালিকায় নাম লেখাতে পারবেন না। আমি এটা আপন মারফত শিক্ষা মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এই সাকু লারের ভিত্তিতে আমাদের আর তিনি ই হ।ইকোটে টেনে নিয়ে না যান। তিনি যেন ঘোষণা করেন এবং তাঁর ঘোষণা আমরা মেনে নি রাজী আছি, যে কোন ধারা অনুযায়ী প্রেসিডেন্ট ইলেক্ট করার পরই সমস্ত কমিটিগ্র্লি হ গেল ? স্যার, ওখানে রেকগনিসান কমিটি আছে, ধারা আছে যে রেকগনিসান কমিটির রেক্ট ডেস:ন ছাড়া বোর্ড কোন স্কুলকে রেকর্গনিসান দিতে পারবে না । স্কুলের রেকর্গনিসান শেষ ই গেছে, তাদের রেকগনিসানের কোন রিনিউয়্যালের চিঠি আজ জানুয়ারী ফের্য় শিক্ষকের মাস চলে যাচ্ছে বোর্ড থেকে তা যাচ্ছে না। বহ সমস্ত প্রয়োজন, সেই ব্যিশ্বর চাকরীকাল তাদের উত্তর যাচ্ছে না। বহু শিক্ষকের বেতন আজ নিধারিত হয় নি এবং কোন ^{স্কু} ১৯৬২-৬৩ সালের সাহায্যের টাকা পাচ্ছে না। এই অবস্থার স্বিট করেছেন এই বোর্ড এই প্রতিষ্ঠা করার চেষ্টা করে এবং যে দঃসহ অবস্থার ভেতর দিয়ে আমাদের যেতে হচ্ছে তাতে দিক থেকে আমাদের প্রতিবাদ করার প্রয়োজন হয়ে পড়েছে। আমরা আইনের আশ্রয় নে চেণ্টা করব যদি না শিক্ষামিলিমহাশয়ের কাছ থেকে আমরা যথোচিত উত্তর পাই। তা ছা আমাদের আন্দোলনের পথে আবার নামতে হবে এবং এই আন্দোলনের পথে যদি নামি তাহলে জন্য দায়ী থাকবে এই সরকারের অকর্মণ্যতা, এই সরকারের উদাসিনতা এবং হ্দয়হীনতা। হাজার শিক্ষক আজকে যে কি দ্ববস্থার মধ্যে দিন কটোচেছ, বিদ্যালয়ের অন্যান্য কমীরা যে ুরবক্থার মধ্যে দিন কাটাচ্ছে সে সম্পর্কে গ্রঁর ধারণা নেই। এবং এই যে অর্ডার এটা কেন গেল এ সম্পর্কে অনি শিক্ষামন্দিরহাশারের কাছে প্রশ্ন করতে চাই। তাঁরা ক্যালকুলেশান করতে পারবেন কিন্তু কোনরকম স্কুলকে তার কত পাওনা তার সম্পর্কে কোন পর দিতে পারবেন না? পর দিতে পারবেন না টাকাও তাদের দেওয়। হবে না। এইরকম একটা বাবস্থা কেন সেটা শিক্ষান্দিরহাশারকে জিল্ফানা করতে চাই? (দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধ্রীঃ টাকা দেবে চাইরেক্টোরেট তা আপনার আন্ডারে। কিন্তু সেই ডাইরেক্টোরেট তো আবার ভাইনান্স ডিপার্টমেন্টের সংগে আপনার ডিপার্টমেন্ট বোঝাপড়া শেষ করতে পারেন নি। কি

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

্রাপান যতই সদস্য হোন আমাদের গর্ভর্ণমেণ্টের ইণ্টারন্যাল ব্যাপারে এ ডিপার্টমেণ্টের সংগে ও ডিপার্টমেণ্টের কি লেখাপড়া হয়েছে সেটা আপনাকে দিতে হবে?

Shri Satya Priya Roy:

অমাদের যদি অস্ববিধা হয় তাহলে আপনি কেন দেবেন না?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

অস্বিধার কথা একশোবার বলতে পারেন কিন্তু ইন্টার ডিপার্টমেন্টাল করেসপনডেন্ট হলে সেটা চাইলে দেব আপনাকে।

Shri Satya Priya Roy:

কমিউনিকেসন আপনার অবস্থা সাব্সট্যান্স কি এবং আজকে আমর। কোথায় দাঁড়িয়ে আছি এবং আপনারা সাহায্য দেবার কি ব্যবস্থা করছেন? ৬ মাস ধরে সাহায্যের টাকা থেকে বিদ্যালয় বিশ্বত হচ্ছে, সমস্ত অব্যবস্থা চলেছে, শিক্ষকরা উপবাসী রয়েছে সেটার কি ব্যবস্থা করেছেন সেটা জনতে চাই। আর বেতিকে ক্যালকুলেসন অব গ্রাণ্ট ইন এড্ করতে বলা হল কেন এবং সংগে কেন বলা হল.

but no communication should b_{θ} made to schools relating to grant-in-aid or other allied matters.

সে সম্পর্কে আমি প্রশন করছি। ক্যালকলেসন আজকে মধ্য শিক্ষা পর্যতের নয়, উনি তো বল্লেন ভিরেকটোরেট থেকে দেবে এবং ক্যালকুলেসনের ভার ভিরেকটোরেটের নেবার জন্য কি ব্যবস্থা করেছেন সে প্রন্দন করেছি এবং সেখানে স্যার, যদি কোন ব্যবস্থা না হয়, যদি ৩ মাস চলে গিয়ে থকে, আরো ৩ মাস চলে যাবে। কাজেই স্যার, মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার হাজার দোষ এটি যে াছে তাকে অপসারণ করা সম্ভবপর হচ্ছে না। মধ্যশিক্ষা পর্যৎ আইনমত কাজ করতে পারছে না এবং এই চ্যালেঞ্জ আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে করেছি। তিনি এটা প্রমাণ কর্মন প্রেসিডেন্ট নিয়োগের সংগে সংগে বোর্ড যে ফাংশন করতে আরম্ভ করেছে এটা আইনের কোন্ ধারায় পেলেন? এই যে এসেম্বলী মেম্বার, টিচার মেম্বার না নিয়ে বা কোন কমিটি না করে প্রেসিডেন্ট নিয়োগের সংগে সংগে পর্যাৎ যে কাজ করতে আরম্ভ করলো। এই যে সার্কুলার বেরুলো সমস্ত স্কুলে এটা আইনের কোন ধারা বলে করলেন সে সম্পর্কে শিক্ষামন্ত্রী বলে দেবেন। আমি আরো অন্যান্য সমস্যা সম্বন্ধে বলতে চাই না কারণ সময় সংক্ষেপ কিন্তু একটা বিষয়ের প্রতি আমি আপনার দূষ্টি আকর্ষণ করছি। আমরা এথানেই বলেছিলাম যে সাম্প্রদায়িক পরিস্থিতি সম্পর্কে একটা অতিরিক্ত সময় দেয়া হোক আলোচনার এবং আপনি স্যার বলেছিলেন যে ^{বিবেচনা} করবেন। আমার মনে হয় যে আমাদের এই গভর্ণর অ্যাড্রেসের মধ্যে বেশীর ভাগ সময় সাম্প্রদায়িক সমস্যা আলোচনায় গেছে। আপনি যে বলেছিলেন অতিরিক্ত সময় দেবেন সেটা ^{সার,} বিজ্ঞিনেস আডেভাইজারী কমিটিতে দেয়া হোক, এখানে জগন্নাথবাব, নেই কিন্তু স্যার, নেটা সম্পর্কে যেসব সদসারা বলেছেন, আপনি বলুন এবং যাতে সকলে আলোচনার সুযোগ পান ^{সেই ব্যবস্থা} আপনি করন। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

(At this stage the House was adjourned for half an hour)

After adjournment

Shri Dhirendra Nath Moitra:

মাননীর অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালিকার ভাষণের উপর বিতর্কে বোগদান দিতে পেরে আজকে আমি কিছু বলার ইচ্ছা করছি। প্রথমেই মনে পড়ে বর্তমান পরিলিথতি। এই পরিলিথতি খ্বই মর্মাণায়ক এবং সকলে এ বিষয়ে আলোচনা করেছেন। তাছাড়া আমানের রেজাউল করিম সাহেব যে আলোচনা করেছেন সেটা খ্ব ভাল এবং তিনি সতাই যেভাবে ভাষণ দিয়েছেন এটা এখানকার পক্ষে খ্বই উপযুক্ত ভাষণ। সেই হিসাবে আমি বলতে চাই যে পাকি-সতান তাদের দ্রভিসাধ্য সার্থক করবার জন্য একটা অজ্বহাত দিয়ে হানাহানি স্বর্ করে এবং তার ফলে আজকে পশ্চিমবংগে হাজামা হয় কিন্তু আমাদের জাতীয় সরকার ধর্ম নির্পক্ষতার আদর্শে কঠোর হক্তে এই সাম্প্রদায়িক হাজামা বাতে দ্রুত বন্ধ হয় তার জন্য নিজে এবং প্রয়োজনবাধে সামরিক সাহাষ্য গ্রহণ করতে কুপ্টা বোধ করেন নি। আমি সম্প্রদায় নির্বিশ্বের এই হাজামায় ক্ষতিগ্রস্ত পরিবারকে সমবেদনা জানাছিছ।

[3-50—4 p.m.]

হানাহানির শ্বারা মহৎ কার্য সমাধান হইবে না, তাহাতে উভন্ন রাজ্যের অপ্রগতি ব্যাহত হইবে। ভারতের স্বাধীনতা লাভের পর এইর্প ঘটনা আরও পাঁচ, সাতবার ঘটে, এবং ইহাতে উভন্ন রাজ্যের সংখ্যালন্ম সম্প্রদায়ের মানসিক অবস্থার কথা সহজ্ঞেই অনুমান করা বাইতে পারে।

অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালিকা, তার ভাষণে জানিয়েছেন বে অন্যায়ের শ্বারা কোন অন্যায়ের প্রতিকার করা কখনও সম্ভব নহে, বা বাইরের কোন প্রকার প্ররোচনায় আজকে আমাদের ধর্মনিরপেক্ষতার আদর্শচ্যুত হওয়া উচিত নহে। ইহা খ্ব বড় সত্য। আমরা বিশ্বাস করি না যে হানাহানির শ্বারা কোন মহৎ কার্য সাধিত হইতে পারে ? ক্রমাগত সেখানে যে অশান্তির ছায়া চলেছে, তাহাতে প্র্ব পাকিস্তানে সংখ্যালদ্ম সম্প্রদায়ের পক্ষে আর কোন প্রকারেই থাকা সম্ভব নহে। সে জন্য ভারত সরকার বর্তমানে যে নীতি ঘোষণা করিয়াছেন, তাহা আমাদের প্রত্যেকের গ্রহণ করা উচিত। আমাদের এই বিরাট দেশে কোন না কোন মতে জাতি-ধর্ম নির্বিশেষে সবাই একত্রে মিলিয়া থাকিতে পারিবেন। আমরা ভারতবাসী সহন্র জাতি, এক স্রে পাকিস্তানের এই জঘন্য নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানান প্রয়োজন হইলে আমরা সবাই একত্র ৪৪ কোটী ভারতবাসী যে কোন দঃখ বরণ করিতে প্রস্তৃত থাকিবো এবং আজ বেদনা ভারাক্রান্ত মনে এই সমস্যার সমাধানের প্রতিক্ষায় থাকিবো।

এবার আমি ধান, চাল সম্বন্ধে দ্-একটা কথা বলবো। বর্তমানে আমাদের দেশে ধান চালের অবস্থা অনেকটা ভাল। গতবারের উৎপাদন ৩৯ লক্ষ মেট্রিক টনের স্থলে, এবার ৪৮ লক্ষ্ণ টেন (মেট্রিক) খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। উহা ছাড়া গমের ব্যবহার বহু পরিমাণে বৃদ্ধি হইয়াছে সরকার বর্তমানে যে খাদ্যনীতি গ্রহণ করিয়াছেন, তাহা যেন তাঁরা দৃঢ় হস্তে চাল্ব্রাথেন আমার বিশ্বাস উহা সাফল্যমন্ডিত হইবে। সরকারের খাদ্যনীতি চাল্ব্রাথার সপক্ষে আচি কয়েকটি কথা স্মরণ করাইয়া দিচ্ছি। (১) সরকার যেন প্রত্যেক জেলায় চিপ রেশন সপ-এ: মাধ্যমে চাউল দেবার ব্যবস্থা করেন। (২) যেন স্থানীয় মিল-মালিক বা ব্যবসায়ীরা চাল ধ্ ধানের দর বৃদ্ধির কোন স্থামা না পান। (৩) যে সব জেলায় খাদ্যশস্য বাড়তি আছে, এই সংস্থানে শিলেপ নিয্বন্ধ গ্রামকদের জন্য বাড়তি এলাকা হইতে আলাদা বরান্দ হিসাবে ধান ধ্ চাউল দেবার ব্যবস্থা করিলে. স্থানীয় বাজারে চাপ পড়িবে না, এবং তার ফলে ম্লামান ন্যাম্য ভাবে থাকিবে।

এবার আমি শিক্ষা সম্বন্ধে কিছু বলিতে চাই। প্রাথমিক, মাধ্যমিক ও অন্যান্য শিক্ষা যথেন্ট উন্নতিসাধন হইয়াছে। প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণীর পাঠরত বালক, বালিকার সংখ্য ২৯ লক্ষ স্থালে. ৩০ লক্ষ হইতে যাইতেছে। কিন্তু দ্বংথের বিষয় আধা-সরকারী শিক্ষা প্রতিষ্ঠা গর্নালর কর্মচারীদের বেতন ও মাগ্যিভাতা সরকারী হারে নির্ণয় হয় নাই। জানিনা শিক্ষা ক্ষেটে উহাদের দায়িত্ব কোন অংশে কম কিনা?

মাননীয়া রাজ্যপালিকা তাঁহার ভাষণে বহুমূখী পরিকল্পনার উন্নতির বিষয় উল্লেখ করেছেন তিনি বলেছেন রাস্তা ঘাটের সমূহ উন্নতি সাধন হরেছে। সমগ্র রাজ্যে গ্রাম পঞ্চায়েতগ্লি ংগঠনের কার্য নৃত্যু হইরাছে, এবং তারপরে আঞ্চলিক ও জেলা পরিষদ সৃষ্টি হইবে। এই াবে জাতির জনক, মহাম্মা গাম্পীর স্বংন র পারিত হইতে চলিয়াছে। সরকার জনগণের হাতে মতা অর্পণ করার নীতি গ্রহণ করিয়াছেন। এই বৃহৎ যজ্ঞের যাহারা কর্ণধার, তাহাদের কথা ই ক্ষেত্রে উল্লেখ করবো। তাহাদের গ্রেহ্ন দায়িত্ব বিবেচনা করে সরকারের নিযুক্ত কর্মচারীদের হ হারে বেতন ও ভাতা আছে, তাদেরও সেই ভাবে বেতন ও ভাতার হার নির্ণয় করা বিশেষ রোজন রয়েছে, তার কোনরকম তারতম্য বা তফাৎ করা উচিত' হইবে না। কিন্তু দৃঃথের বিষয় ন সন্বশ্বে কোন উল্লেখ মহামান্য রাজ্যপালিকার ভাষণে নাই। আমি প্রনরায় বলছি, আজকের লনে হানাহানি ভূলে গিরে, হিন্দ্র, মুসলমান নির্বিশেষে, সকলে মিলে, একত্রে, শান্তির বাণী চার করা উচিত।

এই কথা বলেই, আজকের মত আমি এখানে আমার বন্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Das: I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that the Government has failed to give a true picture of the pangs and problems of West Bengal."

মধাক্ষমহাশয়, রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণে পশ্চিমবাংলার মর্মাবেদনা এবং পশ্চিমবাংলার াব চেয়ে বড় সমস্যা এই দুটোই অবহেলিত হয়েছে, এর পূর্ণাপ্য ছবি রাজ্যপাল আঁকেন নি। ঢ়ার এখানে আমাদের খুব বিপদ বে রাজ্যপালের ভাষণে কি বললেন-দে বলা যদি ঠিক ला ना रहा. तम वला यिंग आनवालान्त्रफ रहा, जात्रतामारीन रहा ठारल এই जायन आमारमत বরক্ষে প্রয়োগ করবে ঐ পাকিস্তানের মন্দ্রী ভূট্টো সাহেব। আমি প্রসংগত আপনাকে এই কথা লতে পারি যে পাকিস্তানের ৩রা জানুয়ারী খুলনাতে যে দাপা সূর্ হয়েছে, হিন্দু নিধন ্রের, হয়েছে সেই নিধন এমনিতেই হত, কিন্তু ভটো সাহেব যখন কাম্মীরের পবিত্র কেন্দের কথা লেলেন এবং কেশের জন্য ওখানে দাৎগা হয়েছে এবং ওখানকার দাৎগার জন্য কলকাত।য় দাৎগা ারেছে এই চেইন অফ আরগ্রমেন্ট দিলেন, আমাদের যারা প্রতিনিধি এবং আমাদের ন্ধকার তারা সেটাকে মেনে নিলেন। স্যার, আমি খবে দায়িত্ব নিয়ে বলছি যে যদি কাৎমীরের कोना ना रटा जाररम এर मान्जा भूव भाकिन्जात रूछ। २৯८म जात्रिय काम्मीदात घरेना াটেছে আর ৩০ হাজার লোকের প্রসেশান, তিন তারিখে খুলনার আক্রমণ করেছে, স্যার, প্রসে-ণান কিভাবে অর্গানাইজ হয় আমরা তার কিছুটা জানি, তার টেকনিক আমরা জানি-কতটা ন্মর লাগে, তিন তারিখে ৩০ হান্ধার লোকের প্রসেশান সেখানে হিন্দুদের আক্রমণ করল—তা ন্ধনই হতে পারে না। আমার বন্ধবা হচ্ছে এই অজ রজাপাল যে একটা ভারসামাহীন বন্ধতা দিরেছেন, একটা স্থানব্যান্দেক্সড় কেটটমেন্ট দিয়েছেন তাতে এই ধারণা হবে—এবং এটা ইউসড াদ ইউনাইটেড নেশনস-এ এবং ইউসভ হবে আমাদের বির,দেধ। স্যার, আমার বন্তব্য হচ্ছে ষ রাজ্যপাল পশ্চিমবাংলার কথাও ঠিক করে বলেন নি পূর্বপাকিস্তানের কথা তো উল্লেখ ন্ত্রেন নি। পশ্চিমবাংলার ৰুথা উল্লেখ করতে গিয়ে আমি এই কথাই বলব যে এখানে যে দাংগা য়েছে সে দাপ্যা আমি বিশ্বাস করি তা রোধ করা যেত. সে দাপ্যা বন্ধ করা যেত। কারণ এথানে ্যার, সাপনি দেখেছেন বে ১৫টা জেলার ভিতর তিনটা জেলাতে দাপ্যা হয়েছে। তিনটা জেলার ছতরেও কতকগ্নীল থানাতে হয়েছে। সমস্ত কলকাতা সহরে ২০।২২টা থানা রয়েছে তার মধ্যে তনটা খানাতে দাষ্পা হয়েছে এবং তারপরে দটো থানায় দাষ্পা হয়েছে। এত সীমাবন্ধ ^{বটনা} হয়েছিল সেই ঘটনাকে যদি আমাদের মন্ত্রীমণ্ডলী সজাগ হতেন তাদের যদি রাজনৈতিক র্ণিউভশা পাকতো, তাদের যদি ইমাজিনেশন থাকতো তাহলে তারা এটা বন্ধ করতে পারতেন। ^{ন্যার}. এথানে যখন জানুরোরী মাসের ৪ তারিখে বিধান পরিষদ চলছিল সেদিনই আমরা খবর ^{পরেছি} –সামান্য খবর কিছুটা ট্রিকল করে এসেছে যে খুলনাতে দাপ্সা হয়েছে। পাঁচ তারিথে ম্পিকাতার সমস্ত খবরের কাগজে এই খবর বেরিয়েছে—কিন্তু আমি জিল্পাসা করি ৫ তারিখে ^{এখান} থেকে পশ্চিমবাংলার সমস্ত মল্টীমণ্ডলী এবং কংগ্রেসের নেতৃব্নদ এখান থেকে ভূবনেশ্বরে র্মন খেলেন। তারা এটা শেরাল করেন নি বা এতট্টকু দ্রেদ্ভিট ছিল না যারা শিশ্পাঠ্য ইতি-ফেন্ডেড খবর রাখেন তারাও এটা মনে করতেন যে পূর্বে পাকিস্তানে যে গোলমাল হয়েছে তার

ম্বাভাবিক প্রতিক্রিরা এখানে হবে। কিন্তু আমানের মুখ্যমন্ত্রী তা করেন নি। মুখ্যমন্ত্রী গ্রেল-জারীলাল নন্দের হুইপ খেরে এখানে একটা শান্তি কমিটি করেছেন সর্বদলীর। অধ্যক্ষ মহাশর আপনি জানেন বে কংগ্রেস পার্টী সর্বদলীর কমিটি করা সম্বন্ধে খুব এলারজিক, এবং আলি আপনাকে বলতে পারি গ্রেজারীলাল নন্দ বদি এখানে না আসতেন প্রেসার না দিতেন তাহলে সর্বদলীর শান্তি কমিটি হত না। আমার এক বন্ধ্ব পার্লামেন্টের মেন্বারের কাছে তিনি বলেছেন বে

Chief Minister and Congress Party was opposed to it.

প্রফাল্লবাব্ন বলেছিলেন এই সব ছোট দলের কি প্রভাব আছে—তার জবাবে তিনি বলেছেন যত্ত ছোটই হউক তাতে কিছন্টা ইমোশনাল ইফেক্ট হবে। তারপরে বাধ্য হয়ে তারা করেছেন। তারপরে সকলেই জানেন যে তা কিভাবে টরপেডো হয়েছে তা কলকাতার নাগরিকরা তার খবর রাখেন $[4-4-10~\mathrm{p.m.}]$

স্যার, আমি এটা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে তিনি যাওয়ার সময় কি নির্দেশ দিয়ে গিয়েছিলেন? যে শান্তি কমিটি করেছেন সেই শাতি কমিটি যদি ৫ তারিখে বা তারিখে করতেন, ঐ ৫০ হাজার লোকের শান্তি মিছিল যদি ৫।৬ তারিখে হত, সেদিন সংখ্যালঘদের যেসব এরিয়া আছে সেইসব এরিয়া গার্ড করবার বন্দোবসত করতে পারতেন তাহলে আমি মনে করি তিনটা জেলাতে যে রায়ট হয়েছে সেই রায়ট হত না, সেই রায়ট আটকান যেত। কিন্তু পশ্চিমবঙ্গের যাঁরা কর্ণধার তাঁরা দলগত ব্রন্থির দ্বারা পরিচালিত হয়ে সন্মেলনে চল গেছেন। পশ্চিমবঙ্গের প্রশাসন ভার যাঁদের উপর রয়েছে তাঁরা এত দায়িত্বনীন যে এখানকার এ্যাডিমিনিম্প্রেটিভ দায়িত্ব ছেড়ে দিয়ে তাঁরা সেই সম্মেলনে চলে গেছেন। মূখনান্তী ১০ তারিখে যখন ফিরে এসেছেন তখন তাঁর হাতের বাইরে চলে গেছে। তখন তিনি আবার উল্লো হলেন. আতংকগ্রন্থত হলেন এবং আতংকগ্রন্থত হয়ে ঐ ভূদেব সেনকে হত্যা করলেন। এই সূটে ট্ বিল অর্ডার না দিয়ে কংগ্রেস সরকারের যদি এটা আদর্শ হত যে ওখানে একজন পর্লেশ ঘারা ষেত তাহলে ভাল হত। সেই পর্নিশ যদি ছাত্রদের শ্বারা প্রহৃত হয়ে মৃত্যু বরণ করত তাহলে সেটা দাংগার পক্ষে ভাল হত। ভূদেব সেনের মৃত্যু দাংগার সংগে কোথাও জড়িত নেই। সেদিন দাংগা এমন কোন জায়গায় আর্মেনি, সেদিন ছাত্ররা এখনে ১৯৪২ সালের আগস্ট আন্দোলন স.त. कंदर्जाञ्चल ওয়েলিংটন স্কোয়ার থেকে ছাত্ররা এই ধরণের কাজ করে। সেখানে এই ধরণের নির্মমভাবে বিদ্যালয়ের ভেতর ঢকে গর্লি চালাবার কোন প্রয়োজন ছিল না। স্যাব তারগর শিয়ালদতে লাঠি চার্জ হয়েছে। অপেনারা জানেন যে ১০।১১।১২ এই তিন দিন কলকাতা শহরে রায়ট হয়েছে। ৯ তারিখে যারা খুব আতংকগ্রন্সত মানুষ, যারা খুলন্য বরিশাল এক্সপ্রেসেব খবর জানবার জন্যে জড়ো হয়েছে তাদের সেখানে যেতে দেওয়া হয়ন। তারা জানতে চায় তাদের আত্মীয় স্বজনের থবর। তারা জানতে চায় খুলনা যশোহরে কি হয়েছে। কিল্ত সেখনে কি হল, সেখানে যারা দঃখিত হয়ে শোকগ্রস্ত হয়ে খবর জানতে গেল তাদের উপর লাঠি চার্জ করা হল। এই হচ্ছে আমাদের প্রশাসন। স্যার, একে বন্ধ করা যেত, কিন্ত বন্ধ সরকার করেন নি। কারণ, সরকারের সেই দরেদ্দিট ছিল না। তারপর তাঁরা বেপরোয়াভাবে গ্রেণ্টার করলেন ১৫ হাজার মানুষকে গ্রেণ্ডার করেছেন। তার মানে আজ দেখান হচ্ছে ১৫ হাজার মানুষ হচ্ছে পশ্চিমবংশে দাংগাকারী। তাহলে দেখা যাচ্ছে ১৫ হাজার সংখ্যা নিশ্চয়ই কংগ্রেস সেবাদলের চেয়ে বেশী সংখ্যা। তাহলে যে কংগ্রেস সরকার এতদিন ধরে এখানকার প্রশাসন চালাচ্ছেন তাঁদের গৌরব কোথায়? দাংগাকারীর সংখ্যা হল বেশী। কিল্ড তাঁরা তা বন্ধ করতে পারতেন। ষারা এ্যান্টি-সোসিয়েল এলিমেন্ট, যাদের সম্বন্ধে তাদের সন্দেহ রয়েছে পূর্বাহ্নেই যদি তাদের গ্রেণতার করা হত তাহলে দাংগা হত না। গ্রেণ্ডার করেছেন ট্রেড ইউনিয়ন কমীদের, গ্রেণ্ডার করেছেন বিভিন্ন বামপন্থী দলের মান্ষদের যারা এটাকে সেকুলার স্টেট বলে গ্রহণ করেছে। ট্রেড ইউনিয়নের কমী যারা হিন্দ্র মুসলমান উভয়ের স্বার্থে কাজ করে তাদের আপনারা গ্রেপ্তার করেছেন, তারা হচ্ছে দাংগাকারী, তারা দেশপ্রেমিক নয়। দেশপ্রেমিক হচ্ছে ঐ পাকিস্তানের যারা অন্তর, দেশপ্রেমিক হচ্ছে যারা ভূতপূর্ব মুসলিম লীগের মেন্বার। তার কারণ হচ্ছে ভূতপূর্ব ম,সলিম লীগের যারা, মেন্বার, পাকিস্তানের যারা অন্চর তারা কংগ্রেস পার্টির পক্ষপটে আ^{গ্রর} নিরেছে। ঐ মোল্লাজান সাহেবের উপর বিলিয়ের ভাব মেণ্ডরা হারছে। সারি

গ্রাপনি জ্বানেন মোলাজানের অতীত কি ছিল। সেই মোলাজানের মাধ্যমে সমসত ম্সালমদের ভেতর রিলিফ ডিসট্রিবিউসান হরেছে; ভোটের জন্য হরেছে, মোলাজানকে হাতে রাখা দরকার তার জন্য হরেছে। সালাউন্দিনকে গ্রেশ্তার করা হর্মন। মিকদ্বল ইসলাম লেনে যে স্কুল বাড়ী সেই স্কুল বাড়ীর তিনি সেকেটারী। সেই স্কুল বাড়ীতে তাজা বোমা পাওয়া গেল। বিনিয়া-প্রকুর থানা যখন তাকে গ্রেশ্তার করতে চাইল তখন নরেশ ম্খাজ্বী তাকে বাধা দিলেন যে ওকে গ্রেশ্তার করা যাবে না। দেশদ্রোহী, পাকিস্তানের অন্তর্ক্ষ কংগ্রেসের পক্ষপ্টে এসে সে দেশপ্রেমিক হয়ে গেল। এই হচ্ছে কংগ্রেসী শাসন। এই রায়ট সম্পর্কে তারা এই ধরণের আচবণ করেছেন।

Then, Sir, there has been another hope expressed that the strengthening democratic forces in East Pakistan might perhaps stop this engine of oppression Sir, democracy works with proverbial slowness. Again, there is a race for time as the Pakistan Government is to take good care to see that all our efforts to strength and nurture the seeds of democracy are throttled in order to give full scope to the engine of oppression. Sir, while the recent occurrences have brought to light examples of shining heroism, examples of great communal heroism, examples members of one community trying to save members of another community, the tot result has been almost unaffected by the unavailing self-sacrifice of the few peop of both Hindu and Mussalman communities who have tried to give shelter and t save the lives of the people of the opposite community. They are an exception and a very small exception, and while our long-range hope depends upon the fu growth of this element in our national life; it would be too rash, it would be to optimistic to depend upon the growth of this force in time to save the minority i East Bengal. Therefore, Sir, about the democratic forces if we entertain the hope it is not a very rational hope, not a very practical hope that democratic forces would be nurtured to full strength in East Pakistan and stop the hands of remorseles engine of oppression there. Sir. you are living in a wise man's paradise. I shoulnot attach much importance to that hope though I pay my tribute of admirate. to the handful of people who have sown the seeds of a better ideal of life for the future to sprout forth and to blossom.

Then, Sir, the only practical remedy that we have been able to think about so long is complete evacuation of the Hindu minority. Sir, that is certainly the only remed left to us but that is a counsel of despair. We are seeking for a solution of the problem, not by converting the Muslim opinion in East Pakistan, not by bringing democratic forces to bear upon the mentality of the people there, not by any wal measures or any other coercive measures which might go home, but in the hope that the minority would be completely evacuated and there would be no one left to oppression, murder, pillage and killing. That is the counsel of despair, that is the peace of the grave, not the peace of a living organisation but that is the peace of the grave. If all people die or are removed from the scene of oppression, then there would be peace—certainly there would be peace—but that would be the peace. the grave and I do not attach any political importance to it-I attach a great deal of humanitarian importance to it but I do not attach any political importance to the peace of the grave that will come to prevail in East Pakistan after the entire minority community consisting of 90 lakhs of people have been completely evacuated. 511 already our energies have been diverted along different channels by elaborate dis cussion about the adequacy of the measures for relief and rehabilitation. I do no. depreciate the point that the Government must try its very best to offer the bee possible terms to our unfortunate brothers and sisters who are coming to seek protection with us. But at this juncture when the forces of disruption are still si

work, when panicky multitudes are crossing the border at countless points, when there is an exodus which is growing in acceleration and speed, you cannot expect the Government to devise a perfect machinery by which all the needs of the population, the fleeing population, would be completely fulfilled. And that is diverting attention from the more serious work, from the more serious topic as to how they can be reinstated in their original places and how this havoc and devastation, this pillage and rape and murder, this sorry game can be stopped.

Sir, exchange of population has been very cautiously advocated. I do not think we have any moral ground to insist upon exchange of population unless we are perperfectly satisfied that everyone of our Muslim brethren is at heart a Pakistani spy and that can never be demonstrated. So, unless we can prove demonstratively that every Muslim living in our midst has his allegiance and sympathy rivetted to Pakistan, we cannot in moral conscience call upon them to evacuate their homelands and to take shelter elsewhere. So, that is again a ccunsel of dispair that does not appeal to me.

Then, Sir, what is the remedy? We have talked so long and so diversely; our various views have been presented with much eloquence, with much emotion, with much poignant sympathy and yet are we anywhere nearer the solution? Have we touched the core of the problem? We are spending our breath on the fringe of the problem. Sir, this is a gulf that lies too deep for tears. This is an abyssmal death that lies too deep for words only. Sir, why don't we think of economic sanction as applied to Pakistan? We have to take some concrete steps. We cannot allow things to drift, we cannot content ourselves with the position that let them come, we shall provide for their accommodation; Let them make a desert of East Pakistan (Shri Jatin Chakravorty: We have an adverse balance of trade.) and we shall try to find for them some sort of accommodation here, either at Dandakaranya or at some other place. Why not think of bringing to bear upon Pakistan such influences as can stop their murderer's hand, their blood-soaked hand! Let them feel that they have got to pay a price for their misdeeds. Let them not run away with the idea that they can murder, rape and pillage and kill with perfect impunity. Let us do something to drill sense into their brain. Let us employ some coercive measure whatever may be the value of that coercive measure. Let us show our displeasure in no uncertain terms by applying economic sanction as against East Pakistan. We have already applied economic sanction in the case of South Africa although there the provocation must have been much less than in East Pakistan. Sir, what is sauce for the gander ought to be sauce for the goose. If we have thought of economic sanction as an effective remedy against the expatriation of Indians from South Africa, can't we think of economic sanction against Pakistan? Of course, I am not an economist. I cannot calculate the possible effects of such economic sanctions. (Shri Jatin Chakravorty: We have an adverse balance of trade.). May be, but still there are certain vital articles of consumption which, if stopped would bring sense to their heads. Don't look at the matter from the statistical point of view. There are certain vital articles of consumption which no nation can live without. If we can muster our force, can muster strength of purpose, can muster definiteness of will to stop these vital supplies, I think that may have some effect upon the dense brain of Pakistan. At any rate, let us not merely shed tears. Let us not merely hear each other groan. Let us not only content ourselves with passivity.

Sir, one of the reasons why complete evacuation of the minority in East Pakistan appeals to us is that it is perfectly consistent with our passivity of action.

[4-35-4-45 p.m.]

We have nothing to do. Let them come. We shall provide shelter to them. It does not call for any heroic energy; it does not call for any exhibition of national

strength. We want them to come because we cannot save them from worse oppression: we cannot save them from wrose fate. So we want them to come, and one of the reasons why we jump upon the idea that they should evacuate is that it is perfectly in consistence with our passivity of action. We have no active part to play there. Therefore, I would appeal to the Government, particularly to the Central Government and to the West Bengal Government to think of some positive steps which should be taken to arrest this cruel, this human and this heartless game. Merely shedding the tears of sympathy, merely making arrangements for their accommodation, merely providing them with doles of charity will not meet the ends of the situation. That leaves the perpetrators of the whole game absolutely unaffected.

Sir, what is the effect upon Pakistan if we invite people to cross the border, if we provide them with good accommodation there, if we provide them sustenance? There the perpetrators of this guilt are soley influenced by whatever you may do on this side of the border, So, Sir, something has got to be done. Some positive action has got to be taken, some concrete steps have got to be implemented so that sense can be brought into the head of Pakistan that this minority baiting game is not one that is always pleasant and profitable, that can always be indulged with perfect safety. I congratulate the Government on the very strong and stern measures that they took in rooting out the communal disturbance in West Bengal. But, Sir, that is not really the solution of the problem. If we make the communities yield to superior forces, if we yield to coercion, that does not bring about any change of heart. is wanted is not peace of exhaustion, not peace of coercion by superior forces but a peace of real action of a vital change of heart. So Government should supplement its effort by creating a climatic condition in which the vital change of heart becomes possible as between the two communities. I should also suggest, although I am not in favour of exchange of population yet, that the Government must be aware from the facts disclosed in this House, from the accounts of newspapers that there is a deep conspiracy of a Pakistani clique working in West Bengal and in Calcutta, let it not be mistaken that it was a mere communal riot. It was politically engineered by interested parties. If it is preparing a way for the incoming invader, if the object is to let loose dogs of war and forces of disintegration and if these are engineered by interested parties then it is not to be merely judged from the standpoint of communal trouble. It is not a communal trouble. It is something much more serious than communal trouble and the sooner the Government gets itself disillusioned of the idea that it is a petty communal trouble which can be snuffed out by a breath the better it would be for the future of the country. I should, therefore, call for collection of facts and data relating to the communal troubles that broke out in West Bengal. also call for a fair and free interpretation of the data so collected, because sometimes we spoil the collection of data by a wrong interpretation. So in order to be effective there should be both fair collection of data and fair attempt at interpretation. I should ask the Government to combine both these aspects so that they can take correct action on the basis of the results of the fair collection of data and a proper interpretation of these data.

Thank you.

Shri Jatindra Singha: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.,—

"But regret that-

- there is no mention of any water-supply scheme for scarcity areas in North Bengal;
- (2) there is no mention of any scheme for improvement of the horrible state of unemployment among the educated in our State;
- (3) there is no mention of anything about Secondary Education of the State.',

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যখন বাংলাদেশ একটা নিদারুণ সন্ধটের সম্মখীন হয়েছে ত্র্বন আমর। আশা করেছিলাম যে আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বিভিনু দিক সম্বন্ধে আমাদের একটা নির্দেশ দেবেন। তাঁর যে সরকারী নীতি সেটা পাইভাবে বলবেন। কিন্তু আজ কি দেখতে পাচিছ তিনি অতি সংক্ষিপ্ত ভাষণ দিয়েছেন, ১৫ মিনিটের মধ্যেই তাঁর ভাষণ শেষ হয়ে গিয়েছে—তাতে কোন কথাই তিনি প্রষ্টভাবে বলেন নি। বর্ঞ না বলার কথাই বেশী। আজকে যে কথাটা এখানে বছবার আলোচিত হয়েছে যে সমস্যা নিয়ে দীর্ঘক্ষণ এখানে বিতর্ক চলেছে সেটা হল আমাদের সাপ্যপ্রদায়িক অবস্থা এবং এটাই স্বাভাবিক। কিন্তু অত্যন্ত দুঃধের সঙ্গে আমাকে ঐ কণাটা বলতে হচেছ যে जामार्गत माननीय त्राकाशील अशीनकात र्य मःशालय मम्भुमाय जारमत कना निमाकन राशा जनज्द करति हन, जीन कथा। किन्न महन्न एक एक महन्न एक एक भीकिन्नात निर्वाजिज हराहरू, যে সব নারী ধর্ষিতা হয়েছে যে সব শিশু নিহত হয়েছে তাঁদের জন্য কোন শোক জ্ঞাপক কোন কিছু আমরা দেখতে পাইনি তাঁর ভাষণের মধ্যে—এখানে যারা রিফিউজি হয়ে আসছেন যে হাজার হাজার উদ্বাস্ত আজকে পাকিস্তানী অত্যাচারে নির্যাতিত হয়ে নিরুপায় **হয়ে** আস্চেন তাদের শুষ্ঠ পূন্বাসনের কোন নীতি সরকারের পক্ষ থেকে তিনি ষোষণা করেন নি। এক দণ্ডকারণ্যের কথা তিনি উল্লেখ করেছেন—তাছাড়া অন্য কিছু আমরা দেখতে পাচিছ ন। ত্রাণ মন্ত্রী এখানে বলেছেন, তিনিযে নীতি এখানে ঘোষণা করেছেন তাতেও মামরা নিশ্চিস্ত হতে পারছি না। আজকে সীমান্তে কোন ব্যবস্থা নাই যারা উদ্বাস্ত হয়ে আসছে, তাদের জন্য—তাদের আণের জন্য, তাদের পর্নবাসনের জন্য। এমন কি যারা অনাহারে নৃত্প্রায় হয়ে আসছেন তাদের যে সামানা আহার সেটুকু পর্যন্ত এই উদ্বাস্ত ক্যাম্পগুলিতে তারা দিতে পারছেন না। একাধিক বক্তা এ সম্বন্ধে বলৈ গেছেন। তারপর মাইগ্রেসান সার্টিফিকেট এর কড়াকড়ি হাসের সম্বন্ধে বহু আলোচনা হয়েছে। সেখানে অনেক এমন যাছেন যে তারা মাইগ্রেসন সংগ্রহ করে আগতে পারেন নি—তাদের অবস্থা আরও পোচনীয় তাদের সম্বন্ধে সরকার কি নীতি অনুসরণ করেছেন আশা করি বলবেন। কিচুক্ষণ আগে খনর পেলাম যে কিচু কিচু উন্নাস্ত আলিপুরদুয়ারের দিকে জলপাইগুড়ির দিকৈ আসছে তার। অনেকে মাইথ্রেসন নিমে আসতে পারেন নি—তাদের পিছনে আই. ণি না লেগেছে এবং ভাদের ব্যতিবাস্ত কবে ত্লেছে। একেই তো স্বৰ্ণস্ব হারিয়ে আ<mark>সছে</mark> তাব উপর তাদের ষঘ দিতে দিতে অবস্থা আরও কাহিল করে দিয়েছে আজকে এই 🖪 দূরবস্থা উদ্বাস্তদের সামনে দেখা দিয়েছে তারজন্য আমি সম্পূর্ণরূপে গরকারকে দায়ী ^{ক্র্}ছি। এবং যেহেতু আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যে সম্বন্ধে কোন নীতির উল্লেখ করতে পারেন নি তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিতে পারি না। আজকে পাকচক্র ক্লকাতার বকে রয়েছে সে সম্বন্ধে একাধিক বক্তা বলেছেন। কখন কখন মনে হয় যে আমরা কোন রাজ্যে বাস করি। কাগজে বড় বড় হরফে দেখছি সালাউদ্দীনকে গ্রেপ্তার করবার ^{সমন} সেখানে পুলিসের উপরে ১ হাজার লোক ইট পাটকেল নিয়ে হামলা করেছে। ^{কিন্তু} আমি ভাবছিলাম যে পাকিস্তানে যদি এই ঘটনা হত তাহলে কি যে হত **তা** ^{মানি} কল্পনাও করতে পারি না। আজকের কাগজে দেখছি যে সরস্বতী ^{নিঞ্}নের উপরে বোমা ফুটেছে পটকা ফুটেছে ঢিল পড়েছে——এটা কি ব্যবস্থ। ^{কান অবস্থায়} এটা হতে পারে এটা সত্যিই চিন্তার বিষয় হয়ে পড়েছে। :-15-4-55 p.m.]

বং আমার মনে হয় যা নাকি শ্রন্ধেয় শ্রীকুমার ব্যানার্জী মহাশয় বল্লেন সে এটা শুধু সামান্য
িপ্রদায়িক দাঙ্গা নয়, এর পেছনে পলিটিক্যাল উস্কানী রয়েছে, এর পেছনে রয়েছে
উনৈতিক উদ্দেশ্য সিদ্ধির একটা ব্যবস্থা এবং আমাদের সরকার যেকথা শ্রন্ধেয় শ্রীকুমারবু বলেছেন প্যাসিভিটি সত্যিকারের নিষ্ক্রিয়তার যে তাব সেই তাব এনে দিয়েছেন
বং সেটা অন্য কেউ আনেননি, সেটা এনেছেন আমাদের সরকার। আমাদের কিছু করণীয়

ই—উষাস্ত যদি আসে আমরা তাদের আগ্রয় দেব, যদি না আসে তাল কথা, এই যে

াগিভিটির মনোভাব এই মনোভাব আমাদের মনোভাবকে প্যাসিত করে দিয়েছে এবং

ই যে পক্ষু নীতি এই পক্ষু নীতির আমি প্রতিবাদ জানাচিছ্। সরকার যদি এই ধিধাস্থানিতি পরিত্যাগ না করেন তাহলে আমার দৃঢ় বিশ্বাস যে এতে তাল তো হবেই না

ই মন্দের অবধি থাকবে না। ইউ, এন ওতে যাবার কথা উঠেছে আমাদের শুদ্ধেয়

শীকুমার বাবু বলেছেন যে যদি আমাদের রাজ্যপাল এই রকম ভাষণ দিতেন. যদি দ:খ প্রকাশ করতেন নারারণগঞ্জ, খুলনা, যশোরের উৎপীড়িত জনসাধারণের জন্য তাহলে আন্তর্জাতিক অবস্থায় পাকিস্তান সেই স্থযোগটা গ্রহণ করতো। অনেকেই বলেছেন যে দাঙ্গা দমনের 📭 ব্য তাড়াতাড়ি ব্যবস্থ। অবলম্বন করা হয়েছে কিন্তু আমি তো পুলিসের অপদার্থতার নিশা কর্মছি এবং আমরা দেখতে পাই এই দাঙ্গা দমনের জন্য নন্দ্র্যাহেব থেকে আরম্ভ করে জ্বেনারেল জয়ন্ত চৌধুরীকে ছুটে আসতে হচেছ, যেন মনে হচেছ বিরাট কাণ্ড ঘটে গেছে কোলকাতায় সে আর কহতবঁট নয়। এক বিদেশীর সঙ্গে আমার আলাপ হচিছল, তিনি বলেছিলেন যে ব্যাপার দেখে আমার চক্ষু স্থির হয়ে গেছে, কি ব্যাপার যে এই ধরণের জেনারেল যাঁর নাকি সীমান্তে থাকা উচিত ছিল তিনি ছুটে এসেছিলেন কোলকাতায়, যেন কি একটা কাণ্ড কারখানা ঘটে গেছে। আমাদের মুখ্যমন্ত্রী দিনের পর দিন তার রেডিও বস্কৃতার মাধ্যমে প্রচার করে বলেছেন এবং পাকিস্তান সেটাকে অস্ত্র হিসাবে ব্যবহার করেছিলেন আমি একথা বলবো। স্থতরাং যে কথা তিনি বল্লেন সে আমাদের রাজ্য-शानिका याभात, श्रुनना वा नाताप्रगंशास्त्रत कथा উल्लाभ करतन नि वजना य তাতে इत्रठ জনমত অন্যর্কম হয়ে যেতো জনমত তো অন্যর্কম হয়েই গেছে এবং তারজন্য দায়ী আমাদের সরকারী নীতি, তার জন্য দায়ী আমাদের দুর্বল হিধাগ্রস্ত পঙ্গু নীতি যার ফলে ইউ এন ওতে প্যাট্টিক ডিন আজকে আমাদের সমান অবস্থায় নিয়ে ফেলেছেন। পাকিস্তান যা করেছে আমাদের বলেছেন, আমরা একই জিনিস করেছি এত সংযমের পরেও, আমাদের সেই যে দাঙ্গা সেই দাঙ্গা নেভানোর পরেও। আজকে সাম্প্রদায়িক অবস্থা সম্বন্ধে মোটামটি আলোচনা হয়েছে, অন্যান্য বিষয় সম্বন্ধে বলার স্থযোগও নেই এবং বলার খুব বেশী কিছু নেই, তার কারণ হল মাননীয়া রাজ্যপালিকা বিশেষ কিছুই বলেন নি। একটা জিনিস খাদ্য সম্বন্ধে বলেছেন, আমি সেটা সম্বন্ধে বলতে চাই, খাদ্যদ্রব্যের মূল্য নিধারণ করে দেয়া হয়েছে, তবে আমাদের সরকারের হাতে এমন কোন মেসিনারী নেই যার হার। আমরা পুরোপুরীভাবে সেটা প্রয়োগ করতে পারি। তিনি জনসাধারণের সহ-যোগিতা কামনা করেছেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা উক্তি যার ফলে আমার মনে হয় **দেশে**র যারা চোরাকারবারী তারা এতে বিশেষ সন্তুষ্ট হয়ে উঠতে এবং তারা মনে করবে ষে সরকারের ক্ষমতা হয়ত তেমন নেই। মাননীয়া রাজ্যপালিক। বলছেন যে আমাদের হাতে এমন কোন ক্ষমতা নেই যার মারা নাকি পুরোপুরিভাবে খাদ্যমূল্য নিয়ন্ত্রণ করে সন্তা দামে মানুঘকে খাদ্য সরবরাহ করতে পারি। শিক্ষা সম্বন্ধে শিক্ষক হিসাবে আমি ২।৪টা কথা বলতে চাই। তিনি বলেছেন শিক্ষায় উনুয়ন অব্যাহত রয়েছে কিন্তু শিক্ষায বে অবস্থা সেই অবস্থা সম্বন্ধে পুরোপুরিভাবে বাস্তব চিত্রটা তাঁর কাছে উদ্ঘাটিত হয়নি। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, কলেজীয় শিক্ষা, সর্বস্তরে শিক্ষায় উনুয়ন চলছে এতটুকু খবরই মাত্র তাঁর কাছে রয়েছে। তার পার্সেণ্টেজ দিয়ে দিয়েছেন কিন্তু পার্সেণ্টেজ দিয়ে শিক্ষার যে বাস্তবরূপ তা চিত্রিত হতে পারে না। যে অবস্থা দাড়িয়েছে, যে প্রনদ শিক্ষার রম্ব্রে রম্ব্রে ছড়িয়ে পড়েছে তা আজ জাতিকে পঙ্গু করে ফেলেছে। যে শিক্ষা জাতির নেরুদণ্ড গড়ে তুলবে সেই শিক্ষা আজ নুইয়ে পড়েছে। কাজেই শিক্ষা ব্যবস্থার বাস্তব চিত্র আমরা এর মধ্যে খুঁজে পার্চিছ্ না। স্নতরাং শিক্ষার দিক থেকে বিশেষ কিছু আর নেই। বেকার সমস্যা সম্বন্ধে তিনি আরো অন্তত একটা কথা বলেছেন সেই কথাটা হল, ক্ষুদ্র ক্ষু ক্টীর শিলেপর মাধ্যমে বেকার সমস্য। সমাধানের ব্যবস্থা করছি---এ ছাড়া বেকার সমস্যা সম্বন্ধে কোন কথা নেই। স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে বলেছেন অনেকগুলি বাসের ব্যবস্থা করেছি। স্যার, ২।১টা কথা বাস সম্বন্ধে আমি বলতে চাই সেটা হল আমি উত্তর বঙ্গে খাকি, মাঝে মাঝে বাস খেজুরী ঘাট থেকে আরম্ভ করে জলপাইগুড়ি পর্যন্ত ধাওয়া করে।

সেই সব বাসের দুরবন্থা দেখলে কানা আসে। বেশ লং জানি, মাঝখানে গিমে বিকল হয়ে বসে রাইলো। এগুলি সব আগেকার যুগের বাস, কতদিন ধরে চলেছে— তার কোন স্থিরতা নেই। সেখানকার কর্ম চারীদের যে অনুপোযুক্ত বেতন, তাও ঠিক সময় মত দেওয়া হয় না, ফলে কর্মচারীর দল অসস্ত ই হয়ে রয়েছে। ৰাসের যে বিকট ঝাঁকনি এবং তার বিরাট গর্জন শুনলে কান ঝালাপালা হবার যোগাড়। সকাল ৭টার সময় বাস ছাড়লো আর সদ্ধ্যে ৭টার সময় জলপাইগুড়ি গিমে পৌছালো। আবার কোন কোন বাস এই দীর্ঘ পথে সময় সময় বিকল হয়ে পড়ে থাকে। যদি বা শেষ পর্যন্ত পৌছাল, তাহলে বাসের ধুলাতে 'খুব কাহিল অবস্থায় পৌছাতে হয়। বাসের এই দুরবস্থা আজ মিটলোনা। বাসের এই যে কণ্ডিসান সেটা ঠিক করার দিকে, তাল করার দিকে সরকারের নজর নেই. ভেঙ্গে পড়ে রইলো তার চাকা, ভেক্গে পড়ে রইলো তার বিড সরকারের লুক্লেপ নেই।

তারপর কপোরেশনের বাস বাড়িয়ে দিচিছ্, একখা বলা **আর সাজে** না। এ**ই তো** গল মফঃস্বলের বাসের অবস্থা।

এঁরা যে কলকাতা কর্পোরেশনের ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে বলেছেন, তার আমি পুনঃ উল্লেখ করতে চাই না। আমি মফঃস্বলের কথা, বিশেষ করে আলিপুরপুয়ার সর্বন্ধে বলবা, যেখান থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি। সেখানে আজকে ৪০ হাজার লোক বাস করে। সেখানে মিউনিসিপ্যালিটি হয়েছে বটে, কিন্তু, সেখানে কোন রকম জল নির্কাশনের ব্যবস্থা নেই, কোন রকম পানীয় জল সরবরাহের ব্যবস্থা নেই। এখানকার ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে বহুবার বলা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কোন স্থব্যস্থা কর। হল না। আমি পুনরায় আমাদের তরফ থেকে সরকারকে অনুরোধ করবে। যাতে সেখানে পানীয় জল সরবরাহের এবং জল নিন্ধাশনের ব্যবস্থাগুলি পুয়োজন অনুসারে মুছুতাবে তরাত্বিত করা যায়। নীলবাতি জলে উঠেছে, আমার আর বেশী সময় নেই, আমি শুধু একটি কথা বলে যাচিছ সেটা হ'ল যে ভাষণ মাননীয়া রাজ্যপাল দিয়েছেদ তার মধ্যে আমাদের এখানকার বিশেষ বিশেষ সমস্যা সাধনের কোন ইঞ্চিত নেই। অথচ কি করে শুদ্ধেয় শুনিকুমার ব্যানাজী মহাশয় এই পুস্তাবকে সমধন করলেন, ভা আমি বুঝতে পারলাম না। এই পুস্তাবের মধ্যে কিছুই নেই, যা রাজ্যপালের ভাষণের মধ্যে রিয়েছে। স্কতরাং আমি এটা কিছুতেই সমধন করতে পারছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করিছ।

Dr. Janaki Ballabha Bhattacharyya: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:

"But regret that the true picture of the sufferings of the people of West Bengal has not been drawn in the Address and the correct means of removing them has not been suggested in it."

নাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই বিতর্কে অংশ গ্রহণ করবার আগে, প্রথমে দু-একটি ধুব প্রয়োজনীয় বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় মন্ত্রী মহাশায়দের যে পৌরসভাগুলি নির্বাচন হতে চলেছে, তার ইলেকসান রুলস-এর বইটা এখন ও পর্যস্ত ছাপান হয়নি। স্থতরাং এ সম্পর্কে অনুরোধ জানাবো যে যাতে অতি শীঘু বইগুলো ছাপান হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে।

দ্বিতীয় হচেছ কল্যাণী বি, টি, কলেজের অনেকগুলি বে-সরকারী স্কুল, অর্থাৎ যার।
সবকারী সাহায্য পান না, যেখানে স্কুলের শিক্ষক ও শিক্ষিকা পড়ছেন আজকে, এবং তাঁরা
থার অর্দ্ধেক সময় পড়ে এসেছে এই আশার যে তারা গভর্ণমেণ্টের ডেপুটেশন পাবে।
কিন্তু মাঝপথে তাঁরা শুনেছেন যে ডেপুটেসান এর টাকাকড়ি তাঁরা কিছুই পাবেন না।
পেজন্য তাদের জীবনটা দুবিসহ হয়ে পড়েছে। তাদের নিজেদের তেমন সঙ্গতি নেই যে
যার দ্বারা তাদের নিজের, নিজের খরচ চালাতে পারে। অথচ দেখা যায় যে পূর্বে সরকার
সাহায্য দিয়েছেন। এই বছর তাদের আর সাহায্য করবেন না। এটা যদি সরকার পুর্বাঞ্চে
জানিয়ে দিতেন বা কল্যাণীর বি, টি, কলেজের মাধ্যমে যদি সে রক্কন একটা নির্দেশ
পেওরা থাকতো, তাহলে পরে আজকে এই সঙ্কটময় অবস্থা স্কুটি হত না। স্কুতরাং আমি

াননীয় মন্ত্রী মহাশনের শৃষ্টি এদিকে বিশেষভাবে আকর্ষণ করিছি।

তৃতীয় কথা হচেছ আমাদের এডাল্ট ফ্রানচাইজ, অর্থাৎ প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার দেওয়ঃ হয়েছে পৌর নির্বাচনে, এবং বাংলায় পৌরসভার যে আইন, সেটা প্রচলিত আছে। এই দুটার মধ্যে ভোটারদের সংখ্যা খানিকটা ব্রাসপ্রাপ্ত হচেছ। স্থতরাং এই সম্পর্কে মিউনিসিপ্যাল এ্যাক্টের যথাযথ পরিবর্তন করাটা সঙ্গত বলে আমি মনে করি, এবং সে দকেও আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তা না হলে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের যে নীতি, সেটা ব্যাহত হয়ে পড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবার এই বিতর্কের যে বিষয় সেটা আরম্ভ করছি। সাম্প্রদায়িক সমস্যার কণা, যেটা মাননীয়া রাজ্যপাল তার ভাষণের প্রথমে বলেছেন, সেটা এমনভাবে ব্যক্ত করা হয়েছে যে তাতে মনে হচেছ আমার একটি নারীর অভিযোগের কথা। তার এক গালে তিনটি আঙ্গুলের চড়ের দাগ, আর অপর গালে কতচিছ। সে তার ঐকত চিহ্নটি চেকে ইউনিয়ন বোর্ডের প্রেপিডেণ্টের কাছে গিয়ে নালিশ করছে এই বলে, যে দেখুন আমার স্বামী আমার গালে চড় মেরেছে, এই তার আঙ্গুলের দাগ, এবং আমাকে দা দিয়ে

[4-55---5-5 p.m.]

প্রেসিডেন্ট অনেকক্ষণ ভাল করে দেখে বললেন যে মা তোমার গালে এই দিকটায় কি—সে তখন বললে যে না ওটা হচ্ছে সোহাগের চিহ্ন। সতেরাং আজকে আমাদের যা অবস্থা দাঁড়িয়েছে আজকে তাঁর ভাষণ পড়ে আমার মনে হয়েছে যে কেশ অপহত হয়েছে ভারতবর্ষে—তার জন্য ভারতবর্ষ অপরাধী—তা তিনি দ্বীকার করেছেন—এটাতে কতথানি আন্তর্জাতিক খ্যাতি কি অখ্যাতি হবে সেটা আপনারা ব্বেখে দেখুন। স্বতরাং আজকে সমস্ত দোষটা তিনি নিজের ঘাড়ে স্বীকার করে নিয়েছেন—রাজ্যপালিকার ভাষণের মধ্যে এই প্রথম অংশটা আমার কাছে অত্যনত বিশদুশে বলে মনে হয়েছে। কিন্তু সাম্প্রতিক যে ঘটনা এবং তার প্রতিকারের যে সমস্ত উপায় এবং সেখানে কোথায় দোষত্রটি বিচার্নত হচ্ছে এই নিয়ে আমি বিশেষ আলোচনা করতে চাই না। কিন্তু আমি প্রথমে আলোচনা করতে চাই যে এই যে সাম্প্রদায়িক সমস্যা এটার উদ্দেশ্য কি? পাকিস্তান কেন এই সাম্প্রদায়িক সমস্যাটা এনেছে। যথনই সে দেখে তার রাজ্যে বিশুখ্যলা এসেছে খাদ্য সমস্যার সমাধান হচ্ছে না, তার দেশের লোক দলে দলে বেকার হয়ে পড়ছে, সেখানে কর্মসংস্থান করে দিতে পারছে না তার যা উন্নতি করবার কথা রাষ্ট্রের অধি-কারে নিয়ন্ত হয়ে তা সে করতে পারছে না তখন একমাত্র উপায় হচ্ছে ঐ কাশ্মীরের দিকে দেখিয়ে দেওয়া। তারা জানে ভাল করে যে সিকিউরিটি কার্ডীন্সল-এ গেলে পরে কিছু হবে না কারণ বারবার ভেটো দিয়ে রাশিয়া জানিয়ে দিয়েছে যে কিছুই হবে না। কিন্তু সেটাকে তারা জিইয়ে রেখেছে কেন? জিইয়ে রেখেছে কারণ তাদের যথনই কিছ্ব অস্কবিধা হবে নিজেদের রাষ্ট্রশাসন ব্যাপারেতে তথনই তারা দেশের মধ্যে এই সাম্প্র-দায়িক স্কুরটা তুলতে পারবেন এবং তা দিয়ে দুর্গত মানুষের দুর্ভিটকে অন্যুদ্র সরিয়ে নিয়ে যেতে পারবেন। এবং আজকে তারা জানে যে আরেকটা রাষ্ট্র আক্রমণ করা যায় না। আগে তারা যেমন ইংরেজের সাহায্য নিয়ে এবং আমেরিকার সাহায্য নিয়ে কাশ্মীর আজ-মণ করেছিল এখন জানে তারা যে আর বারবার সে রকম আক্রমণ করা চলবে না। স্বতরাং দরকার হচ্ছে এখানে কাশ্মরের মধ্যে এমন আবহাওয়া সৃষ্ট করব যাতে সেখানকার লোকেরা স্থানীয় সরকারের প্রতি বিরূপ হয়ে সেখানে গোলযোগ সূচ্ট করে। গোলবোগ সূষ্ট করলে সেই দেশেতে এসে পড়বে নানা রকম সমস্যা। সেই সমস্যা সূষ্ট করে তানের উন্নতির কাজে বিষা সুন্টি করব—যাতে মানুষ চাইবে না যে তাসরা ভার-তের কাছ থেকে আলোক পাই এবং আমাদের দেশে অন্য যে সমুস্ত আন্দোলন হচ্ছে সে আন্দোলনগর্নলি যাতে আর না হতে পারে। এই হচ্ছে তার সোজা উদ্দেশ্য। এই উদ্দেশ্য নিয়ে তারা গৃংতচর চক্র কাশ্মীরেতে অনেকদিন রেখেছে এবং ভারত সরকার ও সেটা জানেন। কিন্তু ভারত সরকারও দেখছেন যে তারা এই সমস্যা সমাধান করতে পারতেন—একদিনেতেই আর ভারতবর্ষে সাম্প্রদায়িকতার চেউ লাগতো গ্র। কিন্তু তাবাও চান ভারাও নানা রক্ষ সবসার ক্রুরিভ। স্বভরাং থানিকটা সাম্প্রদায়িকতার টেউ আমাদেও

দেশে লাগুক তারপরে আমরা ধামাবো। এই উদ্দেশ্য নিয়ে আজকে তারা যে কেশ চরির ব্যাপার সেটা তদন্ত করলে সরাসরি দুই দিনের ভিতর পাকিস্তান জব্দ হয়ে যেত সেটা না করে আজকে কোথায় কেশ চরি আর সঙ্গে সঙ্গে খুলনা যশেরে হানাহানি আরম্ভ হল—এটা সাধারণ লোকের একটু সামান্য বুদ্ধি থাকলেই বুঝতে পারে যে স্থপরি-কল্পিত পরিকল্পনা ছাড়া এই জিনিসটা হতে পারে না। এবং কলকাতার বকের তারা উস্কানি দিয়েছে। আমি ইউনিভার্সিটির অনেক অধ্যাপকৈর উপর কাছ থেকে রিপোর্ট পেয়েছি যৈ এখানে অনেক গুপ্তচর আছে, পাকিস্তানী এজেণ্টস আছে যার৷ বলুক,বোমা, পুভৃতি নিয়ে সাধারণ নাগরিককে ভয় দেখিয়েছে এবং তার ফলে মানুষ যে খাতে পড়ে সেই খাতে পড়ছে এবং তারই ফলে আরম্ভ হয়েছে সাম্প্রদায়িফতা এই জিনিসটা আগেই বন্ধ করতে পারতেন। কোলকাতায় তাঁর। জানেন না যে ডেপুটি হাই কমিশনার অব পাকিস্তান কি করছেন, তাঁদের ক্রিয়া কলাপের দিকে একট কডা নজর রাখনে আজকে কোনকাতায় এই ঘটনা ঘটাতো না। আজকে সেখানে তাঁদের এই সমস্ত नौनाज्यि यार्ष्ट म्थिनिरक यात्रा रक्ष कतराज शिरायिहालन एमरे शृनिम किम्मनातरक वकिपतन কর্ম থেকে অবসান দেয়া হয়েছে যে তুমি ক্লান্ত। সে বুদ্ধিতে ক্লান্ত, সে নপ্তামিই সরকারের বুঝতে পারে নি। সরকার চান এই সাম্প্রদায়িকতার থলা খেললে আমাদের ভোটের স্থবিধা হবে। এই ভোটের দিকে চেয়ে আজকে এখানে সাম্প্রদায়িকতা চালানো হনেছে। আজকে দেখুন কেন আমি একথা বলছি কোন মন্ত্রী একবার গিয়ে চোধের জল क्नार्तन ना, नुर्गे रहें। याता आगरक जाता रायं भारक कि भारक ना राग पर सिक्ष তাদের যত্ন উশ্রুঘা করা হচেছ কিনা, সর্বস্বহারা হয়ে যারা আসছে তারা কিভাবে আছে সে সব কিছুই দেখলেন না। রিলিফ ক্যাম্প করে সেখানে বেশ ভালভাবে খাদ্যের ব্যবস্থা করা হর্চেছ এবং বলা হচেছ আমি যতক্ষণ এসে না বলি ততক্ষন তোমরা এই ক্যাম্প ছেড়ে যেও না, ম্যাজিট্রেট তোমাদের যতই বলুক তোমরা এই ক্যাম্প ছেড়ে <mark>যাবে</mark> না। আমি হরিণঘাটার নিকট ক্যাম্পের ধরর সঠিক্তাবে জানি। স্নতরাং এই জিনিস-আমরা দেখতে পাচিছ যে সাম্প্রদায়িকতার চেউটাকে আমরা সম্বাবহার করবার চেটা করেছি এই দুরদৃষ্টি রেখে গদীটা যাতে আমাদের পাকা থাকে, কারণ এই সাম্প্রদায়িকতা কংগ্রেস সরকার যে করেন নি তা নয়। অসামে কি হয়েছে, কেরালায় কি হয়েছিল— সমস্ত জারগার তাঁর৷ যখন অস্ত্রবিধার পড়েন তখন তাঁরা সেই সাম্প্রদায়িকতা প্রচার কবেন। আজকে আমরা দেখছি পাকিস্তানও ঠিক সেই পলিসি গ্রহণ করে চলেছে— আনরা দেখতে পাচিছ পাকিস্তান যখনই সমস্যা জর্জরিত হয়ে পড়ে, যখনই একটা গণশক্তি শেখানে জাগ্রত হয়েছে, যখন তারা একটা আন্দোলন করতে চাচেছ তখনই সামপ্র-मांतिकठात तिर्मिष रिष्ट (प्रथारन ज्वानिरा पिरा मानुरुपत पृष्टि जाता ज्यनाज ठानिरा पिराह । এই জিনিসটাকে বন্ধ করতে গেলে মূল যেটা এখানে দেখুন এখনও সাম্প্রদায়িকভাবে এডুকেসান দেয়া হচেছ, এগুলি বন্ধ করতে হবে এবং আমি একথা বলতে পারি জোর করে ^{যদি} সমাজতন্ত্ৰ স্থপ্ৰতিষ্ঠিত হয় তাহলে পাকিস্তানে ঐ সাম্প্ৰদায়িকতা দুদিনে বন্ধ হয়ে ^{বাবে}, কারণ এই হাওয়া যখন সেখানে যাবে তখন ঐ সাম্প্রদায়িকতার খেলা খেলিয়ে আর মানুঘকে বিভ্রান্ত করা চলবেনা। স্থতরাং আজকে আমাদের ধর সামলাতে হবে ^{এবং} একটা জিনিস আমরা দেখচি আমাদের বাংলা সরকার বৈষয়িক বৃদ্ধিও <mark>খাটাতে</mark> পাবেন না। তাঁরা দেখাচেছন যে দণ্ডকারণ্যে শুধু পাঠিয়ে চলেছি কিন্তু কত লোক আসবে আমাদের অতীতে বহুবার এই রকম হয়েছে, এদেশ ছেড়ে আমরা অন্য দেশে ^{গিয়েছি}। কারণ আপনি যদি দেখেন তাহলে দেখবেন নেপালে গৌর ব্রাহ্মণে ভ**ি**ৎ, ভূজরাটে গৌর ব্রাহ্মণ, কাশ্মীর গৌর ব্রাহ্মণ স্যার, গৌর দেশ খেকে তাঁরা সব চলে ^{গিযে}ছিলেন। এই জিনিসটা ঐতিহাসিক দৃষ্টিতে দেখলে পরে দেখতে পাবেন আমাদের দেশে সামপ্রদায়িকত। অনেকদিন ধরে চলেছে। স্থতরাং এটাকে বন্ধ করতে গেলে ^{অতীতের} পুনরাবৃত্তি করলে চলবে না, নৃতন দৃষ্টিভঙ্গী নিয়ে করতে হবে।

[5-5-5-15 p.m.]

স্থতরাং আজকে আমাদের এই সাম্প্রদায়িকত। নিয়ে জর্জরিত না হয়ে, আমাদের ^{বৈষয়িক} বৃদ্ধির কথা যেটা বলছিলাম সেটা হচেছ আমরা আন্দামানটা দাবী করছি ন, কেন? বাংলার মধ্যে আরও স্থান দরকার, বাংলার রাজ্যকে আরও বিস্তৃত করে দিতে হবে। ত্রিপুরায় জায়গা আছে, আলামানেও জায়গা আছে, এইওলকে আমরা চাই। এইটা করা হচেছ যদি আমি দেখতাম তাহলে আমি বুঝতাম যে ব্যবহারিক বুদ্ধি তাঁর। খাটিয়েছেন। এই যে একটা অবস্থা স্টেই হয়েছে, যে বর্তমান অবস্থার মধ্যে তারা খানিকটা দুর্গত নানুঘদের গাহায্য দেবার জন্য সত্যিই একটি সুস্থ পরিকলপনা করেছেন। কারণ আমরা জানি দওকারণ্যে কত লোক থাকতে পারে, এবং সেখানে সব রকম লোক যেতে পারেন না। পশ্চিম বঙ্গে যত উষাস্থ আসবে, তারা যে স্বাই দওকারণ্যে যাবার মত লোক হবে তা নয়। সেখানে স্কুলেব মাহটারর। গিয়ে কি করবেন? বড় বড় ইঞ্জিনিয়ার যারা এখানে আসবেন তাঁরা সেখানে গিয়ে কি করবেন? স্কুতরাং আমাদের পশ্চিম বঙ্গে বেশ কিছু লোককে রাখতেই হবে, এবং তার জন্য সেণ্টাবের কাছ থেকে টাকা দাবী করতে হবে এই বলে যে, আমাদের এখানে আরও বেশী করে শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে। আমাদের এখানে আরও বিদ্যালয় ও কলেজ পুতিষ্ঠা করতে হবে। এই সকল বিষয় কোন পরিকলপনা বা ইন্ধিত মাননীয়া রাজ্যপালের ভাঘণের মধ্যে আমি দেখতে পেলাম না।

Shrimati Reba Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখার্জী মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন, আমি তা সমর্থন করে আপনার মাধ্যমে এই হাউসের সামনে আমার দ-চারটে যুক্তি রাখতি।

বিরোধী প্রক্ষের সদস্যেরা—মাননীয়া রাজ্যপালের ভাষণে পাকিস্থানের সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতনের উল্লেখ করা হয়নি বলে তাঁকে দোঘারোপ করেছেন। কিন্তু আসি মনে করি মাননীয়। রাজ্যপালের ভাষণ সংক্ষিপ্ত হলেও তিনি উভয় দেশের সংখ্যালগুদেব নিরাপতা ও স্বাধীনতা রক্ষার কথা উল্লেখ করেছেন। আমরা দেখছি কি আকূল আগ্রহ নিয়ে তিনি বিধ্বস্ত এলাকা গুলি পরিদর্শন করেছেন এবং আমাদের মত কর্মীদের হিন্দু-মুসলমান নির্বিশেষে সকলকে সেব। করতে অনুরোধ জানি-য়েছেন। মাননীয় সদস্য শ্রীশশাঙ্ক শেখর সান্যাল মহাশয় বলেভেন যে বাজভবনেব দ্বাব সকলের জন্য খলে দিয়ে, তিনি সংবিধানকে অবমাননা করেছেন। কাবণ, ঐটা স্বকারের সম্পত্তি। আইনে कि तत्न क्षांनिना, जत्व स्राधीन तार्थु, अन्वर्गार्थे एटाइ गतकारत्व नियस এवः जारान नामरानत अनार्थे সব কিছু নিয়োজিত। তিনি এই বিপর্যয়ের সময় রাজভবনেব দ্বার খলে রেখে যে মানবিকতার আদশ স্থাপন করেছেন, তা চিরসমরণীয়। কেবল আজই নয, চীন আক্রমণ থেকে আজ পর্যন্ত যদ্ধের পস্তুতি কাজে রাজভবনের নীচের তলা ব্যবহৃত হচেছ্ বলে আপনারা স্বাই জানেন। প্রজাতম্ব দিবসে কোন আলো জালান হবে না, যদি একজনও ভিকটিন রাস্তায় থাকেন, তিনি একথা ঘোষণা কনেছেন। দেশ বিভাগের সময় উভয় দেশের মাইনরিটিস দের স্বার্থ ও স্বাধীনতা রক্ষা করার প্রতিশ্রুতি মহম্মদ আলি জিনাও দিয়েছিলেন, এবং তারপরে নেহেক, লিয়াকৎ আলি চক্তিতে তা পুনরায় ঘোষণা কর। হয়। কিন্তু অত্যন্ত দুঃবের বিষয় পাকিস্থান সরকার কোন ন। কোন, অজ্হাতে, যেমন **বর্তুমানে কা∗মী**রের ইজরৎবলের ঘটনাকে উপলক্ষ করে স্থপরিকল্পিত উপাঁয়ে পাকিস্থানে সংখ্যালয় সম্প্রদায় উচেছদ সাধনে বদ্ধপরিকর হয়েছেন। পশ্চিমবঙ্গের হাঙ্গামায় ৩ধু সংখ্যালঘুরাই ক্ষতিগ্রস্ত হন নাই, এতে অনেক হিন্দু পরিবার ও ক্ষতিগ্রস্ত হয়েছেন। সংখ্যালঘুর উপর আক্রমণই পাকিস্তানী বর্বরতার বলিষ্ঠ প্রত্যুত্তর নয়, কারণ হিংসার হারা হিংসাকে জয় করা যাঁয় না. তা বিভিন্ দেশে ও বিভিনু কালে প্রমাণিত হয়েছে। সেজন্যই স্বাধীন ভারত অহিংসার ও শান্তির নীতি গ্রহণ করেছেন। পাকিস্তান সরকার আমাদের মা ভাইবোনদের নিরাপত্তা দিতে পারছেন না বলেই তাদেব বিরুদ্ধে অন্য পছা গ্রহণ করতে হবে। মারামারি কাটাকাটি লঠতরাজ ইহার পছা নয়। সংবিধানে দেশকে সিকুলার টেট বলে আমরা গ্রহণ করেছি। অথাৎ ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র যেখানে সব ধর্মাবলম্বী লোকেরা সমান স্রযোগ স্থবিধা নিয়ে পাশাপাশি স্থথে ও শান্তিতে বসবাস করতে পারবেন। অনেকের ভারতের সিকুলারিজময়ের বিরুদ্ধে বলেছেন। কিন্তু সিকুলার ষ্টেট না রাখতে পারলে ভারতের কৃষিট ও সভ্যতা বিঘ্নীত হবে বলে আমার বিশ্বাস। এবং আঁজ প্থিবীতে যে প্রগতিশীল নেতৃত্বের সামনে ভারত প্রতিষ্ঠিত হয়েছে সিকুলারিজিমকে দুঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে না পারলে প্রগতির পথ ও আন্তর্জাতিক নেতৃত্বের আসন থেকে আমরা চ্যুত হব । রাষ্ট্রসংঘে পাকিস্তানের সংখ্যালঘুদের

নিরাপন্তাবিধানের বার্থতা ও সংখ্যাল্যুদের প্রতি এই অমানুষিক অত্যাচারের কথা নিয়ে সক্রিয় ভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে যাতে বিশ্ব জনমত তাদের বিরুদ্ধে গঠিত হয়। এই বিধয়ে আমাদের কংগ্রেস লেতা শ্রীঅতুলা ঘোষ তার বিবৃতিতে আমাদের নির্দেশ দান করেছেন। তিনি বলেছেন পাকিস্তান থেকে আগত হিল্যুদের সর চরম সাহায্য দিতে হবে এবং স্কুটু পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। সর্ব ভারতীয় ভিত্তিতে এটিকে ব্যবস্থা করতে হবে। এবং আশার কথা এই যে কেন্দ্রীয় সরবার তাতে অপ্রণী হয়েছেন। পশ্চিম বঙ্গের অথ্নৈতিক অবস্থা সম্বন্ধে বলতে হয় রাজ্যসরকার যে খাদ্য নীতি প্রহণ করেছেন তা সময়োপযোগা হয়েছে। উৎপাদন বৃদ্ধি করতে হবে। আশার কথা যে রাজ্য সরকার কৃষি উৎপাদনকে অপ্রাধিকার দিয়েছেন। এবং নানা প্রকার পরিকল্পনা যেমন পাক্রেজ প্রোগ্রাম পরিকল্পনা, জাপানিজ মেথড ফার্মস ক্রেডিটা সোসাইটি ইমপ্রহভড ইমপ্রিমেন্ট সময়ে সার বন্টন ভাল বীজ ও জল সেচের ব্যবস্থা গ্রহণ করেছেন। এবব কার্য্যকরী করতে হলে সরকারী প্রচেটার সঙ্গে জনসাধারণের সক্রিয় সহযোগিতা প্রয়োজনীয়।

Shri Syed Shahedullah: Sir, I move that the following be added at the end of the Address in reply, namely:

"But regret that there is no mention about the condition of detenus and political prisoners in jail in particular and condition of the jails in general."

[5-25—5-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালের অভিভাষণ সম্বন্ধে বলতে উঠে আমি যে বিষয়টা**র এবাং** অবতারণা করতে চাই সে বিষয়টা এখানকার য্যাট্মসফেয়ারেব সঙ্গে যদিও খাপ খাচেছ না আমাকে সেক্থা বলতে হবে। এখানে যে দাঙ্গা হাঙ্গামা হয়ে গেল স্বভাৰতই তার স্থামে সামাদের বিক্ষোভ বেশী, ব্যথা বেশী এবং স্বভাবতঃ সে সম্বন্ধে অনেককে বলতে হয়েছে, আমাকেও হয়ত ২া৪ কথা বলতে হবে কিন্তু ইতিমধ্যে আৰো অনেক ফিচু সমস্যা গত এক বছৰে দেখা নিয়েছে, যার সম্বন্ধে ्रक्रमात मुर्प्यम भीवन भाका मुख्य गरा। मीर्घकाँन भरत यागता এই धरन यरमरूक यागराउ **भातिनि** ইনভালানীবিলী, সাম্বা আটক বন্দী ছিলাম এবং সেই সাবাব সামাদের মনে সনেক কিছু কথা থেকে**ছে** সে ভাল বলার অভিপ্রায় বা ইচ্ছা আমাদের থেকেতে। স্বতবাং আজকে যদি গৌনকে এ**খানে** নিবেদন কবি তাহলে আশা কবি আপনি এবং অন্যান্য যাঁরা এখানে উপস্থিত আছেন তারা এটাকে ঃযতু সহা, কব্ৰেন বা বলুনেন। আমাদেন যে আটকবন্দী কৰা হয় সে সম্বন্ধে আমাদেৰ যা কিতৃ **বড়ব্য** সাছে তা সাপনি জানেন কিনা বিচাবে এই রকম ভাবে সাটক কবার বিরুদ্ধে সেভাবে এই জরুরী पार्चन शासाश कता शासाह — यो वर्ड मारन यात्नाका विषय नय। यापि स्वाने यशास वनात कारे, ভাৰতবৰ্ষেৰ রাষ্ট্র ভাৰতবৰ্ষেৰ সমাজ এবং বাংলাদেশের সমাজ তাদেৰ যে ভাবে লাঞ্চনা করা **হয়েছে** আমি নিবেদন কবতে চাই। সেট ক জাতীর, সভ্য সমাজের, সভ্য সরকারের একটা ষ্ট্রাণ্ডার্ড থাকে। বিনা বিচাবে বন্দী করা এটা গ**ণত্ম** বিবোধী জ্বিনিস যদিও বা কোনদিন কোন জায়গায় হয়েছে তার একটা ট্যাণ্ডার্ড আছে কিন্তু এ**বানে** আমর। কি দেখেছি? রাত্রি ৩।৪ টার সময় লোককে ধবে নিয়ে যাওয়। হয়েতে এবং নিষ্ণে যেয়ে খোলা সানের উপর ফেলে দেয়া হয়েছে—তাদের বাড়ী খেকে যে বিছানা দিয়ে যাওয়া হয়ে**ছে** যদিও আইনে এ সম্বন্ধে লেখা আছে। তা সম্বেও তাদের সেই বিচানা ব্যবহার করতে দেয়া হয়নি এবং সেখানে তাঁদেব আশ্বীয় স্বজন গিয়ে যে বিছানা জম। দিয়া এসেছে সেই বিছানা সেধান থেকে ফি**রিন্নে** দেষা হয়েছে, বলা হয়েছে আণ্ডার ট্রায়ালের স্ট্রাণ্ডার্ড তারা পাবে কিন্তু আণ্ডার ট্রায়াল স্ট্রাণ্ডার্ড তার**পর** তানা পায় নি। এখানে একটা কথা প্রসংগত বলে নিই যে গতবাবে যথন এই হাউদে আলোচনা ম্বেডিল তথন শ্রীশংকর দাস ব্যানাজি উঠে বলেছিলেন সরকারের পক্ষ থেকে যে থাবাব টাবার তাদের শে। হচেচ সেটা লজ গ্রাও ডিলাইট হবে না বটে কিন্তু সাধারণতঃ স্বাস্থ্যকর ইত্যাদি ^{সবচে}য়ে মজার জিনিস যাঁরা খাবাব জিনিসটা খব বড় বলে জীবনে দেখেছেন তাঁরা^ট খাবার ক**্রাটা** ^{প্রধান} মনে করেন কিন্তু যাঁকা ডিটেনসনে থেকেছেন খাবার কথাটা তাঁদের কাচে প্রমাণ হয়**নি।** ^{নি•}চয়ই এটা ঠিক যে খেয়ে মানঘকে বেঁচে পাকতে হয়ে এবং যখন মন্ত্রী মহাশ্বদের স্ট্রাডার্ড অনুবা**রী** গতন ঠিক হয় তখন খাবার কর্থাটাও তার মধ্যে আসে এবং সেজন্য অংকের হারটাও বাড়ে কি**ভ তা** ^{বলে} ধাবার কথাটা সব সময় আলোচ্য বিষয় নয়—সেটা সবচেয়ে বড় ছিল তাদের প্রতিদিনের লা**ঞ্চা** ^{এবং} তাঁদের যাঁর। আত্মীয় স্বজন হবার দূর্ভাগ্য বা সৌভাগ্য হয়েছে তাঁদেরও সেই রকম। ইন্টার**ভিউ**

করতে বলেছে সাধারণ কয়েদীদের যেমন ভাবে দাডিয়ে থাকতে হয় জালের মধ্যে তাঁদের মা. ভগিনী তাঁদের বেলায় ও সেই পাথকা রাখা হয়েছে যা কিনা রাজনৈতিক বন্দীদের ক্ষেত্রে হওয়া উচিৎ नम् । ऋगीम छाः विधानहन्त्र नाम मश्रमञ्जी थाकाकानीन जत्नक जात्मानत्नत्र পत कथावार्छ। इतम এकहा ষ্ট্যাণ্ডার্ড ঠিক হয়েছিল এবং যাহোঁক একটা ডিটেনসনে রাখলে। বিনা বিচারে মানঘকে বন্দী করে করে আস্চি, বিচার করিনি, দণ্ড দিইনি, কোনরক্ম অভিযোগ প্রমাণিত হয়নি—তাঁকে যথন আটক রাখছি তখন তার জন্য একটা ষ্ট্যাণ্ডার্ড ঠিক করা উচিৎ। তিনি কতকণ্ডলি ঠিক করে গিয়েছিলেন. সেই রকম ভাবে আবার চলে আসছিল—সে জিনিঘ ভেঙ্গে দিয়ে এখন এই জিনিস করা হয়েছে। ব্যক্তিগতভাবে শুধু একজন নাগরিককে কোধায় ধরা হল সেটা প্রশু নয়, সেধানে প্রশু হল দেশের বা রাষ্ট্রের প্রত্যেকটা নাগরিকের সম্মান থাকলে। কি থাকলো না—জগতের কাছে তার পরিচয় দেবার যে তার। কিভাবে বন্দীদের সঙ্গে ব্যবহার করে সেই পরিচয় এই গভর্ণমেন্টের এই রাষ্ট্রের কি থাকলো. বিদেশে কি থাকলো সেই জবাব এই গভর্ণমেন্টকে দিতে হবে, রাজ্যপালের গভর্ণমেন্টকে সেই জবাব দিতে হবে এবং সেখানে দেখা যাবে যে এই গতর্ণমেন্ট হোপলেসলী ফেল করেছে, এই গতর্ণমেন্ট যা করেছেন তাতে একটা কলঙ্কের চিত্র দেশের ইতিহাসে তারা রেখে দিয়েছেন যে এই রকম ব্যবহার করা হয় রাজনৈতিক বন্দীদের উপর। তাঁদের ঘর খেকে পয়সা এনে সামান্য খবরের কাগজ পড়তে **হয়েছে. বইটই আনতে হ**য়েছে। আমার কাছে বই নিয়ে যেতে হয়েছে পুরুলিয়ায় এবং শেখানে বই পার্ফেল করে পাঠাতে হয়েছে এবং তার খবচ যা পডেছে আমাকে বিয়ার করতে হয়েছে—এক এক মাসে ১৩।১৪ টাকা খরচ পড়ভে। এই ভাবে মেডিকেল য্যাটেনডেন্সেরও ভাল করে ব্যবস্থা কর। হয়নি। আমি অবশ্য ব্যক্তিখতভাবে নিজের কথা বলছিনা, আমি সকলের কথাই বলছি। আমার নিজের প্রশ কেবল আসে না। একটা কথা পড়াশুনা ইত্যাদির কোন ব্যবস্থা হয়নি। স্তুতরাং আমি নিবেদন করবে। ডাঃ রায়ের সময় সেখানে ঠিক হয়েছিল সেটা কেন হয় যাতে দেবালয় বা রাষ্ট্রের একটা মর্যাদা থাকে যে বিনা বিচারে বন্দী করলে সেই বন্দীর প্রতি তার। আচরণ করতে জানেন অন্ততঃ সেইটুক প্রতিষ্ঠা হোক এটাই আমি এখানে নিবেদন করবো।

এছাডা আমার আরও দ-চারটে কথা আছে। যখন আমরা আজকে এখানে বিক্ষন্ধ অবস্থায় রয়েছি তথন অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু এক এক সময় নিরীহ লোকের উপরেই অনেক কিছ অত্যাচার হয়ে যায়। যদি আমরা শুধ গুজবের উপর দিয়ে চলতে থাকি। আমি জানি এখানে যে ভাবে আমাদের সমাজ চেতনার স্থযোগ নিয়ে অনেকে অন্যায় কাজ করে যাচেছ। আহি জানি হাওভাতে শান্তি কর্মী নিতাই বিশ্বাস, কম্যুনিষ্ট পাটির কর্মী, তাকে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। খবরের কাগজে বেরিয়েছে যে তরুন কান্তি ঘৌষ মহাশয়, তিনি নিজে এস. পি-কে বলে, তাকে ছাড়াতে হয়েছে। কারণ স্থানীয় জনসাধারণ বিক্ষুর হয়ে হিন্দু মুসলমান একত্র মিলে তার মুক্তির জন্য দাবী জানায়। তাকে এঢ়ারেট্ট করে থানায় নিয়ে গিয়ে লাঞ্চনা করা হয়েছে। অবশেষে সেখানে এক পাবলিক মিটিং এর সামনে পুলিশ অফিসারকে এর জন্য অনুতাপ প্রকাশ করতে হয়েছে। এ সম্বন্ধে আমি আব **বেশী কিছু বলতে চাই না. কিন্তু এই রকম ভল বা অন্যায় কাজ প্রায়ই হয়ে থাকে। আপনার কা**ছে **এখানে** একটা কথা বলবো, সেটা আমার ব্যক্তিগত জ্ঞানে এসেছে। আমার ব্যক্তিগত শুদ্ধাতাজন গান্ধীবাদী নেতার৷ যাঁব৷ বাংল৷ দেশের একাংশ, যাঁদের সঙ্গে ১৯২১ সাল থেকে, অর্থাৎ আমার যথন ছোটবেলা, তখন থেকে সম্পর্ক আছে, এবং যাঁরা তখনও আমাকে স্নেহ প্রীতি কবেন, আমি জানি তাঁদের অভিজ্ঞতা.—তাঁবা কোন এক জায়গায় এক সময়, ৬০০ জন মুসলমান, সংখ্যাল্য সম্প্রদায়েব **লোককে সেল্টা**র দিয়ে রেখেছিলেন, এবং তাদের সেবা করছিলেন, সেই সময় লোকাল পলিশ অফি-**সারসুরা তাদের কা**ছে গিয়ে বলেন, আমবা খবর পেয়ে এসেছি যে এখানে ১৫জন হিন্দ, মসলমানেব **ষারা** এরেষ্ট হযে আছে, আমরা তাদের উদ্ধার করতে এসেছি। তথন তারা বলেন মোটেই তা ^{নয} স্মতরাং নাম্বার এ বেশী বটে, কিন্তু আমরা তাদের নিয়ে এসে রেখেছি। আবার এও হয়, যে সেখানে কোন ঘর ফোর্সফুলি অকুপাই করেছে.—সেখানে তারা বললে না, এটা আমাদেব সোগাইটির ঘ^র **তার।** ফোর্সফুলি অকুপাই করেনি, আমরা তাদের নিয়ে এসে রেখেছি। এই রকম সব খবর ও বিশ্রান্তকর অভিযোগ পুলিশের কাছে গিয়ে পৌঁছায় এবং বিশ্রান্তকর সংবাদে পুলিশ হৈচে এর সম্য **আনে**। স্বতরাং এমন যেন না হয়, যে এই ধরণের নানা রকম সংবাদে আমরা বিচলিত হয়ে এমন **কাণ্ড না করে বসি যাতে সামগ্রিক ভাবে নিরীহ লোকদের উপর অত্যাচার ঘটে যায়। এখানে** ^{যে} ভাবে অনেকে তাঁদের বক্তৃতার ভাষণ রেখেছেন তাতে মনে হয় প্রত্যেকটি মুসলমানই সাসপেক্ট ^{হয়ে} যাচেছন। যুসনমান সাসপেক্ট হওয়ার ইতিহাসও আজকের নয়। ১৯৪০ সালের আগে যখন ১৯২১

तात्व **जा**त्नावन ठल्डिन. त्यरे यस स्मिनाना याजाम शिविवना मः कत्र नित्येहितन य जासारक কট প্রশা করেনি যে তোমার লয়েলটি ইণ্ডিয়াতে, না, তোমার লয়েলটি অন্য কোথাও? কিন্তু, আন্দোলন ্যুখন ভাটায় পড়ে, যখন ইংরাজদের প্রবল শক্তির উপর আমরা আচছ্দু হয়ে পড়ি তখন আবার নিজেদের মুধ্যে—নে। কঞ্জার থেকে যখন চেঞ্জার হই, তখন আমাদের মধ্যে এই সব জিনিষ দেখা এই রকম সব জিনিঘের প্রশ্র ওঠে এবং একটা সাসপিসান জাগে। স্নতরাং সেই ইতিহাসও আছে। ক্তি, তব আজকের দিনে এইটুকু নিবেদন করবো—অনেক কিছু ঘটে গিয়েছে, অনেক কিছু জিনিম হয়ে গিয়েছে,--একখা সত্যি যে এখানে অনেক কিছু অবাঞ্চিত ঘটে গিয়েছে, তবু সেখানন একট্ ্ষত্তবদ্ধির চেষ্টা করা উচিত। যেমন আমার পর্ববর্তী বক্তা বলে গেলেন। সেই রকম একট চেষ্টা করা আর্মাদের সকলের পক্ষে উচিত। আমাদের ব্যক্তিগত ভাবে সকলের চেষ্টা করা উচিত। এখানে একটা কথা উঠেছে যে নুসলমান পল্লীগুলিকে বিছিনু করে ছড়িয়ে দিলে ভাল হয়। এখন গঠনতম্ব অনুষায়ী প্রঞাল বিচিছ্ন করার ক্ষমতা যে কতটা আছে, সেটা বিচার্য্য বিষয়। এই সব জিনিস এত সহজে হয় না। কিন্তু একটা জিনিস আমি এখানে নিবেদন করবো যে প্রথম এই জিনিসাটা ভাবা উচিত যে यामार्मित रमर्ग यरनक किছ नहें घर्य यारुष्ठ या यञीज रभरक चार्छ। यो घठी घठी या नहें घरत्र यारुष्ठ, তা নয়। অতীতের অনেক নজীর আছে। অবশ্য এ দেশের হিন্দু পাড়া বা মুসলমান পাড়া বলে কিছ ছিল না। পূর্বে হিন্দু, মুসলমান পাড়া বলে সার্প এণ্ড ক্লিয়ার কনসেপসান ছিল না। যেটা সেপারেট ইলেকটোরেট-এর পর এসেছে, এবং তা হতে হতে, আজকে দেশ বিভাগ পর্যন্ত দাঁডিয়ে গেল। সেরকম কাই ছিল না বটে। তবে ব্রাদ্রণ কায়স্থ পাড়া বলে কথিত ছিল। আপনি কবি কন্ধণের কালকেতর নগৰ পদ্ধনে দেখতে পাবেন। আমার ঐ সমস্ত বলবার দরকার নেই, আমরা ত সাধারণ পাঠক মাত্র, আমবা ত স্কলার নই। কিন্দু সতীতের ইতিহাসে আমরা দেখেছি সেধানে পাড়া এই রকম ভাবেই গড়ে উঠেছে। এবং সে সব পাড়া থাকাৰও কারণ আছে। কারণ প্রত্যেকটি জাতির জীবনের আচার বিচাবেব কিছু কিছু পার্থক্য আছে, যার ফলেতে হয়ত এই রকম পাড়া স্থাষ্ট হয়েছে। সময় পরিবর্ত্তনের সাগে সাথে আচার বিচার, ব্যবহার এই রকম সমস্ত কিছু ভেঙ্গে যাচেছ, এটা খুব ভাল কথা। আরও ভাল হওয়া উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় এই সব সাবার মাঝখানে এসে দাঁড়িয়ে গিয়েছে।

আপনিই দেওলি হয়ে যাবে যদি অবস্থা দে রকম হয়ে যায়, সে অবস্থা হবে। কিন্তু পুধান এবন জিনিঘটা দাড়িয়েছে তা হচেছ সে হিন্দু হউক আর মুস্লমান হউক যাব ঘর নই হয়েছে এই এই দাহার মধ্য দিয়ে সে সেখানে গিয়ে আবার ধাকতে পারবে কিনা—দুঃধের বিষয় এই গভর্ণমেন্টের যে নীতি ঘোষণা করলেন তাতে বোঝা গেল তার কোন নিশ্চয়তা নেই। সেখানে যে সমস্ত দালান বাড়ী হৈরী হবে যে বাড়ী ভাড়া দেওয়া হবে—যেমন সি, আই টি ঘর হচেছ, আবার যে সব জায়গায় মালিক যদি বও দিতে রাজী না হয় তাহলে দ্যাট উইল বি লেফট টু ছিজ কাইগুনেশ—সে হয় হবে না হয় না হবে। স্মৃতরাং কোন নিশ্চয়তা নাই। যে মানুষগুলির আবাসস্থল যে ঘরগুলি গেল তারা আবান সেধানে ফিরে আগতে পারবে এর কোন নিশ্চয়তা নাই। এটা অত্যন্ত দুঃধজনক কথা। এটা বিরুদ্ধে প্রতিবাদ করে যাতে সরকার এই নীতি পরিবর্ত্তন করেন সেটাই আমি বলতে চাই।

Shri Devaprosad Chatterjea:

णारेनाः। **डाल करत প**र्फ़ प्रथुन।

Shri Syed Shahedullah:

আইন্টা দেখেছি এবং মন্ত্রীনহাশয় নিজেও বলে গেছেন এবং এর যে ফাঁক আছে আজকে কোশ্চেন এও এনস্যাব এ রিভিয়েল্ড হয়েছে এবং ঐ ওয়েষ্ট বেঙ্গল ল্যাও ডেভেলপমেন্ট বিলে ও দেখেছি তাতে স্বকাবেন ইচ্ছা প্রকাশ আছে কিন্তু আইনের মধ্যে তার কোন বাধ্যবাধকতা নেই এবং কোন ব্যবস্থাও নাই. নির্দ্ধেশও নাই। যাই হউক আমি নিবেদন কর্তি স্বকার যাতে এটার উপর জাের দেন এবং গৃহীত নীতি বলে গ্রহণ করেন সেটাই আনি আবেদন করব।

Shri Sudhir Kumar Banerjee:

^{এছিন} অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় রাজ্যপোলিকা যুক্ত অধিনেশনে ভাষণ দেবার জন্য ^{আমাদেব} শুদ্ধেয় সদস্য শুীযুক্ত বিশ্বনাথ মুখা^{জ্ঞা} মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক শুস্তাব এনেছেন আমি তার সমর্থন জানাই। আমাদের পশ্চিমবাংলায় সাপ্রদায়িক অপুত্যাশিত যে দা**জ**। হল তাতে যে সামান্য ক্ষতি হয়েছে যে হিন্দু বা মুসলমান নিহত হয়েছে এবং পুলিসের গুলিতে নিহত হয়েছে তার জন্য বান্তবিকই আমরা দুঃধিত। কিন্ত সেই তুলনায় আমাদের পূর্ববঙ্গে যে বীভংস হত্যাকাণ্ড হয়ে গেল সে সম্বন্ধে, আজকে আলোচনা করতে গেলে বাস্তবিকই গায়ে কাঁটা দিয়ে উঠে। আজকে পূর্ববাংলায় নারী ধর্মণ, অত্যাচার, ধর্মান্তিকরণ ইত্যাদি সব অবাধে হচেছ। অথচ সেখানকার সরকার নীরব। তাই এই সাম্প্রদায়িক দাঙ্গা ঠিক সাম্প্রদায়িক দান্ধা হিসাবে ধরলে চলবে না। এটা সেখানকার জন্ধী শাসক আয়ুবশাহীর রাজনৈতিক স্থপরিকল্পিত চক্লান্ত এ বিষয়ে কোন সন্দেহ নাই। সামাদের কাশ্মীরে হজরতবাল মসজিদে যে কেশ চুবী হয়েছে তাতে তিনজন মুসলমান ধরা পড়েছে। এই কেশ চুবীর माधारम अनुनात, यटगाँदन नामा घोटाना अनः छोका नातायनगञ्ज नामा घोटानात शिष्टरन अको বিপ্লব স্মষ্টি করবার চেষ্টা হয়েছিল। এবং ভারতের বিরুদ্ধে অভিযান করবার ঘড়যন্ত্র করা হয়েছিল। আজকে বুঝতে পারা যাচেছ যে তারা শুধু কা×মীর অভিযান করেই থামবে না তারপরে বাংলাদেশ ও আসানের উপরে তাদের নজর পরেছে। তাই আমাদের সরকারকে সজাগ থাকতে হবে পাকিন্তানী আক্রমণের বিক্লছে। তারা ইতিমধ্যে পাক অধিকৃত কাশ্মীরে ১০ হাজার রাইফেল সরবরাহ করেছে। এবং আজকে পশ্চিমবাংলায় তাদের গুপ্তচর বাহিনী বিশেষ ভাবে কাজ করেছে। এই গুপ্তচরদের কাছ থেকে রিভলবার রাইফেল স্টেনগান ইত্যাদি পাওয়া গেছে।

এবং এখনও পর্যন্ত ঐ খাকসার বাহিনী রুট মার্চ করছে এবং এখনও পর্যন্ত সেখানে হিন্দুর উপর অত্যাচার আরম্ভ করেছে। এই সেদিন সালাউদ্দিনকে গ্রেপ্তারের সময় এক হাজার ম্যাল্যান পলিগকে ঘেরাও করে তাদের উপর ইট পাটকেল ছোঁড়ে। এই সমস্ত দেখে মনে হচেছ পাকিস্তানী ওপ্তচবের। পক্রিয় হয়ে আছে। সরকার যদি তাদের সম্বন্ধে সচেতন না হন, তাদের সম্বন্ধে প্রতিকার না করেন তাহলে ভবিষাতে আনাদের বিপদ খব ধনায়নান হয়ে উঠবে। তাই জন্য আমাদের সরকাবকে পাকিস্তানের সম্বন্ধে সজাগ দৃষ্টি রীখতে হবে। আর আমাদের পূর্ববাংলার যে সমস্ত ভাইবোন অত্যাচারিত, যারা সেখানে অজকে বসবাস করতে পারেন না তাদেঁর আজকে ভাবতে নিযে এসে ভাবতের সর্বত্র, ভাবতের প্রত্যেক প্রভিসাত আমাদের সুখ দঃখের অংশ গ্রহণ করতে হবে। পর্ব পাকিস্থানের হিন্দ ভায়েদের আত্মত্যাগের ফলে আন্রা স্বাধীনতা পেয়েছি এবং সেই স্বাধীনতা আসবা আর্জ উপভোগ কর্ছি। কাজেই আজকে যাবা অত্যাচারিত হচেছ সেই সমস্ত হিন্দ ভাসেদেব বাঁচাবার জন্য ১৪ কোটি ভাশ্তবাসীকে তার সমান অংশ গ্রহণ করতে হঁবে। তাই আমাদের সরকারকে যারা আসতে চায় তাদের মাইগ্রেসান সাটিফিকেট দিয়ে বং বিনা মাইংগ্রেসানে তারা যাতে এখানে আসতে পারে এবং যাতে স্বষ্ঠভাবে তাদের পুনর্বাসন হয তার জন্য নির্দিষ্ট কর্মপন্থা গ্রহণ করতে হবে। দণ্ডকারণোঁ সকলের সমাধান সম্ভবপর না হলেও অন্যান প্রভিনসে বা আমাদের দেশে যাতে স্তষ্টু পুনর্বাসন তাদের হয় তার জন্য আমাদের সরকা: কে বিশেষভাবে চেষ্টা করতে হবে। বৈ সমস্ত যুবক পাকিস্তান থেকে আসবে তাদের প্রত্যেককে পুলিষ এবং মিলিটারীতে ভব্তি করে আম্বরকার কাজে নিযোগ করতে হবে এবং যে সমন্ত কৃষিজীবী এখানে আসবে তাদের যদি আমরা চাঘের কাজে লাগাই তাহলে এই জরুরী পরিস্থিতিতে আমাদের দেশে কৃষির উন্তিহরে এবং উৎপাদনও বাড়বে। আজকে চীনের আক্রনণ থেকে আমরা অব্যাহতি পেলেও চীনের বন্ধু পাকি-স্তানের আক্রমণ সে খুব নিকটবর্ত্তী সে সম্পর্কে চিন্তা করার সময় এসেছে এবং পাকিস্তানের আক্রমণ প্রতিরোধের জন্য আজকে আমাদের সরকারকে বিশেঘভাবে লক্ষ্য রাখতে হবে এবং যে সমস্ত গুপ্তচর এখানে আছে তাদের এখান থেকে বহিস্কার করতে হবে। আগানে বে সমন্ত অনুপ্রবেশকারী দিনের পর দিন প্রবেশ করছে তাদের প্রতিও আমাদের তীব্র নজর রাখতে হবে, তা না হলে আমানেৰ স্বাধীনতা পাকিস্তান কতক শীঘ আক্রান্ত হবার আশক। আছে। তাই আমি বিশেষ উ্তেখ প্রকাশ কর্চি এবং যাতে আমাদের সরকার স্তুদ্দ নীতি গ্রহণ করেন তার জন্য অনুরোধ জানাচিছ। দরকার হলে পর আমাদের প্রবাংলায় সভতঃ যাতে গণতান্ত্রিক সরকার গঠিত হয় সেজন্য নিরাপত্ত। পরিষদে আমাদের দশ খেকে 88 কোটি জনসাধারণের পক্ষ থেকে আবেদন জানাতে হবে। পাকিস্তান সরকার যেতাবে শেখানে নির্বাচন করছেন তাতে করে নিরাপত্তা পরিষদে আমাদের এই দাবী উথাপন করার শেষ প্রয়োজনীয়তা আছে। অন্যান্য বিষয় সম্বন্ধে রাজ্যপালিকা যে ভাষণ দিয়াছেন তাতে ।
র, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত, রাস্তাঘাট, বেকার সমস্যা প্রভৃতি বিষয়ে প্রত্যেক জিনিসের অপ্রগতি
মনা বা আশা প্রকাশ করে তিনি ভাষণ দিয়েছেন। সেজন্য আমি চাইবো পশ্চিমবাংলায় । দুর্দিনে যাতে আমাদের দেশের অগ্রগতি অব্যাহত থাকে, যাতে আমাদের উনুয়নের
ত্যেকটা কাজ সাফল্যমণ্ডিত হয় সেজন্য আমি বিরোধিপক্ষের প্রত্যেক সদস্যের আন্তরিক
যোগিতা ও সাহায্য কামনা করি এবং আমাদের মাননীয়া রাজ্যপালিকাকে আমার আন্তরিক
্যবাদ ও শুদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

35-5-47 p.m.]

Shri Devaprasad Chatterjea:

ননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিষদের দীর্ঘ অধিবেশনের শেষ পর্যায় এসে আমি স্বভাবতই ছুবলতে ইতস্তত করছিলাম।

সহামান্য রাজ্যপাল মহোদয়। তাঁর ভাষণে গত বছরের জরুরী পরিস্থিতির মধ্যে দেশ ।বনের বিভিন্ন দিকে যে অগ্রগতি সাধন করেছে, তার উজল চিত্র এঁকে, ভবিষ্যতে ।শাবাদী মন নিয়ে আমাদের কর্ত্তব্যসাধন করে এই প্রগতির পথকে প্রশস্ত করবার জন্য ।হান জানিয়েছেন। এবং সেই সঙ্গে তাঁর ভাষণে প্রারম্ভে তিনি বর্ত্তমানে কলিকাতার এবং ।দিচ্মবঙ্গের করেরকটি অঞ্চলে যে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গাম। হয়ে গিযেছে তার জন্য তীর মনোবেদনা প্রকাশ করেছেন, এবং সরকার ও দেশের জনগণ স্বতঃস্কূর্ত ভাবে ই সাম্প্রদায়িক আশান্তি বন্ধ করার পথে যে দ্রুত ব্যবস্থা অবলম্বন করে যে দেশে শান্তি নরিয়ে এনেছেন, তার জন্য আনন্দ প্রকাশ করেছেন।

wanted to overthrow the Ayub Shahi regime, this was diverted into a riot between Hindus and Muslims, not by the ordinary Muslims, if I may say so here and now but organised and led by the State and the State machinery of East Pakistan. Sir, we have seen thousand of reports of Bengali Muslims our brothers in East Pakistan—coming out and rescuing and helping the Hindus. Fortunately and unfortunately I originally come from that part of the world and as irony would be many of our Ministers sitting there also come from that part of the world. We have our families there and we are not getting any news about them. Nobody is minimising the horrors that were perpetrated there but at the same time nobody should minimise the role of our Muslim brothers coming to the aid of the Hindus of East Pakistan. Therefore to say that East Pakistan riot was due to what had happened in Kashmere, I would respectfully submit is a wrong formulation and if I might use a very strong term "a mischievous formulation".—To say that East Pakistan riots happened just because something happened in Kashmere. Sir. it was done deliverately by the Pakistan Government. Similarly, to say that something happened in Calcutta and 24 Parganas because of the repercussion of the happenings in East Pakistan, I for one refuse to believe it. I refuse to believe that democratic people of calcutta will take into their hands the cowardly psychology to kill a few unarmed Muslims, the poor starving Muslims who cannot have jobs, who somehow eke out an existence in We t Bengal and in Calcutta—to kill him will bring him any glory or any joy or that they considered it to be at all a proper retaliation of what happened to the minorities in East Pakistan.

[4-00-4-10 p.m.]

Sir, this oppression of minority is sponsored by the reactionary Governments on the psychology of a coward—because I cannot save my Hindu brothers in Pakistan I will, therefore, according to the great Biblical tradition, take an eye for an eye or a tooth for a tooth; just because an innocent Mussalman is killed here, another eye for an eye and a tooth for a tooth will be taken out in East Pakistan. That, Sir, in any other country certainly will be called uncivilized whereas in my country perhaps there are even now people who will say there is great glory in it. This is a most shameful chapter in the histories of the two Bengals—the history of East Bengal and the history of West Bengal. I am sorry to say, Sir, as I stand here, that the democratic people of Calcutta have been slandered to this extent by our own Government. that the people of Calcutta have killed innocent Mussalmans. I refuse to believe it. This was done by certain anti-social elements who have been nurtured, fed and protected by the powers that be, with the help of the Busteeowners, by the great food merchants, by the great fish merchants, who wanted to take the advantage of the disturbances in East Pakistan so that the normal life in Calcutta could be disrupted. Sir, I have seen here glorious examples of my Hindu brothers—Bengalees and non-Bengalees—coming out and protecting the Mussalmans, and I say glory to them and I give them my hearty congratulations—to those who have come out and saved our helpless brothers in West Bengal and in Calcutta.

Sir, the last thing I want to say—I do not want to take your time at this fag end of the discussion—is that integrity between Hindus and Mussalmans, integrity between Bengalees and non-Bengalees, integrity between South Indians and North Indians will not take place by muttering a few mantras by our great Prime Minister and echoed throughout the country, through the All India Radio and through various executive agencies. Sir, integrity can come and shall only come if there is economic fulfilment and well being.—If a man has got his work, his food, his shelter, his education and his health measures. Sir,

than nobody would bother as to who is nextdoor to me or who is working next to him, whether he is a Kashmiri or a man from Timbuckto or a man from the moon. As long as this starved, unemployed and rabbled condition of India will continue under this regime, integrity will be a mere slogan to be printed religiously in the newspaper headlines to be forgotten the moment it is printed. Sir, until and unless real socialism comes to our part of the world, whether Pakistan or India, unless man is a man and the dignity of a man is understood by another man by his own dignity, this sort of a thing will not come. And another aspect I will echo. Today, Sir, we are in great grief. I will ask you, Sir, to remember the saying of the great savant Romain Rolland who once said that in the presence of grief there is neither victor nor vanquished. So let us forget about the vanquishment of a particular minority or the victory of another minority; let us forget that there is a victory of a particular sect or a vanquishment of another sect. We are in the presence of grief and in the presence of grief there is neither victor nor vanquished. Let us put our heads together, let us put our shoulders together, let us jointly try to evolve a system in which exploitation shall cease, where man shall stand up as man and not be these rotten wrings which you see here, which can be employed by reactionary people for their own needs. We have heard so much about the goondas. Who are the goondas, Sir? These are our own people who have been cast out of society. Why?—because they cannot get employment. Why?—because they cannot get education. Why?—because they cannot get shelter. Today having made so many thousands of people outcaste—you are utilising them—the reactionary executives both here and there are utilising them—for their own purpose. It is high time that this sort of exploitation must cease once and for all. If we are thinking in terms of integrity, if we are thinking in terms of building a healthy human society, let us stop this squabble about who did right and who did wrong because this will never end. The only way to end it is to start on a fresh base which will lead man to his real destiny.

Thank you very much.

Shri Subodh Sen: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, viz.:—

"But regret that there is no mention of the fact that the Government's deliberate policy and action led to food crisis resulting in distress of the people on the one hand and accumulation of money in the hands of the hoarders and profiteers on the other."

নাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দাংগা বিতর্ক অধ্যুষিত বিধান পরিষদে একটা নতুন কথা বলতে চাই। যদিও এটা জানি এই সেশনে দাংগা বিতর্কই প্রধান এবং মুখা স্থান গ্রহণ করবে, তা নত্বেও বাংলাদেশে যে আরও সমস্যা আছে, সেই সমস্যাগ্রুলো, এখানে আমি তার অন্ততঃ একটা দিক তুলে ধরতে চাই। আমি মাননীয়া রাজ্যপাল মহোদয়ার অভিভাষণ পড়লাম, কিন্তু গত বছরের খাদ্য ব্যাপারে বাংলাদেশে যে ঘটনা ঘটলো সে সন্বন্ধে একটী লাইনও আমি উন্ধার করতে পরলাম না। এখানে বিবেচনা করা দরকার যে গত ও।৭ বছর ধরে খাদ্য সমস্যা যে জায়গায় ছল গত বছরের খাদ্য সমস্যাও কি সেই জায়গায় ছিল? সেই ধারাবাহিকতার কি শুধু একটী তার ধাপ, না তার থেকে একটা অন্য অবস্থা, একটা অন্য বিপর্যায়ের মধ্যে পেণিছেছিল? এটা নিমাদের বোঝা দরকার। আমি মনে করি যে গত বছরের খাদ্য বাবস্থা একটা বিশেষ বিপর্যয়ের সো গিয়ে পেণিছেছিল এবং তার জন্য এটার বিশেষ উল্লেখ থাকার প্রয়োজন ছিল ভাষণের গো সব চেয়ে গ্রুরুত্বপূর্ণ হল এই যে আমি বিশ্বাস করি যে বাংলাদেশের সারকার গত তার ইছা করে এমন একটী নীতি গ্রহণ করেছিলেন, যে নীতিতে বাংলাদেশের খাদ্য বণ্টন ক্ষেথা বিপর্যক্ষত হয়ে পড়ে এবং কোটী কোটী মুনাফাথোরদের ঘরে প্রবেশ করে। স্যার, মানানাকে সমরণ করতে বলি গত বছর বাজেট অধিবেশনে এখানে আমারা খাদ্য ব্যবস্থা সন্বন্ধে

বলেছিলাম, আমরা এখানে বেসরকারী প্রস্তাব মাব্রফং মুখ্যমন্ত্রী এবং সরকারের দুল্টি আকর্ষণ করবার চেন্টা করেছিলাম যে খাদ্যাবস্থা এবার নিদার্শ সংকটের মূথে যাচ্ছে। তখন মুখামন্ত্রী মহাশয় বললেন, কমিউনিস্টদের ৪২-এর ভূতে পেয়েছে কমিউনিস্টদের ৪৩-এর ভূতে পেয়েছে। আর দেখলাম এবার নবমীর দিনের আগে, প্রজোর সময় মুখ্যমন্ত্রীর ঘাড়ের উপর ভূত পেতনী চুমী সব একসাথে ভর করেছে। এবং সেই ভূত পেতনীর জনলায় মুখামন্দ্রী হাত পা ছেডে এক একদিন এক একটী বিবৃতি দিতে সূত্র, করলেন। আমি আপনাকে স্মরণ করতে বলি গত বছর বাজেট অধিবেশনে বলা হয়েছিল যে ৪৩ লক্ষ টন চাল বাংলাদেশে উৎপাদিত হবে। আর বলা হয়েছিল যে ৪ লক্ষ টন ঘাটতি হবে। সেই ৪ লক্ষ টন চালের ঘাটতি পেশছলে ১৮ लक्क ऐता! ठात्रभत २२ लक्क ऐता! माननीय अधाक महागय, मृद्धे এक हास्रात मत्नत कात চুপি নয়, দৃই এক হাজার মনের পার্থক্য নয়—৪ লক্ষ টনের ঘার্টতি যদি ২২ লক্ষ টনে পেশিছাঃ এবং সেই খবর যদি আশ্বিন, কান্তিকি মাসে দেওয়া হয়, যখন সাধারণ কৃষকদের হাতে ধান চাল নাই তার থেকে কি এই সিম্পান্ত করব না যে চালের দর যাতে বাড়াতে পারে তারই এক একটী করে যুক্তি চালের মজতুদার এবং চালের যারা চোরাকারবারী তাদের হাতে বাংলাদেশের মুখ মন্ত্রী জাগিয়ে দিয়েছিলেন । আমরা দেখেছি অক্টোবর মাসের প্রথম সংতাহে যখন চালের দর সকাল বেলায় ৪৮. বিকাল বেলা ৫০. তার পরের দিন সকালবেলা ৫২ আর বিকাল বেলায় ৫৬ হতে চলেছে, সে সময় মুখ্যমন্ত্রী মহাশয় কি বললেন। ৬ই অক্টোবর তারিখের আনন্দ বাজার, গত বছরের, আমি পর্ডাছ—"তিনি সাংবাদিকদের সাথে আলোচনাকালে জানান আমন না উঠা পর্যান্ত নবেম্বর মাস পর্যান্ত চালাতে হলে ৩০ হাজার টন চাউল দরকার—কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য ১০ হাজার টন চাউল বরান্দ মঞ্জার করিয়াছেন তার মধ্যে ৭ হাজার টন অবিলম্বে পাওয়া যাইবে।"

[4-10-4-20 p.m.]

এই খবর ৩০ হাজার টনের ঘার্টতি এবং সেই চাল এই মুহুতের্ল পাওয়া যাবে না, এ সম্বর্গে কথা দেওয়া হচ্ছে, না যখন কলকাতায় চালের মণ ৪২ টাকা এক বেলায় পরের বেলায় ৪৪ টাকা তার পরের দিন ৪৮ টাকা তার পরের দিন ৫০ টাকা হচ্ছে। এই হাউসে মুখ্যমন্ত্রী গত বার্জে অধিবেশনে খাদ্য ব্যবস্থা সম্পর্কে অসতা তথা পরিবেশন করেছেন। তিনি বলেছিলেন ৪ লক্ষ টন ঘার্টাত, সেথানে ২২ লক্ষ টন ঘার্টাত তিনি বলেছেন, এইভাবে সমস্ত দেশকে সমস্ত লেজিস লেচারকে তিনি বিদ্রান্ত করেছেন। একটা চরম সংকটময় ম.হ.তেে বাংলাদেশের মান্ত্রে তিনি চোরাকারবারীদের গহরুরে নিক্ষেপ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ঐ চালের ব্যাপারে বহুবার বলেছি রাষ্ট্রায়ন্ত বাণিজ্যের কথা। আমরা বলেছি যে রাষ্ট্রায়ন্ত বাণিজ্য যদি চালের না হয় তাহলে বা কণ্টোল করতে পারবেন না। এবার তাঁরা যে নীতি নিয়েছেন-আমরা বলেছিলাম রাষ্ট্রায়ন্ত বাণিজ্যের কথা তাঁরা ১৪।১৫।১৬ টাকা দর ধানের বে'ধে দিলে কিল্ড নিজেরা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের দায়িত্ব নিলেন না। যার ফলে ১৩।১৪।১৫ টাকা দংখ আধিনায় এবং দরিদ্র কৃষক ধান বিক্রী করতে পারেনি। আমরা জানি ১৩ টাকার কমে ^{ধন} বিক্রী হয়েছে এবং চাল যে দরে পাওয়া দরকার সেই দরে পাওয়া যাচ্ছে না। এই অব^{স্থা} আমি আবার আমাদের কথা বলছি, রাষ্ট্রায়ন্ত বাণিজ্যের ব্যবস্থা করতে হবে চালের ব্যাপার্ট কিন্তু আমি এটাও বুরোছি যে এই বাবস্থা এদের দ্বারা করা অসম্ভব। আপনি দেখের্জ ভূবনেশ্বরের অধিবেশনের পর তারা ভূবনেশ্বরে কি দর্শন করে এলেন। আমরা কি দর্শন করলাম। শ্রীয**়ন্ত** বিজ, পট্টনায়ক বলেছিলেন যে চালের ব্যবসা রাষ্ট্রয়ন্ত বাণিজ্যে আনা ^{দর্কা} এবং চালকলগ**়িলকে রা**খ্যায়ত্ত করা দরকার। এটা বলেই তিনি চলেন উডিষ্যায় কংগ্রেন অধিবেশনের জন্য চালকলের মালিকরা ৩।৪ লক্ষ টাকা প্রদান করেছে, হরেক্সঞ্চ মহতাব ^{বর্কে} এটা বলা ঠিক হর্মান, কারণ এবার চালকল যদি তারা না নেয় তাহলে লোকে সন্দেহ কর্টো এই পরিপ্রেক্ষীতে আজকে যে প্রশ্ন জিজ্ঞাসা করতে ইচ্ছা করে, সেটা হচ্ছে, ভবনেশ্বরে 🗳 উড়িষাায় চালের মালিকরা কি দিয়েছে—সেটা তো ওঁরাই স্বীকার করেছেন, বিজ্ঞ, পট্নী স্বীকার করেছেন। কিন্তু আমাদের দেশে যাঁরা চালকলের মালিক তাঁরা ওদের নির্বাচনে ক

টাকা দিরেছিলেন? তাঁর। গত এক বংসরে খাদ্যে বিপর্যার ঘটারার ব্যাপারে কত টাকা দিরেছিলেন, সেটা আমাদের জানার অধিকার আছে। আমি বলেছি যে ফোজদারী দন্ডবিধির ধারা অনুসারে কোন হত্যাকারীর সংগে সংশ্রব রাখলে তাকে যদি দন্ড দেয়া যায় তাহলে এই বাংলাদেশে চালের ব্যাপারে ভূল তথ্য পরিবেশন করে যাঁরা বাংলাদেশের চোরাকারবারীদের শক্তিশালী করেছেন এবং একটা সংকটের অবন্ধায় এনেছেন যাতে মানুষ আত্মহত্যা করেছে, পিতা দিশুকে এবং কন্যাকে পাথর গলায় বে'ধে নদীতে পাঠিয়ে দিয়েছে—সেই সরকার এবং খাদ্য নীতির যাঁরা প্রণেতা তাঁদের কেন্ শাস্তি দেয়া হবে না? এই প্রশ্ন আমি করিছি, এবং এর উল্লেখ অধিবেশনে থাকা উচিং ছিল—এটা নেই বলে আমি দৃঃখ অনুভব করিছি।

Shri Nirmalya Bagchi:

সভাপতি মহাশয়, আমি পশ্চিমবাংলার একটা গ্রেত্বপূর্ণ সমস্যা আলোচনা ওখানে স্র্র্ক্রতে যাছি। আমি রাজাপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের শ্বিতীয় পৃষ্ঠায় যে দাবী করা হয়েছে তার প্রতি আপনার দৃণ্টি আকর্ষণ করছি। "প্রার্থামক, মাধ্যমিক, প্রায়োগিক, লাতক এবং লাতকোত্তর শিক্ষা সম্প্রসারণের ব্যাপারে অগ্রগতি অক্ষ্ব্রুণ আছে। কিছুদিন ধরিয়া আমার সরকার প্রার্থামক শিক্ষার উপর অধিকতর গ্রেত্ব আরোপের চেণ্টা করিতেছেন।" এই দাবী কতদ্র সত্য সেটাই হচ্ছে আমাদের বিবেচ্য বিষয় এবং এই দাবী যে অসার এবং ভিত্তিহীন সেটা আমি সরকারীতথা এবং বঙ্গবাের সাহায়ে প্রমাণ করবার চেণ্টা করবাে। আমাদের প্রার্থামক শিক্ষার ক্ষেত্রে কেন্দুরীয় সরকার একটা লক্ষ্য স্থির করেছেন সেটা হচ্ছে ৬ থেকে ১১ বংসরের বালক বালিকাদের শতকরা ৭৬ জনকে যাতে বিদ্যালয়ম্বুখী করতে পারি এবং ইতিমধ্যে অন্যান্য রাজ্যে এদিকে এতটা উন্নতি হয়েছে যে ৭৬ থেকে এই লক্ষ্যকে শতকরা ৮০ ভাগে উন্নতি করা হয়েছে। কিন্তু আমাদের এখানে কি অবন্থা? এই পরিকল্পনা স্রয়্র হবার পর,—১৯৬১ সালে মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বলেছিলেন এই আশা প্রকাশ করেছিলেন যে

all children in age group of 6 to 11 years will be covered under the free and compulsory scheme.

অর্থাং শতকরা একশোজন ছেলে, মেয়েকে এই পরিকল্পনাকালের মধ্যে প্রাথমিক শিক্ষার আয়**ত্বে** আনতে পারবেন। কিন্তু, তারপর থেকে দেখা যাচ্ছে ধাপে, ধাপে নামতে স্বর্ক্ত করেছে আমদের পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা। ১৯৬২ সালে, এক বছরের মধ্যেই রাজ্যপালের ভাষাধ্য সূত্র নীচু হল। এবং তিনি বলছেন

it is hoped that by the end of the 3rd plan 80 p.c. of the children of the age group of 6 to 11 years will be brought under the scheme of compulsory education.

শতকরা একশো ভাগের লক্ষ্য থেকে এসে দাঁড়ালো শতকরা ৮০ ভাগ, এবং এটাও যে রক্ষা করা গেল না সেটা আমি তুলে ধরবো। এখানে বলা হচ্ছে শিক্ষা ব্যাপারে অগ্রগতি অক্ষ্মশ রয়েছে, স্পৌত রয়েছে। যে সমৃহত সংখ্যাতত্ব শিক্ষা মন্ত্রিমহাশয় পরিবেশন করেছিলেন ২৩এ জ্লাই. ১৯৬৩ সালে. যে লিখিত তথা দিয়েছিলেন, তারই ভিত্তিতে আমি একটা অঞ্চ কষে ছিলাম। অবশ্য অঞ্চে আমি কাঁচা, শিক্ষা মন্ত্রিমহাশয় যদি ভুল বের করে দিতে পারেন, তাহলে আমি থাশীই হবো।

১৯৫৫-৫৬ সালে ছেলেদের সংখ্যা বৃন্দি হরেছিল ১০-৭, এটা হচ্ছে পিক ১৯৫৬-৫৭ সালে সেটা নেমে আসলো ৯-৭-এ, ১৯৫৭-৫৮ সালে সেটা আরও নীচে নেমে পড়লো ৩-৮-এ ভারপর ১৯৫৮-৫৯ সালে সেটা নেমে হল ২-১। ১৯৫৯-৬০ সালে সেটা হল ৩-১, এবং ১৯৬০-৬১ সালে সেটা দাঁড়ায় ২-৩। আর মেয়েদের ব্যাপারে অবন্ধা আরও শোচনীয়। ১৯৫৫-৫৬ সালে মেয়েদের সংখ্যা ছিল ২-৬, এবং এটা একটা পিক বলা যেতে পারে। সেটা

ক্রমশঃ কমে এদে ১৯৫৬-৫৭ সালে ১-৬ হয়, এবং সেটা আরও কমে গিয়ে ১৯৫৭-৫৮ সালে মাইনাস $0 \cdot \xi$ হয়, এবং ১৯৫৮-৫৯ সনেতে $0 \cdot b$, এবং ১৯৫৯-৬০-তে $0 \cdot q$, এবং ১৯৬০-৬১ তে $0 \cdot b$ । এই হচ্ছে পশ্চিমবঞ্গে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ছেলে মেয়েদের এনরোলমেন্ট এর অগ্রগতি, তারই হিসাব।

এবার আমি মাননীয় মন্দ্রী মহাশয়দের বিভিন্ন বস্তব্য থেকে একট, উন্দৃত করে বলতে চাই। আমাদের কেন্দ্রীয় শিক্ষামন্দ্রী শ্রীয়ত চাগলা, তিনি কলিকাতা সহরে এসে একটি সাংবাদিক সন্মেলনে ১১ই জানুয়ারী তারিখে তাঁর বস্তব্য পেশ করেন। তাতে তিনি দৃঃখ করে বলেন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবণ্গ সরকার তৃতীয় পরিকল্পনার শেষে ও নির্দিণ্ট লক্ষ্যে পেশিছাইতে পারিবে না। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবণ্গ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অনেক পিছাইয়া আছে।

এবার একট্র ঘরের লেখার কথা শুনুন। আমাদের শিক্ষা মন্ত্রীর ঘরের লোক হচ্ছেন মুখ্য মালা শ্রীপ্রফারেন্দ্র সেন মহাশয় কলিকাতা মহলে শ্রীপ্রফারেন্দ্র সেন মহাশয় বড় একটা মুখ খোলেন না, মুফঃস্বলে গেলে পর তিনি মুখ খোলেন। সম্প্রতি হাওড়াতে রামকৃষ্ণপুরে আর্থ-वाणिका विमाणस्यत्र न ७५ ७५न ७५न अनुष्ठारन जिन भिरामिष्टलन । य भान्जरत्र तिराभार्य ১৩ই ডিসেম্বর, "পশ্চিমবংশ শিক্ষার মান ক্রমান্বয়ে অবনতি হওয়ায় পশ্চিমবংশ্যর মুখ্যমন্ত্রী **গ্রীপ্রফাল্লচন্দ্র দেন আজ এক সভায় ল**জ্জা ও দুঃখ প্রকাশ করেন। মুখামন্দ্রী মহাশয় বলেন যে আজ এই রাজ্যে বিদ্যোৎসাহী প্রতিটি ব্যক্তি ও রাজ্য সরকারকে এই কলন্ডক মোচনের জন্য সচেণ্ট হইতে হইবে। সম্প্রতি আমাদের যিনি সেন্সাস স্পারিনণ্টেন্ডেন্ট, মিঃ জে, সি, সেনগ**্ন**ত. তিনি পশ্চিমবংগ একটি সোসিও-ইকনোমিক সাভৈ করেছিলেন। বর্ম্ধর্মান জেলাকে আমরা একটি প্রগতিশীল জেলা বলে জানি, এবং সেখানকার কামনাড়া নামক গ্রাম তিনি সমীকা করেছেন, সেখানে ১৫০টি পরিবারের মধ্যে মাত্র ৫৩টি পড়ায়া ছেলে মেয়ে, তারা স্কলে যাতায়াত করে। আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয়, তিনি প্রাথমিক শিক্ষার ব্যাপারে কিছুটা পরিমাণে বিচলিত হয়ে উঠেছেন। তার কারণ হচ্ছে এই যে, গত অক্টোবর মাসে, পজোর পূর্বে তিনি **স্কুল বোডের প্রেসিডেন্ট এংে জেলা পরিদর্শকদের একটি সম্মেলন আহ্যান করেছিলেন** এবং শিক্ষা মন্ত্রী মহাশয় সেখানে সভাপতিত্ব করেন। সেখানে স্কুল বোর্ড এলাকাতে দেখা যাছে যে—হাওড়া, হুগলী, মেদিনীপুর এবং ২৪-পরগণাতে শতকরা ৮০ জন বালক বালিকাকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা গিয়েছে, বা বিদ্যালয়মুখী করা গিয়েছে। মুর্শিদাবাদ, জলপাই গুড়িড মালদা জেলাতে এখনও ৬০ ভাগের নীচে-ছেলে মেয়েরা মাত্র প্রাথমিক বিদ্যালয়ে যেতে আরুদ্ভ করেছে এবং বাকী অন্যান্য জেলাগু, লিতে ৬০ থেকে ৭০ ভাগের মধ্যে সীমাবন্ধ রয়েছে পশ্চিমবাংলায় যে সমস্ত বাসোপযোগী গ্রামগুলি বয়েছে, তাদের সংখ্যা হচ্ছে ৩৮,৪৭১টি এবং এই ৩৮.৪৭১টি গ্রামের মধ্যে ফ্রি এয়ান্ড কম্পালসরী প্রাইমারী এডকেশন মুখাম্বলী মহাশ্য গত ১৬ বংসরের মধ্যে প্রবর্তন করতে পেরেছেন ১৪.৪৭৭টি গ্রামে।

[4-20-4-30 p.m.]

সন্তরাং বাকী ২৪ হাজার গ্রামে এখনও প্রাথমিক শিক্ষা তারা কম্পালসারি এবং ফ্রি করতে পার্কে নি। এবং আমি হিসাবের দ্বারা দেখাতে পারি যে পশ্চিমবাংলার প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ১৯৬১-৬২ সাল পর্যন্ত ৩০ হাজার ৫৩৮ : পশ্চিমবাংলার গ্রায়ের সংখ্যা যদি হয় ৩৮ হাজার ৪৭১ এবং এই ৩০ হাজার ৫৩৮ এর মধ্যে সহরগর্নলি প্রাথমিক বিদ্যালয় নুলি রয়েছে তাহলে এই দাঁড়ায় পশ্চিমবাংলায় কয়েক হাজার গ্রাম আছে যেখানে কোন প্রাথমিক বিদ্যালয় এখন প্রতিষ্ঠিত হয়নি। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের লক্ষাই হচ্ছে যে এমনভারে বিদ্যালয়গ্রান্নি প্রতিষ্ঠিত হবে যাতে বালক বালিকারা তাদের বাসস্থান থেকে হেণ্টে যেতে পাশ্বেরং আরও একটী প্রশ্ব আমি আমাদের শিক্ষামন্ত্রীর কাছে উপস্থিত করছি যে ৬ থেকে ১২ যদি আমাদের লক্ষ্য হয়ে থাকে তাহলে পবে বত্রম্বানে গ্রাথমিক বিদ্যালয়গ্রন্নি হচ্ছে চার প্রেক্টি

্রু থেকে ১০ পর্যানত প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হয়েছে এই ৫ম শ্রেণী এখনও খোলা হয়নি এবং আমি জিজ্ঞাসা করছি এই ৫ম শ্রেণী কবে প্রাথমিক বিদ্যালয়ের সঙ্গে যুক্ত করা হবে? এবং বদি হিসার করে দেখেন তাহলে পশ্চিমবাংলায় শুধুমার মাধ্যমিক বিদ্যালয়ের সংযুক্ত যে সমস্ত পার্থামক বিদ্যালয় আছে কলকাতা করপোরেশনের পরিচালিত যে ২৪৫টী বিদ্যালয় আছে আর জুনিয়র বেসিক যে সমুহত বিদ্যালয় আছে সেগুলি কোথাও এখন প্রযুক্ত ৫ম শ্রেণী খোলা হর্মান। এবং জানিয়র বেসিক ও জি এস এফ পি স্কুল এবং কলকাতা কপোরেশন ছাড়া যে সমূহত ৫ম শ্রেণী রয়েছে সেখানে মাইনে দিয়ে পড়তে হয়। এবং আমাদের শিক্ষামন্ত্রী মহাশ্র নিচ্চয়ই এ সম্পর্কে কিছা বলবেন যে কবে এই ৫ম শ্রেণী খোলা হবে এবং আমাদের ১১ বছরের যে বালক বালিকা তাদের এই অবৈতনিক লেখাপড়া শেখার কবে তিনি ব্যবস্থা করতে পারবেন? ক্র শ্রেণীর সমস্যা অবশ্য খবে জটীল—এটী প্রাথমিকের মধ্যে পড়ে না মাধ্যমিকের মধ্যে পড়ে এ প্রশ্নের কোন জবাব আজ পর্যন্ত তাঁর কাছ থেকে পাইনি। এবং এই ৫ম শ্রেণীতে তিনি আবার হিন্দী প্রবর্তন করেছেন এবং সম্প্রতি যে শিক্ষামন্ত্রী সম্মেলন হয়েছিল তাতে যে প্রি न । পোয়েজ ফরমূলা গৃহতি হয়েছে একই ফলস্বরূপ তিনি এই ৫ম শ্রেণীর বালক বালিকাদের মারার উপর চাপিয়ে দিয়েছেন। এটা কতদরে সমীচীন হয়েছে দেশবাসীর মনে যথেণ্ট প্রশ্ন রয়েছে। আমাদের রাজ্যপাল তাঁর ভাষ**ণে আরেকটী গোরবের কথা** বলে**ছেন. যে আরবান** প্রাইমারী এডকেশন এট্রেই পাশ হয়েছে—এটা নতন করে পাশ করেছেন—এ বিষয়ে কোন সন্দেহ নাই যে ১৯১৯ সালের আইন আর চলে না, কিন্তু এই আরবান প্রাইমারী এডুকেশন এ্যাক্ট দিয়ে যে লক্ষা পরিকল্পনা কমিশন তলে ধরেছেন সেই লক্ষ্যে কি করে পেণছতে পারবে? কলকাতা সহরকে এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে, এই আইন আজ পর্যান্ত চাল, এবং কাষ্যকিরী হয়েছে কি না সে সম্পর্কে কোন বস্তব্য আজ প্যান্ত শিক্ষা দশ্তর থেকে আসেনি। এবং কতটা মিউনিসিপ্যালিটী তারা এই ডাকে সাডা দিয়েছেন যে তারা এই আইন প্রবর্ত্তন করতে রাজী আছেন তা আমার জানা নাই। একমাত্র আমরা জানি যে **খড়দহ মিউনিসিপ্যালিটী** তাদের এলাকাতে এই আইনকে প্রয়োগ করতে যাচ্ছেন এবং কম্পালসারি প্রাইমারী এড়কেশন এনষ্ট প্রবর্ত্তন করেছেন। মুখামন্ত্রী বিধানচন্দ্র রায় যতদিন জীবিত ছিলেন ততদিন তিনি একটা কথাই বলেছিলেন যে মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকারকে টেক ওভার করতে হবে। কিন্তু মুখামন্ত্রী বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর সেই প্রতিশ্রুতিও তার সাথে সাথে মাছে গেছে। আজকে সরকার প্রাথমিক শিক্ষা সহরাণ্ডলে নিজের হাতে না নিয়ে মেখানকার মিউনিসিপ্যালিটীর দর্বেল কাঁধের উপর চাপিয়ে রেখেছেন, এবং তাদের কোন আগ্রহ নেই। কলকাতা সহরের প্রাথমিক শিক্ষার অবস্থা—সি-এম-পি-ও যে সার্ভে করেছেন সেই সার্ভে নিশ্চয়ই আমাদের শিক্ষামন্ত্রীর হস্তগত হয়েছে, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে শতকরা ৬০ ভাগ ছেলেমেয়েরা কোন রকমে লেখাপড়ার বাবস্থা তারা করতে পেরেছে আর ৪০ ভাগ ^{ছেলেমে}য়ে কলকাতা সহরে তাদের কোন লেখাপড়ার ব্যবস্থা নেই। কোন ফেসিলিটিজ তাদের ^{নেই।} এবং সেই সি-এম-পি-ওর সার্ভেতে বলা হয়েছে যে ১৯টী ওয়ার্ড আছে কলকাতা সহরে যেখানে

Over 60 per cent. children were not attending any primary class at all.

^{1বং} যে সমস্ত ছেলেমেয়ে এই ৬০ ভাগ লেখাপড়া শেখে তাদের মধ্যে শুধু ২৮ ভাগ ক্যালকাটা পোরিশন-এর ফ্রি প্রাইমারী স্কুল-এ পড়বার সনুযোগ পায় বাকী যে ৭২ ভাগ রয়েছে যদি াদের বাপ মা-এর আর্থিক সংগতি থাকে তবেই বেতন দিয়া স্কুলে পড়াতে পারে। সেখানে লনা কর্ন মাদ্রাজের সাথে সি-এম-পি-ও'র যেখানে কলকাতায় হিসাব করে দেখেছেন যে তিক্রা ৬০ ভাগ ছেলেমেয়ে কোন রকমে লেখাপড়া শিখছে, আর ৪০ ভাগের শিখবার কোন ্যোগ নেই।

৪০ ভাগের লেখাপড়া শেখবার কোন স্থোগ নেই, সেখানে মাদ্রাজে শতকরা ৯৬ **ভাগ** ^{ছলেমে}য়ে লেখাপড়া শেখবার স্থোগ পেয়েছে এবং কোলকাতা সহরের ব্কের উপর **আমরা** ^{দিখ}ে পাই সরকার দায়িত্ব নেননা, ক্যালকাটা কপোরেশন তাদের দায়িত্ব পালন করেননি এবং

তার ফলে গড়ে উঠেছে বিরাট প্রাইভেট সেকটর, একটা ব্যবসা কোলকাতা সহরের প্রাথমিক বিদ্যা-লয় নিয়া চলছে এবং তারা মাইনা, বেতন আদায় করছে, বিরাট মুনাফা করছে এবং কতকগুলি গোয়াল ঘরের মত মেজের মধ্যে সেই সমস্ত ছেলেমেয়েদের পড়াশনো করতে হচ্ছে, তাদের উপর সরকারের শিক্ষা বিভাগের কোন নিয়ন্ত্রণ নেই, ইন্সপেক্টারে কোন স্কুল পরিদর্শন করেন না এবং তার ফলে যে শিক্ষা ব্যবস্থা গড়ে উঠেছে সে সম্পর্কে আমি একথা বলতে চাই যে শিক্ষা ব্যবস্থা হচ্ছে ম. ফিমেয় লোকের জন্য, যার বাবার পকেটে টাকা আছে, সংগতি আছে, তাদের ছেলেরা ভাল ভাল স্কলে পড়তে পারে এবং একটা শ্রেণী দৃষ্টিভংগী থেকে এই শিক্ষা ব্যবস্থা চলছে। সেখানে বডলোকের ছেলেরা লেখাপড়া শিখবে, যার বাবার আর্থিক সংগতি আছে সে লেখাপড়া শিখতে পারবে। গণতান্ত্রিক সমাজতান্ত্রিক ধাঁচের কথা ছেডে দিন সমুষ্ঠ ধনতান্ত্রিক দেশ আছে সেখানে এই সমুষ্ঠ শিশুদের প্রাথমিক শিক্ষার দায়িত্ব নিজের হাতে গ্রহণ করেন এবং একটা বৈষম্যমূলক নীতি শিক্ষাক্ষেত্রে চলছে—গ্রামে এবং সহ-রের মধ্যে বিভেদ এবং সহরের মধ্যে দেখতে পাচ্ছি দায়িত্ব পরেরাপরির না নেওয়ার ফলে ধনিক-শ্রেণীর ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারছে এবং গরীবের ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারছে না এবং গ্রামাণ্ডলে সেখানে শিক্ষাব্যবস্থার মধ্যে সেই পরোনো সাবেকি শিক্ষাব্যবস্থা চলছে, আর তার পাশাপাশি টিমটিম করে জবলছে সেই নতেন বৈসিক শিক্ষা ব্যবস্থা। কোন শিক্ষাবাবস্থা গ্রহণ করবেন পশ্চিমবংগ সরকারের শিক্ষামন্ত্রী সে বিষয়ে কোন মনস্থির পারেননি। আমি জানি যে গতকাল কিশলয় নিয়ে বিধানসভায় বিরাট আলোডন হয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রীকে একটা ঝড়ের সম্মুখীন হতে হয়েছিল। আমরা শিক্ষামন্ত্রীর সাথে যখন সাক্ষাৎ করেছিলাম জানুয়ারী মাসের শেষদিকে তথন তিনি আশ্বাস দিয়েছিলেন এবং আশ্বাসের উপর আমরা বিশ্বাস রেখেছিলাম যে ফেব্রুয়ারী মাসের প্রথম সংতাহের মধ্যে সরকার প্রকাশিত এই সমস্ত বইগুলি বাংলাদেশের ছেলেমেয়েরা পাবে। আমি এই প্রচেন্টাকে নন্দন জানাই যে তারা সম্তা দরে আজকে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বইগ্নলি বের করেছেন। এই প্রচেষ্টা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য কিল্তু আমাদের এমন দূর্ভাগ্য যে এই মল্ডা-মণ্ডলী ভাল কাজেও হাত দিলে পর সমস্ত ভণ্ডল হয়ে যায়। এই কিশ্লয় সম্পর্কে আপনার কাছে বলছি যে কিশলয় তৃতীয় খণ্ড ১ ২০ নঃ সঃ দাম, ফুটপাথে বিক্রী হচ্ছে, দোকানে পাওয়া যায় না, কিন্তু সাথে মিনিং কিনতে হবে এবং তার দাম হচ্ছে ৩ ২০ নঃ পঃ। পিকক রীডার ক্লাশ থ্রি এবং ফোরের জন্য ইংরাজী বই আজও পর্যন্ত প্রকাশিত হল না. প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া বন্ধ হয়ে গেছে, আজকে ফেব্রয়ারীর ২১এ তারিখ চলছে। মাণ্টারমশাইরা বলছেন —বই নাই কি দিয়ে পড়াবো এবং প্রকৃতি পরিচয় ক্লাশ ফোরের জন্য আজ পর্যন্ত প্রকাশিত ফ্র না। এটা শুধু কোলকাতা সহরের অবস্থা নয় ডিণ্ট্রিক্ট ইন্সপেক্টরের থ্র দিয়ে এই বইগ্রি বিতরণের ব্যবস্থা করেছেন। মফঃস্বলে এই বই পে'ছিচ্ছে না, তারা কোলকাতা শহরে এস **ছুটেতে আরুদ্ত করেছে যদি কোলকাতায় এই বই পাওয়া যায়। ২রা ফেরুয়ারী সামান্য** িকছ বই কোলকাতার বাজারে ছাড়ার সময় সংকল্প করলেন ৫০০ করে প্রতিদিন তাদের নির্বাচিত বই-এর দোকানগ্রালর হাত দিয়ে বাজারে ছাড়বেন। তা যদি করতেন তাহলে পরে এই ^{অবস্থা} হত না কিন্তু সরকারের এমনই অপদার্থতা যে সেই ব্যবস্থাকে তারা কার্যকরী করতে পারেন নি। আজকে এর একমাত্র প্রতিকার হচ্ছে, তারা তাদের সার্কুলারের মধ্যে যে কথা বলেছিলে সেই কথাগালি যদি বিশ্বাস করেন এবং সেটাকে যদি কার্যকরী করতে চান তাহলে সেটা সম্ভবপর হবে

"Selling of Kishalaya, parts I, II and III and key books on English text books for all classes from III to IV are strictly forbidden".

আমি জিপ্তাসা করছি এই বইগ্নলির কপি রাইট হচ্ছে পশ্চিমবংগ সরকারের, পশ্চিমবংগ সংকারের যে বই সেই বই-এর কি ব্লুক ছাপাবার কি ক্ষমতা কারো আছে তাদের অনুমতি ছালাজকে কি পশ্চিমবংগ সরকারের ক্ষমতা নেই, তারা কি একটা অভিনালস জারী করতে পর্কানা এই সব কি বইগ্নলি বল্ধ করার জন্য? এই গোপন স্ভংগ পথে যারা কি বইগ্নলি প্রবাদ করছেন তাদের মার্ফং এই বইগ্নলি বাজারে চলছে এবং তার ফলে কালোবাজারীর স্ভিটি

[4-30-4-40 p.m.]

স্তরাং আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অন্রোধ করবো যে আজকে এই বিপর্যয়ের হাত হতে রক্ষার পথ বের কর্ন। এই পথ যদি তিনি বের করতে না পারেন, তাহলে আগামী দিনে আমাদের দেশে প্রাথমিক শিক্ষা বহু দ্রে পিছিয়ে ধাবে।

আমি আর একটি বিষয়ের কথা আপনার কাছে বলবো। বর্তমান দাখ্যা সম্পর্কে অনেক কথা এখানে আলোচনা হয়েছে, সেই প্রশেনর মধ্যে আমি যেতে চাচ্ছি না। কিন্ত সম্প্রতি যে পাডাতে আমি বাস করতে আরম্ভ করেছি, সেই পাড়াতে গত ১০ই জানুয়ারী থেকে একটি অতান্ত উপদ্রত এলাকায় পরিণত হল। সন্তোষবাব্বর মতন আমারও মনে হল. ১০ই জানু-शादी मन्यादिना म्यानकात अवस्था ५५८४ मत्न रन स्य कनकाला मरुद्र शर्जनसम्हे दतन कान জিনিস নেই, পর্নিশ বা ল এ্যাণ্ড অর্ডার বলে কোন জিনিস নেই। মন্দ্রীর স্তর থেকে আরুচ্ছ করে থানার ও. সি ও সর্ব স্তরের অফিসারের সঙ্গে যোগাযোগ স্থাপন করবার জন্য আমার यहे.क जीवकात ও স. त्यांग আছে, চেष्টा कीत। मन्धातिना थ्यत्क रमशान जमान्छि स.त. इत्स যায় এবং তার মধ্যে শত, শত ভীত, সন্দ্রস্ত নর-নারী আশ্রয়ের সন্ধানে রাস্তায় এসে দীড়ান অথচ রাত ১২টার আগে পর্যন্ত সেখানে কোন প্রালিশের সাক্ষাৎ পাওয়া যার্যান। যদি প্রাল-শের বাবস্থা সেখানে বিকাল বেলা থেকে করতে পারতেন, তাহলে আমাদের এলাকা এই গ্রন্ডো-মীর হাত থেকে রক্ষা পেতো। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাচ্ছি যে দীলিপ মুখার্জি বলে একটি তর্ম যুবক সেই ১০ই তারিখ থেকে নিখেজি হন। তার পিতা হচ্ছেন মেটিয়ারুজের একজন দ্বুল শিক্ষক, এবং এই তর্নাটি হচ্ছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একজন দ্নাতক ও একটি বিলাতি কোম্পানীতে কাজ করে —৪৫০ টাকা মাইনা পেতেন। তিনি সেই ১০ই তারিখ থেকে নিখোঁজ হন। রক্তের দাগ পাওয়া যায়, এবং আমরা নানা ভাবে পর্লোদের সংগ্য যোগাযোগ করেছি, কিন্ত পর্লিশ তার সম্বন্ধে কোন ব্যবস্থা করতে পারেন নি। তারপর ৪ঠা रम्बद्याती जातिरथ, এजींमरानेत वावधारनेत शत यथन जात मूल एमर्टी भाखशा राम्न, जथन मरन হল তার মৃত্যু বেশী দিন পূর্বে ঘটেনি, কিছুমাত্র অবিকৃত হয় নি। পূলিশ যাদি ঠিক সময় মত সেখানে ব্যবস্থা গ্রহণ করতে পারতো তাহলে ঐ এলাকায় শান্তি রক্ষা করতে পারতেন এবং ঐ তর্ণ যুবকটিও প্রাণ হারাত না। আমি এখনও বলবো এই দীলিপ মুখার্জির মৃত্যু সম্পর্কে অনুসন্ধান করে যদি কোন রিপোর্ট থাকে সেটি জন-সমক্ষে রাখন।

জয়ার ধর্মঘট সম্পর্কে সল্ভোষবাব, উদ্রেখ করেছেন। জয়ার ধর্মঘট ব্যাপারে সরকারের যে মনোভাব যে গণতালিক সমাজতল্ঞের কথা আমাদের বর্তমান সরকার বলে আসছেন. বিশেষ কবে ভবনেশ্বরে কংগ্রেসা অধিবেশনের পর থেকে, তার সপো এর কোন সম্পর্ক নেই। এই জয়ার ধর্মঘট সম্পর্কে তাঁরা কি নীতি অবলম্বন করেছেন, তার কোন উল্লেখ কোথাও নেই। জয়ার ধর্মঘট সম্পর্কে তাঁরা কি নীতি অবলম্বন করেছেন, তার কোন উল্লেখ কোথাও নেই। জয়ার ধর্মঘটাদের দাবী হচ্ছে তাদের বোনাস নিয়ে। আমাদের যিনি শ্রমমন্ত্রী, তিনি বোনাস দেবার জনা প্রত্যেকটি কলকারখানার মালিকদের নির্দেশ দির্মেছিলেন। জয়ার মালিক শ্রেণী ১৯৬২ সালে যে বোনাস দিরেছিলেন, তাঁরা এবারে এক তৃতীয়াংশ কম বোনাস দেবার কথা বলেন। কিন্তু সেখানে উৎপাদন বেড়েছে, সেখানে বিক্রয় বেড়েছে, এবং গতকাল ভেট্সমান পত্রিকায় প্রকাশিত হয়েছে যে কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন যে জান্মারী মাসে প্রথম সণ্তাহে এই কোম্পানী বৈদেশিক মন্ত্রা ফাকি দিয়েছে বলে তাদের ফার্মে প্রিলিশ অনুসন্ধান করেছে। স্তরাং এই জয়া সম্পর্কে তাঁরা যে নীতি গ্রহণ করেছেন, তা আজকে পরিত্যাগ কলা একানত প্রাক্তন হয়েছে। সরকার মালিকদের পক্ষে না গিয়ে, আজকে তারা দেশের স্বার্থে, জনসাধারণের পক্ষে, শ্রমিকদের পক্ষে মিলিত হন।

আমি এখানে আমার বক্তব্য শেষ করলাম।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, আজ যে সমস্ত গ্রের্থপূর্ণ বিষয় আলোচিত হল, তার সংগে শিক্ষা বিভাগের সম্পর্কে কতকগ্রিল কথা উত্থাপিত হওয়ায় আমি সর্বাগ্রে তার উত্তর দিচ্ছি। সত্যপ্রিয়বাব, প্রথমেই শিক্ষা সন্বধ্ধে কিছু বলেছেন। তিনি বলেছেন ষে বোর্ড এখন গঠিত হয়েছে নমিনেটেড মেন্বারস্ ও এক্স-অফিসিও-দের নিয়ে, এই বোর্ড কি করে কাজ করতে পারবে? এর উত্তর আমি পূর্বে দিয়েছি এবং তারপরে যখন এয়মেন্ডিং এয়ায় পাশ করা হয় তখনও ঠিক এই প্রশন সত্যপ্রিয়বাব, তোলেন এবং তার উত্তর আমি দিয়েছিলাম। কিন্তু সত্যপ্রিয়বাব,র একটা অভ্যাস আছে বারবার একই কথা বলা। যাইহোক, আমি বল্ছি উত্তরটা হ ছে এই ঃ—আমরা এয়ডভাইসড হয়েছি ল ডিপার্টমেন্ট-এর ন্বারা, যে বোর্ডটিকে এইভাবে চাল্য না করলে

the Act cannot be brought into force.

সেইজন্য এইভাবে বোর্ড চাল্ব করা হয়েছে। এক্স-অফিসিও মেম্বারস ব্যতীত যারা মেম্বারস নামনেটেড হবেন, তাদের নামনেশন্ করবার ভার গভর্নমেন্টের অতএব উভয় শ্রেণীর সদস্যদের নিয়ে বোর্ডকে চাল্ব করা হয়েছে, এবং তার ফলে

the Act has been brought into force.

এই হচ্ছে এক্সপার্ট অপিনিয়ন। তারপর ইলেকটেড মেন্বারস-দের সম্পর্কে ইলেকশন র্লস্ও আমরা পার্বালশ করে দির্মোছ। কিন্তু ইলেকশন-এর র্লস্ পার্বালশ করেলেই ইলেকশন হর না—আপনারা প্রায় সকলেই ইলেকশন-এ এসেছেন, আপনারা জানেন যে ইলেকশন করতে গেলে প্রথমে একটা ইলেকটোরাল রোল অর্থাৎ ভোটার লিন্ট তৈরী হয়, ভোটার লিন্ট তৈরী ও পার্বালশ করার পর অবজেকশন-এর টাইম দিতে হয়, অবজেকশন-এর টাইম দিয়ে ভোটারস লিন্ট চ্ড়োন্ত হ'লে ক্যান্ডিডেট্স্-দের নাম দাখিল করতে হয়, তারপরে ক্যান্ডিডেট্স্-দের নাম পার্বালশ করার পর অবজেকশন-এর টাইম দিতে হয় তারপরে ক্যান্ডিডেট্স্-দিগের লিন্ট ফাইনাল ও প্রচারিত হলে তারপরে ইলেকশন হয়। কাজেই আমাদের ইলেকশন-এর র্লস প্রমালগেটেড করা হয়েছে, এবং ইলেকশন-এর সাকসেসিভ দ্টেপস্-গর্নল নিয়মান্সারে গ্রহণ করা হবে—এ ছাড়া অন্য কোন পথ নাই। সত্যাপ্রয়বাব্ জিজ্ঞাসা করেছেন যে কমিটিগ্রিলি করে হবে? তারও আমরা র্লস করেছি আন্ডার সেকসন ফর্নটি সেই র্লসও করা হয়ে গেছে। বোর্ড ফ্ল্ল্লি ইলেকটেড হলে তখন কমিটিগ্রিলও ফ্ল্ল্লি কনিন্টিটিউটেড হতে পারবে।

তারপরে আরেকটা কথা তুলেছেন, সমগ্র বোর্ড গঠন সংক্রান্ত কথা ছাড়া, সেটা হচ্ছে এই বে নন-চিচিং ভীফ-দের বেতন বৃদ্ধি সম্বশ্ধে যে তাঁরা এখনও কিছা বৃদ্ধি বেতন পেলেন না। ডাঃ রায় বলে গিয়েছিলেন অনেকদিন পূর্বে যে তাঁদের স্যালারি রিভাইজড় করা হবে কিন্তু এখনও পর্যত্ত তার কিছুই হল না। সে সন্বন্ধে আমাদের কথা হচ্ছে যে ফিফটিন থ অক্টোবর ১৯৬৩-তে আমরা সেকে ভারী বোর্ডকে অর্ডার দিয়েছি যে এদের স্যালারি রিভিসন করা হল এবং ইফেক্ট দেওয়া হোক টাকা আমরা দিচ্ছি—তারপরে কিছু যে হয়নি তা নয়—কোন কোন স্কলের ভাষ্ণ পেয়ে গেছেন যদিও সব স্কলের ভাষ্ণ পান নি। কেন পান নি তার কারণ বোর্ড সা বলেছেন তা হচ্ছে এই যে ফাষ্ট এপ্রিল ১৯৬১ থেকে এই স্কেলকে রিট্রোস্পেকটিভ ইফে দেওয়া হয়েছে অতএব প্রত্যেক নন-টিচিং ষ্টাফকে তার মাহিনা ফাষ্ট এপ্রিল ১৯৬১ কি ছিল এখন কি পাবেন সেটা হিসাব করে দিতে হবে। কাজেই যে বোর্ড আগে ছিল সেই ^{বোর্ড} সমুহত হুকুলকে দিতে পারেন নি সামান্য কিছু হুকুলকে দিয়েছেন বেশীর ভাগ হুকুলকে পারেন নি—কাজেই এটা হিসাবের কথা কিন্তু দেবার হুকুম সরকার পক্ষ থেকে অনেক আগে দেওয়া হয়েছে এবং টাকারও ব্যবস্থা করা হয়েছে, কিন্তু পেমেন্ট হিসাব সাপেক্ষ বলে এ^{থনও} সকলকে দেওয়া হয় নি। আর হিসাবের গোলযোগ কেন হচ্ছে তাও আমি বলছি—যদি বলা ^{হত} এখন থেকে পাবে তাহলে পেমেণ্ট-এর সূর্বিধা হত। কিন্তু তা তো বলা হয় নি বলা হয়েছে উইথ রিট্রোস্পেকটিভ ইফেক্ট ফ্রম ফাল্ট এপ্রিল ১৯৬১ থেকে পাবেন—কাজেই প্রত্যেকেরই প্রা^{পা} বিশেষভাবে হিসাব করতে হচ্ছে। আমাদের অর্ডার দিতে দেরী হয় নি। আমরা ফিফ্টিন্^থ অক্টোবর ১৯৬৩-তে অর্ডার দিয়েছি।

[4-40-4-50 p.m.]

নিমাল্য বাগচী মহাশয় যে সব কথা বলেছেন সেই সব কথাগালের উত্তর দেওয়া দরকার। ইনি বলেছেন যে আমাদের এখানে প্রাইমারী এড়কেসান প্রসার লাভ করছে না আমরা পিছিয়ে বাছি। সভাপতি মহাশয়, আপনি লক্ষ্য করে দেখেছেন উনি কেবল পার্সেন্টেজ উল্লেখ করিছলেন কিন্তু প্রাথমিক শিক্ষা প্রসার লাভ করছে না এটা ফ্যাঙ্ট নয়। প্রাইমারী এডকেশানে নান্দ্রার অফ স্টুডেন্টেস্ যা ছিল তার চেয়ে ঢের বেশী বেড়ে গেছৈ। উনি বলেছেন যে আমাদের স্কুলের সংখ্যা ছিল ৩০ হাজার ৯ কিন্তু আমাদের স্কুলের সংখ্যা ৩২ হাজারের উপর দাঁড়িয়েছে, আমাদের ছাত্র সংখ্যাও বেড়ে গেছে। উনি এ ব্যাপায়টাকে 'সাপ্রেস' করে গেছেন। পার্সেন্টেজ কমবার কারণ হচ্ছে আমাদের পশিচমবংগে গত দশ বছরে ১৯৫১ থেকে ১৯৬১-র মধ্যে যে 'পপ্লোশন এক্সপানশান' হয়েছে—এই কথাটা আমি বাঝ্যার করেছিলাম দিল্লীতে এবং তারপর থেকে মিঃ চাগলাও এটা ইউজ করেছেন, পপ্লেশন এক্সণোশান ইন ওয়েণ্ট বেংগল —অর্থাৎ ১৯৫১ সালে ২ কোটী ৬০ লক্ষ থেকে ১৯৬১ সালে পপ্লেশন হয়েছে প্রায় ৩ কোটী ৪৯ লক্ষ। চাগলা সাহেবও বলেছেন

"It is due to influx of population in West Bengal."

অন্যান্য ষ্টেটে মাত্র নরমাল ইনক্রিজ অব পপ্লেশন হয়েছে. যেমন হয় ১০ পার্সেন্ট বা ১২ পার্সেন্ট, এথানে হয়েছে ৩৩ পার্সেন্ট ১০ বছরে

due to large influx of population in West Bengal.

মাইগ্রান্টস আবার আসছে হাজার হাজার। এখন বুঝতে পারবেন যে

large influx of population in West Bengal

মানে কি। মিঃ চাগলা সে কথাই বলে গেছেন

"it is due entirely to the large influx of population in West Bengal."

আমাদের দুর্ভাগ্য যে

large influx of population in West Bengal

হয়েছে তাদের শিক্ষার ক্ষেত্রে পুনর্বাসন ব্যাপারটায় যতটা দায়িত্ব আমাদের কেন্দ্রীয় সরকারের নেয়া উচিত ছিল কন্দ্রীয় সরকার তা নেন নি। হালের দুর্ঘটনার পূর্ব পর্যন্ত যাও নিচ্ছিলেন তাও আবার ত্যাগ করেছেন, অর্থাৎ রিলিফ রিহ্যাবিলিটেসান ডিপার্টমেন্ট থেকে যে সমস্ত দুরুল থোলা হয়েছিল সেগালিকে পর্যন্ত তাঁরা বলেছেন 'আমরা আর প্থক গ্রাণ্ট দেব না : তোমরা দেবে'। ফলে রিলিফ ডিপার্টমেন্ট থেকে যত দুকুল চালানো হচ্ছিল তার সমস্ত বায় ভার এসেছে এখন এডুকেসান ডিপার্টমেন্টের উপর। আমরা সেন্টারকে অনেক বুঝাবার চেণ্টা করেছি। এই যে লার্জ ইনফ্লাক্স অব পপ্রলেশন-এর জন্য পার্সেন্টেজ আমাদের কমে গেছে, ইনম্পাইট অব দি ফাক্ট নাম্বার বেডে যাওয়া সম্বেও অর্থাৎ

Increase in enrolment could not keep pace with the increase in population.

এটার জনা সেণ্টারের আমাদের অতিরিক্ত সাহায্য করা উচিত কিন্দু অতিরিক্ত সাহায্য সেন্টার এযাবং করেন নি আমরা সেই সাহায্য পাবার জন্য চেন্টা করছি। এখন নির্মাণ্য বাব, ব্রুবতে পারবেন যে পারের্দিটাজের ফিগার দিয়ে এখানে তিনি যে বিদ্রান্তি স্থিট করবার চেন্টা করেছেন সেটা ঠিক নয়। ৩৩ পাসেন্ট অফ দি পপ্লেশন ইন টেন ইয়ারস আর কোন ন্টেট বাড়েনি। আমাদের এখানে লার্জ ইনফ্লাক্স অব পশ্লেশন-এর জন্য এনরোলমেন্ট-এর পার্সেন্টেজে ঘার্টাত দেখাছে। উনি বলেছেন এক খড়দহ মিউনিসিপ্যালিটির কথা উনি জানেন বেখানে কমপালসারী ও সার্বজনীন হয়েছে, আর যেন কোথাও হয় নি। উনি এটাই জানেন কেননা খড়দহ মিউনিসিপ্যালিটি ইজ কন্ট্রোন্ড বাই দি কমিউনিন্দ পার্টী তাছাড়া আর কোন থবর জিন রাখেন না। আমি বলে দিচ্ছি খড়দহে হয়েছে, জংগীপ্রের হয়েছে, আসানসোলে হয়েছে। আমরা গ্রান্ট দেওয়া সত্ত্বেও আসানসোল মিউনিসিপ্যালিটি সেখানে সামান্য যে টাক্স চালা করেছে। তার জন্য প্রসেশন বের্ভে আরম্ভ হয়েছে। উনি তারপের আরও প্রণন করেছেন যে মিউনিসিপ্যালিটির ঘাড়ে সব কিছু চাপিয়ে দেয়া হয়েছে কেন? আমরা বরং কম চাপিয়েছি মিউনিসিপ্যালিটির ঘাড়ে যা মাদ্রাজ, বন্ধের যার কথা উনি বলেছেন সেই মাদ্রাজ, বন্ধের এয়ার্ট যদি পড়ে

দেখতেন তাহলে দেখতে পেতেন যে মিউনিসিপ্যালিটির ঘাড়ে সেখানে ঢের বেশী দায়িছভার চাপিয়ে দেয়া হয়েছে। মিউনিসিপ্যালিটির ঘাড়ে চাপিয়ে আমরা শুঝু দিইনি, অন্যান্য দেউটও দিয়েছেন। আমরা মিউনিসিপ্যালিটির ঘাড়ে বরং কম চাপিয়েছি। মায়েজ ও বোলে গভর্নমেনেটর কথা উনি উল্লেখ করেছেন, অথচ উনি কিছুই খবর রাখেন না সেখানকার। মায়েজ ও বোলেব গভর্নমেনেটর এ্যাক্টস যদি উনি পড়তেন তাহলে দেখতে পেতেন আরও ঢের বেশী দায়িছভার সেখানকার মিউনিসিপ্যাটির উপর চাপিয়ে দেওয়া হয়েছে। মায়েজ গভর্নমেন্ট লোকাল বিভিস্ কর্তৃক শিক্ষা কর যা আদায় হয় তার কম ছাড়া বেশী কখনও কোন জায়গায় দেন না। মায়াজ শহরে পর্যন্ত না। কলকাতা কর্পোরেশনের কথা উল্লেখ করেছেন, তা না করলেই বোধহয় ভাল হ'ত। আমারে যে উত্তর দিতে হবে, এই উত্তরের ফলে, আমাদের ম্থেই চুন-কালি পড়বে। বোলেব কর্পোরেশনে যে

free and compulsory primary education

চাল্ব করেছেন ন্যুনাধিক ১ কোটী ৮১ লক্ষ খরচে, তার মধ্যে আমার যতদ্রে মনে হয় তেরিক্ষ লাখের বেশী টাকা ভেট গভর্নমেন্ট দেন না, আর বাকী সমস্তটাই বোন্দেব কপোরেশন বহন করে। ক্যালকাটা কপোরেশন কি তা' করতে প্রস্তৃত আছেন? আমি সেদিন ক্যালকাটা কপোরেশনের কেশানের এডুকেশন কমিটি মেন্দ্রারদের সঙ্গো দেখা করেছিলাম এবং আমি তাঁদের বলেছিলাম যে হ্যাঁ, কলকাতা কপোরেশন প্রাথমিক শিক্ষা সার্বজনীন কর্ণ আমি আপনাদের প্রমিজ দিচ্ছি—যেমন মাদ্রাজ ভেট সমগ্র খরচের ৩০ পার্সেন্ট দেন তেমনি আমরাও ৩০ পার্সেন্ট দেবো। আপনারা বাকী টাকাটার ভার নিন। যদি এতে আপনারা রাজী থাকেন তাহলে আমরা সাহায্য দিতে রাজী আছি। কেউ কিছ্ব করবেন না, খবরও রাখবেন না, আর সমালোচনা করবেন আমরা পিছিয়ে যাচছি। সভাপতি মহাশয়, ও'রা কেবল বস্কৃতা করেন প্রেজ্বভিস থেকে, দিন্দ্তু, প্রকৃত খবর রাখেন না। ও'রা ইংলন্ডের প্রাইমারী ও সেকেন্ডারী এডুকেশনের কথা বলেছেন। কিন্তু ও'রা এটা জানেন কি না জানিনা, সেখানে প্রাইমারী ও সেকেন্ডারী এডুকেশন

largely financed by the local authorities and not by the State.

ও'রা শিক্ষাবিদ হিসাবে পরিচয় দেন, আবার প্রগতিশীল দেশের কথাও বলেন, অথচ সেখানকার শিক্ষা ব্যবস্থার প্রকৃত কোন থবরই রাখেন না। এটা কোন মনগড়া কথা নয় যে ইংলভেড largest percentage of the expenditure on primary education and secondary

education local authorities.

দিয়ে থাকে। অধিকাংশ স্কুলই লোক্যাল অর্থারিটিজ ন্বারা স্থাপিত ও পরিচালিত স্কুল। এই সব খবরগর্বাল যদি রাখতেন, তাহলে ব্ ঝতে পারতেন যে প্রগতিশীল দেশগর্বালতে এডুকেশন কি ভাবে চলেছে, এবং এক্ষেত্রে দায়িত্বটা কাদের কতটা বহন করা উচিত। তা না হলে কেবল এখানকার সরকারকে গালাগালি দেবার জন্য বক্কৃতা করবেন, আর দেশ বিদেশের খবর রাখবেন না, এটা সংগত নয়। আমি আর বেশী কিছু বলতে চাই না, আমি এখানেই শেষ করছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

কিশলয়টা কি হল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কিশলর সন্বন্ধে আপনি যা বলেছেন সেটা ঠিক। কিশলর আমাদের জান্রারী মাসের শেবে দেবার কথা ছিল। কিল্টু, দুর্ভাগ্যবশতঃ কলকাতার যে রায়ট হয়ে গেল তারজন্য দুটা বিহা ঘটেছে, প্রেসগৃলি ডেলিভারী দিতে দেরী করে ফেলেছেন, আর ব্ ক বাইন্ডারস্রাও সমর্মিত বই বে'ধে দিতে পারে নি। আপনারা শুনেছেন কিনা জানি না পাতোয়ার বাগানে, মির্জাগ্রে ঘুণীটের উপর কিশলয়ের পাতা পর্যন্ত ছড়িয়ে পড়ে রয়েছে এমনটাও দেখা গিয়েছে। তার প্রান্ধিকারণটা আপনারা ব্রুতে পারছেন যে সেখানে ব্ ক বাইন্ডারসন্দের কাছে যে বইগ্রিলি ছিল্ল সেই বইগ্রিলি রায়ট-এর জন্য নন্ট হয়েছে, তারা ডেলিভারী দিতে পারে নি। এবং তারা এই ডেলিভারী সময় মত দিতে পারে নি বলেই, আমাদের দিতে হয়েছে। তারপর অর্থ প্রত্বিবিরুয়ের কথা বলেছেন। আমি এ সম্পর্কে প্রেবি বলেছি এবং আজও আবার রিপিট করে বলিছি

ষদি শোনাবার ধৈর্য থাকে শ্ন্ন। অর্থ প্রুত্তক যা বিক্রয় হচ্ছে সেটার ব্যাপার হচ্ছে এই—কল্কাতার আমাদের যত য়্যাপ্রভাভ ব্রুক সেলার্স আছে, আগে যা ছিল তার থেকে প্রায় দেড়গণ্ বেশী করা হরেছে, তাহলেও কার কাছ থেকে কিশলর বইগ্রিল নিয়ে গিয়ে, তার সাথে ঐ অর্থ প্রুত্তকর্নিল সব বিক্রয় হচ্ছে তা আমি বলতে পারি না। আমাদের কোন্ য়্যাপ্রভাভ ব্রুক সেলার্স-এর দোকান থেকে, যদি কেউ বলতে পারেন যে একখানাও অর্থ প্রুত্তক কিনতে হয়েছে, তার নাম দিলে নিশ্চরই সে বিষয় আমরা অন্সন্ধান করে দেখবো। যে বইগ্রিল এখন বিক্রয় হচ্ছে রাস্তার, ফ্রটপাতের ওপরে আপনারা বলেছেন, যেগ্রিল কোন য়য়াপ্রভাভ ব্রুক সেলার্স-দের কাছ থেকে নিয়ে অর্থ প্রুত্তক সহ বিক্রয় করা হচ্ছে তা জানতে না পারলে এটা আমরা বন্ধ করবো ক করে? যখন আমাদের য়য়প্রভাভ ব্রুক সেলার্স-দের জিজ্ঞাসা করা যায় এই বইগ্রিল ফ্রটপাতের বিক্রেতারা পোলা কি করে, এই নন্ধরের বই কি করে তারা পোলো বল্নন? তারা উত্তরে বলেন মশাই আমাদের এখানে স্ট্রভেন্টের তরফ থেকে গাডিয়ানস্-রা এসে বই কিনে নিয়ে গিয়েছেন, স্কুল শিক্ষকরা এসে নিয়ে গিয়েছেন, আমরা তাদের বই দিয়েছি, আমরা রাস্তার কাউকে দিই নি। উনি বললেন এ সন্বন্ধে একটা অর্ডনান্স্ পাশ করতে, একটা আইন পাশ করতে। এই সম্পর্কে কি ভাবে আইন পাশ করান যায়, উনি যদি য়াড্ভাইস দেন, তাহলে I shall be too glad to introduce such a legislation.

(Noise and interruption.)

[4-50-5-00 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটা কথা বলতে চাই যে উনি নাম চেয়েছেন কিশলয়ের বাপারে যে এই রকম দোকানের নাম যদি আমরা দিতে পারি যে সেইসব দোকান এই সব কাজ করছে তাহলে উনি স্টেপ নেবেন। আমি খালি ও'কে একটা কথা জিজ্ঞাসা করছি ষে S. Banerjee, Secretary, Text Book Committee and Registrar of Publications, West Bengal, Writers' Buildings.

সেই ভদ্রলোক নিজেও রেকমেণ্ড করে পাঠাচ্ছেন কিন্তু লোককে বই দেবার জন্য আমি বি**ল** He is responsible for black-marketing of Kishalaya.

Mr. Chairman: That is not the question now.

Shri Santosh Kumar Bhattacharyya: May I draw your attention. উনি কি সতিয়েই ধরবেন যারা কালোবাজারে কিশলয় বিক্তি করছে।

Mr. Chairman: Please put in a simple question.

Shri Narendra Nath Das:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মুখামন্ত্রী জবাব দেবার আগে আমি তাঁকে বলছি ষে আজকার সকালে কাগজে আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বক্কৃতা পড়েছি যেখানে এ কথা আছে যে পশ্চিম বাংলার কাগজগর্লি খুব ভাল বিহেভিয়ার করেছিল—মুখামন্ত্রী নাকি গ্রেজারীলাল নন্বকে এখন জানিয়েছেন যে দুই একটি কাগজ আগে যে এগ্রিমেন্ট ছিল সেই মত কাজ করছে না। এ সম্বন্ধে আমরা মুখামন্ত্রী যখন জবাব দেবেন তখন যেন বলেন যে কোন কোন কাগজ সম্পর্কে কি কি রিপোর্ট তিনি দিয়েছেন।

Mr. Chairman: I will now request the Chief Minister to give the reply.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার মহামান্য রাজ্যপালের অভিভাষণের উপর এখানে যে বিতর্ক ইয়েছে সে বিতর্ক আচ্ছন্ন হয়ে গেছে আমাদের পূর্ব বাংলায় যে সমুহত মুর্মুক্তুদ ঘটনা ঘটেছে এবং তার প্রতিক্রিয়াস্বরূপ আমাদের পশ্চিম বাংলায় যে সামান্য ঘটনা ঘটেছে। অবশ্য আমাদের এখানে যত সামান্য ঘটনা ঘটনুক না কেন আমি পূর্ব পাকিস্তানের সঞ্চো তার তুলনা করছি না, আমাদের কাছে যে সমসত খবর এসেছে এবং পূর্ব পাকিস্তান থেকে যারা এখানে চলে আসছেন তাদের মূখে আমরা যে সমসত ভয়াবহ ঘটনার খবর আমরা পাছিছ তাতে করে আমাদের পশ্চিম বাংলায় যা ঘটছে তা ন্লান হয়ে যায়, এখানে এমন কিছুই ঘটেনি। তা সত্ত্বেও পশ্চিমবাংলায় যতটাকু ঘটেছে যংসামান্য ঘতছে তারজনা আমরা লচ্জিত এবং আমরা তারজন্য দৃঃখিত এবং যদি না ঘটতো তাহলে আমরা স্থী হতাম। এ বিষয়ে এখানে বোধহয় কোন দ্বমত নেই। কিন্তু পশ্চিমবাংলার উপর দিয়ে যে ঝড় বয়ে গেল তা শৃর্যু এখানে কি ঘটছে তার পরিমাপ করে হবে না। পূর্ব পাকিস্তানে যা ঘটছে তারও ওজন করতে হবে পরিমাপ করতে হবে।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে প্রতাহ পূর্ব পাকিস্তান থেকে শত শত আশ্রয় প্রাথনীরা এখানে আসছেন, এবং আপনি বোধহয় শ্নেছেন যে যারা আমাদের কাছে প্নর্বাসন বা সাহায্য চাইছেন আমরা তাদেরকে পাঠিয়ে দিচ্ছি দণ্ডকারন্যে —এটা স্ববিদিত যে বাঙ্গালী বাংলাদেশে প্নর্বাসন চায়। এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু বাংলাদেশে যারা কৃষক তাদের জন্য আমরা কোন জমি দিতে পারছি না।

বাংলাদেশে কৃষির অবস্থা যে নানা দিক থেকে মার থেয়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে সে বিষয়ে िन्दम्य किंद्यु त्नरे। माननीय अनुमादा अक्लारे जात्नन एवं आमारम्य अभिन्नम्वाःला यथन रुय তখন আমাদের বলা হয় পাট চাষ বাড়াও। কেননা সমস্ত কাঁচা পাট আসতো পূর্ববাংলা থেকে। আর আমাদের পশ্চিমবাংলায় ১০০ পাট কল ছিল। আমাদের বলা হল যে পাট-শিল্প ধন্যস হয়ে যাবে যদি পাট উৎপাদন আমরা না করতে পারি এবং আমরা এখানে পাট যথেষ্ট বাড়িয়েছি, এমন কি আমাদের আউস ধানের জমিতে আমরা পাট চাষ করতে বাধ্য হয়েছি। একথা সকলেই জানেন যে পার্টশিল্পজাত দ্রব্য বিদেশে পাঠিয়ে ভারত সরকার বছরে ১৫০ কোটি টাকার উপর বৈদেশিক মন্ত্রা অর্জন করেন এবং কয়েক লক্ষ লোকও এই পার্টশিলেপ নিযুক্ত আছেন। আমরা অনেক পাটের চাষ বাড়িয়েছি—যেখানে পশ্চিমবাংলায় আগে আড়াই লক্ষ একর জমিতে পাট হোত এখন সেখনে ১৪ লক্ষ একর জমিতে আমরা পাট চাষ করেছি। একজন মাননীয় সদস্য এখানে দৃঃখ করে বলেছেন সত্যই দৃঃখের কথা যে গত বছর পশ্চিম-বাংলায় ধান চালের দাম খুব বেড়ে ছিল। আমাদের ঘাটতির পরিমাণ কত আমি আমার কোন পরিসংখ্যান এখানে দিতে চাই না। ঘাটতির পরিমাণ যতই হোক ৪ লক্ষ টন হোক, ৮ লক্ষ টন হোকু কি ২২ লক্ষ টন হোকু সেই পরিমাণ বা পরিসংখ্যান দিয়ে চাল পাওয়া যাবে না। আমাদের পশ্চিমবাংলায় যে খাদ্য সংকট হয়েছে তা নানা কারণে হয়েছে। এক দিকে আমরা আমাদের বহু, জমিতে পাট চাষ কর্রাছ, আর একদিকে আমাদের লোকসংখ্যা এইমাত্র আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বলছিলেন পপ্রলেশান এক্সপ্লসান হয়েছে এবং বলছিলেন যে সেখানে ১৯৫১ সালে ২ কোটি ৬৩ লক্ষ লোক ছিল ১৯৬১ সালে সেটা ৩ কোটি ৪৯ লক্ষ হয়েছে। আমরা এবার হিসাব করেছিলাম আমাদের খাদ্য দশ্তরে যে লোকসংখ্যা কত বাড়লো। খাদ্যের যে বাজেট তার হিসাব হবে কি লোকসংখ্যার উপর ভিত্তি করে, তাতে দেখলাম যে আমাদের লোকসংখ্যা এখন ৩ কোটি ৭৫ লক্ষের উপর হয়ে গেছে এই পশ্চিমবাংলায় এবং লোকসংখ্যা রোজ বাড়ছে। আমাদের এখানে কোলকাতা সহরে আমরা বাঙ্গালী তো আছিই, আমাদের এখানে বিভিন্ন প্রদেশ থেকে লোক আসেন —বিহার, উত্তর প্রদেশ, মাদ্রাজ, উড়িষ্যা **থেকে আসেন। বিভিন্ন প্রদেশ থেকে কোলকাতা বা শিল্পাণ্ডলে লোক আসছে। আ**মাদের পূর্ববাংলা থেকেও অনেক আশ্রয়প্রাথী ভাইবোনেরা এথানে এসেছেন, তাদের সংখ্যা ৩২ লক্ষ্ অশ্ততঃ আমাদের খাতায় যাদের নাম আছে হিসাব আছে পশ্চিমবাংলায় যাঁরা বসবাস করেছেন স্থায়ীভাবে তাঁদের সংখ্যা ৩২ লক্ষ। কাজে কাজেই পশ্চিমবাংলায় যে খাদ্যে একটা সংকট प्रथा (मर्प्त, भिष्ठभवाश्नाय य थामा प्रत्यात भूना य वाफ्र्य, विरम्भ करत हारनत **এ**টা আभार्मित সকলের ব্ঝা উচিং। এবছর আমাদের ফসল একট্ব ভাল হয়েছে, আমাদের আমন ফসল ৪৭ **শক্ষ টনের উপর হয়েছে চালের ভিত্তিতে। আমরা মনে করছি যে এবার আমাদের** অব^{স্থা} একট্ব ভাল হবে কিন্তু আমরা শ্বনতে পাচ্ছি যে এবছর যে সমস্ত অণ্ডলে ডাল, কলাই, ^{ছোলা} প্রভৃতি হয় সেই সমস্ত অঞ্চলে ভীষণ অবস্থা। সেই সমস্ত ফসল কোথাও অস্থেকি হ্রা^{র্ছে}

কোষাও ১০ আনা হয়েছে, কোথাও ১২ আনা হয়েছে, আবার কোথাও তার চেয়েও কম হয়েছে। নানা কারণে প্রাকৃতিক দ্বর্যাগের জন্য এবং বদি খাদ্য সমস্যা আমাদের দেশে দেখা দেয় তো অন্য দেশে বদি ফসল না হয় তার দর্নও কিছুটা দেখা দেয়। একজন মাননীয় সদস্য গত বছরের আমাদের ঘাটতি সম্বন্ধে বলেছিলেন বলে আমি একথা বলছি যে আমাদের পশ্চিমবাংলা সমস্যাসংকূল, এখানে খাদ্য সমস্যা আছে, ভূমি সমস্যা আছে, আমাদের লোকের সমস্যা আছে, আমাদের শিল্পের সমস্যা আছে, বেকার সমস্যা আছে, সবই ঠিক।

[5-00-5-10 p.m.]

আমাদের পশ্চিমবাংলা সমস্যা সম্পুল রাজ্য। এখানে খাদ্য সমস্যা আছে, জীমর সমস্যা আছে, আমাদের লোকের সমস্যা আছে, আমাদের শিল্পের সমস্যা আছে, আমাদের বৈকারের সমস্যা আছে, সবই ঠিক; এবং এই সমস্যাগ্রাল সমাধান করবার জন্য পরিকল্পনার মাধ্যমে আমরা কাজ কর্রাছ। প্রথম পশুবার্ষিকী পরিকল্পনাকে আমরা সার্থক কর্রোছ। সকলেই স্বীকার করবেন আমাদের যেটা বরান্দ ছিল, তার শতকরা ৯৫ ভাগ আমরা কার্যকরী করেছি। ন্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমরা সাফলার্মান্ডত করেছি। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তিন বছর শেষ হয়ে লেল, এবং তাতে আমাদের যেটা করার ছিল, তার চেয়ে কিছ, কম করিনি। অবশ্য কোন কোন ক্ষেত্রে আমরা ঠিক পারিনি, যেমন কৃষির ক্ষেত্রে। কৃষির ক্ষেত্রেতে আমাদের যতটা কাজ করবার কথা ছিল, যতটা সাফল্যতা অর্জন করবার কথা ছিল, তা পারি নি প্রাকৃতিক দুর্যোগের জন্য। আমাদের পশ্চিম বাংলায় যত জমিতে সেচের বাবস্থা করতে পারি প্রয়োজন অনুযায়ী তা খুবই কম। আমরা শতকরা ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করতে পারিনি। কাজে কার্জেই আমাদের আকাশের উপর নির্ভার করতে হয়, প্রাকৃতিকের উপর নির্ভার করতেই হয়। একটু আগে আমাদের এখানে কয়েকজন মাননীয় সদস্য শিক্ষা সম্বন্ধে বলেছিলেন যে প্রাথমিক শিক্ষার আমাদের এখানে সুবাবস্থা হয়নি। সতাই আমরা এখানে প্রাথমিক শিক্ষার বিষয়ে পশ্চাৎপদ। কিন্তু কি কারণে আমরা পশ্চাৎপদ ? মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই মাত্র বলেছেন যে কি. কি কারণে আমরা প্রার্থামক শিক্ষায় পিছিয়ে আছি। এখানে এত লোক সংখ্যা বেড়েছে, তার খীদ পার্সেন্টেজ কষা যায়, শতকরা হিসাব ধরা যায় তাহলে আমরা খুব যে বেশী পিছিয়ে আছি তা নয়। অবশ্য আমাদের হঠাৎ লোকসংখ্যা বেড়ে গিয়েছে। আবার কতগর্নাল ক্ষেত্রে আমরা গর্ব করে বলতে পারি যে কিছ্ব কম করি নি। যে সফলতা আমরা অর্জন করেছি, তাতে, যে কোন দেশ গর্ব অন্ত্র-ভব করতে পারে, এবং আমরাও গর্ব অন,ভব করছি যে আমরা সে দিকে এগিয়ে গিয়েছি। যেমন স্বাস্থের ব্যাপারে আমরা অনেক এগিয়েছি। আমাদের এখানে মৃত্যুর হার আগে যা ছিল, তার িতন ভাগের এক ভাগ কমে গিয়েছে। অবশ্য জন্মের হার আমরা খুব বেশী কমাতে পারিনি, সেটা যেমন ছিল প্রায় তেমনিই আছে এবং সেদিক দিয়েও আমাদের লোক সংখ্যা বেড়েছে। এই সমস্ত ধরে নিয়ে, আমরা গর্ব করতে পারি যে আজকে এখানে মত্যুর হার আমরা কমিয়ে দিয়েছি। এত কন্ট, এতসব দূরবস্থার মধ্যে থেকেও আমরা মৃত্যুর হার ক্মাতে সক্ষম হয়েছি। এ ছাড়াও আমরা পশ্চিমবশ্সের অনেক কিছ, উন্নতি করেছি। পশ্চিমবাংলায় রাস্তা-পশ্চিমবাংলার শিক্ষারও অনেককিছু হয়েছে পথ প্রভূতি গয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। বিশেষ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গা অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে নেই, বরং এগিয়ে আছৈ এবং আমরা গর্ব করে বলে থাকি যে মাধ্যমিক শিক্ষা ও উচ্চ শিক্ষার ব্যাপারে পশ্চিমবাংলা অন্যান্য প্রদেশ থেকে অনেক ভাল, অনেক উন্নতিসাধন ও প্রগতি করছে। সতিাই এটা আমাদের পক্ষে গর্বের বিষয়।

মহামান্য রাজ্যপালের অভিভাষণ নিয়ে আমি একট্ আগেই আরুন্ড করেছিলাম এই কথা বলে যে পূর্ববাংলায় এবং পশ্চিমবাংলায় যে সমঙ্গত ঘটনা ঘটে গিয়েছে তাতে আমাদের এখানকার অনানা সমঙ্গত সমস্যা ঢাকা পড়েছে, আচ্ছন্ন হয়ে গিয়েছে, এবং সত্যি কথা। আমরা অনেকে ভাব-ছিলাম যে সতিট্ই ত পূর্ববাংলায় যে ৯৩ লক্ষ হিন্দ্র আছে. ও'দের দেশের ১৯৬১ সালের সেন্সাস অনুসারে, আদমসুমারী হিসাবে ৯৩ লক্ষ হিন্দ্র পূর্ববাংলায় আছেন, এই ৯৩ লক্ষ হিন্দ্র ভাগ্য নির্দ্ধ কি ভাবে হবে? তারা যদি সবাই চলে আসতে চান, কোথায় তারা যাবেন?

ভারত সরকার বলেছেন যে পূর্বে পাকিস্তানে যদি তাদের নিরাপদে থাকা অসম্ভব হয়,—এবং মনে হচ্ছে বর্তমানে ওখানকার যে অবস্থা, তাতে অসম্ভব। অসম্ভব যদি হয় তাহলে কি করে। তার আসবেন? মাইগ্রেসন সাটি ফিকেট বেশী করে দেওয়া হোক বলা হয়েছে। তাদের মাইগ্রেসন সাটি ফিকেট দেওয়া সম্বন্ধে আর কার্পণ্য নেই। কিন্তু, এইভাবে মাইগ্রেসন সাটি ফিকেট দিলেও কতলোক আসতে পারে? ঠিক বিধি পূর্বক, হিসাব করে, তাড়াহ,ড়া করে নম্ন, কত লোক আসতে পারে? আমি আগেই বলেছি আমাদের এখানে প্রতিদিন চারশো, পাঁচশো করে লোক আস-ছেন। যদি পাঁচশো করে প্রতাহ লোক আসেন, তাহলে মাসে ১৫ হাজার লোক আসতে পারেন আর বছরে ১ লক্ষ ৮০ হাজার, ধরে নিলাম দুই লক্ষ লোক আসবেন। তাহলে ৯৩ লক্ষ লোক আসতে ৫০ বছর লাগবে। ইতিমধ্যে কিছু লোক বৃদ্ধিও হবে—যাদি হিসাব করে আসা যায়। ওখানে অনেক লোক কমে গিয়েছে সতিা, তবে আমরা তার হিসাব জানি না। কিল্ডু ৯৩ লক্ষ থেকে ২০ লক্ষ লোক কমে নি। এটা আমি বলতে পারি যে কয়েক হাজার নিশ্চয়ই কমেছে। তা আমি যে কথা বলছিলাম যে আমরা হিসাব করে, ঠিক ভাবে একটা পরামর্শ করে তাদের এখানে সবাইকে আনা সম্ভব কিনা, সে কথা চিন্তা করতে! হবে। আমাকে অনেকে বলেছিলৈন যে তোমরা যদি ভারত সরকারকে দিয়ে একটা ডিপ্লমেটিক প্রেসার বা চাপ দিতে পারো তাহলে বেশ সম্প্র ভাবে, নিয়ম করে ওখান থেকে ইভাকুয়েসন হতে পারে। তা হয়ত হতে পারে। কিন্ত আমি যা বলছিলাম যে পাঁচশো করে যদি প্রত্যহ এখানে আসতে থাকে, তাহলে ৪৫।৪৬ বছর **ला**रा यादा। मुटे राजात करत यीम त्ताज आरमन जारान ১১ বছর ১২ বছর লাগবে। কাজে কাজেই হঠাৎ সব লোককে আনা সম্ভবপর নয়। আর যদি কেউ বলেন যে না মহাশয়, তাদের জ্ববরদৃষ্ঠিত স্বাইকে নিয়ে আসতে হবে কিন্ত জ্বরদৃষ্ঠিত আনতে গেলেও রাতারাতি স্কলে চলে আসতে পারবেন না—এটা আমাদের বোঝা উচিত। আরেকটা জিনিস আমাদের বোঝা উচিত—অনেকে বলে থাকেন যদিও আমাদের এই হাউসে এলডার্স-দের এই গুইে এমন কথা কেউ উচ্চারণও করেননি যে মহাশয়, এক্সচেঞ্জ অব পপুলেশন করন। কিন্তু কোন কোন জায়গায় আমরা শুনেছি এক্সচেঞ্জ অব পপুলেশন করা উচিত। আবার অধ্যাপক চক্রবর্তী মহাশয় (Shri Tripurari Chakravorty: There may be evacuation)

বছরে ওদের এনে ফেলুন —আমি বলি তা হতে তাড়াতাড়ি ১ মাস ২ মাসে হতে পারে না। কাজে কাজেই আমাদের এখানে যদি স্ল্যান্ড ইভাকুয়েশন হতে পারে ৫ বছরে ১oi বছরে হতে পারে। কিছু এমন আশ্চর্য-জনক জিনিস নয়। কিন্তু তাতে পাকিস্তান সরকারের পূর্ণে সহযোগিতা দরকার। পাকিস্তান সরকার যাদ আমাদের সংখ্য পূর্ণ সহযোগিতা না করেন তাহলে ৫ বছরে কেন আমরা ৩০ বছরেও পারব না। আর যদি পাকিস্তান সরকার বলেন যে আচ্চা আমরা হিন্দুদের নিরাপত্তার ব্যবস্থা করতে পারছি না—িক হিন্দুদের মন থেকে ভয় শঙ্কা আমরা দূরে করতে পারছি না– এই লোকদের তোমরা আন্তে আন্তে নিয়ে যাও তাহলে নিশ্চয়ই আনা যেতৈ পারে। তখন এখানে আসতে পারে কি আসামের দিকে যেতে পারে—ভারতবর্ষের সর্বত্র যেতে পারে আগে আমরা মনে করতাম পশ্চিমবংগের সমস্ত লোকের উপরে এই দায়িত্ব রয়েছে—প্রে^{বিগ} থেকে হিন্দুরা যদি আসেন তাদের প্নর্বাসন করতে হবে। আমি বলেছি একটু আগে যে আমাদের সমস্যাসঙ্কুল পশ্চিমবাংলার কৃষির জমি আমরা দিতে পারব না—আমাদের এখানে এত বেকার রয়েছে যে আমরা আর বেকারের সংখ্যাও আমরা অন্য দিক দিয়ে বাডাতে চাই না—শিক্ষিত বেকারও আমাদের এখানে আছে, অর্ম্ব শিক্ষিত বেকারও আছে, অশিক্ষিত বেকারও আমাদের এখানে আছে—সহরেও আছে গ্রামেও আছে—আমরা তাদের সংখ্যা আর বাড়াতে চাই ন। সেজন্য কেন্দ্রে একটা পরামর্শ সভা হয়েছিল তাতে আমাকে বাদ দিয়ে আর চারটি প্রদেশে মুখ্যমন্ত্রীদের ডাকা হয়েছিল—মহারান্ট্রের মুখ্যমন্ত্রী এসেছিলেন, উড়িষ্যার মুখ্যমন্ত্রী এসে ছিলেন, মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী এসেছিলেন, অন্ত প্রদেশের মুখ্যমন্ত্রী আসতে পারেন নি তর পরিবর্তে আরেকজন মন্দ্রী এসেছিলেন। সেখানে এই সিম্বান্ত হল বে পূর্ববাংলা থেকে ^{হার} চলে আসবেন তাদের যে সমস্যা তা বাংলার সমস্যা নয় সর্বভারতীয় সমস্যা—আ^{মাদের} জাতীয় সমস্যা এবং জাতীয় সমস্যা বলে যদি এটা গণ্য করা হয় নিশ্চরই ভারতবর্ষে নে^{খানি}। 88 কোটি লোক আছে সেখানে যদি আর এক কোটি লোক বাড়ে তাহলে এমন কিছ, ^{বৰ্চ} ক্ষিনিস নয়। তবে হারী, আমাদেরও বাঙালী ভাইদের মন ঠিক করতে হবে। যে বাংলাদেশে র

যদি এনে খাকে পি . এস . পি . যদি এনে থাকে আমাদের হায়ত আলীকে তাদের দলে তাদের মতে তাহলে তাল কাজ করেছেন—এতে লজ্জার কি আছে। মহম্মদ জাকীর তিনি করপোরেশানের কাউন্সিলার ছিলেন প্রজাসোসালিষ্ট পার্টির টিকিটে--কিছ অন্যায় নয় কোগায় তিনি আগে ছিলেন মুসলিম লীগে ছিলেন না আওয়ামী লীগে ছিলেন আমার তা জানবার কিছ দরকার নাই। সৈফুদ্দিন কাশ্মীরী তিনি একজন পি. এস. পি. ক্যান্ডিডেট ছিলেন, আমি নৌশের আলী সাহেবের কথা বলেছি, আমাদের বদরুদ্ধস্বা গাহেব তিনি পার্লামেণ্টের মেম্বার, তিনি একসময় আমর। দেখেছি প্রজা সোসালিষ্ট পার্টির গঙ্গে ভোট দিয়েছেন। নৌশের আলী সাহেব তিনি মুসলিম লীগে ছিলেন, তিনি পি. এম. পি.তে ছিলেন তিনি কংগ্রেসের ছিলেন এবং তিনি এখন কম্যানিস্ট হয়েছেন। সামি বলচি একটাও যদি হয় তাহলে এমন কোন দোষের কথা নয় এবং এটা হওয়াও উচিত নয়। মুসলিম লীগে থাকা উচিত নয়। আমাদের ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র আমাদের সিকিউলার সেট্ট মুসলিম লীগের মত সংস্থা এখানে থাকা উচিত নয়। যদি কোন প্রদেশে গাকে সেটা তাদের রাজনৈতিক যে সব কর্মী আছেন, নেতারা আছেন তাদের কোন গর্বের নিঘ্য নয়। আজকে এখানে আমরা ঐদিক দিয়ে বিচার করি তাহলে তল করা হবে। শামনা কি কংগ্রেসের আদর্শকে মানবোনা, আর . এস . পি .র আদর্শকে মানবো—মদি এই ভাবে ^{বিচাব}—কিন্তু আমার বন্ধু যতীনবাবু যে ভাবে আরম্ভ করেছিলেন তা আমার খব ভাল লগে-ছল, তিনি বলেছিলেন যে ভারতবর্ষকে নিজের দেশ বলে মেনে নিয়েছেন সে মুসলমান হউক ¹টান হউক আর হিন্দ হউক যে কোন ধর্মের বা সম্প্রদায়ের লোক হউক ভারতবর্ষকে **বে** ^{নিছেৰ} দেশ বলে মেনে নিয়েছে তাকে আমরা রক্ষা করব, নিশ্চয়ই রক্ষা করব। এ সম্ব**ছে** ^{পানবা} সকলেই একমত। তিনি আরও এ**কটি কথা বলেছিলেন যে লোক বিনিম**য় চলবে ^{ম।} সামর। সকলেই এ সম্বন্ধে একমত। কারণ লোক বিনিম্বে এ সমস্যার সমাধান নয়। শনি সেদিন বলেছি যে ভারতবর্ষে ৫ কোটি মুসলমান আছে আর পাকিস্তানে পর্ব এবং পশ্চিম মিলিয়ে প্রায় ১ কোটি হিন্দু আছে। তাঁহলে ৫ কোটি আর ১ কোটি যদি লোক বিনিম্ম হয় তাহলে এই জিনিষ্টা আয়ুব খাঁ আর আমাদের নেতার৷—-যদিও আমাদের নেতারা ^{পদু} এবং ধারাপ শ্রীশশাঙ্ক শেধর সান্যাল মহাশয়ের মতে—যদি তারা এক সঙ্গে আলোচনা ^{ক্রেন} যে ভাইরে ভাই আমাদের ৫ কোটি তোমাকে দিলাম, তোমাদের ১ কোটি ওধানে ^{নিরাপ}ত্ত। বোধ নাই—সত্যি নাই তাদের আমর। নিলামতাহলে ৫কোটি থেকে এক গেলে ^{3 কোট} থাকে তাহলে বলবে যে তোমাদের যথন ৪ কোটি আমরা নিচিছ তথন পাঞ্জাৰ ^{†ও} তাবপর আসাম দাও—যদিও নরেন বাবু বলেছেন যে আসামের লোক সংখ্যা ৭৫ ^{ছি} তানয় ওর হিসাবে এ**কটু ভু**ল আছে আসানের লোক সংখ্যা হচেছ ১ কে টি ১৮ ল**ক** ^{াবে}—তার। বলবে ১ **কোটি** ১৮ লক্ষর জায়গা পেলাম আরও দাও। তখন এই জিনিষ**ট**। ^{1ৰু} ^আয়ুব খাঁ আৰ আমাদের জহরলালের মধ্যে থাকবে না, এটা আন্তর্জাতিক ব্যাপার হ**য়ে** ড়িবে। এই কথা আমাদের যতীন বাবু বলেছেন বলে আমি খুব আনশ প্রকাশ করছি।

[5-10-5-20 p.m.]

স্বাবার শেষকালে যতীনবাবুর কতকগুলি কথা শুনলাম, স্বামার ভাল লাগল না। পাকিস্তানে ষে চর হবে সে হিন্দু হোক, মুসলমান হোক, কংগ্রেসের লোক হোক, আর. এস. পি: লোক হোক, পি. এম. পি.র লোক হোক, ক্যু নিস্ট পার্টির লোক হোক তাকে নিশ্চরা শান্তি দিতে হবে। এ সম্বন্ধে আমি একমত, এ বিষয়ে কোন সন্দেহ নেই। এটা আমাদের এখানে কংগ্রেসে যার। মুসলমান আছেন তাঁরাও সমর্থন করবেন। কিন্তু কংগ্রেসের সচ পি. এস. পি., আর. এস. পি, আর ফরওয়ার্ড ব্লকের তুলনা হতে পারে না। কংগ্রেসের এছ সদস্য, কংগ্রেসের পক্ষপুটে এত লোক রয়েছে যে তার মধ্যে এই যে নাম করে বললে আমার বন্ধ, একজন কর্পোরেশানের কাউন্সিলার, তিনি কংত্রেসের টিকিটে রিটার্ণ হয়ে ছিলেন তাঁকে আপনার। ধরেছেন। তাঁকে ধরে আপনার। ভালই করেছেন, তবে এটা সাহসের কাজ হলেও এতে আপনি খব বাধা পেয়েছেন। আমি মাননীয় সদস্যকে এই কথ বলতে চাই যে আমি যে ধরব তা কেউ জানতো না। আমার যারা মন্ত্রী সভার সদস্য রয়েছেন তাঁরাও জানতেন না। হোম মিনিস্টার হিসাবে আমাকে এমন অনেক কাজ করতে হয় যা আমি কাউকে জানাইনি। কেন বলতে যাব। কেন না, সব কাজ সব কথা খলে বলা যায় না। এমন কি এমন কতকগুলি কথা আছে যা যতীন বাবুর কথাব উত্তরে বলতে পারতাম কি শশান্ধ সান্যাল মহাশয়ের কথার উত্তরে বলতে পার্নতাম, কি নরেন দাস মহাশয়ের কথা উত্তরে বলতে পারতাম, কিন্তু আমার মুখ বন্ধ, আমি বলতে পারি না। এমন সমস্ত ক্র্যা আমি জানি যা আপনাদের বললে আপনাদের গকলকে কনভিন্স করাতে পারতাম, কিন্তু তা বলা আমার পক্ষে অসম্ভব। তা যদি বলি আজকে তাহলে কালকেই আপনার ৰলবেন তুমি হোম মিনিস্টাবেৰ উপযুক্ত নও, এক্ষুনি পদত্যাগ কর। মাননীয় শশাঃ **माना**न मंगान प्रमुखारणंत कथा तरनराहनं किना जानि नां, उत्त अरनरक अरनकतांत तरनराह আমি যদি মনে কবি যে পদত্যাগ কবা উচিত, কংগ্রেসের মন্ত্রীরা যদি দরকার মনে করেন তাহলে সঙ্গে সঙ্গে তাঁর। পদত্যাগ করতে পারেন। আমি স্বেচছায় কেউ না বলুক্তে পদত্যাগ পত্রে পেশ করেছিলাম। (শ্রীযতীন চক্রবতীঃ পদত্যাগ অতুল্যবাবু ঠিক করবেন)। অতুল্য বাবুর সঙ্গে কোন সম্পর্ক নেই। আমি যখন টেলিগ্রাম করি আমাদের প্রধান মই পত্তিত জহরলাল নেহেরু মহাশয়কে আমাদের কংগ্রেসের প্রেসিডেণ্ট সঞ্জীবায়াকে এব সক্ষে সঙ্গে অতুল্য বাবুকে টেলিফোন করেছিলাম, তাঁর সঙ্গে পরামশ করিনি, তিনি তখন এখা ছিলেন না. এমন কি আমাদের কোন বন্ধু জানতেন না, কিন্তু ধবরের কাগজ জেনে গেন रामन यञीन ठळवर्जी मरानग्र मार्स मार्स ज्यानक कथा ब्लान यान, जांत्र मर्था कान्हों ज् কোনটা আধা ভল, কোনটা ঠিক, কোনটা বেঠিক, তেমনি সমস্ত কাগজ বের করে দিরেন তখন আমার বন্ধরা বললেন আপনি পদত্যাগ করেছেন কেন? কাজে কাজেই কংগ্রেন্সে লোকেরা পদত্যাগ[®] করতে পারে। আমাদের সঞ্চীবায়া রেডডী, অন্ধ্রের মুখ্যমন্ত্রী তিনি পদত্যা^গ করেছেন। তাতে কি হয়েছে? আমাদের কংগ্রেসের লোকেরা পদ নিতেও পারে আর্ক্য प्राप्त कलारिनंत जना प्राप्त त्रवा कत्रवात जना यि भुराजन मरन करत ठाइरल निकारी পদত্যাগ করবে, এটা বড় কথা নয়। তবে তাঁর কথায় করবে সেটা একটা ভাববার ^{বিষয়}। আমার বন্ধ শ্রীযতীন চক্রবর্ত্তী মহাশয় এক দিলে অনেক পাখি মারবার চেষ্টা করোছনে ৰারা যায়^লনা। আমি সেদিন অল ইণ্ডিয়া স্থাটিং কমপিটিসন হচিছ্ল, ৪।৫ দিন ^{আগে} গিয়েছিলাম। আমি রাইফেল ধরেছিলাম ঠিকই, আন্দাজে মেরেছিলাম। যতী^{নবা} ওনে রাধবেন, আমার সঙ্গে ছিলেন আমার বন্ধু অথমন্ত্রী মাননীয় শৈল কমার মুধার্জী মহাশয় তিনি তারপর দেখলেন যে আমি প্রায় ঠিক মেরেছি, ওঁর চেয়ে ভাল মেরেছিলান। ^{তুর্ব} দেখলাম অনেক দিন ধরে প্রাাকটিস করতে হয় ঐ উডস্ত জিনিঘকে মারতে ^{গেনে} বিকানিরের মহারাজার সঙ্গে একজন সঙ্গী এসেছিলেন তিনি সেই উভস্ত পাধি ^{মাবটে} আরম্ভ করলেন পট পট করে। আমাদের যতীন বাবুর অবশ্য সেরকম ভাল শিকারী নন. ^{টাৰ্} মারবার চেষ্টা করেন. তাক-তোক লাগান বটে কিন্তু উড়ে যায়। উনি বললেন যে মাস্তু^দ্রকী সাংষাতিক লোক। অবশ্য এটা ধুব দুংধের বিষয় মাননীয় সভাপতি মহাশয়, যাঁরা ^{এরানি} উত্তর দিতে পারবেন ন। আমাদের কর্মচারী দের সম্বন্ধে • • • • • • • •

আমি শেদকারের কথা বলেছি, মাস্লদের কথা বলেছি, হিন্দু মুসলমানের যে চক্রান্ত সে সম্বন্ধে বলেছি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের যতান চক্রবর্তী মহাশয়ের সিস্টেম খুব ভাল এটা স্থামাদের স্বীকার করতে হবে। আমি স্থাগেই বলেছি ওঁর হয়ত ১শো টার মধ্যে ২টো ঠিক হল, ৯৮ টা গুলিয়ে যায়—২টা ঠিক হলেও যথালাভ। এক্ষেত্রে উনি ঠিকভাবে মারতে পারেন নিকেনা শ্রীমান্ত্রদ শ্রীখেদকারের সঙ্গে যেসব বিষয় নিয়ে ঘড়যন্ত্র করেছেন এটা ঠিক নয়। এবং শ্রীমান্ত্রদের কথা পূর্বেও এখানে বলা হয়েছে।

Shri Jatin Chakravorty:

বামি ডি, আই, জি, মাস্কুদের কথা বলিনি—মাস্কুদ ৫ জন খাকতে পারে, নট ডি, আই, জি, সাস্কুদ, আমি বলেছি মাস্কুদ ঐ খেদকারের বাড়ীতে বসে ওখানে ফটোটার্ট যোগাড় করে।

The Hon'ble Prafulla Chandra Sen :

বুৰেছি বুৰেছি, বসুন। আমাদের যতীনবাবু একটা ফাঁকা আওয়াজ করলেন—ফাঁকা এজন্য বর্নছি, যে মাস্থদের কথা তিনি উধাপন করলেন সেই মাস্থদের নাম আমরা জানি না, সেই মাস্থদের পরিচয় জানি না।

Shri Jatin Chakravorty:

খ্ৰাজ করুন না।

The Hon'ble Profulla Chandra Sen :

टें⊓ नि*ठग्रहे कत्रत्वा।

Shri Jatin Chakravorty:

আমি সেই মাস্ত্রদ সম্বন্ধে কোনদিন কিছু বলিনি।

The Hon'ble Prafulla Chandra Sen :

বাব একজনের কথা তিনি বলেছেন আমাদের হোম ডিপার্ট মেণ্টে তান্ধু জালাল বলে একজন কর্মচারী ,আছেন—যতীনবাবু একথা বলাতে আমি লোক পাঠিয়েছিলাম খোঁজ নিতে. আমাদের হোমসেক্রেটারী কিছু বলতে পারলেন না যে আবদু জালাল বলে কোন ব্যক্তি আছেন কিনা হোম ডিপার্ট মেণ্ট এবং তিনি পয়গমের এডিটোরিয়াল লেখেন কিনা।

Shri Jatin Chakravorty:

পাপৰার হোম সেক্রেটারীকেতো আমি চিনি।

The Hon'ble Prafulla Chandra Sen:

শাপনি কাকে না চেনেন ? আমাদের যতীনবাবুর পৃথিবীতে এমন লোক নেই যার নাড়ী নক্ষম সমস্ত কিছু তিনি না জানেন।

Shri Jatin Chakravorty:

শাড়ীর খবর আমি কম রাখি, নক্ষত্র জানি।

The Hon'ble Prafulla Chandra Sen :

^{পানি} ষতীনবাবুর নাড়ীর ধবর অনেকজানি, সেই সমস্ত বলতে চাইনা। একজন মাননীর ^{স্বন্য} বলেছেন নরেনবাব বল্লেন কি যতীনবাবু বল্লেন আমার সমূরণ নেই যে আমাদের থানে পাক ন্যাশনাল অনেক পুলিস আছে। আমি মন্তদুর জানি যে আমাণের শতথামেক পাক পুলিস অপ্ট করেছিলেন। যেমন আমাণের পশ্চিমবাংলার লোক যারা অর্থাৎ ভারজীয় নাগরিক এমন বহু লোক আছেন যাঁরা পাকিস্তানে অপ্ট করেছিলেন। মাননীয় সদস্যরা জানেন একজন ইংরাজ আই, সি, এস, তিনি ভারতত্বর্ধেও অপ্ট করতে পারেন, পাকিস্তানেও অপ্ট করতে পারেন। যাঁরা পাকিস্তানের সিটিজেন্স তাঁরা আমাণের এখানে অপ্ট করতে পারেন—এটা নূতন কিছু নয়। সেই রকম ভারতীয় নাগরিক তিনি যদি ডেপুটি ম্যাজিট্রেট থাকেন কি ম্যাজিট্রেট থাকেন কি করাজিলেইট থাকেন কি করাণী থাকেন কি পুলিসে থাকেন যে কোন কাজেই থাকুক না সেখানে অপ্ট করতে পারেন কিছে সেখানে তাঁর সিটিজেন্সসীপ কি হবে এটা একটা জটিল ব্যাপার। একজন ইংরাজ আই, সি, এস, সে যদি পাকিস্তানে অপ্ট করে সে কি পাকিস্তানী ন্যাশনাল হবে না। একজন ইংরাজ আই, সি, এস, সে যদি সাধীনতার পর ভারতবর্ধে অপ্ট করে পাকিস্তানে না গিয়ে তাহলে সে কি ভারতীয় নাগরিক হবে না। এটা একটা জটিল পুশু, তবে এটুকু আপনাকে বলতে পারি মাননীয় সভাপতি মহাশয় যে, আমাণের এখানে যে কজন ছিলেন, আমি সংখ্যাটা ঠিক পাইনি, আনতে দিয়েছিলাম, তার মধ্যে অদ্ধেকের বেশী চলে গেছে—কেউ স্বেছায় চলে গেছে, কেউ কাজ ফুরিয়ে গেছে বলে চলে গেছে।

[5-20-5-30 p.m.]

বেশী পাক ন্যাশনাল আমাদের এখানে নেই। আর আমাদের এখানে ডকের কথা, পোট কমিশনারের কথা উল্লেখ করা হয়েছে। আমার যতদূর মনে হয় ৫২ জন, কি ৫৩ জন পাক ন্যাশনাল আমাদের পুলিশের মধ্যে আছেন। আমাদের পশ্চিম বজে পুলিসের সংখ্যা হছে মোট ৫৬ হাজার। এই ৫৬ হাজারের মধ্যে—আমি মেমারী থেকে বলজ্ ৫২—জন কি ৫৩ জন পাক ন্যাশনাল যার। পার্টিশান এর পরে এখানে থাকবেন বলে অপট করেছিলেন, বা অফসান দিয়েছিলেন, তারাই আছেন এই ৫৬ হাজারের মধ্যে। এখানে আর একটা পুশু উঠেছে যে পোর্ট কমিশনারের যে সমস্ত পাক ন্যাশনাল আছেন, তাঁদের কি হবে? মাননীয় সদস্য যতীন বাবুকে আমি এই কথা বলতে পারি যে ১৩ শো, কি ১৪ শো পাক ন্যাশনাল আছেন, বা ভার চেয়ে কিছু বেশী, কম হতে পারে।

(এ ভয়েস: ১৪ শোর চেয়েও বেশী ?)

হাঁা, কিছু বেশীও হতে পারে। তবে খুব বেশী নয়, দু হাজারের ও কম। এবং যার। আছেন তাদের মধ্যে প্রায় ৬ শো, ৭ শো জন তার। এই হাজামার পর, পদত্যাগ পত্র দিয়ে ছিলেন, এবং তাদের পদত্যাগ পত্র আমি সঠিক বলতে পারবো না, তবে আমি ফতদূর শুনেছি গৃহীত হয়েছে। তাদের নিয়ে আমাদের কোন ভাবনা নেই। তবে এটা ঠিক যে আমাদের দেশে স্বাধীনতার পর. আমরা ঠিক আগেকার মত এসপিওনেজ-এর কাজ করতে পাচ্চিনা। এটা সত্য কথা যে আমাদের বিরোধী দলের সম্বন্ধেও পারি না। একটু আলগা হয়ে গিয়েছি। কেন ? যে এটা একটা গণতম্ব রাষ্ট্র বলে বুঝতে হবে। এখন বিলাতে যদি আপনি যান, বা ইউ, কে, তে যদি যান, তাহলে দেখতে পাবেন যে, সেধানে ঠিক রাশিয়ার মত এসপিওনেজ-এর কাজ হতে পারে না। যদি আপনি ইউ, এস, এ-তে যান, তাহলে সেখানে চায়নার মত এসপিওনেজ হতে পারে না। (নয়েজ এও ইনটারাপশানস) এই রকম যদি রাণিং কমেনটারি চলতে থাকে তাহলে আমরাও কোন মাননীয় সদস্য ওদিক থেকে বলনে এই রকম করবো। এ কি কথা ? আমি যখন উত্তর দিয়ছিছ, তথ্ম এই রকম বাণিং কমেনটারি যদি হয়, সভাপতি নহাশার, আমার পক্ষে জবাব দেওয়া অসম্ভব।

Shri Sasanka Sekhar Sanyal :

অন এ পরেণ্ট অব অর্ডার, স্যার, ওঁকে বাধা দিলে, নিশ্চয় বলবেন যে বাধা দেওয়াটা অন্যার। কন্ত চীফ মিনিস্টারের এই রকম ভাবে থ্রেটেন করাটা কি ইন অর্ডার ? যে আমরাধ বাধা দেবে। ?

The Hon'ble Prafulla Chandra Sen:

ামি তা বলিনি। আমাদের বন্ধুবর এতবড় বিজ্ঞ লোক যে, উনি ভুল বুঝলেন। আমি লেছি যদি আমর। বাধা দিই, কেমন লাগে? আমি বলিনি বাধা দেবা। আমর। স্ব ধরণের লোক নই, আমাদের বাধা দেওয়া অভ্যাস নয়। আমি বলেছি কি দদি। কিছে তাহলে আপনাদের কেমন লাগবে? নিশ্চয়ই ভাল লাগবে না। কাজে লাজেই তাকে বাধা দেওয়া বলে না। আমাদের এদিককার প্রতিটি সদস্য এত ভদ্র তাঁরা এরকম বাধা দেবার কথা কলপনা করতে পারেন না। (নরেজ এও ইনটারাপ্রনান)। নিনীয় সদস্যগণ, বাঁরা এদিকে আছেন তাঁরা এরকম বাধা ক্ষনই দেবেন না। (ভ্রেস্ক্র অপোজিসন বেঞ্চ: আমাদের এদিকের সদস্যদের বেলায় বুঝি এটা প্রয়োগবোগ্য নয় প্রা তা বলচি না। (হাস্যরোল)।

মাননায় সভাপতি মহাশয়, আমরা কাউকে বাধা দিতে চাই না, এবং আমর। চাই যে আমরা বিন বলবো, অবশ্য সে সময় দু একটা প্রশু করা হয় এবং করাও উচিত, কিন্তু যদি বি সময় এই রকম প্রশু হতে থাকে—তাহলেও আমার সাব গুলিয়ে যাবে।

Shri Sasanka Sekhar Sanyal:

দাপনাকে তো নোট নিতে হবে।

The Hon'ble Prafu!la Chandra Sen :

গানিত্ কোন নোট নিইনি, কিছু লিখেও রাখিনি। কাজে কাজেই আমি আপনাদের বজৃতা গুননাম, এখন তার উত্তর দেবো। কিন্তু আমার পক্ষে মুস্কিল হচেছ——অনবরত যদি ওপক থেকে বানা পাই তাহলে সব গুলিয়ে যায়। তাছাড়া দু-ষণ্টার মধ্যে এও নাট নিয়ে, তার রিপ্লাই দিতে দুদিন সময় লেগে যাবে।

Shri Sasanka Sekhar Sanyal: You are there to take note of every word we say.

The Hon'ble Prafulla Chandra Sen:

মানিত মাধায় নোট নিয়েছি। আমার মাধায় সমস্ত নোট আছে। কেবল যেটার নাম দরকার,
সৌন আমি লিখে রেখেছি। আমি নোট মাধায় লিখে রেখেছি। নিশ্চয়, এখন কথা

শৈচ্ছ যে আমাদের এখানে অপট করে যাবা আছেন, এবং ওঁদের ওখানে আমাদের লোক
বা অপট করে আছেন, তাদের সংখ্যা কত ? এই সংখ্যা ঠিক জানা নেই—হতে পারে চার
ন, কি পাচ জন, এবং তাদের সম্বন্ধে কি বাবদ্বা করা হবে, সেটা আলাদা বিচার্য্য বিষয়। আমি
ানিনা যে, তারা অপট করলে পরে তাদের সিটিজেনসিপ বদলাবে কিনা ? আমার
ধারণ বৃদ্ধিতে যত্টুকু মনে হয় যে অপট করলে পরে, তার সিটিজেনসিপ যায়না।

একজন মাননীয় সদস্য বলেছিলন যে আমাদের এখার্নে অনেক পাক ন্যাশনাল আছেন, দট বলেছেন হাজার জন পাক ন্যাশনাল এখানে আছেন, আবার কেউ বলেছেন লক্ষ্ণ পাক ন্যাশনাল এখানে আছেন, এবং একটা প্রস্তাব এখানে হয়েছে যে তাদের কলের নাম জাহির করে দেওয়া হোক, তাদের নাম প্রকাশ করে দেওয়া হোক, তারা রি৷ তা বলে দেওয়া হোক—যে অমুক, অমুক, অমুক পাক ন্যাশনাল আমাদের এখানে ছে।

পাক ন্যাশনাল আছে এবং পাক ন্যাশনাল-এর হয়ে কাজ করছে, এ দুটোকে আবার নিদা ভাবে তফাৎ করতে হবে। পাক ন্যাশনাল যেমন আমাদের এখানে থাকতে পারে, চনি আমাদের ভারতীয় ন্যাশনালও থাকতে পারে পাকিল্যানে বা অন্যান্য দেশে। কাজেই নিদ্ব নাম নিয়ে যদি আমর। টেঁটর। পিটিয়ে দিই, সেটা ঠিক হবে না। আমি বিশি বিদেশে যাই, তার। কি বলবে ওচে ভারতবর্ধ থেকে একজন অমুক লোক এসেছের গ চগ, ডগ ?

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি কৈ সেধার্নে আনঅধরাইজড ভাবে যাচেছন ? আমি বলেছি যার। এখানে জ অভুরাইজ্জ ভাবে আছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এ প্র্যান্ত ৩৫ হাজার ৫০০ জন পাক ন্যাশনাল বারা ভারতীয় নাগরিক নয়. এবং ফ আনঅথোরাইজ প্রবেশ করেছিলেন বেআইনী ভাবে তাদের আমরা বহিষ্কার করে দিয়ে এবং সেজন্য আমি বলছি আরও যদি ৭০ হাজার কিম্বা ১ লাখ কিম্বা যদি ২ লাখ যদি গ ন্যাশনাল থাকে তাহলে আমরা নিশ্চয়ই তাদের আমরা বহিৎকার করব। পাক ন্যাশনা সংগ্রে আমাদের কোন বন্ধ্যুত্ব নেই, কাজ নেই। পাক ন্যাশনালের সংগ্রে আমাদের কোন ব নেই। পাক ন্যাশানালের কাছে আমরা কোন ভোটের জন্য যাব না। এবং কোন মসলমা চাইবেন না যে পাক ন্যাশানাল এসে—অবশ্য যে মুসলমান ভারতবর্ষকে ভালবাসেন মুসলমান ভারতীয় নাগরিক তিনি চাইবেন না যে পাক ন্যাশানাল আমাদের পশ্চিমবাংলায় এ কিশ্বা ভারতবর্ষে এসে বিশৃংখলা অবস্থার সূচ্টি করে—এটা নিশ্চয়ই কেউ চাইবেন ন আমরা ধরেছি ৩৫ হাজার ৫০০ জনকে। আমাদের এদ্পিওনেজ কতটা ভাল কতটা মন্দ অ দে বিচারের মধ্যে যাচ্ছি না । আমরা চেণ্টা করি—যে কথাটা বলছিলাম যে আমাদের এ আলগা হয়ে গেছে। যেখানে ডিক্টোরশিপ সেখানে বাবস্থা একরকম— এস্পিওনেজ-এর ধ একরকম আর যেসব্ জায়গা গণতান্ত্রিক সেসব জায়গার এদ্পিওনেজ এর ব্যবস্থা অন্য রক্মে **म्हिल** आभारनंत स्वीकात कतराज रूप वार प्रकार आभारनंत वकरे, आल्या रूप राराष्ट्र विवास বাধ্য। আমি স্বীকার করছি। কিন্ত এটাও ঠিক যে ডিক্টেটরশিপ অর্থাৎ টোটালিটেরি স্টেট যেগ্রালি তাদের এচ্পিওনেজ যতটা কডাকডি ব্যবস্থা আমাদের গণতান্ত্রিক দেশে সে র হতে পারে না তুলনামূলক ভাবে। এবং হওয়া সম্ভবপর নয় বলে আমার ধারণা।

শ্লীশশাক্ষশেষর সান্যালঃ এ ফার্ম ডেমোক্রাসি হ্যাজ এ ফার্ম এস্পিওনেজ আমার ধারণা ে সেটা আমি নিশ্চয়ই বলব । আমার ধারণা গণতান্তিক সম্মত রাণ্টো টোটালিটেরিয়ান রাণ্ মত এচ্পিও নজ হওয়া সম্ভবপর নয়। আমার ধারণা হয়ত ভল হতে পারে কিন্ত আমার ধারণা আমি ও পক্ষের কোন বস্তুতা শুনে তা কি করে পরিবর্তন করব। তাহলে পরেও আ বলছি যে আমাদের এচ্পিওনেজ ব্যবস্থা ঠিক আছে। এই কথা বলেই আমি এখানে । করছি। তারপরে এখানে আরেকজন সদস্য বলেছেন যে বামনগাছিতে পাকিস্তানী ফ্লাগ উড় হয়েছে। আমি এই মাত্র খোঁজ নিয়ে জানলাম যে বামনগাছি হচ্ছে বারাসতে, সেখানে পাকিস্তা ছাগু মোটেই উডান হয়নি তবে একটা সাদা ফ্লাগু উডিয়েছিলেন তারা, সেটা তারা 🛮 ধর্মের 🌹 বলেন, সেটা মোটেই পাকিস্তানী ফ্লাগ নয়। এটা আমি আগেও খোঁজ করেছি এবং এখন খে করে জানতে পেরেছি। এইবার আমি আরেকটি বিষয়ে বলব, সেটা হচ্ছে ঈদের সময় পবিত্র ^{ঈটে} নামাজের সময় যে সমুক্ত ঘটনাবলী ঘটেছে—আমি যতটা জানি ঘনিষ্ট ততটা বোধহয় মানন সদস্যরা জানেন না । এই ঈদের নামাজ যখন হবার কথা হয় ময়দানে—তখন মুসলমান সম্প্রদারে নেতারা আমাকে বলেছিলেন যে দেখুন আমরা যদি সকলে মিলে নামাজ পডতে আসি ময়দানে মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন ময়দানে ৫০।৬০ হাজার লোক জমায়েত হয় ^{আর্} কোন কোন বছর ১ লাখ লোকও হয়—আমাদের অনেকের ঘর পড়ে গেছে. আমাদের ^{অনেকে} থাকবার জায়গা নাই, আমাদের ছোট খাট জিনিষপত্র যা নিয়ে আমরা বসবাস করছি. যা আ^ম আগলে আছি—ভয় এবং শঙ্কা আমাদের এখন দূর হয়নি, আমরা যদি এই সময় ঘরবাড়ী জা করে ময়দানে নামাজ পড়তে যাই তাহলে আমাদের আবার যদি কিছু হয়ে য়য়৴আ তখন তাদের বললাম যে কিছ, হবে না আমি দায়িত নিচ্ছি। তখন তাঁরা বললেন ঠিক ক আপনি দায়িত্ব নিচ্ছেন আমরা জানি কিন্তু মনে সাহস পাচ্ছি না। তারপর তারা বললেন হ আমাদের তো নামাজ পড়তে হবে আমরা যদি পাড়াতে পড়ি নিকটম্থ মসজিদে পড়ি তাতে আমাদ নাষ কি, আমাদের এই ধর্ম্ম কাষ্য —আমাদের এই মনের অবস্থার ধনি সেই রকম করি তাহজে নুমাদের অন্যারটা কি হবে। আমি ভাবলাম অন্যায় হবে না।

5-30-5-39 p.m.]

নাকে আপনাদের ভুল বুঝবে। লোকে এটা বুঝবে যে ময়দানে নামাজ যদি না হয় তাহলে লকাতার অবস্থা এত শোচনীয়, কলকাতায় নিরাপত্তার ভাব আমাদের মুসলমান ভাইদের মনে ্র কম যে তারা সাহস করে আসতে পারল না। এজন্য অনেক আলোচনা হয়েছে এবং আমি নেতে পেলাম, আমি কোন রাজনৈতিক দলের নাম করতে চাই না, কারণ তাতে তিন্তুতার স্কৃতি বে যে তাঁরা বলেছেন যে, না, তোদের এত লোকজন মারা গেছে, তোদের সম্পত্তি লুঠ হয়েছে. গীবনহানি হয়েছে, তোমরা শোকের চিহ্ন পরিধান কর, তোমরা ব্রাক ফ্লাগ টাঙ্গিয়ে দাও এইরকম বর আমাদের কাছে এল। আমরা তখন নেতৃস্থানীয় মুসলমান ভদুলোকদের ডেকে পাঠালাম াবং বল্লাম, মহাশয়, এতো ভাল খবর নয়। আমার কাছে এক বাক্যে তারা বললে, সেখানে বধান সভার সদস্যরা উপস্থিত ছিলেন, ঈদের ৩।৪ দিন আগে আমি তাঁদের ডেকে পাঠিয়ে ছলাম যে নিশ্চয়ই ঈদের নামাজ পড়তে হবে। তারা বললে আমরা প্রত্যেক বছর ময়দানে ষাই ্য আমরা সকলেই ময়দানে যাব, ঈদের নামাজ না পড়লে আমাদের অকল্যাণ হবে, দেশের অপমান বে, আমাদের ময়দানে যেতে হবে। আমরা মসজিদে পড়ব এবং ময়দানেও যাব। এজন্য তাঁরা । কটা বিব্যতি দিয়েছিলেন। আমাদের বিধান সভার যাঁরা সদস্য ছিলেন তাঁরা প্রত্যেকে সই দরে একটা বিবৃতি দিয়েছিলেন। এবং আমি এও জানি যে ঈদের আগে ২ দিন ধরে রাতে गता वर, आत्नाठना करतरहन, भाषाय भाषाय शिराय जीता वरनरहन रा मयानान देरान्त नामाख াড়তেই হবে। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে আমি প্রত্যেকবার যখন কলকাতার াকি তথন ঈদের নামাজের সময় ময়দানে যাই। আমাকে দু'একটা কথা ঈদ মবারকে দিতে লেন। আমি এবারেও গিয়েছিলাম, কারণ আমাদের মনে একটা শঙ্কা ছিল। আমি দেখলাম মামাদের আইন সভার সকল সদস্য উপস্থিত ছিলেন। কলকাতায় যারা ছিলেন তারা প্রত্যেকে গৈশ্যিত আছেন এবং আরো দেখলাম খবে ভাল ভাল অবস্থাপন্ন শিক্ষিত অনেক লোক আছেন— াই কোর্টের ব্যারিস্টার, উকিল আছেন। কিন্তু এটা সত্য যে ৫০।৬০ হাজার লোক হয় নি । ^{কট} বললেন ৭।৮।১০ হাজার হয়েছে, আবার কেউ কম করে বললেন ৬।৭ হাজার লোক ^{হরেছে।} কিন্তু লোক হর্মেছল এবং খুব ভাল লোক যাদের সমাজের মধ্যে নেতৃত্ব আছে, প্রতিষ্ঠা ^{মাছে} এমন লোককেও আমি সেদিন ঈদের নামাজে দেখেছিলাম এবং এটাও সত্য যে লোকের ^{মনে কিছ}, ভয় ছিল, হয়ত আমরা পুরের ১৬ আনা ভয় দূরে করতে পারিনি। তবে ধারা এই ক্ষেভাবে কালো ব্যাজ শোকের চিক্ত ধারণ করেছিলেন তাঁরা এ্যাণ্টি ন্যাশানাল কিনা আমি তা র্গনি না। আমি তাদের বলতে পারব না যে তারা সকলেই এ্যান্টি ন্যাশানাল ভারতবর্ষে হিন্দুর ^{্যিদ} অধিকার থাকে কথা বলবার, তার মত প্রকাশ করবার, আনন্দ প্রকাশ করবার, শোক করবার, ^{্রেখ} প্রকাশ করবার তাহলে মৃসলমানরাও বলতে পারে আমরা ভারতীয় নাগরিক, আ**মরা** শাকিস্তানী নই. আমরা কারোর চর নই, আমরা ভারতবর্ষে জন্মগ্রহণ করেছি ভারতবর্ষে থাকব. ^{মামন} ভারতবর্ষে মরব । কিন্তু ভারতবর্ষের মত একটা ধর্ম নিরপেক্ষ রা**ন্ট্রে** যেখানে সরকার কিল বক্ষাভাবে সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দেয় না. সেখানে এই যে এতবড় ঘটনা ঘটে গেল তার ^{ছনা অমরা} খ্বই দ্_ৰঃখিত। যদি তারা শোক চিহ্ন ধারণ করে—তাদের মধ্যে দুন্ট লোক থাকতে

পারে আমি অস্থীকার করি না, তাদের মধ্যে রাজনৈতিক প্ররোচনা থাকতে পারে আমি অবিশ্বাস করিছ না, কিছু কিছু আছে আমি তাদের নাম করব না, যেমন আমাদের একজন বন্ধ বলেছেন রাজনৈতিক একটা দল কি করেছেন, তাহলে এটা সত্য যে তাদের এই অধিকারও আছে শোক চিহ্ন ধারণ করার। তারা যদি বলে যে আমাদের লোক মরেছে, আমার ভাইকে মেরেছে আনার স্থীকে মেরেছে, আমার ঘর প্রভিরে দিয়েছে তাহলে তারা শোক চিহ্ন ধারণ করতে পারে। তবে আমি এও আপনাদের কাছে বলছি যে মুসলমান ভায়েদের শতকরা ৯০ জন স্টদের নামাজ পড়েছে, আনন্দ করে পড়েছে, গ্রামে গ্রামে শহরে শহরে, কলকাতাতে, নাখোদা মসজিদে কেউ বলছেন ১০।১২ হাজারের বেশী, আবার অনেকে বলছেন ২৫ হাজার লোক হয়েছে।

এও আমি আপনার কাছে বলচি যে বহু লোক আগে তাদের একটা এমন হয়েছিল, ভয় হয়েছিল, শংকা হয়েছিল যে আমরা নৃতন কাপড় পরবোনা কিয় বুঝলেন পশ্চিমবঙ্গে তাঁর৷ যখন যে ना. এখানে সমস্ত রাজনৈতিক দলমত নির্বিশেষে তাঁরা বলে যে ভারতীয় নাগরিককে, ভাল মুসলমানদের নিশ্চয়ই আমাদের ^{বৃ}ক্ষা করতে হবে, বাঁচাতে হবে, সম্পূর্ণ অধিকার তাদের দিতে হবে—তাঁর। যথন সেট বুঝতে পারলো তখন তাঁরা বল্লেন নি*চয়ই আমরা নমাজ পড়বো, নি*চয়ই আমবা নতন কাপড় পরবো এবং আমরা পরে শুনেছি যে নূতন কাপড় অনেক বিক্রী হয়েছে। আমাদের সরকারের তরফ থেকেও কিছ্ কিছ্ কাপড় যাঁর। দুস্থ যাঁদের ঘব পুড়ে গেছে, **নষ্ট হয়েছে তাঁদে**র দেয়া হয়েছে, আমাদের রিলিফ কমিটি দিয়েছেন, অন্যান্য রিলিফ থেকেও দিয়েছেন—ভার। নৃতন কাপড় পরেছেন এবং আনন্দ করেছেন। আমা^ব এ বিষয় কোন মতের পার্থক্য নেই যে আমাদের ধর্ম নিরপেক রাট্ট रराष्ट्र (य **অনিদের পবিত্র সংবিধানকে আম**রা রক্ষা করবো, পবিত্র সংবিধানের প্রত্যেক ধাবা^ক चौरता পালন করবো এবং আমরা জানি যে প্রত্যেকটা মুসলমান বারা ভারতীয় নাগরিব পাকিস্তানী নয় বা পাকিস্তানের চর নয় তাদের, শতকরা ৯৯ জনেরও বেণী, ঠায় **ভারতবর্দের সং নাগরিক তাঁর। ভারতবর্দকে বাঁচাতে চান, ভারতবর্দ্ধে ধাকতে চান, কাঁ** করতে চান, পরিশ্রন করতে চান, সমৃদ্ধি বাড়াতে চান, কৃষির উনুতি করতে চান, শিল্পে^গ <mark>টবুন্তি করতে চান, মেহেনতী কর</mark>তে চান এবং তাঁর। এখানে থাকতে চান। তাঁদের আফা দিশ্চমই প্রাণ দিরে রক্ষা করবে। কিন্ত বাঁরা তা নদ নিশ্চমই তাঁদের সহত্তে কঠোর বাবরা ব্দ্দাৰণ কৰুবে। এবিষয়ে কোন বিনত নেই। **ভাষাদে**র এসপিওনেজ ভাল কি 🗗 **জ স্বা**মি আলোচনা করছিন। কিন্তু আমরা ৩৫,৫০০ লোককে পাঠিয়ে দিয়েছি, আমরা ^{বহু} ^{ৰু}সলমানকে ধরেছি, আমরা সালাউদ্দিনকে ধরেছি, বহু মুসলমানকে ধরেছি। আমি কা^{ট্রে} জানাইনি। বদি আমর। মনে করি কংগ্রেসের মধ্যে দেশব্রোহী ভারতদ্রোহী লোক ^{আছেন} তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে ধরবো—কেন ধরবোনা ? কিন্ত এখানে কংগ্রেসের ^{একক্সন} লোক ধরা পড়লো বলে উৎফুলু হলাম এটার কোন কারণ নেই। কংগ্রেস ভারতবর্ষের ^{মধো} স্বচেয়ে বড় প্রতিষ্ঠান—কংগ্রেসের একটা মহান প্রতিষ্ঠান বলে ঐতিহ্য আছে এটা ^{কেই} অস্বীকার করতে পারবেনা। এটা একটা সর্বভারতীয় প্রতিষ্ঠান, প্রত্যেক গ্রামে আছে, প্র^{ত্যেক} **সহরে আ**ছে কংগ্রেসের মধ্যে কোটিকোটি লোক আছেন। সেখানে যদি ২।১ জন ^{অনাট} কাজ কিছ্ করেন তাঁদেরও আমরা ছেড়ে দিই না, তাঁদের বিরুদ্ধে আমরা শাস্তিমূলক বা^{বৰ} **অবলয়**ন করি এবং করবোও। কাজে কাজেই আমি শুধু এটুকু বলতে চাই যে ^{আমর}

সজাগ, সচেতন হব কিন্তু আমরা যেন এমন কোন কথা নাবলি বা এমন কোন কাজ না করি যাতে করে ভারতের মুসলমান নাগরিক ভাইবোনদের মন থেকে নিরাপত্তার ভাব চলে যায়, এমন কিছু ইঞ্চিত যেন না করি যাতে তাদের মনে শংল্কা জাগে নূতন করে। আমি তো বল্ছি আমাদের পাকিস্তানের হিন্দু ভাইবোনদের সমস্যা আমরাই সমাধান করবো এখান থেকেই — যদি তাঁরা চলে আসেন, আমরা নিশ্চয়ই তাঁদের নেব। আমরা যদি আমাদের পরিত্র সংবিধানকে মেনে চলি, আমি বলছি যে সেখানে সংখ্যাল্ছু সম্প্রদায় যাঁরা আছেন তাঁদের সমস্যার সমাধান হবে, জগৎ আমাদের কথা তখন শুনবে। আমি কোন হিসাব করতে চাইনা যে ওখানে কত মরেছে. তবে অনেক মরেছে—কেন্ট বলছেন ২০ হাজার, কেন্ট বলছেন ৩০ হাজার, আমাদের সেখানে ২ শো লোক কিছুই নয়। কিন্তু একজনও মুসলমানকে যদি কেন্ট অন্যায় ভাবে হত্যা করে থাকে তাহলে লজ্জায় আমাদের অধোবদন হম্মে যায়। আমাদের সংবিধানকে আমরা যেন অবমাননা না করি। এইটুকু বলে মোশান কর পেপারসে আমি আমার মৌধিক পেপার এখানে উপস্থিত করছি এবং এই বিতর্কের এখানে জবসান করছি।

Mr. Chairman: I understand Shri Das will withdraw his motion

Shri Narendra Nath Das: Yes, Sir, I am withdrawing my motion.

(The motion was then by leave of the House withdrawn)

Mr. Chairman: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was then adjourned at 5-39 p.m. till 3 p.m. on Tuesday, the 25th February 1964, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Banerjee. Shri Sudhir Kumar

Bhattacharyya, Shri Nagendra Kumar

Bhattacharyya, Shri Santosh Kumar

Bhattacharyya, Shri Sreepada

Bisi. Shri Promotho Nath

Bose. Shri Aurobindo

Choudhuri. Shri Annada Prosad

Ghosh, Shri Ashutosh

Haldar, Shri Gopal

Hazra, Shri Gajendra Nath

Majumdar, Shri Rajendranath

Mukherjee, Shri Sudhindra Nath

Pal, Dr. Ras Behari

Rezaul Karim, Shri

Roy, Shri Chittaranjan

Roy, Shri Surendra Kumar

Sen, Shri Subodh

Sen Gupta, Shri Dwijendra Lal

Singh, Shri Ram Lagan

Singha, Shri Biman Behari Lall

Sinha, Shri Rabit dra Lat

COUNCIL DEBATES

Tuesday, the 25th February, 1964

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 25th February, 1964, at 3 p.m. being the Tentia Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair. [3-3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mr. Chairman: Some of the questions for today will be held over as all the answers are not ready.

Test Cricket tickets

- *49. Shri Jatin Chakravorty: With reference to the reply given in the Council on 2nd January, 1964, to the calling attention notice regarding proposed enhancement of prices of Test Cricket tickets, will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—
 - (a) whether the assurance given by the Ministers to refer the matter to the Sports Council of the State has since been complied with;
 - (b) if so, what is the result thereof;
 - (c) whether the Government was consulted by the C. A. B. (Cricket Association of Bengal) before the enhancement of the prices;
 - (d) whether the procedure for payment of amusement tax has been observed;
 and necessary amount deposited with the Collector of Calcutta;
 - (e) whether the statement of accounts about the sale of tickets has been submitted to the Collector of Calcutta and
 - (f)(i) whether the tickets earmarked for the seats of the "V. I. P's" and the "complimentary" tickets have also been sold out at various prices, and (ii) if so, whether the amusement tax for these tickets has been paid?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) and (b) In accordance with the statement made in the Council the matter could not be referred to the Sports Council as there was no meeting of the Sports Council before the Test Cricket Match.

- (c) No.
- (d) Yes, an amount of Rs. 30,000 as initial security has been deposited with the Collector of Calcutta and the balance sum is expected to be deposited shortly after the exact amount of amusement tax to be paid by the C. A. B. is assessed by the C-llector of Calcutta.
 - (e) No, but the statement of accounts is expected shortly.
 - (f) (i) No such matter has come to the notice of the Government.
 - (ii) Does not arise.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্পোর্টস কাউন্সিল এর কোন মিটিং হয় নি। আমার প্রশুটা ছিল—উনি এই হাউসে বলেছিলেন—মি: কোলে এই সাজেসানটা দিয়েছিলেন যে 1 accepted the suggestion of Mr. Kolay to refer the matter to the sports council. Sports council

এর মিটিং হোক বা না হোক, স্পোর্ট স কাউন্সিলএর কাছে এটা রেফার করা হয়েছে কিনা ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

স্বাপনার পুরশো যা আছে. তা'থেকে বাম এইটাই মনে করেছিলাম যে টেস্ট ক্রিকেট ম্যাচ এর আগে রেফার করা ইয়েছিল কিনা ? টেস্ট ক্রিকেট ম্যাচএর আগে ওটা রেফার করা হয়নি। তারপর এটা রেফার করা হবে কিনা, সেটা আমি বিবেচনা করে বলবো।

Shri Jatin Chakravorty:

উনি কি মনে করবেন, তার উপর ও প্রশোর উত্তর নির্ভর করবে না। আমার প্রশান স্বত্যান্ত সোজা। ছিল। সেই ক্রিকেট ম্যাচ এর আগে হোক, ৮ পরে হোক, সে প্রশানর।
আমার প্রশা হচেছ যে এটা । রফার করনার প্রতিশুতি এই হাউসে তিনি দিয়েছিলেন।
তিনি রেফার করলে স্পোর্নি কাউন্সিলএর মিটিং হতো কিনা হতো, সেটা পরে দেখা
যেত। কিন্তু আপনি । তাহলে, সেই প্রতিশুতি মত কাজ করেন নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

প্র<mark>তিশু</mark> তির মত কাজ করিনি, ত। নয়। স্পোর্ট স কাউন্সিল-এর কোন মিটিং হয়নি। **কা**জেই **রেফা**র করবার কোন অবকাশ বা কারণই হয়নি।

Shri Jatin Chakravorty:

শোর্টিস কাউন্সিল-এর ত একটা অফিস আছে। সেই অফিসের কাছে আপনি যদি এট পাঠাতেন, রেফার করতেন, তারপর, ম্পোর্ট স্কাউন্সিলএর মাটিং হ'ত কি হত না সেটা দেখা যেত। কিন্তু আপনি কি রেফার করেছিলেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

রেকার করা হয়নি, এবং কি জন্য রেকার করা হয়নি আমি বলেছি। আমি আমার পুতি-শুতি[ভক্ষ করিনি বা করছি না। আমি এখনও রেকার করতে পুস্তত আছি।

Shri Jatin Chakraverty:

সাৰে ডেবেলিকসন অব ডিউটি--এই কথাটাই আমি জানতে চাচ্ছ।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, রেফার কিছুই কর। হয়নি আমিত বলেছি।

Shri Jatin Chakravorty:

প্রতিষ্ঠিকে C. A. B., before the enhancement of the prices consult

করেননি, অপচ আপনি জানেন যে আপনাদের এধানকার একজন মন্ত্রীও সেই কমিটির মধ্যে রয়েছেন এবং আমাদের বুলিনাকার কয়েকজন সদস্যও সেই কমিটির মধ্যে রয়েছেন। আমার পুশু হচেছ এই গভর্ননেণ্টকে যথন ∰কনসালট করেন নি এবং আপনি এও জানেন যে এই টিকিটের দর বাড়ানর বিরুদ্ধে অনেকেরই আপত্তি নিয়ে সংবাদপত্তে লেখানিঞ্ছিল, সেই অবলয়ন করা হয়েছিল কি!

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনার প্রশুটা ছিল অন্য রকম। আপনার প্রশু হচেছ

whether Government was consulted by the C. A. B. before the enhancement

আমি∑তার উত্তরে বলেছি গভর্নমেণ্ট ওয়াজ নট কনসালেটড।

Mr. Chairman: Question Nos. *50 and *51 will be held over.

Migration from East Pakistan

- *52. Shri Jatin Chakravorty: Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—
 - (a) whether the decision of the Ministerial Conference held in October. 1957, at Darjeeling, which was attended by the West Bengal Ministers, regarding the imposition of restrictions on migration from East Pakistan is still in force; and
 - (b) if so, whether the Government contemplates to keep it in abeyance for the time being or ignore it altogether, in view of the recent mass-scale massacre of minorities in East Pakistan?

The Hon'ble Abha Maiti: (a) No decision regarding the imposition of restriction on migration from East Pakistan was taken in the Ministerial Conference held in October, 1957, at Darjeeling and as such the question of such decision being in force does not arise.

(b) Does not arise.

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশা সাার, আমার প্রশাট। ছিল ঐ যে রেষ্ট্রাকসন অন মাইগ্রেশন ফর ইস্ট পাকিস্তান ঐ যে রেস্ট্রিকশন ইম্পোজত কর। হয়েছিল সেটা এখনও ইম্পোজত তাহলে আছে। সেখনের যে ডিসিশন সেই ডিসিশন এখনও ইম্পোজত আছে।

The Hon'ble Abha Maiti !

আনি তে। আগেই বচলছি যে মিনিস্টেরিয়াল কনফারেন্স-এ কোন রেস্ট্রিক্সন ইম্পো**লড** করে ডিসিসন নেওয়া হয় নি।

Shri Jatin Chakravorty:

অতিবিক্ত পুশু স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়া বোধ হয় জানেন নাযে ঐ ডিসিশন অনুসারে যার। এখানে আসনেন ৫৮এর পর তারা কোন রেফিউজি গুয়াণট ব। কোন এয়াসিসট্যানস পারেন না -এটা কি একটা রেষ্ট্রীকশন নয় ?

The Hon'ble Abha Maiti:

আর্থান জি**রোগ।** করেছিলেন মাইগ্রেসন করার ব্যাপারে কোন রেস**্থিক্**সান আছে কি না— টালফ রিহুণ্**বিলিটেশন-এর ব্যাপারে কোন রেস্থিক্সন আছে কি না এই ব্যাপারে অংপনি প্রশন** করে নি ।

Shri Jatin Chakravorty:

মইগ্রেশন-এর উপরে কোনরকম রেসট্রিক্শন কি ৫৮ এর পরে ছিল না?

The Hon'ble Abha Maiti:

কোন ছিনিমই ছিল না শ্ব্ধ একটা মাত্র জিনিষ ছিল ষেটা আমি বললাম যে মাইগ্রেট **মারা** ^{করবে}. তাদের একটা ''বার'' ছাপ দেওয়া হত—এই জন্যই যে তারা এসে স্বীকার করতেন ^{বে} এগানে কোন বিলিফ বিহাাবিলিটেশন চাই না।

8hri Jatin Chakravorty:

^{অতিরিক্ত} প্রশু স্যার, সেটাই একটা মাইগ্রেসানএর উপরে রেস্ট্রিকসান নয়? এবং সেই ^{রেস্ট্রিকসন} এখনও আছে কি না আমি জানতে চাই।

The Hon'ble Abha Maiti :

^{না,} রেস্ট্রিকসান নেই।

Shri Jatin Chakravorty:

অতিরিক্ত প্রশা স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়। যে বলছেন যে সেই রেস্টিক্সান নেই—ভা**হলে** আছ কৈ এই যারা আসছে তাদের কতকগুলি ক্যাটিগোরি ভাগ করা হয়েছে কিনা?

The Hon'ble Abha Maiti:

যার৷ আসছেন তাদের এই অবস্থা কর৷ হয়েছে যে যার৷ সরকারী সাহায্য চাইবেন তাদের আমর। সকলকে সরকারী । সাহায্য দেব যদি তার। স্বীকত থাকেন বাংলাদেশের বাহিরে যেতে।

Shri Jatin Chakravorty:

স্যার, তবেই দেপুন্≰একটা রেফ্টিকশন যে তার কোন এ্যাসিস্ট্যান্স পাবেন না বার দণ্ডকারণ্যে বা বাংলাদেশের বাহিরে যেতে চাইবেন কেবলমাত্র তারা অ্যাসিসটেন্স পাবেন —স্থতরাং আজকে বাধা নিঘেধ যেটা ১৯৫৭এ মিনিস্টেরিয়াল কনফারেন্সএ সিদ্ধান্ত হয়ে-ছিল সেই বাধা নিমেধগুলি কিছুটা শিথিল হলেও এখন পর্যন্ত রয়েছে। আমার প্রশু হচেছ সেটা • সরকার ভাবছেন কিন। বর্তমানে পর্ব পাকিস্তানে যে অবস্থা স্বাষ্টি হয়েছে **ভা**র পরিপেক্ষিতে সেটাকে বন্ধ রাখাবার জন্য সরকার-এর পক্ষ থেকে কোন ব্যবস্থা **অবলম্ব**ন করা হচেছ কিনা?

The Hon'ble Abha Maiti:

बाबका जवनम् कता श्राह—जामि जार्शरे वलिक गाता এस गतकाती गाराया हारेरवन তারাই পাবেন।

Shri Jatin Chakravorty:

মন্ত্রিমহাশয় আমার প্রশুটা এড়িয়ে যাতেছন সেই গৈদ্ধান্তটা অনুসারে যে বাধা নিষেধঞ্চলি ছিল সেই বাধা নিষেধগুলি কিছুটা শিথিল হলেও ব্রাজ্ঞও পর্যন্ত রয়েছে— যদি পশ্চিমবঙ্গে কোন উৰাস্ত এসে থাকতে চায় । তাহলে কোন । সাহায্য পাবে না। আমার প্রশু হল সেই হবে কিনা গ

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে মাইগ্রেসন্এর ব্যাপারে কোন রেস্টিক্সান ইম্পোজড করা হয়নি — मरे नम्बत राभारन **१**क्षा श्राकृत य तिनिय्यत न्यांशात राभारन कि श्राव । रारे জন্য আমি আগেই বলৈছি যে সিদ্ধান্ত হয়েছিল যে রিলিফ দেওয়া হবে না রিহ্যাবিলিটেশন এর কোন সাহায্য দেওয়া হবে না—এখন সেই সিদ্ধান্ত পরিবর্তন করে রিলিফ এবং রিহ্যাবিলিটেসন দেওয়া হবে এই সিদ্ধান্ত নেওয়া এবং পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে এই বিদ্ধান্ত নেওয়া হয়েছে।

[3-10-3-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyai:

স্থাপিত রাখা মানে কি একেবারে পরিত্যাগ করা হয় নি ?

The Hon'ble Abha Maiti:

পরিত্যাগ করা।

Shri Jatin Chakravorty:

পরিত্যাগ করা হয় নি। দাজিলিং কনফারেন্সের আগে ছিল যে মাইগ্রেসান করে আসতে গেলে কোন আগুারটেকিইং দিতে হত না। ১৯৫৭ সালের অক্টোবর কনফারেনেসর পর টিক হল যে মাইগ্রেশান করে আগতে হলে তাকে আগুরটেকিইং দিতে হবে যে গভর্ন-মেণ্টের কাজ থেকে কোন রকম সাহায্য সে নেবে না। আজকে সেই **আগুরেটেকিং** দেওবাটা যদিও শিথিল করা হয়েছে কিন্তু এখান এলে তাকে বাংলা দেশের বাইরে না গেলে কোন রকম সাহায্য দেওয়া হচেছ না। 'হুতরাং সেদিক খেকে অমার বক্তব্য হচেছ যে সে, সম্পর্কে আজকে পশ্চিমবন্ধ সরকার সেই সিদ্ধান্তকে স্থগিত রাখাবার জনা কিংবা তাকে স্ক্র্যাপ করার জন্য তুলে দেবার জন্য কোন স্থপারিশ করতে নাজী আছেদ কিনা?

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি যে যারা আসবেন তাঁর। সরকারের সাহায্য চাইলে তা পারেন। এর বেশী আমার কিছু এ্যাড করার নেই।

Shri Jatin Chakravorty:

তাঁরা যদি বাংলাদেশের বাইরে না যেতে চান তাহলে তারা রকারী সাহায্য পাবেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

ভারত সরকার এবং বাংলাদেশের সরকার এটাই স্থির কবেছেন যে পশ্চিমবাংলায় তাদের রিহ্যাবিলটেসান দেওয়া সম্ভব নয় এবং তাদের রিহ্যাবিলিটেসান দেওয়াটাই মুখা জিনিস। কোৰ লোক এলে তাকে ২।৪।১০ দিন আমরা রিলিফ দিতে পারি এবং এখনও দিচিছ। কোন লোক যদি এসে স্টাবেওড হয়ে পড়ে তাহলে আমরা তাকে যাওয়ার ভাড়া দিরে দিচিছ, কোন প্রোজনীয় জিনিস চাইলে আমরা প্রয়োজনীয় জিনিসও দিয়ে দিচিছ। কিজ রিহ্যাবিলিটেসানের ব্যাপারে বাংলাদেশের সরকার এটাই মনে করেন যে এখানে তাদের কুঠুতাবে রিহ্যাবিলিটেসান দেওয়া যাবে না।

Shri Jatin Chakravorty:

রিষ্ট্যাবিলিটেসান যার। চায় না কিন্তু এখানে হয়ত আতীয়-স্বজন আছে সেই আত্মীয়-স্বজনের কাছে থাকে, তার। হয়ত একটা বিজনের করতে চায়, সেই সময় তারা কিছুট। বিজনের লোন পেতে পারে। এই সমস্ত সাহায্যগুলি আজকে যদি পশ্চিমবাংলার বাইরে না যায় তাহলে তারা পাবে কি পবেনা সেটা আমি ত্রাণ মন্ত্রীর কাছ থেকে জানতে চাই গ

The Hon'ble Abha Maiti:

আমি বলেছি যে এখানে যদি কোন সাহায্য পেতে হয় তাহলে পশ্চিমবাংলার বাইরে গিম্বে সাহায্য নিতে হবে।

Shri Jatin Chakravorty:

গ্যার, সেজন্য আমার পুশু হচেছ এই যে এধানে আমি পুনর্বাসনের কোন কিছু চাইনা কিছ জন্য কতকগুলি সাহায্য আমি পেতে পারি। বর্তমানে পূর্ববঙ্গে যে অবস্থা চলছে তাতে যারা এধানে আসছে তারা সরকারের জন্য কোন সাহায্য না নিয়ে কিছু হয়ত লোন-টোন হিসাবে পারে। সে সম্পর্কে সরকার কোন পরিকল্পনা করেছেন কিনা সে সম্পর্কে তারা কেন্দ্রীর সরকারের কাছে স্কুপারিশ করতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

শাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যা বলবার পরিস্কারভাবে বলেছি, নতুন কিছু বলার নেই।

Shri Satya Priya Roy :

নাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন এখানে যে সব ছাত্র-ছাত্রী আসবে তাদেরও কি পশ্চিমবঙ্গের বাইবে চলে যেতে হবে তাদের পড়াশুনার খরচ বাবদ সরকারের কাছ থেকে সাহাষ্য পাবার জনা ?

The Hon'ble Abha Maiti:

^{যদি} কোন ছাত্র-ছাত্রী তাদের কোন আন্ধীয়-স্বন্ধনের কাছে আসে এবং তারা যদি বাইরে ^{বান্ন} তাহলে তারা নিশ্চয়ই পাবে।

Shri Satya Priya Roy:

পশ্চিমবাংলায় থাকলে পাবে কিনা এবং তালের অবস্থার কথা কিছু ভারছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

এখন সেই রকম ব্যবস্থা কিছু হয়নি। আমি আগেই বলেছি যে কোন সাহায্য নিতে **হয়ন** बांहरत खरा हरत बार जातर महत्त्वात साह तकम निर्मि पिराहरून।

Shri Santosh Kumar Bhattacharjya:

খব ভাল ব্যবস্থা স্যার, পশ্চিমবঙ্গ সরকার তো খব মহানভব।

(নো রিপ্রাই)

Shri Sasanka Sekhar Sanyai :

যতীন চক্রবর্ত্তী মহাশয় এবং সত্যপ্রিয়বাবু যে প্রশুকরলেন **ভাতে দেখা যাচেছ** এই যে প্রশ-গুলি উঠবে আমাদের সন্ত্রী মহোদয়া বৌধ হয় তার জন্য প্রস্তুত ছিলেন না। আমি জিল্লোসা করছি তাঁরা দু'জনে যে প্রশু উবাপিত করলেন সেই প্রশোর উত্তরে যে পরিস্থিতির ইঞ্জিত পাওয়া যাচেছ সেগুলি পুনরায় বিবেচনা করবার কথা মন্ত্রী মহোদয়া চিন্তা করছেন কিনা?

The Hon'ble Abha Maiti:

অধ্যক্ষ মহাশয়, আমার যা বলার তা আগেই সমস্ত বলেছি।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনার উত্তরে নোটামুটি বুঝলাম যে আপনার৷ মোটামুটি কাজ চালাবার জন্য একটা ফর্মলা करत्राष्ट्रन त्य यात्रा अर्थात्न पीकरत् ना मधकात्रात्मा यात्त जात्मत्र त्करन माशया (मर्दन । कि কতকগুলি ক্ষেত্রে দণ্ডকারণ্যে যাওয়া সম্ভব না হতে পারে যার কিছু কিছু ইঙ্গিত যতীনবাব এবং সত্যপ্রিয়বাবুর প্রশ্রে পাওয়া গেল এবং মন্ত্রী মহোদয়ার উত্তর থেঁকে বোঝা গেল যে এগুলির যে সম্মুখীন হতে হবে এজন্য তিনি প্রস্তুত ছিলেন না। আমি জিজ্ঞাসা করছি এই দু'জন প্রশ্রের মারফত যে অবস্থার ইঞ্চিত দিলেন সেই অবস্থাগুলি প্ররায় বিবেচনা করবেন কি করবেন না ?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে এই সমস্ত কথা বিবেচনা করে ভারত সরকারকে জানান হয়েছিল। তাঁরা বলেছেন যে যা কিছু সাহায্য তাঁরা দেবেন এবং পশ্চিমবঞ্চের বাইরে দেবেন।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনারা কি ভারত সরকারকে এমন কোন কথা জানান নি যে অনেক ক্ষেত্রে বাঞ্চিত কতকঞ্চলি লোকের যাওয়া সম্ভব না হতে পারে?

The Hon'ble Abha Maiti:

আমাদের কাছে যার। এসেছেন তার। যখন সাহায্য চেয়েছেন তখন তার। বাইরে বেডে त्राष्ट्री श्टायाङ्ग ।

Shri Sasanka Sekhar Sanyai :

ৰার। এসেছেন এবং যার। আসবেন তাদের মধ্যে যদি কারোর কারোর বাইরে যাওয়া সম্ভব না হয় তাহলে কি করবেন ?

The Hon'ble Abha Maiti:

তার। বলেছেন যে এখানে তার। নিজেবাই ব্যবস্থা হৈহণ করবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

মহিনহাশ্যা বলুন ছাত্রদের বাপারে সেরকম কোনব্যবস্থা হয়নি। আমার পুশু হচেছ বাঙ্গালী ছাত্রছাত্রী অনেক এসেছে এবং শিক্ষকও এসেছেন সভ্যপ্রিয়বাবু এবং আমাদের কাছে আমাদের সমিতির অফিসে অন্ততঃ ৭০।৭৫ জন শিক্ষক এসে জানিয়েছেন আমরা বলেছি সরকারের সঙ্গে কন্টুট্ট করতে আসার পুশু হচেছ উনি বলে খালাস হয়ে গেলেন আমরা কি করবো না করবো কিছুই ঠিক হরনি, এই যে বাঙ্গালী শত শত ছাত্রছাত্রী এবং শত শত শিক্ষক যারা আজকে পূর্ববঙ্গ থেকে অসহায় অবস্থায় সেধানে দিন্যাপন করতে না পেরে পশ্চিম বাংলায় চলে এসেছেন এবং ক্রমাগত আসছেন সেই সব ছাত্রছাত্রী মাতৃভাষার মাধ্যমে যাতে পডাস্তনা করেন সেই রকম কেন ব্যবস্থা দওকারণো হয়েছে কি ?

The Hon'ble Abha Maiti:

হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

দওকারণ্যে কটা হাই স্কুল এবং হাইয়ার সেকেণ্ডারী স্কুল হয়েছে যে স্কুলে বাংলাভাঘার মাধ্যমে পড়াগুনার ব্যবস্থা করা হয়েছে ?

The Hon'ble Abha Maiti:

নোটিশ দিলে কতৃপক্ষের কাছ থেকে জেনে বলবে। যে কটা স্কুল হয়েছে এবং কোধায় কোধায় হয়েছে।

Shri Santosh Kumar Bhattachayya:

त्राप्ति मात्र तनिष्ठ, উनि जनकाां स्व पिशा ভाषण पिरुक्त मी रेज এ नायात ।

The Hon'ble Saila Kumar Mukherjee: On a point of privilege. Is he entitled to call a member a liar? He must withdraw it.

(Noise and interruptions)

Mr. Chairman: You should not use that word.

Shri Jatin Chakravorty:

শামি যদি বলি এল-আই-ই উনি বলছেন-এটা কি বলতে পারে ?

Mr. Chairman: You should not use that expression.

The Hon'ble Saila Kumar Mukherjee: He has not withdrawn it.

Mr. Chairman: Don't be so squeamish. I am seeing to it.

8hri Santosh Kumar Bhattacharvva:

শাপনি যথন বলছেন তখন আমি উইখড় করছি কিছ অন প্রোটেস্ট।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. If in the excitement of the moment some one from this side of the House used that unparliamentary expression and that has been sought to be retracted, may I put one thing as to how the situation was provoked. The question was as to whether any arrangement has been made for Bengali students who are going to Dandakaranya and the Hon'ble Minister quickly retorted by saying "Yes". Then the supplementary was "is there any high school in Bengali edium there"? The answer was "I ask for notice". Sir, don't you think lat the previous question was answered in a flippant manner and the answer the question was absolutely given a go-bye? I hope the Hon'ble minister will not indulge in this sort of levity.

The Hon'ble Abha Maiti:

নি: চেয়ারম্যান স্যার, ওর উত্তরে আমি একটা বলেছি যে কটা স্কুল কোপায় কোপায় হয়েছে সেটা বলি আমাকে বলতে হয় তাহলে দণ্ডকারণ্যে কভূপক্ষের কাছ পেকে জানতে হবে, নোটিশ দিতে হবে। আমি আগেই বলেছি সেখানে বাংলা মিডিয়াম স্কুল আছে কিন্ত কটা স্কুল সম্প্রতি আছে এটা যদি আমাকে নোটিশ না দেয়া হয় তাহলে আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Sasanka Sekhar Sanyai :

টনি আগে যে উত্তর দিয়েছেন সস্তোধবাবুর পুশ্রের উত্তরে যে ছাত্রদের সেধানে ব্যবস্থা কর। হচেছ লেখা পড়া শেখানোর, আমার সাপ্লিমেণ্টারী হচেছ কটা ছাত্রের কি ব্যবস্থা করা হয়েছে , [8-20—3-30 p.m.]

Shri Jatin Chakravorty:

শাপনি জানেন যে পূর্ব বাংলা থেকে অনেক ছাত্র এখানে এসেছে, তাদের সমস্ত পরিবারের লোক নিশ্চিষ্ণ হয়ে গিয়েছে, নিহত হয়েছে। সে হয়ত ভাল ছাত্র ছিল। সে এখানে এসে হয়ত তার কোন শামীয়র কাছে থাকে, এবং সেখানে থেকে সে পড়াগুনা করতে চায়। সেই অবস্থায়, সে দণ্ডকারণ্যে না গেলে, সে কোন সাহায্য পাবে. কি পাবে না ?

The Hon'ble Abha Maiti:

চেয়ারম্যান মহাশয়, আমার যা বক্তব্য, তাতো আমি আগেই বলেছি। আমার আর কিছু বলার নেই।

Shri Jatin Chakravorty:

শ্যার, এর মধ্যে আমার প্রশু আছে।

(Noise and interruptions)

Shri Tripurari Chakravarti:

আমমি বলছি পরিস্কার করে। এখানে এই নিয়ে অনেক উত্তাপ স্টেটি হয়েছে, এ রকম না থাকাই ভোল।

(Noise and interruptions)

আমি বে প্রশু করছি মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে সেটা হল এই—মনে করুন বা দেখছি আমরা দেটা, যে একটি কতি ছাত্র...

(Noise and interruptions)

The Hon'ble Abha Maiti :-

শামি এইটুকু বলতে পারি যে যদি সেই রকম ছাত্র আমাদের কাছে দরখান্ত করে তাহলে পশ্চিমবদ।
দরকারের যে অন্যান্য ব্যবস্থা রয়েছে, তার ভিতর থেকে তার বই কেনাই হেকা, কিম্বা তাকে স্কুনে
ভবি করে দেবার জন্য মাইনেই হোক, আমরা নিশ্চয়ই তার ব্যবস্থা করবা। কিন্তু আমি যে ক্থা
বলেছিলাম সেটা হল এই রিলিফ রিহেবিলিটেশান যাকে আমরা সত্যিকারের বলি, তা যদি পের্তে
ছম্বু, তাহলে বাংলা দেশের বাইরে যেতে হবে এবং নিতে হবে।

Tripurari Chakravarti:

এটা যদি আগে পরিস্কার করে বলতেন তাহলে এত গোলমাল হতো না।

Shri Biswanath Mukherjee:

নাননীয়া মন্ত্রী মহোদয়া অনুগ্রহ করে বলবেন কি এই রকম অসহায় ছাত্র-ছাত্রী কয়জন দরখান্ত করেছে ্য তারা পশ্চিমবাংলার বাইরে যাবে না, অধচ এই সাহায্য চায় ?

The Hon'ble Abha Maiti:

না. আমার কাছে এখনও কেউ করেনি। তবে শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে কেউ করেছেন কিনা, জানিনা। রিলিফ রিহেবিলিটেগান এর মিনিষ্টাব হিগাবে, ব্যক্তিগতভাবে আমি এখনও কোন দুনুগান্ত পাইনি।

Shri Santosh Kumar Bhattacharyya :

চাত্র-চাত্রী সম্বন্ধে উনি এই মাত্র কয়েকটি কথা বললেন। আমার প্রশু হচেছ শিক্ষকদের সম্বন্ধে।
কিছু সংখ্যক শিক্ষক পূর্ববন্ধ থেকে একেবারে অসহায় হয়ে পশ্চিম বঙ্গে এসে পড়েছে। এখন ওদের

কৈ কবমূলা অনুযায়ী দণ্ডকারণ্যে না গেলে কেউ কিছু পাবেন না। এখন এই যে শিক্ষকরা এখানে
চলে আসতে বাধ্য হয়েছেন, তাদের দণ্ডকারণ্যে যে হায়াব সেকেগুরী স্কুল আছে——উনি বলেছেন,
মেখানে কি চাকরী দেওয়া সম্ভব হবে? এবং এখনই সম্ভব হবে কিনা? যদি এখনই সম্ভব না হয়
তাহলে কতদিনের মধ্যে উনি তাদের চাকরী দিতে পাববেন?

The Hon'ble Abha Maiti:

আমান পক্ষে তা বলা সন্তব নর। কাবণ এটাত আমাদের কবণীয় নয়। এটা ভারত সরকারকে জানালে, নিশ্চয় তার বাবস্থা হবে। যদি সে বকম শিক্ষকরা আসেন এবং তারা যদি আমাদের জানান, তাহলে দেটা ভারত সরকারকৈ জানাবার জন্য ব্যবস্থা করা হবে। কারণ ভারত সরকার ইতিমধ্যেই আমাদের কাছে বলেছেন যে ডাক্তাব, শিক্ষক অথবা লিগ্যাল প্রফেসান আছে যাদের, তারা কিম্বা ক্র্যাক্টসমেন ইত্যাদি আসেন, তাদের বিভিনু জায়গায় কাজ কর্ম ইত্যাদির ব্যবস্থা করে দেবেন।

Shri Sontosh Kumar Bhattacharyya:

আমান প্রশু ছিল যদি কোন শিক্ষক ওদের কাছে যান তাহলে তাদের একুনি দিতে পারবেন কিনা
--এবং এক্ষনি না পারেন তাহলে কত সময় লাগবে ?

Mr. Chairman: I think it is not possible to give a reply to that question.

8hri Jatin Chakravorty:

নিনিষ্টেরিয়াল কনফারেন্সএ যথন একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তথন আমাদের পশ্চিমরঞ গবকারের মন্ত্রীমণ্ডলী উপস্থিত থাকলেও অন্যান্য রাজ্যের মন্ত্রীরা ছিলেন এবং কেন্দ্রীয় শরকারের মন্ত্রীরাও দিলেন বলে সেই সিদ্ধান্ত পরিবর্ত্তন করবার ক্ষমতা আমাদের পশ্চিমবক্ষ সরকারের নেই—অমার প্রশু হচেছ এই বর্ত্তমানে যে অবস্থা হয়েছে—সেই অবস্থার পরিপেক্ষিতে পশ্চিমবক্ষ শব্দার থেকে ঐ রকম একটি মিনিষ্টেরিয়াল কনফারেন্স আবার ডাকবার জন্য যাতে ঐ সিদ্ধান্ত পরিবৃত্তিত হয় সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে তার কোন আবেদন বা স্থপারিশ করতে প্রস্তুত্ত আছে কিনা ?

The Hon'ble Abha Maiti:

আমি তো আগেই বলেছি যে মিনিষ্টেরিয়াল কনফারেন্স দাজিলিং এ যা হয়েছিল। পরবন্তী কালের কথা আমি আগেই বলেছি—েসে বিষয়ে নতুন কথা আর কিছু নেই—উনি যদি মনে করে পাকেন যে সম্প্রতি যে মিটিং দিল্লীতে হয়েছে তার কোন পরিবর্ত্তন করবার জন্য মিটিং ভাকতে হবে কিনা—সেটা আমি বলতে পারব না মধ্যমন্ত্রী বলতে পারবেন।

354

Shri Jatin Chakravorty:

তাহলে আমি জানতে চাই যে এখানে এই কথাটা যেন শেষ না হয় মুখ্যমন্ত্ৰী এখন এখানে নেই তাঁকে যেন বলা হয় ?

Mr. Chairman: I think a calling attention motion will be sufficient for the purpose. You can also raise this question during the budget discussion.

Shri Jatin Chakravorty:

ন্যার, আমি বলতে চাইছি মন্ত্রীমহাশয়। যথন বলতে পারছেন না তথন মুখ্যমন্ত্রী হয়ত বলতে পারেন —সেইজন্য মুখ্যমন্ত্রী এলে এই প্রশুটা তাকে করতে চাই, সেইজন্য আমার অনুরোধ এটা এ্যাবেয়ান্দ রাধুন।

Mr. Chairman: This particular matter has been raised by you and you will get a reply to this particular point.

Shri Santosh Kumar Bhattacharyya :

এখন যারা পূর্ব বাংলা থেকে চলে আসছেন আমাদের পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষে—তাদের জন্য দ্ব বকম সাহায্য দেওয়া হচেছ এই কথাই মন্ত্রী মহাশয়া বলেছেন আমি তাঁকে জিপ্তাসা করতে চাই যে একথা কি সত্য যে নদীয়ার জেলা শাসক গোদে সীমান্তে সেখানে বেসরকারী যে সাহায্য প্রতিষ্ঠান তার সেখানে সাহায্য দেবার ব্যবস্থা করেছিলেন তাদের বলেছিলেন যে কোন বেসরকারী সাহায্য প্রতিষ্ঠানকে কোন কাজ করতে হবে না, সরকার থেকেই সব করা হবে, এটা কি সত্য ?

. Mr. Chairman: That is a different matter.

The Hon'ble Abha Maiti:

শ্যার, আপনি যদি এ্যালাউ করেন তাহলে আমি ঐ প্রশ্নের জবাব দিতে পারি—আমি সেধানে গি।। ছিলাম আমি দেখেছি যে ভারত সেবাশ্রম সজ্ঞ কাজ করেছেন, আরেকটা মহিলা প্রতিষ্ঠান ওধানে কাচ করছেন, জাতীয় মহিলা সংহতি তারাও কাজ করছেন—আমি তো জানিনা যে এই রকম কোন আদে দেওয়া ছয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

এটা সংবাদপত্রে বেরিয়েছে।

The Hon'ble Abha Maiti:

তা বেরুতে পারে কিন্তু আমি যা দেপেছি তার উপর আমি বিশ্বাস করি।

Relief to the victims of recent disturbances

- *54. Shri Jatin Chakravorty: Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—
 - (a) what is the total expenditure so far incurred in extending relief and rehability tion to the victims of recent disturbances in Calcutta and other districts of West Bengal (with the figures for Hindus, Muslims, Christians etc., community-wise), and
 - (b) what is the total expenditure so far incurred in extending relief to the Hindu coming from East Pakistan after the communal disturbances there!

[3-30-3-40 p.m.]

The Hon'ble Abha Maiti: (a) Rs. 13,85,941.04 nP. (Communitywise information is not possible). (b) Rs. 1,51,376.32 nP. (This does not include transport charges).

Shri Jatin Chakravorty:

আমি চেম্বেছিলাম with the figures for Hindu. Muslims, Christians, etc. community wise.

গেন। দেওয়া সন্তবপর নয় কেন জানতে চাই? আমি শুধু বলছিলাম যে কলকাতায় এবং

থ্রনান্য ডিস্ট্রিক্ট উভয় সম্প্রদায়ের লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটা আমার কোন অসত

ছদ্দেশ্য নিয়ে প্রশান্য এবং এখানকার য়ায়া হিন্দু তাদেরও কিছু ঘরবাড়ী পুড়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে।

তাদের কি রিলিফ দেওয়া হয়েছে সেটা জানতে চাই? কারণ, একটা অপপ্রচার হোক বা

প্রচাব হোক এখানে চলছে যে এখানকাব য়ায়া সংখ্যালয় সম্প্রদায়ের লোক তাদের নাকি ঠিক

মত কোন রকম রিলিফ দেওয়া হচেছ না। আমি সেজন্য জানতে চাই তাদেব জন্য কত খরচ

য়য়েছে অন্য সম্প্রদায়ের মধ্যে কিছু খৃটান য়ায়া এই দাঙ্গার সময় ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরই বা

কত দেওয়া হয়েছে এবং হিন্দুদেরই বা কত দেওয়া হয়েছে? কিন্তু তিনি প্রশাটা এড়িয়ে

য়াচেছন। তিনি সয়য় চাইতে পারেন, আমি সয়য় দিতে রাজী আছি। কিন্তু দেওয়া সম্ভব

ন্য তার মানে কি?

The Hon'ble Abha Maiti:

্যাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইকথা বলেছি যে এবং আপনি জানেন যে আমাদের খ্ব তাডাতাঙি _{বিলিফ} দিতে হচেছ এবং এর আগে কমিউনিটি ওয়াইজ কিংবা রিলিজিয়ান অনসাবে ক্রান কিছু রাখি নি। উনি যদি চান এবং আমাকে যদি বেশী সময় দেন তাহলে আমি নিশ্চরই জোগাড় করে দিতে পাবি। কারণ, প্রতিটি খাতা খুজে কে হিন্দু, কে খুষ্টান, কে নস্ত্রমান এবং ধর্মও জিল্ঞাসা করতে হবে অনেককে। কারণ আমি তো ধর্ম জিল্ঞাসা করে কাউকে নিখে রাখিনি। স্নতরাং এটা কতদিন লাগবে আমি বলতে পারছি না। উনি যদি ্যান আমি নিশ্চয়ই দেব, কিন্তু দীর্ঘ সময় লাগবে। মাননীয় যতীনবাৰু যে প্রচাবণা হচেছ বলে আশক্ষা প্রকাশ করেছেন, হতে পাবে প্রচারণা, কিন্তু একটা কথা আমি বলতে চাই ব মানা অস্ত্রবিধান মধ্যে পড়েছে, যাদেন ঘনবাড়ী পুড়ে গেছে কিংনা যানা সত্যাচারিত হ্নেছে সে হিন্দ হোক, ম্যালমান হোক, খুষ্টান হোক, এ্যাংলো ইণ্ডিয়ান হোক, আমরা কা**উকে** দিরিয়ে দিইনি, প্রত্যেককৈই আমর। দিয়েছি। এই বিষয়ে যদি 'ওঁদের কোন রকম কান জায়গায় মনে হয় যে কোন নুসলমান বা কোন হিন্দু বা খুষ্টান পায়নি তাহলে সেই কথা यागातक জানালে আমি নিশ্চয়ই দেখব। তবে যে হিসাব চেয়েছেন সেই হিসাব দিতে েলে আমার দীর্ঘ সময় লাগবে, কারণ, ধর্ম ইত্যাদি আমি লিখে রাখিনি। মুসলমানদের নাম --- বনেকের নামে হয়ত কিছাটা বোঝা যায, আবার অনেককে না জিজ্ঞাসা করলে ধর্ম कि বোৰা যাবে না।

Shri Sasanka Sekhar Sanyal:

দের যে রিলিফ দিচেছন, যে কাগজে নাম লেখা থাকছে, টাকার অন্ধ লেখা থাকছে সেই গগজে কোন পাড়া থেকে সেটাও তো লেখা থাকছে। সেখানে হিন্দু কি মুসলমান কি খৃষ্টান গটা লেখা থাকছে না ?

The Hon'ble Abha Maiti:

ইশু কিংবা মুসলমান সেই রকম আমর। কিছু লিখে রাখিনি ধর্ম আমর। লিখে রাখিনি শ কথা তো আমি বললাম।

Shri Sasanka Sekhar Sanyal:

^{হর্ত} কালা চাঁদ দরবারী হিন্দু, সে মুসলমান হতে পারে। কিন্ত যেসব সামগুলি আছে সেধানে ^{নৌলবী} কি ব্যাহ্যণ, হিন্দু **কি মুসলমান সেটা দেধবার কি নির্দেশ** নেই

[25th February

The Hon'ble Abba Maiti :

আমি বললাম যে বিভিনু নাম লেখা রয়েছে। কেউ হয়ত ব্রাহ্যণ-নান্যাল ব্রাহ্যণ নিশ্চয়া *সে*টা লোকে বঝবে. কিন্তু সবার ব্যাপারে তা নয়। আমাকে যখন বলতে হবে তথ হিসাৰ করে বলতে হবে। স্থতরাং আমাকে সময় না দিলে বলতে পারৰ না।

Shri Sasanka Sekhar Sanyal:

শাইনরিটি কমিউনিটি, মেজরিটি কমিউনিটি তো লেখা আছে?

The Hon'ble Abha Maiti:

এই রকম কিছু লেখা নেই।

Shri Jatin Chakravorty:

আমি স্যার, সময় দিতে রাজী আছি। দাঙ্গায় যারা দুর্গত সে যে কোন জাতের হোক, যে কোন ধর্মের হোক তাদের নিশ্চয়ই আমাদের পশ্চিমবর্জ সরকারের পক্ষ থেকে সাহায্য দেওয় উচিত। এই বিষয়ে ওপক্ষের সাথে এই পক্ষের কোন মত বিরোধনেই, নিশ্চয়ই সকলবে দিতে হবে। কিন্তু সময় নিলেও আপনি এ প্রশুটা রেখে দিন। কারণ, আমরা জানতে চাই এই विषयः। আমাদের ২০ দিন সময় আছে, এই হাউস বসবে না। সেই সম আমাদের বাজেট সেসান শেষ হবার আগে ননীয় মন্ত্রী মহাশয় যেন চেষ্টা করে সেই খববট (पन ।

The Hon ble Abha Maiti:

মাননীয় সভাপতি মহাশয়, ২০ দিনের মধ্যে দিতে পার্ব কিনা বলতে পার্ছিনা। কার্ণ আমাকে কলকাতার ফিগার চাইলে বলতে পারতাম, কিন্তু এতে এত লোক ইনভলভা এরিয়াতে গিয়ে প্রত্যেকটি খাতা আলাদ। আলাদাভাবে দেখে কে হয়েছে যে প্রত্যেক कर्त्राच्या विकास कार्य विकास कार्य कार कार्य का

Mr. Chairman: She cannot give an assurance

(Held over questions *30 and 32.)

The Hon'ble Saila Kumar Mukherjee: I shall answer the questions during the discussion on budget.

- *46 The Hon'ble Syamadas Bhattacharyya: (a) Government have no information
 - (b) Does not arise.

Shri Sasanka Sekhar Sanyal:

আমি যদি মন্ত্রিমহাশয়ের কাছে একটা টাইপড ফিগার্স দিই কতকগুলি লোকের নাম যাঁরা মাইখ বাঙ্গালী বলে স্যানসেটেড হয়েছেন, সেখানে চাকরী করেন তাহলে তিনি কি তাদের এনকোয়ার্গ কর্বেন ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি নিশ্চয়ই নেব এবং ইনকোয়ারী করবো এবং আমি মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে বলতে চা যে মাইখনে ডি ভি সির একটা ডাাম আছে, মাইখনে বিহার সরকারের কতকগুলি অফিস আছে এখন এখানে কোন বাঙ্গালী কর্মচারী কোন অফিসের অন্তর্ভুক্ত, ডিভিসি অফিসের অন্তর্ভুক্ত, অধ্ব বিহার সরকারের কোন অফিসের অন্তর্ভুক্ত কিভাবে নির্য্যাতিত হয়েছেন সে সম্বন্ধে এই প্রশ্রে মধ্যে কোন খবর না থাকলেও আমি বিবিধভাবে জানবার চেষ্টা করেছি—কোথায় কোন আসি হয়েছে কিনা কিন্তু আমি কোন খবর পাইনি।

Shri Jatin Chakravorty:

নাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আনি বলতে চাই যে মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে আপনার সঙ্গে আপনার ধরে একবার কথা বলে নিন তাহলেই আপনি কিছু তথ্য পেয়ে যাবেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman: There are some calling attention matters notices of which were given previously on the subjects of (1) alleged police excesses in Habra, in the district of 24 Parganas—notice given by Shri Narendra Nath Das; (2) alleged assault on Dr. S. C. Dutta—notice given by Shri Dwijendralal Sen Gupta; (3) promulgation of East Pakistan Distressed Persons Rehabilitation Ordinance—notice given by Shri Sasanka Sekhar Sanyal.

The Ho'nble Ministers concerned may give the reply if they are ready.

[3.40-3.50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, the Chief Minister is in the Assembly and he has asked me to seek your permission to read the statements on his behalf.

In reply to the calling attention noice of Shri Dwijendralal Sen Gupta regarding alleged assault on Captain Dr. S. C. Dutta, I beg to make the following statement.

At about 9-30 p.m. on 13th February 1964, loud reports, three in succession, of bursting of crackers were heard at Bechulal Road which is a minority pocket. Two of these crackers fell very close to police picket which was being manned by the personnel of Bihar Military Police. On that date there was a contingent of Bihar Military Police for the protection of the minority pocket. As a result of the explosion, two out of the 4 Bihar Military Police personnel of the picket received injuries, The loud report of the crackers attracted the notice of all persons in the area and had also made the Muslims rather panicky. At this the Bihar Military Police contingent, out of excitement, came out of their camp, and along with the persons in the picket rushed towards the direction from which the crackers appeared to have been hurled. On arrival at 67 C. I. T. Road, the only person whom they came across was seen hurrying away clothed in a lungi and a coat. This person was taken to be one of the miscreants and the Bihar Military Police personnel surrounded the person and three or four of them caught hold of him. In the meanwhile. Sub-Inspector Tarapada Dutt, Officer-in-charge of the police party at Bechulal Road, arrived at the spot and asked the Bihar Military Police personnel to let go the person and this was done The person gave out his identity as Dr. Sunil Chandra Dutta, M.B., accordingly. D.T.M., and explained his presence there. Dr. Dutta was released then and there. He complained of being assaulted by the police personnel and also of being abused Dr. Dutta also complained that these police personnel hurled abuses not only at him but also on Bengalees in general and that the police personnel had threatened others by aiming their guns at persons in the locality who wanted to intervene.

On enquiries being made it appeared that some of the police personnel had caught hold of Dr. Dutta rather roughly, hurled abuses to all and sundry and had also brought their rifles at the firing position to threaten some persons who had collected on the balconies nearabout. It also transpired on enquiry that these police personnel had indulged in these overzealous activities in utter disregard of the orders of S. I. Tarapada Dutta and Havildar Mahendra Thakur of Bihar Military Police who had repeatedly told them categorically not to rush out in search of miscreants after the bursting of bombs had taken place.

The medical certificate on the injuries of Captain Dutta does not, however, indicate that the injuries were serious. It has simply been stated in the medical certificate that Captain Dutta complained of pain on his body.

The Armed Bihar Military Police contingent of this place has since been replaced by the personnel of Calcutta Armed Police and the personnel involved in this incident are being dealt with departmentally for their indisciplined conduct.

Information on the points raised in the calling attention notice is given below seriatim:—

- (a) The incident of alleged assault on Capt. Dutta was intimated to the police authorities immediately after its occurrence.
- (b) The Armed Constables were not authorised to assault or abuse any citizen. In the present case they had caught hold of Capt. Dutta taking him to be a miscreant who appeared to have had something to do with the throwing of the bomb and there was a hot exchange of words.
- (c) The Armed Constables of the Bihar Military Police have been replaced by a contingent of the Calcutta Armed Police personnel and departmental action is being taken against the persons concerned for indisciplined conduct.
- (d) No arrest has yet been made in connection with the bursting of the crackers on 13th February 1964 at this place.
- (e) The Deputy Commissioner of Police, Central, held an enquiry into the incident immediately.

Sir, with reference to the calling attention notice tabled by Shri Sasanka Sekhar Sanyal regarding the promulgation of the East Pakistan Disturbed Persons (Rehabilitation) Ordinance, I rise to make the following statement:—

The State Government has got a copy of the Ordinance in question only today. It is too early to say whether, when put to effect. the Ordinance will be harmful to the interest of the minority community contrary to what the preamble to the Ordinance lays down, that is, to provide for the speedy rehabilitation of persons affected in civil disturbances in East Pakistan in January 1964 and for protection of the immovable property of the minority communities. Section 4 of the Ordinance. however, which lays down that no transfer of any immovable property belonging to a member of the minority community shall be deemed to be valid and legal unless it has been done with the prior permission of the Deputy Commissioner of the District concerned, on the face of it, seems to be taking away the unrestricted right of a migrant to dispose of by sale, by exchange or otherwise his immovable property, as guaranteed under the Nehru-Lisquat Agreement. However, it is not possible to say anything more at this stage about the possible implications of this Ordinance whose working has to be watched for a while in order to be able to find out whether it is really serving the interest of the members of the minority community or not.

Mr. Chairman: I have before me two notices of calling attention on the following subjects:—

- Strike resorted to by the conservancy workers of the Howrah Municipality by Shri Jatin Chakravorty.
- (2) Discrimination in the matter of fine realisation as between Hindu students and Muslim students—by Shri Sasanka Sekhar Sanyal.

Members will formally read their notices.

Shri Jatin Chakravorty: A very serious situation has arisen in the town of Howrah as a result of the Howrah Municipality conservancy workers' strike since last Friday-Saturday midnight. The number of workers is nearly 3,500 who have struck en bloc. Privy services remain inoperative, drains are overflowing and garbages are piling up. There is no sweeping of streets. As a result epidemic may break out at any moment, Howrah being the epi-centre of cholera.

The Minister concerned may make a statement as to what step has been taken by the Government to end the strike for the safety of the people of Howrah.

The Hon'ble Syamadas Bhattacharyya: I have been asked to state that the statement will be made on 28th February next.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, my matter of calling attention is as follows:-

After the expiry of the last date for depositing fees for Three-Year Degree Coursn colleges are making discrimination in the matter of late fine realisation as betweee Hindu students and Muslim students in that the latter are being exempted from payment of fines, whereas the former are not being so exempted, and as a case in point it may be mentioned that one Aftabuddin of Manindra College has been allowed to deposit fees after the last date without payment of fine and that Hindu students have not been accorded this leniency. Such discrimination cuts at the root of communal concord which ought to be top priority in the present context of things.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: A statement will be made on Monday next.

General discussion on the budget

13-50-4 p.m.]

Shri Abdul Halim:

শিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থ মন্ত্রী শ্রীশৈল কমার মধাজী আমাদের সামনে ১৯৬**৪-৬৫** সালের আয়-ব্যয়ের যে বাজেট পেশ করেছেন সে[°]সম্পর্কে আমার কিছ বক্তব্য এখানে রা**খব**। আমি বলতে চাই এই বাজেট উপস্থিত করে মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তা আমি মনোযোগ সহকারে পড়েছি। তাঁর বক্তৃতা পড়ে আমার মনে হয়েছে নে তাঁর বজতা আগের বছরের বজতার পনরুক্তি মাত্র। আমি ১২ বছর ধরে এখানে আছি. এই লাল নীল কিতাবে একই বক্তব্য বার বার ধ্বনিত হয়ে উঠেছে। এবারেও তার কোন বাতিক্রম দেখছি না। আমি এই বাজেট স্টাডি করে দেখলাম, কিন্তু বর্তমানে যে দঃখ দুর্বণা চলছে, যে বেকারী অবস্থা রয়েছে, দ্রবামূল্য অভাব অনটন যেভাবে বেড়ে যাচেছ টাক্সের বোঝা যেভাবে লোকের ঘাড়ে চাপছে. মানঘ আজ যেভাবে শোঘণের চাপে ^{উৎক}ষ্কিত. পীড়িত তাতে এই বাজেটের ভেতর সেইসব কথা কিছু রয়েছে বলে মনে হবে না। এই বাজেট বক্তৃতার আড়ালে প্রকৃত ঘটনা চেপে রেখে দেওঁয়া হয়েছে এবং বাজেট যদি ^{বিশ্লেষণ} করে দৈখি তাহলে তাতে আতাসন্তটির কারণ কিছু দেখি না। এই যে বাজেট পেশ ৰ্ব্বেছেন তাতে বডাই করা সাজে না। মাননীয় অর্থ মন্ত্রী তাঁর বক্ততায় গণতান্ত্রিক সমাজতান্ত্রিক কাঠামোর মধ্যে দ্রত উন্মনের প্রয়োজন সিদ্ধ **করে** আমাদের অর্থনৈতিক নীতি নির্ধারিত করিতে হইবে। কংগ্রেস সরকার সমস্ত ভারতবর্ষ ন্যাপী সমাজতন্ত্রের বলি উঠেয়েছে। তারা সমাজতন্ত্র প্রচারের কথায় খুব মুখর হয়ে উঠেছে। ^ৰনভান্ত্ৰিক কাঠামোর ভৈতর কখনও সমাজতম্ব গড়ে উঠতে পারে না। আমি দেখাব কি ^{ক্রে} বিদেশী ক্যাপিট্যাল আসছে, কি করে ফরেন ক্যাপিট্যাল এখানে দানা বেঁধে উঠছে। বলেছেন যে আমরা সমাজতন্ত্রের পথে যাচিছ। কিন্তু এই ধনতান্ত্রিক কাঠামোর **মধ্যে** a উঠে এটা সমাজতন্ত্র **ৰব**হিত **সমাজতান্ত্ৰিক** কাঠামোর সিস্টেম থাকৰে ভেতর ধনতান্ত্ৰিক

আবার সমাজতম্ব হবে, বড় লোক বড় লোক হবে, টাটা বিড়লা কোটিপতি হবে, 🖜 ব দরিদ্র মজর খেতে পাবে না, বেকার কাজ পাবে না, শ্রমিকরা আনএমপ্রয়েড থাকবে এবং সমাজতম্ব[®] গড়ে উঠবে এ কখনও হতে পারে না। কংগ্রেস সরকার বর্তমানে যে কার্যক্রম গ্রহণ করেছেন সেটা সমাজতান্ত্রিক কার্য্যক্রম নয় এই কথা আমি বলতে চাই। আসলে ভাঁরা ধনতান্ত্রিক অথনৈতিক কাঠানো গড়ে তুলতে চেষ্টা করছেন এবং তারই অনিবার্ফ্য ফল হিসাবে সরকারের সমস্ত পরিকল্পনা বাঞ্চিত ফল দানে ব্যর্থ হয়েছে। দেশের মান্য দু:ধ দুর্দশার হাত থেকে পরিত্রাণ পাচেছ্না। সম্প্রতি এই যে দুর্ঘটনা ঘটে গেল এতে শত শত লোক এধানে এসেছে, এধানকার লোক স্থান চ্যুত হয়েছে, অথচ এই বাজেটে তাদের পনর্বাসনের জন্য কোন ব্যবস্থা করা হয় নি। সমস্ত ব্যবস্থা সেণ্ট্রালের **যা**ডে চাপিয়ে দেওয়া হচেছ, বস্তা বোঝাই করে তাদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দেবার চেষ্টা হচেছ। অথচ এখানে যদি স্মুষ্ঠভাবে সমাজতন্ত্র গঠন করতে হয় তাহলে একটা পরিকল্পনা নিয়ে যাতে আমর। তাদের সাহায্য দিতে পারি, শিক্ষার ব্যবস্থা করে দিতে পারি তার জন্য তে। চেষ্টা করতে হবে। কিন্তু এটা একটা হৃদয়হীন বাজেট। এতে সেই সমস্ত কথার কোন উল্লেখ নেই। এটা মানবতা বজিত বাজেট। এতে মানুঘকে কি করে গড়ে তুলব, সমাজকে কি করে গড়ে তুলব সেই সব কথা নেই। ওধু আছে আমরা এত উনুতি **করে**ছি, এত কিলোওরাট বিদ্যুত উৎপ**া করেছি, এতগুলি টিউব** ওয়েল করেছি। কাগজে-পত্রে মধর বচনে এগুলি আমরা মুখর করে তুলতে চাই কিন্তু প্রকৃত ঘটনা যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে কিছুই হয়ন। কত টিউবওয়েল করেছেন তার হিসাব আমি দেব। সমাজতন্ত্রের কণা বলছেন, কিন্তু সাধারণ মান্ঘ আজ করভাবে প্রপীড়িত। রাষ্ট্রায়ত্ত ব্যবসার পরিবর্তে রাজ্যসরকার বৃটিশ আমলের মত রাষ্ট্র কোঘ পূর্ণ করবার ব্যবস্থা শতকরা ৮০ ভাগ পরোক্ষ করের মাধ্যমে করেছেন। প্রতি বছর ট্যাক্সের বোঝা বেড়ে চলেছে। বিপনি কর, অন্যান্য কর, শুল্ক প্রভৃতি খাতে সংগৃহীত অর্থের পরিমাণ শতকরা ৫০ ভাগেরও বেশী হয়েছে। সমস্ত করের পরিমাণ যোগ করলে পশ্চিমবাংলায় মাথা পিছু বার্ষিক ৪৫ টাকা কর দাঁড়ায়। তার উপর আছে জল কর, পৌর কর, শিক্ষা কর, উনুয়ন কর, নানা রকম কর মানুষের ঘাড়ে চাপছে। এই সব কর ধরলে মাথা পিছ কর অনেক বেড়ে **যাবে। করের বোঝা**য় মানুষের মেরুদণ্ড যেন নুয়ে গেছে। এবার সরকারের অপদার্থতার কখা বলতে চাই। সরকারের নানা রকমের ব্যবসা আছে, সেই ব্যবসাগুলি তাঁরা চালাতে পারেন না। তাঁদের অপদার্থতা, দুর্নীতি এবং স্বজনপোদণের জন্য সেখানে লক্ষ লক্ষ টাক্। লোকসান দিতে হচেছ। ১৬ টা রাষ্ট্রায়ন্ত ব্যবসা আছে। সেখানে ১৯৬২-৬৩ সালে ২০.৪১ **লক্ষ** টাকা নষ্ট হয়েছে, ১৯৬৩-৬৪ সালে ২৫ লক্ষ টাকা নষ্ট হয়েছে। তাঁরা গ্রেটার ক্যাল-ঞ্চী। মিল্ক সাপ্লাই এর ব্যবস্থা করেছেন। সেখানে দেখছি ১৯৬২-৬৩ সালে ১৬.৯১ লক **টাকা** এবং ১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে ২০ .৩৮ লক্ষ টাকা তাদের লোকসান হয়েছে। আরো যেসব আগুারটেকিং আছে যেমন, সাপ্লাই প্রসেস, স্যানিটারী ওয়াকর্স, ইলেক ট্রিক্যান ওওস, ওয়েস্ট বেজল টাইল বোর্ড, দুর্গাপুর স্টেট ট্রানসপোর্চ, সিসল, সিসল সম্বন্ধে বলেছেন যে বিসলের গাছ লাগিয়ে দেশের কাপড় সমস্যার সমাধান করব, কিন্তু এই সমস্ত আগুরটেকিং এর জন্য বহু টাকা দষ্ট হয়েছে। সেধানে কোন টাকা তাঁরা মূনাফা করতে পারেন নি, সেগু^{নি} **একেবারে দেউ**লিয়াপনা অবস্থায় মধ্যে রয়েছে। এই ভাবে দেশের টাকা আমাদের জনসাধারণে **টাকা** তারা নষ্ট করছেন। বিভিন্ন সমাজ উনুয়নমূলক ব্যবস্থার খাতে সরকারী বরান্দের পরিমা^ণ **কনে** গেছে—এটা প্রত্যেক বছরের হিসাবে দেখা যাচেছ। একমাত্র খরচ বাড়ছে পুলিসের খাতে অপচ এই পুলিসের অপদার্থতা সম্বন্ধে এই হাউসে বহু আলোচনা হয়েছে। পুলিস দুর্নিতি পরারণ পুলিস মানুষের উপর অত্যাচার করে, জুলুম করে, তারা ভদ্র ব্যবহার জানেন না। এই যে **কোলকা**তায় দাঙ্গা হয়ে গেল তার ২।০ দিন এখানে কোন ল অ্যাণ্ড অর্ডার ছিল না। এই পু^{লিস} অযোগ্য, এরা দেশ শাসন করতে পারে না, অথচ মন্ত্রিমহাশয় তাদের খুব স্থখ্যাতি করছেন, তাদের বাঁচাবার চেষ্টা করছেন। কোলকাতার দাঙ্গা থামাবার জন্য মিলিটারী ডাকতে হল, পুলিস শিছু^ই করতে পারে নি অথচ বছরের পর বছর পুলিসখাতে টাকা বেড়ে যাচেছ। এই পুলিস ^{খাতে} <mark>চীকা খরচ করার কি মানে আছে। দেশের কল্যাণমূলক কাজে সাধারণ মানুষকে যদি সংগঠিত</mark> ় **বর।** হয় তাহলে এত ধরচ হতে পারে না। এই সমস্ত পুলিস বৃটিশ আমলের দুর্নীতি পরায়ণ পু^{লি,স}

এই সমস্ত পুলিস মানুষের সঙ্গে কখনও ভাল ব্যবহার করে না। এই পুলিসের কথা আমর। জানি---১৯৫৯ সালের আগস্ট মাসে যখন কোলকাতায় লক্ষ লক্ষ লোক খাদ্যের দাবীতে দরখাস্ত নিয়ে এল এসপ্রানেডের মোড়ে সেদিন দেখলাম পুলিসের কারবার--সেদিন তারা গুলী করে ৮০ জন লোককে ভলষ্ঠিত করে দিয়েছিল, সেদিন তাদের তৎপরতায় অভাব দেখিনি কিন্তু যখন শ্রমিক, কুম্বক, মধ্যবিদ্ধ **र्निककता** जात्मानन करतन उथन जात्मत त्मरे जात्माननतक मानिता तम्या रस। এই পुनिम গভর্নমেণ্টকে আন্দোলন দাবাবার কাজে সাহায্য করে। এই সমস্ত দর্নীতিপরায়ণ পর্লিসের সম্পর্কে মিঃ চেয়ারম্যান স্যার, আমি উগ্র ভাষায় আর বলতে চাইনা কিন্তু পুলিসের অপুদীর্থ তার কথা না বলে পারা যায় না। তারপরে ফেমিন খাতে অর্থবরাদ্দ কমানো হয়েছে। আমবা জানি প্রত্যেক বছর খাদ্যসঙ্কট হয়, উৎপাদন হয় না, দেশে ক্ষকের হাতে জমি নেই, জমি বণ্টণ वाक्या जान रुप्तने, त्नाटक (थरा भाग ना वर्षाजात भाराज्य केवत किपात का वर्षाकारन होका দিতে হয় অপচ প্রত্যেক বছর এই ফেমিনখাতে কম করে ধরা হয়, পরে আবার বেশী ধরচ क्রতে হয়। এইভাবে খাদ্য সমস্যা সমাধান করা যায় না বা দেশে উৎপাদন বাডতে পারে না। এর যদি যথাযোগ্য ব্যবস্থা করতে হয় তাহলে এই সমস্ত খাতে আরো বেশী ধরচ থাকা উচিত। প্রবিদ্ধ হতে যে সমস্ত ছিনুমূল উদ্বাস্ত এসেছেন এবং যাঁর৷ এখানকার দাঙ্গা দর্গত তাঁদের **ত্রা**ণের জুন্য কোন ব্যবস্থা নেই। কাঁজেই আমি আগেই একথা বলেছি এই বাজোঁকে কি করে বলবে। এটা জনকল্যাণ রাষ্ট্রের বাজেট। জনসাধারণের উপকার করার জন্য, দেশকে গড়ে তোলার জন্য, এই বাজেট এটা কিছতেই বলা যেতে পারে না। নিঃ চেয়ারম্যান স্যার, এই বাজেটের আর একটা দিক আছে। আঁমাদের দেশে দ-দটো পঞ্চবাধিকী পরিকল্পনা শেষ হয়ে গেছে **কোটা কোটা** নাকা আমরা খরচ করেছি, তৃতীয় পরিক*ল*পনায় প্রায় ৩ বছর কাল হয়ে গেল কিন্তু **আমাদে**র . (प्रत्यंत निवास का प्रत्या अपित निवास का निवास का निवास का अपितार का निवास का अपितार का प्रत्या का अपितार का আমাদের জাতীয় আয় বেশী বৃদ্ধি পাযনি। মাননীয় অর্থমন্ত্রীমহাশয় তাঁর নিজের ভাষণেই স্বীকার করেছেন জাতীয় সায় যতটুকু বৃদ্ধি পেয়েছে তার স্থার একটা দিকও দেখতে হবে। সাম বৃদ্ধির হিসাবে দেখানো হয়েছে যে গত দশ বছরে আানুয়াল রেট অব ইনক্রিজ হয়েছে ৪ পার্চেণ্ট পপলেমন গ্রোথ ২।। পার্দেণ্ট, পার কাাণিটা ইনকাম হয়েছে ১।। পার্দেণ্ট—–থার্ড প্র্যানের টার্গেট ছিল ৫ পাৰ্সেণ্ট বাড়ানো হবে । আাকচুয়াল ২।। পাৰ্সেণ্ট বেড়েছে, ১৯৬২-৬৩ <mark>গালে অনলি আাবাউট</mark> ২ পার্সেণ্ট, তার মানে ০ .৩ পার্সেণ্ট কমে গেছে। আমাদের পশ্চিমবঙ্গের অবস্থা আরে। খারাপ এখন এই জাতীয় সায় কার বাড়ে কত এল, টাটা বিডলা কত পেলেন, আরু কঘক এবং সত্যপ্রিয় বাবরা কত পেলেন সেটা সবাই জানেন।

[4-4-10 p.m.]

এথিকালচারাল প্রোডাকশন সম্পর্কে তাঁর। বলছেন যে ফুড ফেল ক্রম ৪১.৪ টু ৩৩.৮ এবং প্রাান টারগেট হচেছ তাঁদের ৫০ পারসেণ্ট এটা থেকে প্রমাণ হচেছ যে খাদ্য উৎপাদন করে বাচেছ, বাড়েনি। তারপর ইনডাস্ট্রিয়াল প্রোডাকসন এর গ্রোখ সম্পর্কে তাঁরা বলছেন ইন্ টু ইয়ার্স ৬.৫ প্রাস ৮ ইনডাস্ট্রিয়াল গ্রোখ হয়েছে ১১ পারসেণ্ট এ্যানুয়ালি কুথ এণ্ড টি কিছুটা কমেছে। জুট কিছু বেড়েছে। এই হচেছ উৎপাদন সম্পর্কে ওঁরা হিসাব দিচেছন। কাপড়ের উৎপাদন কমেছে, তবে সূতা কিছু বেড়েছে। আবার হ্যাগুলুম ক্ষতিগ্রস্ত হয়েছে। দেখা যাচেছ প্রোডাকসন তারা বাড়াতে পারেন নি। তাদের ইকনমিক রিভ্যু থেকে ফিগার তুলে দেখাচিছ। তারাই খীকার করছেন উৎপাদন বাড়াতে পারেন নি। কারণ এথিকালচার-এর সংখ্যাটা বেশী। এই এথিকালচার-এর সংখ্যাটা বেশী। এই এথিকালচার-এর সংখ্যাটা বেশী। এই এথিকালচার-এর প্রাথাকে না পারার জন্য গত বৎসর কি ঘটনা ঘটেছিল তা স্বাই জানেন। গতবছর আপনারা জানেন চালের দর ৫০ টাকা বেড়ে গিয়েছিল। সাধারণ লোক থেতে পায় না, পড়তে পায় না, তারা অলশ বাইনে পায়, তারা নানা দিক দিয়ে প্রপীড়িত। তাদের ৫০ টাকা দরে চাল কিনতে হয়েছে।

উৎপাদন না বাড়লে জিনিঘের দাম বেড়ে যাবে, এটা স্বাভাবিক কথা , এবং তার **উপর** ^{সাবার} হোরডার আছে। যারা ব্যবসাদার, মজুতদার, হোরডার, তারা এইগুলি কনট্রোল করে। ^{এই} প্রসঙ্গে আমি একটা হিসাব দেখাচিছ, সেটা অবাস্তর হবে না। যি: চেয়ারম্যান স্যার্থ, ^{বিদি} আমরা ধরি গড়ে কি রকম আমাদের চালের প্রোডাকসন হয় এবং চালের ব্যাপার্থ কি রকম কারসাজি হন্ন, তাহলে সমস্ত জিনিষ্টা পরিস্কার হয়ে যাবে। যদি আমরা ধরি পড়-পড়তা ৪২ লক্ষ টন চালের প্রোডাকসন হয়, এবং ৩০ পারসেণ্ট যদি তার এ্যাভারেজ্ঞ নার্কেটেড কোরানটিটি হয়, তাহলে আমরা দেখছি এটা ১৪ লাখ টন হচেছ

Out of this, four lakh tons are taken as marketed by persons themselves to the consummers or millers.

তার ব্যালান্স যেট। ১০ লাখ থাকে, সেটা সরাসরি জোতদার ও মহাজনের হাতে চলে যার। এবং এটার যদি মিনিমাম ৫ পারসেণ্ট একস্ট্রা প্রফিট হিসাব ধরি, তাহলে extra profit will come to 2.70 lakh maunds, that is 13.50 lakhs.

এই যে এ্যাভারেজ এটা এভরি ইয়ার-এ চলে যাচ্ছে আনপ্রোডাকটিভ এলিমেণ্ট-এর হাতে এবং বিগ জোতদার ও গোবডার-এর কাছে। তারা আবার এটা নিয়ে ফার্দার শেকুলেসন-এর জন্য ব্যবহার করে। বাজারে তারা সেই টাকাটাই আবার ছাড়ে। তারা চাল, ধান কিনে নিয়ে হোর্ড করে। আবার দুংসময়ে, এটা তারা বেশী দরে বিক্রয় করে। তথন তারা মন্ত্রীমণ্ডলীর সঙ্গে সহযোগিতা করে দাম বাড়িয়ে দিয়ে তারা দেশের লোককে জোঁকের মত শোষণ করে। এই হচ্ছে তাঁদের অবস্থা। মিঃ চেয়ারম্যান স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। ১৫–২ তাং স্টেটসম্যান-এ প্রকাশিত হয়েছে——

P. C. Mahalanobis, Chairman of the committee on distribution of income and wealth in India, in his report has concluded that the rural scene has suffered considerable deterioration during the last ten years despite all efforts towards a planned growth. Despite all land reform measures the pattern of concentration of landholdings has not basically changed. The avrage per capita daily expenditure is a little over 66 nP. for the whole of the population. Those in the lowest 10 per cent. or the lowest income group in the rural area have a daily per capita expenditure of 31 nP. In the urban areas and rural areas the condition of the last 10 per cent. has definitely deteriorated. They are underfed, under-clothed.

স্বাণ্ডার ফেড ও স্বাণ্ডার কুপড, এই হচেছ অবস্থা। অথচ ওঁরা টার্গেট নিয়ে বড়াই করছেন ওঁরা বলেন স্বামাদের দেশে স্বনেক কিছ করেছেন।

নিঃ চেয়ারম্যান স্যার, আমি এখানে দেখাতে চাচিছ—ওঁরা বলেন এখানে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গঠন করবেন, অথচ আপনারা যদি হিসাব করে দেখেন, যে টাকা কি পরিমাণে স্থাসছে এবং কিভাবে সেটা খরচ হচেছ, তাহলে বুঝতে পারবেন তাদের সমাজ ব্যবস্থা কিভাবে গঠিত হতে চলেছে।

তারপরে মি: চেরারম্যান স্যার, আমি এখানে দেখাতে চাচিছ যে ওঁরা বলেন বে সমাজতারিক সমাজ ব্যবস্থা গঠন করবেন। অথচ আপনারা হিসাব করে দেখেন যদি তাহলে দেখনে

চাকা কি পরিমাণে আসছে। আমি আর একটা প্রশু অবশ্য সেটা পরে আমি বলছি আনএবপুরমেণ্ট সম্বন্ধে। এখন যেটা বলছি সেটা হলো এই ফরেন এড প্র্যান টারগেট ছিল
২,২০০ টাকা এখন এ্যাকচুয়াল ইন থ্রি ইয়ার্স হচেছ ১,২০৬ টাকা মিড টার্ম থেকে এগুলো কাটি
বা কোড় টাকা। আপ টু মার্চ ১৯৬৩ অথোরাইজড অর প্রমিসড ক্যাপিটাল হচেছ ১,৮৬৫ কোড়

চাকা, ওমেস্ট হয়েছে ১,৫৬৬ কোড় টাকা ও সোসিয়ালিস্ট কাণ্ট্রি দিয়েছে ৩২৯ ক্রোড় টাকা।
এড ইণ্ডিয়া কুাব থেকে যে টাকাটা আসছে ৬১-৬২ সালে তারা দিচেছ ১,২৯৫ মিলিয়ান ডলার
এবং ৬২-৬৩ সালে দিচেছ ১৭০ মিলিয়ান ডলার, ৬৩-৬৪ সালে দিচেছ ১৫২ মিলিয়ান ডলার,
১,৪১৭ মিলিয়ান ডলার তারা দিচেছ

One third for non-project scheme to purchase goods from donor countries.

আর্থাৎ যে দেশ আমাদের টাক। দেবে সেই দেশ থেকে আমাদের জিনিঘ কিনতে হবে। করেন ক্যাপিটাল প্রাইভেট এসেছে ১৯৫০ এবং ৬১ সালে আমি দেখাচিছ প্রাইভেট ৪৯৩ ক্রোড় ৫০ সালে এবং ৭৯১ ক্রোড় ১৯৬১ সালে এবং ব্যান্ধ দিচেছ ৬১ ক্রোড় ১৯৬১,৬০ ক্রোড় দিচেছ আর অফিসিয়াল দিচেছ ২২৫ ক্রোড় এবং ৬১ সালে ১,৭০০ ক্রোড় টাকা। প্রফিট্স বাই করেন ক্রিটোল কোম্পানী দিচেছ ৫৬ সালে ৪৬.৭ ক্রোড়, ৫৭ সালে ৩৫.১ ক্রোড়, ৫৮ সালে ৩৫.২

ক্রোড়, ৫৯ সালে ১৮.১ ক্রোড়, ৬০ সালে ৪৮.০ ক্রোড় আর ১৯৪৮ থেকে ৫৮ বিদেশী প^{*}ব্বি এসেছে ১৫৮ ক্রোড প্রফিট ইনক্রিমেণ্ট অ্যাও আদার্স। কাব্বেই এই থেকে দেখা যা**চে**ছ ক্ত প্রফিট তার। করছে। আমাদের দেশে টাকা ইনভেস্টমেণ্ট করে তার। কত টাকা প্রফিট করছে। তার পরে আবার আমাদের ফাইভ ইয়ার্স প্ল্যান ইত্যাদি হয়েছে সে**খানে** ন্দাসর। বিদেশ থেকে টাকা পাচিছ। তাছাড়া ফরেন ব্যবসা সেখানে কোলাবারেশনে টোটাল এনটারপ্রাইজেস হচেছ ১,৩০০। ব্রিটিশ হল ৩৬৭, ইউ. এস. এ. ২২১, জার্মাণ ২০১, জাপান ১০০। এই ফরেন এন্টারপ্রাইজগুলি এখানে কাজ করছে। তাদের পেড আপ ক্যাপিটাল ক্**ৰ জ**য়েণ্ট স্টক কোম্পানী হচেছ ইন ওয়েস্ট বেঙ্গল ৬০-৬১ হচেছ ৪০০.৯ ক্ৰোড, ৬১-৬২ হ**চেছ** ৪০০ ২৩ ক্রোড, ৬২-৬৩ হচেছ ১১৩ ৭ ক্রোড এই হচেছ সেখানে তাদের বার্জেনে বেডে চলেছে। কাজেই আমরা দেখছি এবং মহালনবিশ কমিটির রিপোর্টে ১৮ই অক্টোবর ১৯৬২ সালে বেরিয়েছে এরা হচেছ ১৯৫১ থেকে ৪৫২ শুধু কোম্পানী কণ্টোল করেছে আর ১৯৫৮ থেকে ৫৫০টি কোম্পানী শেয়ার ক্যাপিটাল কণ্টোল করেছে—এর থেকে আমরা দেখছি কি? এখানে প্রাইভৌ সেইর পাবনিক সেইর গ্রোনা করে। প্রাইভেট সেইর গ্রোকরছে। প্রাইভেটে এর। নিজের কোটি কোটি টাকা মূনাফা নিয়ে যাচেছ। তারা এই রকম প্রফিট **করে নিমে** যার এবং অনপ্রবেশ করে তাহলৈ আমাদের দেশে সোদ্যালিজম কি করে গড়ে উঠবে ? ১৫ই ফেব্র য়ারী স্টেটসম্যান বলছে. মিঃ চেস্টার বোলস অ্যাট প্রেস কাব বলেছিলেন

"I think the private sector in India will grow very rapidly and I am sure that more and more American investment will be made when India got moving it was going to be a tremendous market for the world and the chances of attracting foreign capita has been increased by India's reputation of fulfilling the contract."

তাহলে দেখা যাচেছ যে কিভাবে তারা এই দেশে ফরেন কণ্ট্রোলড বিসনেস চালাচেছ্
এবং কাপিটাল আসছে। তারা কিভাবে এই দেশকে কুক্ষিগত করছে। এই যে ফরেন
ক্যাপিটাল অর্থাৎ আমেরিকান এবং বৃটিশ অনুপ্রবেশ—তার ফলে আমাদের সমাজ জীবন ব্যাহত
হবে। তারা আজকে আমাদের উপরের শ্রেণী যারা আছেন তারা মনে করেন এর **যার্য্য**আমাদের দেশ উপকৃত হবে। আজকে তারা কলকাতায় সি. এম. পি. ও করছেন ফোর্ড
ফাউণ্ডেসান করে আমাদের উপর কর্ত্ব করবেন। ভারত মহাসমুদ্রে তারা বিপদ্দেশক
অস্ত্র শস্ত্র নিমে মার্কিণ নৌবহর পাঠাচেছন। আমাদের দেশের বড় বড় যে সব পূঁজপিতি আছেন
ভাদের সঙ্গে এদের আতাঁত রয়েছে, তারা বিদেশী সাম্রাজ্যবাদের সঙ্গের এই প্রতিক্রিয়াশীল চিচ্ন ফুটে উঠছে দেখতে পাচিছ। এবং এই করে তারা আমাদের অর্থনৈতিক, সামাজিক
এবং সাংস্কৃতিক জীবনের মধ্যে অনুপ্রবেশ করছে। তারা দেশের জনসাধারণের উপর এখন
উপদেশ দেয়।

[4-10-4-20 p.m.]

এর মাধ্যসে আমরা দেখতে পাচিছ্ যে দেশের জনসাধারণের উপর এসে তার। অনুপ্রশেশ করেছিল, তারপর তাদের উপর ছেড়ে দিয়ে চলে গিয়েছিল, আবার তাদের সেই প্রভাব করতে চাইছে। সেই ভাবে আবার তার। আমাদের দেশে পুবেশ করতে চাইছে। ওঁবা কথায় বলেন যে আমরা দেশকে খুব উনুত করে তুলছি। মিঃ চেয়ারয়ান, স্যাব্বা, ওঁদেরই ইকনমিক রিভিউতে রয়েছে, তার থেকে আমি দেখাচিছ্ যে ওঁরাই বলছেন বিগিলিং অব সেকেও প্ল্যান-এ আন এমপুয়মেণ্ট ছিল ৫.৩ মিলিয়ান। সেকেও প্ল্যানে বলেছিলেন নিউ এমপুয়মেণ্ট দেওয়া হবে ৮ মিলিয়ান— টোটাল নাম্বার অব আনএমপুয়ে এগাট দি এও অব দি প্লুগান ৯ মিলিয়ান। তারপর থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ব্যাকলগ হচেছ ৯ বিলিয়ান। তাহলে নিউ এণট্রাণ্ট হচেছ ১৭ মিলিয়ান, এমপুয়মেণ্ট টার্গেট হচেছ ১৪ বিলিয়ান, এক্সপেকেও ব্যাকলগ হচেছ ১২ বিলিয়ান। এগাকচুয়াল ওনলি ইন থি ইয়ার্চ্প হচছ ৫.৫ মিলিয়ান। রেজিস্টার্ড ইন এক্সচেঞ্জেস সেখানে যে। নাম লেখান হয়েছিল সেটা ইবজিজেক ইন টু ইয়ার্স ক্রম ৫০.৬ ল্যাক্সট্ ২৪.৮ ল্যাক্স। ইন দি ওয়েস্ট বেকল এটা

ইচ্চেছ্ অসম ৩.২৮ ল্যাক্স ইন ১৯৬১ টু ৪.১৯ ল্যাক্স ইন ১৯৬২। তাহলে দেখা যাচেছ্ আনএমপুরমেণ্ট বেড়ে যাচেছ। এবং এডুকেটেড আনএমপুরেডের সংখ্যা হচেছ ১.১০ লক। কাজেই দেশকে যদি গঠন করতে হয়, দেশের বার্ডেন যদি কমাতে হয়, দেশের যদি সন্স্যা স্মাধান করতে হয় তাহলে এই লোকগুলিকে না ধাইয়ে যে কি করে দেশের সমস্যা সমাধান হবে ত। আমি বুঝতে পারছিনা। দেশকে যদি গড়ে তুলতে হয় তাহলে এই যে দেশে এত কোটি কোটি লক্ষ লক্ষ আন্ত্রসপ্রয়েড আছে তাদের হার্নেস করে দেশে উৎপাদন বাড়াতে হবে। সেগুলির কোন ব্যবস্থা না করে কেবল বেকারের সংখ্যা ৰাড়ান হচেছ। যত প্ল্যান বাড়ছে ততই বেকারের সংখ্যা বেড়ে যাচেছ। এবং আমাদের ওয়েস্ট বেঙ্গলে বেকারের সংখ্যা সবচেয়ে বেশী। এখানে এগ্রিচকালচারাল লেবারের ব্যাপারেও তাই, তাদের সংখ্যা আরো বেড়ে গেছে। নন-এগ্রিকালচারাল লেবারের সংখ্যা আমাদের কমে গেছে, লেবার তাই কমে গেছে। এনপ্লয়মেণ্টের যে ব্যবস্থা তাতে সেধানে দেখা যাচেছ ১৪ मिनियान लोक এখন বেকার অবস্থায় পড়বে। এবং এই বেকার অবস্থা নিরে একটা দেশকে গঠন করা যেতে পারে না। যে সমস্ত সোসালিস্ট দেশের কথা বলা হয় সেই সমস্ত সোসালিস্ট দেশে কোন বেকার নেই। সেখানে নিয়ম হচেছ বেকারদের কাজ দিতে হবে। তাদের খেতে দিতে হবে, কাজ না ধাকলে স্টেট খেকে তাদের প্রোভাইড করতে হবে। আর এখানকার বেকারর। পণে রাস্তা-ঘাটে ঘুরছে, রিফিউজীব। <mark>আজ</mark>কে মরণাপনু অবস্থায় রাস্তায় রাস্তায় ঘুবে ঘুরে মরছে, তাদের দণ্ডকার**নি**ণ্য পাঠান হচেছ। আমাদের দেশের বেকাররা পথে ঘুরে ঘুরে হয়ত এক বেলা ধেল। তাদের এক বেলা চালাচেছ, আর এক বেলা খোঁদে চলছে। তার। যেদিন খাদ্য পাচেছ পেদিন খোদায় চালাচেছ. খোদে চলছে। মিঃ চেয়ার-ম্যান, আর যেদিন খাদ্য পাচেছনা সেদিন নয়, এই চিত্র ওঁদেরই রিপোটে ব বেকারের চিত্র এই চিত্র আমার চিত্র। এই যে ইকনমিক রিভিউ ওর। আদাদের কাছে দিয়েছেন গেই রিভিউ থেকে এই সব আমি দেখাচিছ্। এই যদি অবস্থা হয় তাহলে কি করে তাঁর। দেশকে সমাজতান্ত্রিক কাঠানোর মধ্যে নিয়ে যাবেন ? কাজেই এইভাবে সমাজতন্ত্রের ভাঁওতা দিয়ে কোন नीं नांचे। দেশকে यपि গড়ে তুলতে হয তাহলে তে। বলতে হবে যে, এইভাবে পামর। প্র্যান নিচিছ, এইভাবে পরিকল্পনাকে আমর। কাজে লাগাব, তাহলে কিছু কাজ হুৰ্তে পারে। আনরা দেখছি, প্রায় শুনছি এবং এই কথা আগেও বলেছি যে প্রাইস পুব বেড়ে যাচেছ। জিনিসের দাম অগ্নিমূল্য হচেছ। মিঃ চেয়ারম্যান, স্যার, কি রকন জ্বাজকতা দেখুন—কলকাতায় যধন বায়া বাঁধল তথন ৷ বোতল কেবোসিন তেলের দাম হল ১ টাকা, একটা ডিমের দাম ১ টাকা। দেশে তে। এইরকম অরাজকত। মাঝে মাঝে আসতে পারে, তাহলে গভূন্মেণ্টের কম্পিটেন্সি কোথায় ? যে গভর্নমেণ্ট দেশকে চালাতে চায় সেই গভর্ননেপ্টের কম্পিটেন্সি থাক। দরকার। গভর্ননেণ্টকে এমারজেন্সি, এক্সিজেন্সি, রায়ট ইত্যাদির জন্য প্রস্তুত থাক। দরকার। রায়ট হবে এটা তারা জানতেন। দেশ দাক্ষা বিধ্বস্ত হলে লোকে খেতে পাবে না. কোন জিনিস আসবে না. ট্রাম বন্ধ হবে, বেল **ৰদ্ধ** হবে, তাহলে গভৰ্নমেণ্টেৰ কম্পিটেন্সি কোথায় ? তাহলে এই লোক**গু**লিকে খাওুরানর দায়িত্ব কার ছিল ? আমার , না এই গভর্নমেণ্টেব ? আমি তো গভর্নমেণ্টের গদিতে বসে নেই, শ্রীপ্রফুল্ল সেন গদিতে বসে আছেন। দাঙ্গার সময় এই যে লক্ষ লক্ষ লোক থেতে পেল না ১ মাস ধরে তার জন্য কে তাদের ব্যবস্থ। করেছে? भी अब्द সেনের কি সেই দাযিও ছিল না? কাজেই গভর্ননেণ্ট চালাতে হলে তার সঁমন্ত রুকম ব্যবস্থা রাখতে হবে. তার শৃঙ্খলা রাখতে হবে, তবে গভর্নমেণ্ট চলবে। তা না হলে গর্ভন্মেণ্ট চলতে পারে না। সিঃ চেয়ারম্যান স্যার, এবারে টিউবওয়েলের কথা বলছি। ্ৰহাজার টিউবওয়েল খননের ব্যবস্থা হয়েছে। ইন লাস্ট পি ইয়ার্স গভর্ননেণ্ট রিভিট (शरक (मथनाम त्य ১১७)। हिंछेव ७ एसन इत्स्रह ।

ইরিগেসন সম্পর্কে সেদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে কতকগুলি প্রোজেক্ট হয়েছে—দামোদন প্রোজেক্ট হয়েছে, ময়ুরাক্ষী প্রোজেক্ট হয়েছে ইত্যাদি এবং লক্ষ লক্ষ একর জমিতে জল দেবাৰ কথা হয়েছে, বাধ্যতামূলকভাবে লেভী করে এখানে আইন পাস করে নিয়ে ১০ টাকা ট্যাক্স ধ্রার্থ কন্মার ব্যবস্থ। করা হয়েছে অথচ মি: চেয়ারম্যান, স্যার, সেখানে ৩০ পার্সেণ্ট জমিতে আজও ওঁর

ভব দিতে পারেন নি। উৎপাদন বাডবে, উৎপাদনের নামে কোটি কোটি টাক। খরচ করে এই সমস্ত প্রোজেক্ট করা হর অথচ চাষীরা জল পায় না, চাষীকে জমি দেয়া হয় না। ল্যাণ্ড বিক্রম কর। হল উৎপাদন বাডবে বলে কিন্তু তার। জমি পায়নি--তাহলে দেশের উৎপাদন বাড়ৰে কি করে? তাহলে দেশ আরো ধ্বংসের দিকে যাবে এঁদের হাতে যদি ক্ষমতা ধাকে। সোসালিজম হতে গেলে শ্রমিক, কঘক, মধ্যবিত্ত সাধারণ মান্য এই গভর্নমেণ্টকে সরিয়ে দিল্লে একটা গণতান্ত্রিক পদ্ধতিতে সত্যিকার সোসালিজম গড়ে তলতে পারে কিন্তু এভাবে ক্যাপিটালিস্ট াটা, বিভলা, সিংহানিয়া থাকবে। হন্তত ওদিকে ফোর্ড ফাউণ্ডেশন থাকবে, চেস্টার বোলজ থাকবে, আমেরিকান, জাপানী কোম্পানীগুলি থাকবে, আর কোটি কোটি টাকা ঢালা হবে, তারপরে সোনার পাথর বাটি সোসনিজম হয়ে যাবে। সতা কথা বলতে গেলে আমরা ক্যাপিটালিস্ট সিস্টেমের মধ্যে আছি—এটা আমরা বিশ্বাস করি। বটিশ আজ চলে গেছে কিন্তু এরা যারা পাওয়ারে এসেছে তারা ক্যাপিটালিস্ট রুলিং ক্লাশ, তারা পার্লামেণ্টের মাধ্যমে শাসন করছে ্রকটা ডিমোক্রেটিক ছাপ দিয়ে যে অপোজিসানর৷ ইলেকটেড হয়ে দাঁডাতে পারে কিছু এই ভাবে সোদ্যালিজম আসতে পারে না। সত্যিকার সোদ্যালিজম আনবে যদি সমস্ত জনসাধারণ মি**লে** পালামেণ্ট দখল করে এই সমস্ত আইন কানন বদলে দিয়ে তার ভেতর দেশকে গড়ে তলতে পারে—সেখানে সমন্ত লোক যাবে, যেভাবেই হোক সেখানে তারা যাবে। পার্লামেণ্ট **দখন** করবে এবং এই বর্জোয়া সিস্টেমকে খতম করে দিয়ে সোসালিজম গঠন করবে। তাই মি: চেয়ারম্যান স্যার, আমি এই বাজেটকে সমর্থন করতে পারি না, কারণ এটা হদয়হীন বাজেট। মানবতা বজিত বাজেট এতে জনসাধারণের স্থপ দঃখ মনশন ঘোচাবার কোন ব্যবস্থা নেই। এই বলে আমি আমার বক্তবা শেষ করছি।

Shri Krishna Kumar Chatterjee:

^{স্}ভাপান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৪-৬৫ সালের যে বাজেট এই সভাককে উপস্থাপিত করেছেন ^সর্বপ্রথমে তাঁকে আমি তার জন্য অভিনন্দন জানাচিছ। পশ্চিমবাংলা সমস্যাসঙ্কুল একটা প্রদেশ। ⁽দুন বিভাগের পর একটার পর একটা ধাকা এই দেশকে এর অর্থনৈতিক কাঠামোকে দর্বল কবে দিয়েছে এবং নানা সমস্যার সামনে দাঁডিয়ে পশ্চিমবাংলাকে খব কঠিন পদক্ষেপের সক্ষেদ্য চিত্তে এগিয়ে যেতে হয়েছে, তার ইঙ্গিত এই বাজেটের মধ্যে প্রকাশ লাভ করেছে। আমরা বাজেট জনধাবন করলে দেখতেপাই যে, ১৯৬৪-৬৫ সালে বাজস্বখাতে উন্নত্তের পরিমাণ কোটি ৬১ লক্ষ্টাকা দাঁডিয়েছে কিন্তু যেহেত মূলধনী খাতে ঘাটতির পরিমাণ ৮ কোটি ১৯ लक होका इराय्रा (माजन) त्याहे शिवसां सामार्पत्र माहिल (मश्रात्म) इराय्रा और वास्क्राहे २ त्वाहि ৫৭ লক টাকা। যে প্রদেশে উনয়নকলেপ প্রায় পৌণে ৫ শো কোটি টাকা ব্যয় হয়েছে সে প্রদেশে এই ঘাটতি এমন কিছু চিন্তার কারণ নয়। প্রারম্ভিক তহবিলে যে ১১ লক্ষ টাকা আমাদের ছিল সেটা যদি আমরা এই বাজেটের মধ্যে গ্রহণ করি তাহলে ২ কোটি ৪৭ লক্ষ টাকা ঘাট্ডি দাঁডিয়ে যাচেছ। বর্ষান্তিক তহবিলে ঘাটতির পরিমাণ ২ কোটি ৪৭ লক্ষ টাকা দাঁডাচেছ কিন্তু রাজ্যসরকার সে বিষয়ে এত অবহিত যে অর্থমন্ত্রী কিভাবে সেই টাকা পরণ করবেন তার ইঙ্গিত রচনা করেছেন। তিনি নূতন করভার কিন্তু চাপাতে চান নি, না চাপিয়ে তিনি এমন একটা ব্যবস্থা অবলম্বন করেছেন যাতে দেশের উপর খুব বেশী একটা চাপ না পড়ে অথচ এই ঘাটতি কিভাবে পরণ করা যায় তার ইঙ্গিত তিনি রচনা করেছেন। আবার বাজেটের মধ্যে এক**থা**ও शैकांत करत त्ना श्राह्म एवं पामारमत कर्माती याता पार्ट्स जारात जना यथारयांना तावश्वा ক্রতে পারে নি, উপযুক্ত অর্থ দিতে পারে নি—এ বিষয়ে রাজ্যসরকার সর্বদাই সঞ্জাগ আছেন। আমি আমার বিরোধী বদ্ধুদের একথাই নিবেদন করবে। যে তাদের যথোপযক্ত বেতন ও জীবনের মান তোলবার দিকে রাজ্য সরকার যে অবহিত আছেন সেটা প্রমাণিত হয় এই বাজেটের गशा जिया।

4-20-4-30 p. m.]

আমাদের অর্থমন্ত্রী বলেছেন শুধু যে তিনগুণ মহার্ঘ ভাত। বাড়িয়ে দিয়ে নিশ্চিন্ত আছেন টানয়, বর্ত্তমানে আমাদের যে অর্থসংগতি, তাতে তিনি যে ব্যয় ভার নিজের উপর নিয়েছেন। শেটা প্রায় ৪ কোটা টাকার মত। কাজেই আমরা দেখতে পাই যে বাংলা দেশে সর্বদাই

ক্ষতে আমাদের জীবনমানের ক্রমোনুতি বিধান হয়, কেবল মাত্র সাধারণ মানমের ক্ষেত্রেই नम, जामाप्तत ताजा गतकारतत कर्मातीपत गर्या याट ठाएमत जीवनमान विक्र हम, ज-দিকে সম্ভাগ দটি রাখা হয়েছে। ১৯৬৪ সালে আমরা দেখলাম তাতে একদিকে আশাপ্রদ **क्वि**निघ वांस्क्वरित यथा पिरा প्रतिम्कि शरुष्ठ एर तांक्य थारा यामार्गत पर्गत यात्र क्रमनेहै বেভে যাচেছ। এর মানে হচেছ রাজস্ব সরকার যারা পরিচালনা করছেন, তরণীর হাল যারা ধরে আছেন, তাঁরা যে অর্থনীতিকে দুচু কাঠামোর মধ্যে আনতে পারছেন, তার প্রমাণই হচেছ যে রাজস্ব খাতে আয় আমর। ক্রমেই বৃদ্ধি করতে পারছি। আরও একটা প্রমাণ হচেছ যে আমাদের জনপাধারণের কাছে অর্থের পরিমান খুব বেশী পরিমানে এমে ৰাচেছ বলেই আমরা রাজস্ব থাতের আয়কে উনুত করতে পারছি। রাজস্ব থাতে আমরা দেখতে পাচিছ ১৯৬৪-৬৫ সালে আমাদের ১৩,০৫,২১১ টাকা রাজস্বের উনুতি বিধান হয়েছে। ১৯৬২ সালে মোট মাত্র ১০৭ কোটী টাকা ছিল এবং আমরা যদি অতীতের দিকে তাকাই, তাহ**লে** দেখা যাবে যে ১৯৪৮–৪৯ সালে, সেটা স্বাধীনতা লাভের ঠিক পর বৎসরে আমাদের মাত্র ৩২ **কোটা** টাকা রাজস্বের আয় ছিল। এর দারা সমস্ত পশ্চিম বাংলা প্রদেশগুলি অর্থ-নৈতিক দিক দিয়ে ক্রমেই যে উনুতির পথে চলেছে সে বিষয় বোধহয় বিরোধী পক্ষের বন্ধরা **হিমত** হতে পারেন না। কিন্তু বলা হয়েছে যে আমাদের সরকার নাকি ক্রমাগতই এই প্রদেশকে ঋণগ্রস্থ করছে, এবং সেই কারণেই, সে বিষয় পরিম্কার করে আমাদের অর্থসন্ত্রী মহাশুর দেখাতে চেয়েছেন। এই যে আমাদের ঋণভার বহন করতে হয়েছে, এটা নন-প্রোডাকটিভ ঋণ নয়। যে ঋণের খারা সরকার দেশের মধ্যে সমৃদ্ধি রচনা করতে পারে, দে ঋণে আমাদের ভীত হবার কিছ নেই। আমরা কর্ম সংস্থানের জন্য, বাসগৃহের সংস্থানের জন্য এবং খাদ্য উৎপাদনের জন্য ও শিক্ষা, চিকিৎসা এবং নানা রক্ম উনুতিকলেপ এবং রাম্বার উনুতিকল্পে, বৈষ্যািক উনুতিকল্পে যে সব অর্থব্যয় আমরা করতে যাচিছ, তাতে প্রতি বংসর আমাদের ঋণ বেডে চলেছে, এ কথা আমবা স্বীকার করে নিচিছ। কিন্তু ঋণের সঙ্কে সঙ্কে, এ কথাও স্বীকার করে নিতে হবে যে ঋণ পরিশোধ করবার যে ব্যবস্থা, তা এমন স্তচারুরপে এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে, যে বোঝা যায় এই ঋণ অতি অলপ কালের মধ্যেই শোধ করতে পারবোই এবং তার সঙ্গে সঙ্গে, আমরা যে উনুতি তার থেকে পারো তার ফল সারা প্রদেশ গ্রহণ করতে পারবে। আমাদের এই বছরে ঋণের পরিমান নিশ্চয়ই একট বেশী হবে, কারণ আমাদের স্থদ দিতে হবে ১৫ কোটা টাকার উপর। কিন্ত এ কথাও ঠিক যে কিছু কিছু ঋণ মিউনিসিপ্যালিটির জন্য দিয়ে থাকেন সরকার, এবং সেই ঋণ বাবদ পাঁচ কোঁটী টাক। আমরা পেয়ে থাকি। কাজেই আমাদের যে দিকেও লক্ষা রাগাৰ প্রয়োজন আছে। यपिও আমরা এক দিক দিয়ে ঋণের দ্বারা যাতে দেশের সমদ্ধি রচনা কবা ষায়, সেই পদক্ষেপ করতে আমরা ভীত হচিছ না; অপর দিকে তেমনি যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাদেরও যাতে শ্রীবৃদ্ধি কর। যায় সে দিকেও আমাদের দৃষ্টি আছে। সে দিক দিয়েও শাসর। কিছু উপায়ের বন্দোবন্ত করেছি। আমাদের যে ঋণ দিতে হয় তার ধুব বড় একটা ছংশ পরিশোধ কববাব ব্যবস্থাও এই বাজেটের সধ্য দিয়ে প্রকাশ পেয়েছে। মৃষ্কিল হয়েছে, এই বাজেনের মধ্যে দেখছি যে কথা অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের সবচেয়ে অস্তর্বিধা ছয়েছে. কেন্দ্রীয় সরকার যে অর্থব্যবস্থা রচনা করেছেন, তাতে প্রতি সরকারের উপর ন্যায়পূর্ণ অর্থ-ৰ্যবস্থা করা হয়নি বলে তিনি একটু দুঃখ প্রকাশ করেছেন। তিনি বলেছেন আমাদের দেশে তৃতীৰ ৰাৰ্ষিকী পরিকলপন। যদি স্কুণ্ঠভাবে করতে হয়, তাহলে অন্তত পক্ষে ১৪০ কোটী টাকা ব্যয় হওক। উচিত। কিন্তু প্রথমে যদিও সরকার মাত্র ১৫০ কোটা টাকা ব্যয়ের কথা বলেছেন। কিন্তু, স্বর্গান্ত ভা: বিধানচন্দ্র রায়, যিনি অভান্ত সতা ও স্পইবাদী ছিলেন, তিনি তীব্র প্রতিবাদ করায়, তার ফলেতে, তারা ২৫০ কোটী টাকা পর্যন্ত উঠেছিলেন। এখন তাঁরা ৩০১ কোটা টাকা ব্যয় কারবার জন্য অনুমতি দিয়েছেন। কিন্তু তার মধ্যে মাত্র ১০৭ কোটী টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দেবেন। একথা আমাদের অর্থমন্ত্রী দুঃথের সঙ্গে বলেছেন যে, যেসমস্ত সরকারের পাওয়া উচিত—যেমন ইনকার থেকে যে অংশ পাওঁয়া উচিত-এ সমস্ত টাকার যে বন্টন হয় সে বন্টন ব্যবস্থা পশ্চিম বাংলার প্রতি স্থবিচার করা হচেছ না। তারপর তিনি একখাও বলেছেন যে তার জন্য যে বাংলা সরকার দুর্বল বোধ করছেন তা নয় তারা নিজস্ব শক্তির ঘারা, নিজস্ব রাজস্ব খাতে আয়ু বাড়িয়ে অন্যান্য পদ্বার মারা তারা চেষ্টা করবেন যাতে সম্পূর্ণ পরিকল্পনার জনা 🧗 ৰ্যয় তারা ঘোষণা করেছেন গে ব্যয় যাতে তারা করতে পারেন। এটা একটা খুব অর্থনী^{তির}

কথা কিনা আমি আমাদের বিরোধী বন্ধদের জিঙাসা করতে চাই। আমরা যে সব শুরুত্বপর্ণ কার্ব্যে হাত দিতে চলেছি পশ্চিম বাংলার পক্ষ থেকে অর্থমন্ত্রী বাব্বেটে বে সবের ইন্সিত দিয়েছেন লক্ষা হচেছ ভামিদারী উচ্চেছদের ফলে ক্ষতিপর্ণ করবার জন্য আমর। যাদের জমি নিয়ে নিষ্কেছি তাদের জন্য ও কোটী ১৯ লক্ষ টাকা আমাদের বাজেটে ব্যবস্থা করা হয়েছে। হাবভাতে কল্যানী স্পিনিং মিল সম্প্রসারণের জন্য এবং সমবায় ব্যবস্থা ও ওয়্যার হাউসিং করপোরেসনের শেয়ার ক্রেয় করবার জন্য শিলপ উনুয়ণের জন্য মূলধন বিনিয়োগ খাতে ৯৪ লক্ষ টাকা রাখা হয়েছে। এবং বহুমখী নদীর পরিকল্পনা মূলধন বিনিয়োগ দামোদর উপত্যাকা করপোরেশন খাতে ৯ কোটা ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এবং পরিকল্পনা বরাদ্দ ১ কোটা ৭১ লক্ষ होका ও আছে। विভिন্ন সেচ এবং निकामी পরিকলপনার জন্য মূলধন বিনিয়োগ খাতে ১ কোটী ১১ লক্ষ্টাকা বরাদ্দ করা হয়েছে। এবং পর্ত্তকাজে মলধন বিনিয়োগ নির্দ্ধাণ কাজের বায়ের জন্য পরিকলপনার অন্তর্গতি যে কার্য্য আছে সেই কার্য্য সম্পূর্ণ করবার জন্য ৭ কোটা ১৫ লক্ষ টাকা বরাদ করা হয়েছে। এবং সভক উনুয়ণের জন্য ৫ কোটা ১৩ লক্ষ টাকা বরাদ করা হয়েছে। কেন্দ্রীয় দগ্ধ প্রতিষ্ঠানের উনুয়ণের কাজে ১ কোটা ৩৩ লক্ষ্ণ টাক। এবং শিলপুশুমিক আবাদের জন্য ৭৫ লক্ষ টাক। এবং মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিদের আবাদের জন্য ৪০ লক্ষ টাকা রাজ্য সরকারের কর্ম্মচারীদের বাড়ী নির্মাণের জন্য ৫৮ লক্ষ টাকা। यन्त्र चाग्न विभिष्टे वाङ्गिरत जना जानामन शतिकन्त्रनात जना bo नक होका। मश्र **ज**क्ष**त** গৃহ নির্মানের জন্য জমি গ্রহণ এবং উনুয়ণ পরিকল্পনার জন্য ৫৯ লক্ষ টাকা এবং লবণ-হ্রদের পনরুদ্ধারের জন্য ১ কোনী ৭০ লক্ষ টাকা। কলিকাতা এবং দমদম স্থপার হাই ওয়ের জন্য ৪০ লক্ষ টাকা। এবং কলিকাতার গ্যাস বিতরণের উনতি সাধনের জন্য ৭২ লক্ষ টাকা এবং উদ্বাস্ত উপনিবেশ স্থাপনের পরিকল্পনার জন্য ১ কোনী ১০ লক্ষ টাকা---এই সমস্ত হচেছ গুরুত্বপর্ণ বরাদ্দ যেটা আমাদের যে সরকার জনসাধারণের জীবন যাত্রার খাতে সহর অঞ্চলে শুধু নয় গ্রাম অঞ্চলেও সর্বদিকে লক্ষ রেখে যে প্রস্তাবগুলি তারা রচিত করেছেন তাতেই বোঝা যায় কত সাবধানতার সঙ্গে এই বাজেট রচিত হয়েছে। পরিকল্পনা যে সমস্ত <mark>অধিকতর</mark> ব্যয়ে যে সব বিষয়ে বচনা করা হয়েছে তাতে বোঝা যাবে যে সরকার পরিপর্ণ অবহিত আছেন যে কোন কোন বিষয় এই প্রদেশেব জনসাধারণের প্রয়োজন নেশী। চিকিৎসা খাতে ৪৫ লক্ষ নাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। জনস্বাস্থ্য খাতে ৩৩ লক্ষ টাকা বেশী ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে। কৃষি খাতে ২ কোটা ৪৩ লক্ষ টাকা নেশী বায়ের ব্যবস্থা করা হয়েছে। गरेगा प्राप्ति थाएँ 80 लक होका त्वनी नारियत नानका कना शरारह। ৫৭ লক্ষ টাকা বেশী ব্যয়েব ব্যবস্থা করা হয়েছে। শিল্প খাতে ৬০ লক্ষ টাকা কটীর শিল্প খাতে ৯৫ লক্ষ টাক। এবং সমষ্টি উনুয়ণ পরিকলপনা খাতে ১ কোটা ২১ লক্ষ টাকা উনয়ণ ন্যবস্থার ব্যয় বৃদ্ধি করা হয়েছে। এগুলি বলছি এই কারণে মাত্র যে সর্বদিকে যাতে আমাদের জন জীবনের গতি ভালভাবে স্বচছন্দ গতি পায় তার ব্যবস্থা এই বাজেটে করা হয়েছে।

[4-30-4-40 p. m.]

আমাদের দেশে দুঃগ দারিদ্রা ভয়ানক রকম বেড়ে যাচেচ এবং ধনীরা অনেক ধনী হয়ে যাচেচ্ বলে তিনি আশংক। প্রকাশ করেছেন। আমাদের প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান অশোক মেটা সম্প্রতি একটা সভায় যা বলেছেন সেটাব প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করিছ্ এবং তাতে তাঁর মনোভাব প্রকাশ করেছেন যে প্ল্যানিং কমিশান এই সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধ রাখেন এবং প্ল্যানিং কমিশানাটি সরকারকে নিয়ন্ত্রণ করেন এবং এটি নীতি নিয়্তরণ করবার একটা প্রতিষ্ঠান বলে তিনি নিশ্চরই জানেন। তাতে তিনি যা বলেছেন সেটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, ২৩এ ফেব্রু য়ারী হিশ্বস্থান স্ট্যাণ্ডার্ডে বেরিয়েছে—

Inaugurating the 56th Annual General Meeting of the Indian Merchants' (hamber here (Bombay) Mr. Mehta said that the perspective before the Country was of accelerated development which would demand increasing investment and imparting of employment orientation to the development measures. This perspective required curb on the growth of income and solution of the richer class and considerable boost of the living standard of the poorer segments of the society. This would not merely assure

political and social stability but also extend the size of the present potential markets for goods and services.

জহলে প্ল্যানিং কমিশান এই বিষয়ে কতটা অবহিত আছেন সেটা বোধ হয় তিনি না গ্রহণ করেই আমাদের কাছে বলতে চেটা করেছেন যে দু:খ দারিদূ বেড়ে চলেছে, এই বিষয়ে কংগ্রেস সরকার মোটেই দৃষ্টিপাত করছেন না এবং কংগ্রেস সরকারের দরিদ্রদের জন্য এতটুকু দরদ নেই। তিনি অবশ্য অনেকগুলি ইঞ্চিত করেছেন তার মধ্যে একটা হচেছ আমরা নাকি সমাজতারের ভাঁওতা রচনা করতে চেয়েছি সরকারের মারফত। কিন্তু এই কথা যে ঠিক কথা নম্ম তার প্রমাণ হচেছ এই যে যে পদক্ষেপ আমরা করেছি তার সংগে আবার যে কথা নীতিগতজাবে বোষণা করা হয়েছে সেই ঘোষণা কে করেছেন? আমাদের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলান বেছেরু এক জারগায় বলেছেন এবং সেটা সোসালিট কংগ্রেসম্যানের সংখ্যা ২০এ ফেব্রু মারী ১৯৬৪তে প্রকাশিত হয়েছে, তাতে তিনি বলেছেন যে, আমরা জানি আমাদের আজকের দিনে স্বা পুলু তাতে যদি খুব দ্রুত গতিতে আমাদের দেশের দরিদ্র মানুষের উনুতি না করতে পারি তাহলে আমাদের ভ্রমানক রকম বিপদের সম্মুখীন হতে হবে। তিনি সেই জায়গায় বলেছেন বে প্রাতন দিনে এই সমস্যা আমাদের কাছে ছিল না

In ancient and medieval India, however, there was no such challenge of progress but the necessity for change and continuous adoption was recognised and hence curb on passion for synthesis. It was a synthesis not only of the various elements that came into India but also an attempt at the synthesis between the outer and inner life of individual, between man and nature. There was no such wide gap as it seems to exist today.

তারপর তিনি বলেছেন--

The real challenge to it came from the new form of social progress which would not be fit in into the old static ideas

কাজেই মাননীয় সভাপাল মহাশয়, প্রধান মন্ত্রী যখন এই বিষয়ে অবহিত আছেন তখন আমাব বিশাস বিরোধী পক্ষের সদস্যগণ যদি কেবলমাত্র বিরোধ করবার মনোবভি না নিয়ে, সহ-যোগিত। করবার মনোবত্তি নিয়ে এই মহান প্রচেষ্টায় সহযোগিত। করেন তাহলে দেশের পক্ষে মঞ্চল হতে পারে। তিনি বৈদৈশিক ঋণ সম্বন্ধে ইঞ্জিত করেছেন যে বৈদেশিক ঋণের দ্বারা দেশের ক্ষতি হচ্ছে এবং এই ঋণ নিয়ে আমরা নাকি খুব অন্যায় করেছি। কিন্তু এই বিষয়ে অধ্যাপক রুষ্টে। যে অভিমত প্রকাশ করেছেন সেটাও আমি পড়ে শোনাচিছ। আর্থিক প্রসঞ্চে এটা প্রকাশিত হয়েছে। অধ্যাপক রটো একজন আমেরিকান বিশিষ্ট অর্থনীতিবিদ। তিনি বলেছেন যে দেশের উনুতিকলেপ বিদেশী অর্থ খুবই কাজে লাগতে পারে যদি দেশের মধ্যে প্রচেষ্টার অভাব ন্ম থাকে। তিনি বলেছেন আমার প্রতিপাদ্য বিষয় হল কোন দেশের গর্ভমেন্ট বা অধিবাসী ৰজ্ঞ। পরিমাণ নিজেদের সম্পদ দেশের উনুয়নে সমন্ত্রিত করতে পারবে বৈদেশিক সাহায্য তত্তটা তাদের উনুতির সহায়ক হতে পারবে। দেশের শ্রীবৃদ্ধি প্রধানতঃ জাতীয় উদ্যুদেরই ফলশ্র তি। অবশ্য বিদেশ থেকে লদ্ধ সম্পদ সূক্ষ বিচার হিসাবে বহির্ভত লাভের অঙ্ক বলে গণ্য হতে পারে। কিন্ত প্রাপ্ত সাহায্য স্মৃষ্ট্রভাবে যত দেশের উনুয়নমলক কার্যে বিনিয়োগ করা **বাবে আর নিজেদের যাবতীয় আর্থিক ও**ঁ মানবিক সম্পদ কার্যকরীভাবে সমাবেশ করা যাবে ততই ফলপ্রস্থ হবে এই কথা অধ্যাপক রটে। বলেছেন। অবশ্য এই কথা ঠিক যে তিনি এমন^ই 🖷 भेनी তিবিদ যাঁর সম্বন্ধে হয়ত বিরোধী দল স্বীকার না করলেও বিশ্বের দরবারে তাঁর স্বীকৃতি चाছে। তিনি এই কথা বলতে গিয়ে আরো বলেছেন যে বর্তমানে পৃথিবীর স্বল্প অঞ্চলে ৰৰ্জমান অবস্থায় উনুয়ন সম্পর্কে অর্থনীতির দু'টি নির্দিষ্ট প্রাচীনতম বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া প্রাঞ্জন ও দু'টি বিষয়ের একটি হল বৈদেশিক উণুতির প্রথম পর্যায়ে চলতি মূল্ধন श्राकिः क्यां भिष्ठाानं २८० एतरे प्रत्ने छे९भनु क्षिभेगा।

জার বিতীয় হল কোন দেশের শিলপায়নের নিজস্ব গতিবেগ নির্ভর করে সেদেশের শিলেপর বাজারে ক্রমেই অধিকতর সম্প্রসারণের উপর। শিলেপানুতির উপর জোর দেবার জন্য বেমন বলা হয়েছে আমাদের এই বাজেটে অথমন্ত্রী সেই শিলেপানুয়ন এবং কৃষির উপর জোর দিয়েছেন এটা প্রমাণিত হয়েছে। তাঁর বাজেটে যে সমস্ত প্রস্তাব রাধা হয়েছে সতাপান

মহাশ্র, এই -শভাকক্ষে এ বিষয়ে আর একটা উদ্বৃতি বলে আমি আমার বন্ধূত। শেষ করতে চাই বে আমাদের ওয়ালর্ড ব্যাংকের যিনি প্রেসিডেন্ট জর্জ উড় তিনি এই যে সমস্ত বৈদেশিক ধ্বাণ ব্যবস্থা আছে সেই ব্যবস্থার আগে যে ভাবে ব্যায়ের ইংন্সিত করা হত সে বিষয়ে বলতে গিয়ে তিনি বলেছেন একথা ঠিক যে আমরা স্বীকার করে নিয়েছি এখানে আজকে এই বৈদেশিক ধ্বাণকে এগ্রিকালচারাল ফুন্টে যত বেশী দরকার আমরা ব্যয় ক্রতে পারি, বাবহার করতে পারি ততই দেশের উন্নতি হতে পারে। সেজন্য তিনি বলেছেন প্রেসিডেন্ট, ওয়ালর্ড ব্যাংক ৩০এ সেপ্টেম্বর ১৯৬৩ য়্যানুয়াল জেনারেল ম্টিংএ—

President John said in the Annual General Meeting that largest and intensive support should be given to agriculture on proper form, through such means and help as having, storage facilities and to market goods to strengthen agricultural organisations and extend credit and technical assistance.

যদি এই কার্য্যের ২ত বিদেশী লোন আমাদের কাছে আসে তাহলে নিশ্চয়ই আমাদের একথ। স্বীকার করতে হবে যে এই বৈদেশিক ঋণকে আমরা কৃষি উন্নয়নের পদ্বায় ব্যবহার করলে দেশের উন্নতিসাধন হওয়া সম্ভব। পরিশেষে আমি একখা বলতে চাই, বিরোধী পক্ষের বন্ধুদের সর্বে করিয়ে দিতে চাই, যে আমরা গণতদ্বের কোন ভাঁওতা রচনা করতে চাচ্ছিনা, আমরা চাচ্ছি দেশের মধ্যে স্বাধীন মানবতার সঙ্গে সমাজতন্ত্র রচিত হোক এবং তার রচনার পদ্বা হচ্ছে নিপুণ শান্তিপূর্ণ পদ্ব। আমরা দেখেছি যে বেকার সমস্যার সমাধান চীন দেশে হওয়া সম্ভব হয়নি এবং সেধানে মানুষকে দিয়ে চাষের কার্য্য চালনো হয়। এইভাবে যদি বেকার সমস্যার সমাধান কবা হয় তাহলে মানবতার অপমণন হয় বলে আমি মনে করি। এই কণা বলে আমি আমার বক্তুতা শেষ করছি।

Shri Sasanka Sekhar Sanyal :

সনৎসভাবীপ, আজকে পশ্চিমবাংলার রাইতেরণী পাকিস্তাণের চোরাবালিতে কতথানি ক্রমেনমে যাচেছ এ সম্বন্ধে আমাদের যতথানি উপলব্ধি হওয়া সম্ভব এবং সংগত ঠিক ততথানি উপলব্ধি হওয়া সম্ভব এবং সংগত ঠিক ততথানি উপলব্ধি হচেছ বলে আমার মনে হয় না। আজকে স্বাভাবিক অবস্থায় বাজেট যথন আলোচনা হয় তথন নিশ্চয়ই আভ্যন্তরীন অর্থনৈতিক বিন্যাস, শুমিকের ও কৃষকের ক্রমোন্নতি, মধ্যবিত্তর বেকার সমস্যা দূরীকরণ এবং স্থসম ধন ব্যবস্থার দিকে দৃটি নিবদ্ধকরা প্রয়োজন কিন্তু দেশের বহির্ভাগে যথন আক্রমণের সূচনা এবং আশংকা এবং দেশের অভ্যন্তরে যথন সেই সূচনা এবং আশংকাকে আরো দৃঢ় করার সংকেত এবং ইন্ধিত পাওয়া যাচেছ তথন আমার মনে হয় যে বাড়ীর বাহিরে আগুন রেগেছে, তার ভেতরে শ্যাধরে আর রন্ধন শালায় কেথায় কোন জিনিস রাধবে এবং কিভাবে আমাদের অর্থপ্রয়াগ করবো এটা যেমন অবান্তর তেমন আজকে আমরা ঠিক সেই রকম অবান্তর জিনিসের সামনে দাঁ।ডিয়ে আছি।

[4-40-4-50 p. m.]

শ্যার, কিছু দিন আগে যখন চায়না আক্রমণ করেনি, তখন আমি আমার অভিজ্ঞতায় এবং অগ্রগতির দিক থেকে এই বিধান পরিষদে বিভিন্ন সময়ে যে সমস্ত তথ্য এবং তম্ব উপস্থিত কলেছিলাম, তার থেকে আমি বলতে চেয়েছিলাম যে পাকিস্থানের বাংলা দেশকে আক্রমণ করার সম্ভাবনা আছে। তখন আমার অন্তরক্ষ বন্ধুদের মধ্যে কেউ আমাকে আতক্ষপুন্ত বাকে ইংরাজীতে এ্যালারমিষ্ট বলে, সেই রকমভাবে আমাকে শতর্ক করবার চেটা করেছিলেন। তাবপর যখন চায়না আক্রমণ করলো তখন পাকিস্থানের আক্রমণের আশক্কার দিকে তাকাইনি, তাব আমারা চায়নার সামনে আক্রমণের মুখ্মুখি কিভাবে দাঁড়াবো সেই দিক দিয়ে আমরা বানাদের অথ পুন্ততি এবং পরিকল্পনার খানিকটা রূপায়িত করতে চেটা করেছিলাম। কন্ধ অংচর্ছে এই চায়নার প্রত্যক্ষ আক্রমণের আশক্কা তেওখানি বেড়ে গিয়েছে। কিন্তু চায়নার একক আক্রমণের সামনে আমাদের যে পুন্ততি এবং আন্তর্নালের বানাদের যে পুন্ততি এবং আনাদের বে শানাদের বিবাদ

ৰুটে। শক্তিই যখন সমবেত হয়ে আমাদের আক্রমণ করতে আসছে তখন আমাদের সে সাভা আমাদের মনের মধ্যে নেই। স্যার, ভারতের সাম্প্রদায়িকতার কথা শুনরেই আমরা আঁতিকে উঠি। যে সাম্প্রদায়িকতা কন্টা তোলাই দোষ। কিত সাম্প্রদায়িকতা কথাটা দোষ নয়, এবং শাম্প্রদায়িকতার দিকে চোধ বন্ধ করে থাকাটা দোধ নয়। একটা জিনিষের প্রতি আমি এই ককে সকলের দট্টি আকর্ষণ করতে চাই। সেটা হচেছ কি পরিমানে হিলুদের জন-সংখ্যা কুমে যাচেছ. আর কি পরিমানে মসলমানের জন-সংখ্যা বাড়ছে, এবং তার ভবিষ্টাৎ প্রতিক্রিয়া রাষ্ট্রের কাঠামোর উপন কতথানি হওয়া সম্ভব, সে বিষয় আমাদের অবহিত হওয়া প্রয়োজন। স্যার আপনিত জানেন যে হিজাতি আমরা স্বীকার করে নিয়েছি। স্যার, আপনাকে একটা পুশু করি, আপনিত আমার অধ্যাপক, আমি আপনার ছাত্র। আজকে ধরুন---সারা ভারতবর্ষে সব যদি মসলমান হয়ে যায়, তাহলে কি এই ভারতবর্ধ হিলুস্থান থাকবে না; পাকিস্থান হয়ে যাবে? मू-नम्बत প্রশা হচেছ--এই, यদি অধিকাংশ ভারতবর্ষের লোক মুসলমান হয় এবং হিন্দ যদি সংখ্যা-লঘ হয় তাহলে ভার সাম্য কি পাকিস্থানের দিকে যাবে, না. ভারতবর্ষের স্বাধীন সম্বার দিকে তাকিয়ে আপনাকে কয়েকটা জিনিষ আলোচনা করতে হবে থাকবে ? এদিকে এবং আমাদের এই হাউসের যার। সভ্য আছেন, তাদের এটা আলোচনা করবার জন্য অনরোধ জানাচিছ। আমার মৃষ্কিল হচেছ যে আমার মন স্বাধীনভাবে ক্রিয়া করে এবং আমার মন্ট্র কোন পলিটিক্যাল ডকটিন এর পিঞ্জরাবদ্ধ নয়। সেইজন্য আমার, কোন, কোন কথা, আমার অন্তরক বন্ধর কাছে অপ্রিয় হয়। কিন্ত কি করবো আমার মনের স্বাধীনতার ট্যাক্স আমাকে **मिर्टिं** इर्रेव।

দেখুন আজকে সর্ব ভারতে গত সেন্সাস এ দেখা যাচেছ যে হিলুর সংখ্যা বেড়েছে ২০.২৯ আর মুসলমানের সংখ্যা বেড়েছে ২৫.২৯, আমি এতে আতদ্ধিত নই। তার কারণ এই পর্যায় যদি বেড়ে যায়, তাহলে স্তদূর ভবিষাতে কবে মুসলমান বেড়ে ভার সামা নই হযে যাবে,—আমি বা আমার প্রত্যক্ষ বংশধব হযত ততদিনে পৌঁছাবেন না। পশ্চিম বজে হিলু বেড়েছে ৩২.৬৩, আর মুসলমান বেড়েছে ৩৬.৪৮. এতেও আমি আতদ্ধিত নই। কিন্তু সবচেত্রে আতদ্ধেব বিষয় যোঁ।, যোটা হচেছ এই—আমাদেরই ভারতবর্ষ, আমাদের এই বাংলা দেশ মাইনরিটি বলে স্বীকার কবেন এবং গাইনবিটিকে প্রোটেকশান দিচেছন। মাইনবিটিকে প্রেটেকশান দেওবার আমরা কেউ বিবদ্ধে নই। কিন্তু মাইনরিটির মন্টার হয়ে গলা টেপবাব স্থযোগ দেবেন না। কারণ এককালে যে মাইনরিটির মন্টার হয়ে গলা টেপবাব স্থযোগ দেবেন না। কারণ এককালে যে মাইনরিটির মন্টার হয়ে গলা টেপবার স্থযোগ পেলে, ছাড়বে না। মাইনবিটি মন্টার হয়ে ভবিষ্যতে গলা টিপতে পারে, এই সম্ভাবনার দিকে আমি চোগ বুজে পাকতে রাজী নই। লক্ষজার বিষয় হচেছ এই যে জেলাওয়ারী হিলু, মুসলমানের সংখ্যা নেবার বিধান আছে। কিন্তু খানাওয়ারী নাই। খানাওয়ারী খাকলে কি কি হত, সেটা আমি জানাবার জন্য দুটো। ইন্তু দিছিছ।

মুশিদাবাদের একটা পল্লীতে সেখানে হিন্দু আগে যা ছিল গত সেন্সাসে দেখা যাচেছ কনে গিয়েছে। তারপর আমার বন্ধুর সমরজিত ব্যানার্জীর নির্বাচনী কেন্দ্র সেধানে একটা গ্রামে আগে যা হিন্দু ছিল তা কমে গিঁয়েছে এবং মুসলমান আগে যা ছিল তার চেয়ে বেড়ে গিয়েছে। একটা স্যামপেল সার্ভে হয়েছিল মুশিদাবাদ এর একটা গ্রামে, সেখানে সেন্সাসে মুসলমানের সংখ্যা ছিল ১,৫০০ এবার বেড়ে হয়েছে ২,০০১ আর সেখানে হিলুর সংখ্যা ছিল ৬০০ এখন সেটা কমে হয়েছে ২০০। আমি আবার রিপিট করছি মূর্শিদাবাদ গ্রামে যেখানে স্যামপেন সার্ভে হয়েছিল তাতে সেন্সাসে মুসলমানের সংখ্যা ছিল ১,৫০০ তা বেড়ে হয়েছে ২,০০১ আর যেখানে হিন্দুদের সংখ্যা ছিল ৬০০ তা কমে হয়েছে ২০০। তারপর দুই নম্বর গ্রাম নদীয়াতে আস্থন—আমি নদীয়া মূশিদাবাদ নিয়ে বুড়ো বয়সে বিপনু। নদীয়া আমার পিতৃভূমি ^{আরু} সুশিদাবাদ আমার মাতৃভূমি—দুই ভূমি থেকে উচেছদ হলে কোন কুলে দাঁড়াব তার ঠিক নাই। <mark>তারপর নদীয়া দুই নম্বর গ্রামে যেখানে মুসলমানের সংখ্যা ছিল[ি] ১,২৩০ তা বেড়ে *হয়ে*ছে</mark> ১,৭৫२। আর সেখানে হিন্দুর সংখ্যা ছিল ৩০৫ সেখানে থেকে কমে হয়েছে ৭৫। এব একটু কারণ বিশ্লেষণ করা দরকার। একটু আগে একজন মাননীয় সদস্য ফ্যামেলি প্রাা^{নি} এর কথা বললেন। মাননীয় সভাপতি মহাশীয়, আপনি হয়ত অবগত আছেন যে কিছুদি আগে আমাদের এখানকার হেলেথর ওয়ার্কার। দিল্লীতে ট্রেনিং নিতে গিয়েছিল এবং দে^{খানে} আমাদের বাংলাদেশের একজন মনীঘী ডাঃ স্থনীতি কমাব চট্টোপাধ্যায় মহাশয় সেই সময় দিল্লী

বংগতবনে উপস্থিত ছিলেন, সেধানে আমাদের হেলেথর ওয়ার্কারর। ট্রেনিং নিতে গিয়েছিলেন তার। সেধানে অন্যান্য কথার মারফং যে কথান বলেছিলেন সম্ভবতঃ ডাঃ স্থনীতিকুমার চটোচটোপার্যায় মহাশ্রের কানে পৌছেছিল—মুসলমানর। সেখান্টার কি বলেন ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে আমাদের সেই ওয়ার্কাররা বলেছেলেন যে হিল্মুদের তিনটার পরে ফোর্থ চাইল্ড এর সম্ভবনার আগে ষ্টেরিলাইজেশান করতে আগেন, তারা বলেন ফ্যামিলি কমাতে চান দারিদ্রেয়র জন্য আর মুসলমান এবং দরিদ্রা মুসলমান—নদীয় মুশিনাবাদ মালদহ বিশেষ করে ২৪-পরগণার মুসলমানরা তারা বলেন আমরা প্রেরিলাইজেশান নেব না উই স্যাল সোয়াম্প দি পপুলেশান তারা পপুলেশান সোয়াম করবে তার উদ্দেশ্যটা এভরিবিভি ক্যান গেস এয়াও আগুরুষ্ট্যাও এখন এই যে কমে যাচেছ এই কমে যাওগাব এবং বেড়ে যাবার কারণটা আমাদের দেখতে হবে। প্রথমতঃ আমাদের বর্মনিরপেক রাষ্ট্র বিবাহের বিবিধ বিবি। আজকে হিল্মুদের বাড়ে দায়িষ্ব চেপছে যে একটার বেশী স্ত্রী রাধতে পারবে না, সে স্ত্রী যদি বন্ধ। হয় তাহলেও সে হিত্রীয় স্ত্রী নিয়ে এসে সন্তান উৎপাদন করতে পারবে না।

[4-50 -5 p.m.]

র্জামি মাননীয় মন্দ্রিমহাশরের কাছে জানাচ্ছি যে সেখানে আরো বহু আনঅধরাইজড আর্ম্ রয়েছে এই খবর আমরা শ্রেনিছি। আমি তাঁর কাছে অ'বেদন করব তিনি সেগ্রিল আরো ভর্তি করে খোঁজ করে বের করবার চেণ্টা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমন্ত্রা বলেছি যে কোন রকম একট্ ক্লু পেলেই সন্ধান পেলেই আমরা ব্যবস্থা করেছি। আমি মানলীয় সদস্যগণকে এই কথা বলছি যে সামান্য একট্ খবর পেয়েই আমরা অনেক জায়গায় সার্চ্চ করেছি, বোধ হয় ৫০।৬০।৭০ জায়গায় সার্চ করেছি। কিন্তু এমন জায়গায় সার্চ করেছি যেখানে আমরা বোকা বনেছি। কিন্তু তা সত্বেও হাল ছাড়িনি। আমি সদস্যগণকে বলজে পারি তাঁরা যদি কোন খবর দেন তাহলে নিশ্চয়ই দেখব।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্য মন্দ্রিমহাশয় কি জানাবেন তিনি যে লিস্টটা পড়লেন তার মধ্যে ঐযে বিলেত খেকে সাউথ হ্যামপটন থেকে পার্সেল করে সাউন্ডলেস এবং স্মোকলেস কিছু কার্তুজ পাঠান হরেছিল বলে সংবাদ বেরিয়েছে ডাক মারফত সেটাও কি আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সাউन्ডলেস, कि स्थाकलाস, অভারলেস, कालाরলেস कि রেকলেস কোন খবরই পাইনি।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখার্মান্য মহাশয় কি জানাবেন এই সম্পর্কে কোন খবর পেয়েছেন কিনা?

The Hon'ble Prafulia Chandra Sen:

এই প্রথমই খবর পেল ম মাননীয় সদস্যের কাছ থেকে।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় কি বলবেন ঐযে অস্থ্যগুলি পাওয়া গেছে তাতে কোন **কোন** দেশের ছাপ রয়েছে ?

The Hon'ble Prafulia Chandra Sen:

এ সম্বন্ধ বোধ হয় আমার সেই তালিকাতে ছিল এবং বিদেশী কোন ছাপ ছিলনা বলেই সেদিন বোধ হয় আমি বলেছিলাম। এথানে সে সম্বন্ধে কিছু নেই, আমি তা বলতে পারব না।

Lalgola Mental Hospital

- *63. Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'bla Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) (i) the number of beds for indoor patients, male and female, in the Lalgola Mental Hospital and (ii) whether there is any proposal for increasing the beds;
 - (b) (i) whether all mental patients belonging to the State of West
 Bengal have been removed from Ranchi Mental Hospital and
 (ii) if not, whether there is any such proposal; and
 - (c) (i) whether the mental patients are treated in Lalgola Mental Hospital free of costs and (ii) if not, the amount of which is charged for individual cases?

The Hon'ble Purabi Mukhopadhayay: (a) (i) & (ii) 'There is no mental hospital under the administration of the Health Department at Lalgola.

- (b) (i) No.
- (ii) There is no such proposal at present.
- (c) (i) & (ii) Does not arise.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্দ্রিমহোদয়া কি বলবেন মৃন্দিবাদ জেলার সদস্য যখন এই রকম প্রশ্ন করেছেন তখন মৃন্দিবাদ জেলাতে মৃন্দিবাদ বাসীদের জন্য এই রকম একটা মেণ্টাল হসপিটাল করবার কোন পরিকল্পনা আছে কি?

(নো রিপ্লাই)

Shri Sasanka Sekhar Sanyal:

লালগোলাতে এই যে ইনস্টিটিউসানটা আছে ওটা কি জেলখানার অন্তর্গত?

The Hon'ble Purabi Mukhopadhayay: হ্যা. ওটা স্পেশাল জেল।

Special Officers of the Calcutta Corporation

- *64. Shri Narendra Nath Das: (a) Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state if it is a fact that the State Government have ordered for the appointment of special officers under the provisions of the Calcutta Municipal Act to assist the Corporation in assessing lands and buildings within the city numbering about fifty thousand?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) whether the Government ascertained the reason for inability of the Corporation to make the assessment and if so what are the reasons;
 - (ii) whether the Government ascertained the amount of arrears of taxes, if any, up to 31st December, 1963; and
 - (iii) if so, the total amount of such arrears?

The Hon'ble S. M. Faziur Rahman: (a) No.

(b) (i), (ii) & (iii) Does not arise.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্য মন্ত্রী এখানে অ'ছেন, আমি যে প্রশ্নটা গ্রাণ মন্ত্রীর কাছে করেছিলাম সে সম্বন্ধে গ্রাণ মন্ত্রী বলেছেন যে আমি এর জবাব দিতে পারব না, মুখ্যমন্ত্রী এর জবাব দিতে পারেন, সেই প্রশ্নটা আমি মুখ্য মন্ত্রীর অবগতির জন্য করছি। আমার প্রশ্নটা ছিল এ্যাডিমিটেড কোয়েশ্চেন নম্বার ৪৭, স্টার্ড কোয়েশ্চেন নাম্বার ৫২। আমি তাতে জানতে চেরেছিলাম যে

Whether the decision of the ministerial conference held in October 1957 at Darjeeling which was attended by the West Bengal Ministers regarding imposition of restriction on migration from East Pakistan is still in force, and, if so, whether the Government contemplates to keep it in abeyance for the time being or ignor it altogether in view of the recent mass scale massacre of minorities in East Pakistan.

নানা রকম সাণ্লিমেন্টারী কোরেশ্চেন করবার পর গ্রাণ মন্ত্রীকে আমি একটা প্রশন করেছিলাম যে কিছ্ব রেস্টিকসান যখন আছে. কিছ্ব শর্ত যখন এখনও আছে যেমন প্রবিশ্য থেকে যদি কেউ আসে তাহলে দণ্ডকারণ্যে না গেলে গ্রাণ বিভাগ থেকে কোন সাহায্য তারা পাবে না, তখন আমরা এই কথা বলেছিলাম যে প্রবিশ্য থেকে উন্নাস্ত্র হিসাবে যারা আসে তারা হয়ত প্রনর্বাসনের জন্য সরকারের কোন সাহায্য চায় না. এখানে তাদের আত্মীয় স্বজন আছে তাদের কাছে তারা থাকবে, হয়ত তাদের নিজেদের কিছ্ব ব্যবসা করবার জন্য লোন চায়, কিন্তু সেই

লোনও তারা পাবে না যেহেতু কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবর্গণ সরকারের নাধ্যে এটা ঠিক হয়েছে যে পশ্চিমবর্গণর বাইরে না গেলে কোন সাহায্য দেওয়া হবে না। ছা দের কথাও আমরা তুর্লেছলাম যে সমগ্র পরিবার নিশ্চিম হয়ে গেছে, সে এখানে এসে পড়তে চায় তার আছারীর-বজনের কাছে থেকে, সে হয়ত সামান্য কিছু সাহায্য চায়া, কিন্তু সেটাও এাণ বিভাগ থেকে ঐ শত থাকার ফলে দিতে পায়ছে না। এই পরিপ্রেক্ষিতে আমি প্রশ্ন করেছিলাম এাণ মন্দ্রীকে, কিন্তু সেটা নাকি মুখামন্দ্রী ছাড়া আর কেউ বলতে পারবেন না। ১৯৫৭ সালে অক্টোবরে দাজিলিংএ যে মিনিন্টেরিয়াল কফোরেন্স হয় সেই সন্দেমলনের সিন্দ্রান্ত পরিবর্তন করতে গোলে ঐ রকম একটা সন্দেমলন ছাড়া কোন একটা সরকারের পক্ষে পরিবর্তন করা সন্ভবপর নয়। আমার প্রশন হচ্ছে এই পটভূমিকায় মুখামন্দ্র মহাশয় এটা বলবেন কি পশ্চিমবর্জা সরকারের পক্ষ থেকে ঐ সন্দেমলনের সিন্দ্রান্ত রিভাইজ করবার জন্য পুনবিব্রেচনা করবার জন্য কেন্দ্রীয় সরকারের কচ্ছে ঐ রকম একটা সন্দেমলন আহ্বান করবার সন্পারিশ করবার কথা তাঁরা ভাবছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

১৯৫৭ সালে সম্মেলন হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার সেই সম্মেলন আহ্বান করেন নি, কেন্দ্রীয় সরকারের পূর্নবাসন মন্ত্রী সেই সম্মেলন আহ্বান করেছিলেন এবং তাতে শৃথ্য যে পশ্চিমবঙ্গের প্র্নবাসন মন্ত্রীরাও ছিলেন তা নয় নির্ভিন্ন প্রদেশের প্র্নবাসন মন্ত্রীরাও ছিলেন এবং সেই সম্মেলনে যে সিন্ধানত গ্রহণ করা হয়েছিল, বর্তমান ক্ষেত্রে সেই সিম্পানত অনুসারে মোটেই কাজ হচ্ছে না, কেন না এখন যারা পূর্ব পাকিস্তান থেকে আসছে তাদের প্রপ্রাসনের দায়িছ কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। কাজে কাজেই ১৯৫৭ সালে দাজিলিং-এ যে সিন্ধানত গ্রহণ করা হয়েছিল সেই সিম্পানত এখন সম্পূর্ণভাবে পরিবৃত্তি হয়ে গেছে। নির্ভীয় কথা হচ্ছে যে পশ্চিমবংগ আমরা পূর্ববাসনের বাবস্থা করতে পারবো কি না।

Shri Jatin Chakravorty:

ম্থা মন্ত্রীর কাছে এইজনাই সাণিলমেন্টারী করতে হচ্ছে, জীন সেদিন ছিলেন না দাজিলিং-এর এ সন্মেলনের আগে পর্ব পাকিস্তান থেকে কোন আন্ডারটেকিং না দিয়ে আসতে পারতো কিন্তু ঐ কনফারেন্সের পর ঠিক হল যে আন্ডারটেকিং দিতে হবে যে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কাছ থেকে কোন রকম সাহায্য নেব না এই আন্ডারটেকিং দিলে মাইগ্রেসন সাটিফিকেট পাছে। বর্তমানে প্র্বিজ্ঞ দাঙ্গার পর সেটাকে কিছুটা শিথিল করেছেন সেই আন্ডারটেকিং না দিলেও আসতে দেওয়া হচ্ছে ঐট্কুন শিথিল করেছেন কিন্তু তার মানে আরো একটা শর্ত ছাড়ে দেয়া হছে যে পশ্চিমবাংলায় আসবার পর যদি আমরা পশ্চিমবাংলার বাইরে প্রবিসেন না নেই তাহলে কিন্তু কোন রকম সাহায্য গ্রাণ বিভাগের কাছে থেকে পাবোনা এটা ঠিক তো?

The Hon'ble Prafulia Chandra Sen:

এটা ঠিক হল না, কেন্দ্রীয় সরকার এখানে বলেছেন এবং কিছ্বদিন আগে দিল্লীতে আরো করেজন মুখ্যমন্ত্রীকে নিয়ে কেন্দ্রীয় সরকার একটা সম্মেলন আহ্বান করেছিলেন সেই সম্মেলনে এই দিন্দানত গ্রহণ করা হয়েছে যে পূর্বপাকিস্তান থেকে যাঁরা আসবেন তাঁদের প্নর্বাসনের বাবস্থা করতে হবে এবং তাঁদের প্র্রাসন ব্যবস্থার যে দায়িত্ব তা একা পশ্চিমবংশ সরকারের নার, এটা সর্বভারতীয় জাতীয় দায়িত্ব, বিভিন্ন প্রদেশে তাঁদের প্র্বাসনের ব্যবস্থা করতে হবে এবং আমি সম্প্রতি বলতে চেয়েছি যে বিহার সরকার ও হাজার পরিবার অর্থাৎ ২০ হাজার লোকের প্র্রাবাসন বাবস্থা করছেন দণ্ডকারণা নার এবং রাজ্য সরকারও বলেছেন যে দণ্ডকারণা ছাড়া উড়িষ্বার অনাানা স্থানেও বোধহয় ও হাজার পরিবারের প্রাব্যাদির রাজ্যে কিছ্ব কিছ্ব প্রিবাসনের বাবস্থা হবে। সেই সম্মেলনে দিল্লীতে একটা কথা আমি উত্থাপন করেছিলাম যে এই যে প্রবাসনের বাবস্থা হবে। সেই সম্মেলনে দিল্লীতে একটা কথা আমি উত্থাপন করেছিলাম যে এই যে প্রবাসনের বাবস্থা হবে, শ্ব্র কৃষকদের প্রবাসনের বাবস্থা হলেই চলবেনা, বেন না যাঁরা আসবেন তাঁরা সকলেই কৃষক নাও হতে পারেন এবং হচ্ছেনও না। যদিও অধিক সংখাক কৃষক আছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু কারিগর, শিল্পী, ছাত্ররাও আসছেন, স্কুল কলেজের ছাত্ররাও আসছেন, শিক্ষকরাও আসছেন। আমার কাছে সেদিন দ্বজন অধ্যাপক এসে

ছিলেন যে মশাই, আমাদের চাকরীর বাবস্থা করে দিন। আমি তাঁদের কাছে বলেছিলাম, এই রকম লোক যাঁরা আসছেন, ডান্তার, অধ্যাপক শিক্ষক আস্ক্রন, অনুগ্রহ করে আপনারা তাঁদের নাম পাঠিয়ে দেবেন। যাঁরা আমাদের কাছে আসছেন তাঁদের গ্র্গাবলী জানিয়ে আমাদের কাছে দিন, আমরা মহারাষ্ট্র, মধ্য প্রদেশে পাঠিয়ে দেব, উড়িষ্যায় পাঠিয়ে দেব—সমস্ত রাজ্যে যাঁরা যাঁরা যেতে রাজী হচ্ছেন আমরা তাঁদের কাছে পাঠিয়ে দিতে পারবো। কাজে কাজেই একথা ঠিক নয় যে দণ্ডকারণ্য বাদে অন্য জায়গায় প্র্নবাসায়ের ব্যবস্থা হবে না।

[4-4-10 p.m.]

Shri Jatin Chakravorty:

পশ্চিমবঙ্গের বাইরে সেইসব রাজ্যের কাছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কৃতজ্ঞ যে আজকে তারা জাতীয় দৃষ্টিভগ্গী নিয়ে, জাতীয় সমস্যা হিসাবে এটাকে দেখছেন।

আমার একটা প্রশ্ন শ্ব্র ম্খ্যমন্ত্রী মহাশয়ের কাছে, এটা অত্যন্ত গ্রেত্বপূর্ণ প্রশন, যে দাজিলিঙে ঐ সাম্পানের সিম্পানের মাইগ্রেসানের পথ কিছুটা শিথিল হয়েছে, কারণ তাতে আজকে একটা ন্তন শর্ত যোগ করে দেওয়া হয়েছে যে পশ্চিমবাংলায় থাকলে, ত্রাণ বিভাগ থেকে কোনরকম সাহায়্য দেওয়া হবে না। এটা ত্রাণমন্ত্রী নিজে বলেছেন। তা যদি হয়, তাহলে আমার বস্তব্য হচ্ছে যে এখা ন আপনার কাছে যারা রিহ্যাবিলিটেসান চায় না, য়ায় এখানে এসে তাদের আত্মীয় স্বজনের কাছে থাকবে, বা কোন ছাত্রের সম্পত পরিবার নিশ্চিহ্ হয়ে গিয়েছে, সে এখানে এসেই পড়তে চায় তার নিজের আত্মীয়ের বাড়ীতে থেকে, বাংলাদেশের বাইরে যাবার তার প্রয়োজনীয়তা নেই, সে যদি আপনার কাছে সামান্য কিছু সাহায়্য চায়, সেই অবস্থায় ঐ যে সিম্পান্তগ্রিল রয়ে গিয়েছে দাজিলিঙর সম্পেলনে, সেটা আজকে একটা বাধা হিসাবে দাড়াছে, কারণ, আপনারা খানিকটাত শিথিল করেছেন!

The Hon'ble Prafulla Chandra Sen:

না। দাজিলিঙে যে সিন্ধানত গ্রহণ করা হয়েছে, সেটা কারও প্নর্বাসনের পক্ষে বাধা স্বর্প নয়। পশ্চিমবংলা সরকার শুধু এইট্বুকু জানিয়েছেন যে, তাঁরা পশ্চিমবংলায় জমি দিতে পারবেন না। এখানে জমিহীন লোক বহু আছে, যারা আংশিক ভাবে প্নর্বাসন পেয়েছে, তাদের গ্রেমর প্রয়োজন, তাদের জন্য আমরা জমি খ্রছছি এখন। কাজে কাজেই আমরা জমি দিতে পারবো না।

পশ্চিমবঙ্গে যে ভাবে বেকার সমস্যা শিক্ষিতের মধ্যে দেখা দিয়েছে, তাতে সরকারীভাবে আবার একটা দায়িছ নেওয়া আমাদের পক্ষে ম্নিম্কল ও বিপজ্জনক। উদ্বাস্তু বলে যে সব অধ্যাপক আমার কাছে চাকরীর জন্য এসেছিসেন, তাঁদের আমি কোথায় চাকরী দেবো? তবে তাঁদের গ্লাবলী আমাকে দিলে পর, আমি অন্য জায়গায় তাঁদের চাকুরীর জন্য চেড্টা করতে পারি। আমি অবশ্য ইতিমধ্যে অনেক জায়গায় তাঁদের জন্য বলেছি, চার, পাঁচ জায়গায় চিঠিও দিয়েছি কলেজ কর্তৃপক্ষের কাছে। সঙ্গে, সঙ্গে আমি এ কথাও তাঁদের বলেছি যে আপনাদের গ্লাবলীসহ দরখাস্ত দিয়ে যাবেন, যে সমুস্ত সরকার আপনাদের নিতে চান, তাদের কাছে পাঠিয়ে দেবো।

Shri Jatin Chakravorty:

আপনি তাঁদের জন্য সরকারীভাবে কিছু করবেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সরকারীভাবে কি করতে পারি বল্বন! আপনি ত বেকার, আপনার ভুনা কি করতে পারছি? (হাস্য।) আমাদের পশ্চিমবণ্ডের শিক্ষিত বেকারের সংখ্যা এত আছে, যে সকাল থেকে সন্ধ্যা পর্যশ্ত আমার কাছে শিক্ষিত বেকাররা আসেন, আমি তারের জন্য কিছ্ই করতে পারি না। কাজে কাজেই আজকে যাঁরা প্র' পাকিস্তান থেকে এসে আমার কাছে ন্তনভাবে চাকরী চাচ্ছেন, আমি তাঁদের চাকরী কোথা থেকে দেবো! তবে, যদি মাননীয় সদস্যদের মনে এটা থাকে যে তাঁরা আমাদের এখানে কোন প্রতিযোগিতাম্লক পরীক্ষায় যোগ দিতে পারবেন কিনা, সে স্বিধা আমি করে দেবো, তারজনা আটকাবে না। কিন্তু আমরা তাঁদের অন্য সমস্ত দায়িত্ব নিতে পারবো না। তাঁরা নিজেদের গ্রণ অন্সারে যদি কোন প্রতি যাগিতাম্লক পরীক্ষায় পাশ করেন,—যেহৈতু তাঁরা পাকিস্তানী অধিবাসী, তারজন্য আটকাবে না। কেন না, তাঁরাত চলে এসেছেন, ছিডে ফেলেছেন তাঁদের পাশপোর্ট।

Shri Jatin Chakravorty:

তাঁরা যদি পশ্চিমবঙ্গে থাকতে চায় এবং কোন রকম স্কীম দেন, তাহলে তারজন্য তাদের কোন রক্ম লোন দেবার বন্দোবস্ত করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

তারা যদি কোনরকম পরিকল্পনা দেন, তাহলে যেমন পশ্চিমবঙ্গে আর দশ জন লোক ঋণ পেয়ে থাকেন, তেমনি তাঁরাও তা পেতে পারেন। কিন্তু এরজন্য বিশেষ কোন ব্যবস্থা আমরা করতে পারবো না।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় মুখামন্ত্রী মহাশয় বলেছেন যে দণ্ডকারণ্যে বা অন্য প্রদেশে পর্নর্বাসনের বাবস্থা করবেন বারা চলে আসছেন মাইগ্রেসন সার্টি ফিকেট নিয়ে। আমরা শ্রুনলাম যে যারা মাইগ্রেসন সার্টি ফিকেট নিয়ে আসছে, তাদের নাম রেকর্ড করছেন আপনারা। কিন্তু অনেকে ফ্রন্টিয়ার অতিক্রম করে চলে আসছে, অনেকে বর্ডার পার হয়ে চলে আসছে, মাইগ্রেসন সার্টি ফিকেট জোগাড় করতে না পেরে, তাদের নাম সরকার রেকর্ড করছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

যাঁরা এখান চলে আসছেন, আমরা যে তাদের শৃধ্ নাম লিখছি, তা নয়। তাঁদের নাম লিখছি, তা নয়। তাঁদের নাম লিখছি, কোথা খেকে তাঁরা আসছেন, সেটা লিখছি, তাদের পিতার নাম লিখছি এবং সঙ্গে সঙ্গে তাঁরা যদি দণ্ডকারণ্যে যেতে না চান, তাহলে তাঁরা কোথায় যাবেন, কোন ঠিকানায় থাকবেন, সেটাও লিখছি, এবং যাঁরা বলছেন, আমরা আত্মীয়ের বাড়ীতে যাবো, মশাই, আমাদের যাবার ব্যবস্থা করে দিন, আমরা তাঁদের গাড়ি করে পাঠিয়েও দিচ্ছি। এই সমস্ত আমরা তাঁদের জন্য করে দিচ্ছি। তারপরে আমরা আর সরকারীভাবে তাঁদের দায়িত্ব নিতে পারছি না।

Shri Jatin Chakravorty: Sir, I rise on a point of privilege.....

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, can a point of privilege be raised without giving previous notice?

Mr. Chairman: No. You must follow the rules.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, notice is directory and not mandatory. There are certain matters in which the Chair can waive the notice.

Mr. Chairman: Mr. Chakravorty, you send in your papers to me. I will look into them and then decide.

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman: There are certain calling attention notices replies to which are due today. I ask Ministers concerned to give the replies if they are ready.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. Ordinarily, when a date is fixed for a particular matter you call upon the Ministers to make the statement. It is for the Minister to seek an adjournment, if necessary. But for you to say that a Minister, if ready, will give the answer, is not really proper.

Mr. Chairman: I said, if he is ready. The motion on which reply is due is "Alleged Police Excess committeed in the district of 24-Parganas, raised by Shri Narendra Nath Das.".

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, the reply will be given on Monday.

Mr. Chairman: This should not be repeated like this.

There are two notices of calling attention on the subjects of-

- (1) Arrest of Bela Dutta, a teacher of Dhubulia Subhas Chandra Girls' High School—by Shri Manoranjan Sen Gupta.
- (2) Alleged police attrocities in Bongaon Subdivision by Shri Manoranjan Sen Gupta.

The member may formally read his notices.

Shri Manoranjan Sen Gupta: Sir, under Rule 170A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council I hereby give notice of my intention to call the attention of the Minister-in-charge of the Home (Police) Department on 26th February 1964, to the following matter of urgent public importance and to request that the Minister may make a statement thereon.

A serious situation at the same time undignified one, has arisen in connection with unjustifiable and uncalled for arrest of Shrimati Bela Dutta, a teacher of Dhubulia Subhas Chandra Girls' High School and rude and barbarous treatment meted out to her and unnecessary herassment caused to her by putting her into jail custody for one month on charges that could not be substantiated.

My other calling attention motion to which I would request the Hon'ble Minister to make a statement is as follows:—

The serious situation that has arisen at Haridaspur, Balidaspur, Huda and other villages of Bongaon Subdivision due to police attrocities in the shape of indiscriminate assault, loot and ravages of women as published in the columns of the "Ananda Bazar Patrika", dated 25th February 1964.

Mr. Chairman: As I understand, the replies will be given on Monday.

Shri Jatin Chakravorty:

স্যার, আপনার কাছে আমার দুটো জিনিস নির্বেদন করবার আছে, তার একটা আমি পরে বলব আর একটা হচ্ছে আজ আনন্দবাজারে একটা সংবাদ দেখেছি যে আপনি আমাদের ছেড়ে চলে যাচ্ছেন এবং আমাদের শিক্ষামন্দ্রী লিডার অফ দি হাউস তিনিও ছেডে চলে যাচ্ছেন। আমরা স্যার, এরজন্য খুব উদ্বিশ্ন হয়ে আছি, শিক্ষামন্দ্রীর অবশা কিছু দিন পরে রিটায়ার করবার কথা —ও'র নাম কংগ্রেস নমিনেসন-এ দেখলাম না। কিন্তু আপনি তো ৬৮ পর্যন্ত আছেন। আমরা স্যার, আপনার কাছ থেকে এইট্রুকু জানতে চাই যে খবরটা সত্য কি অসত্য?

Mr. Chairman: That is not correct. That is all that I can say, And I do not know anything about the National Professorship being offered to me direct.

Shri Jatin Chakravorty:

সে সম্পর্কে আমাদের সেকেণ্ড তারিখের বিজনেস পেয়েছি এবং তারিখ দেবার অধিকার আপনার। আপনি ইন কন্সালটেসান উইথ দি লিডার তারিখ দিতে পারেনা। আপনিই আলটিমেট অথরিটি। স্বতরাং আমাদের ২০ দিন ছ্বটি থাকছে, গভর্নমেণ্ট এই কথা বলতে পার্বেন না যে আমাদের গভর্নমেণ্টের বিজনেস এ্যাফেক্টেড হচ্ছে।

Mr. Chairman: I will just try to find out a suitable date.

Shri Jatin Chakravorty:

ভঁরা বাজী হন বা না হন ইউ ফিক্স আপ দি ডেট। $[4-10-4-20 \; \mathrm{p.m.}]$

General Discussion on the Budget for 1964-65.

Mr. Chairman: Now, we begin our discussion on the Budget for 1964-65.

Shri Santosh Kumar Bhattacharyya may please speak.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রী তথা সমগ্র মন্ত্রীসভা পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৬১ সালে ১৯এ সেপ্টেম্বর তারিখে পশ্চিমবঙ্গের ৩৫ হাজার মাধামিক শিক্ষক-শিক্ষিকার প্রতক্ষে আন্দোলনের সামনে দাঁডিয়ে তদানীশ্তন বিধানসভার বিরোধী নেত্র দের মাধ্যমে নিখিল বংগ শিক্ষক সমিতির সংগে যে মীমাংসায় উপনীত হয়ে-ছিলেন এবং যে সকল প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি আজ আপনার মাধ্যমে এই অভিযোগ করছি যে নির্লাজ্জের মত এই রাজ্যের শিক্ষামনতী এবং সমগ্র মনত্রীসভা মাধ্যমিক শিক্ষকদের প্রতি প্রদত্ত এই সমস্ত প্রতিশ্রতি পদদলিত করে চলেছে এবং দীর্ঘ ৩ বছর অতিবাহিত হয়ে গেল আজ পর্যন্ত সেই সমুস্ত প্রতিশ্রতির এক্টিরও মীমাংসা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশ্র, প্রলোকগত মুখামন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় যে সমস্ত দাবির ভিত্তিতে আমাদের সংগে মীমাং-সায় উপনীত হয়েছিলেন এবং তংকালীন বিরোধী নেতৃব্রন্দের মাধ্যমে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতিসমূহে স্বাক্ষর রয়েছে শ্রীজ্যোতি বস্কু, দেবেন সেন, যতীন চক্রবর্তী, যিনি আজকে এই হাউসের মেম্বার, তথন ছিলেন এ্যাসেম্বলীর মেম্বার, এবং হেমন্ত বসরে এবং সেই যে পত্র গেই পত্রে ডাঃ বিধান্চন্দ্র রায়ের নিজের হাতে লেখা রয়েছে, তিনি নিজে কারেকসান করে দিয়ে-ছেন এবং সেই পত্র আজও যদি শিক্ষামন্ত্রী মহাশয় চান তাহলে বিধানসভার বিরোধী দলপতি শ্রী জ্যোতি বস্কুর ফাইল থেকে দেখে নিতে পারেন, তাঁর কাছে ডাঃ বিধানচন্দ্র রায়ের হস্ত লিখিত সংশোধনসহ পত্র আছে এবং তাতে ডাঃ বিধানচন্দ্র রায়, পরলোকগত মুখ্যমন্ত্রী, প্রতিশ্রুতি দিয়ে-ছিলেন যে

Chief Minister has given an open assurance that all junior high schools will be given aid on deficit basis as is done in the case of high and higher secondary schools. Chief Minister agrees on principle that in order to improve education of the students the new pay scale should be introduced which are at present unaided. If the latter cannot meet the additional expenditure from their own income they should apply for it to the Government. If, however, any unaided school refuses to ask for aid or to give increased salary scale to the teachers the question would arise as to what extent Government can compel these schools to do so. This question may be discussed at a conference of the different teachers' associations.

So far as the emoluments of clerks, librarians and other subordinate staff are concerned, this matter has not yet been finalised pending the decision regarding similar employees under the Government but the Chief Minister has announced that the pay of the subordinate staff mentioned above will be fixed on lines similar to those prescribed for the Government employees of similar rank. When the pay scales are implemented all the teachers will get some increments in the new scales.

এই ছিল মীমাংসার শর্ড পরলোকগত মুখামন্দ্রী ডাঃ রায় বেটা আমাদের সংগ্নে সম্পাদন করে-ছিলেন। স্যার, আজকে আমাদের যে সমস্ত প্রধান প্রধান সমস্যা অমীমাংসিত রয়ে গ্রেছে প্রশিষ্ক্র-বাংলার মাধ্যমিক শিক্ষা জগতে যে অচলাবস্থার সৃণ্টি হয়েছে আজও তা অবসান হয় নি। বোর্ড অব সেকেণ্ডারী এডকেসান য়্যাক্ট পাশ হবার পর আজও সেই বোর্ড কার্যকরী হতে পারলো না। আমরা যে সমসত দাবী এবং সমস্যার কথা তলে ধরেছি, বারবার শিক্ষ্মন্দ্রী মহাশয়ের কাছে আমা-দের যে স্মারকলিপি–৩৫ হাঁজার মাধ্যমিক শিক্ষক শিক্ষিকার পক্ষ থেকে য়েছি তার কোন জবাব এবং তার কোন সূত্রী, মীমাংসা আজও পর্যন্ত পেলাম না। সারে আপনি জানেন যে পরলোকগত মুখামন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং আমাদের বর্তমান মুখামন্ত্রী শ্রীপ্রফক্রেচন্দ্র সেন মহাশয় যাঁর সংগে ১৯৬২ সালের সেপ্টেম্বরে চীন-ভারত সীমানত সংঘর্ষ স্বর হবার একমাস আগে আমরা তিন দিন বসে নিখিল বংগ শিক্ষক সমিতির প্রতিনিধিব্রুদ আলোচনা করেছিলাম—আমরা দাবী করেছিলাম যে সর্বস্তরের শিক্ষা ব্যবস্থার মধ্যে কো-অর্ডিনেসন কমিটি চাই প্রাইমারী, সেকেন্ডারী এবং ইউনিভর্গিসটি, বিধানবাব, বলে ছিলেন হ্যাঁ. আমাদের কোন আপত্তি নেই তাড়াতাড়ি করা হবে, মুখ্যমন্দ্রী শ্রীপ্রফক্ল সেন মহা-শয়ও বলেছিলেন খুব ভাল প্রস্তাব, আমরা তাডাতাডি করবো কিন্ত এই জিনিসটা শিক্ষা-দুর্গতরের মগজে ঢোকাতে পারলাম না যে সমুব্য সাধন না হলে তিনু স্তরের শিক্ষাব্যবস্থার মধ্যে বিরাট অরাজকতার স্থান্টি হয়, এটা ও'দের মৃষ্টিতন্দে আজ পর্যান্ত ঢোকানো গেল না বিধানবার এবং প্রফক্লবাব্র প্রতিশ্রতি সত্ত্বে। স্যার, পরলোকগত মুখামন্ত্রী পরিষ্কার বলেছিলেন সেটা আমি পড়ে দিলাম

at least some increments will be given to some teachers.

অভিজ্ঞতার ভিত্তিতে যে সমস্ত প্রাচীন শিক্ষক রয়েছেন যাঁরা জবিনের 🖁 ভাগ শিক্ষকতা কার্যে তাদের জীবনকে অতিবাহিত করে আজ অবসর গ্রহণ করতে বসেছেন ভিক্ষাপাত্র হাতে এই সরকারের নির্মাম নীতির ফলে, তাদের অন্ততঃ পেনসনের ব্যবস্থা আপনারা করতে পারবেন কিনা, আমি জানিনা কবে করতে পারবেন, সে স্বপ্ন স্বপনই থাকবে কিনা জানিনা, এই হচ্ছে আমাদের দেশের শিক্ষকদের দৃর্ভাগ্য যে সারা জীবন শিক্ষকতা করে শেষ পর্যন্ত ভিক্ষাবৃতি অবলম্বন করে বিনা চিকিৎসায়, অনাহারে মৃত্যুর কবলে পতিত হতে হয় কিন্তু অন্ততঃপঞ্ তারা যতাদন শিক্ষকতা কার্য করছেন তাঁদের অভিজ্ঞতার জন্য অন্ততঃ কিছু বেতন বৃদ্ধি যেটা বিধানবাব, প্রতিশ্রুতি দিয়েছিলেন য়্যাটলিণ্ট সাম ইনক্লিমেণ্টস দেওয়া হবে, আজও পর্যব্ত সেই প্রতিশ্রুতি পূর্ণ হল না, নির্লাজ্জের মত প্রতিশ্রুতি ভংগ ও'রা আজও করে চলেছেন। স্যার. আজও প্রায় ৩ ভাগের ১ ভাগ বিদ্যালয় সাহায্যহীন, আনএডেড দ্বল এবং কোলকাতা শহরে এবং তার আশেপাশে শতকরা ৮০টি বিদ্যালয় সরকারের কাছ থেকে এক কপদকিও পায় না, এই সে সাহায্যহীন, সাহায্যপ্রাপ্ত, বেসরকারী, সরকারী বিভিন্ন স্তরের বিদ্যালয় মাধামিক শিক্ষা জগতে রয়েছে যার ফলে বিশংখলার সূষ্টি হচ্ছে এটা ও'দের কাছে বহুদিন থেকে বলে আসছি এবং পরলোকগত মুখ্যমন্ত্রী এটা উপলব্ধি করেছিলেন বলেই তিনি প্রতি-শ্রুতি দিয়েছিলেন, ইট ইন্ধ এ বার্নিং প্রবলেম যেটা আপনার কাছে পড়ে শোনালাম এবং তিনি এই প্রতিশ্রতি দিয়েছিলেন যে একটা কনফারেন্সে বসে আমরা সমস্ত কিছ্ম ঠিক প্রফল্লবাব,ও সেই প্রতিশ্রতি দিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত কোন না তাদের সম্বন্ধে। ওঁরা বলছেন সাহায্য চাইলেই সাহায্য পেতে পারে কিন্তু এত সহজ নয়। এই বলে ওঁরা এটাকে উড়িয়ে দিতে পাচ্ছেন। এটা অত্যন্ত জটিল গ্রুত্পূর্ণ সমস্যা শিক্ষক সমিতির সংগে বসে কিছু সরকারী প্রতিনিধি কিছু বেসরকারী প্রতিনিধি সমস্ত বসে কনফারেন্স করার প্রতিশ্রতি বিধানবাব, দিয়েছিলেন সালের সেপ্টেম্বর থেকে ১৯৬৪ সালের ফেব্রুয়ারী গাস কনফারেন্স ১৯৫১ শেষ হতে চলেছে, আজও ডাকা সম্ভবপর হল না। স্যার, জানিয়ার হাইস্কলগালিকে ডেফিসি বেসিসে সাহায্য দেয়া হবে বিধানবাব্যুর স্পন্ট প্রতিশ্রুতি ছিল কিন্তু আজ পর্যন্ত ঘটি তির ভিত্তিতে সাহায্য দেয়া তো দ্রের কথা, বেতনের যে পার্থক্য ছিল ষেটা ওবা ১৯৫৭ সালে দিতেন, তারপরে সেথানে কোন শর্ত ছিল না, দেয়ার ওয়াজ নো কনডিশন এ্যাট অল কিন্তু আ^{ক্রকে} ওবা শর্ত করে দিয়েছেন যে যদি একজন ট্রেনড্ গ্রাজ্যেটকে ১৬০ টাকা পেতে হয় তাহ^{লে} স্কুল থেকে ১১০ টাকা দিতে হবে, বাকী ৫০ টাকা ও'রা দেবেন একজন আনটেনড গ্রা**জ**ু^{রেটকে}

বিদ ন্তন বেতন হার অন্যায়ী ১১৫ টাকা পেতে হয় তাহলে স্কুল থেকে ৮০ টাকা দিতে হবে, বাকী ৩৫ টাকা ও'রা দেবেন। একথা ও'রা জানেন এবং জেনেশনে আবার ন্তন করে জন্নিয়ার হাইস্কুলের কয়েক সহস্র শিক্ষককে তাঁরা বিশিত করছেন এবং তাদের প্রবশ্বনার ভেতর দিয়ে যেতে বাধ্য করছেন। কে না জানে যে দৃই অথবা চার ক্লাসের জনুনিয়ার হাইস্কুল যার টাকা পয়সা নেই বল্লেই চলে, স্কুলই চলে না সেখানে তাদের নিজেদের ফাণ্ড থেকে ৫০ টাকা করে মাসে মাসে বছরে ৬০০ টাকা ঐ একজন ট্রেনড্ গ্রাজ্বয়েটকে দিতে পায়ে না, কে না জানে যে ৩৫ টাকা করে মাসে মাসে একজন আণ্ডার গ্রাজ্বয়েটকে দেয়া দৃই এবং চার ক্লাসের জনুনিয়ার হাইস্কুলের পক্ষে আদৌ সম্ভব নয়। এই সব জেনেশন্নে ও'রা আর একটা মিথ্যাচারের দিকে জনুনিয়ার হাইস্কুলের সহস্র সহস্র শিক্ষক-শিক্ষিকা ক নির্মমভাবে যেতে বাধ্য করাচ্ছেন এবং তাদের বিশ্বত করছেন।

[4-20-4-30 p.m.]

স্যার, করণিক, গ্রন্থাগারিক এবং ক্রাশ ফোর এমপ্লারজ, এদের সম্বন্ধে বিধান বাব্র যে প্রতিশ্রন্থিছিল, সেটা আমি বললাম,—যে অন্র্পু স্তরের সরকারী কর্মচারীদের সমান বেতন হার দেওয়া হবে। কিন্তু আজ তারা কি করছেন? তাদের প্রতি একেবারে উদাসীন, তাদের একেবারে নির্মামভাবে লাঞ্চনার চরম সীমায় এনে ফেলেছেন। ন্তন বেতনের হার তাদের সম্বন্ধে ঘোষণা করেছেন ওঁরা। কিন্তু সেই বেতনের হার হচ্ছে—৮০ টাকা থেকে ১৫০ টাকা করণিকদের জন্য এবং বেয়ারার জন্য ৪৫ টাকা থেকে ৬০ টাকা। যেথানে সরকারী বেয়ারাদের স্ত্রু হয় ৬০ টাকায়, আর আমাদের বেয়ারাদের শেষ হবে সেইখানে। করণিক বা ক্লার্কস-রা ৭৫ টাকা থেকে ১৫০ টাকা পেতেন, অর্থাং ৫৫ টাকা তাদের মূল বেতন, আর ২০ টাকা ডিয়ারনেস এলাওয়েন্স, আর ম্যাক্সিমাম ছিল ১৩০ টাকা মূল বেতনের সপ্যে ২০ টাকা ডিয়ারনেস এলাওয়েন্স, আর ম্যাক্সিমাম ছিল ১৩০ টাকা মূল বেতনের সপ্যে ২০ টাকা ডিয়ারনেস এলাওয়েন্স, অর্থাং সেখানে ম্যাক্সিমাম যা ছিল তাই রেখে দিলেন, ১৫০ টাকাই। আর প্রারন্ধিক বেতন মার পাঁচ টাকা বাড়ালেন,—তাও তাঁরা জানেন যে এক পয়সাও করণিকদের দিতে হবে না। একটা জালা, জ্ক্রেরি, ধাপ্পাবাজী ও'রা করে চলেছেন। শতকরা ৯০ ভাগে করণিক তাঁদের অভিজ্ঞতার ফলেতে তাঁদের যে ইনিক্রমেন্ট পে– তারা ঐ ৮০ টাকা, অনেক বেশী পাচ্ছেন। কাজেই এ'দের জন্য আর বেশী টাকা বায় করতে হবে না।

তারপর স্যার, সংস্কৃত, টেকনিকাল ক্রাফট সম্বন্ধে বলা হয়েছে। সংস্কৃতের ইমপরটেন্স আমরা স্বীকার করি। কিন্তু সেখানে ঐ সব ক্লাসিক্যাল টিচার্স'দের নিয়ে কি তামাসা ওঁরা খেলে চলেছেন। বলা হচ্ছে ১০ বংসরের অভিজ্ঞতা এবং দুটা টাইটেল না থাকলে, সেই সমস্ত শিক্ষকরা ট্রেন্ড টিচার-এর বেতন পাবেন না। অশ্ভুত ব্যাপার। কি রকম দেখুন—ম্যাট্রিক পাশ ^{একজন} তীর্থ তিনি পাবেন না। আই এ^{*}পাশ একজন তীর্থ তিনি পাবেন না, ^{বি}-এ পাশ একজন তীর্থ তিনিও ট্রেণ্ড গ্রাজ্বয়েট, কিন্তু, তিনিও একটা পাবেন ^{এই হচ্ছে} ওঁদের অদ্ভূত নিয়ম। আবার ঐ দটো টাইটেল পাবার পরে দশ বংসর গেল তবে তিনি পাবেন। এই হচ্ছে তাঁদের নিয়ম। অভ্তুত মেধা এবং মাথা ঘামিয়ে ^{ওঁরা} এই নিয়ম বের করেছেন। স্যার, আমরা হিসাব করে দেখেছি,—যার ফলে, শতকরা পাঁচ ^{থেকে} সাত জন শিক্ষকের বেশী কাউকে এই বন্ধিত বেতন আর দিতে হবে না। স্যার, তারপর ^{হচ্ছে} নিয়মিত সাহায্য দানের ব্যবস্থা এই এডেড স্কুলগ**্বলি সম্বন্ধে বলে** বলে আমরা হায়রান ^{হরে} গেলাম। আজ ১৯৬২-৬৩ সালের টাকা শতকরা ৯৫টি বিদ্যালয়ে গিয়ে পে⁴ছায়নি, এ ^{কথা} ওঁরা অস্বীকার করতে পারেন? এখনও পর্যন্ত সেখানে টাকা যায়নি। শ্নুমছি নৃতন ^{আইন} অনুযায়ী ডিপার্টমেণ্টের টাকা নেবার দায়িন্থটা মার্চ মাসের মধ্যে এডহক বেসিস-এ টাকা পাঠাবেন। হিসাব ওঁরা শেষ করতে পারেননি,—১৯৬১ সাল থেকে ১৯৬৪ সাল পর্যক্ত হিসাব, ^{একটা} বিরাট ব্যাপার। শিক্ষক মশাইদের বললেন তাঁদের হিসাবটা করে উঠতে পারেননি। **এই** ^{ত হল} তাঁদের অবস্থা। নির্মাত সময়ে সাহায্য না পাঠানর ফলেতে মান্টার মশাইদের মাইনে ^{মাসের} পর মাস পড়ে থাকে।

তারপর স্যার স্পেশাল কেডার টিচার্সদের সম্বন্ধে কিছু বলতে চাই। এই সব স্পেশাল কেডার টিচারদের ও'রা রিক্রটে করে ছিলেন কয়েক বছর আগে. এবং সরকার তাঁদের নিজেদের কংগ্রেসের দলীয় দ্বার্থ সিন্ধি করবার জন্য এ'দের দিয়ে ইলেকসান ক্যান্পেন করিয়েছেন। আজ সেই দেপশাল কেডার টিচার্সদের দেপশাল কেডার-এ ফে:ল রাখা হয়েছে, ত,দের শতকরা ৭৫ জন, আজও এ্যাবজরভড় হল না, এবং সেই ভদলোকের এক কথার মত. ঐ ১০৫ টাকা বেতন গ্র্যাজুরেট টিচার্সরা দেপশাল কেডার-এর পেয়ে আসছে, নতন দেকল তারা আজও পেলো না। তারপর এই যে ট্রেনং ফেসিলিটিস সুন্বন্ধে ওঁরা বললেন,—শিক্ষার মান উন্নত করতে হবে। আমি তাঁর সংখ্যে একমত। ওঁরা বললেন শিক্ষকদের যোগ্যতা বৃদ্ধি করতে হবে। আমরা ওঁদের সঙ্গে একমত। কিন্ত অবস্থাটা কি স্যার? কি করে শিক্ষকরা তাদের যোগ্যতা বৃদ্ধি করবে? গত বছরের একটা ফিগার দিই আপনাকে। সারা পশ্চিমবাংলায় মাত্র ১০টি টিচার্স ট্রেনিং কলেজ আছে। সেখানে ৮ হাজার শিক্ষক দরখাসত করেছিল ট্রেনিং পাবার জনা। সেখানে ব্যবস্থা যা ছিল, তাতে মাত্র আড়াই হাজার শিক্ষক ভর্ত্তি হতে পেরেছে। এই যদি ট্রেনিং ফেসিলিটিস দেবার ব্যবস্থা হয়, তাহলে কত বছরে সমস্ত মাধ্যমিক শিক্ষবরা উপযুক্ত ভাবে শিক্ষণ শিক্ষা প্রাশ্ত হয়ে, ছেলেদের শিক্ষা দেবার যোগ্যতা অর্জন করবে, সেটা আপনি করে নিন। কাজেই ট্রেনিং ফেসিলিটিস সম্বন্ধে এই হচ্ছে অবস্থা। তারপর সর্বশেষ, স্যার, আপনি জানেন ওঁরা এনাউন্স করেছেন-মহার্ঘভাতা বৃদ্ধি করেছেন। পরম কর্নাময় এই সরকার। কিন্তু, স্যার, আমি পরিজ্ঞারভাবে এই কথা বলে দিতে চাই যে এটা হচ্ছে একটা অত্যন্ত দরেভিসন্ধিমলেক ব্যবস্থা এবং অত্যন্ত জঘন্য একটা মনোভাব অবলন্বন করে তাঁরা নীতি ঘোষণা করেছেন। সেটা হচ্ছে এই—১৫০ টাকা পর্যন্ত মাইনে যে সকল শিক্ষকদের, তাদের জন্য ৫ টাকা মহার্ঘভাতা, এবং ১৫০ টাকা থেকে ৩০০ টাকা মাইনা পান শিক্ষকদের জন্য ১০ টাকা এবং ৩০০ টাকার উপরে মাইনে পান যে সকল শিক্ষক, তাদের কোন মহার্ঘ ভাতা নেই। কাজেই এই যে ডিভিশন করা হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে প্রাইমারী টিচার্সরা পাঁচ টাকার বেশী মহার্ঘভাতা भारतन ना. कात्रन, ১৫০ টাকার উপরে তাদের মাইনে নয়। আর অন্যান্য শিক্ষকদের মধ্যে একটা বিভেদ স্থান্টি তাঁরা করেছেন। স্যার শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে পতের পর পত্র আমরা দিয়ে আসছি। স্যার, কোন কোন তারিখে কয়টা পত্র দিয়েছি আগনাকে পড়ে শোনাই। মাননীয় শিক্ষা মন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের কর কমলে আমরা চিঠি দিয়েছি ১৭-৬-৬৩ তারিখে, তারপর ২৭-৯-৬৩ তারিখে, তারপরে আবার আমরা ওঁকে চিঠি দিয়েছি ৭-১২-৬৩ তারিখে, এবং তারপরেও আবার ফেব্রুয়ারী মাসে আর একটা চিঠি দিয়েছি, এবং সর্বশেষ ওঁকে জানিয়েছি ১৯-২-৬৪ তারিখে। স্যার, পরপর চারটি চিঠি এবং হালে আর একটি দিয়েছি। স্যার, আমাদের দূর্ভাগ্য শ্রীরায় হরেন্দ্রনাথ চৌধুরীর এতটকে সৌজন্য হল না উত্তর দেওয়ার। আমরা সাার, সেই চিঠিতে চেয়েছিলাম যে তিনি আমাদের সঙ্গে বসে আলোচনা করুন। তিনি আগের একটা চিঠিতে প্রতিশ্রতি দিয়েছিলেন যে হ্যাঁ নিখিল বঙ্গ শিক্ষক সমিতির প্রতিনিধিদের সঙ্গে বসে আমি সমস্ত সমস্যা নিয়ে আলাপ আলোচনা করবো। অনুরোধ করলাম যে কিন্ত পরবর্তী চিঠিতে আমরা যখন একটা ডেট ফিক্সড কর্মন যে আমাদের প্রতিনিধি দলের সঙ্গে বসে, আমরা এই সব সমস্যা নিয়ে আপনার সংগ্যে আলাপ আলোচনা করতে চাই. শান্তিপূর্ণভাবে একটা পে'ছাতে চাই। তিনি তাতে কর্নপাত করেননি। দ্বঃখের বিষয়, আমাদের দ্বর্ভাগ্য, যে রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের জমিদারী মেজাজ এখনও যায়নি। খবে দঃখের সঙ্গে বলতে হচ্ছে এই কথা যে ডেট ফিক্সড করা দুরের কথা, নিখিল বঙ্গা প্রাইমারী শিক্ষক সমিতির চিঠির, একটি চিঠিরও জবাব দেওয়ার মত সোজন্য শিক্ষা মন্ত্রী মহাশয় দেখান নি।

কিন্তু জর্রী অবস্থার স্থি হয়েছিল, গত বছরের চীন ভারত সীমানত উপলক্ষ করে। এবং সেই জর্রী অবস্থায় আমরা নিখিল ভারত শিক্ষক সমিতির পক্ষ থেকে স্বেচ্ছায় এই সিদ্ধানত গ্রহণ করেছিলাম আমাদের সন্মেলনে যে আমরা সরকারকে বিব্রত করব না। কোন প্রতাক্ষ আন্দোলন আমরা করব না। এবং আমরা সঙ্গে একথাও সরকারকে বলেছিলা যে আমরাও আশা করব যে ওঁরাও সহান্ত্তিপ্র মনোভাব নিয়ে আমাদের সঙ্গে একত্রে আলাপ আলোচনা করবেন এবং সকলে বসে একটা মীমাংসা করবেন। কিন্তু দুঃখের বিষয় সেটা স্ভ্ব

হল मी। তাই গত ৯ই ফেব্রুয়ারী তারিখে আমরা বিশেষ কনভেনসান করেছি আমাদের নিখিল বঙ্গ শিক্ষক সমিতির আহ্বানে সেই বিশেষ কনভেনসান-এ ক্রার্ক লাইরেরিয়ান সাবঅভিনিট ক্রাক্ত, জনিয়ার হাই স্কুল টিচার্স এবং অন্যান্যদের—সেখানে আমরা এই সিন্ধান্তে পেণছিয়েছি যেটা আমরা ১৯-২-৬৪ তারিখে মন্মিমহাশয়কে জানিয়েছি—আজকে ২৬এ ফেব্রয়ারী বিকাল বেলা ৪॥০ টার সময় আমাদের কয়েক হাজার শিক্ষক শিক্ষিকা গ্রন্থাগারিক এই বিধান সভাষ আসবে—আমার মনে হয় এতক্ষণ তারা এসে গিয়েছেন। আমরা তাঁর কাছে আবেদন জানাব বে তিনি এক্সনি ঘোষণা কর্ন যে তিনি আমাদের প্রতিনিধিব্দের—নিখিল বঙ্গ শিক্ষক প্রমিতির প্রতিনিধিবন্দের সংখ্য সাক্ষাৎ করতে প্রস্তৃত কি না এবং আজকে আমরা সোজাস্তি এই কথাই বলে দিতে চাই যে এই সংঘবন্দ ৩৫ হাজার শিক্ষক শিক্ষিকা তাদের শক্তির পরিচয় আপনারা এর আগে ৩।৪ বার পেয়েছেন কিন্ত সেই পথে যেতে আর আমাদের বাধ্য করবেন না। আই ওয়ার্ণ দিস গভর্ণমেণ্ট আমি সত্ব্ করে দিচ্ছি যে এখনও সমিতির সংগ্রে এখন মাধামিক শিক্ষক শিক্ষিকা করণিক গ্রন্থাগারিক এবং বিদ্যালয়ের অধস্তন কর্মচারীদের প্রতি-নিধিব ন্দের সংখ্য বসে একরে টেবিলে বসে আলাপ আলোচনা করে মীমাংসা করন। আর তা র্যাদ না করেন প্রতাক্ষ আন্দোলনের মধ্যে দিয়েই তার জবাব বাংলাদেশের ৩৫ হাজার শিক্ষক শিক্ষিকা করণিক গ্রন্থাগারিক দেবে। স্যার আমি আরেকটা বিষয় এই মন্ত্রীমন্ডলীকে আপনার মাধামে জানিয়ে দিচ্ছি। সেটা হচ্ছে গরেতের বিষয়, তা হচ্ছে সিকিউরিটি অফ সার্ভিস এই শিক্ষক শিক্ষিকাদের চাকরি আজকে কিভাবে বিপন্ন তা একটা ঘটনার কথা বলেই আমি আমার वहवा भिरं करते। आर्थान भूनता अवाक रुखा यारवन –आर्थान जातन स्य किंद्र, किंद्र, विमानस्य মানেজিং কমিটি নাই সরকার নিয়ক্ত এাডিমিনিস্টেটর রয়েছেন। রানাঘাট নসরা **গার্লস হাই** দকল যেখানে কোন ম্যানেজিং কমিটি নাই এ্যাডমিনিসেট্রটর আছেন-তিনি হচ্ছেন প্রবল প্রতাবান্বিত রানাঘাটের এস-ডি-ও বাহাদার সেই এস-ডি-ও বাহাদার গার্লস স্কুল-এর কনফার্মড এন্ড এ।।প্রভেড এ।।সিটান্ট হেড মিস্ট্রেসকে একটা নোটীশ দিলেন যে সেপ্টেম্বর মাসের ১ তারিখে শ্রীমতী লীলাবতী কাজিলাল

B.A. B.T., Assistant Head Mistress, is not duly qualified for the said post. [4-30-4-40 p.m.]

কাজেই ১-১-৬৪ তারিখ থেকে তাঁর চাকরি থাকবে না। তার উত্তরে শ্রীমতী কা**জ্ঞিলাল** বোর্ডকে জানালেন এবং বোর্ড একটা অর্ডার দিলেন রানাঘাটের এস-ডি-ও অর্থাৎ এ্যাডমিনি-স্টোটরের উপর। বোর্ড সেখানে অর্ডার দিচ্ছেন ২৬।১২।৬৩ তারিখে

"I am directed to state that it appears from the Director of Public Instruction's report that the aforesaid termination of services of Sm. Lilavati Kanjilal, Assistant Head Mistress of your school is irregular as no charge-sheet was issued against her before the notice was issued. You are, theretore, requested to maintain status quo in respect of the teacher named above pending further investigation by the District Inspector of Schools, and the final order of the Board in this respect.

Yours respectfully, Sd. B. GHOSH, for Secretary of the Board.

ার কপি আমার কাছে আছে। অরিজিন্যাল কপি যেটা বোর্ড থেকে আমাদের এ্যাসোসিয়েসানকে পাঠান হয়েছে। কিন্তু স্যার, আপনি শ্বনলে আশ্চর্য হবে ষাবেন সর্বোচ্চ সংস্থার সেই অর্ডার নিয়ে ২রা জান্য়ারী তারিথে বিদ্যালয় খ্ললে শ্রীমতী লীলা কাজ্ঞিলাল যথন কাজে যোগ দিতে গেলেন তথন তাঁকে কাজে যোগ দিতে বাধা দেওয়া হল। তারপর তিনি অবশ্য সই করলেন, আপনি শ্বলে স্যার আশ্চয়্য হয়ে যাবেন যে এই এস-ডি-ও প্রতিহিংসাপরায়ণ হয়ে সেদিন ঐ রানাঘাটের আমাদের যারা শিক্ষক কমী তাঁদের বিকেল ৫ টার সময় মিথ্যা অজ্হাতে তাঁদের বাড়ী থেকে ও জন শিক্ষক অজিত সান্যাল, চন্দ্র বিনোদ রায় এবং হিরালাল কিওোনিয়াকে এ্যারেস্ট করে

চ্ছালার জেলে পাঠালেন। এবা হচ্ছেন নাসরাবাদ বয়েজ হাই স্কুলের শিক্ষক। তাঁদের বেল রিফিউজ করা হল কোর্ট থেকে এবং সেটা বলবেন যে কোর্টের বিষয়, কিন্তু তাঁদের ডিভিসান প্র করে রাখা হল সাধারণ চোর দাগাঁ কয়েদীদের মত। তারপর কৃষ্ণনারের জেলা জজ, নদীয়ার জেলা জজ বেল দিলেন এবং শ্নলে আরো আশ্চর্য্য হয়ে যাবেন যে এই লীলা কাজিলালকে ও তারিথে গ্রেণ্ডার করা হল এস-ডি-ওর হ্কুম অনুযায়ী এবং গ্রেণ্ডার করে বলা হল যে ও তারিথে সন্ধ্যার মধ্যে তোমাকে এই নদীয়া জেলা ছেড়ে চলে যেতে হবে। তারপর সেটার বির্দেশও কৃষ্ণনার আদালতে এ্যাপিল করা হল এবং জেলা জর্জ সেটাকেও সেট এ্যাসাইড করলেন। তারপর শ্রীমতী কাজ্জিলাল যথন স্কুলে জয়েন করতে গেলেন কয়েকদিন পরে তথন তাঁর উপর ১৪৪ ধারা জারী করা হল। এইভাবে তাঁকে কাজে যোগদান করতে বাধা দেওয়া হাছিল। ১৪৪ ধারা জারী করার পর শ্রীমতী কাজ্জিলালের পক্ষ থেকে মহামান্য কলকাতা হাইকোর্টের কাছে সেই অর্ডার কোয়াস করার জন্য প্রেয়ার জানান হল। গতকাল স্যার ক্লকাতা হাই কোর্টের মিঃ জাসটিস অমরেশ রায় তাঁর রায় দিয়েছেন। আমরা রায়ের কিপ এখনও পাইনি, তবে শ্রীমতী লীলা কাজিলালের পক্ষে এ্যাডভোকেট যিনি ছিলেন, কিশোর মুখাজাঁ, তিনি স্কুল কর্ডপক্ষকে লিখছেন রিগাডিং

Sm. Lilavati Kanjilal v. State

ডেটেড ২৪এ ফেব্রুয়ারী, আন্ডার দি ডিভিসান সি আর অফুক অম্ক—

This is to state that Hon'ble Mr. Justice Amaresh Roy has been pleased to make the rule obtained in the aforesaid case absolute and also has been pleased to quash the instant proceeding.

আমি একটামার কেসের কথা বললাম আপনার কাছে, এই রকম অসংখ্য শৃত শত কেস রয়েছে। দ্যার, এইরকম অত্যাচার চলেছে, আমি এর জবাব চাই। ঐ বীর পংগ্ন এস-१৮-ও, ঐ যে শয়তান, যে অন্যায়ভাবে আমাদের একজন শিক্ষিকাকে এইভাবে ১৪৪ ধারা জারী করে নানাভাবে তাঁর জীবনকৈ দ্ববিসহ করে তুলেছে সেই শয়তানকে শাহ্তি দেবার কি ব্যবহথা হচ্ছে? আমি আবার আবেলন করিছি শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে এখনও সময় আছে, সাবধান হোন, নিখিল বংগ শিক্ষক সমিতি এই সমহত অন্যায়, অত্যাচার, অবিচার আর মাথা পেতে কোন দিন সহা করেই না। তাই বাংলাদেশের সংগবন্ধ শিক্ষক সমাজের পক্ষ থেকে আমি আবার আবেদন জানাব তিনি এগিয়ে এসে মীমাংসা কর্ন, একত্রে আলাপ আলোচনায় বস্ন এবং দিন ধার্য কর্ন কবে তিনি আমাদের সংশ্ব বসছেন। যদি তিনি না বসেন তাহলে যে গণপ্রতিনিধি দল আসছে তাঁরা যে ভাষা বোঝেন সেই ভাষায় আমরা জবাব দেব।

'Shri Dhirendra Nath Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রীশৈলকুমার মুখাজাঁ মহাশয়ের ১৯৬৪ -৬৫
সালের বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমেই ডাঃ বিধান রায়ের কথা মনে পড়ে। আমি তাঁর
আন্থার মঞ্চল কামনা করি। ১৯৬৪-৬৫ সালের বাজেটে দেখা যায় যে আমরা অতিরিক্ত আয়
৬ কোটী ৮৮ লক্ষ টাকা পাচ্ছি এবং কার্যাতঃ দেখা যাছে ২ কোটী ৪৭ লক্ষ টাকা ঘাটিত হচ্ছে,
তব্ত এই বাজেট দেখে মনে হয় যে বেশ সময়োপযোগী হয়েছে এবং এই ঘাটিত প্রণের যে
বাবস্থা সরকার গ্রহণ করেছেন আমি সেজনা অভিনন্দন জানাছি। পশ্চিমবাংলার খাদ্য শসা
সন্বন্ধে ২।১টা কথা বলবো যে আমাদের এই দেশ কৃষিপ্রধান, কৃষকের উন্নতি না হলে আমাদের
কেশের কোন উন্নতি হওয়া সম্ভব নয়। সেজনা প্রথমেই বলবো ১৯৫৯-৬০ সালে আমাদের
কিশ্চেমবাংলায় ১০০ টন থাদ্যোৎপাদন ছিল, তারপর ১৯৬০-৬১ সালে ১৩১-৬৩ টন হল,
ভারপরে ১৯৬১-৬২ সালে ১৩১-১০, তারপরে ১৯৬২-৬৩ সালে ১২১-০৬ টন এইভাবে
স্থামে খাদ্য শস্য কমে গেছে। প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনায় যদিও সরকারপক্ষকেও খাদ্যের
প্রতি বিশেষ নজর দিতে হয়েছে কিন্তু তাহলেও দেখা যাছে যে পরে কিছু খাদ্যশস্য ঘাটিত
হছে। এই কারণ হল যদিও সার এবং অন্যান্য জিনিস, ভাল বীজ সেচের ব্যবস্থার দিক থেকে
আমরা অনেক অগ্রসর হয়েছি কিন্তু ভগবানের উপর তো কারো হাত নেই। সেজন্য আজকে
বাদ্যশস্য ঘাটিত হছে। আমি সরকারকে অন্বরেধ জানাবো উপযুক্ত সময় যাতে আমাদের

ক্ষকরা ভাল বাঁজ, জল, সার এবং সাজ-সরজাম পায় এবং কৃষকের পরিশ্রমের বিনিময়ে যে খান্দ্যোৎপাদন হবে সেটা ঠিকমত বিক্রি করার ব্যবস্থা করা এবং যদি সম্ভব হয় সরকারের মাধ্যমে এইসব বিক্রী করে কৃষকরা যাতে ন্যায়া মূল্য পায় সেই ব্যবস্থা কর,ন। আমার মনে হয় কৃষক সমাজ্ঞ যদি বে'চে যায় তাহলে দেশের উন্নতি হবে এবং সরকারেরও আর ভবিষাতে ঋণ দেওয়ার প্রয়োজন হবে না। রাস্তাঘাট, বিদ্যাৎ, সেচ পরিকল্পনা, ভারী এবং ছোট কলকারখানা আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে অনেক এগিয়েছে, তব্তও আমি মনে করবো যে আরো প্রোজন আছে। দেশের ক্রমবর্ণ্ধমান উন্নতির দিকে আমাদের সরকারের লক্ষ্য আরো হবে। আমি সব থেকে আনন্দ প্রকাশ করবো উত্তরবাংলার প্রতিবেশী হিসাবে যে আমাদের উত্তরবংগ পাকিস্তান হবার পর যে চলাচলের অস্ত্রিধা হয়েছিল সেটা ব্রড গেজ লাইন হওয়ার জন্য এবং তিস্তা, তে সাম এবং অন্যান্য বড় বড় নদীর উপর পলে হওয়ার জন্য আজকে আমাদের **উত্তরবংগ** যোগাযোগ সরাসরি হবে এবং আমাদের লোকেরও চলাচলের সূর্বিধা হবে এটা খবে আনন্দের বিষয়—এবিষয়ে আমি সরকারকে আন্তরিক ধনাবাদ জানাচ্ছি। আমার একটা কথা স্প**ণ্ট মনে** হচ্ছে যে আজকে আমরা দেশকে যেভাবে উন্নতির দিকে নিয়ে যাচ্ছি সেদিকে লক্ষ্য রেখে যদি আমরা পশ্চিমবংগর প্রত্যেক জেলাকে উন্নত ধরনের টাউনে স্মৃতি করতে পারি—সিউয়ারেজ. ইলেকট্রিসিটি, জল সমসত কিছা দিয়ে নতেন ধরনের টাউনে স্থিট করতে পারি এবং সেই সব জেলার পাশাপাশি যদি আমরা স্থানোপ্যোগী ইণ্ডাস্ট্রীর বাবস্থা করতে পারি তাহলে কোলকাতার উপর জনসংখ্যার চাপ আজকে পড়ছে তার কিছু লাঘব হাত পারে। [4-40-4-50 p.m.]

এ বিষয় সরকারের খুব চিন্তা করা উচিত। এইসব চিন্তা না করলে, আজকে কলিকাতার উপর যে এত লাকের চাপ পড়ছে, তার সমাধান হবে না। আপনারা সকলেই দেখে থাকবেন যে এত রাস্তা ঘাট নির্মাণ এবং বাস ও নানা রকম সূখ, স্বিধা হওয়া সত্তেও আমাদের চলা-চলেব, থাকার বা বাসোপযোগী স্থান পাওয়া যাচ্ছে না। এইজনা আমি সরকারকে অনুরোধ করবো এই দিকে দ্বিট বেখে, এইভাবে যাতে বিকেন্দ্রীয় পরিকল্পনা গ্রহণ করা যায়, তাহলে সরকারের পক্ষে এবং জনসাধারণের পক্ষে স্ক্রিধা হবে।

আমাদের পশ্চিমবংগ সরকার যে খাদা নীতি গ্রহণ করেছেন, সেটা খ্ব ভালই হরেছে।
তবে এই নীতি সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। উত্তরবংগের কোন কোন জেলায় খাদের
ঘাটতি আছে। যে সব জেলায় শ্রমিকদের বসবাস বেশী আছে, এইসব জেলাতে সরকার নিজ
ভক হতে অথবা কেন্দ্রীয় সরকারের কাছে হতে নিয়ে সেখানে ধান, চাল সরবরাহের ব্যবস্থা
করেন. তাহলে আমার মনে হয় সরকারের যে খাদ্য নীতি, তা ঠিকভাবে পরিচালিত হবে। এই
বাবন্থা যদি তাঁরা না করতে পারেন, তাহলে সেখানে চালের ঘাটতি সব সময়ই থাকবে, এবং তা
নিয়ে স্কারকম অস্বিধা দেখা দেবে। আশাকরি সরকার এ দিকে বিশেষ দ্ভিট দেবেন। এই
■য়েকটি কথা বলে, আমি আমার বছব্য এখানে শেষ কর্যছি।

Shri Abdullah Rasul:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেট সম্বন্ধে বিস্তৃত আলোচনা করবার সময় নেই। আমি বল একটা বিষয় নিয়ে আলোচনা করবো। মাননীয় অর্থ মন্দ্রী বিধান সভায় বাজেট সম্বন্ধে ভাষণ দিয়েছিলেন তার একটি কথা আমি উম্পৃত করে বলছি। বাংলায় লিখিত বিবৃত্তির এর প্ষ্ঠায় আছে এটা বিধান সভায় প্রদন্ত, বিধান পরিষদে নয়। "আমাদের ভবিষ্যুৎ বিয়ন কার্যে অর্থ সংস্থান মুখ্য সমস্যা নাও হইতে পারে। ভিতরে ও বাহিরে উভয় সূত্র তে পর্যাপত মূলধন আসিতে পারে। গণতান্দ্রিক সমাজতন্দ্রের কাঠামোর মধ্যে দ্রুত উম্ময়নের মাজন সিম্প করিবার উপযোগী করিয়া আমাদের বৈষয়িক ও অর্থানীতিক নীতি নির্ধারিত বে। উৎপাদন বৃন্ধির উপর জার দেওয়া কর্তব্য এই স্বপ্রকাশ সত্যের বর্তমানে বিরম্ভিকর বি প্রনরাবৃত্তি হওয়ার আশেৎকা দেখা দিয়াছে। আমার মনে হয়, অধিকতর মৌল বন্তু বিরে প্রতিই আমাদের মনোযোগ আকৃষ্ট হওয়া উচিত। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে

থে, কঠিন শ্রম ও উদ্যমের যে যথেণ্ট ও স্টোমর্পে বিভাজিত প্রস্কার প্রয়োজন এ কথা উত্তম-র্পে হৃদয়ংগম হয় নাই।" পরবর্তী প্তায় শেষের প্যারাগ্রাফে আছে। "আমাদের পরিকল্পনার লক্ষ্য রাস্তা নির্মাণ কিন্বা অধিকতর খাদ্যোৎপাদন অপেক্ষা অনেক বেশী। শৃথ্ অর্থানীতিক উন্নয়ন নয়, রাজনীতিক ও সামাজিক ন্যায়ের ব্যাপারে জনগণের বর্তমান প্রত্যাশা ও চাহিদা প্রেণের উদ্দেশ্যে সরকার সর্বতোপায়ে চেন্টিত।"

আমি এই বিষয়ে বলতে চাই। গণতান্দ্রিক সমাজতন্দ্র নীতি হিসাবে কংগ্রেস বর্তমানে প্রহণ করেছেন। আমি মনে করি এটা একটা মত বা সিম্পান্ত তারা করেছেন যাকে কার্যকরী করার উদ্দেশ্য তাদের আছে বলে আমার মনে হয় না। এই বাজেট গণতান্দ্রিক ও নয় সমাজতান্দ্রিক ও নয়। আমি করেকটা বিষয় থেকে যেটা দেখাবার চেন্টা করব। তৃতীয় পরিকল্পনাতে এক্ষ্বনি বোঝা যাচ্ছে, এখন তিন বছর শেষ হয়নি তার মধ্যেই বোঝা যাচ্ছে যে সে পরিকল্পনা বার্থ হয়েছে। যেমন তার মধ্যে জাতীয় আয়ের প্রশ্ন আছে। জাতীয় আয় বছরে শতকরা ৫ ভাগ করে বাড়বে এই সিম্পান্ত ছিল—এই ভাবে পরিকল্পনা তৈরী হয়েছিল। কিন্তু দেখা গেছে শতকরা ২॥ ভাগের বেশী বার্ডেনি গত দ্বেই বছরে। তার মানে অম্পের্ব কলক্ষ্য প্রেণ হল না। উৎপাদন সম্বন্ধে যদি দেখা যায় শিলেপর উৎপাদন বছরে শতকরা ১১ ভাগ করে বাড়বে কথা ছিল কিন্তু এক বছরে বেড়েছে শতকরা ৬॥ ভাগ, পরের বছরে শতকরা ৮ ভাগ। এখানেও পরিকল্পনা বার্থ হয়েছে। কৃষির উৎপাদন সম্পর্কেও এটাই দেখা যাচ্ছে।

আমি তিন বছরের উৎপাদন সম্পর্কে বাংলাদেশে যা হয়েছে তার হিসাব এই সরকারী তথ্য থেকে দিচ্ছি ১৯৬০-৬১, ৬১-৬২, ৬২-৬৩। তাতে ৪৯-৫০কে যদি ১০০ ধরা হয় তাহলে ১৩১-৮৩ হয়েছে ৬০-৬১তে। পরের বছরে ১৩০-১ অর্থাৎ ১.৩ শতাংশ কমেছে। তার পরের বছরে ৬২-৬৩তে ১২১-০৬ অর্থাৎ ৬-৯ শতাংশ কম। এইভাবে তিন বছর পর পর কমে গেছে। চালের হিসাবে যে উৎপাদন হয়েছে তাতে দেখা যাচ্ছে এই তিন বছরে—১৩৩-৬৫, ১১৭-৮৩ তার থেকে আবার কমে গিয়ে ১০৮-০৮। অর্থাৎ ৬০-৬১ সালে ৫৯ লক্ষ ৩৬ হাজার টন হয়েছে। পরের বছরে ৫২ লক্ষ ৮৫ হাজার টন তার পরের বছরে ৪৮ লক্ষ ৬৯ হাজার টন হয়েছে। উৎপাদন শ্ব্র্ব্বাংলা দেশেই কমেছে তা নয়, গোটা ভারতবর্ষে এই অবস্থা দেখা যাচ্ছে। সারা ভারতবর্ষে যেটা হয়েছিল ৩ বছরে যেটা ভারতবর্ষে এই অবস্থা দেখা যাচ্ছে। সারা ভারতবর্ষে যেটা হয়েছিল ৩ বছরে যেটা ৭৭-৫ মিলিয়ন টন হয়েছিল কিন্তু সেই জায়গাতে পরে দেখা গেল সেটা কমে গিয়ে এমন অবস্থায় দাাড্রিয়েছে যে ৮০ মিলিয়ন টন বর্তমানে হওয়া কঠিন। এবং আগামী দ্ই বছরে স্প্যানের যে লক্ষ্য আছে ১০০ মিলিয়ন টন, সে জায়গায় ৮০ থেকে খ্ব বেশী যদি যায় তো ৯০ পর্ষন্ত হতে পারে কিন্তু স্ব্যানের যে লক্ষ্য তা পূর্ণে হবে না। স্ল্যানিং কমিশনে স্ব্যানিং মন্টা যিনি আছেন ভারত সরকারের মিণ্টার আর, বি, ভগত। তিনি গত ২০ তারিথে রাজ্য সভায় বলেছেন

Another year of stagnant agriculture and relative shortage of food, another year setback during 1962-63.

এই অবস্থা আজকে দাঁ ড়িয়েছে। অবশ্য তিনি বলেছেন যে পরিকলপনার আউট লে বা থরচের বাবস্থা অনেক করা হচ্ছে। কিন্তু পরিকলপনার আউট লে হওয়ার চেয়ে আউটপ্টটা যদি ভাল হয় তাহলে সেটাই কাজে লাগে। সেই জিনিষটা হওয়ার সম্ভবনা কম দেখছি। ইতিমধ্যে দেখা যাছে ভারত সরকার আরও খাদ্য শস্য বিদেশ থেকে আমদানী করবার জন্য পি এল ৪৮০ অনুসারে যে চুক্তি হয়েছিল কয়েক বছর পূর্বে সেই চুক্তিকে আরও এক বছরের জন্য বাড়াবার উন্দেশে আমেরিকান সরকারের কাছে দরখাস্ত করেছেন। এই অবস্থার আর ঘটবে না, এই এগিমেন্ট-এর মেয়াদ আর বাড়াবার প্রয়োজন হবে না প্রাক্তন খাদ্যমন্দ্রী পাতিল সাহেব পর্বে আমাদের অনেকবার জানিয়েছিলেন। কিন্তু এখন দেখা গেল আন্বাস মিথ্যা প্রমাণিত হল। স্কৃতরং পরিকল্পনা এইভাবে কার্যকরী হচ্ছে।

ইতিমধ্যে আরও দেখছি কি যে খাদোর উৎপাদনের অবস্থা শ্ব্য খারাপ তাই নয় খাদ্য ম্ল্য সম্বন্ধে যে একটা সংকটজনক পরিস্থিতি কয়েক মাস প্রের্ব হয়েছিল তা সকলেই জানেন। এবং এখন সেই পরিস্থিতির যে একটা খ্র উন্নতি হয়েছে তা নয়। সবে ফসল উঠেছে তথাপি প্রাভাবিক অবস্থার চেয়ে দর অনেক বেশী। তা ছাড়া জার একটা জিনিস এর সংগে সংগে

[4-50—5 p.m.]

ররেছে—অক্টোবর, নভেম্বর মাসে গম ফসল উঠেছ। কিম্কু আজকে দেখা যাচ্ছে পাঞ্জাব, দিল্লী, উত্তর প্রদেশ এইসব জারগায় গমের দর অত্যধিক বেড়ে গেছে। বেড়েছে কি পরিমাণে তারও ছিসাব পার্লামেন্ট থেকে পাওয়া যাচ্ছে যে গত বছরে যেখানে এক কুইনটলের দাম ছিল ৪২ টাকা, এবারে সেই এক কুইনটলের দর উঠেছে ৬০ টাকায়। এই যদি অংস্থা হয় তাহলে কিভাবে যে খাদ্যের উৎপাদন বাড়িয়ে দেশের লোকের খাদ্য সংকট দ্রে করা হবে এই পরিকল্পনা অনুসারে তা আমি ভেবে পাচ্ছি না।

এই সংগে একটা কথা বলা যেতে পারে যে বিদেশী গমের স্টক গভর্ণমেন্টের হাতে খুব বেশী আছে। সেজনা তাঁরা দ্রুত যেখানে দর বেড়েছে সেই জায়গায় তা পাঠিয়ে দিয়ে দর নামাবার চেণ্টা করছেন। কিন্তু চালের সংকট যেখানে হয় সেখানে তাঁরা সেটা করতে পারেন না যেমন o 18 মাস পূর্বে আমরা এখানে পশ্চিমবংগে দেখেছি। এটা যে হতে পারে না তার কারণ হচ্ছে গভর্ণমেন্ট নিজের হাতে খাদোর পাইকারী ব্যবসা রাখছেন না। তা না রাখার একটা বিষময় ফল হচ্ছে যেটা পশ্চিমবাংলায় দেখেছি--গড়ে যদি ধরা যায় যে ৪২ লক্ষ টন খাদ্য উৎপা**র হয়** टारटल তात है ज्ञश्म, ज्ञान्नारक 58 लक्ष **देन ध्रतान वाकारत या**त्र । তात **मर्स्य 8 लक्ष** देन कृषकता ^দনিজেরা সরাসরি বাজারে বিক্রি করে, বাকি যে ১০ লক্ষ টন সেটা ব্যবসাদারদের মারফত সরাসরি বিক্তি হয় এবং ব্যবসায়ীরা যদি গড়ে ৫ টাকা করে মনে অতিরিক্ত মনোফা করে তাহলে এই ১০ লক্ষ টন বা প্রায় ২৭০ লক্ষ মনে ১৩॥ কোটি টাকা অতিরিক্ত মনোফা দাঁডায় এবং এই ১৩॥ কোটি টাকা কয়েকজন স্পেকুলেটরের হাতে যাচ্ছে গভর্ণমেন্ট পাচ্ছে না, যারা কনজিউমার তারা পাচ্ছে না, যারা গ্রোয়ার তারা পাচ্ছে না। এবং সেই ১৩॥ কোটি টাকা পরে কি হবে? না, আশার স্পেকুলেটিভ বাবসার মধ্যে নিয়োজিত হবে। এই বাবস্থাটা গভর্ণমেণ্টের একটা নীতির বিষয়। সেজনা আমি বিশেষভাবে এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দূণ্টি আকর্ষণ করছি এই ^{বাবেহ}থা কর্তাদন চলতে দেওয়া হবে? এই ব্যবস্থা যদি চলতে দেওয়া হয় তাহলে তার **স্বারা** কারা ক্ষতিগ্রস্ত হচ্ছে? না. সমগ্র জনসাধারণ তার শ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছে; আর মুণ্টিমেয় ^{বাবসাদার} তার **স**ূযোগ পাচ্ছে।

ারপর আছে বেকার সমস্যা। বেকার সমস্যা সম্বন্ধে বলবার বিশেষ কিছু নেই, কেবলমার একট্থানি উল্লেখ করে দিচ্ছি সেনসাস রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে শ্রমিকের সংখ্যা পশ্চিম-বাংলার জনসংখ্যার শতকরা ৩৪ ও ছিল, কিল্ড সেটা কমে শতকরা ৩৩ ২তে দাঁড়িয়েছে। তার মানে শ্রমিকের অনুপাত কমেছে। ইকনমিক রিভিউ এর মধ্যে বলা হয়েছে যে আমাদের এখানে বেকার সমস্যা "এ্যাকিউট" হয়ে উঠেছে। এর মধ্যে আবার একটা বিষয় আছে—এই যে শতকরা ৩০ ২ এর মধ্যে শতকরা ১৭ ৮ হচ্ছে কৃষি মজ্র, ক্ষেত মজ্বর এবং এই ক্ষেত মজ্বরের সংখ্যা বেড়েছে। তার মানে ভূমিহীনের সংখ্যা বেড়েছে। কোন নীতি অনুসারে ভূমিহীন সংখ্যা বেড়েছে সেটা আমাকে বিস্তৃত ব্যাখ্যা করার প্রয়োজন হবে না, এই জিনিসটা সকলেই ধরে নিতে পারেন। তাহলে দাঁড়াছে এই যে জমিহীন এবং বেকার সমস্যা এখানে যা রয়েছে সেই সমস্যা নীতিগতভাবে যেভাবে, গভর্ণমেন্টের সমাধান করা উচিত ছিল তা তাঁরা করতে চেণ্টা করেন নি। আরও দেখা যায় যে যাঁরা কাজ পেতে চান, এমস্বায়মেন্ট এক্সচেঞ্জে যাঁদের নাম রেজিন্ট্র করা হয়েছে ভাদের সংখ্যা ১৯৬১ সালে যেখানে ছিল ৩ লক্ষ ২৮ হাজার সেখানে ১৯৬২ সালে দেখা যাছে ৪ লক্ষ ৩৯ হাজার এবং এদের মধ্যে শিক্ষিত বেকারে সংখ্যা ৮০ হাজার থেকে ১ কক্ষ্ ১০ হাজারে উঠেছে। সারা ভারতবর্ষের ক্ষেত্রে এই বেকার সংখ্যা দিবতীয় পরিকল্পনা থেকে দেখতে পাচ্ছি যে ৩৫ লক্ষ থেকে বাড়তে বাড়তে এই পরিকল্পনা শেষ হবার সময়ে ১ কোটি

২০ লক্ষে উঠে যাবার ব্যবস্থাই করা হয়েছে এবং সেটা পরিকল্পনা ব্যবস্থার মধ্যে লিপিবন্দ্র আছে। তাহলে এই যে পরিস্থিতি দেখা যাচ্ছে এই পরিস্থিতির মধ্যে দ্বভোগটা ভূগছে কারা? ভূগছে সাধারণ মান্য। ১৩ বছর ধরে পরিকল্পিত অর্থ ব্যবস্থা চলার পরেও সাধারণ মান্য, কুহত শ্রমিক, মধ্যবিত্ত, কর্মচারী এই সমস্ত স্তরের মান্য আজকে এই দ্বভোগ ভূগছে।

স্তরাং কংগ্রেসের যে গণতান্তিক সমাজতন্ত সেটা কিভাবে একটা অপ্রে দৃশ্য স্ভিকরেছে এ দেশের মধ্যে তার পরিচয় আমরা এই পরিকলপনা থেকে পাচ্ছি। বাজেটের মধ্যে এই পশ্কিলপনার গ্রণান অনেক বেশী করা হয়েছে। আমরা কিন্তু বাদতবে দেখছি পরিস্থিতি সম্পূর্ণ ভিয়র্প। দেশের গরিবদের জন্য এ পর্যন্ত সরকার প্রতিশ্রুতিবন্ধ রয়ছেন যে এদের জন্য সবচেয়ে ভাল ব্যবস্থা করা হবে যাতে সর্বনিন্দ পরিমাণে জীবিকায় সংস্থান তাদের করে দেয়া হয়়। কিন্তু সেটা তো হয়নি, বরং অধ্যাপক মহলানিবশ যা লিখেছেন তার থেকে দেখা যায় য়ে পরিকলপনার ফলে আমাদের দেশে সর্বনিন্দ অর্থনৈতিক স্তরের শতকরা ১০ জন মানুষের অবস্থা উন্নত না হয়ে প্রের্ব যা ছিল তার থেকে অবনতি হয়েছে, আরো খারাপ হয়েছে। তাহলে আমাদের সরকার আমাদের সংবিধান অনুসারে কি ব্যবস্থা করলেন দেশের এই সমস্ত মানুষের জন্য ? যেখানে আমাদের অবস্থা উন্নত হল না, অবনত হল সেখানে দেখতে পাচ্ছি তারই পাশাপোশি মান্র ৬টা পরিবারের হাতে ১৪ শত কোটি টাকার কন্টোলও রয়েছে জাতীয় সম্পদের। এই দ্টো দৃশা পরস্পর বিরোধী এবং এর থেকে ব্রুরতে পারা যায় কোন্ নীতি অনুসারে ভারত গভর্গ মন্ট এবং পশ্চিমবর্গ সরকার চলছেন। তারা মনোপলিণ্টদের তোয়াজ করার নীতি নিয়েছেন, বাবসায়ীদের ফ্রিয়ে ফ্রিপিয়ে ঢোল করছেন, এদিকে জনসাধারণ না খেয়ে মরে যাচেছ। এটা সত্যন্ত স্পানির ইংগিত বহণ করে যাচেছ। এর থেকে হ্রিসয়ার হওয়া দরকার আছে।

সেদিক থেকে আমি গভর্ণমেন্টের দ্নিট আকর্ষণ করছি তারা যেন হ্রিসয়ার হন এবং অবস্থার উন্নতি যদি করতে হয়, উৎপাদন বাড়াতে হলে শ্ব্রু শিল্পের নয়, কৃষিরও উৎপাদন বাড়ানোর প্রয়োজন রয়েছে তার জন্য প্রয়োজন হচ্ছে অবিলন্দের প্রকৃত ভূমি সংস্কার করা এবং কৃষির দিকে যে সমসত স্বযোগ স্ববিধা ইরিগেসন. ফার্টিলাইজার সাংলাই, চিপ এবং ইজি ক্রেডিট, ভাল বীজ আর কো-অপারেটিভ প্রাইস—এগ্র্লির ব্যবস্থা করে দেয়া স্বকর। এগ্রিল যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত অবস্থার কোন উন্নতি হবে এ রক্ম আশা আমরা করতে পার্বাছ না এবং গভর্গমেন্ট যে হ্রিয়য়ারিটি গ্রহণ করবেন সে বিবয়ে আমি খ্বু নিশ্চিত নই, তবে করলে ভাল হয়। মিলিত যে হতে পারছেনা তার কারণ তারা শোষক গ্রেণীদেরই তরফদারী করে থাকেন এবং যারা শোষিত তাদের স্বার্থের বিরোধিতা করে থাকেন এবং শোষকদের শত্তিকে বাড়িরে তুলে তারা নীতিগতভাবে কাজে পরিণত করছেন এই নম্না দেখতে পাছি।

মূল্য নাঁতি সম্বন্ধেও সেই কথা এমন কোন নাঁতি তারা নেন নি যাতে খাদ্যের মূল্য শসোর মূল্য এবং শিল্পজাত যে সমসত প্ররোজনীয় জিনিস মানুষ কিনে থাকে সেই সমসত জিনসের মূল্যের সমতা রক্ষার ব্যবস্থা করতে পারেন। এই কাজ যতক্ষণ না করছেন ততক্ষণ পর্যন্ত অবস্থার উন্নতি সূদ্রে পরাহত বলে আমি মনে করি। আমি সমাজতলের কথা এখানে বলাও চাই না, কারণ সমাজতলের বহু দ্রের বিষয়। কংগ্রেস যেভাবে বলছেন তাঁরা বলুন কিন্তু আমি মনে করি যে কংগ্রেসের এই যে গণতালিক সমাজতলের কথা বলে থাকেন এই কথা হয় তাঁরা নিজেরা গণতলের অর্থ বুঝেন না বলে বলছেন অথবা তাঁরা জেনেশ্বনে জনসাধারণকে বিভ্রান্ত এবং প্রতারিত করবার জন্য বলছেন। সেদিক থেকে আমি সমাজতলের কথা আনতে পাজি না। কিন্তু গণতন্দ্র সম্বন্ধে আনতত গাঁজি না। কিন্তু গণতন্দ্র সম্বন্ধে আনতত গাঁজি না। কিন্তু গণতন্দ্র সম্বন্ধে আনততে তাঁরা যদি একট্ব সচেতন হন, একট্ব চেন্টা করেন তাহলে হয়ত কছে কাজ তাঁরা করতে পারেন। সেদিক থেকে আমি যে প্রস্থাব তাদের কাছে করেছি সেই প্রস্তাব বাদি তাঁরা গ্রহণ করেন তাহলে আমি মনে করি অন্ততঃ এত বিলন্ধে হলেও প্রথম ধার্ণে কতকটা গণতন্দের দিকে যেতে পারি এই আমার ধারণা এবং সেকথা তাঁরা বিশেষভাবে বির্বেচনা করনে এই আমার অন্যরোধ।

Deputation of teachers, clerks and librarians

[5-5-10 p.m.]

Shri Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধামে শিক্ষামন্দ্রীকৈ জানাচ্ছি যে শিক্ষক, করণিক, গ্রন্থাকারিক এবং অধস্তন কমীদের গণপ্রতিনিধিদল এথানে এসে পেণীছেছেন, প্রালশ তাঁদের পথরোধ করে রেথেছে। আমি শিক্ষামন্দ্রীকে অন্রেয়ধ করিছ যে তাঁদের কাছ থেকে স্মারকলিপি গ্রহণ কর্ন এবং ততক্ষণ হাউসের কাজটা য়াডজার্ন থাকক। তাঁদের প্রতিনিধিদের সংগে তিনি এ সম্পর্কে মীমাংসার জন্য কখন আলোচনা করবেন এ সম্বন্ধে তাঁর বস্তুব্য বল্লা। া বিশাসন লয় থেকে আচার্যরা অপেক্ষা করে আছেন এবং প্রালশ তাঁদের পথরোধ করে দাঁড়িয়েছে। আমি শিক্ষামন্দ্রীকে অনুরোধ করবো তিনি কিছু বল্লা।

স্যার, আর্পনি কিছুক্ষণের জন্য হাউস এ্যাডজর্ন করে দিন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি সেটা বিবেচনা করতে পারি। কিন্তু যতক্ষণ পর্যন্ত স্মারকলিপিটা না পড়ছি, ততক্ষণ পর্যন্ত আলে'চা বিষয়টা কি হতে পারে, তা আমি ব্রুখতে পারছি না। যদি আলোচ্য বিষয় এই হয়, আজকে বঙ্কুতায় যা শ্নলাম,—এইগন্লি যদি আলোচ্য বিষয় হয়, তাহলে তার উত্তর আমি এখানে দেবো, সকলেই শ্নতে পাবেন, এবং আমি পরে তাঁদের সকলকে জানিয়ে দৈবো।

Shri Jatin Chakravorty:

আপনার আয়, ত শেষ হয়ে এলো। সেই জন্য বলছি যাবার আগে, আপনি একটা ভাল কাজের নজির রেখে যান, চিরকাল আপনার নাম থাকবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মশাই আমার নাম থাকার কোন প্রয়োজন আমি মনে করি না। দরকার নেই মশাই. আমার নাম থাকবার। আমি নামের ভিখারী নই। আমি যা বলছি, জন্মার কথাটা শ্বন্ন। আমি বলছি এই তাঁরা যদি স্মারকলিপি দেন, তাহলে নিশ্চয় আমি তা গ্রহণ করবো, এবং সেটা বিবেচনা করেবো।

(Noise & disturbances.)

শ্ন্ন। আজকে এখানে যে ভাবের বক্তৃতা শ্নলাম. এই যদি স্মারকলিপির আলোচ্য বিষয় হয়, তাহলে সে আলোচনা ত আমি এখানে সকলের সামনেই করতে পারবো। সে সমস্যাও আলোচনার কোন দিন মাটবে না। আপনি শ্নে নিন, আমি যে কথা বলছি। আপনাদের স্মারক-লিপিটা দিন, আমি এ সম্বন্ধে নিশ্চয় বিবেচনা করবো। আমি যে বক্তৃতা এইমাত্র এখানে শ্নলাম, এই বক্তৃতার কথাই যদি স্মারকলিপির বিষয় হয়, তাহলে আমার ভাষণে আমি সকলকে জানিয়ে দেবো, এই কাউন্সিলের সকলেই জানতে পারবেন আমার জব্বটা কি? নতুবা, উনি আজকে যে সব কথা বললেন, এ কথার ভিত্তিতে আমি মনে করি, তাঁর অনেক কথা, প্রকৃত সত্য কথা নয়। প্রকৃত মানে, এই নয়, যেমন উনি বলে ছন—বিধানবাব্ এই সব কথা বলে গিয়েছেন

(Noise & interruptions.)

আমার কথাটা শুনে নিন। ১৯৬১ সালে তিনি যা বলেছিলেন,—১৯৬২ সালের বাজেট তাঁর আমলেই তৈরী হর্মোছল, এবং শিক্ষকদের বেতন বৃদ্ধি কি হতে পরে, বা না হতে পারে, তাঁর প্রতিপ্রতি অনুসারে, তিনি তাই এ্যাপ্রত্ত করে গিয়েছিলেন। অতএব উনি যা বলেছেন ডাঃ র'য়ের প্রতিশ্রতি সম্বন্ধে, আমরা তা জানি এবং তাঁর প্রতিশ্রত্তি অন রেকর্ড আছে। তিনি যা বলে গিয়েছিলেন, আমরা সেইভাবেই কাজ করছি। সে কথা বিস্তৃত ব্যাপান, আমি পরে বলছি। আজকে বক্তুতা প্রসঞ্জে যে সমস্ত কথা বলা হয়েছে, তার অনেক কথা অপ্রকৃত। এর কোন কথা আলোচনায় মিটবে না। আলোচনায় কেবল হবে এই— আমাদের দাবী এই, আপনাদের মানতেই হবে। এ ছাড়া কোন আলোচনা নেই। উনি ষে সমুহত কথা বলেছেন, সেই সমুহত কথার যদি আলোচনা করতে হয়, তাহলে আমার ভাষণে, সর্বসমক্ষে আমি তার জবাব দেবো, এবং তা আপনারা সবাই শুনতে পাবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার আবেদন হচ্ছে প্রতিনিধি দল ডেপ্টেসনে আপনার কাছে এসেছে, আপনি তাদের এখানে মিট করে, তাদের কথা শনেবেন কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমাকে প্রেট করবেন না। আজকে এখানে যে ধরণের বস্তুতা হল. তাতে আণ্ডার প্রেএট, আমি কোন আলোচনা করতে রাজী নই। আমি বলছি, এ সম্ব্রুখ আমার যা বস্তব্য তা আমি আমার ভাষণে সর্বসমক্ষে বলবো, আপনারা সকলে শ্নুনতে পাবেন। তাদের যে স্মারকলিপি আমি তা গ্রহণ করতে রাজী আছি, এবং সেটা বিবেচনা করে তার যে জবাব. তা আমরা দিতে রাজী আছি। তবে, এখানে বস্তুতার ভাষণে আপনারা যা বলেছেন, সেইগ্র্লিই যদি স্মারকলিপির আলোচ্য বিষয় হয়, তাহলে তার উত্তর আমি সর্বসমক্ষে দেবো, সকলেই শ্নুনতে পাবেন।

Shri Satya Priya Roy:

আপনি এখন প্রতিনিধিদের স্মারকলিপি গ্রহণ করছেন কিনা, এবং তারিখ ঠিক করে দিচ্ছেন কিনা, যে প্রতিনিধিদের সঙ্গো কবে আলাপ, আলোচনা করবেন ? এরজন্য একটা দিন ঠিক করে দিন, নতুবা আলোচনা আর হবে না, এই কথাই বলে দিন। ডেপ্টের্নান্ট-দের কবে উনি রিসিভ করছেন, সেটা পরিষ্কার করে উনি বলে দিন, মেমোরা ডাম ও'রা নিয়ে আস-বেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

দেখন আমি ত ব'লছি ওঁদের স্মারকলিপি না দেখে, না পড়ে আমি কিছ, বলতে পারবো না।

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস)

আমার কথা হচ্ছে স্মারকলিপি গ্রহণ করতে আমরা রাজী আছি, এবং আলোচ্য বিষয়টা কি, সেটা বুঝে তবে ত উত্তর দেব? আমি আলোচ্য বিষয়টা কি সেটা বুঝে আমি আলোচনা করতে পারি।

Shri Satya Priya Roy:

স্যার, ও'নার সঙ্গে এডভান্স কপি পাঠিয়েছি, তাঁর দণ্ডরে সেটা আছে। এখন তিনি বলছেন যে আমি কিছু জানি না।

Shri Jatin Chakravorty:

স্যার, আমি বলছি যে আলোচনার বিষয়বস্তু উনি জানেন—এই জন্য বলছি যে আমাদের পরলোকগত মুখামন্ত্রীর কাছে আমরাও কয়েকজন তাঁর কাছে গিয়েছিলাম যারা শিক্ষক নই, আমরা
সেখানে গিয়েছিলাম তিনি আমাদের কাছে কতকগ্নিল প্রতিপ্রতি দিয়েছিলেন, সেই সমর
সংবাদপত্রেও বেরিয়েছে এবং এই নিয়ে বহু আলোচনা হয়েছে; সেই সম্পর্কে এবং খুব ঠাণ্ডা
মাধায় —কারণ এখানে যখন বাদান্বাদ হয় তখন হয় ত কিছুটা উত্তাপের স্ঘিট হয় কিন্তু যারা
আপনার সপ্তো দেখা করতে আসবে—শনিবার দিন আমাদের হাউস বন্ধ আছে, আপনি শনিবার
দিন যদি অন্গ্রহ করে এখানে আসেন আপনাকে এডভান্স কপি পাঠিয়েছি; আজকেও একটা
কপি দেওয়া হবে, সেই ভিত্তিতে আলোচনা করতে—আপনি তো কোন দিন এই রকম, আপনি
তো গ্রাণমন্ত্রীর মত হদেয়হীন নন্।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি বর্লাছ আজকে পমারকলিপিটা পেলে, আমি সেটা আলোচনা করে দেখব বিবেচনা করে দেখব, যদি দেখি তাতে যে বাস্তবিকই তাতে কোন বিষয় এমন আছে যা ফারদার আলোচনা করা প্রয়োজন তখন নিশ্চয়ই আমি সময় দেব, আলোচনা করব, কিন্তু আজকে যে বস্তুতাটা হল তার আপ্ডার প্রেট কোন আলোচনা করতে আমি রাজী নই।

Shri Satya Priya Roy:

উনি স্যার, আমাদের সংখ্য একটা দিন ঠিক করে দেবেন কিনা যে কবে প্রতিনিধিদের সংখ্য আলোচনা করবেন? স্যার, একজন এডুকেশান মিনিন্টার সমস্ত শিক্ষক সম্প্রদারের পক্ষ থেকে ৫টা চিঠি গত ৫ মাসে দেওয়া হয়েছে। আজ পর্যন্ত উনি মনস্থির করতে পারেন নি। আজকে সকলে এসেছেন।

Shri Jatin Chakravorty:

স্যার, আমি যখন ওনার কাছে কিছ্ব নিবেদন করি তখন আপনি সেটা প্রেট হিসাবে নেন না— এরা কবলে আপনাদের একট্ব এলার্রাজ আছে কিছ্বটা সাবক্তেকটিভ আপনাদের আছে, আপনি থেট বলে ধরে নেন, সেটা না করে........

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনি কি বলছেন-কথাগুলি কথা নয় সেগুলি এলার্রাজ? ভাষণগুলি কি ভাষণ নয়?

Shri Jatin Chakravorty:

আপনি কি শ্ব্ধ্ন মূথের কথাই শ্নেছেন অল্তরের কথা শোনেন নি! এটা একট্ন ভেবে নিন না কেন একটা ডেট টেল্টালিভলি শনিবার।

Shri Rabindralal Sinha: On a point of order, Sir, what are we discussing now? Is it the general discussion of the budget?

Mr. Chairman: The Minister has said that he will receive the memorandum. He will see that and then decide.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমাব যা বলবার তা আগেই বলেছি অ'র বেশী কিছু বলতে চাই না।

Mr. Chairman: As far as I understand it, he will first have a look at the paper which will be presented to him and then he will decide whether he will meet the deputation or not. We carry on the work of the House.

(Noise and interruptions.)

Shri Satva Priva Rov:

সারে ডেপটেসান-এর কাছে কি বলব, তাহলে যে উনি তাদের রিসিভ করবেন না।

Shri Narendra Nath Das:

একটা ডেট দিয়ে দিন না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

^{আমাব} যা বলবার ছিল আমি পরিস্কার বলেছি, সভাপতি মহাশয় ব্রুবতে পেরেছেন আমার অপর কিছু বলবার নাই।

Shri Jatin Chakravorty:

তাহ:ল ঐ শনিবার টেনটেটিভলি ডেট থাকলে পরে ফ:ইনাল জ্বানাবেন। এই তো ঠিক থাকল? $[5-10-5-20]{
m p.m.}$

Shri Satya Priya Roy:

সারে আপনার তো নাম বলছেন যে আপনা নাকি খ্ব ব্ঝে গেছেন।

Mr. Chairman: He is not giving any tentative date now. What he has definitely said is that he will first have a look at the memorandum which will be presented to him and then he will decide upon whether he would give any date to meet the deputationists or not. Is that so?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : ইয়েস।

Shri Jatin Chakravorty:

হরেনবাব কে আমরা জানতাম ডেমোক্র্যাটিক বলে। কিন্তু যদি এইরকম হয় তাহলে আমর্য তাঁকে ব্রুঝব আনডেমোক্র্যাটিক।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আর্পান একাধিকবার তো বলেছেন যে এই মিনিন্দ্রির চলে যাওয়া উচিত।

Shri Jatin Chakravorty:

আপনাকে বলিনি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

হোল মিনিন্টিকে বলেছেন, বাকি রেখেছেন কি?

(নয়েজ এাতে ইন্টারাপসনস্)

Mr. Chairman: The Hon'ble Minister is not agreeable to give you a date now. That's all that I can say.

Now, I call upon the next speaker. I cannot do anything more than that.

Shri Satya Priya Roy:

তাহলে স্যার, অ'লোচনার আইনান করবেন না এই আংবেদন আপনার কাছে করছি। আমরা এদিক থেকে সকলে মিলে ও'র কাছে যে আবেদন করেছি তার উত্তরে উনি কি কিছু বলতে পার-বেন না? এটা তাহলে গণতক্য হয় না স্যার।

Mr. Chairman: In that case I shall take the consensus of the House. I have got to proceed in accordance with certain rules and procedures.

Shri Jatin Chakravorty:

আপনি কনসেন্স স অব দি হাউস নিন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের দাবি তো ও'র কাছে......

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস্)

Shri Satya Priya Roy:

স্যার, আমরা তে' বলছি যে উনি আলোচনা কর্ন। ৭ মাস ধরে যেটা পাঠিয়েছি সেটার তো উত্তর দেন নি। আজকে গণ প্রতিনিধি দল ওখানে দাঁড়িয়ে আছে। উনি যদি ওখানে না বান, ও'র কাছে আমানের যে আবেদন সেটা যদি সম্পূর্ণ বার্থ হয় তাহলে আমার মনে হয় সমস্ত অপোজিসানকে ইগনোর করে আপনি বিজনেস চালাতে পারেন না।

Mr. Chairman: But I can't help it.

Shri Satya Priya Roy: The Hon'ble Minister should be democratic and he may help us a lot.

The Hon'ble Rai Rarendra Nath Chaudhuri: I have definitely expressed my idea and I have nothing more to add to what I have already said in this respect.

Shri Narendra Nath Das:

ठारल এটা कि এই माँज़ास्क स्य छेनि आश्र এটা দেখবেন, দেখে পরে একটা ডেট দেবৈন

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

জামার কথা হচ্ছে সন্তোষবাব যে বস্তৃতা করেছেন তিনি যদি সে রকম বস্তৃতা না করতেন তাহলে কাঞ্চা থ থ সোজা হত। সন্তোষবাব যে বস্তৃতা করেছেন তাতে তিনি প্রেট দিয়েছেন। কাজেই আন্ডার প্রেট আমি কোন বিষয় আলোচনা করতে চাই না, তবে এখানে যা বস্তৃতা হয়েছে তার উত্তর আমি আপনাদের সমক্ষে দেব। দ্বিতীয় কথা, যে স্মারকলিপিটা দেয়া হবে সেটা আমি বিবেচনা করে দেখবো। আমি যদি দেখি সেটা সন্তোষবাব র কথারই প্রতিধন্নী তাহলে ডেট দিয়ে লাভ নেই। আর যদি দেখি স্মারকলিপির মধ্যে এমন কথা আছে যা বাস্তবিকই আমরা বিবেচনা করিনি এবং বিবেচ্য অথবা বিবেচনা করি নি তাহলে নিশ্চয়ই একটা ডেট দিয়ে আলোচনা করবো।

Shri Narendra Nath Das:

আমি যেটা ব্রেছেলাম উনি মেমারা ভামটা দেখবেন, দেখে একটা ভেট দেবেন।

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আমি যদি দেখি স্মারকলিপিটা যা এসেছে তাতে দেখা সাক্ষাৎ করে লাভ নেই—সন্তোষবাব্রর যে কথা তা যদি হয় তাহলে তার জবাব সকলকে শর্নায়েই এখানে দেব- তাহলে আলোচনা করে তো কোন জিনিস মিটবে না। আর যদি দেখি স্মারকলিপিটাই বিবেচ্য কথা আছে যা আমরা বিবেচনা করি নি তাহলে নিশ্চয়ই আলোচনা করবো।

Shri Narendra Nath Das:

র্জনি স্যার, সন্তোষবাব্র বাজেট বক্তৃতা আর মেমোরেন্ডামের বক্তবা এই দুটোর সংগে গ্রালিয়ে ফেলছেন কেন?

Shri Satya Priya Roy:

আমরা চেয়েছি আমাদের সংগে কবে আলোচনা করবেন তার একটা দিন উনি ঠিক করে দিন। শিক্ষক সম্প্রদায় যদি আসেন তাহলে তিনি একটা দিন ঠিক করবেন না? সাার, আমি আপনাকে অনুরোধ করবো যে এটার একটা কিছু না হওয়া পর্যন্ত আপনি একটা ধৈর্ন। আমি এখানে শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাতে চাই যে খ্ব সামানা আমাদের দাবী, আপনি ডেপ্টেসন মিট কর্ন। এমন কোন মন্ত্রী নেই যিনি ডেপ্টেসনা রিসিভ করেন না।

Shri Manoranjan Sen Gupta:

আমি মাননীয় শিক্ষামন্দ্রীর কাছে নিবেদন করছি —যখন একটা ডেপন্টেসন বাইরে থেকে এসেছে আপনার সংগে আলোচনা করার জন্য তখন তাঁদের প্রতিনিধিদের কথা শানতে আপনি কেন আপত্তি করছেন। এই রকম ভাবে যে ডেপন্টেসন এসেছে আমাদের যিনি মন্থ্যমন্দ্রী ছিলেন ডাঃ রায় বা বর্তমানে গ্রীপ্রফল্লচন্দ্র সেন তিনি এই রকম ডেপন্টেসন রিসিভ করেছেন। আমি আপনাকে রিকোয়েণ্ট করছি অন্ততঃ একটা তারিখ দিন।

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আমি বলছি স্মারকলিপিতে কি আছে তা আমি দেখতে চাই, তাতে বিবেচ্য বিষয় কি আছে তা দেখতে চাই—দেখে তারপরে আলোচনা করবো কি না সেটা ঠিক করবো।

8hri Satya Priya Roy:

আপনি কি আমাদের সংগে আলোচনাই করবেন না?

Hon'ble Rai Harendra Nath Chaudhury:

^{যদি} আলোচনা চাইতেন তাহলে সম্ভোষবাব্র স্পীচ এরকম হোত না।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমরা চিঠির পর চিঠি পাঠিয়েছি, একটা চিঠিও উনি য়্যাকনলেজ করেন নি. আর আজকে সন্তোষবাব্ দেখাছেন—

he had not the courtesy to acknowledge the letter.

[5-20-5-30 p.m.]

Mr. Chairman: I cannot help you. The work of the House must proceed.

Shri Santosh Kumar Bhattacharyya: No. Sir.

(Noise and interruptions)

(voices from the opposition Benches: We cannot participate in the discussion so long as the teachers are waiting on the streets).

(Noise)

Shri Jatin Chakravorty:

রায় হরেন্দ্রনাথ চৌধ্রী মহাশয়কে বলতেই হবে। উনি খ্র অগণতান্দ্রিকভাবে আমাদের প্রতি ব্যবহার করেছেন। সাার, আর্পান অন্ততঃ দশ মিনিটের জন্য হাউস য়্যাডজন করে দিন।

Mr. Chairman: Even if I adjourn the House for ten minutes, I don't think it will help any body.

Shri Satya Priya Roy:

স্যার, এইভাবে হাউস চলতে থাকলে অশোভন হবে। আপনি হাউস কিছ্কুক্ষণের জন্য য়্যাডজর্ম করে দিন।

Mr. Chairman: I don't think it is necessary for me to adjourn the House, like throwing oil on troubled waters, to bring back peace. The Minister is quite decided in his opinion that after having read the memorandum he would give a date and not before that. Is that your idea?

(এ ভয়েস—কবে ডেট দেবেন, সেটা উনি বল্বন।)

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি ত বলেছি আপনাদের বারন্বার, স্মারকলিপি যেটা পাবো, সেটা পড়ে, যদি দেখি যে তাতে বাস্তবিক এমন জিনিস আছে, যেটা আমরা বিবেচনা করি নি, তাহলে সেটা নিশ্চর আমবা বিবেচনা করবো।

(নয়েজ এ্যাণ্ড ইনটারাপসনস—কবে, সেই ডেটটা দিন!)

Mr. Chairman: What he says is this: He won't give a date right now.

Shri Satya Priya Roy:
স্যার, আমার বন্তবাটা একটা শানুনা। আমরা শাধ্য আলোচনার জন্য একটা ডেট চাছি।
আমাদের আলোচনার দাবীগানিল না শানুনা, তিনি কি করে বিচার করবেন?

Mr. Chairman: If he thinks fit, he will give a date.

(Noise and interruptions.)

Shri Mohammad Sayeed Mia:

স্যার, ও'রা সকলে কেন এক সঙ্গে চীংকার করছেন? মাননীয় মন্দ্রী মহাশয় ত পরিষ্কার করে বলেছেন যে স্মারকলিপি পড়ে বিবেচনা করে দেখবেন। যদি প্রতিনিধি দলের সঙ্গে আলো-চনা করা প্রয়োজন হয়,—তাহলে নিশ্চয় তিনি তার জন্য একটা তারিখ দেবেন। . Mr. Chairman: We have got to go on with our work. It is perfectly clear that the intention of the Education Minister is that he will first receive the memorandum and then he will decide. We have continued too long over this.

(Noise and interruptions)

Shri Jatin Chakravorty:

17.7

তাহলে কি করে হবে? তাহলে আমাদের বাদ দিয়ে ও'রা বন্ধতা করুন।

Mr. Chairman: I cannot help you.

Shri Satya Priya Roy:

একটা সামান্য জিনিসের জন্য ও'কে অনুরোধ করেছিলাম, উনি তা মানতে পারছেন না। আমরা এই হাউসে আর থাকতে পারছি না। আপনি হাউস এডজোরন করে দিন।

Mr. Chairman: I think then we have to take the sense of the House. Should we continue?

Voices from the Congress Benches: Yes, Sir, we continue.

Shri Tripurari Chakravarty:

মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমি বিশেষ আবেদন জানাচ্ছি। আমি সমস্ত জীবন শিক্ষকতা করেছি। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে ব্যক্তিগতভাবে অত্যন্ত শ্রুণ্ধা করি তা তিনি জানেন। আমিও জানি যে তিনি আমাকেও ভালবাসেন, স্নেহ করেন হয়তো আমার চরিত্রে বা ব্যক্তিছে কিছু গুণ দেখেছেন যার জন্য স্নেহ করেন বা আমায় ভালবাসেন। আমি আজ সমস্ত কথা শ্নলাম আমার এই বিরোধী পক্ষের বন্ধুদের কথা শ্নলাম, সব শ্নেন আমার মনে হচ্ছে, উনি এতাদন রাজনীতি করে এখন অবসর গ্রহণ করবেন—তাই যাবার প্রের্ব উইথ গুড়ে গ্রেস-এর মত মানুষ—কিছুতো কমিট করা হচ্ছে না। শৃধ্য একটা দিন উনি দিন শৃধ্য এইট্কু । আমি বিশেষভাবে আবার আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করিছ, এবং সমস্ত কথা চিন্তা করে আমি অনুরোধ করিছ, শান্তির জন্য সৌহাদের জন্য অনুরোধ করিছ, আবেদন জানাচিছ তিনি অনুগ্রহ করে আমাদের কথা শ্ননে।

Shri Biswanath Mukheriee:

র্ডীন যে কথা বোঝাচ্ছেন এতো সেই কথা আবার এলো—

Mr. Chairman: You are not to speak. It is for the Hon'ble Minister to speak.

Shri Tripurari Chakravarty:

আমার মনে হয় উনি বিবেচনা করে একটা দিন দিন এতে তো কোন সম্মানের হানি হয় না। বরং মর্য্যাদা রক্ষিত হয়। আমার মনে হয় তাহলে খবে ভাল হয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি যা বলেছি আর বেশী আমার কিছু বলবার নাই। আমিতো বলেছি যদি কিছু বিবেচনার থাকে যা বিবেচনা করা হয় নাই তা আমি নিশ্চয়ই বিবেচনা করবো। কিন্তু আমি আপনাকে পরিপ্রার বলছি ইন দি ব্যাক প্রাউণ্ড অফ দি ডিবেট যেটা স্টার্ট করেছে আজকে তাতে রয়েছে উইথ প্রেট। আমি সেইজন্য বলছি আপনাকে, যদি আমি আপনাদের বিচারক রেখে বলি যে এটা আমরা করেছি এবং এটা আমরা করতে পারিনি। এবং আমার কর্তব্য এখানে বলার কারণ এতির মিনিন্টার ইজ এ সারভেন্ট অফ দি হাউস। আপনাদের সকলকে শ্রনিয়ে দেব। এর পর আর কিছুই বলতে পারি না।

Shri Satya Priya Roy:

বেশতো আপনি যেটা বলতে চাইছেন সেটা প্রতিনিধিদের বলে দিবেন যে এর বেশী আমর করতে পারবো না।

Shri Tripurari Chakravarty:

ইংল্যাভের পার্লামেন্টারী প্রসিডিউরে আমি জানি মাননীয় শিক্ষামন্দ্রী যা বলছেন সে কথা ঠিক যে দেখা করতে হলে আগে একটা মেমোরান্ডাম দিতে হয়, সেই মেমোরান্ডাম পড়ে তার থেকে যে পয়েন্টস পাওয়া যায় তার উপর আলোচনা করা হয়। এখানে উনি বলছেন একটা কথা আমি শ্নলাম যেটা, যে তিনি জানেন না যে মেমোরান্ডাম-এ কি আছে এবং কি দাবী উপস্থাপিত হয়েছে। কিন্তু এ'রা সত্যপ্রিয়বাব, যায়া এ বি টি এ-এর প্রতিনিধি—তাঁয়া বলছেন যে আময়া একথা বয়াবরই বলে আসছি —খ্র একটা এক্সট্রাভাগান্ট ডিমান্ড বেশী কিছ্ব থাকবে না, বা এই কয়ের বছর যে সমসত দাবী করা হছে, সেই সমসত দাবীর কথাই থাকবে—অন্রোধের কথাই থাকবে, অস্ববিধার কথা থাকবে—তা এই নিয়ে যদি একট্ব আলোচনা করেন—নিগোসিয়েসান তো রেক ডাউন করে আইরীস হোম য়্ল কোয়েশ্চেন অতবড় ঘটনা—আর্পান তো জানেন মাননীয় শিক্ষামন্দ্রী যে কতবার লর্ড জর্জকে ডাকলেন—সেই ডাউনিং ফ্লীট-এর কনফারেন্দ কত ফেটফ্ল কনফারেন্স রেক ডাউন করেল। কংগ্রেসের সজে ব্টিশ গভর্ণমেন্ট কতবার আলোচনা হল, মহাত্মা গান্ধী কতবার গেছেন, সেথানে রেক ডাউন করেছে নিগোসিয়েসন—হল না আবার যুন্ধ আরম্ভ হল, লর্ড উইলিংডন-এর সপ্পে মহাত্মা গান্ধী ১৯৩২ এসে আবার আরম্ভ হল। যদি কিছ্ব না হয় শ্নবেন না—এতো বয়াবর হয়ে থাকে। তাতে কিছ্ব যায় আসেনা। আমি বলি দেখা করতে আপত্তি কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhury:

আপনি তো বলছেন এই কথাই যে কথা দিতে হবে যে কবে আপনি আলোচনা করবেন। আমার কথা হচ্ছে আমি আগে মেমোরাণ্ডাম পেতে চাই, এবং তাতে যদি দেখি যে বাস্তবিকই এমন কথা আছে যা আগে কোন দিন বিবেচনা করিনি—তখন আলোচনা করব। কিন্তু আমি যদি দেখি যে মেমোরাণ্ডাম-এ যে কথা আছে তা বারবার আলোচনা করা হয়েছে. যার উত্তর তারা পেয়েছেন বা আমরা তার উত্তর দিয়েছি, জবাব একাধিকবার দিয়েছি তাতে যদি দেখি যে আর নতুন কিছ্, আমাদের বলার নেই, তাহলে আলোচনা করার কোন প্রয়োজন দেখি না।

Shri Tripurari Chakravarty:

আপনি এই সেসন-এ বসবেন তো?

[5-30-5-40 p.m.]

দি জনারেবল রায় হরেন্দ্র নাথ চৌধ্রী: আমার কথা হচ্ছে আমি আগে মেমোরান্ডাম পেতে চাই। মেমোরান্ডাম যদি দেখি যে বাস্তবিক এমন কথা আছে যা আমরা বিবেচনা করিনি তাহলে সেটা দেখে নিশ্চয়ই সে স্বন্ধে আমরা আলোচনা করব। যদি দেখি যে মেমোরান্ডামে যে কথা আছে সেই কথা আমরা পূনঃ পূনঃ আলোচনা করেছি এবং সে স্বন্ধে পূনঃ পূনঃ জবাব তাঁরা পেয়েছেন বা আমরা একাধিকবার জবাব দিয়েছি তাহলে নিশ্চয়ই আপনাদের সকলকে জানিয়ে জবাব দেব যে এই কথার উত্তর আমরা একাধিকবার দিয়েছি, আর ন্তন করে কিছু দেওয়ার নেই। এই আলোচনারই বা কি আছে। কাজেই আপনাদের কথা আমি দেষ করছি যে আমরা বরাবর এই করেছি, এই পর্যন্ত করতে পেরেছি বা এটা করতে পারিনি, কেন করেছি, কেন করতে পারিনি সেটার কৈফিয়ত আপনাদের দেব।,

্ষ্পীসত্যপ্রিয় রায় : মাননীর অধ্যক্ষ মহাশয়, আমাদের কি কি যুক্তি আছে সেটা উনি শুনে তারপর ঠিক করতে পারতেন যে না আমার পক্ষে করা সম্ভব নর এবং সেটা এই হাউসে বলে দিতে পারতেন যে আমি ডেপ্টেসান-এর সংগে আলাপ করে এই যুক্তিতে বলে দিরেছি ফে আমরা পারব না।

कि जनारत्वन बाब ररतम् नाथ क्रीयाती : यिन मण्डर ना दस जादल निम्ठसदे रहल एन ।

শ্রীসন্তোৰ কুমার ভট্টাচার্য ঃ স্যার, মেমোরা ডামে সমস্ত বন্তব্য বলা যায় না, আলোচনার মাধ্যমে বন্তব্যটা পরিষ্কার হয়ে যায়। কাজেই আপনি কি সেট্যুকু শ্নেবেন না?

Mr. Chairman: We cannot discuss the memorandum here.

শ্রীনন্তোষ কুমার ভট্টাচার্য : স্যার, শিক্ষা মন্ত্রীমহাশয় বলেছেন যে মেমোরা ডাম পড়ে বিবেচনা করে দেখবেন। আপনার অবগতির জন্য এখানে পড়ছি—অন ১৭-১২-৬৩ তারিখে আমরা এই মেমোরা ডাম পাঠিয়ে দির্ঘেছ, উই হ্যাভ সেন্ট ইট ট্র মান্থস ব্যাক।

শ্রীতিপ্রারী চক্রবর্তী: মাননীয় শিক্ষা মল্টীমহাশ্যের কাছে আমার শেষ অন্বরোধ জানাছি। আপনার হয়ত এখনও পরিক্ষার হয়নি, সেজন্য বলছি। আমাদের এদিক থেকে চাছিল না যে অম্ক দিন দেখা করতে হবে। এই বাজেট সেসানের মধ্যে আপনি একদিন এই প্রতিনিধি দঙ্গের সংগে দেখা কর্ন বা কথা বল্ন না হয়। অনেক সময় ১৫।২০ মিনিটে ভেংগে যায় এ কতবার আমরা দেখেছি। আপনি কংগ্রেস পক্ষের মন্ট্রী, সেই কংগ্রেস ব্টিশ গভর্নমেন্টের সংগে কতবার এই রক্ম করেছে, নেগোসিয়েসান করে স্বাধীনতা এসেছে। এ আপনি কতবার দেখেছেন। মহান্থা গান্ধী ১৯২০, ১৯২১, ১৯৩০, ১৯৩১, ১৯৪০ সালে বরাবর চিঠি লিখেছেন, আলোচনা করেছেন, অনেক সময় ১৫ মিনিটের মধ্যে সেই আলোচনা সভা ভেংগে যেত। আপনি ইচ্ছা করলে ১৫ মিনিটের মধ্যে প্রতিনিধি দলকে ফিরিয়ে দিতে পারেন, দেখা করতে দোষ কি।

Mr. Chairman: Any day that will suit him.

Shri Tripurari Chakravarti: Yes, 'Sir, any day that will suit him.

শ্রীরবীন্দ্রলাল সিংহ: আজকে জেনারেল ভিসকাসান অন বাজেট হচ্ছে। অনেক সময় নন্ট করেছেন, ওঁরা ওঁদের বস্তব্য বলেছেন এবং শিক্ষা মন্দ্রীমহাশয় তাঁর মতামত স্কৃপণ্ট ভাষায় প্রকাশ করেছেন। তিনি এই কথা বলেছেন যে মেমোরান্ডাম পড়ার পরে আলোচনার বিষয় বস্তূ যদি থাকে এবং অনালোচিত বিষয় যদি থাকে তাহলে তিনি আলোচনা করবেন। তা না হলে উনি করবেন না। অর্থাৎ শ্বিবার্ষিক নির্বাচনে কারোর স্কৃবিধা করে দেওয়ার জন্য উনি আলোচনা করবেন না।

Shri Tripurari Chakravarty: That is an insinuation which you do not deserve.

শ্রীসন্তোষ কুমার ভট্টাচার্য : এই যদি কংগ্রেসের প্রেসিডেন্ট হয় তাহলে সেই কংগ্রেসের বারোটা বেভে গেছে।

(নয়েজ এণ্ড ইন্টারাপ্সাম্স)

[At this stage all the opposition members walked out the chamber]

Shri K. L. Dhandhania: Mr. Chairman, Sir, only a week ago I got the privilege of sitting in the Council and I thank you very much for giving me an opportunity to express my views on the Budget. Sir, at the outset I wish to congratulate the Finance Minister who has placed before us a bold and sound budget showing a surplus revenue budget with illustrative statements. Sir, the budget statement gives us a very clear picture of the finances of the State, the achievements made by the State. He has also outlined his programme during the next year to achieve several targets. His speech is very thoughtful, very instructive and inspiring.

Now, Sir, I will confine myself only to two or three subjects. He has placed a surplus budget inspite of so many stresses and strains on our economy. There were very sharp rises in the price of many items and the estimates were upset but thanks to him that without any new proposal for taxation he has placed a surplus budget of about Rs. 5 crores. Sir, I am sorry my opposition members are absent but if they had been present they would have applauded our Finance Minister in winning the race in performing the best permormance amongst all the States in our country, in achieving the target of Five-Year Plan. Sir, our Planning Commission fixed only a target of Rs. 250 crores but our ex-Chief Minister Dr. Roy at that time had emphasised that our Third Five-Year Plan must be of Rs. 350 crores. Sir, it is a matter of great satisfaction that our Finance Minister has shown in his budget that we will be able to achieve our target to the extent of Rs. 301 crores or more,

[5-40-5-50 p.m.]

that is by Rs. 50 crores more or 20 per cent. more. Sir, this is a matter of great achievement. We should all be proud that West Bengal has still got the capacity to perform its duties. Sir, not only that, our Government very strong and it can do what it says. It has not lost its stamina but it has got the capacity to perform its duties. Sir, not only that, our Government has been able to achieve this target much more than the Planning Commission in spite of the imposition of the heavy Central taxes in the last budget. Sir, originally only Rs. 1100 crores of taxes was envisaged in the Third Five-Year Plan but only within three years this has been revised to Rs. 1900 crores. It is well known that our State Exchequer like an ordinary consumer has to feel all the stresses and strains of the economy. The Finance Minister has also to face all the burdens of the Central taxes. All his plans, all his estimates were upset on account of the increasing prices and increased Central taxes but thanks to him that he has sucreeded in achieving the Five-Year Plan target. He has succeeded in placing a surplus budget and he has got no proposal for any new taxation.

Sir, our Finance Minister has placed an Economic Review beor us this That shows that every citizen of the State has to bear Central taxation which is double the State taxation. Our Central taxation is Rs. 7.36 nP, whereas our State taxation is only Rs. 3.15 nP. This means that the burden on the public in the State is double on account of the Central taxes. Sir, in spite of this our Finance Minister has suggested an outlay of about Rs. 700 crores in the Fourth Five-Year Plan. I would emphatically suggest that this amount of Rs. 700 crores for the Fourth Plan will be wholly inadequate for this State; there should be about Rs. 1,000 crores in the Fourth Five-Year Plan. Sir, this is a border State. It has still the aftereffects of the partition; it has still got the influx of refugees and therefore. the situation is very difficult. In these circumstances, for building economy of the State our next Five-Year Plan must be of Rs. 1,000 crores. Sir, you will be pleased to know that our State, though very small in population, though very badly affected on account of its being a border State and influx of refugees and other things, it is number one as regards small savings—it has exceded even Maharastra in small savings. savings—it the State matter for which deserves our Government Sir, you might have observed that Calcutta alone contricongratulation. butes 40 per cent. life insurance premium in the whole of Eastern Zone. Our per capita taxation in the State is much less than in Maharastra whereas our nation-building expenditure is much more than that of Maharastra. I. therefore, think, Sir, that everybody will share my views when I say that our Finance Minister is very successful in piloting the financial ship in the troubled waters of the country. .

Sir, in our State we have got a very acute as also chronic problem of the middle classes. For the last one century or more the economy of our State has been very much based upon the middle class. Our economic and social structure has been built—and I think I am correct if I say that middle-class is the backbone of our State, but for the reasons beyond the control of our Government, beyond the control of our State, the economic and social conditions of the middle-class are not better than those in the pre-independence days. On account of Pakistan's activities, on acount of influx of large number of refugees, every home in West Bengal is badly affected. We must think about the middle-class people. We must solve their problems. If we want peace, not only political but also economic and social, we must pay our best and full attention towards their problems.

Sir. before independence the middle-class of West Bengal or Bengal had many opportunities throughout the country for several occupations including liberal professions. Those doors have been narrowed down. Now, today, even in the Central Government services, the doors are very much narrowed down for the middle-class of this State. If the comparative figures are taken it will be apparent. The only solution now lies in creating more opportunities for the middle-class in this State. And, in my opinion, Sir, there are large opportunities for the middle-class in this State. We are spending thousands and thousands of rupees in connection with the development of our State and of the country. There are and there will be thousands of small scale industries in this State and I can confidently say, Sir, from some experience at my disposal that there are big and large opportunities for our educated men coming out of the universities and they can have gainful occupations in these industries. There are also very good opportunities in the trade of the State. I will give you some figures in this connection. Our State income, or national income, is Rs. 970 crores per year out of which Rs. 129 crores is contributed by the trade, i.e., about 13½ per cent. is contributed by the trade. I wonder, are there not sufficient opportunities for the middle-class of this State, for our educated men coming out of the universities, colleges and schools for gainful occupations in the trades which contribute about Rs. 129 crores per year. The turnover of trade, in my opinion, is about Rs. 2,000 crores per year in West Bengal alone.

[5-50-6 p.m.]

Sir, as the time at my disposal is very limited I will only mention about one more aspect which affects the middle-class very seriously, i.e., the housing problem. Our Central Finance Minister, Shri T. T. Krishnamachari has recently stated that no project has been kept pending for want of rupee finance. In Calcutta, in Greater Calcutta every middle-class family is seriously affected on account of the housing scarcities. In fourth of Fifth Five-Year Plans we must have at least one lakh tenements which will not only give them housing facilities but also create more opportunities for employment. This will also create more opportunities for new small-scale industries and, at the same time, it will relieve the city from agonies or many miseries through which it is passing. This will automatically solve the slum clearance problems.

I will now give one more suggestion. Our educated boys coming out of the universities want to have their trades established or shops open but it is most unfortunate that they are not getting the shops at reasonable rents. I would like to suggest most humbly to my Finance Minister, let him provide

some money for constructing new markets in Calcutta and in Greate Calcutta and giving the shops at reasonable rents like the residential house to our young boys coming out of the universities and I can assure him that by so doing he will not only get adequate but also a reasonable return of the capital which will be invested therein. On the other hand, thousands on our young boys will be able to come in the trade and in the long run they will be very successful businessmen.

With these words, Sir, I support the budget estimates presented by our Finance Minister.

Shri Dhajadhari Mondal:

চেয়ারম্যান মহাশয় পশ্চিমবংগ বৰ্তমান সরকারের 3848-66 সালের বাজেটকে পরোপর্যার সমর্থন করতে গিয়ে প্রথমতঃ এই রাজ্যের উন্নয়নের প্রতি আমি সরকারের দূষ্টি আকর্ষণ কর্রাছ। বাংলার কয়লা সর্বভারতে কেন একনা সমগ্র বিশ্বেও সমাদতে হয়ে এসেছিল। এই সম্পদকে যদি উন্নয়ন করা ধায় তাহলে আমাদের অনেক শিশ্পের মাধ্যমে বেকার সমস্যার সমাধান হতে পারে। রাণীগঞ্জ আসানসোল এলাকা একটা বিস্তীর্ণ কয়লা ভূমির এলাকা। এখানে অনেক উৎকৃষ্ট ধরণের কয়না চাপা পড়ে আছে। একে যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে আধুনিক যন্ত্র দিয়ে উন্নত করা যায় তাহতে অনেক শিল্প স্থাতি হতে পারে। এই শিল্প স্থাতির ন্বারা অনেক বেকার সমস্যার সমাধান হতে পারে। বিদেশীদের বাদ দিয়ে আমাদের দেশীয় মাইনিং ইঞ্জিনীয়ার এবং কারিগরির দ্বারা এই কয়লা **শিক্ষে**পর উন্নয়ন করা যেতে পারে। এমন কি আমার দঢ়ে বিশ্বাস ভারতে উৎপাদিত ফুলুপাতির সাহায্যে এই কয়লার কাজ করা যেতে পারে। অতএব এইজন্য ফরেন এক্সচেঞ্জের দন্তকার নাও হতে পারে। এই কয়লা শিল্প চালাতে হলে যদিও বিদ্যুতের প্রয়োজন হবে তাহালেও আমার মনে হয় সরকার অতিরিক্ত বিদ্যাৎ প্রস্তুতের জন্য ব্যবস্থা করে দিয়েছেন, যেমন ব্যাডেডল প্রমাল পাওয়ার স্টেশন। এই বিদাতের শ্বারা কয়লা শিল্প চালিত হবে। এই প্রসঙ্গে আমি আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রদত্ত আশ্বাস বাণীর কথা এখানে উল্লেখ করতে চাই। ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিমবঙেগ বেসমুস্ত করলা ভূমি আনটাচ্ড আছে সেগালির উল্লেন করিয়া নিজেদের হাতে গ্রহণ করিবার পরিকল্পনা করিয়াছিলেন। সেই পরিকল্পনার কি হল তা আমি এখন জানি না। আমার মনে হয় এই পরিকল্পনায় হাত দিলে অনেক শিলেপর স্থিত হতে পারে এবং সেই শিল্প স্থির ন্বারা বেকার সমস্যার কিছুটো সমাধান হতে পারে।

আর একটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবংগ সরকার তপশীলী সমাজের কল্যাণের জন্য চেণ্টা করছেন কিন্তু এদের দিকে আরো নজর দেয়া প্রয়োজন। দেশ যথন সকল দিক দিয়া অগুসর হচ্ছে সেই সময় উপযুক্ত দক্ষিণা ও সাহাযোর অভাবে এরা যেন পিছিয়ে না পড়ে। তপশীলী সমাজের ছাত্র ছাত্রীদের বিজ্ঞান, কারিগরী শিক্ষার জন্য আরো অর্থ বরান্দের জন্য আমি সরকারকে অনুরোধ করছি। এই বলে আমি এই বাজেটের প্রতি আমার পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Shri Byomkesh Chakravarty:

মাননীয় পরিষদপাল মহাশয়, মাননীয় অর্থামন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার প্রতি পূর্ণ সমর্থান জানাই। পরিষদের ইতিহাসে সর্বপ্রথম বাংলাভাষায় বাজেট পেশ কলে তিনি একটা ঐতিহাসিক দৃষ্টানত স্থাপন করেছেন। এজনা তাঁকে আমি অকুণ্ঠ অভিনন্দ কিছি। এই স্থোগে পশ্চিম দিনাজপুরের কয়েকটা সহাস্যা পরিষদপাল মহাশয়, আপনার মাধ্যা পশ্চিম বংগ সরকারের বিবেচনার জনা তালে ধরতে চাটা সাম্যা সংজ্কুল পশ্চিমবাংলার তেওঁ কির জন্যে পশ্চিম দিনাজপুরের সমস্যা সর্বাধিক না গুলেও বিশেষ গ্রেছ্পপূর্ণ বল্লে তাতু জি তেলা। আমার মনে হয় সরকারী এবং সরকারী যাহায়ে সেখানে সমল-কেকল ইণ্ডাংটী ওপেন

প্রয়োজন। আমি প্রস্তাব করি বাল্বেঘাটে একটি ইণ্ডাস্থীয়াল ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন করা হোক এবং তাতে ফিটার, কাপেশ্টার, সীট মেটাল ওয়ার্কার, মোটর মেকানিক, ইক্লেক্ট্রিসিয়ান, মোল্ডার, পেল্টার, ডেকরেটর, সার্ডেয়ার, প্যাটার্ন মেকার, ওরান্ত্র-ম্যান, ওয়েল্ডার এগ**্রাল শিক্ষার** ব্যবস্থা করা হোক। <u>ভাগদেব</u> উল্ল भिका पित्न এর श्वाता **मूर्फ्य ভাবে** तिका वीच विनिष्ठः এবং অটোমবাইল রিপেয়ারীং শপ **করে** ট্রোনিং-কাম-প্রোডাকসন সেণ্টার চলতে পারে। এছাডা বাল্যরঘাটে একটা স্পিনিং মিল স্থাপন করবার জন্য অনুরোধ করছি। বালুরঘাটে একটা পোলীট্র এবং ডাক মাল্টি লাকেসন সেণ্টার স্থাপন করা হোক, তাতে জনসাধারণ পোলট্রি ফার্মিং সম্বন্ধে যথেন্ট উৎসাহিত ২বেন এবং ছোট ছোট প্রাইভেট ফার্মা করে একদিকে উৎপাদনে সাহায্য এবং অন্যদিকে অর্থানৈ বিভাগ স্বাসনার যাকিছে সমাধান করতে পারেন। পরিশেষে আমি প্রস্তাব করি বালারঘাটে অভিলব্ধে একটা প**লি**-টেকনিক স্থাপন করা হোক। ওখানকার ছাত্রেরা অর্থাভাবে উচ্চশিক্ষা িন্তে পারে কারিগরী শিক্ষা করে একদিকে তারা দেশকে সাহায্য করতে পারে, অপর্রদিকে েকার সমস্যা**র** সমাধান করে আর্থিক অবস্থার উন্নতি করতে পারে। মাননীয় পরিষদপাল মহাশয়, আ**পনার** মাধামে পানরায় পশ্চিমবঙ্গ সরকারকে উক্ত বিষয়গালি বিবেচনার জন্য অনুযোগ কানাইয়া এই বাজেটের প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Dr. Ras Behari Pal:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের অর্থমন্টী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তার সমর্থনে কয়েকটা কথা আপনার মাধামে উপস্থিত করছি। আমরা দেখকে পাচ্ছি এই প্রদেশে বিভিন্ন পরিকল্পনার মাধামে যেসব কাজ গ্রহণ করা হয়েছে, বিশেষভাবে শিল্পক্ষের, জনস্বাস্থা ক্ষেত্রে এবং আরো অনেক ক্ষেত্রে সেগন্নি বিশেষভাবে সাফল্য অর্জন করেছে। আমরা স্বাস্থ্য ক্ষেত্র একটা জিনিস বিশেষভাবে দেখতে পাচ্ছি। ১৯৪৮ সালে প্রতি থানারে মৃত্যু হার ছিল ১৮ ১, ১৯৬২ সালে সেই মৃত্যু হাব কমে দেখা যাচ্ছে ৬ ৫ হয়েছে।

(b-6-10 p.m.)

আমরা নালেরিয়া প্রভৃতি যে সব বাধির প্রকোপ ১০।১৫ বছর আগে বিপালভাবে দেখেছি, আজকে া নালেরিয়া প্রায় নির্মালের হয়ে গিয়েছে বলা যেতে পারে। পানীয় জল সরবরাহের উন্নত া বুংলার ফলে কলেরা প্রভৃতি ব্যাধিও অনেকটা প্রতিকার হয়েছে।

অি একটা বিষয় এখানে উপস্থিত করতে চাচ্ছি যে দ্বিতীয় পণ্ডবার্ষিকী পরিকল্পনাম যে প্রায় ১০,০০০ নলকৃপ স্থাপন করা হয়েছিল, তার মধ্যে বেশ কিছু অংশ, শতকরা ৩০টা প্রায় অকেজো হয়ে গিয়েছে, সেগালির পানরায় সংস্কার করা দরকার। অবশ্য তৃতীয় পরিকল্পনাম ইতিমধেই প্রায় ৯ হাজার নলকৃপ বসেছে এবং ১৯৬৪-৬৫ সালের যে বাজেট তাতে আরও আড়াই হাজার নলকৃপ বসাবার বাবস্থা করা হয়েছে।শহরাণ্ডলেও জল সরবরাহের পরিকল্পনা গালি সালে ভাডাভাড়ি হয় তার বাবস্থা আমাদের করতে হবে। ইতিমধ্যে ১০টি পরিকল্পনা কার্যকিনী করা হয়েছে। বর্তমান পরিকল্পনার মধ্যে আরও ১২টি সম্পন্ন হওয়ার সম্ভাবনা আছে, তেও আবও কয়েকটি পরিকল্পনা গ্রহণ করার জন্য বাবস্থা করা হয়েছে, সেগালি যাতে ভাড়াভানি প্রতিক্রমনা আছে, বাহুলার ক্রিকলার আছে, বাহুলার স্বায় স্বায় স্বারবিক অনুরোধ করিছি।

প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি বিশেষভাবে খুব উল্লেখযোগ্য। আমরা দেশতে পদ্দি দিবতীয় পরিকল্পনার শেষে যেখানে প্রাথমিক শিক্ষার সাডে আটাশ লক্ষ ছাত্র-ছাত্রী দিন সেখানে ১৯৬৪-৬৫ সালে ৪০ লক্ষ ছাত্র-ছাত্রী প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করবে. এইটা তিন্তু এটা আমরা মেদিনীপার জেলায় বিশেষভাবে অনুভ্তুর প্রাণ্ডি আমাদের যে টাল্ড দিন পোরসেন্ট, অর্থাৎ দুল পোন্ত এগাব বছর বয়সেব ছাত্র, দুল্লীনা বিদ্যালয়ে উপস্থিত হতে পারবে, সে সম্ভাবনা নিশ্চয় আছে এবং আমরা এবিষয়ে অনেকটা অগ্রসর হয়েছি। এখন এই যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং বনিয়াদিতে পরিণত করবার যে পরিকল্পনা

সরকার গ্রহণ করেছেন সেই সম্পর্কে আমি কিছ্ আলোচনা করতে চাই। এখানে যে সমস্ত বাধা ও অস্বিধা আছে সেগ্বিল জানা দরকার, এবং সরকারকে সেদিকে মনোযোগ দিতে হবে। জামরা দেখতে পাছি মেদিনীপুর জেলার মত আরও কয়েকটি জেলা আছে যেখানে ট্রাইবাল লোকেরা প্রায় শতকরা ৮০ জন বাস করে, সেইসব এলাকাগ্র্লিকে বাধ্যতাম্লক শিক্ষার আমলে আনতে হলে প্রানীয় শিক্ষকের প্রয়োজন। সেই সমস্ত অগুলে যাতায়াতের খ্বই অস্বিধা বাকার, এবং প্রানীয় শিক্ষকে না পাওরা যাওয়ায়, ২০।২৫ মাইল দ্রে থেকে প্রার্থিমক শিক্ষকগণ সেখানে গিয়ে শিক্ষার ব্যবস্থা করতে পারেন না। সেইজন্য আমার মনে হয় ঐসব অগুলে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতাম্লক করতে হলে, এবং তারজন্য উপযুক্ত প্রয়োজনীয় শিক্ষক বাদ সেখানে রাখবার ব্যবস্থা করতে হয়, তাহলে সেই সমস্ত অগুলে সরকারের প্রচেণ্টায় কিছ্ কিছ্ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার তার গ্রহণ করতে সোনে মাধ্যমিক শিক্ষা প্রাপত শিক্ষকগণ ঐসব বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার ভার গ্রহণ করতে পারেন। দেখা যাছে যে বালিকারা ঠিকমত বিদ্যালয়ে আসছে না। তাদের আসবার জন্য যেসব ব্যবস্থার প্রয়োজন, তা সর্বতোভাবে চেণ্টা করতে হবে। আমার মনে হয় যে বিদ্যালয়ে যদি শিক্ষকার সংখ্যা ব্রিদ্ধ করা যায়, তাহলে সেখানে কিছ্, কিছ্ব বেশী ছাত্রী আনা যেতে পারে। সেণিকেও সরকারের দ্রিণ্টা দেওয়া দরকার।

মেদিনীপার, ২৪-পরগণা, বর্ম্মান প্রভৃতি বড় বড় জেলাতে মাধ্যীমক এবং প্রাথমিক বিদ্যা-**मारात मरथा। कराक राजारत भीतगठ रासहि। जानक म्ठात म्यिशान, ठिनशान भर्यन्ठ रासहि।** সেই ক্ষেত্রে একই জেলা পরিদর্শকের স্বারা স্কুল বোর্ডের সম্পাদকের কাজ এবং জেলার শিক্ষার পরিদর্শনের কাজ সম্ভব নয়। একথা আমরা কয়েক বছর আগে সরকারের গোচরে এনেছিলাম। **অবিলন্দ্রে অন্ততঃ বড বড় কর্মাট জেলার জন্য বিশেষভাবে একজন পরিদর্শকের উপর জেল** ম্কুল বোর্ডের সম্পাদকের দায়িত্ব অপ্রবের ব্যবস্থা হওয়া উচিৎ। আমি স্যার একটি বিষয় বলে আমার বন্তব্য শেষ করবো। সেটা হচ্ছে কৃষি উন্নয়নের কথা। আমাদের দেশে কৃষি উন্নয়নের জন্য যেসব ব্যবস্থা করা দরকার তার মধ্যে সমস্ত বিষয় এখানে আলোচনা করতে চাই একটি বিষয়ে বিশেষভাবে বলছি সেটা হচ্ছে এই মাইনর ইরিগেশান বা ক্ষদ্র সেচ পরিকল্পনায় **আমাদের এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ১৫ কোটি ৮৪ লক্ষ** টাকা ধরা হয়েছে। এই কয়েক বছরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৪ সাল বা ৬৩-৬৪ সাল পর্যন্ত ৮॥ কোর্টি টাকার বেশী ব্যয়িত হবে না। অথচ এই মাইনর ইরিগেশান-এ ডিপ টিউবওয়েল-এ ট্যাত্ক **ইরিগেশান প্রভৃতি আছে। এই ক্ষুদ্র সেচ পরিকল্পনার ম্বারাই আমাদের কৃষি একটা প্রধান** সহায় বলা যেতে পারে। অথচ এদিকে বিশেষ দুষ্টি দেওয়া হচ্ছে না বলে আমার বিশ্বাস। বেমন দেখতে পাচ্ছি ১৩ শো টিউবওয়েল এই পরিকল্পনায় হবার কথা কিল্ত এ প্রযুক্ত ৪০৯টি টিউবওয়েল হয়েছে এবং তার মধ্যে কাষ্যকিরী হয়েছে মাত্র ১৫৫টি। আর একটি জিনিষ আমি **एमथर**ण भाष्टि कृषिकारमा याता नियन् शर्यन जारनत मार्था धकरो भिकामारानत वावन्था हिल धरे জন্য এই পরিকল্পনাতে ২১ লক্ষ টাকা বরান্দ হয়েছে। এর মধ্যে দেখা যাচ্ছে ১৯৬৩-৬৪ সালে মাত্র ১ লক্ষ টাকা বরান্দ করা হয়েছিল আবার রিভাইজ্জু বাজেটে সেটা ১০ হাজারে পরিণত কর **হয়েছে**। মনে হচ্ছে এই যে ফারমার ট্রেনিং স্কীম যেটা ছিল সেই স্কীম কোনও রকমে কার্যাকরী **করা** যাচ্ছে না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কালে এইটা ছিল। কিন্তু আরও ৭টি ইনট্রোডিউস করা হবে কিম্তু সেটা কার্য্যে পরিণত করা হয় নি। যাহাই হউক আবার ১৯৬৪-७६ मार्ल २ लक्क ठोका मञ्जूत कता शराह वायर ७िए वे धतरात विमानम स्थापन कत्वात प्रीत-কন্পনা রয়েছে। আমি আশা করি যে সরকার নিশ্চয়ই এইগর্নিল স্থাপন করবেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না। অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তা আমি পূর্ণভাবে সমর্থন করছি।

Shri Sudhindra Nath Mukherjee:

মাননীর অধ্যক্ষ মহাশর, আমি সামান্য কিছু বলবো বেহেতু আমি শেষ বক্তা আজকের দিনে। আমার এই বাজেট সম্বন্ধে কিছু বন্তব্য আমি রাখিছি। আমাদের শৈল মুখোপাগার ঘহাশর অতাশ্ত স্চিশ্তিতভাবে এই বাজেট প্রণয়ণ করেছেন তারজন্য প্রথমেই আমি তার্কে স্বামাব ধনাবাদ জানাচ্ছি। এক আমি মনে করি যে তার হাতে আমাদের এই যে পদিচমবংগেব অন্ধর্নীতি স্কৃত্তাবে পরিচালত হবে। এই প্রসংশা সামানা গ্রিট করেক কথা আমি বলতে চাই, প্রথমে খাদ্য এবং এগ্রিকালচার বা কৃষি এর আগেও আমি অন্যান্য বন্ধৃতার বলেছি ষে কথা। আমি দ্বংখের সংগ্রে জানাছি যে তার সম্বশ্বে সরকারের এখনও দ্বিট আসে নি। সেটা হোল এই যে আমাদের কৃষি ব্যবস্থার উন্নতি করা দরকার। কিছু উন্নতি নিশ্চরই হছে। পশ্চিম-বংগ সরকার স্বর্ণ কলস লাভ ক্রেছেন। তার সাথে সমস্ত ভারতবর্ষের মধ্যে পশ্চিমবংগের কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে।

[6-10-6-18 p.m.]

অন্যান্য দেশ অপেক্ষা। কিন্তু আমার মনে হয় সামান্য কিছু চেণ্টা করলে আরো কিছু উন্নতি হতে পারে, সে সম্বন্ধে গ্রুটিকতক কথা আমি বলতে চাই। যেমন ধরুন, আজকে আমাদের পশ্চিমবংগে তথা সমগ্র ভারতবর্ষে সমস্ত ইউনিয়ন সমস্ত জায়গা রকের মাধ্যমে এসেছে। আ**প**-নার বোধ হয় জানা আছে যে এই রকে আমাদের কোন এগ্রিকালচারাল রসায়নাগার নেই যেখানে আমাদের সয়েল টেস্টিং হতে পারে, অন্যান্য ব্যবস্থা হতে পারে। সমস্ত পশ্চিমবং**গে** মাত্র একটি কি দুটি আছে। উদাহরণম্বরূপ বলাগড় থানার কথা বলি, ৮ ম্কোয়ার মাই**ল** এরিয়া, এই এরিয়ার মধ্যে বহু, রকমের মাটি আছে—স্যান্ডি, দৌয়াশ ইত্যাদি ৩।৪ রকমের আছে। এখন সাধারণ বৈজ্ঞানিক পর্ম্বতিতে যেট্কু জানা গেছে তাতে সব রকম মাটি সব রকম চাষের উপযুক্ত হয় না, সব জায়গায় সব রক্ষা সার দেওয়া যায় না। এখন যদি সেইসব জায়গার मार्गि न्यायदार्गितरण राज्ये कतात वायम्था थारक जिनमें कि ठातमें इरकत माधारम जारान তাড়াতাড়ি কুষির যাতে উন্নতি হতে পারে তার ব্যবস্থা করতে পারি। আমি এই দিকে সর-কারের বিশেষ দৃষ্টি আনছি যাতে তাঁরা খুব শীঘ্র এই জিনিস্টার ব্যবস্থা করে দিতে পারেন। তারপর, সিড কালটিভেশান, অন্যান্য জিনিস আছে, প্যাকেজ কালটিভেশান এবং তার প্রচার ফলও পাওয়া যাচ্ছে। যখন খাদ্য ব্যবস্থার দিকে সমস্ত নজর এসে পড়েছে তখন এইসব জিনিসগ্নিল যদি তাড়াতাড়ি করতে পারি তাহলে অনেক কম খরচে আমাদের এগুলি হতে পারে। তারপর দেখা যাচ্ছে এই খাদ্য বা কৃষির ব্যাপারে ইরিগেশান ছাড়া খুব বেশী কোন উপকার হয় না। ইরিগেশান সম্বন্ধে আমি বলব যে ঐ যে ব্লক অফিসার এক্সটেন-সান অফিসার যারা আছে তাদের আমরা অন্যান্য কাজ যথা কৃষি ঋণ দেওয়া রিলিফ ইত্যাদিতে এত বাসত করে রেখেছি যে তাদের স্বারা বিশেষ উন্নয়ণের কাজ হচ্ছে না। সে দিক থেকে যদি আমরা অন্য ব্যবস্থা করতে পারি এবং প্রত্যেকটি ব্লক অফিসার বা এক্সটেনসান অফিসারকে যদি দায়ী করতে পারি যে আপনার এরিয়ায় কেন এই ফসল ফলল না বা ফসল র্যাদ তারা ভাল ফলাতে পারেন তার যদি কোন রিওয়ার্ডের বাবস্থা করতে পারি তাহলে তার শ্বারা বিশেষ উপকার সেখান থেকে হবে। এই নিয়ে আমি এর আগে অনেক অনুরোধ জানিরোছ এবং প্রেরায় জানাচ্ছ। আশা করি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রী যিনি আছেন তিনি এই দিকে বিশেষ মনোযোগ দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের এখানে সবচেয়ে যেটা বার্ণিং প্রবলেম সেটা হচ্ছে আনএমস্কায়মেন্ট প্রবলেম। আনএমস্কায়মেন্ট প্রবলেম বা মিডিল ক্লাস প্রবলেম সম্বন্ধে একটা আগে একজন বস্তা বলেছেন। আনএমস্বায়মেন্ট প্রবলেম এমন একটা অবস্থায় এসে দাঁড়িরেছি যে যার সম্বন্ধে বলা যেতে পারে ইট রুকস নো ডিলে ফর সালউসান। আমি সামান্য ব্যবসা করে থাকি এবং এর আগেও আমি দ চারটে কথা বলেছি, কিছু সাজেসানও দিয়েছিলাম। আমরা সকলে বাঙালী শ্রম বিমুখ বলে একটা কথা জানতাম বা শুনেছিলাম। এটা আজকের দিনে বলা যায় না। আমরা দেখতে পাচ্ছি বাঙালী যুবক ইঞ্জিন চালাছে, কোক ওভেন চালাছে, বয়লারে কয়লা দিছে এবং যত রকমের কাজ করা সম্ভব তারা সমস্ত করছে। তাহলে কেন এই আনএমস্লয়মেন্ট প্রবলেম আসছে? আমি কোন প্রভিনসিয়ালি-क्ष्म वा शक्कभाजमूच्छे ना ट्रा आमारमद अद्रकाद विरम्ध करत माननीत मृश्यमन्त्री मटामद विनि বহু, লোক হিতকর জনহিতকর কাজ করছেন তাঁর বিশেষ দুটি এই দিকে আনছি যে এই বে বাঙালী যুবক যাদের আমরা চিল্লভ্রেন অব দি সরেল বলে থাকি তাদের এমলারমেন্টের কি ব্ৰক্থা করা যায় তার জন্য বিশেষ কমিশন হোক বা বিশেষ মন্দ্রী হোক বা বিশেষ কোন একটো विनित्र कता मत्रकात बार्ट जौरमत दात कत्रक शद दा दा दान धता धमानातरमणे भारक नरे।

আছকে ভারতবর্বে এবং তার মধ্যে বাংলা দেশেও বহুভাবে উন্নতি হচ্ছে। সেই উন্নতির শানিকটা অংশ কেন এরা পাচ্ছে না। আজকে গ্রামের সংগে যাদের সম্পর্ক আছে তাঁরা গ্রামে **'शाम**रे प्रभाष भान वा रेक्न वार्ष्णित मर्ला वाप्तत मन्दर्भ आह—এक कथा ठाकती हारे। न्यन कार्रेनाम कान उक्त्म भाग करहरू. १०।१६ होका मार्रेनात हाकती ना रहन हमार ना। শেখানে ধর্ন ছোটখাট শিক্প যা গ্রামের দিকে হতে পারে বা ছোটখাট এগ্রিকালচারাল ভেজে শিশ্প যা হতে পারে এর বাবস্থা কেন হচ্ছে না? আমি সরকারকে বিশেষ অন্যুরোধ করছি বাতে করে তারা এ সম্বন্ধে খবে শীঘ্র কোন ব্যবস্থা করতে পারেন। তা না হলে সমস্ত জিনিস আমাদের বানচাল হয়ে যাবে। আমি আর একটা কথা বলে শেষ করবো—স্বাস্থ্য সম্বন্ধে আমি আগেও এ কথা বলেছি যে আমাদের দেশে সবরকম পরিকল্পনা নন্ট হয়ে যাচ্ছে, পপ্লেসন একালসনের জন্য জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা ঠিকমত এখানে হচ্ছে না। যাদের গ্রামের সংগে যোগাযোগ আছে তাঁরা জানেন যে হেলথ সেন্টার বা অন্যান্য প্রতিষ্ঠান যা আছে সেখানে জন্মনিয়ন্ত্রণের कना जारमकर्रीय वा मार्टरामतन यूव मृतावन्था तरे। मरदा जिष्येहे गेजित वा मार्वाजिक-সনাল টাউনে থাকতে পারে কিল্ড হেল থ সেন্টারে কিছু নেই। আমি আমাদের জনপ্রিয় সরকারকে স্থান,রোধ জানাবো যে এদিকে তাঁরা বিশেষ মনযোগ দিন। মোথাইল ইউনিটস হোক বা অন্যান্য বৈ কোন ব্যবস্থার মাধ্যমে হোক, তাঁরা আশ্ব এমন ব্যবস্থা ঠিক করেন যার দ্বারা গ্রামের লোক এ ব্যাপারে সূত্রে সূত্রিধা পেতে পারেন। একটা কথা এখানে আমি বলি—আমার গ্রাম রেল লাইন থেকে ১০ মাইল দূরে, একটা যুবক ২৭।২৮ বছর বয়স চাষার ছেলে, আমি একদিন বর্সোছলাম, আমার ডাক্টারকে বলছে আমার জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা যদি করতে পারেন, লাইগেসন বা ভ্যাসে-कर्षीय रत्र वर्णाल भावतमा ना किन्छ दुविता रत्न मिल, वाद्या आगि खाल भाविष्ट ना আমার বাপ-মা চান না—আমি চাই আমাদের কাছাকাছি যদি ব্যবস্থা হত তাহলে আমি বা অনেক যুবক আছেন যাঁদের ২ Ioটা সম্তান হয়ে গেছে তাঁরা করাতে চান। কাজেই বুঝা **শাচ্ছে** এ জিনিসের অত্যন্ত প্রয়োজন এবং এর ব্যবস্থা করা নিশ্চয়ই দরকার। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Mr. Chairman: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 6.18 p.m. till 3 p.m. on Thursday, the 27th February, 1964, at the Legislative Building, Calcutta.

Member absent

Acharyya, Shri Snehangshu Kanta Bisi, Shri Promotho Nath Bose, Shri Aurobindo Chatterjea, Shri Devaprasad Choudhuri, Shri Annada Prosad Ghosh, Shri Ashutosh Haldar, Shri Gopal Majumdar, Shri Rajendranath Prasad, Shri R. S. Roy, Dr. Biswaranjan Sen, Shri Subodh Sen Gupta, Shri Dwijendralal Singha, Shri Biman Behari Lal and Syed Shahadulla, Shri.

COUNCIL DEBATES

Thursday, the 27th February, 1964

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 27th February, 1964, at 3 p.m., being the twelfth day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3-3-10 p. m]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mr. Chairman: Two questions will be held over today owing to the absence of Mr. Jalan. They are questions *67 and *71.

Conference of Transport Secretaries and Commissioners

- *66. Shri Narendra Nath Das: (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state if it is a fact that he was present in a Conference of Transport Secretaries and Commissioners convened by Union Minister, Shri Raja Bahadur, in the first week of February?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) where and at what point of the river Hooghly the proposed second bridge (to cope with increased traffic of the city of Calcutta) will be constructed:
 - (ii) at what stage the proposed scheme of Circular Railway in and around Calcutta stands at present; and
 - (iii) how far the objections raised by the Port Trust have been obviated in the said Conference?

The Hon'ble Saila Kumar Mukherjee; (a) Yes.

- (b) (i) The construction of a second bridge on the river Hooghly is now under consideration of the C.M.P.O. No final decision has yet been taken about the site but on preliminary examination it appears that the bridge may be constructed somewhere between Princepghat and Outramghat. The famous bridge builders of London, Rendell Palmer & Triton are preparing the project report.
- (ii) The proposed scheme of the Circular Railway is now under consideration of the C. M. P. O. in collaboration with representatives of the Railway Board, Port Commissioners and other concerned authorities. No decision has yet been reached.
- (iii) The objections raised by the Port Trust are now under examination by the committee consisting of representatives of C. M. P. O., Railway Board, Port Trust and concerned departments of the State Government.

Shri Marendra Nath Das:

শাননীয় মন্ত্ৰী মহাশার কি জামাবেম ৰে স্যোচ ট্রান্টের ডয়ক থেকে কি কি অবজেকশন তোলা ইরেছিল > The Hen'ble Salla Kumar Mukherjee: I cannot tell you in detail but the broa objections are with regard to some points where they say that it may lead t obstruction of goods traffic in the Port Trust Railway.

Shri Narendra Nath Das:

অতিরিক্ত প্রশন স্যার। মাননীয় মন্দ্রী মহাশয় কি বলবেন, যে এই রিক্তটির প্রোপোজড সাই ষেটা, বিট্টুন আউটরামঘাট অ্যান্ড প্রিসেপঘাট সেথানকার মাটি পরীক্ষা করে দেখা গিয়েছে বিয়ে রিজের পক্ষে শক্ত হবে কিনা?

The Honb'le Salla Kumar Mukherjee: The soil survey has been made by Messre Rendell Palmer and Triton and they are preparing the project report in England Unless the project report comes we cannot say either way.

Shri Jatin Chakravorty: On a point of order, Sir,

উনি প্রশ্ন করছেন বাংলায়, তার উত্তরও মল্টী মহাশয়ের কি বাংলায় দেওয়া উচিত নয়? সাধারণ নীতি ও ভদ্রতা হচ্ছে যে ভাষায় প্রশ্ন করা হয়, সেই ভাষায় উত্তর দেওয়া হয়ে থাকে এমন কি জনলান সাহেব পর্যাত্ত,—কেউ বাংলায় প্রশ্ন করলে, তিনি বাংলায় জবাব দেন।

The Hen'ble Saila Kumar Mukherjee :

আছে না। উনি ইংরাজীতে প্রশ্ন করেছেন।

Mr. Chairman: But then we use two languages in the House.

Shri Jatin Chakravorty:

আমি সাধারণ নীতির কথা বলছি। ষেখানে জালান সাহেব পর্যদত ভাপ্গা বাংলায় জবাব দেন আর উনি বলতে পারবেন না?

Mr. Chairman :

এখানে সে প্রশ্ন আসে না। যদি কারও অস্ক্রিধা হয়, তাহলে তিনি নিশ্চয় বাংলায় বলবেন

Shri Amar Prasad Chakrabarty:

আমার প্রশ্ন হচ্ছে বৃটিশ কোম্পানী ছাড়া আর কেউ ব্রীজ তৈরী করতে পারে, এই রক কোন কোম্পানীকে ডাকা হয়েছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

বৃটিশ কোম্পানীকে কাজ দেবার কোন প্রশ্নই বা কন্ট্রাক্ট দেবার কোন প্রশ্নই উঠেনি। সেট হচ্ছে যারা হাওড়া রীজ করেছিলেন বিশ্ববিখ্যাত রীজ বিল্ডার তাদের অভিমত নেওয়া হচ্ছে

to prepare a project report on which decision will have to be taken as to who will construct the bridge—whether by global tender or by Indian tender, or whatever it may be.

Secretary, Gorabazar I. C. Institution, Berhampore

- *68. Shri Santosh Kumar Bhattacharyya: (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—
 - (i) whether it is a fact that an enquiry was held during the year 1963 by the Enforcement Branch of the Police against the Secretary of the Managing Committee of Gorabazar I. C. Institution, Berhampore, a Multipurpose and Higher Secondary School, on serious charges of defalcation of Government money given as grants to the school; and

- (ii) whether it is also a fact that as a result of the said enquiry and subsequent special audit by the department concerned some of the charges against the Secretary were established and account books and relevant papers of the school in this connection were seized by the District Inspector of Schools, Murshidabad, about a year ago and since then all these papers have been in his custody?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be further pleased to state—
 - (i) what are the steps that the authorities have taken so far against the Secretary of the Managing Committee and his accomplices for these serious charges of defalcation of public money; and
 - (ii) if no action has been taken in this respect what is the resaon for this delay?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : (a) (i) Yes.

- (ii) Yes.
- (b) (i) Following action has been taken :-
- (I) The West Bengal Board of Secondary Education has been advised to supersede the Managing Committee and appoint the Subdivisional Officer, Berhampore (Sadar), as Administrator with the full power of the Managing Committee.
 - (II) The Board has also been advised to arrange for special audit of the school accounts for the period from 1951-52 to 1961-62.
 - (ii) Does not arise.

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার প্রশ্নের উত্তরের প্রথমে এ (আই) তার উত্তরে তিনি বলনেন ইয়েস, এনকোর্স মেণ্ট ব্রাঞ্চ থেকে তদন্ত করা হয়েছিল—আমার জিজ্ঞাস্য হচেছ এনকোর্সমেণ্ট ব্রাঞ্চ তবন্ত করে যে রিপোর্ট পেশ করেছিলেন সেই রিপোর্ট এ কি ছিল, সেই রিপোর্ট টা কি আপনারা দেখেছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেই রিপোর্ট এ দেখা যায় কতকগুলি ইরেগুলারিটিগ ইন অ্যাকাউণ্টস আছে, সেই **জ**ন্য স্পে<mark>শান</mark> জিটি **∤**করতে বলা হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

এইযে রিপোর্ট এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ দিয়েছে—–কি কি বিষয়ে তার দুই একটা বিষয় স্থানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এবং সে সম্পর্কে রিপোর্ট দেওয়া হয়েছিল। এবারে চলে আম্রন ডিরেক্টর শ্রীএস সান্যাল-এর ব্যাপারে। ৮ বার তাঁকে এক্সটেনসান দেওয়া হয়েচে ৮ বারই তাঁর সম্পর্কে বহু অভিযোগ এবং এবং আজ বলতে লজজা হয় যে মুখ্যমন্ত্রীর প্রশ্রয় নিশ্চয়ই আছে এবং তাঁর যোগসাজসে যদি मर्नेि ना हरन এবং তিনি यमि তাতে ইন্টারসটেড না হন তাহলে বার বার ৮ বার কেন তাঁকে এক্সটেনসান দেওয়া হয়েছে? স্যার, স্থগার নিয়ে তো কত কথা আমর। শুনি। স্থগার কন্টোলার হিসাবে বসিয়ে রাখা হয়েছে আর একজন মধ্যমন্ত্রীর প্রিয় লোককে। বহুবার বলেছি শ্রীপি কে দেন গুপ্তের সম্পর্কে। স্যার, এই কথা কি সত্য নয়, জবাব চাই, বর্তমানে যিনি পুলিশ কমিশনার তাঁর ভাই এবং তাঁর বিরুদ্ধে কোন তদন্ত হবে না বাইরে থেকে পুলিশ অফিসার নিয়ে? তদন্ত যদি না করা হয় তাহলে কোন ফল পাওয়া যাবে না। আমি র্জিঞাসা করতে চাই যে স্বরজমল বাহাদরমল বলে একজন ভদ্রলোক-এর অন্ত্রহে ইমপোর্টার হয়ে স্বনামে এবং বেনামেতে অনেকগুলি ডিলারসিপের কাজ পেয়েছে এবং তার বিনিময়ে এই পি. কে. সেনগুপ্ত বেশ কিছ শেয়ার পাচেছ্? তৃতীয় প্রশু আমি করতে চাই ফিতিশ চন্দ্র সাহা বেলিয়াবাটায় পাকেন, তাঁর সাথে এঁর পার্টনাবসিপ আছে কিনা, একটা ফার্টিলাইজারের ব্যবসা, তার নাম হচেছ ব্রক্ষপত্র ফার্টিলাইজার কোম্পানী, এই চার্চ লেনে তার অফিস এবং জিজ্ঞাসা করতে চাই এই ভদুলোক বেনামেতে স্থগার এবং রেশন সপ-এর কোন ব্যবসা চালাচেছ্ন কিনা? এবারে চলে আন্তন অন্য ডিপার্টমেন্ট সম্বন্ধে। এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট স্যার, আমি এটাকে বলব একটা <u>७०८७ फिलार्हेरान्हे। ७८० हानाटुक वहारक। ७५ वशीन य लाहे किरारहेक दय छ। नय.</u> गाँब, এদের এত লোক এবং তারা এত অকর্মণ্য এবং অপদার্থ যে তাবা যখন গ্রামে মান তখন চাষীরা ক্ষেত থেকে পালায় জাপানীবাব এসেচে বলে। তারা গিয়ে খালি বলে যে জাপানী প্রথায় চাঘ কর। কোন কর্মদক্ষতা নেই, কি করে সেই কাজ করতে হয় তা জানাতে পারে না. এবং স্যার, অফিসাররা দাজিলিংএ মলেতে আর তা না হলে দীঘায় সমদ্র সৈকতে চাষ করতে যায়। লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতি বছরে বছরে কেনা হয়, সেগুলি পড়ে থাকে পার নষ্ট হয়, আবার কেনা হয়। বাংলা দেশে আজ খাদ্য সমস্যা দেখা গিয়াছে, খাদ্য সংকট দেখা দিয়েছে. ঠিকমত উৎপাদন হয় না, সারের প্রয়োজন। স্যার, বাংলাদেশে এ্যালোটেড কোটা ঢোরা স্নৃতঙ্গ পথে মাদ্রাজে ব্যাক মার্কেটে বিক্রি হচেছ। স্যার, পশ্চিম বঙ্গের ডেভেন্পমেন্ট ^{করতে} হবে। ৬৭ টা এই^ইরকম বিভিনু দপ্তর আছে প্রতিষ্ঠান আছে। পশ্চিমব**ঙ্গকে** জেভেলপ না করিয়ে কিছুতেই তারা ছাড়বেন না। স্যার, কোন ইন্টিগ্রেটেড প্ল্যান নেই। জ্জেল্পমেন্ট ডিপার্টমেন্ট আছে। এস . কে . ব্যানর্জী ওয়েষ্ট বেঙ্গল ভেভেলপমেন্ট কর্পো-^{রেণানের} কমিশনার হয়ে আছেন। স্যার, গুরুদেবের আশীর্বাদপুতঃ ভূতপূর্ব আই জি . কমিশনার ছিলেন, গুরুদেব ভরসা করে চলতেন, অবসর জীবনযাপনের ক্লান্তি অপনোদনের জন্য তাঁকে ^{সুযোগ} করে দেওয়া হয়েছে, সেধানে তাঁকে চেয়ারম্যান করে দেওয়া হয়েছে। এখন স্যার, ^{ওঞ্দেব} ছেড়ে কন্টাক্টরদের গুরুদেব বলে তিনি ভজনা করে চলেছেন। আর একটা প্রতিষ্ঠান ^{সি. এম.} পি ও, লেফটন্যান্ট জেনারেল ডি. এন. চক্রবর্তীকে সেখানে বসান হয়েছে। আমেরিকা ^{পেকে} পরসা আসছে, ব্লুপ্রিন্ট চলছে বছরের পর বছর। ইনিও স্যার, অবসর জীবনযাপনের ক্লান্তি অপনোদন করার জন্য সেধানে বসেছেন। পি. এস. সি. তিন তিনবার ডিরেক্টর অব হেলখুছু শাভিসেদ পোষ্টের জন্য তাঁকে রিজেক্ট করেছিলেন। তবে স্যার, আমেরিকার পয়সা কি

উপভোগ করছেন সেটা ভাল কথা, আমাদের তাতে চোখ টাটায় না। ক্যালকাটা ইমপু তুমেন্ট ট্রাষ্টে যোগ্য লোক আছে। কিন্ত স্যার, সি. এম. পি.ও₃ বা ডেভেলপমেন্ট কর্পোরেশানের সাথে তার কোন যোগাযোগ নেই যে একটা ইনটিগ্রেটেড প্ল্যান করে। আবার তার উপর ভনছি যে একটা সলট লেক রিকলামেশান বোর্ড আছে। এখানেও স্যার একজন অবসরপ্রাপ্ত প্রাতঃ সমরণীয় মহাপুরুষকে বসান হয়েছে, তিনি হচেছ এ.ডি. খান সাহেব। এঁর সাথে ডাঃ রাম্বের আর এক শ্রাবৈদ্যনাথ ভট্টাচার্য্যের, তিনিও এক প্রাতঃসমরণীয় ভদ্রবোক, খুব ঘনিঠতা <u>আছে</u>।

কিন্ত একটা সামগ্রিক ইন্টিগ্রেটেড প্ল্যান করে তাকে চালাবার, উনুতির পরে বাংলা-দেশকে নিয়ে যাবার সেটা কিন্ত কিছুমাত্র নেই এবং সেখানে যিনি ছিলেন এ বি গাঙ্গুলী মহাশুর, সেই ভাগ্যের কথা যে তাঁকে সরিয়ে আনা হয়েছে. এখন মিঃ নিয়োগীকে সেখানে নেয়া হয়েছে किन्छ गात, এই এ वि शाकुनी এখন এসে पामाप्तत य रुठे होन्मलाई তার ऋत्त उर्व করেছেন। এডকেমন ডিপার্টমেণ্টের কথা আমি বেশী বলবো না—মহীতোঘবাব আমাদের শুদ্ধাভাজন শিক্ষামন্ত্রী তিনি রিটায়ার করে যাচেছন বলে স্ততিবাদ করলেন, অর্ণ্য ওখানে স্তুতিবাদ করে কোন ফল হবে না আখেরে। আপনি ওঁর স্তুতিবাদ করলেন এবং পরলোকগত মধ্যমন্ত্রী ডাঃ রায়ের স্তুতিবাদ এটা ভুল করলেন, আথেরে লাভ হবেন। কারণ নমিনেসন পেতে গেলে যাঁর স্থতিবাদ করা উচিত ছিল তাঁর করেননি। যাহোক স্যার, এডকেসন ডিপার্ট মেণ্টে আমাদের স্বনামধন্য ডি. এম. সেন মহাশয় আছেন—আমাদের শিক্ষা বিভাগ কিভাবে পরিচালিত হয় কাজেই আমাদের শিক্ষক প্রতিনিধিদের কাচ থেকে তা শুনছেন। স্যার ১৯৪৮ সাল থেকে ১৮ বছর তাঁকে এক্সটেন্সন দেয়া হয়েছে এবং যখন গত বিধানসভা শেষ হয় নির্বাচনের মথে তখন ডাঃ রায় আমাদের শিক্ষামন্ত্রীর যে স্থপারিশ তার বিরুদ্ধাচারণ করে তাঁকে আবার **এক্সটেনসান দিয়া গেছেন। এখন শুনছি যে ক্ষমতার লড়াই চলছে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির** যিনি ভাইস প্রেসিডেণ্ট শ্রীযুত দাসগুপ্ত তাঁর সাথে মামা ভাগ্রের নড়াই চলেছে ক্ষমতা নিয়ে। স্যার, এরপর মখ্যমন্ত্রীর কাছে তার একবার আসতে হয়।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

স্যার, একটা কথা উনি আগেও বলেছেন, এখন রিপিট করেছেন। । কথাটা হচেছ ডাঃ সেনের যে এক্সটেনসন হয়েছিল সেটা হোম ডিপার্ট মেণ্ট থেকে হয়েছিল, আমার ডিপার্ট মেণ্টের কোন কথাই আসে না। উনি কেন মিছে এটাকে বারবার নিয়ে আসছেন জানি না। সেদিন মুখ্যমন্ত্রী বলেছেন ওঁর উত্তরে যে আমার ডিপার্ট মেণ্টে তাঁর এক্সটেনসনের যে ফাইল রয়েছে তাতে শিক্ষা বিভাগের কোনরকম মন্তব্য কিছু নেই—একথা মুখ্যমন্ত্রী সৈদিন বলেছেন। তথাপি উনি কতকগুলি আালীগেসন করছেন এ কোন দেশী । কথা।

Shri Jatin Chakravorty:

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আপনি ক্যাবিনেটের কোন কথাই জানেন না কেন নিছে মিছে বলছেন।

Shri Jatin Chakravorty:

এই এক বছর ধরে আমাদের মুখ্যমন্ত্রী নিজের যে পজিসান সেটাকে কনসলিভেট করবার জন্য নানাভাবে চেটা করে আসছেন। প্রশাসনিক অবস্থা যাই হোক, দেশ চলোই যাক। কিতাবে আমাদের কর্মদক্ষ অফিসারদের এক জায়গা থেকে আর এক জায়গায় বুরিয়ে বুরিয়ে তাঁদেব কর্মদক্ষতা নট করছেন দেখুন। স্যার, বি. আর. গুপ্ত একজন সং কর্মদক্ষ অফিসার, অতা এফিসিয়েণ্ট—স্যার মজা দেখুন, তাঁকে বিলেতে পাঠানো হল সরকারী খরচায়, ফুড ডিপামেট্টেট তখন তিনি ছিলেন এবং কথা ছিল যে সেখানে থেকে ফিরে অভিজ্ঞতা সঞ্চয় করে খাদ্যস্ক্রট স্মাধান করার জন্য তিনি আবার ওখানে এসে সাহায্য করবেন কিন্তু স্যার ফিরবার পর তাঁকে

দেয়া হল হেলখ ডিপার্ট মেণ্টে এবং আ*চর্য্যের কথা, এই হেলখ ডিপার্ট মেণ্ট থেকে আবার পয়সা খরচ করে তাকে পাঠানে। হয়েছে আমেরিকায়—কিসের জন্য না কর গেইনিং এক্সপিরিয়েনস ইন পাবলিক হেলখ।

[4-20-4-30 p. m.]

কিরে এলে দেখনে। তিনি আর পাবনিক হেলথ ডিপার্ট মেণ্টে থাকবেন না. বোধ হয় এ**ক্সাইজ** দ্রিপার্ট মেণ্টে তাঁকে পাঠিয়ে দেওয়া হবে। অন্য স্টেট গভর্নমণ্ট বা রাজ্য সরকার, তারাও লোক পাঠিয়েছেন আমেরিকাতে। কিন্তু তারা প্রত্যেকে মেডিক্যালম্যান আর এখানে শী বি. আর. গুপ্ত একমাত্র নন-মেডিক্যালম্যান থাঁকে পশ্চিম বাংলা থেকে পাঠান হয়েছে। সার, আরও মজা দেখুন-এই বি. আর. গুপ্ত যখন ইউ. এস. এ.তে যাচেছন, তখন _{কাব} ঐ পোস্টে ডি. এন. ব্যানাজি, যিনি সেকেটারী, হেলগ ডিপার্টু মেণ্টের, তাঁকে ও**খা**নে नित्य शिराहरून। छि. धन. वर्गनार्जित किन्त भातमार्तन शिराहरू राहक राहकोती. ज्यानिमान চাসব্যাণ্ডি। জেনারেল চক্রবন্তী এখন সি. এম. পি. ও হতে গেলেন, সেই সময় তাঁকে ফিল আপ দি গ্যাপ করতে সেখানে নিয়ে আস। হল, এবং স্যার, মজা হচেছ এই রকম ভাবে অফিসারদের এক জায়গা থেকে আর এক জায়গায় বসান হচেছ, এবং যে **কাজের** জন্য তিনি অভিজ্ঞতা সঞ্চয় করেছেন, সেই অভিজ্ঞতাগুলোকে নষ্ট করে দিয়ে, তিনি নিজের কাজ করবার জনা, বিশেষ উদ্দেশ্য নিয়ে, এই ভাবে সরকারী কর্মচারীদের অপসারণ কর্ছেন। স্যার, আর একজন দেখুন--শ্রী আর ঘোষ, এগ্রিকালচারাল কমিশনার দট লোক বলে যে কেন্দ্রীয় মন্ত্রী রামস্থভক সিং মশাই তাঁকে তিনি নানারকমভাবে তুট করে এই পোস্ট্রটা হল। মাস কয়েক হল এই পোস্ট্রটা ক্রিয়েট করা হয়েছে এবং তাঁকে এগ্রিকাল্চারাল কমিশনার করে রাখা হয়েছে। এর ফলে স্যার, এস. কে. ব্যানাজি মহাশয়ের কপাল পড়লো। তিনি হয়ে গেলেন প্র্যানিং কমিশনার, এগ্রিকালচারাল ডিপার্ট মেণ্ট এর মধ্যে রুরাল এক্সটেন্সন এটা ছিল ডেভেলপ্যেণ্ট ক্যিশনার এর হাতে। ওটা চলে গেল এগিকালচারাল কমিশনার এর হাতে। শ্রী আর. ঘোষ আসবার পর। স্যার. ক্যালকাটা কর্পো-त्वर्गतनत कथा गः क्लिप्ट किछ वलए इया किमिनात थम. वि. ताय, श्व मे पे कर्जवा-নিষ্ট একজন অফিসার, তিনি সেখানে থাকতে পারলেননা। সঙ্গে সঙ্গে আবার কি হল <u>?</u> এখন দেখতে পাচিছ যে কোন আই. এ. এস. অফিসার সেখানে যেতে চাচেছন না। স্যার. काউन्সিनात्रता ও খব क्क ও অসম্ভষ্ট হয়েছেন যে তাদের অধিকার নাকি খর্ব করা হয়েছে। এখন আমাদের মুখ্য মন্ত্রী, যে তিনি সৎ, কর্মদক্ষ অফিসার যাঁরা তাঁদের সন্তুষ্ট করতে পারছেন না, এবং ওখনকার যাঁরা কাউন্সিলার, তাঁরাও অসম্ভষ্ট হয়ে আছেন, যোগীন সাহা মহাশ্র সব সময় ফোঁস ফোঁস করেন।

স্যার, পোর্ট ফোলিও বিভাগের কথা একটু বলতে চাই। আমি স্যার, তখন জাপানে ছিলাম সেই সময় হঠাৎ সংবাদপত্ত্বে দেখলাম যে এখানে পোর্ট ফোলিও বদল হয়েছে। জ্বাম অতল্য ঘোষ মহাশয় লোক পাঠিয়েছিলেন এই বলে যে <u>পুফ্লু</u>দা, আমার कान लाकरक किन्छ गतान ठलरव ना। करल आत रय पृष्ट अन প्रशांक मन्नी किरलन, जाँरमत উপর ঐ কামরাজ নাদারের খাঁড়া পড়লো। স্যার, আপনি তাদের সম্বন্ধে জানেন। তাঁদের মার যাই থাক, অন্ততঃ তাঁর। নিজের কাজ অত্যন্ত ভালভাবে করতে পারতেন। তাঁর। —একজন হচেছন শ্রী অজয় মুখার্জী মহাশয় এবং আর একজন হচেছন আমার অত্যস্ত ঘনিষ্ট ব্দু শ্রী শঙ্করদাস ব্যানাজী মহাশ্য়, তাঁর যতই দোষ থাক, শত দোঘই থাক, তাঁর বাজেট আপনি দেখেছেন স্যার, তাঁর বাগ্মিতা আপনি দেখেছেন স্যার। পোর্ট ফোলিও ভাগ হল— ^{কিন্তু} ঠিক হল গভৰ্ননেশ্টের নগদ যে টাকাটা সেটা যাতে ঐ চৌরঙ্গী ভবনে থাকে। অর্থাৎ ^{সেই} টাকা ডিস্ট্রিবিউট করার ভার, সেটার জন্য স্যার, প্রফুল্লুদাকে ব্যবস্থা করতে হবে। <u>শতএব স্যার, আমার কাছে এই যে পোর্ট ফোলিও ভাগের একটা নিস্ট রয়েছে, ভাতে</u> ^{দেখিছিলাম} অনেক কিছু আমাদের বদল হয়েছে। অতএব ঠিক করা হয়েছে ত্রাণ্মন্ত্রী শীনতী আভা মাইতি মহোদয়াকে রিলিফের ভার দিতে হবে। তার মধ্যে টেস্ট রিলিফের ^{টাক।} আছে, রেফিউজি রিলিফের টাকা আছে, সব তাঁর হাতে তুলে দেওয়া হল। 🐯 ধু ^{কি} তাই আবার কিছু মেয়ে ভলাণ্টিয়ার দরকার হয় মাঝে মাঝে। স্থতরাং সোস্যাল ওয়েল ^{কেয়ার}টাও তাঁর হাতে দেওয়া চাই।

স্যার, আবার ইলেকশানের সময় মুস্কিল হচেছ, কিছু কিছু কারচুবি দরকার হয় ঈশুরদাস জালান মহাশয় আবার সাদৃশ্য প্রাঞ্জল, উনি এই সব কারচুবির ব্যাপার একচু বোঝেন না। সেই জন্য দেখা গেল, ঐখান থেকে ঠিক হল এটাও তাঁদের নিজস্ব লোকনে দিতে হবে, এবং ঐ আভা মাইতি মহোদয়া, যিনি খুব কর্ম দক্ষতার পরিচয় দিচেছ্ন তাঁকেও স্যার, দেখবেন এখানে রাখা হয়েছে। প্রফুলুবাবুও ক্মপেনসেটেড হয়েছেন এব কনসিউমার গুড়স অর্থাৎ সিভিল সাপ্লাই সেগুলো নিজের হাতে রেখেছেন।

সিমেণ্ট-এর পারমিট আছে, পি. কে. সেন গুপ্তএর কথা বললাম। নিজের বিঘে নিজের জলছে। স্যার, কবে দেখব এত খেওয়াখেয়ি—কবে দেখব যে নিজেদের মধ্যে ঝগড় লাগবে।

Mr. Chairman: Has that any bearing on Finance?

Shri Jatin Chakravorty:

স্যার, এটা বাজেটের জেনারেল ডিসকাশন আমাদের যদি গ্র্যাণ্ট-এর ডিসকাশন থাকতে। আফ বলতে পারতাম—-বাজেটে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন আছে—এটা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশ এর মধ্যে পড়ে।

Mr. Chairman: Pleased do not stretch too much.

Shri Jatin Chakravorty:

স্যার, আমাদের নতুন অর্থমন্ত্রী মহাশয় তাঁর সম্পর্কে—তিনি বাজেট তৈরী করেছেন তিনি बर्लाष्ट्रन এक हो। बहुत श्रामारक समग्र मिन नजुन (थना मिथिरा एनव। এवः सात्र, नजन খেলা কি রকম দেখাচেছন—তা দেখন, স্যার, সরকারী কর্মচারীদের ডি.এ. সেই ডি.এ. তাদের মষ্টিভিক্ষা হিসাবে দিয়েছেন। শিক্ষকর। বলেছেন এর আগেও আমি একদিন বলেছি যে আজ সরকারী কর্মচারীদের সঙ্গে ব্যঙ্গ বিদুপ কর। হয়েছে। এই দৃ্দুল্যের বাজাবে তিনি এক বছর খেলা দেখাবেন—প্রফুল্লবাবুকে বলেছেন একবছর আমাকে কোন রক্ষে রাখুন। স্যার, বাজেট উপস্থিত করতে গিরে—আমি বাজেট পড়েছি, স্তক হয়েছে বিধান প্রশৃত্তি দিয়ে প্রায় আমাদের মহীতোঘবাবুর মত। স্যার সমাপ্তি হয়েছে গান্ধীজির নাম করে— উপসংহার করেছেন রবীন্দ্রনাথের নাম করে। কিন্ত জিজ্ঞাস। করি সেলস ট্যাক্স চরী বয় করার রাস্তা কি? তার কথা তিনি এতটুকু বলেননি। স্যার, ঐ অর্থ মন্ত্রীর কাছে আদি জিজ্ঞাসা করতে চাই, আমি চিঠি দিয়েছিলাম—সরকারী কর্মচারীদের একটা অংশের জন্ম স্যার—দুই দুইবার চিঠি দিই, প্রথম চিঠি দিই ২৭এ ডিসেম্বর তারিখে, দ্বিতীয় ৬ই ফেব্র মার্বি তারিখে আমি নিজে পৌছে দিয়ে আসি—সাধারণ ভদ্রতা জ্ঞান নাই যে তিনি চিঠির একটা **ज्याकनत्नज्जरम** करतन- वर कात जना निर्थिष्ट्रनाम- निर्थिष्ट्रनाम र छि. व. मात्रु छ হয়েছে এবং নতুন ক্ষেল অব পে এসেছে কিন্ত যারা পুরানো কর্মচারী তারা পেনশন পাবার সময়-কারণ এটা ৬২ সাল থেকে এটাকে এফেক্ট দেওয়া হচ্চে! যারা দীর্ঘদিন চাকরী করবে তারা তার স্থযোগ পাবে। কিন্তু এক শ্রেণীর কর্মচাবী^র তারা তা পাবেন না। অথচ এই অর্থ মন্ত্রীকে আজকে জিজ্ঞাসা করতে চাই দুর্গুলোকে নানাকথা বলে—তার কাছ থেকে জবাব চাই সেটা হল এই যে পি.কে. মুখাজি বনে তার কোন পরিচিত লোক আছে কিনা—এবং তাকে ইল্লিগালি স্থগার ইম্পোটার করা হয়েছে কি না—হাওড়ার ম্যাজিস্টেট আছেন তাকে ইনফু য়েন্স করে এটা বেনামদার হিসাবে আজ ^{তিনি} স্থগার ইম্পোর্টার-এর লাইসেন্স দিয়েছেন কিনা—এই অভিযোগ তাঁর বিরুদ্ধে শোন ^{বায} —সত্য কি না আমি জানতে চাই। স্যার, আমার শেঘ কথা পর্ব বঙ্গের হতভাগ্য ছিনু^{মুন্} মানমদের যে অবস্থা তার কথা আমাকে বলতে হবে। আমি বারবার বলেছি এ ^{সভাষ} বলেছি—যে এদের সহানুভূতি নাই, মুধ্যমন্ত্রীর সহানুভূতি নাই, ত্রাণ মন্ত্রীর মহানুভূতি ^{নাই,} দরদ নাই, সব সময় এদের বিতৃষ্ণার ভাব। খালি চেষ্টা কেমন করে এই দায় ঘাঁড় ^{থেকে} নামানো যায়। এক স্থরে কথা বলে চলেছেন। মুধ্যমন্ত্রী, অতল্যবাবু—অত্ল্যবাবু এ^{কা},

চতুরতার সক্ষে সেণ্টারস রেশপনসিবিলিটি বলেছেন। কিন্তু স্যার, মুখ্যমন্ত্রী বলেছেন সেণ্টারস রেশপনসিবিলিটি অতুল্যবাবু বিবৃতি দিচেছন অল ইণ্ডিয়া রেসপনসিবিলিটি হিউম্যান আসেপেই মেটা সেই সম্পর্কে সম্পূর্ণ উদাসীন। আজ অল ইণ্ডিয়া রেসপনসিবিলিটির নাম করে সেই হতভাগ্য ছিনুমূল মানুমণ্ডলোকে আজ পাটের বস্তার মত মাল গাড়ী ভণ্ডি করে দণ্ডকারণ্য পাঠাতে হচেছ। এবং অতুল্যবাবুর, বিবৃতি বেরিয়েছে গত কাল সেটটসম্যানএ তাতে তিনি বলছেন—

East Pak refugees are to be rehabilitated outside West Bengal and they should try to adopt them selves to the social and economic life of the respective States.

14.30 4.40 p.m.]

স্যার, আমার সমাজ, আমার ভাষা, আমার সংস্কৃতি, আমার আচার-ব্যবহার, সমস্ত কিছু নই হয়ে যাবে অথচ এই সভায় ভাঃ চারুচক্র সান্যাল, তিনি বিরোধী দলের নয়, তিনি আমাদের সংখ্যা বিশারদ মুখ্যমন্ত্রীকে তথা দিয়ে সংখ্যা দিয়ে দেখিয়ে দিয়েছেন য়ে পশ্চিম বাংলায় এখনও ২৫ লক্ষ লোককে পুনর্বাসিত করা যায়। স্যার, গতকাল মুখ্যমন্ত্রীর জবাব আপনাব মনে আছে। তিনি বলেছেন লোক বেশী হয়েছে বাংলাদেশে। একটা ছাত্রকেও স্থান দেওয়া যাবে না। অথচ পশ্চিমবাংলার দরজা অবারিত রয়েছে বিহার, উত্তর পুদেশ, মাদ্রাজ্বে জন্য, কেবল বাঙালী অবাঞ্চিত, বাঙালীকে টুকরো টুকরো করে সমস্ত ভারতবর্ষে স্বিযে দাও, তাদের অবলুপ্তি হোক। কেক্রকে এঁরা সাহায্য করছেন। স্যার, দওকাবণ্য পবিকলপনা নিয়ে আজকে দুশ্চিন্তা দেখা দিয়েছে। আপনি গতকাল স্টেটসমান পত্রিকায় দেখেছেন যে সেখানে দুরক্রের গোলমাল চলছে। হিউজ এরিয়া, তিনটি মেন পকেট—পারেলকোট মধ্যপ্রদেশে পড়ে, অমরকোট এবং মালকান্দি উড়িঘ্যাতে পড়ে। মনে নাথবেন স্যার, এক এলাকা থেকে আর এক এলাক। ১/১।। শো মাইল দূবে পড়ে। কোন বের রোড নেই এবং শুধুমাত্র পারেল কোট কৃষিতে সফলতা অর্জন করেছে, বাকি দুটি জায়গায় মস্যাফর্য। বৃষ্টির উপর নির্ভ্র করে গাকতে হয় সেখানে হিল্প প্রতিঠা করতে হবে

So that the industries can be a stand by for the agriculturists' families there.

কিছ কোন স্কীম আজাও হয়নি। এখন নাকি শুনচি যে ইণ্ডাফ্টিয়াল স্কীম হচেচ। কিন্তু েশা ১৫০ শো মাইলের মধ্যে কোথায় করবেন? যেখানে তারা রয়েছে তার কাছে যদি না হয় তাহলে তাদের কোন উপকারে আসবে না। জলপাইগুড়িতে যদি কোন লোক পনর্বাসিত হয় এবং কলকাতায় যদি শিল্প প্রতিষ্ঠিত হয় তাহলে যেমন তার কোন উপকারে যাদেন। তেমনি তাদেরও কোন উপকারে আসবেনা। পোটেনসিয়ালিটি সম্পর্কে আজকে কোন চিন্তা করা হচেছ না। স্যার, আমার শেষ কথা হচেছ খানা-জনসন, প্রেম কিষেণ-শন্ত ব্যানার্জী এই এক্সিস আজ শৈবাল গুপ্তকে নাজেহাল করবার চেষ্টা মুর্থামন্ত্রী এবং অতল্য বাবর আন্তরিকতা দেখতে চাই, তাঁরা সেই এক্সিসকে সেই চক্রকে যদি ভাঙ্গতে না পারেন এবং স্কুষ্টু পরিকল্পনা যদি না করেন এবং ^দওকারণ্যে যদি কেবল মাত্র তাদের পাঠাবার ব্যবস্থা করেন তাহলে আমি বলব যে তাঁদের শান্তরিকতা নেই। তাই আমি বলব ১৯৬৪ সলে যে তিনটি সবচেয়ে বড় সমস্যা পশ্চিম ^{বাংলার} মানুষের সামনে উপস্থিত হয়েছে সেই সমস্যাগুলি মারাম্বক স**ন্ধটে** পরিণত হ**বে**। প্রথম, পূর্ববিদ্ধের সংখ্যালঘু নবাগত উদাস্তদের কথা যা এই মাত্র আমি বললাম। এদের ^{জনা} বাংনাদেশে প্রথমে চৈষ্টা করতে হবে। দণ্ডকারণ্যে বা অন্য প্রদেশে সঠিক পুনর্বাসনের জনা যে চাপ যে শক্তি প্রয়োগ এবং যে দূরদশি রাজনীতিকের ভূমিকা নেওয়ার প্রয়োজন ^{স্থানদের} এই মুখ্যমন্ত্রীর তা নেই। দুই নম্বর হচেছ, আমাদের পশ্চিমবঙ্গকে শাম্প্রদায়িকতার ^{বিষ থেকে} মুক্ত করা এবং স্থপরিকলিপতভাবে অথচ অন্যায়ভাবে নয় গুণ্ডামির ব্যাধি থেকে ^{মুক্ত} করা এবং স্কুস্থ সামাজিক প্রতিকারের **ধারা অশাস্ত এবং অন্ত**ত শক্তিগুলিকে ধীরে ধীরে ^{বিকার}গ্রন্ততা থেকে ফিরিয়ে আনতে যে ক্ষমতার প্রয়োজন আমাদের এই মুখামন্ত্রীর সেই ^{ক্ষ}তা নেই, সেই অধ্যবসায় নেই। এবং শেদ হচেছ এই বছরের **পাদা সমস্যা, বার** সমাধান তিনি করতে পারেননি, কোন দিন করতে পারবেন না। এই যে তিনটি বাংলাদেশে প্রধান সমস্যা সেই সমস্যার ব্যাপারে এই সরকার ভগু মেরুদণ্ড, বাতগ্রস্থ এবং ভঙ্গুর এই সরকার এবং তার প্রবর্তক আমাদের এই মুধ্যমন্ত্রী। স্থতরাং তিনি সম্পূর্ণ, অযোগ্যা, তিনি তা পদত্যাগ করুন।

Shri Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আমি ১৯৬৪-৬৫ সালের যে আয় ব্যায়ের হিসাব অর্থাৎ যা মাননীয় অর্থ মন্ত্রী এখানে উপস্থিত করেছেন আমি সেটা সর্বান্তকরণে সমর্থন করি। আর্চ এটক নিবেদন করতে চাই যে এই বাজেট স্রচিন্তিত এবং স্থপরিকল্পিত। আমি একথা বল চাই যে এই বাজেটকে আমি সমর্থন করছি এইজন্য যে এই বাজেটে নতুন করে কোন প্রত্যক্ষ ক ধার্য করার প্রস্তাব নেই, যদিও একথা অনস্বীকার্য যে পরোক্ষ কর ধার্য্য করার প্রস্তাব এই বাজেন রয়েছে। আমি আমার পূর্ববর্তী বক্তা শ্রীযতীন চক্রবর্তী মহাশয় যে সমস্যা*তিনটির কথা বলেছে: তার শেষ সমস্যা খাদ্য সঙ্কটের যে কথা বলেছেন সে সম্বন্ধে ২।৪টা কথা আপনার সামনে বলবে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সমবায়ের মাধ্যমে এবং নানাপ্রকারে খাদ্যসমস্যা সমাধান করবত জন্য চেষ্টা করেছেন। একণা আমি বলবো যে খাদ্য সমস্যা আজ নূতন নয়, খাদ্যাভঃ যে বহু পূর্বেও হত কথনও কথনও সেটা আমরা জানি, আমরা চাত্রাবস্থায় দেখেছি যে বার্মা থেকে চাল এনে সেই খাদ্য সঙ্কটদুর করতে হত। তবে এটাও আমি স্বীকার করি যে তখন খাদ সমস্যা এত সন্ধটপর্ণ ছিল না। এত সন্ধটজনক ছিল না। সেই সমস্যা অত্যন্ত বেডে গেছে এবং এতে আজকে মধ্যবিত্ত এবং নিশ্মধ্যবিত্ত সকলেই জর্জরিত হয়েছেন। আমি সেজন সমবায়ের মাধ্যমে সরকার কি করেছেন এই সন্ধট দূর করবাব জন্য সেটাকে এখন বল্ডি এটা আমরা সকলেই জানি যে খাদ্য সমস্যা দূর করতে হলে কিম্বা কমাতে হলে আমাদের উৎপাদন বেশী করে করতে হবে। আমি এক্থা বলবো যে খাদ্যোৎপাদন বেশী করতে হবে এবং তার যাতে স্ক্রসম বণ্টন হয় তার ব্যবস্থা করতে হবে। আমরা এটা অভিজ্ঞতা খেনে দেখি যে বাস্তবিক যখন বছর শেষ হয়ে যায় তখন আমাদের চাষীভায়েদের হাতেও যে অর্থ খাকে সে শেষ হয়ে যায়, তাদের হাতে এমন অর্থ থাকে না যার দ্বারা তারা চাম্বের কাজ স্কুচার্রূপে সম্পন্ন করতে পারেন। সেই অবস্থায় তাদের টাকার প্রয়োজন হয়। সেজন আমাদের পশ্চিমবঙ্গ সরকার কিভাবে সাহায্য করছেন সেটা আমি আপনাদের কাছে বলি ওয়েস্ট বেঙ্গল প্রভিনসিয়াল কো-কপারেটিভ ব্যাঙ্ক রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দায়িতে টাকা নেন এবং সেই টাকা ডিস্ট্রিক্ট সেণ্টাল কো-অপারেটিড ব্যাক্ক-এর মাধ্যমে সমাবায় ব্যাক্কে পাঠান এবং সেখান থেকে সব চাষী ভায়াবা সেই টাক ঋণ গ্ৰহণ কৰেন।

[4-40-4-50 p.m.]

(Noise and interruptions.)

বালকের মত উক্তি উনি করছেন। এম, এল. সি. হয়েছেন, অন্ততঃ তাঁর নীতি সম্বং জ্ঞান থাকা উচিত। আমি মনে করি তিনি এখানে ডিগনিটি মেইনটেইন করবেন।

স্যান, আমি এই কথাই বলতে চাচিছ্ যাতে করে কৃষি ভাইরা, যাকে ক্রপ লোন বলে, সেই ক্রপ লোন পান, তার জন্য প্রচেটা চলেছে। আমরা দেখছি ১৯৬০-৬১ সালে সারা বাংলা দেশে ২ কোটি ৪৩ লাখ টাকা দেওয়া হয়েছে ক্রপ লোন হিসাবে। ১৯৬১-৬২ সালে আমরা দেখতে পাই ২ কোরস ৫১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ১৯৬২-৬৩ সালে আমরা দেখতে পাই ৩ কোরস ৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ১৯৬৩-৬৪ সাল, যেটা এখনও শেহ হয়নি, আমি বলছি কো অপারেটিভ বৎসর হচেছ ১লা জুলাই থেকে ৩০এ জুন পর্যন্ত, এ বছর এখনও শেষ হয়নি, —৩ কোটি ৮৩ লাখ টাকা, আমাদেব রিজার্ভ ব্যাঙ্কের টাকা দিয়েছি. এবং প্রভিন্সিয়াল কো-জ্পারেটিভ ব্যাঙ্ক, তার নিজের তহবিল থেকে ১ কোটি ৫৬ লাখ টাকা দিয়েছেন।

Shri Syed Shahedullah:

চাষীরা যা টোটাল ক্রেডিট নেন, তার কত পারসেপ্টেজ এটা ?

Shri Nagendra Kumar Bhattacharyya:

এটা আমরা যা দিচিছ---সেটাই বলছি, চাষীরা অন্য কারও কাছ থেকে নেন কিনা, তা আমি বলতে পারছি না। কিন্তু আমি বলচি এই ভাবে তাদের আমরা টাকা দিয়ে যাচিছ এবং সেটা ক্রমশঃ বৃদ্ধি করে যাচিছ, এবং তাতে আমরা দেখছি যে চাঘী ভাইদের চাঘ করবার স্মযোগ স্থবিধা বেডে যাচেছ। ৬ধ এই নয়, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ ল্যাণ্ড মর্ট গেজ বাছে থেকে টাকা ধার দেওয়া হচেছ, দীর্ঘ মেযাদী লোন দেওয়া হচেছ। সেটা হচেছ গিয়ে প্রথমে ২০ লাখ নাকা একবাব দেওয়া হয়েছে। তারপরেতে আবাব ১৪ লাখ টাকা দেওয়া হয়েছে, এবং তারপব ফের আবার ২০ লাখ টাকা ডিবেঞার ফুেটি করে দেওয়া হয়েছে। সেটাও পশ্চিমবাংলা সরকারের ট্রাস্টিসিপ এর অধীনে দেওয়া হয়েছে। স্থতরাং একথাই বলতে চাই যে যাতে করে চাদের স্পবিধা করা যায় সে সম্বন্ধে চেটা হচেছ. এবং সেই চেষ্টা দ্রুত অগ্রসর হচেত, এবং আমরা আশা বাখি যে ক্রমশঃ এই যে টাকা দেওয়া হচেছ এটা বিদ্ধি কৰা হবে, এবং আরও স্থগম হবে। আমরা দেখতে পাই বাস্তবিক শুনু চামের স্থাবিধা করে দেওয়া নয়, ফসল যথন তাঁরা ওঠান, তখন সেই ফসল বিক্রয়ের জন্য সর্কোটিং সোসাইটি রয়েছে, তার মাধ্যমে তারা সেখানে তাদেন ক্ষান রেখে, ত্রথনই বিক্রম ন। করে, যে সময় ফসলের দাম বেশী হবে, সেই সময় যাতে বিক্রম <mark>করতে</mark> পাবেন, সেই স্থ^{নিধা} তাঁরা পান। তাভাডা তাদের যদি নাকার প্রয়োজন হয় তাহ**লে** সে টাকাটা তাঁৰ: মার্কেটিং সোসাইটির কাছ থেকে কিছু আগাম পান।

Shri Sved Shahedullah:

পি-চমবাংলায় কবার মাকেটিং সোসাইটি আছে বলবেন কি?

Shri Nagendra Kumar Bhattacharyya:

এটা ঠিকই আরও মার্কেটিং সোসাইটি দরকার। কিন্তু এ সম্বন্ধে কাজ আরম্ভ হয়েছে এবং তার মাঝখানে এই মার্কেটিং সোপাইটি কব। হচেছ। আনও আমি আপনার ভাছে বলতে চাই বাস্তবিকই ল্যাণ্ড মর্ট গেজ ব্যাঙ্ক খেকে লোন দেওয়াতে সমবায় বেশ দ্রুত এগিয়ে চলেছে।

তানপরে আমি বলবো——ঙবু কৃষি ঋণ দেওয়া হচেছ তা নয আমাদেব ক্লকাতা সহরে দণ্টি ট্যাক্সিকো-অপারেটিত হয়েছে—এবং এই দণ্টি কো-অপারেটিতকে অনেক টাকালোন দেওয়া হয়েছে এবং তাব জন্য আমাদের পশ্চিমবক্ষ সবকার গ্যাবাণ্টার হয়েছেন। বাস্তবিকই দেখা মাচেছ যে যাবা বেকাব এবং যারা মোট্নড্রাইভিং জানেন. এই রকম সব লোক, যদি সমবায বদ্ধ হন, তাহলে অনেক পরিমাণে না হলেও কিছু পরিমাণে বেকার সমস্যা সমাধান হতে পাবে। স্তত্ত্বাং আমি এই কথাই বলবো—সম্বায় সম্বন্ধে আর বেশীকিছু না বলে, এইটুকুই বলবো যদিও পশ্চিম বঙ্গে সমবায় আন্দোলনের গতি খুব দুত ছিল না, কিন্তু সেটা ক্রমণ, দুত হচেছ এবং আশা করি যদি এই ভাবেতে আমরা চলতে পারি তাহলে আমরা অন্য রাজ্যের সঙ্গে সমান জায়গায় গিযে দাঁভাতে পারবো।

গ্যার, আমি আরও দুই তিনটা বিষয় বলতে চাই, প্রথম কথা হচেছ, ১৯৫৬ গালে আমি যথন এইখানে সত্য হিসাবে আসতে পেরেছিলাম তথন দুটা জিনিঘ আমি এখানে উপস্থিত করব— এবং তার সমাধান চাইব সেটাই আমি মনে করে এসেছিলাম। সেই দুটা হচেছ

"Recruitment of the District and Sessions Judges from the members of the Bar."

^{এই} একটী পুথম। আর দিতীয়টী হচেছ সেপারেশন অব জুডিসিয়ারি ক্রম দি এক্সিকিউটিভ এই ^{দুটা} সম্বন্ধে আমি এখানে এসে প্রশু দিযেছিলাম এবং সেই প্রশুবে উত্তরে পশ্চিমবঙ্গ সরকার ^{সক্ষে}সক্ষে এই কথাই বলেছিলেন যে ডিটিক্ট অ্যাণ্ড সেসনস জাজেস তার যতগুলি পদ আছে সেই ^{পদ} পূরণ করা হবে ক্রম দি মেঘারস অব দি বার। এবং সেটী হয়ে গিয়েছে। আমি এখন অনুরোধ করব যে পশ্চিমবঙ্গ সরকার এখন এটা ভাবুন যে প্রকৃত প্রস্তাবে এই যারা রিকুটেড হয়েছে তার। সকলেই স্থবোগ্য বলে পরিচিত হয়েছে। এবং তার। কাজকর্ম ভাল করছে। এই অবস্থায় সেই যে ২৫ পারসেন্টকে ৫০ পারসেন্ট করবেন কিনা? আর দিতীয় কথা হচেছ সেপারেশন ক্রম দি জুডিসিয়ারি ক্রম দি এক্সিকিউটিভ ইন দি পাবলিক সাভিস অব ওয়েট বেজল সে সম্বন্ধে আমি অনেক পুশু করেছি। এমন কি এই সেসনেও আমি পুশু করেছি এবং তার উত্তরে আমাদের আইন মন্ত্রী বিচার বিভাগীয় মন্ত্রী তিনি এই কপাই জানিয়েছেন যে হঁ্যা, আমাদের পরিকলপনা প্রস্তুত হয়েছে—এর আইন সংশোধন দরকার হবে, তারও ধড়সা পুন্তত হয়েছে। (শ্রী সৈয়দ সাহেদ্দুল্লা: এটা কংগ্রেসের ১৮৯৬ সালের প্রস্তুরা) সেটা আমি জানি। কিন্তু এবনও তারতবর্ষের কতকগুলি জায়গায় হয়নি। এবং আমর। এও জানি যে বোশ্বাই প্রদেশে অধাৎ যেটা এবন মহারাট্র বলে পরিগণিত সেখানে এটা হয়েছে। এবং আপনাদের অবগতির জন্য এ কথাও বলব যে আমি আরও সংবাদ পেয়েছি এবং সে সংবাদ থেকে আপনার। পাবেন যে পুক্ত পুন্তাব সরকার এ বিষয়ে এগিয়ে চলছেন। আমি এই কথা জানতে পেরেছি যে পশ্চিমবিজ সরকার এ বিষয়ে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা হচেছ

"Following decisions have been taken by Government in the matter as a preliminary measure towards separation.

- (a) Munsifs should be vested with criminal powers in consultation with the High Court.
- (b) Five posts of Additional District Judges should be created in the districts which have no permanent post of Additional District Judge for supervision and inspection of Criminal Courts.
- (c) The Code of Criminal Procedure should be suitably amended for giving effect to the separation.
- (d) After amendment of the Criminal Procedure Code the services of all the existing Magistrates engaged wholetine in criminal judicial work and half of the Magistrates engaged part-time in such work should be placed at the disposal of the Judicial Department. The services of these officers should, however, be replaced gradually at the disposal of the Home Department as and when new recruits are appointed. Recruitment of the Judicial Magistrate should be spread over a period of 10 years.
- (e) Though the munsifs will be vested with magesterial powers, they will continue to remain under the administrative control of the District Judges and the High Court."

আমার মনে হয় যে এই সব সিদ্ধান্ত যধন ইমপ্লিমেন্টেড হবে যধন কার্য্যে পরিণত হবে, তখন এই সেপারেশান এর কাজ এগিয়ে যাবে এবং শীঘ্র আমাদের পশ্চিমবঙ্গে এই পরিকল্পনা যে বিচার বিভাগ এবং আইন বিভাগ পৃথকিকরণ এই কার্য্য সমাধান হবে।

[4-50-5 p.m.]

স্যার, আর একটা কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই সেটা হচেছ আমাদের এই পশ্চিম বজে যে সব মিউনিসিপ্যালিটি আছে তার সম্বন্ধে। আমর। অনেকেই হয়ত সকলেই মিউনিসিপ্যালিটির মধ্যে বাস করি। মিউনিসিপ্যালিটির এখন যে আয় সেই আয়েতে তাঁর। নতুন কিছু কাজ করতে পারেন না। নতুন কিছু করা মানে কোন উনুয়ণমূলক পরিকলপনা তাঁরা নিতে পারেন না। এমনকি যেসব পুরাতন জিনিম তাদের রয়েছে অর্থাৎ যেমন ধরুণ জলের কল. বেসব জায়গায় ভেন রয়েছে সেই ভেনকে রক্ষা করা মেরামত করার মত তাদের অর্থ নেই। এই অবস্থায় আমি পশ্চিমবক্ষ সরকারকে এই অনুরোধ করব তাঁর। মাতে মিউনিসিপ্যালিটির আয় বেড়ে যায় সে সম্বন্ধে বাবস্থা করবেন। এখন দুরকমে মিউনিসিপ্যালিটির আয় বাড়াতে পারি, এক রকম হচেছ বেকল মিউনিসিপ্যাল এয়ায় সংশোধন করে মিউনিসিপ্যালিটিক ক্ষমতা দেওয়া নতুন কর ধার্ম করার জন্য, আর আর এক রকম হচেছ গর্ভণমেন্ট থেকে তাদের হাতে টাকা দেওয়া সাবভেনসান ছসাবে যাতে তারা কিছু কাজ করতে পারে, যাতে তাদের যে ফায়াট্টরী

ডিউটিজ, আইন তাদের যে দায়িজ দিয়েছে সেই দায়িজ তারা সম্পানু করতে পারে। আরি পশ্চিমবঙ্গ সরকারকে আপনার মাধামে এই অনুরোধ জানাতে চাই যে তাঁরা যেন দিতীয় পুস্তার যেটা সোটাই গ্রহণ করেন। কারণ আমরা সকলেই জানি যে শিক্ষা কর মিউনিসিপাানিটির মধ্যে শীঘ্রই বসতে যাচেছ, যে পরিমাণ হোক শিক্ষা কর বসবে। তার উপর যদি আবার সেখানে জন্য কর ধার্য করা হয় তাহলে সেটা হবে যাকে বলে লাই ই্যু জন দি ক্যামেলস ব্যাক। আমি সেজন্য বলব পশ্চিমবঙ্গ সরকার মিউনিসিপ্যালিটিগুলির যত পরিমান টাকার দরকার সেটা দেখে শুনে ধার্য করে তাদের সেই টাকা দেবার বাবস্থা করুন। সেটা করলে মিউনিসিপ্যালিটিগুলির উনুতি হবে, আর তা যদি না হয় তাহলে অবস্থা হবে যেসব ডেন আছে সেইসব ডেন ডেকে যাবে। তারপর মিউনিসিপ্যালিটির যেসব কর্মচারী আছে তাদের বেতন তারা ঠিকমত এবং ঠিক সময়ে দিতে পারবে না এবং উন্নতিজনক কিছু করতে পারবে না। এই অবস্থায় সরকারের সাহায্য অত্যাবশ্যকীয়। আমি আশা রাধি পুক্ত পুস্তাবে পশ্চিমবঙ্গ সরকার আমাদের মক্ষম্বল মিউনিসিপ্যালিটিগুলিকে সাহায্য করবেন যাতে তারা আইন জনুযায়ী তাদের উপর যে দায়িজ দেওয়া হয়েছে সেটা সম্পানু করতে পারেন। স্যার, আমার সময় শেষ হয়েছে, লাল বাতি জলেছে, আগি সেজন্য আর কিছু নলতে চাই না। আমি আবার এই বাজেটকে সমর্থন করের আমি আমার আমান গ্রহণ করছি।

Shri Amar Prasad Chakraborty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট ডিসকাসানে প্রথমত: যে জিনিঘটা অ্যাদের দৃষ্টিকোণ থেকে বিচার করবার চেটা করি এবং যেটা বলা কর্তব্য সেটাই আমি বলব। স্যার, কংগ্রেসী আবাদী সমাজতত্ত্ব থেকে আরম্ভ করে ভূবনেশ্বরী সমাজতত্ত্বের রূপ আমার দেখলাম। সমাজতত্ত্বের নাম করে দেশে যে একটা বিরাট ধাপণা দেওয়ার চেটা চলছে সেটা আমরা লক্ষ্য করিছি। শুধু তাই নয়, সমাজতত্ত্বকে কালার দেওয়ার জন্য ডেফিসিট ফাইনান্সিং এর কথা, ডেভেলপমেণ্ট ইকনমির কথা, প্রোগ্রেসিভ ট্রেডের কথা বহু বড় বড় গালভরা কথা আমরা শুনেছি এবং এখনও শুনছি। কিন্তু স্যার, আমাদের সাধারণ মানুঘ যেটা আসলে বিচার করে এবং আমরা বিচার করি সেটা হচেছ ইন এগাপিয়ারেন্স এটাকে যাই বলুন কিন্তু ইন এগাকচুয়ালিটি আমাদের দেশে কি হয়েছে। স্যার, এই ১৬ বছরে আমি মার্কসিজম ঘর্ণাৎ সাম্যেণ্টিফিক সোসালিজমের কথা বলছি না, কেভিশন সোসালিজমের কথা বলছি না সিন্ট সোসালিজমের কথা বলছি না সোসালিজমের কথা বলছি না গান্ধীয়ান সোসালিজমের কথা যার। বড় বড কথা বলেন, সেই সমাজতত্ত্বেব দিক থেকে লিবারাল ভিটে নিয়ে এটা কি কংগ্রেসকে জিন্তাস। কবতে পারি গ্রেটেস্ট ওডটু দি গ্রেটেস্ট নাম্বার দিতে পেরেছেন কিনা ?

্রেটেস্ট গুড টু দি গ্রেটেস্ট নাম্বার। আজকে ১৬ বছর কংগ্রেসী রাজ্বে আমরা পেয়েছি কিনা। স্যার, আবাদী সমাজতন্ত্র বা ভুবনেশুরী সমাজতন্ত্রের পরিপ্রেক্ষিতে, আমরা যে সমাজতন্ত্রে বিশ্বাস করি তাকে ছেড়ে দিয়েও মোট নিবারাল ভিউ নিয়ে আমি একথা ^{বলতে} পারি যে এই ১৬ বছরে গ্রেটেস্ট গুড টুদি গ্রেটেস্ট নাম্বার তে। হয়ই নি, <mark>বাট</mark> ্রেটেস্ট গুড টু দি পিপিল, যাদের গ্রেটেস্ট অ্যাকুমুলেস্ন ছিল, তার। পেরেছে। এ আমার বক্তব্য নয় স্যার, আজকে শ্রীমাননারায়ণ যিনি কংগ্রেসের সম্পাদক ছিলেন, মহলা**নবীশ** রিজার্ভ ব্যাক্ষের রিপোর্ট আপনি দেখুন যে অ্যাকচুয়ালী জনসাধারণের অবস্থা একি হয়েছে। এই বাজেটের যে চেহার৷ ত৷ কেন্দ্রের হোক বা স্টেটের হোক এই বাজেট থেকে মোটামুটি তার আাকচ্য়াল আাপ্লীকেদন থেকে, বিভিনু ট্রেড পলিসি থেকে, ভেভেলপমেণ্টাল ইকনমির নান করে স্টেট ট্রেডিং ব। ডেভেলপমেণ্টের নাম করে সেধানে তার। বিতে চেয়েছেন তাতে ফিউ পিপিল বেনিফিটেড হয়েছে এবং এখনও হচেছ এবং সত্যিকার জনসাধারণ অর্থাৎ <mark>যারা</mark> পুরোরার সেকসন, যার। গ্রেটেস্ট নাম্বার তারা গ্রেটার গুড় এখনও পায়নি। তাদের তথ্য ^{পেকে} বিচার করে আমি একথা বলছি স্যার, আপনার মার্ক যে সেদিন এখনও **অনেক** ^{দূরে}। কি হচেছ তাহলে? সাার, আসল জিনিস যেটা হচেছ, এটা আমার কণা নয়— আজকে সমস্ত দেশ 🐯 পশ্চিমবলে নয়, চোর এবং চোরাকারবারীর স্বর্গ রাজ্যে পরিণত হয়েছে। এটা জামার কথা নয়, এটা নন্দ সাহেবের কথা—এতদিন ধরে আমরা অপোজিসন বা বামপদ্বীরা ^{যে} কথা বলে আসছ আজকে নন্দ সাহেবও পার্লামেণ্টে দাঁড়িয়ে বলছেন _{যে} সমস্ত

স্মান্সকে চোর হয়েছে। আমি যা বলছি এটা একজন সাংবাদিকের কথা—তিনি দু:ধ করে **ক্ষেদ করে বলেছিলেন যে আমাদের সমগ্র দেশটা চোর এবং চোরাকারবারীর স্বর্গরাজ্যে** প্রিণত হয়েছে এবং দেশের সমস্ত ওয়েলও আজকে কনসেনট্রেটেড হয়েছে কিছু লোকের হাত **স্মাদের বহু আছে এবং যাদের কিছু নেই তারা আরো হারিয়েছে। স্যার, আপনি জাতীয় আয়ের** कथा চিন্তা করুন। মখাজী সাহেবের রিপোর্ট দেখন—আমাদের প্রাানিং কমিশন ৫ পার্সেণ্ট **(थरक** ১১ পার্সেণ্ট সেটা অশোক মেটা পরে বলেছেন আনর। ২০ পার্সেণ্ট বাড়াবো এটা যে **কতদর অবান্তব তা সকলেই জানেন এবং অ্যাক**চয়ালী আমরা কি পেয়েছি, পশ্চিমবঙ্গ কি পেরেছে--মুখার্জী সাহেব নিজেই স্বীকার করেছেন আমাদের ১।। পর্দেণ্ট ন্যাশনাল ইনকাম বেড়েছে। আজকে ভবনেশ্বরের সমাজতন্ত্রের কথা বলার পর তাদেরই প্রিয়পাত্র বিজ্ পট্টনায়ক এবং মহতাবের বক্ততা আপনি পড়েছেন। তাঁরা এ সমস্ত কথা বলেছেন, আমরা জাগেই শুনেছি, আমরা বামপ্ছীরা যখন বলি তখন আমর। খারাপ বলি, আমরা নাকি সবাই-এর মধ্যে দোম খঁজে বেড়াই---এই হচেছ আমাদের বিরুদ্ধে অভিযোগ কিন্তু আকচুয়ালি পিকচার রিজার্ভ ব্যাক্ষের রিপোর্ট কিম্বা মহলানবীশ কমিটির রিপোর্ট বা এঁদের বক্তৃতার আমরা কি পেয়েছি সেটা বিচার করে দেখুন এবং আজকে কংগ্রেসের কাছে এটাই আমার বক্তব্য যে আজকে তার। বাজেট অ্যাপ্রীকেসন দিয়ে দৈনন্দিন কনষ্টিটিউসান যা হয়েছে আনাদের ফুড সেনটার এবং এডুকেসন এ এটার কোনটার ব্যবস্থা করেছেন? আমরা অন্যান্য স্থ্ चों क्हात्मात कथा एंट्रए पिनाम किंख এগুनित, को नोनेत नावन्ना करतहान छोत कर्नाव দিন। স্যার, আজকে হয়ত হিসাবের কারচপিতে বক্ততার মারপাঁাচ, শব্দের মারপাঁাচে আমরা অনেক বৃহত্তর কথা বলে ব্ঝাবার চেঁপ্তা করছি কিন্তু আজকে এটা পরিছ্কার হয়েছে যে এটা বিরাট ধাপ্পা ছাড়া আর কিছুই নয়। বিভিনু সময় এঁদের কাছে এ সমস্ত প্রশু তুলে কোন সদত্তর পাইনি। পার্লামেণ্টারী ডেমোক্র্যাসীর দিক থেকে অন্ত**ঃ** অপোজিসনের তরফ থেকে যে সমন্ত প্রশু তোলা হয় সেগুলি একবার বিচার বিবেচনা করে দেখবেন. ৰিচার বিৰেচন। করে আমাদের বলবেন যে আজ সত্যিকারের এই ফুড, ফুড সেল্টার এবং এডুকেসন আমরা পেয়েছি কিনা এবং পাচিছ কিনা। স্যার, কৃষির কথা চিত্রা করে দেখুন যে আমাদের পশ্চিমবঙ্গে কি অবস্থা। যতীনবাবু বিভিন্ন ডিপার্চ মৈণ্টের স্যাল-অ্যাডমিনিস্কেসন বলেছেন—আমি এক কথাই বলেছি চোর এবং চোরাকারবারীর রাজত্ব চলছে। এসব সত্ত্বেও তারা বলছেন আমর। এফিসিয়েণ্টলী এন্যাডিমিনিস্ট্রেসন চালাচিছ. আমরা সমাজতন্ত্রেন দিক এগিয়ে চলেছি এবং আমরা কৃষি, শিক্ষা প্রভৃতির উনুতি করেছি।

[5-5-10 p.m.]

স্যার, কৃষির কথা, ধরুণ, পশ্চিম বাংলায় কৃষির কি উনুতি করেছি, দশ বছরের একটা জ্যাডুমিনিস্টেমন এর কমপারোটভ হিমাব আপনার কাছে রাখছি, আপনি দেখন। ১৯৪৯-৫০ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত আমাদের ফুড কি বেড়েছে; যেপানে ইভেন জন্ম, কাশ্মীবে ১৯৪৯-৫০তে--- ৩. ৩ ছিল, এবং ১৯৬০-৬১তে-- ৩. ৯ অর্থাৎ সেখানে ৭৭ পারসেণ্ট বেড়েছে--আর আমাদের বেড়েছে ১৭.০। ১৯৪৯-৫০ সালেতে আমাদের ছিল ১৯৬০-৬১ শ্রালেতে ছিল অর্থাৎ পারসেণ্ট 65.9 ১৭.০ পারসেণ্ট আমাদের বেড়েছে, অথচ ভারতের অন্যান্য স্টেটগুলির অবস্থা দেখুন। ইউ, পি তে ২৪.৯, রাজস্থানে ৩৭৭.৭, পাঞ্চাবে ৮৩.০, উড়িঘ্যায় ১৯.৯। স্যাব এই দীর্ঘ হিসাব থেকে দেখুন--মাইশোর, মাদ্রাজ, ইউ. পি এবং কেরালা, এদের কত তাল অবস্থা ; আর আনাদের অবস্থা হচেছ অতি শোচনীয়। কেনং ন্যার, এর পরিস্কার তার পর প্রথমত সেচের অবস্থা যা দে**ধছে**ন বাংলা श्टा शान वास्त्रिनिट हेमन। দেশের আমর। কি করেছি। আপনি হয়ত দেখতে পারেন দামোদরের জল দিয়ে কৃষকের ধান নষ্ট কবে দেওয়া হল। কৃষকের সাার, ঋণের দরকার। কিন্তু দেখা ^{যায}় তার কাছে ঋণের নাক। যখন গিয়ে পৌছায় তখন মরস্থ্র সিজন চলে গিয়েছে তার কাছে বীজ যথন গিয়ে পোঁছায়, যথন বীজের আর প্রয়োজন নেই। এই ধর^{ণের} অবস্থা আমর। পশ্চিমবঙ্গে দেখছি। এই অব্যবস্থার ফলে ফুড প্রোবলেম বা খাদ্য সম্পা আমাদের এখানে চিরকাল রয়েছে। আমরা খাদ্য, সেলটার, এবং এডুকেশন এর কথা ^{বলে} ছিলাম। আমি বিশেষ করে খাদ্য এবং কৃষির দিক োকে বলছি যে আজকে আ^{মরা}

কোধায় আছি? ১৬ বছর পরে স্যার, এটা সেভেনটিন্ধ ইয়ার-এর বাজেট পড়লো, আপনি দেখুন স্যার, এই সেভেনটিন্ধ ইয়ার-এতেও আমাদের কি অবস্থা। বিশেষ করে বাদ্যের কি অবস্থায় আমর। এসে পৌচেছি। স্যার, একটি কথা তবুও যে খাদ্য এখানে পায়, আজকে যদি এফিসিয়েণ্ট অ্যাডমিনিস্ট্রেশন হত, আজকে যদি শক্ত হাতে দমন করতে পারতেন—সেটা পরিকার হয়ে গিয়েছে গত খাদ্য আন্দোলনে। এখানে যা খাদ্য আছে, সেটা আটিফিসিয়াল কারসিটি ক্রিয়েট করে, তাও ডিপ্রাইভ করে জনসাধারণকে, তার দাম অতিরিক্ত বাড়িয়ে দেওয়া হয়।

স্যার, এক শ্রেণীর লোক যার। সরকারের সাথে কননাইভ্যান্স ক'রে হোর্ডারসর। আছে, ভারা সাহসের সহিত হোর্ডিংক'রে এবং মানুষের প্রধান জিনিষ যে খাদ্য তা. তারা চোরা-কাবরারী ক'বে আজ জনসাধারণের উপব দুঃখের বোঝা চাপিশে দিচেছন।

म्यान, पार्शन पर्वराइन प्रमान परिनानरन अत. (यो। এशीरन वन्नतात वना शराहरू দমদম দাওয়াই—তারপর খাদ্যের দাম হুহু করে নেমে গেল। আমাদের প্রেডাকসন পূর্বে যা ছিল, তাই থাকলো, অথচ দমদম দাওয়াই-এব পর খাদোর দাম পড়ে গেল। তখন আপনি সাার, দেখেছেন এবং আমরাও দেখেছি যে ৰাজারে চাল পাওয়া যাচেছ কিন্তু চালের দাম অতাস্থ বেশী। কেন ? তার कान्य के तकम किं लाक हान जाकमुरनगन करत रतस्यहा। के रा मात. हाता ৰাববারের স্বর্গরাজ্য তারা এটা মজুত করে রেখে, একটা আটিফিসিয়াল স্কারসিটি স্সষ্ট ক্ষে জনসাধারণের উপর অতিরিক্ত ব্যয়ের বোঝা চাপিয়ে দিচ্ছে। যে সরকারের হাতে ব্রাহ্ন শাসন ব্যবস্থার ভার রয়েছে, তার। এর কোন প্রতিকার ব। স্ববন্দোবস্ত করতে পেরেছেন কিনা, স্যার, আপনি বলুন। সেকেগুলি স্যার, আমি সেলটার সম্বন্ধে কিছু বলতে চাই। স্যার, এই সেল্টার-এর কি ব্যবস্থা হয়েছে দেখন। আজকে মধাবিত্তের কি অবহা দেখুন। তাদের বাসস্থানের সমস্যাটা একবার দেখুন । আনরা কি করছি । স্যার বিবাট বিরাট স্কিমের কথা আমর। বলছি, আমরা ওখানে স্লুট লেক এরিয়াতে বিরাট বিরাট বার্টা তৈরী করবার পরিকলপনা করছি। আমাদের মুখ্যমন্ত্রী, প্রফুলুচন্দ্র সেন মহাশয়, পে দিন বলেছিলেন যে ভেটেরিনারি কলেজের কাছে ফ্রাট বাড়ী তৈরী করবার জন্য পৰিকল্পনা গ্ৰহণ করেছেন, আবার কালকে বললেন যে গোয়াবাগানে ফুাট তৈরী করছি। কিছু সাার, অ্যাক্চয়ালি মধ্যবিত্তের হাউসিং প্রবলেম যেটা তার এতটুকুও কি আজ ১৬ বছরের মধ্যে সল্ত করা হয়েছে। অধিকন্ত স্যার, ক্যালকাটা ইম্পুর্ভুনেণ্ট ট্রাস্ট এবং গাইসি॰ ডিপার্ট মেণ্ট এই কলকাতার জমি নিয়ে যে ভাবে ডিসিটুবিউট করছেন তাতে দেংকেন সাার, কলকাতার যাবা সানস্ত্রত্ব দি সমেল, তাদের হাতে এই জমি **আসবে** नाः गातः, जाशनि (बत्नचाहे। क्रिय्मत कथा निन्हम अन्तर्हन, थवत यपि तनन, छारत्न েখনেন এখানে এবং দল্ট লেক স্কিনের জমি যে দরে বিক্রম কর। হচেছ তাতে মধ্য-জমি কিনতে পারবে না। সেজমি কিনবে ঐ বিড়লা, গোয়েক্কার 💯 ত্রমির যাদর করা হচেছ মধ্যবিত্তর। সে জমি কিনতে পারবে না। সে জমি কিনবে ^{বিভলা} গোয়েশ্বার দল। স্থতরাং সেল্টার এর ব্যাপারে নিমুমধ্যবিত্তের একই অবস্থা। ^{হু}তে সরকারের কাছ থেকে উত্তর আসবে আমরা ৮ হাজার টাকার লো ইনকাম গ্র**ুপ** ^{স্থীন} করেছি। তোমরা বাপু টাক। নাওনা কেন? স্যার, আজকে ৮ হাজার টাক। ^{বোন} দেবেন বলে খুব ফলাও[°] করেছেন। অ্যাকচুয়াল পিকচার যদি আপনি জানেন তাহলে ^{সাপনি} আশ্রুর্য হবেন। সেটার এফেক্টিভনেস আজকে কয়জন মধ্যবিত্ত নিতে পারছে? তাই ^{সাজকে} সরকার বলুক। কিন্তু সরকারের কাছ পেকে যেটা সংবিধানমতে আমর। ^{বলতে} পারি যে সরকারের যে দায়িত্ব বাসস্থানের যে দায়িত্ব মধ্যবিত্তের এনং নিগুমধ্যবিত্তের ^{এবং} শ্রমিকশ্রেণীর সে দায়িত্ব সরকার কতটুকু পালন করেছে এই ১৬ বছরে? তার। আছকে বলুক। স্যার, অনুরূপ ভাবে শিক্ষার কথা অনেকে বলেছেন---আমি শিক্ষার কথা ^{জান ব}লতে চাই না। তারপরে স্যার, আবেকটা কথা যেটা বিশেষভাবে বলতে হয় সে ^{ংচ্চে} স্থাডিমিনিস্ট্রেশন চালাতে গেলে—এই দিকে তো স্থামাদের স্যার, দুরবস্থা চলছে— প্রেট হচেছ পুলিসের কথা। এইবার পুলিসের কতকগুলি জিনিম আপনি দেখুন। ^{শাসন ক্ষমতা} চানাতে গেলে পুলিসের উপর জনসাধারণের কনফিডেন্স ধাকা দরকার। এবং পুলিসের ব্যবহারে — ঠিক যেমন বৃটিশের পুলিস ব্যবহার করত সেই ব্যবহারের এখন তারতম্য হওয়া দরকার। কিন্ত স্যার, আজকে বিভিনু জায়গায় আপনি দেখবেন—এবং এই হাউসেও আপনি জনেছেন বিভিন্ন জায়গায় পলিস যেখানে অ্যাকসন নেওয়া সেখানে অ্যাকসন নেয় না—আবার এমন জায়গায় ওভারজেলাস ভাবে হয়ত ভাবে অ্যাক্সন নিল, সেখানে জনসাধারণকৈ এমন চাপ দিল, এমন প্রেসার দিল সেখানে জ্বন সাধারণের আসল সমস্যা তাদের যে গ্রিভেনসেস তার সমাধান হল না। একটা ইনসটেন্স দিয়ে বলছি---স্যার বডবাজারে পলিস স্টেসন-এ একজন দারোগা আছে---স্যার, শুনি বড়বাজারে বদলি হবার জন্য ৩০ হাজার ৪০ হাজার টাকা পর্যস্ত নাকি দরাদিং হয় বেমন সীমান্ডের প্লিশরা দ্রাদ্রি করে সীমান্ডে বদ্লী হতে চায়-কারণ এক্সপোর্চ ইম্পোর্ট-এর যে চোরাকারবার চলছে তাতে তার। অত্যস্ত লাভবান হয়। এবং এই বিং কমিশনার থেকে আরম্ভ করে আই জি পর্যন্ত নাকি চলে। স্যার, আমি তিনটি জাজমেণ ম্যাজিস্ট্রেট-এর পড়ে শোনাচিছ—স্যার, এরা কি ভাবে আউট অফ গ্রাজ ইননোসেণ্ট লোককে এনে দাঁড করিয়ে দিয়ে তাকে স্কইজ করার জন্য বিভিন্ন লোককে প্রেসার দিনে কোর্টে এনে মামলা খাড়া করে দেয়। তাতে সরকারের অর্থ তো অপচয় হয়ই অধিকম্ভ জন সাধারণের মধ্যেও পলিসের উপরে একটা অবিশ্বাস ও ঘণার ভাব জাগে। আমি একটা লাইন **তথ্পড়ে দিচিছ, স্যার ম্যাজিস্টেট বলছেন ডিসকাসিং অল দি ফ্যাক্টস-এর মধ্যে আমি যাব ন** "I have referred to all the facts simply to show how things are taking shap inside Burrabazar police-station."

তারপরে স্যার, বলেছেন কেন এদের পুসিকিউট করেছেন। তারপবে আবেকা জাজমেণ্ট পড়ছি দেখুন সেখানে প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট-এর কোট-এ—এখানে বিজ্ঞাকিউজড ওয়াজ ডিসচার্জড। আমি শুধু দেখাচিছ যে অকারণে অহেতুক অত্যাচা আউট অফ গ্রাজ—এই এটিচুড নিয়ে যদি শাসন কাজ চালায় তাহলে তাব গোড়াট দুর্বল হয়ে যায়। স্যার, এই সমস্ত ম্যাজিসেট্রেট-এব রিমার্ক গাকা সত্ত্বেও এই সমস্ত পুলি অফিসার এখানে আনন্দে বসে আছেন।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

(কোন পুলিস স্টেশন-এ?) বড়বাজার পুলিস স্টেশন-এ। তাহলে আমাকে থানিকটা পড়তে হ Then I will have to read the relevant portions of the judgment. "Sant Ranjan Sarkar was favoured much by the officers of Burrabazar police station. He was a proclaimed offender. Proclamation was duly published on 26th December, 1962. It is astonishing to note how this proclaimed offender could go to Burrabazar police-station and lodge diary on 20th March, 1963. He was proclaimed an offender on 20th March 1963." Then he concludes—what is going on in the Burrabazar police-station.

স্টেবল তার। অনেস্টলি কাজ করছিল। সেখানে আমি পড়ে দিচিছ।

[5-10-5-20 p.m.]

From the trend of evidence it is found that the O.C., Assistant Commissioner and the D.C. wanted to set an example before the subordinate constable by prosecuting these two accused persons so that other constables may be careful before harassing the unnecessarily any innocent person. I appreciate such view of those officers but I would also expect that those officers should have been more careful before finally deciding to prosecute these two constables. I think if those officers were bit careful to scrutiny or to verify the report of the I.O. as well as other documentary evidence as stated above, it would have been clear to them that these two constables committed no offence and htey acted as they were required to do.

স্যার,আমি আর একটু সময় পেলে আমার কাছে বনগায়ের কতকগুলি রিপোর্চ আছে ^{সেওলি} আমি বলতে পারতাম। যাই হোক, আমার শেষ কথা হচেছ, আপনি দেখেছেন যে এই প্র^{বরেন} সন্ধন্ধে কালকে মুখ্যমন্ত্রী বলেছেন, দুংখে আমাদের মন গলে যায়, যে বাংলাদেশে একটা রিঞ্চিজীও রাখব না। আমি শুধু বারবার এই জন্য বলছি ইট ইজ এ বানিং পুবলেম। মানুম্ব যদি মরে গেল, মানুম্বের মনুম্বাজ্ব যদি চলে গেল তাহলে আমরা বাজেট আর টাকা নিয়ে কি করব। সেই মনুম্বাজ্বর শিয়ালদহ সেটশনে যে অবস্থা হয়েছিল তাতে, আজকে শৈলবাবু সন্ত্রী হপ্তরার জন্য আই প্রেজ হিম, ৪৫ লক্ষ টাকা দিয়ে শিয়ালদহে যে লোকগুলি পড়েছিল তাদের জন্য বিশ্বচার্চের সাহাযোর ব্যবস্থা করে দিয়েছেন, সেটা আপনি জানেন স্যার। আমি বলছি এই রকম দুংস্থ যদি আসে তাহলে তাদের জন্য আজকে চারুবাবু যেটা বলেছেন এখনও স্থাক্ষরন ডেভেলপ করা যায়। আমরা অপোজ করছি না দওকারণো যাওয়ার। দওকারণ্যে যাক। কিন্তু বাঙালীর ছেলে যাতে বাংলাদেশে থাকতে পারে তার আগে ব্যবস্থা করা দরকার। আমি স্পেসিফিক্যালি বলেছি যে স্থাক্ষরন ডেভেলপ কবলে এখানে বাঙালীরা রিহ্যাবিলিটেটেড হতে পারে, আজকে বাঙালীর ছেলেরা বাংলাদেশে বাস করতে পারে। আরি সেজন্য আপনাকে বলছি যে আমরা এমনই হৃদয়হীন যে যুক্তি তর্ক দিয়ে এই বাজেট ডিসকাসান করতে চাই না বলে আজকে এই কথাগুলি আপনার সামনে তুলে ধরলাম। আশা করি সরকারের তরফ থেকে আমাদের এই কথাগুলি বিচার করবেন।

Shri Rezaul Karim:

গভাপতি মহাশয়, আজকে আমার বিরে: 🏗 দলের বন্ধুরা বাজেট সম্বন্ধে অনেক আলোচন। করলেন। তাঁরা মনে করেন যে বাজে সম্বন্ধে আলোচনা মানে কেবলই নিশা করা। বাজেটের মধ্যে যে কিছু গুণ আছে, কিছু গ্রহণ করবার জিনিস আছে, কিছু বৈশিষ্ট আছে এদিকে তাঁদের কোন নজর যায় ি। সেজন্য আমি বাজেট সম্বন্ধ কয়েকটি বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে আমাদের বিরোধী বন্ধুরা অনেক কথা বলেছেন, তাঁগ। অনেক অভিযোগ করেছেন। আমি দেখছি যতই অভিযোগ করুন তাঁদের বিরুদ্ধে এই অভিযোগ করতে পারবেন না যে তাঁরা বহুভাবে পশ্চিম বঙ্গের উনুতির চেষ্টা করেন নি। তাঁরা পশ্চিমবঙ্গের উনুতির জনা বছবিধ চেষ্টা করেছেন, श्युष्ठ कोन कोन क्लाया वार्थ श्रयाह्मन, मकन श्रुष्ठ श्रीरतन नि. नोना तकम वाशा विश्रवि বিষ্ন এসে তাঁদের এই মহান কাজকে ব্যাহত করার চেটা করেছে। কিন্তু মোটামটিভাবে তাঁরা বে বিশেষ সাফল্য অর্জন করেছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। পশ্চিমবঁস আজকে কর্ম-यक्तभौलाग्र পরিণত হয়েছে। গ্রামে যান, শহরে যান, মাঠে যান, যেখানে যাবেন সর্বত্র দেখবেন এই সরকারের যে সমস্ত গঠনমলক পরিকল্পনা আছে সেই গঠনমূলক পরিকল্পনার নিদশন তার পরিচয়, তার স্পষ্ট চিহ্ন। আঁমি বাজেন্টের কয়েকটি বিঘয় নিয়ে আঁলোচনা করব। প্রথমতঃ ৰাজেটে দেখতে পাচিচ অৰ্থ মন্ত্ৰী মহাশয় কতকগুলি গঠনমূলক কাজে। দিকে মন দিয়েছেন, यमन मत्रकाती कर्मठातीरमत रमिक्नान है हिरमत्नेत वावन्न। कर्ता शराह । अरेकना शांत्र ५ काहि ৫ লক্ষ টাকা ধরচ হবে। তারপর দেখতে পাচিছ মৃত কর্মচারীদের পরিবারকে ভাতা দেবার ক্থা চিন্তা করছেন এবং যেসব কর্মচারী আছে তাদের জন্য রিটায়ারিং বেনিফিটের ব্যবস্থা করছেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের হাতে খব বেশী টাকা নেই। এত বেশী কর্মসূচী ্র্যহণ করেছেন যে সেই পরিমাণ টাক। তাঁদের নেই। যথচ পশ্চিমবঙ্গ সরকারের বহ টাঁকা ক্ষ্রীয় সরকার নিয়ে থাকেন। সেজনা কেন্দ্রীয় সরকারের কাচে আমাদের বরাবরের ঘটিযোগ পাছে তার। যদি আমাদের ন্যায্য টাকা দিয়ে দেন তাহলে আমর। নানাভাবে পশ্চিমবঙ্গকে স্কল ^{দিক খেকে} শিক্ষার দিক থেকে অন্যান্য গঠনমূলক কাজের দিক থেকে উনুত করতে পারব।

ধক্ষন প্রথম শিলপকরণের কথা বলা হল, এব কতকগুলি বাধা আছে প্রথম বাধা হচেছ্ পাওয়ার সটেজ অত্যন্ত বেশী হয়েছে, যার জন্য অনেক প্রোগ্রাম আমর। কার্য্যে পরিণত করতে পারছিনা। যেমন ধক্ষন ডিপ টিউবওয়েল, নদীয়া জেলার ক্যেকটা জায়গায় ডিপ টিউবওয়েল ইয়েছে এবং শুনতে পেলাম অনেক সময় কাজ বন্ধ হয়ে খাকে, তাঁরা বলেন পাওয়ার সটেজ। এই পাওয়ার যদি আমরা স্থাষ্ট করতে পারি বা আমদানী করতে পারি তাহলে আমাদের পশ্চিম বাংলায় আরো বহু কাজ হবে। তারপরে ধক্ষন মোটামুটিভাবে অর্থমন্ত্রী বলেছেন

in terms of planned outlay West Bengal's performance has been best

भुगात्नत पिक थिएक शिक्तियवाः नात्र कांक य छे९कृष्टे शरप्रत्य रात्र विषया गर्माश त्ने विवर राजे। কেন্দ্রীয় সরকার বা প্র্যানিং কমিশন অনেকটা স্বীকার করেছেন। বর্ত্তমানে কতকগুলি নূতন স্কীমও গ্রহণ করা হয়েছে, যেমন ধরুন দুর্গাপুরের চারিদিকে ইণ্ডান্তীয়ালাইজেসন করার ব্যবস্থা হয়েছে এবং দুর্গাপুরে যিনি যাবেন তিনি দেববেন পশ্চিমবাংলার কি রূপান্তর ঘটছে। দম দম স্থপার হাইওয়ের ব্যবস্থা কর। হচেছ, সভট লেক রিক্লামেসন এটার কাজ শেষ পর্যান্ত যদি সফলত। লাভ করে তাহলে দেধবেন যে পশ্চিমবাংলার একটা বিরাট কাজ হবে। এই সল্ট লেক বে ক্ষতি করতো সেকথা চিন্তা করলেও শিউরে উঠতে হয়—সেই সল্ট লেককে আবার নতন করে পুনরুদ্ধারের ব্যবস্থা করা হচেছ। তারপরে দেখুন হলদিয়া পোর্ট ডেভেলপমেণ্টের করা হচেছ। ফরাকা ব্যারেজ, যারা সেখানে গেছেন তারা দেখবেন সেখানে একটা নূতন যজ্ঞশালা তৈরী হচেছ। এটা একটা বিরাট কীত্তি হবে—ফরাব্বার সংগে উত্তরবংগের যোগাযোগ শ্বাপিত হবে এবং আরে। অনেক কাজ হবে। কৃষির উনুতি যে অনেক হয়েছে সে বিষয়ে কোন गरमञ् रास्ट । পশ্চিমবাংলা আগে যে পরিমাণ খাদ্য উৎপাদন করতো এখন তার চেয়ে অনেক বেশী খাদ্য উৎপনু করছে। বিভিনু প্ল্যান কি ভাবে অগ্রসর হচেছ সে সম্বন্ধে কতক-গুলি কথা আমাদের অর্থমন্ত্রী বলেছেন। ধরুন স্যার, প্রথম প্র্যানে পশ্চিমবংগে ন্যার ধরা হয়েছিল ৬৭ কোটী ৬০ লক্ষ টাকা, হিতীয় প্রাানে সেটা বেডে হয়েছে ১৪৭ কোটী টাকা। প্রথম প্র্যানের প্রায় দিগুণ। তৃতীয় প্ল্যানে ২৯৩ কোটা টাকার ব্যবস্থা করা হয়েছে, দিতীয় প্ল্যানের দিগুণ। এই ভাবে প্রানের ব্যাপারে আমরা যে ক্রমেই টাকা বাড়াচিছ এই টাকাগুলি যে নই হচেছ ত। নয়, এই টাকাগুলি নান। দিক দিয়ে ছডিয়ে গিয়ে পশ্চিমবাংলার উন্তি করছে। এই প্রানে যে ৪০০ কোটী টাকা ধার্য্য করা হয়েচ্ছে এতে জ্বন্ত উনুয়ন হবে বলে আমরা আশা করি কিন্তু আমর। সেন্ট্রালীরেজ্ড় রেভিনিউর অংশ চাই। সেন্ট্রাল যদি সংভায়ের মত আচরণ করেন তাহলে আমাদের উনুতির প্রেণ অনেক বাধা হবে। আমি সেজনা কেন্দ্রীয় সরকারের কাছে দাবী কর্চ্চি আমাদের ন্যায্য পাওনা তাঁরা যেন দেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুনা প্রায়ই ৰলে থাকেন পশ্চিমবাংলার যত কিছু উনুতি হচেছ সোটা কনসেনট্রেসান অব ওযেলর্থ ইন এ ফিউ হ্যাণ্ডদ হচেছ। আমি বলি এটা ঠিক নয়। অবশ্য সতাই গণতান্ত্ৰিক দেশে কিছ কিছ লোকের হাতে টাকা পয়সা কেন্দ্রীভূত হবে এতে কোন সন্দেহ নেই কিন্তু টাকা যে জনসাধারণের নধ্যে ছড়িয়ে পড়ছে এ কখাও সঁত্য। কিছু কিছু বড়লোক আরো বড়লোক হচেছ একখা আনি অস্বীকার করছিন৷ কিন্তু নিঃস্ব দরিদ্র সর্বহারা এমন লোক যে ক্রমে ক্রমে একট্র একট্র করে আর্থিক সঞ্চয় করছে, আর্থিক উনুতির দিকে তাদের অগ্রগতি হচেছ সে বিষয়ে কোন गर्लार रारे। यना विश्वत जनाज्य कात्रा राष्ट्र लारकत क्रम क्रमाजा तराउट्ट। यमन वक्रम আমাদের শিক্ষকরা বেতন বৃদ্ধির দাবী করছেন, সরকারী কর্মচারীরা বেতন বৃদ্ধির দাবী কবছেন--**দেশের চতদিকে নানাভাবে উৎপাদন সৃষ্টি হচেছ, তারফলে মানমের হাতে টাকা আসছে। কাজেই** চাক। এলে ক্রয় ক্ষমতা বাডবে এবং ক্রয় ক্ষমতা বাডলে নি^{*}চয়ই জিনিসের দামও বাড়বে এটা ব্দর্ধনীতির গোডার কথা। চাষীর যে ব্রথনৈতিক উনুতি হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কোন চাষীর ছেলে যে কোনদিন মাাট্রিক, আই.এ. ্নি. এ পাস করবে এ কলপনাও কবতে পারেনি। আজ পল্লীগ্রামে যান দেখবেন চাষীর ছেলে বি-এ পড়ে, কোন কোন বৃদ্ধিমান ছেলে বি-এ **षनार्ग क्रा**र्स्य পড়ে। এ জিনিস তার। আগে কলপনাও করতে পারতো নাँ। আজকে চাষীদেব নধ্যে তাদের ছেলেদের শিক্ষাদেবার স্বাগ্রহ অত্যন্ত বেশী বেডেছে।

[5-20-5-30 p.m.]

বেকার সমস্যা পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে—সত্য কথা। কিন্তু আমি মনে করি পশ্চিমবঞ্চ সরকারের কোন ক্ষমতা নেই—এই সমস্যার সমাধান করা। আজ কংগ্রেসের হাতে ক্ষমতা আছে সত্য, কিন্তু, : দি অন্য কোন পার্টির হাতে ক্ষমতা থাকতো, সেও এই বিরাট বেকার সমস্যা-কে সমাধান করতে পারতো না। ক্রমশঃ ক্রমবর্দ্ধমান হারে এই যে শিক্ষিত বেকারের সংখ্যা বেড়ে যাচেছ, পশ্চিমবঞ্চ সরকারের কোন ক্ষমতা নেই, নিজস্ব চেষ্টায় এই বেকার সমস্যাব

সুনাধান করার। প্রত্যেক বারে হাজার হাজার ছেলের। প্রবেশিক। পরীক্ষা, হায়ার সেকেণ্ডারী, বি-এ, এম-এ এবং অন্যান্য ছোট খাটো ব্যাপারে পাশ করে বেরিয়ে আসছে। ইতিমধ্যে হাজার হাজার ছেলে পাশ করে বেসে আছে, চাকরী পাইনি। আবার লক্ষ্ণ লক্ষ্ণ ছেলে পাশ করে বেকারের সংখ্যা প্রত্যেক বছর বাড়িয়ে চলেছে। কি করে এই সমস্ত লক্ষ্ণ লক্ষ্ণ বেকার ছেলেদের সমস্যা সমাধান করতে পারবে আমাদের সরকার? এটা সরকারের পক্ষে অকর্মণ্যতার চিহ্ন নয়। এ ক্রমবর্জমান দেশে শক্তি, অর্থ, বিদ্যা বৃদ্ধি হচেছ, তারই চিহ্ন স্বন্ধাণ এই বেকার সমস্যা সমাধান সম্পর্কে আমি একটা কথা বলবো এইযে সব চাষীর ছেলেরা লেখা পতা শিখেছে, তাদের জন্য প্রথমে চাকরীর ব্যবস্থা করে দিতে হবে।

আমাদের দেশে যে খাদ্য সমস্যা দেখা দিয়েছে. তা সমাধান করা সরকারের পক্ষে কঠিন ব্যাপার। খাদ্যের দাম গত বছর সেপ্টেম্বর মাসে খব বেডেছিল। এটা মনেকেই জানেন যে পশ্চিম বাংলার ভাদ্র আশ্বিন ও কান্তিক এই তিনু মাসে খালোর মূল্য কিছু বাড়ে। তারপর ধান উঠতে থাকে এবং খাদেরে দাম ক্রমশঃ পড়তে থাকে। এবরি পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা অবলম্বন করেছেন, তাতে আমার ধারণা পশ্চিমবাংলায় খাদ্য সমস্যা সমাধান হতে পাবে। কিন্তু একটা কথা মনে রাখতে হবে পশ্চিমবঙ্গে খাদ্য সমস্যা কিছতেই সমাধান হবে না, যদি না আমরা বিকল্প খাদ্য ব্যবস্থা করতে পারি। কেবল ধানের [®]উপর নির্ভর করলে প্রিমবঙ্গ কখনও দাঁড়াতে পারবে না। ক্রমশঃই লোক বাড্ছে এবং জমির পরিমাণ ক্রমে মাসছে, স্তরাং বিকলপ ব্যবস্থা বা অন্য কিছু ব্যবস্থা না করলে বা গম ধাওয়ানর ব্যবস্থা ন কবলে. কিছতেই পশ্চিমবঞ্চকে দাঁড় করাঁতে পারবো না। আমার এক বন্ধু গত **কা**ল ৰলেছিলেন গণতাপ্তিক সমাজ ব্যবস্থার কথা। এটা গণতন্ত্রও নয়, সমাজ ব্যবস্থাও নয়। **আমি** ন্দ করি গণতন্ত্রের মধ্যে এই যে ব্যবস্থা আমরা চেষ্টা করছি, এ এক অন্তত দশা এবং এ বিষয় যে আমর। সার্থক হব সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের প্রথমৈ প্রয়োজন ল এও ত্তাব ঠিক রাখা। আমাদের দেশে আইন, শুখলা এমন ভাবে ভেঙ্গে যাচেছ, বিভিনু লোক, ত্রাদের এতাকৈ দাবীকে কেন্দ্র করে চারিদিকে বিভীষিক। স্বান্থ করবার চেষ্টা করছে। এই प्रत्या गिर्म हेर्नेट्ड थाटक डाय्टन अभिहमन**रक का**न मिन स्वासीनडा थाकरन ना. **डा** नहें स्ट्रा ্র সম্বন্ধে একজন লেখক, পণ্ডিত যে কথা বলেছেন, সেনা বলে আমি আমার বক্তবা শেষ **করবো**। তিনি বলছেন---

treat changes there must be, for a revolution cannot accomplish itself without great changes, yet order there must be, for without order a revolution cannot accomplish itself by due course of law. So whatever brings lisks of tumult and disorder, multitudinous processions in the streets of our crowded towns, multitudinous meetings in their public places and parks-demonstration perfectly unnecessary in the present course of our affairs—our best self or right reason—plainly enjoins us to set out faces against. It enjoins us to encourage and uphold the occupants of the executive power whoever they may be, in firmly prohibiting them.

এই ভাবে দেশকে রক্ষা করতে না পারলে পশ্চিমবছকে অরাজকতার পথে জিলে দেবো। সেইজন্য আমি আপনার নাধ্যমে বিরোধী পাটির বন্ধুদের কাছে এই আবেদন কলনে। শেইজন্য আমি আপনার নাধ্যমে বিরোধী পাটির বন্ধুদের কাছে এই আবেদন কলনে। শিহিমবাংলার সামনে আজ নানা সমস্যা এসে দেখা দিখেছে। এই সমস্যা সমাধানের মন্দ্র চাই সকলের সংযোগিতা, সকলের একাগ্রতা, চাই দেশের সকলের অকুণ্ঠভাবে এগিয়ে জিল সকলের মাধ্যমে দেশকে নূতন করে গড়ে তুলুন এবং দেশের বিভিন্ন সমস্যা সমাধান কলা। তাহলে আমরা পশ্চিম বাংলাকৈ জয়মুক্ত করতে পারবাে, পশ্চিমবাংলার সকল সমাস্যার সম্পান করতে পারবাে। পশ্চিমবাংলার সামনে নূতন যুগ আনতে পারবাে। জয় পশ্চিমবাংলার কলা এও অর্ডার ঘাইন বিধিল জয় হোক। এই বলে আনার বক্তব্য শেষ কলাম।

Shri Satya Priya Roy:

নাননীয় অধ্যক্ষ নহাশয়, আমাদের বাজেট আলোচনার প্রথমে দেখতে পাচিছ্, অর্থমন্ত্রী ইলেশ বলেছেন যে ১৯৪৮–৪৯ সালে যেখানে বাংলায় মোট রাজস্ব ছিল ৩২ কোটা টাকা বিগানে ১৯৬৪–৬৫ সালে ওঁরা ১৩৬ কোটা টাকা রাজস্ব আদায় করছেন। এবং যেখানে ১৯৪৮–৪৯ সালে ২৯ কোটা টাকা খরচ কর। হত রাজস্ব থেকে সেখানে আন্তকে ১৩০ কোটী টাকা ১৯৬৪–৬৫ সালে ধরচ করছেন। এটা অবশ্যি ধুব গৌরবের কথা নয়, টাকা জনসাধারণের কাছ থেকে এরা সব চেয়ে বেশী আদায় করেছেন এবং দেখা যাচেছ প্রতি বছর গড়ে ৬ কোটা থেকে ৭ কোটা টাকার উপর এরা রাজস্ব আদায় বেশী করেছেন। এবং খরচও সেই আন্দাব্দে বেশী করেছেন। কিন্ত অর্থমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন ভাতে এই অর্থগুলি যে ব্যয় করা হয়েছে সেই ব্যয়টা স্বার্থক হয়েছে কিনা–সে কথা কিন্তু তিনি উল্লেখ করেননি। এবং ব্যায়ের স্বার্থকত। (য আনুপাতিক ভাবে হয়নি সে কথা আমর। খুব পরিস্কার করে বলতে পারি। আমরা দেখতে পার্চিছ অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণেই যে আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধির যে হার ত। গত তিন বছর ধরে ক্রমশ হ্রাস পাচেছ। স্থামরা দেখতে পাচিছ্ আমাদের জাতীয় আয় বৃদ্ধির যে হার সে বৃদ্ধির হার ক্রমশঃ হাস পাচেছ। আমর। দেখতে পাচিছ মাধা পিছু আয় বৃদ্ধির যে হার তাও হাস পাচেছ। এই সমস্ত দিক খেকে এত টাক। রাজস্ব আদায় করে এবং সেই রাজস্বের টাক। ব্যয় করেও যদি খাদ্যের দিক থেকে মানঘের আয়ের দিক থেকে সমস্ত বৃদ্ধির হার কমতে থাকে এবং জনসংখ্যা বৃদ্ধির হারের সঙ্গে তুলন। করি তাহলে এই কথা পরিস্কার বোঝা যায়, যে সামান্য জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে তাতে দেশের মাথাপিছু আয়ের কোন উপকার হয়নি। এবং ত। আনুপাতিকভাবে বৃদ্ধি পায়নি বলে গরীব লোকের যে মাধাপিছু আয় ত। আরও কমে গেছে। এবং সোজাস্থজি দেখছি যে বেশীর ভাগ মানঘকে আজকে দৈনিক ৫ আনার উপর নির্ভর করতে হচেছ। যেখানে চালের দাম ২৯ টাকার কাছাকাছি সেখানে এবং অন্যান্য জিনিঘের দাম অত্যন্ত বেড়ে গিয়েছে সেখানে তাদের ৫ আনার উপর নির্ভর করে তাদের দৈনন্দিন জীবন চালাতে হচেছ। কাজেই সামগ্রীক দিকে বাজেট আলোচনা করা যায়—বিশেষতঃ স্যার, আপনি যে সময় দিয়েছেন সেই সময়ের মধ্যে সম্ভবপর নয়, আমি আগেই যা বলেছি যে শিক্ষার সম্বন্ধে আলোচনাই আমার বিশেষ ক্ষেত্র —আমি শিক্ষা সম্পর্কে আমার আলোচনা সীমাবদ্ধ করতে চাই। আমরা দেখতে পাচিছ যে এবার—-গতবারও দ্যার, আমরা এই সমালোচনা করেছিলাম—এবারও দেখতে পাচিছ —-যদিও আয়ও বেডেছে ৬।৭ কোটী টাকাব উপর এবং ব্যায়ের পরিমাণও বেডেছে। শুধ এক'খাতে অর্থাৎ শিক্ষার খাতে খরচ কমিয়ে দেওয়া হয়েছে। শিক্ষা যে কত বড এ'ন। অপ্রয়োজনীয় মনে করেন সেন পরিম্কারভাবে দেখা যাচেছ। যদিও সমস্ত দিক থেকে আন বায় বেডেছে এবং অনেক খাতে ব্যায়ের পরিমাণ বাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু শিক্ষা খাতেই এই ব্যায়ের পরিমাণ কমান হয়েছে এই বছর—এবং সেটা হচেছ্ গত বছরের রিভাইজন্ত বাজেট থেকে ৫৯ লক্ষ ৩৫ হাজার টাক। এটা কমিয়ে দেওয়া হয়েছে। এটা যে স্যার, শিক্ষার খাতে শুধু এবার কমান হল ত। নয়---আমি ওদেব বাজেট ফিগার যা দিয়েছেন তার খেকে দেখাচিছ—যে ৬২–৬৩ সালে একচ্য়াল-এর পব ক্রমশঃ শিক্ষা খাতে খরচ কমে এসেছে। এন শিক্ষামন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী মহাশয়ের কাচে এই সমস্যা তুলে ধরেছেন কিনা জানি না। কিন্তু শিক্ষার যে সমস্ত সমস্যা দেখা দিচেছ ত। সবকিছ গোড়ার কারণ হচেছ ক্রমানুয়ে ৬২–৬১ সাল থেকে দেখা যাচেছ শিক্ষা খাতে ধরচ কনে আসছে। একচয়াল ১৯৬২–৬৩তে আমরা দেখতে পাচিছ ৬৩ কেটী ৩৫ লক্ষ ৫৭ হাজার টাকা, ২৩ কোটী ৩৫ লক্ষ ৯৭ হাজার টাকা একচ্যার খরচ হয়েছিল ১৯৬২-৬৩ সালে।

[5-30-5-40 p.m.]

১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে দেখছি সেটা এসে দাঁড়াল ২২ কোটি ৭৬ লক্ষ ২৪ হাজারে অধীং ওখান থেকে প্রায় ৫০।৬০ লক্ষ টাকা খরচ কমে গেল। তারপর এবাবে বাজেটে দেখতে পাচিছ যে সেটা এসে দাঁড়াল ২২ কোটি ২৬ লক্ষ ৮৯ হাজারে। অর্থাং অগ্রাই যা বলেছি ৪৯ লক্ষ ৩৫ হাজার টাকা শিক্ষা খাতে গত বছরের রিভাইজড বাজেট থেকেও কমিয়ে দেওয়া হল। কাজেই ১৯৬২-৬০ সালের পর খেকে ডাঃ রায়ের হাত থেকে যথন বাজেট চলে গেল তারপর দেখা যাচেছ ক্রমানুয়ে শিক্ষা খাতে খরচ কমিয়ে দেওয়া হলেছ। অথচ শিক্ষা মহাশয় তার বিক্লছে কখনও প্রতিবাদ করেছেন বলে বা প্রকর্মা কোন অভিযোগ করেছেন বলে আমরা জানিনা। তারপর শিক্ষা খাতে টাকা কমিরে দেওয়া হচেছ ঠিক এই সময়ে যেখানে আগে আমাদের এখানে দুটো বিশ্ববিদ্যালয় ছিল শেই জায়গায় ৭টা বিশ্ববিদ্যালয়কে ওঁরা এখানে স্থাপন করেছেন, যেখানে উচচতের মান্ত্রিক বিদ্যালয়ের সংখ্যা অন্ততঃ এই ৩ বছরে ৩ শো বেড়েছে, যেখানে উচচ বিদ্যালয়ের সংখ্যা

্রন্থ এক বছরে আরো এশে বেড়েছে এবং জুনিয়ার হাই স্কলের সংখ্যা তার চেয়ে অনেক বেশী বেডেছে এবং প্রাথমিক স্কুলের সংখ্যা ওঁদেরই পরিসংখ্যান অনুযায়ী কয়েক হাজার বেডেছে। এই সমস্ত দায়িত্ব যত বাড়ছে দেখা যাচেছ শিক্ষা মন্ত্রীমহাশরের অর্থ বরাদ সেই পরিমাণে ক্ষে আস্ছে। অথচ শিক্ষা মন্ত্রীমহাশয় বারবার যথনই বিধান পরিষদে ভাষণ দেন তথনই দার এই যে দায়িত্ব বেড়েছে এই সমস্ত নতুন বিদ্যালয় হয়েছে তাই নিয়ে তিনি গর্ব করতে চান। আমরা বলতে চাই এই বিদ্যালয়গুলিকে স্থাপন করেছে কে? এই বিদ্যালয়গুলি ্র জনসাধারণ এগিয়ে এসে স্থাপন করেছেন, তাঁর। রেকগনিসান দিয়েছেন মাত্র এবং সেই রেকগনিসান পাবার জন্য প্রতিষ্ঠাতাদের যে কি উদ্বেগ ভোগ করতে হয় তা শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে বলেছি। আমরা এইটুকু বলতে চাই যে অর্থের অভাব হচেচ গোড়ার কথা। শুধ তাই নয়, আনার আর একটা কথা হচেছ এই অর্থের মধ্যে বিরাট একটা অংশের অপচয় হচেছ যা শিক্ষা মন্ত্রী মহাশয়কে বারবার বলা হয়েছে, তিনি সেদিকে দৃষ্টি দিচেছন না। আমি মনে করি এমন একটা অবস্থায় পশ্চিমবাংলা এসে পৌচেছে যখন **ऋत्तत वर्ष वाराव मिक एथरक এको। कमिगान वनान উচিত यে विভिन्न विमानारा करु वर्ष এই ब्रक्स** ভাবে অপচিত হচেছ, কত জায়গায় অর্থ আত্মস্যাৎ করেছে এবং তার সঙ্গে সরকারী কর্মচাবীরা কতাটা যুক্ত আছে। এই রকম একটা গুরুতর অবস্থার মধ্যে পশ্চিমবাংলার শিক্ষা জ্যং এসে পেঁটিচছে আজকে প্রশোত্তরের সময় আপনি দেখেছেন যে গোরাবাজার আই সি ইনষ্টিটিউসান েবা বলছেন যে ৪ হাজার কত টাকা সরকারকে ঠকানর চেটা করেছে। কিন্তু এটা শুধ গোরাবাজারের বাহিনী নয়, কলকাতা খেকে কয়েকটি স্কুলের চিঠি পেয়েছেন কিনা শিক্ষা মন্ত্রী মহাশয় সেটা বলতে পারবেন, এখানে দক্ষিণ কলিকাতার মধ্রী নাথ বিদ্যাত্যনের চিঠি নিশ্চয়ই শিক্ষা মন্ত্রী মহাশয় পেয়েছেন, সেখানে পরাণ ভিতের উপর চনকাম করে দিয়ে গভর্নমেণ্টের কাছ থেকে টাকা নিয়ে নিচেছ এবং এই অভিযোগ আমাদের একটা বিদ্যালয়ের বিরুদ্ধে নয়, আমাদের অভিযোগ কর্মচারীদের হয় নিজেদের যোগাযোগেই হোক বা ভাঁরা চোধ বন্ধ রেখে প্রশ্রয় দিচেছন বলেই হোক বা কংগ্রেসের বহ কর্মী ওর মধ্যে জডিত আছে বলেই হোক বিদ্যালয়গুলি আজকে অর্থ অপচয়ের একটা বিরাট কেন্দ্র হয়ে দাঁডিয়েছে। এবং আমরা প্রায়ই কলকাতায় দেখতে পাচিছ বিদ্যালয়ের বাড়ী হওয়ার সঙ্গে সঙ্গেই সেখানে সেক্রেটারী মহাশয়ের দু-একটা বাড়ী উঠে যাচেছ। আমি नक्षा निम्हे पिटल পाति पत्रकात श्टल। मात्रि, এत्र भएप युक्त शरा तरायष्ट्र गारनिकिः কমিটি, সেখানে যখনই আমরা এই সমস্ত অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে যাই তখনই আমরা *দে*খেছি ওঁরা উপরতলা থেকে দেই ম্যানেজিং কমিটিকে সাহায্য করেন। শিক্ষা মন্ত্রা নহাশয়ের কাছে অনেকেই এই আবেদন নিয়ে গেছেন এবং তিনি অনেকের আবেদনে এই বিষয়ে আলাপ করেছেন, কিন্তু আজু পর্যন্ত **বর্ধ যে আতা**স্যাৎ করা হয়েছে তার বিরুদ্ধে কোনরকম শান্তি শিক্ষা মন্ত্রী মহাশয় চেষ্টা করলেও পরিষদের মধ্য দিয়ে দেওয়াতে পাবেন নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আপনার অভিযোগ হচেছ ইউ .আর কনভিকটিং দি বোর্ড—শিক্ষা মন্ত্রী মহাশয় চেষ্টা করলেও পরিষদের মধ্য দিয়ে করাতে পারেন নি। তাহলে যে বোর্ডকে সাপোর্ট করছেন সেই বোর্ড শেষী হল কি করে?

Shri Mohitosh Rai Chaudhuri:

^{নেনসান} দি নেমস অব দি ফুলস।

Shri Satya Priya Roy:

আজকে আমি নাম বলব না, পরে বলব, ১৫ মিনিট সময় পাচিছ, আমার নাম বলবার সময় নেই।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri: नाव बन्ना

Shri Satya Priya Roy:

নাম পরে বলবো, আমার ১৫ মিনিটের বজ্নতায় নাম বলার সময় নাই। আমি চেয়ারম্যানের কাছে নাম দিয়ে দেব। আমরা যেখানে আছি সেখানকার কথা নাকি বলিনি এবং ওদের পক্ষের বিক্ষকরা যেখানে আছেন সেখানকার কথা নাকি বলছি। আমরা ছাড়া দুটো পক্ষ হতে আমরা আর আসনারা থাকেন।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

আপনি বলছেন শিকা মন্ত্রীমহাণয় চেষ্টা করেও পর্যতের মধ্য দিয়ে করাতে পারেন নি। পর্যৎতো গভর্নমেণ্টের নয়, পর্যৎ তো অফিসিয়াল ডিপার্ট মেণ্ট।

Shri Satya Priya Roy:

পর্বৎ কি সেটা শিক্ষা মন্ত্রীমহাশয় জানেন। ১৯৫৪ সালের পর থেকে পর্যৎ শব্দটা মিসনমার হয়ে গেছে এবং সেটা যে কোন বোর্ড নয এবং সেটা যে ওঁদেরই নিয়োজিত একজন স্মাত-মিনিস্টেটর চালাচেছন ১৯৫৪ সালেব পর থেকে ১৯৬৩ সাল পর্যন্ত সেটাও মন্ত্রীমহাশয় জানেল। বোর্ডের অ্যাডিনিনিস্টেটর যেই হন সমস্ত কর্মচারীর। ঐ অ্যাডিমিনিস্টেটরের অধীনে ক্রান্ত করছেন। তার ফলে হচেছ কি--এটা মাননীয় মন্ত্রীমহাশ্য নিজে জানেন এবং মধামন্ত্রী মহাশ্যও জানেন--- ওঁদের কাছে মনেকে আবেদন নিয়ে গেছেন, মন্ততঃ পশ্চিমবাংলায় এক হাজার শিক্ষক আজকে বিনা কারণে কোন বকম ন্যাচারাল জাস্টিস যাকে বলে, অর্থাৎ ত্রাঁদের কোনরকম বক্তব্য বলবাব অধিকার না দিয়ে তাঁদেব চাকবী থেকে বিদায় দেযা হচেচ এক তাঁদের কোনরকমে রক্ষা কবার কোন উপায় শিক্ষা মন্ত্রীমহাশয় বের কবতে পাবেন নি এবং তাঁদের সিকিউরিটির প্রশুটা আজকে বড় হযে দাঁড়িয়েছে। আজকে স্যার, ওঁরা বাজেট করছেন কিন্তু দুঃখের কথাটা বারণার রিপিট না করে কি করবো যে তিন মাসেব মধ্যে শিক্ষকরা বেতন পাচেছন না এবং ১৯৬৪ সাল যে আরম্ভ হয়ে গেল, এব মধ্যে কোন সাহায়েদ টাক। কোন বিদ্যালয়ে 'ওঁরা পাঠাতে পারেননি, এমন কি স্যার, ট্রেনিং কলেজে যাঁর। ডেপ্নেসনে এ**নেছেন, এঁদের মধ্যে নভে**ম্বর মাসেব বেতন শেঘ পর্যন্ত পেরেছেন, এই বেতনের ওপর নির্ভর করে তাঁরা বাড়ীতে নিজেদের পবিবাব পোষণ করবেন, আবার এখানে টেনিং-এব জন নিজেদেব থাকাব ব্যবস্থা করবেন---আজ পর্যন্ত নভেম্বর পর্যন্ত তারা যদি ডেপটেমন অ্যালাউয়েন্স পেয়ে থাকেন তাহলে মান্যগুলি কি কৰে বেঁচে আছেন সে বিচার কিন্তু সাধ আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় কবছেন না বা তাঁর শিক্ষা দপ্তব এ সম্পর্কে মোটেই তৎপব হচেছ 🙃 এদিক থেকে এই যে নৃতন পর্মৎ তিনি বিগিয়েছেন এ সম্পর্কে আনাকে প্রশু কবতেই হবে--ওঁরা স্যার, শনিবার দিন গিয়ে কি করে ওপেন করে এলেন পর্যৎ আমর। জানি না অথচ পেপারে রিপোর্ট দেখলাম ওখানে স্ট্রাণ্ডিং কমিটিগুলি ফর্মড হওয়ার জন্য রেগুলেসন তৈরী হয়ে গেছে: আমাদের এই বিধান পরিষদের সদস্য আজও নিযুক্ত হলেন না. শিক্ষকদের প্রতিনিধিরা নির্বাচিত হলেন না। বিধানসভাব প্রতিনিধিব। নির্বাচিত হলেন না। তা.সত্ত্বেও কি করে সেই কমিটিব উদ্বোধন হল এবং সেই উদ্বোধনে মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী গেলেন এবং কি করে সেখানে রেগুলেসন তৈরী হল স্ট্যান্ডিং কমিটিগুলি তৈরীর জন্য তা আমরা বঝতে পারছি না। এই যে ভাাকুন্ একটা চলেছে, একটা অচলাবস্থার স্থাষ্ট হয়েছে এর ফলে শিক্ষকরা কবে যে সাহায়েন ^{টার্ক} পাবেন, विमानग्रिः क्वि करव य সাহায্যের টাকাপাবে তা কেউ জানে না।

[5-40—5-50 p.m.]

কিন্ত স্যার, এই যে একটা ভ্যাকুরাম বা অচল অবস্থা স্পষ্ট হয়েছে, এর ফলে, করে প্রাথমিক শিক্ষকরা সাহায্যের টাকা পাবে, তা জানি না। ডেপুটেসন এ্যালাউরেন্স সম্বন্ধে ওঁৰ আবার নাকি নুতন ব্যবস্থা করতে থাচেছল যে, ছয় মাস চলে যাবার পর, আনএডেচ স্কুলের টিচার্সদের কোন ডেপুটেসন অ্যালাউরেন্স ওঁরা দেবেন না। জুলাই সেসন আরম্ভ হয়েছ। এই জুলাই মাস পেকে ডিসেম্বর পর্যস্ত ওঁরা বোর্ডের কাছ থেকে ডেপুটেসন অ্যালাউরেন্স পেরেছেন। কিন্ত ইতিমধ্যে সরকারের যে ইনসম্পেইরেট সেখান থেকে, অন্ততঃ মুখে বর্ব দেওয়া হয়েছে যে আনএডেড স্কলে টিচার্সদের আমরা কোন রকম ডেপুটেসন আালাউরেন্স

দেৰোনা। এটা প^{র্বং} নাকি বে-আইনী ভাবে দিয়ে যাচিছল। স্যার, এছাড়াও **আমাদের** আরও অভিযোগেন অন্ত নেই। ব'শুনিক ওঁদের শিকা দপ্তরে এমন কোন অভিজ্ঞ কর্মচারী নেই, যিনি সামগ্রিকভাবে আগাদের অভাব, অভিযোগগুলির জনা সকলে মিলে বসে আলোচনা করতে পারেন, এবং তা কবে একটা সামগ্রিক মীমাংসায় আসতে পারেন। শিকামন্ত্রী মহাশয়ের কাছে সেই সম্পর্কে বারবার করে অস্ততঃ চার পাঁচবার চিঠি দিয়েছিলাম দেখা করবার জনা। অবশ্য এসম্পর্কে গতকাল এখানে যে ঘটনা ঘটে, তার বিবরণ আমি পত্রিকায় দেখেছি। বিবরণের মধ্যে একটা ভায়গায়, যেখানে বলা হয়েছে যে শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের কোন কথার উত্তব দেননি, সেকপাদি ঠিক নয়। ববংতাব চেয়ে আরও ওকতর এনা । আমবা তাঁর সঙ্গে দেখা করবাব জনা প্রাথনা করে শিকা মন্ত্রীমহাশয়কে বে কবাঁন চিঠি দিয়েছিলাম, তার মধ্যে দুনাব উত্তর তিনি দিয়েছিলেন। কিন্তু সে দটার উত্তবের মধ্যে তিনি এই কথাই বলেছিলেন—(ইনটারাপসন্স্)——আমি বলে দিচিছ। আমি প্রিকা দেবেই বল্ছি। সেটা আবও গুরুতর। আমরা দেধানে বলেছিলাম মুধ্যমন্ত্রী মহাশর ৫০ চিঠি আমাদেব দিলেন, তাতে ওঁদের সবকারী দপ্তরে যা হচেছ. তার নানারকম বিরোধী তথা উনি দিলেন, এবং আনবা ওঁর দৃষ্টি আকর্ষণ করে বললাম, আপনি একরক্ষ ৰলছেন, আর আপনাব সবকাবী শিক্ষা দপ্তর, ইনপ্পেক্টবেট বা ডি. পি আই. শিক্ষা অধি-কর্তার দপ্তর, তাঁর। আর একরকম কর্ম করছেন। কাজেই আপনার এই চিঠিতে আমাদের কোন সমস্যার সমাধান হচেছ না। ওঁর দুটা চিঠিতেই ছিল যে যদি এ সত্ত্বেও আপনার। আমার সাথে দেখা করার প্রয়োজনীয়তা অনুভব করেন, তাহলে লিখলেই আমি সাক্ষাৎকারের দিন ধার্য করবো। আমবা তাঁর চিঠি দুটা পেয়ে উত্তর দিয়েছিলাম আমরা সাক্ষাৎকরা নিতাস্ত প্রয়োজন বলে মনে করি। কিন্তু তিনি তাঁর ঐ আশ্বাস দেওয়া সত্ত্বেও—সাক্ষাৎ কারের দিন ধার্য করেন নি। দু-দুনৌ চিঠিতে যে আখাস তিনি দিয়েছিলেন, তা তিনি লঙ্ঘন করেন। স্কুতরাং পত্রের উত্তর না দেওয়াতে আমার মনে হয়, এখানে তিনি পঞ্জিটিভ জাণুাস দিয়ে, সেই পজিটিভ আশুাস তিনি ভঙ্গ করেছেন, এবং নিজের প্রতিশু তি ভঙ্গে তিনি অপরাধী। এই কথা আমি এখানে পরিস্কার করে বলে যেতে চাই।

স্যার, পত্রিকা দেখবার পরই স্থামি বুনেছি, তিনি যে দুটি চিঠিতে স্থামাদের উত্তর দিয়েছেন, সেই কথাটা সন্তোঘ ভট্টাচাজি মহাশয় বলেছেন। দিন ধার্য করবার জন্য আমরা যে চিঠি লিগেছিলান, তার উত্তব বাবদ তিনি দিন ধার্য করেন নি। সেই কথাটাই তাঁকে বলনাব জন্য, সম্প্রেঘ ভানাটাজী মহাশয় বলে ছিলেন যে তিনি পত্রেব উত্তব দেন নি। এটা আমি তাঁব কাছ্ থেকে জিজ্ঞাস। কবে জানতে পেরেছি। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় এই কথা বলতে পারেন কিনা, যে তিনি দুটো চিঠির প্রত্যেকটিতেই এই কথা বলেছেন কিনা, যে আমবা বলবামাত্র তিনি সাক্ষাৎকারের দিন ধার্য করবেন? তারপের পাঁচ মাস চলে যাওয়া সন্ত্রেও এবং আমাদের কাছে চিঠি দেওয়া সন্ত্রেও এবং তাঁর নিজের এবক্ষ প্রত্যুতি দেওয়া সন্ত্রেও তিনি সাক্ষাৎকারের দিন ধার্য করেন নি। একথা কি তিনি অসীকাব কবেন? এই পুশু আমি তাঁর কাছে করে যাচিছ, বসবার আগে। মামি আগেই বলেছি নেশী সময় নেবো না। শুধু একটা কথা বলতে হয়—সামরা ববীক্রনাল সিংহ মহাশ্বের কাছ থেকে— গতকাল আমাদের আলোচনায় অংশ গ্রহণ করে বেটুকু বলেছেন, সেটুকু আমরা তাঁব কাছ থেকে আশা করিনি। আজ তিনি অনেক উচেচ দায়িক্বশীল পদে অবিটিত আছেন এবং ভবিষ্যতেও শুনছি, তিনি আরও উচেচ দায়িক্বশাল

কিন্তু প্রাথমিক শিক্ষকের সঙ্গে আলোচন। করতে গিয়ে, নির্বাচনকে একমাত্র লক্ষ্য রেখে এবং নির্বাচনের উদ্দেশ্যেই আলাপ করার বা না করার মনোভাব যদি সরকারের খাকে, উাহলে বলে দিতে পারি সরকারকে যে নির্বাচনের জন্য আমরা কথনও আলাপ আলোচনা কবরাব জন্য ব্যক্ত হইনি।

আজকে ১৯৫৪ সাল থেকে এই ১৯৬৪ সাল পর্যন্ত বহু নির্বাচনে ওঁর। অন্যান্য রাজ্যে কংগ্রেস যেখানে প্রতিনিধি দেয় না, শিক্ষক কেক্সে, সেখানে শিক্ষকদের কাছেই শিক্ষকদের ইতিনিধি নির্বাচনেদ্ধ দায়িত্ব রেখে দিয়েছে। ওঁদের প্রতিনিধির জামানত জব্দ হয়েছে এই রকম উদাহরণ আছে, ওঁদের প্রতিনিধি স্যার, কোন বারই শতকরা ২০টির বেশা ভোট পান নি। কাজেই আমরা নির্বাচনের দিকে লক্ষ্য রেখে নির্বাচনকে এতবড় গুরুষ আমরা দিই নি। এবং ওটা যে উনি এই রক্ম ভাবে ইঞ্চিত করবেন তা আমাদের মনে কখনও ছিলনা। সেটা কিন্তু স্যার, আমরা ওঁর কাছ থেকে আশা করিনি। এবং এখানে ঘোষণা করে দিচিছ'৬৪ সালে যে নির্বাচন হবে ভাতেও প্রমাণিত হবে। আমরা বিশ্বাস করি আলাপ আলোচনার মাধ্যমে সাফল্য আমাদের কাছে আসবে। আলাপ আলোচনা ওঁরা কর্মন আর নাই কর্মন—আমরা শিক্ষকদের জন্য সমিতি দাঁড় করিয়েছি—এবং সমিতি যে শিক্ষকদের সে কথার প্রমাণ বারবার নির্বাচনের মধ্যে দিয়েছ। আমরা যখনই বিধান পরিষদে আলোচনা করি কখনও নির্বাচনকে সামনে রেখে সে আলোচনা করি না। সেজন্য আমি বলছি কংগ্রেসের সভাপতি মহাশার ঐ রক্ষম একটা মনোভাব রাখবেন না—এইটুকু আশা শিক্ষকসমাজ কংগ্রেসের মত একটা প্রতিষ্ঠানের কাছে আশা করতে পারে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করিছি।

Shri Suresh Chandra Paul:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অতি সংক্ষেপে আমার বক্তব্য আবনার কাছে নিবেদন করব। প্রথমে আমি আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আপনাদের সামনে রেখেছেন সে বাজেট পুৰ স্কুচারু ভাবে কর। হয়েছে এবং তার জন্য অমি তাকে আন্তরিত ধন্যবাদ জানাচিছ। এঁকটি কথা যে এই বাজেটে কোন নুতন কর ধার্য্য করবার প্রস্তাব নেই। সেইজন্য আমি তাঁকে সানন্দে অভিনন্দন জানাচিছ। দিতীয় কথা এই যে আনানের মুধ্যমন্ত্রী, ক্যানকাটা ক্ষ্যন্যল ডিস্টারব্যান্স এবং তার আশেপাশে যে দাঙ্গা হাঙ্গামা হয়েছিল তা তিনি দুচহন্তে **দর্মন করেছেন অতি অন্প সম**য়ের মধ্যে, সেইজন্য আমি তাকে অতিবাদন জানাচিছ। এখন কথা হচেছ এই যে আমাদের বাংলা দেশ, এই স্বাধীনতার পরে কি রকম ক্রতভাবে উন্তি করছে সে কথা সকলেই স্মরণ করলে আনি তাদের কাছে বলব এত অলপ সময়ের মধ্যে যে বাংলার চারিদিকে স্বাস্থ্যে, শিলেপ, কলঞারখানায় শিল্প এবং প্রত্যেক বিভাগে শ্রুততর উন্তি হয়েছে এ কণা কেউ অস্বীকার করতে পাববেন না। আজকে ধাবনা করতে পেরেছিল যে দর্গাপর থেকে Gass grid কলকাতায় চালিত হবে ? কে ধারণা করতে পেরেছিল যে অলপ ममर्राद्र मर्था वाःनाम १६। ইউনিভারদিটি উদোধন হবে। কে ধারণা করতে পেরেছিল যে ৰাংলায় নান; স্থানে সুৰুর পল্লী অঞ্লেও সমস্ত রাভাঘাটের পুভূত উনুতি হবে ? বি*ৰু*ণ**ে শ**ক্তি সুদর পল্লীগ্রামেও পরিচালিত করা হবে। একথা কি কৈট ধারণ। করতে পেরেছিল বে এত অলপ সময়ের মধ্যে এই বাংলা দেশের সরকার এইগুলি সম্পনু করতে পারবে? স্বতরাং এদিকে দেখতে হবে যে আমরা কতদূর ক্রতগতি ভাবে আমাদের দেশকে উনুতির পথে নিয়ে বাচিছ। কিন্তু একটা কথা এই, যে দেশের এই যে সব উনুতি, দেশের এইয়ে নানারকম শিলপ কারখানা প্রতিষ্ঠা এবং রাস্তা ঘাটের যে স্থপরিকলিপত চেটা এইটাই কি দেশের সম্পদ ? দেশের সম্পদ কি কেবল ঘরবাড়ী হিসেব করে শিলেপর উনুতির হিসাব করে তার মান দেব? আমাদের অন্যদিকেও দৃষ্টি থাকা দরকার। দেশের সম্পদ হচেছ দেশের মানুষ।

[5-50—6 p.m.]

স্বাধীনতা লাভ করার পর দেশের মানুষের নৈতিক চরিত্র কতটা উনুত হয়েছে সেটাও জামাদের লক্য করা দরকার। আজকে আমাদের দেশে জনসাধারণের আমি বলব নৈতিক চরিত্রের ক্রমশ: অধংগতি হয়েছে। আজকে দেশের চারিদিকে চোরাকারবারী ঘুমখোর কালোবাজারী এবং মুনাফাখোরী ব্যক্তিরা ছড়িয়ে পড়েছে। এদিকে আমাদের বিশেষ করে লক্ষ্য করতে হবে এবং যাতে আমাদের দেশের মানুষের চরিত্রের মান উনুতি হয় সেদিকে জামাদের আরো বেশী লক্ষ্য রাধতে হবে। মাননীয় সভাপতি মহাশয়, আজকে আপনার মারকত জানাতে চাই যে আমাদের দেশে উনুতি হচেছ বটে, সরকার থেকে নানা প্রচেষ্ট। চলেছে, কিন্তু এই উনুতি যে শেষ হয়েছে তা বলা চলেনা। দেশের লোকের ধন সম্পত্তি, দেশের লোকের শিক্ষা, স্বাস্থ্য আরো উনুত হওয়া দরকার, এই বিষয়ে কেন্ট্র অধীকার

পারবে না। কিন্তু আমাদের দেশের লোকের চরিত্রের দিকে আমাদের বির্ধে করে লক্ষ্য রাধতে হবে এবং সেই জন্য সরকারকে নিবেদন এবং অনুরোধ জানাচিছ যে তাঁরা যেন এই বিষয়ে কঠোর দৃষ্টি রাখেন। আজকে আমাদের দেশে একটা ঘূষের রাজস্ব চলেছে। এই রাজস্ব চলার জন্য আমর। জনসাধারণকে যত বেশী দোঘ দিই, গভর্নমেণ্টকে তার চেয়ে বেশী দোঘ দিই। কেননা জনসাধারণ আমাদের কোন সহায়তা করছে না. তার চেয়ে বরং তারা আমাদের দেশকে অবগতির পথে নিয়ে যাবার চেষ্টা করছে। কারণ, আপনার। জানেন ফুড এও সাপ্লাই বলে একটা ডিপার্ট মেণ্ট আছে। এই ফুড এয়াও সাপ্লাই ভিপাট মেপ্টের থুঁদিয়ে সিমেপ্ট, চিনি, চালের সমস্ত পার্মিট দেওয়া হয়। ফুভ এ্যাও সাপ্রাই ভিপার্ট মেণ্টে যদি কোন দিমেণ্টের দরখাস্ত আদে তাহলে প্রখমে সিমেণ্টের কার্য কত্রখানি লাগবে সেটা দেখবার জন্য ইনম্পেক্টরকে ভার দেওয়া হয়। যিনি ভার নেন তিনি প্রখমে ইনম্পেকসান রিপোর্ট দেওয়ার জন্য পার্টির কাছে গিয়ে ঘুমের কখা বলেন। তারপর ঘুম দিলে তবে তিনি রিপোর্ট দেন। তারপর রিপোর্ট দেওয়ার পরে সিমেণ্টে-এর পামিট দেওয়া হবে। আবার সিনেশ্টের পামিট দেওয়ার আগে তার। প্রত্যেক বস্তায় ১ টাকা করে ঘৃদ নেয। এই গুলি আমাদের সরকারের কাছে তুলে ধরতে হবে যাতে এগুলি একেবারে নিবত্ত হয়। দিতীয় কথা হচেছ, যারা চাকরি চায় তাদের এমপ্রায়মণ্ট এক্সচেঞ্জে প্রথমে নাম রেজিস্ট্রি করতে হয়। নাম রেজিস্ট্রি করবার পর দেখা যায় কেউ হয়ত ১৯৬০ সালে তার নাম রেজিস্ট্রি করেছে, কিন্তু তার কাজের কোন সন্ধান এলনা, কিন্তু যে ১৯৬৩ সালে নাম রেজিণ্ট্রি করেছে তার কাজের সন্ধান এল। এই প্রেফারেন্সিয়াল ট্রিটমেণ্ট কি করে হয় ? মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত এই কথা জানাই যে যার৷ কার্ড ডিস্টিবিউট করেন এবং যারা কার্ড ইণ্টারভিউএর জন্য লিখেন সেই যে এমপ্রয়মেণ্ট এক্সচেঞ্জ অফিসার আছেন যাঁদের উপর ভার আছে তাঁরা দেখেণ্ডনে এবং সিরিয়াল নাম্বার অনুসারে ইণ্টার-ভিউর জন্য কার্ড ইস্ল করেন না। কারণ, যখন কাজ খালি হয় তখন তাঁর। সেখানকার সঙ্গে যোগাযোগ করে পরে যাদের কার্ড হয়েছে তাদের নিয়োগ করবার জন্য ব্যবস্থা করে দেন। এখানে একটা ঘুমের রাজত চলছে। যেখানে কাজ হবে এবং যারা কার্ড ইস্থ করবে এই দুই জায়গার ভৈতর দুস্কার্য চলছে। তারপর স্যার, আদালতে এই যুদের প্রবৃত্তি ক্রমণঃ ক্রমণঃ বেড়ে চলেছে। দেশে দ্রবামূলা যত বেড়ে যাচেছ ততই ঘূর্টের পরিমাণ तर्फ गार्फ्छ। जार्भिन गानि, छन्तन जार्म्प राम गार्दिन एम प्रिचिन कार्के न नाजीनना দর্থল দেবার জন্য ১শো টাক। পর্যন্ত যুঘ নেয়। এটা কি করে দূর হয় সেই দিকে আমি गরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপুর স্যার, বিদ্যালয়ে শিক্ষা মূলিরে ভতি হবার সময় পেশা যায় যে বহু ছেলে ভতি হবার জন্য দর্বধাস্ত করন, কিন্তু স্কুলে স্থান নেই। যে ঘুদ দিতে পারে তাকে ভতি করে নেওয়া হয়, যার। পারে ন। তাদের ভতি করে নেওয়া হয় না। স্থতরাং পবিত্র যে বিদ্যামন্দির সেখানেও যুদের রাজত্ব চলেছে।

শিক্ষকের মান পর্যস্ত নেমে গেছে। সেজন্য আমি বলি এই সমস্ত শামান্য সামান্য ব্যাপার নিমে পেখা থাবে যে একেবারে ধুদের রাজত্ব হুবহু বেড়ে থাচেছ— সেদিক দিয়ে আমাদের দেশের নাক আমাদের চোর জোচেচার এই সমস্ত আখ্যা দিচেছন কিন্তু করছে কারা ? করছে যারা দেশের শক্ত, যাদের জাতীয়তাবোধ নেই, যাদের ধর্মজ্ঞান নেই, এ যাদের নৈতিক চরিত্রের অবনতি হয়েছে তারাই এই সমস্ত কাজে এগিয়ে আসছে। সেজন্য আমি নিবেদন করছি সরকারের কাছে যে বিষয়ে লক্ষ্য রাধতে হবে। যাঁরা চুরি করেন তাঁরাই আবার বলেন ধুদের রাজত্ব। তাই আমি বিলি ইংরাজীতে একটা কথা আছে দি বুট ইজ অন দি আদার লেগ এবং যারা এসব বলে তারাই চোর, জোচেচার বদমায়েশ—তারা কিন্তু কোনরকম শান্তি পাচেছ না, কিন্তু তারাই হচেছ প্রকৃত্তির, জোচেচার বদমায়েশ—তারা কিন্তু কোনরকম শান্তি পাচেছ না, কিন্তু তারাই হচেছ প্রকৃত্তির, জোচেচার। আমি আপনার কাছে একথা বলতে চাই যে এই অপকার্য দূরীকরণের জন্য সরকার নানারকম আইনকানুন বেঁধে দিয়েছিল কিন্তু সেই সমস্ত আইনকানুন, থুব জোর দারকরা নানারকম আইনকানুন বেঁধে দিয়েছিল কিন্তু সেই সমস্ত আইনকানুন, থুব জোর দারকরা নানারকম আইনকানুন বেঁধে দিয়েছিল কিন্তু সেই সমস্ত আইনকানুন, থুব জোর দারকরা নানারকম আইনকানুন বেঁধে দিয়েছিল কিন্তু সেই সমস্ত আইনকানুন, থুব জোর বিরুত্ত হয়েছে। ভিজিলেন্স কমিটি নিযুক্ত হয়েছে। সেটা আমাদের বিলাদেশে নিশ্চয়ই আসবে। সেজন্য আমি বাংলাদেশের সরকারের কাছে নিবেদন জানাছিছ যে সেই কমিটি নিযুক্ত করবার সময় যেন ভাল লোক তাঁরা নিযুক্ত করেন এবং সেই কার্য যাতে ভালভাবে পরিচালিত হয় সেদিকে কঠোর দৃষ্টি রেখে যারা দক্ষতকারী তাদের সাক্ষ্য দিন

দেশে খাদ্যের সঙ্গে যে ভেজাল মিশানো হচেছ্ এদিকেও আমাদের বিশেষ দৃষ্টি নেই। সেজন্য জামি বলি সরকার সে বিষয়ে যেন বিশেষ করে সাবধান হন এবং দুস্কৃতকারী যারা রয়েছে তাদের যেন উপযুক্ত শান্তি দেন। আমি একথা বলি যদি দেশকে আমরা এই সমস্ত দুস্কৃতকারীদের হাত খেকে বাঁচাতে না পারি তাহলে আমাদের দেশের মান ক্রমশঃ নেমে যাবে। সেজন্য সর্বতো- ভাবে এটুকু প্রার্থনা জানাই দুস্কৃতকারীদের যে লোভ অতি বেড়ে যাচেছ এবং এই যে ঘুষ নেরা এট যাতে দমন হয় সে বিষয়ে তাঁরা যেন অবহিত হন, তা না হলে আমরা অনেক পশ্চাৎপদ হয়ে পড়বো।

Shri Jatindra Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট আলোচনার জন্য আমাকে যে নিদ্দিষ্ট সময় দেয়া হয়েছে তাতে বাজেটের সামগ্রিক আলোচনা করা আমার পক্ষে সন্তব হবে না। সেজন্য শিক্ষক পুতিনিধি হিসাবে আমার আলোচনা আমি শিক্ষার উপর নিবদ্ধ রাখবা। অবশ্য প্রথমেই আমি একটা কথা বলে যেতে চাই——আমার পূর্ববর্তী বক্তা ভতির ব্যাপারে নাস্টার মণাইদের বিরুদ্ধে অভিযোগ আনলেন আমি তার তীত্র প্রতিবাদ করি এবং আমি আশা করবে। এই ধরণের ২।১ জন শিক্ষকের নাম অন্ততঃ তিনি এখানে উপস্থাপিত করবেন এই হাউসের সামনে আপনার মারকং। আব তা যদি না করতে পারেন তাহলে তিনি তাঁর এই যে অভিযোগ এই অভিযোগ প্রতাহার করে নেবেন এটাই আমি আশা করবে। এধানে কোন শিক্ষকমণাই বোধহয় নেই, আমি জানি না কার নাম তিনি বলবেন। আমি আশা করবে। তিনি পুমাণ সহযোগে যে মাসটারমণাই এরকমভাবে যুঘ নিরে ভত্তি কবেছেন তাঁদের নাম বা তাঁব নাম এপানে উপস্থাপিত করে পুমাণ দেবেন। তা না হলে আমি আশা করবে। অন্ততঃ ভদ্রতাব ধাতিবে তিনি তাঁর উন্তিটি প্রতাহার করে নেবেন।

[6-6-10 p.m.]

মাননীয় অর্থসন্ত্রী মহাশয় বিধান সভায় বাজেট উথাপনের সময় তাঁর ভাষণের শেষের দিকে, জনগণের মধ্যে অংশ গ্রহণের চেতনা, ব্যক্তিগত দায়িছবোধ স্টি,প্রথম পদক্ষেপ হিসাবে শিক্ষার গুরুষ উল্লেখ করেছেন। তিনি আরও বলেছেন যুদ্ধতরকালে উল্লেখযোগ্য উনুতি সাধন সম্ভব হয়েছিল, প্রধানত এই কারণেই যে সেখানে জনসংখ্যাব শতকর। ৮৯ ভাগের বেশী নিখিতে পড়িতে জানে। শিক্ষার উনুতির উপর যে জাতির উন্তি নির্ভর করে এ বিষয়ে কারও হিমত নেই, সকলেই একমত। কিন্তু দুঃখের বিষয়, এই কথা সত্যাপ্রিয়বাবু বলে গিয়েছেন যে, বছরের পার বছর আমরা দেখছি শিক্ষার যে বাজেট, প্রতিবারই শিক্ষার খাতে ব্যয় হাস করা হচেছ। শুধু যে শিক্ষার খাতে ব্যয়বরাদ হাস করা হচেছ তা নয়, যেমন ব্যয় বরাদ্ধ হাস কর। হচেছ, তেমনি শিক্ষার মান উনুয়নের পরিকল্পনা আমরা এই বাজেটে দেখতে পাচিছনা। তিনি আরও বলেছেন শিক্ষার ক্ষেত্রে সংখ্যা বদ্ধির সহিত গুণের দিকে যে মনোযোগ দেওয়া হইয়াছে তাহা সমতা রক্ষা করিতে পারে নাই এবং বৃহত্তর প্রচেষ্টায় এবং জাতীয় প্রচেষ্টায় প্রযুক্ত বিদ্যা এবং বৈজ্ঞানিক গবেষণার ভূমিকা উত্তমরূপে হ্রুরঞ্জম করিতে হইবে। গুণগত যোগ্যতার সমতা রক্ষা করা যায়নি, একখা তিনি উল্লেখ করেছেন। কিন্তু কেন যায়নি, তার কারণ তিনি নির্দেশ করেন নি। গুণগত, যোগ্যতা নির্ভর করে শিক্ষক সম্প্রদায়ের উপর। যার। শিক্ষা দান করছেন, অনেক তাদের উপর নির্ভর করে। আজকে মাস্টারমশাইয়ের অবস্থা কি ? অবস্থা সম্পর্কে যদিও সত্যাপ্রিয়বাবু উল্লেখ করেছেন, তবুও আমি বিশেষ করে কিছু বলতে চাই। স্বাজকে ম্যানেজিং কমিটিগুলি হয়েছে—একটা কথা থেকে। হয়, সেগুলি হয়ে উঠেছে দুর্নীতির কেন্দ্রন্থল, রাজনীতির আখড়া, অনাচার ও অত্যাচারের চরম লীলাভূমি। আজকে আমি তথ্য নিয়ে বলছি, কতকগুলি ম্যানেজিং আমি জানি, ম্যানেজিং কমিটির যাঁরা সেকেটারী তাঁদের তাঁবেদারী না করলে মাস্টার-মশাইদের চাকরী বজায় রাখা অসম্ভব হয়ে দাঁডিয়ছে।

(এ ভয়েস-নাম বলুন)

নাম বলছি আমি। আজকে যে দুনৈ ঘটনার কথা আমি উল্লেখ করছি—আমাদের এখানে

প্রত্প তিবাবু বসে আছেন, তিনি জানেন, তাঁব জায়গার কথা আমি বলছি। অকুম**ি**। হাই স্কুলের কথা আমি উল্লেখ করছি. অকুমণি হাই স্কুলটি খুব নামজাদা হাই স্কুল। সেধানকীর যিনি প্রধান শিক্ষকমশাই, তিনি সাম্প্রতিককালে অবসর গ্রহণ করেছেন, তার ৬৫ বৎসর বয়স হয়েছে বলে। অর্থাৎ তার ৬৫ বৎসর বয়স হয়ে যাওয়ার পরে, আর তাঁকে রাখা যায় না। কিন্তু তিনি ম্যানেজিং কমিটিকে হন্তগত করেছেন, বিশেঘ করে সেক্রেটারীকে। আমার যতদূর ধারণা আছে, সেধানে শিক্ষা বিভাগ থেকে একটা সার্ক্লার গিয়েছে যে রেক্টর রাধা আঁমরা অনুমোদন করিনা। তখন করা হল কি ? সেই ভদ্রলোঁ ককে নার বার ৬৫ বৎসর বয়স হয়ে গিয়েছে, তাঁকে রেক্টর করে দেওয়া হল. এবং রে**ক্টরের** য়া বেতন তা নিদিষ্ট করা হয়েছে আড়াইশো টাকা। শুধু সেই আড়াইশো টাকাটা**ই** বড় কথা নয়, সেই টাকাটা কোথা থেকে ওঠাবেন, তা তাঁরা ঠিক করে ফেললো। এখানে দেখান হয়েছে যে শিক্ষা বিভাগ থেকে একটা ভেতলপ মেণ্ট ফি এর ব্যবস্থা করা হয়েছে। এখন সেই ডেভলপ মেণ্ট ফি ৰাড়িয়ে দেওয়া হয়েছে। যেখানে ৮ আনা ছিল, সেটাকে ৰাড়িয়ে ়ং আনা খেকে : টাকার মতন করা হেতে। এবং তা কবে সেই হেডমাস্টারগণাইকে ৰেক্টৰ-এর পাদে বসিয়ে দিলেন। এগন সেই হেছমাটাৰমশাই করেছেন কি ? সেধানকার দুজন শিক্ষককে ছাঁটাই কৰে দিয়েছেন, বিনা কাবণে। কোন কারণ পুদর্শন না করেই তিনি ৰুজন শিক্ষককৈ ছাঁটাই করে দিযেছেন। তার জনা আজকে কোনে মানলা ঝুলছে। গত আড়াই বছর বরে মামলা চলছে, এখনও তার ফলাফল শেঘ হয়নি। অতি সাম্প্রতিকালে রিটাযাবনেণ্ট্রর পরে তিনি রেক্টর হযেছেন। তার কিছুদিন আগে, দু-তিন মাস আগে, আরও দ-তিন জন শিকককে ঢাটাই কর। হয়, ঐ একই রকমভাবে, অর্থাৎ কোন কাবণ পুনশ্ন না কবে । ফলে ঐ তিনজন শিক্ষককে রেজিগনেশান দিয়ে যেতে ২য়েছে।

প ভপ তি বাবু একটা স্কুল কৰেছেন, নাজীরপুরে, খুব সত্তব। সেই অঞ্বনণি স্কুলের কোন শিক্ষক নিশ্চয়ই ওঁনার স্থুলে হেডমাস্টার হিসাবে িায়েছেন, শুনেছিলান, যদি তাঁর কাছে খোঁজ নেন তাহনে পুঁকৃত তথা কি সেই স্কুলট। সৃষদ্ধে, ভাল কৰে জানতে পারবেন। ভনেছিলাম তিনি নাজিরপুর হাই স্কুলে যোগ দেবেন। তিনি যোগ দিবেছেন কিনা সামি ছানি না । স্তরাং তাব কাছে পুক্ত ত্থাটা পাওয়া যাবে । এখন হয়েছে কি তারপ**রে** সেই রিক্টর সাহেব চুপ করে খাকেন নি। তিনি তারই স্কুলে এ্যাসিস্ট্যাণ্ট হেড মাস্টার যিনি রিচায়ার করেছেন তাকে অবশ্য রে**ক্টর করা হয় নি। তিনি তারই মধিনস্থ** একজন স্কুলের শিক্ষককে যিনি একজন এ্যাসি**স্ট্যা**ওট টিচার বয়স্ক এক্সটেনসন এ রয়েছেন তিনি বি.টি. জনার্স তাকে তিনি পারমানেণ্ট অবশ্য করেন নি—অফিসিয়েটিং ছেডমাস্টার হিসাবে নিয়েছেন । অপচ সেই হেডমাস্টারসিপ-এর জন্য উপযুক্ত তিনটি এম. এ ডিগ্রী বিশিষ্ট লো**কের** এ্যাপ্লিকেশন ছিল। তা সত্ত্বেও সেই রেক্টর মহাশয় তিনি এখন ম্যানেজিং কমিটির মেম্বার থাকতে পারেন না আইনতঃ তবুও তিনি ম্যানেজিং কমিটির মধ্যে থাকছেন এবং ঐ যে তারই খনুগত বশংবদ লোকটি তাকে যার কোন উপ যুক্ততা নেই তাকেই হেডমাস্টার করে রেখেছেন এবং সমানে শিক্ষক বিতাড়ণ নীতি চলেছে। অখচ আজকে মান উনুয়নের কোন রকন ^{ব্যবস্থা} নেই। যদিও বলা হয়েছে মান উনুয়নের জন্য আনরা তিন জন শি**ক্ষককে ছাঁটাই** কবলাম । একজন এম. এ. উইখ অনাৰ্স ইন ইংলিশ তিনি নাকি ঠিক মান রক্ষ। করতে পাবছেন না। আরেকজন অনার্স গ্রাজুয়েট তাও আবার ইকোনমিক্স, তিনিও নাকি মান উণুষন করতে পারছেন না। এই অজুহাতে তাদেরকে ছাঁটাই করছেন। ভধু তাই নয় তিনি ^{ওরাবনিং} দিয়েছেন যে সব টিচারসদের পারমানেণ্ট বেসিসএ পার্মানেণ্ট পোচ্ট এ নিযুক্ত ^{ক্রা} হয়েছে বলেই যে তাদের পার্মানে°ট করা হবে তার কোন মানে নাই। যদি স্<mark>বভাব</mark> চরিত্র তাদের—জানি না স্বভাব চরিত্র বলতে তিনি কি মনে করেন, যদি ঠিক না থাকে তাহলে তাদের বিতাড়িত করা হবে। এবং আই ওয়ারনত দেম। এই হল সেই রেক্টর শাহেবের আচরণ। তিনি পিছন দিক থেকে একটা রিজলিউসন পাশ করিয়ে মাস্টারমহাশয়দের ভিতরে সন্ত্রাসের রাজত্ব চালিয়েছেন। এবং তার ফল হয়েছে এই ঐ বশংবদ শিক্ষকটি ঐ যে রেষ্টর সাহেব তাকে ম্যানেজিং কমিটির মধ্যে রেখেছেন। ওধু তাই নয়, ঐ স্কুলে নয়, বারট দেখা নাচেছ এই ধরণের রেক্টর দেখা যায়। এবং ন্যানেজিং কমিটির যিনি সেকেটারী তার ^{বৰংবদ} থাকতে হবে। মাস্টারমহাশয়দের উপর যে অত্যাচার তা সমানে চলবে। **আজকে**

ডেভেলপমেণ্ট ফি বাড়িয়ে দিচেছন। ম্যানেজিং কমিটি ডেভলপমেণ্ট ফি বাড়িয়ে দিচেছন এবং মাস্টারমহাশয়দের মধ্যে ডিভিসন স্বাষ্ট করছেন। কিছু সংখ্যক শিক্ষককে হয়ত কিছু বেশী দিল ঐ ডেভলপমেণ্ট ফি থেকে এই করে ডিভিসন করে দিল। যারা অনুগত মাস্টার মহাশয় যারা তাবেদারী করতে পারে তারাই ডেভাপমেণ্ট ফির জন্য কিছু বেশী পেল।

Shri Mohitosh Rai Chaudhuri:

এটাতে সরকারের স্যাংসান লাগে। হঁ্যা সরকারের স্যাংসান লাগে কিন্তু ধরছেন না। স্থতরাং এই নিরাপতা বোধ মাস্টারমহাশায়দের তা বাহত হচেছ। আজকে শিক্ষক ছাঁটাই এর বিষয়ে প্রতি শিক্ষা মন্ত্রীমহাশায়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আলীপুরদুয়ারের নিউ টাউন গার্লসম্বুল এর কথা বলছি সে সম্বন্ধে আমি আগেও উল্লেখ করেছিলাম—সেখানে তিন দিনের নাটিশে ১২ বছরের চাকুরী ছাঁটাই করে দেওয়া হয়েছে। আজকে আমি এই পরিষদে আসার আগে তার চিঠি পেয়েছি, আজ পর্যন্ত তার চাকরী জোগার হয় নি। এস. ডি. ও. কে আমি নিজে ব্যক্তিগতভাবে লিখেছিলাম। তিনি বলেছিলেন চেষ্টা করব কিন্তু আজ পর্যন্ত তার চাকরী জোটেনি। লো ব্রাড প্রেসার ভূগে ভূগে আজকে চিঠি দিয়েছে যে আমার মরণাপণু অবস্থা কোনরকম জীবিকার উপায় নাই। তাতে কতকগুলি ফুমজি গ্রাউও দিয়েছে। তার যে অপরাধ তা তাকে বলার স্কুযোগ দেওয়া হয়নি।

(The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

স্যানেজিং কমিটির কাছে বলতে পারে না শুনলে বোর্ডএর কাছে এ্যাপিল করতে পারে।) সবই ম্যানেজিং কমিটি করেছে। ৪ঠা মে-তে নোটিশ দিয়ে ৭ই মে-তে তাকে ছাঁটাই করেছে। তার অবস্থা হয়েছে আজ ৭ মাস হতে চলল সে জানে না কি করবে। আজকে লো ব্লাড প্রেসারএ ভূগে ভূগে একেবারে কাহিল হয়ে পড়েছে।

[6-10—6-20 p.m.]

মাস্টার মহাশয়ের সিকিউরিটি অব সাভিস কি রকমভাবে ব্যাহত হচেছ আমি তারই নিদর্শন হিসাবে আপনাদের কাছে উপস্থাপিত করছি। আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিষয়ে একটা ব্যবস্থা গ্রহণ করার জন্য। এ্যাপিল কমিটির কাছে গিয়ে দীর্ঘদিন প্রতীক্ষা করে থাকতে হয় এবং সেখানে স্থবিচার পেয়েছে বলে আমার জানা নেই। আমার যতদুব জানা আছে তাতে আমি বলতে পারি বে ১০৷১২ জন মাস্টারমহাশয় এ্যাপিল কমিটির কাছে দীর্ঘ দিন বছরের পর বছর প্রতীক্ষা করেছেন, কিন্তু তাঁরা কোন প্রতিকার পান নি। আপনি কোর্টে যান সেখানেও ২/২॥ বছর কেস ঝুলছে।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

তাহলে আপনিই বলুন কোটো যদি দেরি হয়, ম্যানেজিং কমিটিতে যদি দেরি হয়, এ্যাপিন কমিটিতে যদি দেরি হয় তাহলে আমি কি করব।

Shri Jatindra Singha:

বোর্টে আমরা যেতে চাই না, আমরা চাই আপনারা কোন একটা কিছু করুন। সিকিউরিটি অব সাতিসের জন্য আপনারা একটা কিছু স্টেডি ব্যবস্থা করুন। আজকে আমি কয়েবটা উদাহরণ দিলাম, যেখানে নাকি মাস্টারমহাশয়রা এই অবস্থায় এসে পৌছেছেন। মাস্টার মহাশয়রা যদি অভুক্ত, অর্ধাহারে এবং অনশনে থাকেন তাহলে তাঁরা কি মান উনুয়ন করবেন? পশুপতিবাবু এখানে বসে আছেন, আমি বাঁশবেড়িয়া হাই স্কুলের কথা বলছি—উশেট করু বাস্তহারা বিদ্যাপীঠ, সেখানকার একজন মাস্টারমহাশয় গিরিশ চৌধুরী মহাশয়ের ১৬০ টাকা থেতন নির্ধারিও ছিল। সেই জায়াগায় তিনি ৮০ টাকা করে মাসের পর মাস নিয়েছেন নিয়মিত সাহায়্য স্কুলে যায়নি বলে। টালির খুবরি বর, জানালা নেই, সেখানে দিনের পর দিন টি. বি. তে তাগে ভুগে তিনি মারা গেছেন, তাঁকে বাঁচান যায়নি এবং

তার একমাত্র কারণ অন্য কিছু নয়, তিনি নিয়মিত বেতন পাননি ৷ আপনি খোঁজ করে দেখবেন অবস্থাটা কি। গিরিশ চৌধুরী টি. বি.তে ভূগে মার। গেছে এবং সেই শিক্ষিক। আব্দকে লো ব্লাড প্রেদারে মরণাপনু অবস্থায় এসে পৌছেছেন। স্নতরাং আমানের বব্ধবা इन এই यपि जनका इस यथारन ठाकतित नितालका रनरे, यथारन नाकि मान्छात्रमशानम्बत। নিয়মিত সাহায্য না পাওয়ার ফলে অর্ধভক্ত অভক্ত অবস্থায় রয়েছেন, আমি সব স্কলের কথা বলছি না বেশির ভাগ স্কলের এই অবস্থা চলছে, সেখানে কি করে মান উনুীত হবে ? এবারে আমি শিক্ষা দপ্তরের দ্নীতি সম্বন্ধে দ্-একটা কথা বলব। এডের জন্য নর্থ বেঙ্গল থেকে যেসব শিক্ষকবা আসেন, আমার জানা আছে যে শিক্ষা দপ্তরে যেসব কর্মচারী আভেন তাঁদের একটা হার দিতে হয়, তাঁর। বলেন যে মাথাপিছ ১০ টাক। করে দেবেন তাহলে তাড়াতাডি বের করে দেব। যদি তানা দেন তাহলে সেই এড যে কবে পাবে তা জানি না। আমি একটাও মিধ্যা কথা বলছি না, এই ধরণের সব চলছে। ধরুণ, নর্থ বেঙ্গলের জলপাইগুডি ধেকে এডের জন্য এসেছেন, টাকা পাবার জন্য দীর্ঘদিন বসে থাকা তাঁদের পক্ষে সম্ভব নয়। অতএব তাঁদের কিছুটা দিয়ে যদি পারেন তো নিয়ে যাবেন আর যদি না পারেন তাহলে যুরবেন। আমি মন্ত্রীনহাশয়কে দু-একটা উদাহরণ দিয়ে বলছি। আমি আ<mark>মাদের</mark> স্কুলের কথা বলছি, মেকলিবাড়ী হাই স্কুল, এর একটা বিলিডং গ্রাণ্ট ছিল। এখন হেড মাস্টারমহাশয় এসেছেন গ্রাণ্টের জন্য। বহু তদবিরও তিনি করেছেন। কিন্তু বলছেন যে আপনাদের ফাইল খুঁজে পাওয়া যাচেছ না। তখন হেড মাস্টারমহাশয় বললেন এত বড় এক। স্কলের ফার্টল, এটা খুঁজে পাচেছ্ন না? দুবার তিনি খুরে এলেন কিন্তু পেলেন না ততীয়বার যখন এলেন তখন তিনি বললেন যে আনি ফাইল খ'জে দেখব কোথায় কোন ছাইলেব মধ্যে আছে। তারপর খুঁজতে খুঁজতে দেখা গেল, জানিনা কার কারসাজি হলদিবাড়ী স্কলের ফাইলের মধ্যে মেকলীবাড়ী হাই স্কুলের ফাইল চুকিয়ে দেওয়া হয়েছে। তারপর খার একটা স্কলের সেক্রেটারী আমাদের এখানে এসেছিলেন, তিনি এসে বললেন যে আমার স্কলের , বিল আসছে না। তখন তিনি দপ্তরে গেলেন, গিয়ে দেখলেন যে ফাইল খঁজে পাওয়া गिट्रा ना । जातभत प्रथा शिन य भिगतनियांग कारेतन भर्या राहे। हरक चाह्न । कारेनही তাবপর উদ্ধার করা হল।

এই ধরণের যদি ফাইল উদ্ধার করতে হয় তাবপরে যদি সেই এড গিয়ে পৌঁচায় তাহলে কবে কি হবে জানি না। আমি জানি যে শিক্ষা মন্ত্রীমহাশয় বলবেন যে এগুলো বোর্ড করছে। এখন অবশ্য শুনছি এবাব ভাডাতাডি হবে কিন্তু এখনোও পর্যন্ত তো কোন স্করাহা আমরা দেখতে পাচিছ্না। আজকে ধরুন নর্থ বেঙ্গলের কথা বলছি, আমি জানিনা তিনি কি গুরুতর পছা অবলম্বন করবেন যাতে নাকি কাজ ম্রান্থিত হয়। উত্তরবঙ্গে যাতায়াত ব্যবস্থা অত্যন্ত দর্বল **।** আমার মনে হয় যে ওখানে আঞ্চলিকভাবে যদি এডটা তাডাতাডি পাওয়ার ব্যবস্থ। কর[ু] যায় তাহলে শিক্ষকরা খবই উপকৃত হবেন। আমি আর একটা কথা বলবো, আলিপুরদুয়ারের ক্থা—সেই অঞ্চল জিনিসপত্র অত্যন্ত দুর্বা। আমাদের চারুবাব এখন নেই তিনি দৈখিয়ে पिरग्रहान जनभारे थि जिक्काल वारः वे जक्केटन कित्रकम मत्रवस्रात मर्दशा मानघरक थाकरण स्मा। ওধানে একটা **ডয়ার্স আালাওয়েন্স আমরা পে**য়েছি, দীর্ঘদিন ধরে সেটা ভোগ করেছি। **আমি** একটা পুশু করেছিলাম একবার যে ড্য়ার্স আালাওয়েন্স উঠিয়ে দেওয়া হয়েছে। অবশ্য আপনারা বলবেন পে কমিটি এটা করেছে কিন্ত জিনিসটা তা নয়। ওখানে মালটিপার্পাস শেকসনে যে সব টিচার তাঁদের কিন্ত ওটা দিয়ে দেওয়া হচেছ, তাঁদের বেলার কোন রকম নেসস্টিকসন রাখা হয়নি। মাল্টিপার্পাজ সেকসনে, হাইয়ার সেকেণ্ডারী সেক্সনে যে **সব** ^{মাস্টারন}শাই আছেন তাঁবা ভুয়ার্স অ্যালাওয়েন্স নিয়মিতভাবে পেয়ে যাচেছন। আমার বক্তব্য ^{হল} আজকে মাণ্টারমশাইরা যাঁর৷ ক্লাস ১০ সেকসনে পড়াচেছন, তাঁরা পেয়ে আসছিলেন ^{তাদের} সাসপেণ্ড করে বাধা হয়েছে, তারপরে তাঁরা আর কিন্তু পাচেছন না কিন্তু ঐ মাল্টিপাপাঙ্গ ^{শেকসনে} যাঁরা রয়েছেন এব: নিয়মিতভাবে পেয়ে যাচেছন। আি অনুরোধ করবো ^{এই যে} ডিসপারিটি রয়েছে এটা তলে দিন এবং সমস্ত শিক্ষক যাঁদের :৯৬১ সালের এপ্রিল থেকে শাসপেও হয়ে আছে যে∌েতু তাঁরা মালটিপার্পজ সেকগানে চাক**ী করছেন না তাঁদের সবাই** ^{যাতে} ঐ ডয়ার্স অ্যালাওঁরেন্স পান সেই ব্যবস্থা করুন। সামান্য ছিটেকোঁট। ^{পেকে} মাস্টারমশাইদেব বঞ্চিত করবেন না। অন্তত খ[্]নার আগে এই কা**জটা**

করে দেয়ার জন্য আমি অনুরোধ জানাচিছ। আর অনুরোধ জানাচিছ শিক্ষকদের সামগ্রিক যে যান উনুয়ন তারই জন্য আমাদের দাবী এবং আমাদের আন্দোলন—আমি তাঁর কাছে আবেদন জানাতে চাই সমস্ত শিক্ষকসমাজের তরফ থেকে করণীক গ্রন্থ গারিকের তরফ থেকে যোগদের কথাটা বিবেচনা করবেন, আমাদের যাঁরা প্রতিনিধি তাঁদের সঙ্গে আপনার৷ মিলিত হন। নিলিত হয়ে একটা আলোচনার মাধ্যমে আমাদের যে সমস্যা সেই সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করুন, তার একটা স্করাহা করুন। অনর্থক আমাদের একটা আন্দোলনের পথে ঠেলে দেবেন না এই আমার আবেদন।

Shri Pashupati Jha:

নাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয যতীনবাবু তাঁর বক্তৃতায় আমার নান যে টেনে এনেছেন আমি সে গবন্ধে কিছু বলতে চাই। উনি বলেছেন অকু মণি থেকে একজন টিচার নাকি আমাদের স্কুলে জয়েন করেছেন। আমি তাঁর অবগতির জন্য জানাচিছ যে তিনি এখনও জয়েন করেনি, পারীক্ষার্থাদের প্রতি মাস্টারমশাইদের যে কর্তব্য সেটা পালন করে ১লা এপ্রিল থেকে তিনি জয়েন করবেন। হিঠায় কথা, অফু মণি স্কুলের রেস্করের সম্বন্ধে তিনি বলেছেন। আমি ওখানকার লোক, তিনি হয়ত কাবে। কাছে ইনফরমেশন পেয়েছেন। ওখানে দুটো মাস্টারের দল আছে, এটা আমার স্কানা আছে—একটা লেফটিস্ট, একটা রাইটিস্ট—লেফটিস্টেদের খবর উনি পেয়েছেন। সেখানকার রেস্কর অত্যন্থ উপযুক্ত লোক, যতদিন তিনি ঐ স্কুলে হেডমাস্টারী করছেন ততদিন কোন মাস্টার মশাই এক মিনিটও দেরী করে এলে তিনি তাসহ্য করেন। এবং স্কুলের রুলস ঘ্যাও রেওলেসন তিনি খুব স্ট্রিস্কলি পালন করেন। আমি বলবো ঐ রকম হেডমাস্টারমশাই যে স্কুলে থাকেন সই স্কুল এবং শিক্ষা বিভাগ তার জন্য গৌরব অনুভব করেন।

[6-20-6-25 p.m.]

Shri Lakshman Prodhan: Sir, in rising to support the budget proposal before this House I beg your permission to draw the attention of the Hon'ble the Education Minister to the educational problems facing the workers of the plantation area in North Bengal. Sir, it is true and it has to be admitted that the educational needs of the North Bengal districts, particularly, the districts of Darjeeling and Jalpaiguri, have been adequately met at the hands of the Government of West Bengal—it is heartening to see the pulsating situation in educational fields in these two districts. But somehow it has failed to create favourable impact in the plantation area. As you know, Sir, the plantation area in these two districts of Jalpaiguri and Darjeeling covers about one-third of the entire area and has also one-third of the population. 284 tea plantations are manned by the workers belonging mostly to the Scheduled Tribe and other backward classes of the community.

Sir, as regards the position of primary education as we find today, I was consulting Dr. Charu Chandra Sanyal, who is a very well-informed personality, he doubts, if the percentage of the children of school-going age, having primary education, would come to 15 per cent. I also happened to see a particular report of a sample survey conducted by the Tea Board in the hill plantations and they have arrived at a figure of 22.7 per cent. of the children having education in the age group of 7 to 18 years. Sir. it is true that since 1947, since we attained independence, schools are being provided in every tea plantation, but sixteen years of schooling has made no progress, and, as I have submitted, Sir, that the percentage of children having primary education in the tea plantation does not exceed more than 20 per cent, in all cases. The tea plantation schools are supervised by the District School Boards both in Jalpaiguri and in Darjeeling. These District School Boards have got no locus standi in the plantations Still so much depends on the charity, on the goodwill of the employers who

are averse, apathetic and unconcerned to the idea of the workers' children getting education. In the particular circumstances—in the context of the Government's commitment to introduce universal free and compulsory primary education in the whole of the State, in the context of these people belonging to the Scheduled Tribe and other backward classes of community and Government's constitutional obligation and responsibility to work for the welfare of these people, in the context of this industry which is one of the major industries in the State and the necessity of industrial peace and stablity, and above all, in the context of the responsibility of the Government to help these backward classes of people to lead a full and happy life—I would request the Hon'ble Education Minister and the Government to take this situation into their serious consideration and do the needful to improve the position. Thank you, Sir,

Adjournment

The Council was then adjourned at 6-25 p.m. till 3 p.m. on Friday, the 28th February, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Acharyya, Shri Snehangshu Kanta Banerjee, Dr. Srikumar Bhattacharyya, Shri Sreepada Bose, Shri Aurobindo Chakravarti, Shri Tripurari Ghose, Shri Kali Charan Ghosh, Shri Ashutosh Haldar, Shri Gopal Khaitan, Shri G. N. Majumdar, Shri Rajendranath Mondal, Shri Dhajadhari Mukherjee, Shri Sudhindranath Prosad, Shri R. S. Sanyal, Shri Sasanka Sekhar Sen Gupta, Shri Dwijendralal Singha, Shri Biman Behari Lall,

COUNCIL DEBATES

Friday, the 28th February, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 28th February, 1964, at 3 p.m. being the Thirteenth Day of the Thirty-third Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[3-3-10 p.m.]

Shri Mohitosh Rai Chaudhuri: Sir, before the proceedings begin may I make one request to you. Soon after the opening of this Chamber it was settled as a result of deep deliberation on the part of our able and amiable Whip. Mr. Jagannath Kolay, that this House will sit at half-past one and the Lower House at 12 O'clock. This practice has been followed all along, but all on a sudden we find the time is being altered, which is very disadvantageous to all of us, particularly, as at that time after the question hour press does not generally care to remain here for long after 4 O'clock. Therefore, nothing except things which are sensational—and much sensation is created by our friend Shri Jatin Chakravorty and others nothing except these things are reported. That is a very important matter. Of course, you cannot blame the press people. You cannot ask them to remain all along. Therefore, I would request you to see that the old time is kept and ask our Whip so that we can go back to the old timing.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁর যা বক্তব্য তা আমরা সর্বাস্তকরণে সমর্থন করি, এই জন্য যে, আমাদের বড়ই অস্ত্রবিধা হয় ৬টা/৬।।টা পর্যন্ত থাকতে হলে। এবং এটা খুব গোলমালের ব্যাপার কারণ উনি যে কথা বলেছেন যে এটা সত্যিকথা যে সাংবাদিকরা গিয়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রীর কাছে এবং চীফ হুইপের কাছে। আমরা চাই অস্ততঃ সেই
ভাবে হউক। ওখানে যদি ১২ টায় হয় তাহলে এখানে ১।।টায় যেমন ছিল সেইভাবে হউক
ভাতে আমরা অনেক সময় পাই আমাদের বক্ততা দেবার।

Shri Biswanath Mukherjee :

সামি যতদুর জানি ঐ হাউস বিরোধী দলের সঙ্গে বসে ঠিক করেছেন যে একটায় বসবে তাহতে আমাদের এখানে ১।। ঘণ্টা পরে অথাৎ ২।।টার সময় বসতে হয় তাহলে আবার রীসেস দিতে হয়। সেই জন্য আমরা ঠিক করেছি যে এই হাউস তিনটায় বসবে।

Mr. Chairman: Many members have come to me and have expressed their uneasiness about the present timings. Some of them even have suggested, let us go back to the old timetable in the morning. Of course, I know there are certain difficulties either way, but if general consensus of opinion of the members of this House is that we should begin at half-past one, I think we should revert to that and some accommodation must be made with regard to the work of the other House.

Shri Mohitosh Rai Choudhuri: Members of the other House may also be requested.

Shri Nirmalya Bagchi: It is better that we should sit at half-past two so that we can attend to our other business.

Shri Rabindralal Sinha:

পরিষদপাল মহাশয়, কোয়েশেচন আওয়ারের আগে কি এইরকম ডিসকাসান হবে? তবে আপনি যখন সন্মতি দিয়েছেন তখন হবে। আমি এইটুকু বলতে চাই সকলের স্থবিধামত সময় হয় না। কেউ চাকরি করবেন, কেউ মাস্টারী করবেন আর অবসর সময়ে জনসেবা করবেন এই জিনিস আজকালকার দিনে চলবে না। আপনি বিবেচনা করে যে সময়টা স্থবিধা হয় সেটা করুন।

Mr. Chairman: I must do it in consultation with the Minister of Parliamentary Affairs and other Ministers also. I wish to speak to them and will let you know the result.

Shri Syed Shahedullah:

সভাপতি মহাশয়, রবীন বাবু যেটা বললেন, তাঁর ধারণা যদি এটা হয় যে ওয়াকিং কু।সের কোন জনসেবা করবার অধিকার নেই তাহলে আমার আপত্তি আছে।

Mr. Chairman: We will discuss it at the meeting of the Business Advisory Committee.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Waterworks within the Berhampore Municipality

- *73. Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) whether there is any scheme under Third Five-Year Plan for repairs and renovation of the waterworks within the Berhampore Municipality;
 - (b) if so, when the scheme is likely to be implemented?

The Hon'ble Purabi Mukhopadhayay: (a) Yes. The scheme is under execution.

(b) Very shortly.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state when the implementation will be commenced?

The Hon'ble Purabi Mukhopadhayay: The real position of the whole thing is this. There is one interim scheme which has been executed at a cost of Rs. 1 lakh 76 thousand and 8 hundred and there is another comprehensive scheme which would cost nearabout Rs. 12 lakhs 50 thousand. We are not going to tackle the comprehensive scheme at the moment. We have already taken up the interim programme which will be integrated with the comprehensive programme in the fourth plan period because under the third plan we do not have any money to take up Berhampore Water Supply Scheme.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether late Dr. B. C. Roy was pleased to make a statement on the floor of the House that the question of renovation and repairs of the waterworks within the Berhampore Municipality will be taken up?

The Hon'ble Purabi Mukhopadhayay: Yes. That is the interim scheme which we are already executing at a cost of Rs. 1 lakh 76 thousand and 8 hundred. But apart from this interim scheme we have a definite comprehensive scheme at a cost of Rs. 12 lakhs 50 thousand for the betterment, for the improvement of water-supply in Berhampore town. Because of the renovation we have already sanctioned Rs. 1 lakh 76 thousand and 8 hundred and that scheme is in progress. We are already executing the scheme.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether the comprehensive scheme was placed before the Government in 1948?

The Hon'ble Purabi Mukhopadhayay: No. The scheme was placed in the year 1962 only.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১ লক্ষ ৭৬ হাজার ৮ শত টাকার একটা অন্তর্বতীকালীন পরিকল্পনা ওয়াটার সাপ্লাই এব জন্য ওঁরা টেকেন আপ করেছেন। আমার জিপ্তাস্য এটার কাজ কতদ্র অগ্রসর হয়েছে ?

Shri Hon'ble Purabi Mukhopadhayay :

নভেম্বর, ১৯৬১ সালে এই স্কীম এ্যাপ্রভেড কবা হয়েছে এবং চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং তাঁকে এই স্কীমটাকে টেকেন আপ করে কাজ করতে বলা হয়েছে। তিনি সমস্ত কাজ স্কুরু করে দিয়েছেন। আশা করা যাচেছ্ আগামী কয়েক মাসের মধ্যে এটা শেষ হতে পারবে। এটা হচেছ রেনোভেসান স্কীম।

New pay-scales for clerks and employees of Secondary Schools

- *74. Shri Santosh Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state--
 - (a) whether Government has been able to disburse the amounts of money due to all clerks and class IV employees of secondary schools in the State according to new pay-scales with retrospective effect from the lst April, 1961; and
 - (b) if not, the reasons thereof!

[3-10-3-20 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) and (b). It was not the function of the Department to disburse the amount due to these employees of the Secondary Schools. Government orders regarding revision of pay scales for clerks and Class IV employees of aided High Schools were however communicated to the Board of Secondary Education, West Bengal, in October, 1963. The Board was also authorised to proceed with the implementation of the scheme for aided non-Government Secondary Schools. The Board could not calculate and fix the pay of the employees in the revised pay scales with retrospective effect and pay the difference to them. Now that the new West Bengal Board of Secondary Education has come into being, steps are being taken by the Education Directorate for making payment to the clerks and Class IV employees of non-Government aided High Schools according to the revised pay scales as early as possible after fixation of their pay in the revised pay scales.

Shri Santosh Kumar Bhattacharyya:

মন্ত্রী মহাশয় বল্লেন যে আগেকার যে বোর্ড তাকে ক্যালকুলেসন করার জন্য অক্টোবর মাসে বলে-ছিলেন—আমার প্রশ্নু হচেছ, এই নূতন পে স্কেল এটা কবে ওঁরা করেছিলেন সেটা জানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Cho dhuri:

আমরা অর্ডার দিয়েছিলাম নূতন পে-স্কেল সম্বন্ধে ১৫ই অক্টোবর ১৯৬৩ সালে, উইথ রেট্রস্ পে ক্টিভ এফেক্ট ক্রম ফাস্ট এপ্রিল ১৯৬১ দেবার আদেশ দেওয়া হইয়াছিল।

·Shri Santosh Kumar Bhattacharyya:

আমার প্রশূটা উনি ধরতে পারেননি—এই নূতন পেক্ষেলটা অ্যাকচুয়ালী কবে ঘোষণা করেছিলেন ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

জ্যানাউন্সমেণ্টের কোয়েশ্চে তো অ্যারাইজ করে না। অ্যানাউন্সমেণ্ট তো নয়, আমরা অর্ডার দিয়াছিলাম বোর্ডকে, বোর্ডের দেবার কথা, বোর্ড পেমেণ্ট করবেন—বোর্ডকে অর্ডার দেওয়া হয় যে আপনারা নৃতন পে-স্কেল অনুসারে ১লা এপ্রিল ১৯৬১ থেকে পে ক্যালকুলেট করে ওঁদের দিয়ে দেবেন য্যাকর্ডিং টু দি নিউ স্কেল।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমি জিজ্ঞাসা করচি কোনু তারিখে এই নৃতন পেস্কেল ঘোষণা করা হয়েছিল?

(No reply.)

Shri Satya Priya Roy:

এটা কি জুলাই মাসে ঘোষণা করা হয়নি বিধান পরিষদে যে নূতন পে-স্কেল দেয়া হবে ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

বিধান পরিষদে কোন যোষণা করার তো তারিখ সাব্যস্ত বা নোটিফিকেসানে করার কথা নয়। স্থানাদের departmental order was communicated to the Board by a letter

Shri Satya Priya Roy:

১৫ই অক্টোবর ওটা কি পূজোর আগে নয়?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি ঠিক ওটা বলতে পারছি না।

Shri Satya Priya Roy:

শিক্ষামন্ত্রী বলবেন কি যে বোর্ডকে ১৫ই ডিসেম্বরের মধ্যে কাজ গুটিয়ে ফেলবার নির্দেশ দেয়। হয়েছিল কিনা ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

এই অর্ডার ইমপ্লিমেণ্ট করে পে দিতে বলা হয়েছিল, ডিসেম্বরের মধ্যে কি সেপ্টেম্বরের মধ্যে তা তা নয়। তারা পে ক্যালকুলেট করবেন, বুঝে দেখুন এ বছর আগের থেকে স্কেলে ফিক্স্করবেন প্রত্যেক ইণ্ডিভিজুয়ালের---প্রত্যেক ইণ্ডিভিজুয়ালকে তাঁর কি হবে, ক্যালকুলেট করে, পে নূতন স্কেলএ ফিক্স করে পেমেণ্ট করতে হবে। বোর্ড সেটা করতে পারেননি যতক্ষণ পর্যন্ত আগেকার বোর্ড চিল।

Shri Satya Priya Roy:

তথন তো যথেষ্ট সময় ছিল না——আমার প্রশা হচেছ ডিরেক্টরেট কেন অক্টোবর থেকে নিজেরা হাতে নেন নিং

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

তা তো নিতে পারেন না, তখন পেমেণ্টের সমস্ত ভার য়্যাকটিং টু দি এয়াক্ট বোর্ডের হাতে ছিল।

Shri Satya Priya Roy:

क्रानक्रानरात्र ভाরটা कि ডিরেক্টরেট নিতে পারতেন না ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

বোর্ড সকল বিষয়ে জানেন, টিচারস, নন-টিচার্স সকলের সম্বন্ধে কাজেই এই সমস্ত ক্যালকুলেসর্ন করে দেবার তার বোর্ডের ছিল, ডিরেক্টরেটের ভার ছিল না।

Shri Satya Priya Roy:

অধঃস্তন কর্মচারীদের ৪৫ টাকা নুন্যতম বেতন ধার্য করা হয়েছে—এতে সরকারের কতটাকা বেশী খরচ হবে সেটা শিক্ষা মন্ত্রী বলবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি একজার আমাউণ্টটা বলতে পারবো না।

Shri Satya Priya Roy:

এই যে স্কেল এটা যে আজকে একজন মানুষের পক্ষে যথেষ্ট নয় ৪৫ থেকে ৬০ টাকা এটা সম্পকে মন্ত্রীমহাশয় তার বক্তব্য বলবেন কি গ

The Hon'ble Rai Harendra Nath Choudhuri: That is a question of opinion. Shri Satya Priya Roy:

এটা রিভিসন করার জন্য তাঁদের পক্ষ থেকে যে দাবী উঠেছে এবং আমাদের শিক্ষ<mark>ক সমিতির</mark> পক্ষ থেকে যে দাবী উঠেছে সেটা মন্ত্রীমহাশয় জানেন তে৷ ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

কোন পে রিভিসন করার আগেও দাবী উঠে, পরেও দাবী উঠে।

Shri Jatin Chakravorty:

কলকাতার সরকারের অধস্তন,কুাস ফোর্থ, কর্মচারীর। কত মাইনে পান তা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

ना। ठिक जानि ना।

Shri Satya Priya Roy:

রাজ্য সরকারের অধস্তন কর্মচারীরা কত বেতন পান, জানেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

न। ठिक जानिना।

Shri Narendra Nath Das:

ব্দাপনার দপ্তরের পিয়নরা কত টাকা বেতন পায়, জানেন ?

The Hon'ble Raj Harendra Nath Choudhuri:

ঠিক জানি না।

Shri Satya Priya Roy:

এদেব স্কেল রিভিসন সম্বন্ধে পর্নবিবেচন। করার কি কোন পরিকল্পনা নেই।

The Hon'ble Rai Harendra Nath Choudhury:

আমরা যে ক্ষেল ঠিক করেছি, সেটা ফাইন্যান্স ডিপার্ট মেণ্টের সঙ্গে পরামর্শ কয়ে তাদের অ্যাপ্রু-ভ্যাল নিয়ে করা হয়েছে। কাজেই যে স্কিমটা সম্বন্ধে অর্ডার পাশ হয়েছে মাত্র কয়েকমাস আগে, সেটা আবার রিভিসন করবার কোন পরিকল্পনা নেই, এবং বাজেটেও এরূপ ব্যবস্থাও নেই।

Shri Satya Priya Roy:

ডা: বিধান চক্র রায় যে প্রতিশুতি দিয়েছিলেন, যে সমস্ত অধস্তন কর্মচারীদের সমান বেতন দেওয়া হবে, সৌন শিক্ষা মন্ত্রী মহাশয় করবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

ডাঃ রায় যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন, ঠিক সেই প্রতিশ্রুতি অনুসারেই ফাইন্যান্স ডিপার্ট মেণ্ট এই অর্ডার পাশ করেছেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

শাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বললেন এমন কি তিনি নিজেও জানেননা যে এডুকেশন ডিপার্ট -মেণ্টের অধস্তুন কর্মচারীর। অর্থাৎ ক্লাস ফোর এমপুর্যীর। কত বেতন পান। তার ডিপার্ট -মেণ্ট সম্বন্ধে তিনি কিছুই জানেন না , it is strange something.

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

আমি প্রথম জিন্তাসা করছি—Sir, can that question arise out of this question?

Mr. Chairman: I don't think so.

Shri Rabinoralal Sinha: On a point of order, Sir. This is a question about the disbursement of new pay scales already declared and not about the pay scales. So the question about the scales and revision of scales cannot arise out of this.

Mr. Chairman: Yes, we are straying away from the question.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় যে কণাটা বললেন, সেটা ধুব পরিছ্কার হল না। যে ছিটেকোঁটা দিয়েছেন, তাঁতে কিছুই স্থবিধা হয়নি। আমার প্রশূটা হচেছ উনি বললেন য়াজ আলি য়াজ পসেবল, উনি আরও বললেন যে এখন ক্যালকুলেশন ডাইরেক্টরেট থেকে করা হচেছ, সময় লাগবে। তবে আজ আলি আজ পসেবেল দেওয়া হবে। এই আজ আলি আজ পসেবল মানে কি ? একটা পোসিফিক টাইম কয় মাস বলতে পারেন ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

না। আমি বলতে পারবোনা, পারা সম্ভব নয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

গত বছর পূজার পূর্বে শিক্ষা বিভাগের রাষ্ট্রমন্ত্রী তিনি এই হাউসে দাঁড়িয়ে এই এতিশু তিত দিয়েছিলেন যে পূজার পূর্বে ঐ সকল অধন্তন কর্মচারী এবং করণিক, যারা সামান্যতম বেতন পায়, তাদের মাহিনা বা বকেয়া বেতন পাবেন। এই প্রতিশ্রতি তিনি দিয়েছিলেন, এটা আপনি কি জানেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

তিনি কি প্রতিশ্রতি দিয়েছিলেন জানি না। যদি তা দিয়ে থাকেন, কেমন করে দিলেন বুঝতে পারছি না। এ বিষয়ে অনেক হিসাব করবার রয়েছে। বহু স্কুলের বহু কর্মচারীর বেতনের হিসাব অনেকদিন আগে, থেকে করতে হবে। কি স্কেলে তারা বেতন পাবেন, তিন বছর আগে ১লা এপ্রিল থেকে তা ক্যালকুলেট করে বেতন দিতে পেনেণ্ট করতে হবে। সৌরেন্দ্র মোহন মিশ্র মহাশয় কি করে বলেছেন যে পূজার আগে তাদের নকেয়। বেতন দেওয়া হয়ে যাবে তা আমি জানিনা।

Shri Santosh Kumar Bhattacharyva:

আমার আর একটা প্রশু আছে। উনি ত পরিম্কার করে বললেন যে টাইম-ফাইম দিতে পারবেন না,—আমার প্রশা হচেছ তাদের ঐ তিন বছরের বকেয়া বেতন, তারা আদৌ পাবেন किना? (महोट्ड यामार्पिक मर्ल्ड २८५०)।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

নিশ্চয় পাবেন। কাবণ, গভর্নমেণ্ট অর্ডার দেওয়া হয়ে গিয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

पानांव প্রশু হচেছ---ওঁরা স্বীকার করেছেন যে, শিক্ষকদের ফাইন্যাল গ্রাণ্ট এর টাকা এডেড স্কুলে পাঠাতে পারেননি, সেই জন্য ওঁরা একটা সিদ্ধান্ত করেছেন সম্প্রতি যে এড্রেসন ডাইরেক্টরেট থেকে এ্যাডহক বেসিসে একটা টাকা পাঠাবেন। এই সমস্ত ক্বণিক এবং হতভাগ্য ক্রাস ফোর এমপ্লায়িজ যার। কয়েক বছর ধরে তাদের বেতনের টাকা পাননি, তাদের অন্ততঃপক্ষে আগামী মার্চ মাদের মধ্যে, এপ্রিল থেকে পেণ্ডিং ক্যালকুলেসন করে য়্যাড-হক বেসিস-এ একটা টাকা দেবেন কিনা ? কারণ, দেখা যাচেছ শমন্ত ক্যালকলেশন কবে শেঘ হবে, তা ঠিক নেই, তার উপর নির্ভর করলে হবে না।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

^{মার্চ} মাসের মধ্যে কোনমতেই সকলেব প্রাপ্য মিটিয়ে দেওয়া সম্ভব নয়।

[3.20 - 3.30 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya:

ाश्त मात्र, याभारमत वृषाक शर्क निका मधी मशामग्र এই य ८৫ होका माशिना श्राप्त অধন্তন কর্মচারীরা আর ৮০ টাকা মাহিনা কেরাণীরা এদের জন্য কিছুই করতে প্রস্তু**ত** नन ।

Shri Rabindralal Sinha:

^{দারি}, এটা কি একটা প্রশু হল ?

Shri Satya Priya Roy:

^{থানার} প্রশু হচেছ এটা ক্যালকুলেসন করবার জন্য ডাইরেক্টরেট থেকে কি নূতন লোক নিয়ে এসে সে ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

^{স্তা}প্রিয়বাব জানেন কিনা জানি না, বোর্ডে যে সমস্ত কর্মচারী আছে তার মধ্যে কতক ডাই-^{রেক্ট}রেট-এ নে ওয়া হচেছ আর কতক অন্যত্র নেবার ব্যবস্থা করা হচেছ——কা**জেই** ভাইরেক্টরেটএ লোক পাওয়া যাবে, যারা বোর্ডেই আছেন তাদের কতকগুলিকে ভাইরেক্টরেট-এ নিয়ে আসা হবে।

Shri Jatin Chakravorty:

এদের সংখ্যাটা কত, তাহলে আমরা বুঝতে পারি যে ১৯৬১ থেকে যেটা পড়ে আছে, এদের সংখ্যা,কত যে ক্যালকলেসন করতে এত দীর্ঘ সময় লাগছে?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

কর্মচারীদের সংখ্যা কত তা আমি ঠিক এখন বলতে পারব না।

Shri Satya Priya Roy:

বোর্ডের থেকে যাদের আনবেন তাদের কি ইতিমধ্যে নির্দেশ দেওয়া হয়েছে ডাইরেক্টরেট-এ এসে কাজ করবার জন্য ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :

ইতিমধ্যে এ বিষয়ে বোর্ডকে ডাইরেকশন দেওয়া হয়েছে কিনা তা ঠিক বলতে পারবো না।

Shri Satya Priya Roy:

বোর্ডের কিছু কর্মচারীকে নিয়া আসা হবে ডাইরেক্টরেট-এ, আমি জিজ্ঞাস৷ করছি কাদের নিয়ে আসা হবে সে সম্পর্কে নির্দেশ গেছে কি না ?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

গভর্নমেণ্ট থেকে ডাইরেক্টরেট-এ সে স্বর্ভার গেছে।

Homoeopathic College and Hospital

- *75. Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) whether the Government intend to establish any Homoeopathic College and Hospital in the near future : and
 - (b) if not, reasons therefor?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) and (b) The question will be given due consideration in consultation with the Council to be constituted under Homoeopathic System of Medicine Act, 1963.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether there is any scheme before the West Bengal Government to establish a Homoeopathic College and Hospital in the near future?

The Hon'ble Purabi Mukhopadhyay: I will respectfully draw the attention of the honourable member to the provision under section 18(1) in which it is clearly stated—"with the approval of the State Government to establish institutions teaching the Homoeopathic system of medicine and to grant or refuse affiliation." So, it is entirely in the hands of the Board which will be constituted under the Act. They will decide whether any institution either teaching or professional will be established under the Act. It is too premature now for me to say that it will be established.

Shri Satya Priya Roy Has the Board been established?

The Hon'ble Purabi Mukhopadhyay: Rules have been sent to the Finance-Department and the Legislative Department. They are reviewing the wholething After they vet, the rules will be published in the Gazette and placed before the Assembly. Then it will be established.

Shri Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state whether the rules will be placed on the table of the Council?

The Hon'ble Purabi Mukhopadhyay: If it is provided under the Act

Shri Monoranjan Sen Gupta: More than ten days back I put in question No. 13 but the answer has not yet been given

Mr. Chairman: I think answer has already been given but I will look into it. Probably the reply has not been received from the Government.

Calling attention to matters of urgent public importance

Mr. Chairman: Attention was drawn by Shri Jatin Chakravarty on 25th February 1964 to the strike resorted to by the conservancy workers of the Howrah Municipality.

The Minister concerned may please make the statement, if he is ready,

Shri Jatin Chakravorty:

সাাৰ, হাওড়ায় কি কাণ্ড হচেছ সেটা আপনি এবং সকলেই জানেন। হাওড়ায় নরক কুণ্ড হচেছ্। লেবার নিনিস্টারকে দিয়ে সেটারও মীমাংসা করান হচেছ না। রবীক্র লাল সিংহ মহাশয় আছেন, আপনি বলুন কি অবস্থা আপনাদের ওখানে হয়েছে।

Shri Rabindralal Sinha:

কনস্বারভেন্সি স্ট্রাইক হওয়ার ফলে কিছুটা নিশ্চয়ই অস্কবিধা হয়েছে। তবে নরকের বাসিন্দা আমরা নই। যারা নরকের বাসিন্দা তারা নরক কুণ্ড ভাল দেখেন।

Shri Jatin Chakravorty:

আপনি চৌরঙ্গীর স্বর্গ রাজ্যের মহান জতিধি। কিন্তু যার। ওধানে আছে তার। দেখেন নরক কণ্ড। জাপনি তো নরকের ক্রিমি কীট নন।

Mr. Chairman: The Minister concerned is not present here.

Now, I have before me two notices of calling attention on the subjects of:

- (1) alleged continuous smuggling of certain valuable commodities from Shri Monoranjan Sen Gupta; and
- (2) retention of Pakistani nationals in the Calcutta Port from Shri Jatin Chakravorty.

Honourable members may please read the motions.

Shri Monoranjan Sen Gupta: Sir, my motion runs thus:

"A serious situation has developed in the unprotected border areas from Puranda pur under Gaighata P. S. to Gunarajpur under Swarupnagar P. S. in the district of 24-Parganas due to undisturbed continuous smuggling of certain valuable communities from West Bengal to East Pakistan to the detriment of economic interest of the people of West Bengal as published in the columns of the Ananda Bazar Patriki dated 26th February 1964."

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: A statement may be made earl next week by Tuesday.

Shri Jatin Chakravorty: Sir, my motion runs thus:

"The Union Home Minister, Shri Gulzarilal Nanda had made an announcement on the floor of the Parliament recently during the current session that the Pakistan nationals employed in the Calcutta Port have tendered their resignations recently and these have been accepted. A dangerous move is reported to have been made by some of the officials of the Shramik Union with the help of some Anglo India officials of the Port to persuade the Union Transport Minister Shri Rajbahadi during his visit to Calcutta on Sunday, the 1st March 1964, to reinstate 1,000 Pakistani nationals since resigned. They have also met the Union Transport Minister recently at Delhi. This step, if materialised, will be against the interest of the State of West Bengaland pre-judicial to the interest of the Bengali boys trained under the Inland Water Transport Training Scheme.

"The Port Authorities, including the Chairman, are very much perturbed and deeply concerned about such move.

"The Chief Minister is requested to make a statement assuring and enquiring into the matter and also to forestall this anti-national move or any other step to meet the situation."

স্যার, আমি কালকে দিল্লী থেকে ট্রাঙ্ক বল পেয়েছি এই রকম তাঁরা দেখা করেছিলে এবং আজকে বাঙ্গালী ছেলেব। আমার কাছে এসেছে। আপনি জানেন পাকিস্তানী ন্যাশনাল ব্ল্যাকমেল করেছে, তারা রেজিগনেসানন্স সাবমিট করেছিলেন, তা এ্যাকসেপটেডঃ হয়েছে, সেই আপদ বিদায় হয়েছে। সেই আপদকে আবার কেন রাখা হয়েছে? এ সংগ্রুটিফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Is it a question which can is answered by the State Government?

Mr. Chairman: I do not know but the Minister should consult and let us know.

[3.30-3.40 p.m.]

Shri Nagendra Kumar Bhatiacharyya: Sir, the whole question comes within the purview of the State Government and it is a matter to be decided by you.

Mr. Chairman: This certainly refers to the local condition and as such it can be raised in the House. I think the Minister has taken note of it.

There is a calling attention notice regarding the strike of the conservancy workers of the Howrah Municipality—notice given by Shui Jatin Chs Chakravorty. The Minister can make a statement if he has come prepared.

The Hen'ble S. M. Fazlur Rahman: Sir, I beg to state as follows: The general Secretary of the Howrah Municipal Employees Association served a strike notice on the 23rd December upon the Chairman of the Howrah Municipality on certain economic demands and other grievances of the workers, such as revision of wages, and dearness allowance, house-rent allowance etc. and uniform leave facilities to all categories of workers. Similar demands were also received from the Howrah Poura Karmachari Panchayat.

The matter was taken up by the Labour Directorate of the State Government and the unions were requested not to resort to any strike. On the 10th January ast the Deputy Labour Commissioner met the parties and held discussions. On he 16th January another meeting was held at which the parties were advised to add talks at bipartite level with a view to exploring possibilities of arriving at a ettlement within a reasonable period.

Both the unions in their letter, dated 17th January 1964, deferred the strike in a view of the communal trouble then prevailing. The Howrah Municipal Employees ssociation, however, it its letter, dated 7th February 1964, gave a notice of strike ostart after 14 days. On the 17th February last the Dputy Labour Commissioner gain met the parties and requested the unions not to proceed on strike. As no sponse was received from the unions the matter was discussed with the district nd municipal authorities and the unions were requested by the Concilation fficer on 21st February 1964 to say that the workers do not resort strike as the matter was under consideration and a further meeting for discussion Ed been convened and as such the strike would be in contravention of the Indusrial Disputes Act. Inspite of these workers resorted to strike from the 22nd Februy last and the General Secretary, West Bengal Municipal Employees Federation which the Howrah Municipal Employees Association is affiliated was contacted id the matter was discussed with him on the 24th and 25th February. At this eeting it was agreed by the General Secretary that the strike would be called off om the 26th instant on the assurance of the municipal authorities to hold bi-partite scussion with Shri Ardhendu Basu, as General Secretary of the Howrah Municipal uployees Association.

Inspite of the above assurance the said Employees Association have not called fithe strike and the worke is have not resumed their normal work.

The Labour Minister himself held a discussion with the parties on the 26th instant and advised the union to call off the strike immediately and gave an assurance that regrievances of the employees would be looked into as soon as the strike was withrawn. But the union did not agree to withdraw the strike even on such assunce and demanded immediate redress on the three points first before they would onsider the question of withdrawing the strike. These are—

- (1) withdrawal of suspension and charge-sheets on five workers including Shri Ardhendu Bose, General Secretary;
- (2) payment of overtime allowance for clearance of accumulated garbage during the strike period; and
- (3) increase of house-rent allowance and dearness allowance.

It may be mentioned in this connection that the suspension and the charge-sheets re for misconduct and for maintenance of discipline which have no connection the strike notice. The municipal authorities are making arrangements for arance of the garbage by alternative means. Government have also advised the strict and municipal authorities to make immediate alternative arrangements to

remove the inconvenience of the public as far as possible.

The situation is bein carefully watched by the Labour Directorate as well as by Government's log officers.

Ruling of Mr. Chairman

Mr. Chairman: Yesterday Shri Jatin Chakravorty requested me to refer particular matter to the Committee of Privileges. In that connection I would like to make the following statement.

On the 27th February, 1964, Shri Jatin Chakravorty raised a question of priviler alleging that the Hon'ble Chief Minister furnished an incorrect reply to his starrequestion No. 36 on the 17th February, 1964, relating to the alleged molestation of a giraand a woman at village Koyagram. Gaighata P. S., district 24-Pargans Shri Chl kravorty raised the question ten days after the said reply was give He has simply mentioned that the reply is untrue, and thus the privilege of the House has been infringed. It has appeared to me to be a statement against a statement. I may observe here that in such cases neither the House nor the Committ of Privileges can function as a court of law going behind the statement of honoural members and making shifting enquiries.

In this connection I may observe that on a similar question of privilege on supposed mis-statement of fact in reply to a supplementary question on stars question No. 115 answered on the 19th August. 1963, I gave a rule on the 26th August, 1963. I reiterate what I observed on that occasion.

In the British House of Commons there is no precedent for raising a point privilege on inaccuracies of replies to questions. In the Centre, there are two precedents, one happening on the 23rd March. 1951 when Shri Mavalankar was in the Chair and the other on 13th February. 1958. When Shri Anantasayanam Ayyang was the Speaker. On both these occasions, the notices of privilege were admitted. A procedure was laid down that in such cases, the member concern would draw the attention of the chair by a separate communication, and the Chawould call upon the Minister to explain. If the Minister concerned accepts the statement of the member, he would naturally come to the House and make a statement correcting his earlier statement.

"Accordingly, consent to raise this present matter as one of privilege is refused

The principle of the above ruling applies in this case also, and as such I don't think it is a fit case for reference to the Committee of Privilege.

General Discussion on the Budget fer 1964-65

[3.40-3.50 p. m.].

Shri Nirmalya Bagchi:

মাননীয় সভাপতি মহাশয়, এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আপনার দৃতি আকর্ষ করছি ২৬এ ফেব্রুয়ারী তারিথে স্টেটসম্যান পৃত্তিকায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশরে ক্যালকাটা রোটারী ক্লাব এর প্রদত্ত একটা বস্তৃতার সারাংশ প্রকাশিত হয়েছে তার প্রতি। সে বস্তৃতাতে তিনি দাবী করেছেন

"Enormous rise in State income এবার তিনি বলছেন West Bengal's income roi from 725 crores in 1951-52 to 1,007 crores in 1959-60, while maintaining the samprice level."

যে বন্ধব্য তিনি বলেছেন তার সাথে আমাদের সন্মুখে যে ইকনমিক রিভিউ তিনি পেশ করেছেন তার কোন সন্পর্ক নেই। তিনি রোটারী ক্লাবে বলছেন, ১৯৫১-৫২ সালে ৭২৫ কোটি টাকা এবং ১৯৫৯-৬০ সালে ১,০৬০ কোটি টাকা বৃদ্ধির যে দাবী করেছেন সেই ১,০৬০ কোটি টাকা হচ্ছে সেই ১৯৫১-৫২ সালে মূল্যমানের হার অনুসারে। অথচ তিনি প্র্ণিতকার বলছেন ১৯৫৯-৬০ সালের মূল্যমান অনুসারে ১,০৬০ কোটি টাকাই বৃদ্ধি পেয়েছে কিন্তু ১৯৫১-৫২ সালের মূল্যমান যদি হিসাব করা যায় তাহলে ১৯৫৯-৬০ সালে রাজন্ব বৃদ্ধি পেয়ে ক্লিয়েছে ৯৭০ কোটি টাকা এই সন্পর্কে হয় তিনি এই পরিষদের সন্মুখে সঠিক বন্ধব্য পেশ র্বুন আর যদি থবরের কাগজ তার বন্ধব্যকে ভূল পরিবেশন করে থাকে সেই বন্ধব্যকে তিনি গ্রেদাধনের দাবি করে পাঠান। আমি দীর্ঘ সময় তার এই বন্ধতা এবং তিনি ইকনমিক রিভিউতে বিনি পেশ করেছেন সেটা যত্ন সহকারে পাঠ করেছি। এবং পড়তে পড়তে আমার সেই য়্যালিস ন ওয়াণ্ডারল্যাণ্ড-এর কথা মনে পড়ছিল। য়্যালিস বলেছিল স্যার, আর্পনি জানেন।

In our Country you would generally get to somewhere else if you run very fast.'

गेज़ाल পরে একজায়গায় থাকা যায় য়্যালিস বলছে আমাদের দেশে। রেড কুইন আশ্চয়র্গ হয়ে
লছেন

A slow sort of a Country. Now, here you see, it takes all the running you can do okeep in the same place."

মর্থাং উদ্ধানবাসে যতই দৌডাও না কেন যতই চেষ্টা কর না কেন সেই এ**ক**জায়গাতে দাঁডিরে জেতে হবে। এবং সমসত বাজেট সমসত পরিকল্পনার শেষে এই রেড কুইন যে কথাটা বলেছিল দুং গোড়ার কথায় আমাদের আসতে হয়। শিল্প সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমতঃ আমা-দর অর্থমন্ত্রী খুব বড়াই করেছেন যে পশ্চিমবঙ্গে শিল্পের একটা বিরাট উন্নতি হয়েছে এবং খানে শ্রমিকদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ এবং বোশ্বাই মহারাজ্যের যদি একটা র্গমিক সংখ্যার তলনা করেন তাহলে দেখতে পাবেন ১৯২১ সাল থেকে ১৯৬০ সালের মধ্যে ্যানিক সংখ্যা পশ্চিমবঙ্গে বেড়ে দাঁডিয়েছে ৫১১৬ লক্ষ্ণ থেকে ৭১২৩ লক্ষ। অর্থাৎ শতকরা ৪০ চাগ বৃশ্বি পেয়েছে। এবং সেখানে মহারাণ্ট্র, বোম্বাই সমেত সেখানে ১৯২১ সালে ছিল ৩·৭২ ক্ষি সেটা ১৯৬১ সালে বেড়ে দাঁড়িয়েছে ১১·৩০ লক্ষ। অর্থাৎ বোম্বাইতে শতকরা ২০০ ভাগের বিশী সেখানে শ্রমিক সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এবং পশ্চিমবঙ্গে সেখানে ৪০ বছরে শতকরা ৪০ টাগের বেশী বুদ্ধি হর্মন। আজকে একথা আমরা স্বীকার করি যে ভারত ইউনিয়নে বহু রাণ্ট্র য়েছে যেখানে শিলেপ সামম বিকাশ হয়নি এবং বহা পশ্চাৎপদ রাজ্য রয়েছে। এবং সেই পশ্চাৎ-^{দি রাজাগ}েলি যাতে এগিয়ে যেতে পারে সেটাই হচ্ছে আমাদের লক্ষ। কিম্তু শিল্প বিকাশের ারা এটা হতে পারে না যে ৪০ বছর আগে যে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে সমগ্র ভারতবর্ষকে 📭 দান করতো আজ ৪০ বছর পরে সেই দেশ পিছিয়ে পড়বে। আমাদের অর্থমন্ত্রী তার ^{ান}মক রিভিউর ২২ পাতায় খুব গর্ব সহকারে বলেছেন যে ৫৫ সাল থেকে ৬২ সাল তে শ্রমকদের সংখ্যা শতকরা ২২ ভাগ বৃদ্ধি পেয়েছে। এটা আংশিকভাবে সত্য কিন্তু পরো সতা ^{। ৫৫} সাল থেকে ৬২ সালের মধ্যে একথা ঠিক যে ১·২৭ লক্ষ শ্রমিকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। তু ১৯৪৮ সাল থেকে ৫৪ সাল পর্যন্ত শ্রমিকের সংখ্যা হ্রাস পেয়েছে ৫৩ হাজার। এবং ৪৮ সাল থেকে ৬২ সাল পর্যন্ত এই ১৪ বছরে শ্রমিক সংখ্যার বৃদ্ধির হিসাব যদি গ্রহণ ন তাহলে দেখতে পাবেন যে এই সংখ্যার মধ্যে ১ লক্ষ ২৭ হাজার থেকে যদি ৫৩ হাজার দেওয়া যায় তাহলে সত্যিকারের বন্ধিত সংখ্যা সেটা হচ্ছে ৮৪ হাজার। এবং র্যাদ দরিক হিসাব করেন তাহলে দেখবেন প্রতি বছরে এই পশ্চিমবশ্যে মাত্র । শ্রমিক নিয়োগ বৃষ্পি পেয়েছে। এটা কোন সরকারের পক্ষে কোন রাজ্যের পক্ষে কখনও ^{রবের} কারণ হতে পারে না। এবং জনসংখ্যার সাথে শ্রমিকের অনুপাত যদি আপনি হিসাব ন তাহলে দেখতে পাবেন ১৯৫১ সালে ছিল ভারতবর্ষে ৩৯٠১ এবং সেটা ১৯৬১ সালে ড় দীড়িরেছে ৪৩·০। কিন্তু পশ্চিমবশ্যে শ্রমিকের সংখ্যা জনসংখ্যার অনুপাতে হ্রাস পেরেছে। পৈশ্চিমবশ্যে ১৯৫১ সালে ছিল ৩৪-৫, সেটা হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৩৩-২ এবং ইক-কি রিভিউ-এর মধ্যে স্বীকার করা হয়েছে যে ভারতবর্ষের সমস্ত রাজ্যগর্কার মধ্যে বুদু ্পাতিক হিসাব করা বার তাহলে পশ্চিমবশ্যে সবচেরে কম প্রমিক নিব্র হরেছে। অই

একদিন প্রিচমবপ্সের প্রান্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় গর্ব করে বলেছিলেন যে পশ্চিম বঙ্গে লোক নিয়োগের যেটা ক্ষেত্র সেটা হচ্ছে শিল্পের ক্ষেত্র। অথচ আজকে সেই শিল্পের रि পরিম্পিতি দাঁডাচ্ছে, কিভাবে আমরা পশ্চাদপদ হয়ে যাচ্ছি সেটা আপনি লক্ষ্য করন। এক একট করে শিল্পের যদি আমরা হিসাব করি তাহলে দেখতে পাব যে বন্দের ক্ষেত্রে ১৯৬২ সাত্ত ষেখানে ১৫৮ ৮ মিলিয়ান মিটার উৎপাদন হয়েছিল ১৯৬৩ সালে সেই উৎপাদন হাস পো দাঁডিয়েছে ১৪৩ মিলিয়ান মিটারে এবং পশ্চিমবঙ্গে ৫ হাজার তাঁত অব্যবহাত হয়ে রয়েছে। চ আমাদের একটা অন্যতম গুরুত্বপূর্ণ শিল্প এবং ফরেন এক্সচেঞ্চ আর্ন করতে আমাদের যথেছ সাহায়। করে। ১৯৬১ সালে যেখানে উৎপাদন হয়েছিল ৮৬ মিলিয়ান কিলোগ্রাম, ১৯৬২ সালে সেটা দাঁডিয়েছে ৮৪ মিলিয়ান কিলোগ্রাম অর্থাৎ ২ মিলিয়ান কিলোগ্রাম আমাদের চায়ের ক্ষেত্র ঘাটতি হয়েছে। কয়লা আমাদের পশ্চিমবঙ্গের আর একটি উন্নত শিল্প এবং এই কয়লার ক্ষেত্র রাষ্ট্রীয় যে অংশ টার্গেট ছিল সেই টার্গেটে আমরা পেণ্ডাতে পারিনি। কয়লার চাহিদা আজত্তে কমে গেছে এবং চাহিদা যে কমে গেছে সেটা এইজন্য নয় যে কয়লার ওয়াগন পাওয়া যাচ্ছে *ন* কারণ হচ্ছে পশ্চিমবঙ্গে শিল্পে আগের মত আর তেজি মনোভাব নেই। পাওয়ারের ক্ষেত্রে আমর্ দেখতে পাচ্ছি একটা বিরাট সংকট পশ্চিমবংশ চলছে। প্রায়ই সেখানে লোড সেডিং ইচ্ছে এন এই লোড সেডিং-এর ফলে কতকগুলি শিষ্প লাভবান হচ্ছে। কোথায় তার ফলে শিষ্টেপ উৎপ দন হাস হবে, না, মালিক শ্রেণী সেখানে লাভবান হচ্ছে। জুট শিল্পের ক্ষেত্রে যদি বিদ্যুৎ চল চল থাকত তাহলে অনেক ক্ষেত্রে কারখানা বন্ধ করে দিতে হত, সিফট বন্ধ করে দিতে হত দ্র অফের দিকে যেতে হত। কিন্তু এই বিদ্যুৎ উৎপাদনে যে সংকট তাতে তাঁদের এই সমস্যার হাত যে রক্ষা করা গেছে। পশ্চিমবঙ্গের আর একটি অন্যতম শিল্প সেটা হচ্ছে ফাউন্ড্রি ইন্ডাস্ট্রি। 🕸 ফার্ডীন্দ্র ইন্ডাস্ট্রিজ হাওড়া এবং কলকাতার চারিপাশের ইঞ্জিনীয়ারিং শিল্পকে পরিপুন্ট কর্ থাকে। যেখানে তাদের ২ ৫ মিলিয়ান টন পিগ আয়রনের প্রয়োজন সেখানে তাদের সরবরাহ 👼 হয় মাত্র ১ মিলিয়ান টন। এ্যালকোহল পশ্চিমবাংলায় দুস্প্রাপ্য হয়ে উঠেছে, এবং মেথিলেটে শ্পিরিট আজকে দুষ্পাপ্য হয়ে উঠেছে এবং সিমেন্টের সরবরাহ বহু, পরিমাণে হ্রাস করা হয়েছে এবং এমনই দুভোগ যে আজকে গুড়ের সরবরাহ অভাব হওয়ায় পশ্চিমবঙ্গে এই সমুস্ত শির্লে मञ्केष प्रथा निरस्ट । এমনই হব, हन्द्र ताजात प्रभा यथारन हिनित एथरक गुरुष्त नाम अस्त বেশী এবং প্রিস্তকার ৩ পাতাতে আমাদের অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে tempo of industrial production is slowing down.

পদিচমবংগ শিলেপর ক্ষেত্রে যে উত্থান সেই উত্থান ক্রমশঃ পড়তে আরুল্ড করেছে। মাননীয় সভা পতি মহাশয়, আমি এবারে শিলেপর ক্ষেত্র থেকে কৃষির উপরে আপনার দৃণ্টি আকর্ষণ করা চাই। কৃষির ক্ষেত্রে ফর্ড এ্যাডভাইসারি অর্গানাইজেসান ছিল যে বিশ্বখাদ্য এবং কৃষি সংশ্ ছিল তাঁরা একটা রিপোর্ট আমাদের কাছে পাঠিয়েছিলেন। তাতে তাঁরা বলেছিলেন যে কৃষি ক্ষেত্রে টেকনোর্লাজক্যাল উন্নতি করা যায়, বৈজ্ঞানিক উন্নতি যদি করা যায় তাহলে ব্রহমুপ্ত উপতাকা এবং নিন্দ গাংগেয় উপত্যকাতে এই খাদ্য উৎপাদন চতুর্গাল বৃদ্ধি করা যায়। কৃষি উংপ্রেলার ক্ষেত্রে দর্শিট দিক আছে—একটি হচ্ছে টেকনিক্যাল দিক, আর একটা হচ্ছে মানবিক দিব যে মানুষ উৎপাদন করে তার উৎপাদন সম্পর্কে একটা গ্রেত্বপূর্ণ দিক। যদি টেকনিক্যাল দিকটা আমরা আলোচনা করি তাহলে দেখতে পাব স্টেট গ্রাকুইজিসান আইন যেটা ১৯৫৮ সালে পাশ হর্মোছল সেই আইনকে ফাঁকি দিয়ে যারা বড় বড় জমিদার জ্যোতদার তারা প্রপ্

[3-50-4-00 p. m.]

এবং আসেদ্বলীতে ২৯-৭-৬৩ তারিখে মন্ত্রীমহাশয় উত্তর দিয়েছিলেন এই বেনামী ক্ষান্ত্রপার্কের বিশ্ব ক্ষান্তর্গার কথা সরকারের গোচড়ে এসেছে এবং যেটুকু জমি সরকারে হাতে এসেছে এবং যেটুকু জমি সরকারে হাতে এসেছে এবং যেটুকু জমি সরকারে হাতে এসেছে সেন্দ্রপার হতে পারে নি, যে ক্ষান্তে হয়েছে তার মধ্যে ১২ ৩ শতাংশ মাত্র ভেস্টেড ল্যান্ড কৃষকদের মধ্যে সেটেলড হয়েছে এবং তার ফলে দাড়াছে এই যে অধিকাংশ জমি এখনও যে সরকারের হাতে পড়ে রয়েছে সেন্দ্রিকার কেনা বিলি ব্যবস্থা করা হয়নি। এরপর আমি সার সন্পর্কে একট্ব আলোচনা কর্মেদিন মালদহের সদস্য পশ্পতিবাব্ব দৃঃখ করে বলেছিলেন মালদহ জেলাতে ফার্টিলাইছা সাক্রের বার না। আজে প্রস্থাত্ত ভারতীয় ইউনিয়নের অন্যান্য রাজ্রো রাজ্রাত্ত ফার্টিলাইছা

ফ্রাষ্ট্রবী গড়ে উঠেছে কিন্ত পশ্চিমবাংলায় সেই আশা সদেরে পরাহত। এই ফার্টিলাইন্সার কেনার জন্য কৃষকদের যে সমস্ত লোন দেয়া হয় এমনই আমাদের দূর্ভাগ্য সেই লোন গিয়ে পেণছায় চাষবাস যথন শেষ হয়ে যায় সেই সময়। সেই লোন বৈশাথ জ্যৈষ্ঠ মাসে গেলে ফার্টিলাইজার কিনে তারা জমির ক্ষেত্রে ব্যবহার করতে পারে কিন্তু সেই লোন পান আগস্ট এবং সেপ্টেম্বর মাসে, তখন অলপদামে সেই যে টাকার পরিমাণ সেটা ডিলারদের হাতে ছেডে দিয়া বাকী টাকা তারা জমির উন্নতির জন্য ব্যবহার করতে বাধ্য হন। আমি একটা প্রন্ন করেছিলাম, সেই প্রন্ন থেকে জানা গেছে যে ১৯৬২-৬৩ সালে ৬৯.৫৯০ মেট্রিক টন সার পশ্চিমবাংলার জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন কিন্তু এই সার পশ্চিমবংগ সরকার ব্যবহার করতে পারেন নি এবং ২২.৪১৮ মেট্রিক টন তারা অব্যবহাত অবস্থায় ফেরং দিয়েছেন এবং পশ্চিমবাংলার চাষীরা এই সম্পত্ত নতেন বৈজ্ঞানিক সারের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন এবং যে সময় ক্লয়করা বাবহার করতে পারেন নি সেই সারের একটা বিরাট অংশ চোরাবাজারে চলে যায় এবং চোরা-বাজারের পথে চা বাগানে সেগর্নল গিয়ে পেণীছায়। আমি আর একটা দিকে আপনার আকর্ষণ করছি—জমি উন্নত করার জন্য অন্যতম উপায় হচ্ছে সেচ ব্যবস্থা কিন্তু পশ্চিমবংগার এমন দুর্ভাগ্য যে, যে সমস্ত এলাকা আজকে চাষের উপযোগী তার মাত্র ৪ ভাগের ১ ভাগ এলা-কাতে সেচের ব্যবস্থা করা গেছে এবং তার ফলে বাংলাদেশের কৃষককে আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়, প্রকৃতির উপর নির্ভার করতে হয় এবং যে ই.রগেসন পোটেনসিয়াল যত এলাকায় আজকে সেচের জল সরবরাহ করতে পারা যায় সেই সমুহত শক্তির পূর্ণ ব্যবহার করা হয় নি, মাত্র ৬৮ শতাংশ সেখানে পূর্ণ ব্যবহার করা হচ্ছে এবং অসময়ে দামোদর পরিকল্পনা থেকে জল ছাড়া হচ্ছে তার ফলে গত নভেন্বর মাসে যে জল ছাড়া হয়েছিল তাতে হুগলী জেলায় এক কোটি টাকার ফসল ক্ষতি হয়েছে এবং পশ্চিমবাংলায় সেখানে এত খাদ্যাভাব সেখানে পণিতত জমির পরিমাণ রয়েছে ১৫ লক্ষ ১০ হাজার একর। আমি আর একটা দিকে আপনার দূট্টি আকর্ষণ কর্রাছ সেটা হচ্ছে মার্নাবক দিক, সেটা হচ্ছে কৃষকদের সম্পর্কে—কৃষক যে উৎপাদন করে সে তার উপযুক্ত মূল্য পায় না এবং সমুস্ত রকম ফসল সেখানে কেন্দ্রীভূত হয়ে বড় বড় জোতদারের হাতে, বড় বড় ব্যবসায়ীর হাতে, বড় বড় চালকল মালিকদের হাতে। একদিকে জমির উৎপাদনে সে বঞ্চিত হচ্ছে তার ন্যায় মূল্য থেকে, অন্যাদকে ক্রেতাকে উচ্চহারে খাদ্যশস্য কিনতে হচ্ছে। ১৯ পাতায় বলা হচ্ছে

index number of agricultural production which declined 1.3 per cent. in 1961-62 registered a furthr fall of 6.9 per cent. during the year.

এই কি আশার কথা যে ১৯৬১-৬২ সালে শতকরা ১০৩ সেখানে হ্রাস পেয়েছিল সেটা বর্তামান বংসরে ৬০৯ পারসেন্ট হ্রাস পেতে স $_{4}$ র হয়েছে।

আমাদের অর্থমন্ত্রী মহাশন্ন জনসাধারণের কাছে এই অভন্নবাণী দিচেছন যে ১৯৬৩ সালে যেভাবে মূল্যমান বাড়তে স্বরু করেছে, তাতে সার। দেশের তুলনান্ন পশ্চিম বাংলান্ন জীবন যাত্রার ক্ষেত্রে সঙ্কট দেখা দিতে আরম্ভ করেছে। যে পরিকলপনাগুলি গ্রহণ কর। হয়েছে, তাতে বাংলা দেশের সাধারণ মানুঘের কি অবস্থা, তার একটা ছোট উদাহরণ দিয়ে আমার বক্তব্য শেষ করবো।

আমাদের দেন্সাস স্থপারিণ্টেণ্ডেণ্ট একটি সমীক্ষা গ্রহণ করেছেন, তাতে হুগলী জেলার একটা গ্রাম সম্পর্কে বলেছেন যে মোট ১৫টি ষর, যার মধ্যে ৯৩টি ষরের মাটির মেজেতে শ্যা পাতা হয়। ১৬টি বাড়ীতে কোন রকম আসবাবপত্র নেই। ১৫০টি বাড়ীতে আয়নার মুখ দেখা নেই। ৯৮টি পরিবার যে খাদ্য গ্রহণ করে, তাতে দেহের পুষ্ট সম্ভব নয়। ১১৯টি পরিবার দেনায় ডুবিয়া আছে। দেন্সাস কর্ত্বপক্ষের মতে এই গাঁয়ে শতকরা ছয় ভাগের অবহা সচছল। ৯.৩ ভাগের অবহা প্রায় সচছল, অর্থাৎ অর্ক্ষেকের বেশী, ৬৩.৪ ভাগ গরীব এবং ২১৩ ভাগ না গরীব, নাধনী। এই হচেছ আজকে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবহা। তারপরে যতই আপনারা সাইনবোর্ড পালটান, লেবেল বদলান, সেই কল্যাণ রাষ্ট্র থেকে, সমাজতান্ত্রিক ধাঁচ এবং সমাজতান্ত্রিক ধাঁচ এবং লাকাটিক সোসিয়ালিজ্ব করুন, বাংলা দেশকে একটা গভীর সন্ধটের মুবে আপনাদের এই যে দীর্ঘ দিনের দেউলিয়া নীতির ধারা ঠেলে দিচ্ছেন।

Shri Sudhir Kumar Banerjee :

শুদ্ধের অধ্যক্ষ মহোদর, মাননীয় অর্থ মন্ত্রী ১৯৬৪-৫৫ সালের জন্য যে বাজেট এই সভার উপস্থাপিত করেছেন, আমি তা স্বাস্তকরণে সমর্থন করছি।

আমাদের কৃষি খাতে এ বছরে গত বংসরের তুলনায় অধিক বরাদ করা হয়েছে ৯ কোটি ৭০ লক্ষ টাকা, এবং অন্যান্য উনুয়ন খাতে একোটি ৭০ লক্ষ টাকা বরাদ করা হয়েছে। সমস্ত উনুয়ন এবং কৃষি খাতে ১৩ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ করা হয়েছে। তাছাড়া কৃষি লোন, সার খরিদের জন্য লোন এবং গবাদি পশুর জন্য লোন, ইত্যাদি বাবদে আরও টাকা বরাদ করা হয়েছে। আজ বড় বড় পরিকল্পনার মাধ্যমে চাষে উনুতি সাধন করা হচেছ। কারাককা ব্যারাজ, কংশাবতী প্রভৃতি এই রকম বড় বড় জলাধার দিয়ে যেমন সেচনের জন্য সরকার থেকে পুচেষ্টা করছেন, সেই রকম ছোট ছোট কুদ্র পরিকল্পনা বা নুক থেকে পুছকরিণী খনন ও সংস্কারের মাধ্যমে যাতে সেচনের ব্যবস্থা করা যায়, সেদিকে সরকারের দৃষ্টি রেখে ব্যবস্থা করছেন।

তাছাড়া আমাদের জেলাতে ফোর্ড ফাউভেসন এর তরফ থেকে পুন্ধরিণী সংস্থারের কাজও কিছু কিছু হচেছ। এইভাবে সেচনের কাজ এক দিক দিয়ে যেমন এগিয় চলেছে, তেমনি অন্য দিক দিয়ে থানায় থানায় বীজ খামার প্রতিষ্ঠা করে যাতে ভাল বীজ চা্ঘীদের সরবরাহ করা যায় তার ব্যবস্থাও করা হযেছে। চাষীর। যাতে চাষের জন্য ঠিক সুনয় মত সার পায় তার জন্য থানায় থানায় দোকানে সার রাখা উচিত, এবং আামাদের সমিতির মাধ্যমে যাতে বিতরণ কর। যায়, সেই ভাবে সরকার থেকে ব্যবস্থা কর। দরকার। যেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আছে, সেখানে বিদ্যুতের সাহায্য নিয়েও যাতে সেচনেৰ ব্যবস্থা করা যায় তারজন্য সরকারের চেটা করা উচিত। পরুলিয়া থেকে হড়া পঞ্চ ও মানবাজার এলাকায় ইলেকট্রিকের লাইন হয়েছে। কিন্তু এর্থন ও সেখানে ইলেকট্রিসার্ট সরবরাহ করা হয়নি। সেই ইলেক ট্রিসিটির সরবরাহ করা হলে, তা থেকে সাহায্য নিয়ে সেচের কাজ করা যেতে পারে। সেইজন্য যাতে সেখানে তাড়াতাড়ি ইলেকট্রিসিটি সরববাহ করা যায় তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা খাতে সরকার অনেক বায বরাদ বাড়িয়েছেন। পশ্চিমবঙ্গে কলেজ শিক্ষা ও উচচতর বিদ্যালয় পুভৃতি স্থাপন করা হয়েছে। পল্লীগ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে বালক বালিকাদের শিক্ষা দেবংব ব্যবস্থা করা হয়েছে। যেখানে কোন শিক্ষার আলো ছিল না, সেখানে আজ শিক্ষা দেওয়া হচেছ। বাস্তবিকই এই দিক দিয়ে পল্লীগ্রামে শিক্ষার যথেষ্ট উনুতি হয়েছে। আনাদের জেলাতে ২,২৪৯টি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে, কিন্ত সেখানে মাত্র ৪৪টি উচ্চ বিদ্যালয় আছে। আমাদের এখানে প্রাথমিক বিদ্যালয়ের তুলনায় উচ্চ বিদ্যালয় খুবই কম, সেইজন আরও উচ্চ বিদ্যালয়ের প্রয়োজনীয়তা আছে। উচ্চ বিদ্যালয়ের অভাবে অনেক ছেলে প্রাথমিক শিক্ষার পব আর উচচ শিক্ষার স্নযোগ পায় না। আমাদের ওখানে দু তিন্ট পানা আছে যেমন গাঁতুড়িয়া, মিতুড়িয়া, আঠা, সেধানে একটিও হাই স্কুল নেই। সেই জন্য জামি শিক্ষামন্ত্রী মহাশয়ের এদিকে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করি যে পরুলিয়া জেলার এই অনুনুত অঞ্চলে যাতে অন্ততঃ একটি করেও উচ্চ বিদ্যালয় স্থাপিত হয় তার জন্য ফেন তিনি ব্যবস্থা করেন।

[4—4-10 p. m.]

তাছাড়। আমাদের সমাজ শিক্ষার ক্ষেত্রে কয়েকটা রুর্যাল লাইব্রেরী হয়েছে কিন্তু অন্যান্য মে সমন্ত রিক্রীয়েশন এর জন্য গ্র্যাণ্ট দেওয়া আছে গত বছর থেকে স্যার, তার শতকরা ৫০ ভাগ কমিয়ে দেওয়া হয়েছে। সেই সমন্ত সোস্যাল এডুকেশন এর খাতে তারা বেটুকু গ্র্যাণ্ট দেন সেটা থাতে দিতে পারেন এবং পল্লীগ্রামে যে সাহাব্য সহানুভূতি তার। করেন সেটা থাতে দেওয়া হয় সেজন্য তাকে আমি অনুরোধ করব। যদিও আমাদের সরকার তৃতীয় পঞ্চবাধিকী পরিকল্পনার মাধ্যমে আমাদের সর্ব বিষয়ে উনুতির প্রচেষ্টা করছেন বা উনুতি হচেছ। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে যে রক্ষ ক্রমবর্দ্ধমান জনসংখ্যা তার ভ্রনশাকে ধর্মনও আমাদের প্রত্যেক জিনিদেরই প্রয়েজনীয়তা আরও বেশী আছে।

সেইজনা আমাদের সরকার থেকে যাতে আরও বেশীভাবে প্রত্যেক কাজে অগ্রগতি হর নেই দিকে বিশেষ চেষ্টা করা উচিত। আমাদের এই পশ্চিমবঙ্গে সকলের চেয়ে বভ সমস্যা হচ্ছে বেকার সমস্যা। আজকে মধ্যবিত্ত এবং নিমুমধ্যবিত্তের অবস্থা খবই খারাপ। বাতে আমাদের এই পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধান হয় সেইজন্য সুরকার ভাল পরিকল্পনা নেওয়া উচিত। আমাদের এই পশ্চিমবঙ্গে সমস্যা ঙ্ধ পশ্চিমবঙ্গের সরকারই নয় এটার জন্য কেন্দ্রীয় সরকারও দায়ী। দেশবিভাগজনিত वामार्तित এই পশ্চিমবঙ্গের উপর যে চাপ পডেছে, জনসংখ্যা যেভাবে বাডছে, আমাদের রিফিউজ সমস্যা বাডছে. এবং আরও রিফিউজী আমাদের এখানে আনতে হবে---এবং তার উপর সীমান্ত অঞ্চলেয়ে রকম উপদ্রব হচেছ। এই সব ব্যাপারে কেন্দ্রীয় সরকার ঠিকভাবে সর্ববিষয়ে পশ্চিমবঙ্গকে সর্বভাবে সাহায্য কর। উচিত। এক দিকে যেমন আমাদের প্রতিরোধ ক্ষমতা যাতে বৃদ্ধি পায় তার ব্যবস্থা কর৷ উচিত অন্যদিক দিয়ে পাকিস্তানী গুপ্তচরদের প্রতি লক্ষ্য দেওয়া উচিত। তেমনি আবাব এখানে যে সমস্ত শিক্ষিত বেকার রয়েছে তাদের যাতে ভাল ভাবে কর্মের সংস্থান হয় সে বিষয়েও কেন্দ্রীয় সরকারের লক্ষ করা উচিত। আজকে আমাদের দেশে অভাব অন্যদিকে নানা প্রকার কালোবাজারী হচেছ সে বিষয়ে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। আজকে আমাদের এই খাদ্য অভাবের দিনে যাতে খাদ্য নিয়ে চোরাকারবার ন। করতে পারে পাঁজিবাদীর। যাতে সেই স্লযোগ গ্রহণ করতে না পারে সেইজন্য সরকারের এখন থেকে সচেতন হওয়া দরকার। আমাদেন মধামন্ত্রী বিভিন্ন রাজনৈতিক নেতাদের সঙ্গে আলাপ আলোচন। করে নির্দ্ধারিত দর ঠিক করেছেন কিন্তু চালের রকনফের নিয়ে নানাভাবে ব্যবসায়ীরা উচ্চ্য মূল্য নেবার চেষ্টা করছে। এইজন্য সরকার থেকে বিশেষ লক্ষ্য দেওয়া উচিত। এবং মজতদার ব্যবসাদারদের ষে যে লাইসেন্স প্রথম প্রবর্তন করেছেন সেগুলি কঠোর দৃষ্টি দিতে হবে। যাছে মজতদাররা আবার গতবছরের মত কোন প্রকার দুর্যোগ স্মষ্টি করতে না পাবে। আমাদের দীর্ষ পরাধীনতার ফলে দেশের জনসাধারণের নৈতিক চরিত্র নষ্ট হয়ে গেছে তার দিকে আমাদের গৰুল রাজনৈতিক দলকে এবং সরকারকে চেষ্টা করে যাতে আমাদের নৈতিক মান উনুত ह्य, याटा आभारमंत्र रेनिजिक सुन्धा आरंग जात जना क्रिशे कतरा हरत। जा ना कर्नेटन আমাদের যত্ই অগ্রগতি হউক দুর্নীতির মধ্যে থেকে আমাদের কোন স্বস্থ সবল সমাজ গড়ে উঠতে পারে না। আজকে সমাজের মধ্যে দেখা যায় যে মেয়েন বিয়ে দিতে গেলে শেখানে একটা বেট-এর মধ্য দিয়ে যেতে হয়, আজকে যার। যত বেশী টাকা দেয় শেখানে ছেলের বিয়ে দেওয়া হয়। এইভাবে সমাজ আমাদের নই হয়ে গিয়েছে। সেই সমাজকে আমাদের স্রস্থ স্থন্দর করতে হবে গেদিকে আমাদের লক্ষ্য করা দরকার। যেমন স্কলের শিক্ষা বা কলেজের শিক্ষা হলেই পুক্ত শিক্ষা হয়না। যাতে পুক্ত শিক্ষা হয় যার মধ্যে দিয়ে স্নস্থসমাজ প্রকৃত সমাজ গড়ে উঠবে তার দিকে দৃষ্টি দিতে হবে ।

সমবায়ের অগ্রণিতি আমাদের পশ্চিমবাংলায় যদিও হচেছ্ তাহলেও অন্যান্য বাজ্যের তুলনার অনেক কম। সেজন্য সমবায়ের অগ্রণিতির দিকে বিশেষ লক্ষ্য দেওয়া দবকার। আমাদের সরকার খেকে কনজিউমারদ কো-অপারেটিভ স্টোর্স করবার যে পরিকলপনা তা পুর কর হয়েছে। যে দু'একটা হয়েছে তার। ডেভেলপমেণ্টটের কাজ করতে পারছে না। সেজন্য কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্সএর যাতে প্রত্যেকটি সহরে এবং প্রত্যেকটি খানায় এক একটা হেড কোয়াটার হয় এবং তার। যাতে ন্যাযামূল্যে সমস্ত জিনিস দিতে পারে এবং সরকারের যে সমস্ত কণ্টোল্ড জিনিস আছে সেগুলি যাতে সমবায় সমিতির মাধ্যমে দেওয়। হয় সেজন্য সরকারকে আমি বিশেষভাবে অনুরোধ করব। আশা করি এই সব কাজ যদি করা হয়, সরকারের যত পরিকলপনা আছে প্রত্যেকটি খাতে যেসমন্ত টাকা বরাদ্দ করেছেন সেগুলি যদি ডেভেলপমেণ্টের কাজে সময়মত খরচ হয় তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলার অগ্রগতি হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kali Charan Ghose:

শীননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার বাজেট আলোচনা করতে গিরে প্রথমেই বেটা চোধে পড়ে পেটা হচেছ বাজেটের পিছনে যে একটা স্কুঠু নীতি থাকা দরকার সেই নীতি নেই।

পেই মূলধন বিনিয়োগ, মূল্য, মজুরী কর নিধারণ এই স্বকিছু নিয়ে একট। স্থ্যামঞ্জ্য ভিত্তির উপর যে বাজেট গড়ে তোলা দরকার প্রথমেই দেখতে পাই এইরকম কোন নীতির বালাই এই বাজেটে নেই। কারণ, যে মূলধনের উপর নির্ভর করে দেশকে শিলেপানুত কৃষিকে উনুত এবং বিশেষ করে কর্মসংস্থান দিয়ে ওরিয়েণ্টেড ইকনমি গড়ে তোলা যায় তার কোন পরিচয় আমরা এই বাজেটের মধ্যে পাইনি। আমাদের দেশে বর্তমান বেকার অবস্থায় দ্রত শিলপায়নের বিশেষ দরকার। কিন্তু আমর। দেখতে পাচিছ গত বছরের তুলনায় এবারে শিল্পায়নের দিক থেকে মাত্র কয়েক লক্ষ টাক। বেশী তারপর টাকা যেখানে থেকে আসতে পারে আমাদের অথমন্ত্রী সেখানে দিতে ব্যদ হয়েছেন। ১৯৬৩-৬৪ সালের বাজেট পেশ করার সময় ততকালীন অধমন্ত্রী পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের বিমাতামূলত মনোভাবের জন্য প্রচর আক্ষেপ কিন্তু সেই আক্ষেপের ফলে কোন ফল হয়েছে বলে আমর। দেতে পাচিছ না। তাঁর। কেন্দ্রীয় কর শুল্ক খাতে এই রাজ্যের যে ন্যায় সঙ্গত প্রাপ্য অথ তা আজে।ও দেননি। অন্যান্য সাহায্যের ব্যাপারে তাঁর। যতটা কম দিতে পারেন তার চেই। করছেন। পরি-কলপনা কমিশন দেখিয়েছেন যে কেন্দ্র ৩৮ কোটি ৮০ লক্ষ টাকা দেননি। পশ্চিমবঙ্গের মত এই রকম একটা সমস্যাসম্ভূল রাজ্যের প্রতি তাদের এইভাবে আচরণের দিক থেকে ষ্মানাদের অথমন্ত্রী কি যে করছেন তার জবাব এই পরিনদে আমরা পেতে চাই। দেখিয়েছেন যে, আমর। কর বসিয়ে আবার নতুন করে টাকা আদায়ের চেটা করিনি। এখানে কর বদানর আর স্থযোগ আছে কিনা দেটা আমাদের দেখা দরকার। মাঝপথে যে আর বাড়াবেন না এমন কোন প্রতিশু তি দেননি। আমাদের এই পশ্চিমবঙ্গে এক মহারাষ্ট্র বাদে মাধাপিছু করের চাপ সবচেয়ে বেশী। আমাদের এখানে মাথাপিছু হচেছ শতকর। ১৫.৩ অথচ সরকারী খরচ সেদিক থেকে মাথাপিছ অন্যান্য রাজ্যের তুলনায় আনুপাতিক হারে সবথেকে কম। সেজন্য আমি বলতে চাই এ অবস্থায় যেঁটা দরকার সেটা হচেছ কর্মপংস্থানের জন্য দুত শিল্পায়নের ব্যবস্থা করা। কর্মপ্রাথার তুলনায় কর্ম সংস্থান হচেছ আজকে মুষ্টিমেয় মানুমের। ১৯৬০-৬১ সালের ৩০এ জানুয়ারী পেকে আজ পর্যন্ত এই ৩॥ বছরে এলক ৭৫ হাজার শিক্ষিত এমপ্রয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে। এই পৌণে ৪ লক্ষ লোকের মধ্যে মাত্র হাজার লোক চাকরি পেয়েছে।

[4-10-4-20 p. m.]

এই তথ্য থেকে আমাদের পশ্চিমবাংলায় শিক্ষিত বেকারের উদ্বেগজনক সমস্যার তীব্রতা বিশেষভাবে প্রতিফলিত হচেছ। একসচেঞ্জে নাম লেখায় নি বা লিখিয়া তিব্রু অভিক্রতার পর নাম কাটিয়ে চলে এসেছে এর সংখ্যা অন্তত তিনগুণ হবে, যার। এক্সচেঞ্জে বসে আছেন এই তাঁদের ধারণা তারপর এখানে ছেলেমেরে। যাতে কারিগরী শিক্ষা পায় তারও ব্যাপক কোন ব্যবস্থা এই तारक्षि तकुलात मर्त्या जामता शारेनि। जामारमत रमर्भात हेगारन हे रहे रहे याता छेठे निकाय যেতে পারছে না তাদের যাতে ব্যাপকভাবে কারিগরী শিক্ষা দিতে পারা যায় এবং সঙ্গে সঙ্গে শিল্পায়ন করে সেই সমস্ত কারিগরী শিক্ষিত ছেলেদের যাতে তার মধ্যে অ্যাবসর্ব করে নেয়া যায় তার কোন পরিকল্পনা আমর। দেখতে পাচিছ না। তারপর বারবার প্রতিশ্রতি দেয়া হয়েছে যে যাঁর। আমাদের দেশে শিল্প সম্পদ গড়ে তুলছেন তাঁর। আমাদের এখানকার ছেলেমেয়েদের কাজে নেবেন কিন্ত আমর। সেই প্রতিগ্রুতি পালনের কোন নমুনা দেখতে পাচিছ না। আমি এক্সচেঞ্চের হিসাব থেকে আপনাকে দেখাচিছ যে এক্সচেঞ্জ থেকে প্রেরিত কর্মী দিয়া গড়ে ১১টা শূন্য পদের মধ্যে ৪টা মাত্র পূরণ কর। হয়েছে। বেসরকারী ও সরকারী সকল সংস্থার হিসেব ধরে। কিন্তু সরকারী ক্ষেত্রে প্রতি ১০টা শূন্য পদের মধ্যে এক্সচেঞ্জ থেকে প্রেরিত একজ্পনের বেশী চাকরী পায় না ; আরে। বহু সংস্থা এক্সচেঞ্জের কাছ থেকে কর্মীই চান না এবং কোন ক্ষেত্রে লোক পাঠানো হলে ইণ্টারভিউ না করে ফেরত পাঠানো হয়েছে এই ভাবে এক্সচেঞ্জের প্রয়াস ব্যর্থ হচেছ। তাই এবিষয় একটা সরকারী গ্যারাণ্টি করার দরকার হয়ে পড়েছে। গ্রামীন বেকারের সংখ্যা কোন হিসাবের মধ্যেই পাওয়া যায় না। আর এই বিরাট **শুৰণজ্জির কোন ব্যবহার না করতে পারায় পশ্চিমবাংলায় মাথাপিছু আয় বাড়ছে না বল্লেই হয়**-বাছলেও তার গতি এত মছর যে সেটা একই জায়গায়দাঁড়িয়ে আছে বল্লেই হয়। তারপর স্যার, আর্মি সরকারের শ্রমনীতি সম্বন্ধে কিছু বলবো। আমরা দেখছি সরকারের ইমার্জেন্সী ডিক্রেয়ারের পর পুতিরক্ষার ব্যাপার নিয়ে আমাদের দেশের শ্রমিকশ্রেণী তাদের দেশপ্রেমের কর্তব্য হিসাবে সমানে কাজ করে গেছে তার। চাঁদ। দিয়াছে রক্ত দিয়াছে, তাদের নিজেদের যা কিছু অবদান তার। দিয়েছে কিন্তু তার ফলে সে মালিকশ্রেণীর কাছ থেকে কি পেয়েছে? আজকে শ্রমিক কল্যাণ্ কেন্দ্র। আদর্শ কল্যাণ কেন্দ্র তৈরী করা হচেছ বলে আমাদের বাজেট বক্ততার বলা হয়েছে, আমাদের রাজ্যপালের বক্তৃতায় বলা হয়েছে, সেটা আজকে আমাদের বিচার করে দেখা দরকার। স্যার, আমাদের পশ্চিমবাংলায় শ্রুমিক শ্রেণীকে এই পশ্চিমবাংলা সরকার প্রতারণার মধ্যে দিয়া চালিয়ে ছেন। ডিফেন্স অব ইণ্ডিয়া রুল্স আজকে শ্রমিকশ্রেণীর উপর প্রয়োগ করা হচেছ-াবশেষভাবে এই অগিমল্যের দিনে যখন সে নিজের অতি নিম মজরী আজকে পাচেছ, লিভিং ওয়েজেস তার কাছে স্বপু, ফেয়ার ওয়েজেসও সে ভাবতে পারে ন। সে অতি মিনিমাম ওয়েজেস नित्र यथन माजाटाइ याङाटक এই यशिभातात मित्न यथन ठात महार्थ छाछ। पानुभाठिक हात्त বাড়াতে চাচেছ, যখন শ্রা দপ্তরের কাছে এসে বারবার আবেদন নিবেদন করছে তখন তাকে ফিরিয়ে দেয়া হচেছ, তাকে বাধ্য করা হচেছ শেঘ পর্যন্ত ধর্মঘটের রাস্তায় যেতে। ইণ্ডাস্ট্রিয়ান টু স হয়েছিল শ্রমিক মালিক সকলে মিলে কিন্তু সেই ইণ্ডাস্ট্রিয়াল টু স ভেক্নে যথন মালিকপক্ষ আঁজকে লক আউট ধোষণা করে তখন এই ডি আই আর নিয়ে একজনও মালিককে ধরতে দেখিনি অখচ ডিফেন্স অব ইণ্ডিয়ার রুলস নিশ্চয় শ্রমিকদের উপর পলিসের আক্রমণ গ্রেপ্তার চলেছে, লাঠি চার্জ চলেছে, সেখানে তাদের জেলে পাঠানে। হচেছ্ কিন্তু আমর। দেখছি এক তরফা জিনিস, সেখানে সরকারের পলিস মালিকতোষণ নীতি নিয়ে চলেছে।

আজকে আমর। দেখছি জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস-এর ব্যাপারে সেখানে মালিক শ্রেণী তাপের শ্রমিকদের ন্যায়্য দাবী না দিয়ে চুপচাপ বসে আছে, মিল বন্ধ করে দিয়ে। তাদের সে ক্ষমত। আছে এই ভাবে নদে খাকবার। কারণ ইমারজেন্সীর সময়, তার। প্রতিরক্ষার নাম করে লক্ষ লক্ষ টাক। তলে নিয়েছে শমিকদের বেশী করে খাটিয়ে, উৎপাদন বাড়িয়ে, তার একটি কানা কড়িও দিতে হচেছ না, চুপচাপ বিসে রয়েছে। আর এই সরকার শ্রমিক কল্যাণের নামে তাদের উপর চাপ দিতে ভয় পাচেছন। আজকে ট্রাম কোম্পানী কোটি কোটি টাক। আমাদের দেশ থেকে শুষে নিয়ে যাচেছ, অগচ তার কাছ থেকে ট্রাম শ্রমিকর এখন কিছু চাইছে, তখন সে আবদার ধরেছে ট্রামের ভাড়ায় উস্থল করে নেবে। অধাৎ মাছের তেনে মাছ ভাজবে। ষ্ব্যুচ স্থামাদের সরকারের মালিক তোষণ নীতি নিয়ে চলার কলে, তার। এই **বিলাতী** কোম্পানীকে বাধ্য করতে পারছেন না তাদের ঐ মুনাফার কিছু অংশ শ্রমিকদের দিতে। আজকে তার। আবদার ধরে ভাড়া বাড়াবে। কিন্তু আজকে এই অগ্নিমূল্যের দিনে মানুষকে যদি তার পকেট খেকে এই বাড়তি ভাড়া দেবার জন্য চাপ দেওয়া হয়, তাঁহলে এইটাই প্রমাণিত হবে যে সরকার এর পিছনে আছে, এবং তারজন্য নি*চয়ই বিপুল প্রতিরোধের সম্মধীন এই সরকারকে হতে হবে। জয় ইঞ্জিনিয়ারিং এর ব্যাপারে আজকে তাদের শ্রমিকদের জনা যদি একটু স্লুট্র ও বলিষ্ঠ দরদ নিয়ে এগিয়ে যেতেন, তাহলে এত দীর্ঘ দিন ধরে এই যে হাজার হাজার শ্রমিক ও তাদের পরিবারবর্গ অনাহারে বা অর্প্ধ উপবাসে দিন কাটাচেছ, তা থেকে তারা রক্ষা পেতো। তাদের প্রতি যদি সরকারের এতটুকু দরদ খাকতো. তাহলে সরকার তাদের নিশ্চয়ই তাদের পিছনে গিয়ে দাঁড়াতো।

স্যার, এই শুমিকদের সম্পর্কে আমি একটু বলবো। আজকে শুমিকদের মামলাবাজীর মধ্যে ফেলে রাখা স্থাছে, এবং সেই মামলা করতে গিয়ে, শুমিকদের যাদের অর্থবল নেই মাদের সংস্থা দুর্বল, তারা আজকে নিমু আদালতে পেকে হাই কোর্চি বা স্থপুনীম কোর্টে যেতে পারেনা। একটা আপিল আদালত ছিল. সেটাকেও মাঝ থেকে তুলে দেওয়া হয়েছে। এখন এমন একটা অবস্থা স্থষ্টি করা হয়েছে, যে ডোমেস্টিক এনকোয়ারী বলে একটা কল খাড়া করা হয়েছে, যার ফলে শুমিকদের অবাধে ছাঁটাই চলেছে। তাদের সিকিউরিটি অফ সাতিস এর দিক দিয়ে, আইনের মধ্যে কোন কিছু ধারা নেই। সরকারের শুম দপ্তর এমন কোন আইনের ব্যবস্থা করতে পাবেন নি যাতে করে শুমিকদের চাকরীর নিরাপতার ব্যবহা করা যেতে পারে।

[া] সময় হন্তে ধাওয়ার আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Shri Bijay Bihary Basu :

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই বাজেটে আগামী বৎসরের আয়-ব্যারের হিসাব দিয়ে সরকার জানিয়ে দিচেছন একটা আভাস যে দেশবাসী কিন্নপ স্তথে স্বচছলে থাকবে। প্রতিবারই এই রকম ভাবে বাজেট পেশ কর। হয় এবং আমর। আয়-ব্যায়ের হিসাব সম্পর্কে আলোচনা করি ও গঠনমূলক কতকগুলি সাজেশন আমরা দিই। কিন্তু শেষকালে গিয়ে দেখতে পাই কি? দুর্গত জনসাধারণ আরও দুর্গতির মধ্যে এসেছেন, এবং যার। ধনিক, যার। মিল-মালিক, কারবারী, তার। অধিকতর ধনী হয়েছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি গতবৎসর মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের এক দায়িত্বহীন উক্তির ফলে চালের দাম ৩১।৩২ টাক। থেকে বেভে, দ-তিন[ি] সপ্তাহের মধ্যে ৫০।৫৫ টাকায় গিয়ে ঠেকেছিল। আবার দমন্ম मां अप्रोहे अत करन (में हे मांग ज़ारा करन अला के अशाअ) किकाय। कि करत अहा मखर হয় ? নৃতন ফ্যলত ফলেনি, যা ফ্যল হয়েছিল, তাই আড়তদার্দের গোলাতে ছিল। তিন সপ্তাহ খরে তার। খব বেশী দামে বিক্রয় করে নিলো, তারপর আবার দাম কমে গেলো। তার। টাক। করে নিলে। তা করে নেবার পর দাম কমে এলো। এখন আমি বলতে চাই এই যে মিল-মালিকব। বা আডতদারর। এত টাক। এক সপ্তাহের মধ্যে অর্জন করলো, তার। ভথু এই টাকাই অর্জন করলে। না, আবার দু-চার বিঘা জমির মালিক যার।. তার। তাদের পোঘা পার্লনের জন্য ঐ জমির কিছু কিছু অংশ বিক্রয় করে দিতে বাধ্য হল পুৰ কম দামে এই স**শ**স্ত মজুতনারদের কাছে, অর্থাৎ দূ-দিক দিয়ে তারা নেরে দিলো।

[4-20-4-30 p. m.]

ভারপর মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে আনাদের এই ঘাটতি নাজেট—আমর। ঘাটতি ৰাজেটের জন্য কোন রকম আপত্তি করিন।, কারণ জনহিতকর কার্য্য করতে গেলে টাকার দরকার। টাকা যদি আমাদের না থাকে ঋণ করতেই হবে। আমরা সকলেই এটা জানি। ষাটতি বাজেটেব জন্য আনর। কিছু বলতে চাইন।। আমি দেখছি সরকার এবারে একটা কর্ত্তব্য চ্যুতি করেছেন, বাজেটের মধ্যে যেটা আনা উচিত ছিল সেইটা বাজেটে আনেননি, দেন <mark>হচে</mark>ছ্ বর্তমানে পূর্ববঙ্গের যে সমস্ত দা<mark>গ। বিদ্ধন্ত হিন্দু সন্মান ইজজত সব হারি</mark>য়ে এসেতেন ঙ্ধু প্রাণট। নিয়ে তাদের জন্য কোন ব্যবস্থা করা দরকার মনে কবেননি। কেন্দ্রেব দোহাই দিয়ে সমস্ত ছেডে দেওয়া হয়েছে। দওকারণো যদি যান তাহলেই কেন্দ্র সাহায্য করবে আব বাংলা দেশে থাকলে কেন্দ্র সাহায্য করবেনা। এ সকলেন জন্য আনি মাননীন এবং আপমন্ত্রী মহাশ্য়দের দটি আকর্ষণ কর্মচ যে ছাত্রছাত্রীদের জন্য কি ব্যবস্থা হয়েছে ত। যখন তিনি না বললেন এবং বেশ একটি আমৃতপ্তির ভাব এখানে দেখালেন, তথন আমবা সতান্ত দঃখিত হয়েছি। আমাদেৰ মায়েৰ জাতী একজন ত্ৰাণ মন্ত্ৰী তিনি একটু দৰ্বদ দিয়ে একট্ মমত। দিয়ে এই প্রশুটা দেখলেননা। তিনি কি বলতে পাবেন যে এই ছাত্রছাত্রীৰ মর্ম্য একটি মেঘনাদ সাহ। বা জগদীশচক্র বোস নেই? এই সম্পূর্ণ একটা শিক্ষার অভাবের অবস্থায এই সব ছাত্রছাত্রীর। সেধানে চলে যাচেছ। তাদের মধ্যে জ্যোতি সেধানে গিয়ে সব স্থকিংব যাবে। এ পাপ কার হবে? বর্ত্তনানে আমর। আত্মতুপ্তি লাভ করতে পারি দণ্ডকাবণ্যে পাঠিয়ে কিন্তু ভবিষ্যৎ আগছে সে কারুকে ক্ষমা করবে না। এখনও সময় আছে সে সময় স্বন্তত **সকলকে** না পারি শুধ ছাত্রছাত্রীর জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার একটা ব্যবস্থা করুন। মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় অত্যন্ত মমতাহীনভাবেই সেদিন বলেছিলেন, যে আমি নাটিশ চাই---সেখানে বাঙালী ছাত্রদের শিক্ষার কি বব্যস্থ। আছে এই প্রশ্রে। আমি বলব এটা ভবে আমর। অত্যন্ত দু:খিত হয়েছি। আমাদের বাঙালী ভাই বোন তার। মানুষ হবে আমাদের দেশের মুখ উজ্জল কর্মবে সেখানে তাদের দিলেন দণ্ডকারণ্যে পাঠিয়ে। সেখানে শিক্ষার কোন ৰ্যবস্থা নেই। তিনি জানেননা যে সেখানে কি ব্যবস্থা আছে। তারপর ছিতীয় কথা যার। **#ওকারণ্যে যেতে চাইবে না. তাদের আমাদের পশ্চিম বংগে থাকার জায়গা আছে, সরকারী** হিসাবে বছ পতিত জনি আছে যেখানে থাকতে দেবেন না। সমন্ত সীমান্ত অঞ্চলে পূর্ব भौकिछान এবং পশ্চিম बांश्नात गीमाख यक्षरन रह हाखात हाखात **डेशखरा**त बगारना यहि। খাদোর জন্য কেন্দ্রের কাছে আদায় করতে হবে। আজকের কেন্দ্র দয়া করে আমাদের বেটুকু দিচেছ আমরা শুধু সেইটুকু নিয়ে সম্ভট থাকবো এ কখন হতে পারে না। আমাদের দাবী জানাতে হবে। তারপর হিতীয় কথা এই বে উহান্ত এবানে বসানো হবে। পশ্চিন বাংলার এদের জন্য পশ্চিম বংগ সরকার কিছু করতে পারবেন না। জমি নেই, জানি দিতে পারবেন না। কিছু যত্তদিন পর্যান্ত এদের স্বষ্ঠু ব্যবস্থা না হয়, একটা ভাল রকম পরিকল্পনা গ্রহণ করুণ।

পশ্চিমবাংলা যত ইউনিয়ন বা অঞ্জল পঞ্চায়েত আছে তাদের প্রত্যেককে লিখুন যে তোমার ইউনিয়নে বা অঞ্চল ২ জন, এজন যেমন যেমন আকার সেই আকারে উদান্তদের বসাতে हत्व এवः शीरत शीरत তारमंत वावन्। करत मिर्छ हत्व। এখন । সময় जाहि, शिन्ठमवन्न সর্কার এ বিষয়ে অবহিত হন এবং আমাদের এই যে গঠনমূলক সাজেসান এটা গ্রহণ করুন। আমর। কেন্দ্রের কাছে দাবি করব তাদের দেওয়া ভিক্ষার উপর নির্ভর করব না। আমাদের দেশের অধিবাসী কি চায়? তার। রাজনীতি চায় না, তারা চায় অনু, বস্ত্র শিক্ষা, স্বাস্থ্য। আমর। প্রত্যেকবার দেখে আসছি যে অন্টের সমস্যাভীঘণ। নিম মধ্যবিত্ত দ্রিদ্র ক্ষেত্তমজুর যার। তার। যে কি কটে দিন যাপন করছে সেটা সরকার জানেন না। তারপর শিক্ষা, আমি প্রধানতঃ প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলি। প্রাথমিক শিক্ষা ক্রি এণ্ড কম্পালসারি, বিদ্যালয়ে মাইনে দিতে হবে না। কিন্তু বই বা অন্যান্য শিকার সরঞ্জাম খাতাপত্র প্রভৃতি এগুলি ফ্রি দেওয়া উচিত তা না হলে ফ্রি এডুকেশান নাম হতে পারে না। অতএব এই ষে পল্লীবাসী যাদের জন্য ক্রি এও কম্পালসারি এডকেশান হয়েছে তাদের অভিভাবকদের আর্থিক উনুতি না হলে আমাদের কম্পানসারি এউকেশান (कान पिनरे रत ना। প্রতি বছর এই প্রাথমিক বিদ্যালয় খেকে অধিক ছেলে পাশ করে। পাশ করে তার। মাধ্যমিক স্কুলে ভর্তি হতে পারে না, ওখানেই তাদের পড়াগুন। সমাপ্ত করতে হয়; স্বতরাং মাধ্যমিক স্কলের সংখ্যা বাড়াতে হবে। এবাবতকাল সমন্ত মাধ্যমিক স্কুলগুলি প্রাইভেট এণ্টারপ্রাইজে হয়েছে. সরকার কিছু করেন নি। কর্তমানে সরকার হায়ার সেকেণ্ডারী প্রভৃতি এই সমস্ত করেছেন, কিন্তু স্কুল স্থাপন প্রভৃতির वााशात नमस्य প्रावेराजे वन्तात्रश्रावेराज वरायात् । वर्जमान वमन वक्ता पिन वरा शर्राहे स সাধারণ লোক বলছে যে আমাদের স্বাধীন সরকার আমাদের নির্বাচিত প্রতিনিধিদের শ্বারা গঠিত সরকার আমাদের প্রয়োজন বোধে স্কুল নিজে থেকে কেন করবে না। স্কুলের সংখ্যা অনেক বেড়েছে বটে কিন্ত বহু ছাত্ৰ-ছাত্ৰী প্ৰাৰ্থমিক এডুকেশানের পর আর মাধ্যমিক শিক্ষা পেতে পারছে না। এই বিষয়ে সর্কারকে অবহিত হতে হবে। তারপর মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে যে ফতবড অব্যবস্থা আছে সেটা সকলেই স্বীকার করেছেন। শিক্ষা খাতে বেশী ব্যয়-ৰরাদ হয়েছে এতে আমি অত্যন্ত আনন্দিত এবং আমরা বফুবার আবেদন নিবেদন করে এসেছি যে সার। জীবন শিক্ষকতা করে শেষকালে যাদের রিক্ত হস্তে বিদায় গ্রহণ করতে হয় তাঁদের জন্য পেনসান বা গ্রাচুইটির ব্যবস্থা এখনই করা হোক। কিন্তু এই বিষয়ে আমরা কিছু দেখলাম না। তারপর বিদ্যালয়গুলিতে নৈতিক শিক্ষার কিছুমাত্র ৰ্যবস্থা নেই। আজকৈ দেশ দুর্নীতে ভরে উঠেছে, এ্যাণ্টি-সোসাল এ্যা ক্টিভিটিতে দেশ ভরে উঠেছে। কিন্তু স্কুল কলেজগুলিতে নীতি শিক্ষার কি ব্যবস্থা হয়েছে? আমরা কতভাবে কতবার সরকারের কাছে নিবেদন করেছি যে যেকোনভাবে হোক নীতি শিক্ষার একটা ব্যবস্থা করতেই হবে। বিদ্যালয়গুলি কিছুমাত্র নীতি শিক্ষার ব্যবস্থা করতে পারছেনা। আমি আর একটা কথা বলে শেষ করব যে আজ আমাদের প্রতিরক্ষার ব্যবস্থা করতে হৰে। দেশ আজ বিপণু। সরকারী রিপোর্টেও আছে, প্রতিদিন খবরের কাগজেও আমরা দৰতে পাচিছ বে পূর্ব পাকিস্তান থেকে আমাদের মান্য গরু প্রভৃতি ধরে নিয়ে যাচেছ, আমাদের সীমান্তে প্রচুর সৈন্য সমাবেশ হয়েছে। আর আমাদের বাঙালী যুবকরা একেবারে সমর-বিদ্যা কিছুমাত্র জানে না, দু:থের সঙ্গে বলছি যে শতকর৷ ১জনও হয়ত রাইফেল ধরতে জানে না। আজকে এন সি সি হয়েছে, কিন্তু তাদের রাইফেল ট্রেনিং-এর কোন ব্যবস্থা নেই।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

কে বললে জাপনাকে? এন সি সি'র রাইফেল ট্রেনিং এর ব্যবস্থা করা হয়েছে।

Snri Bijay Biharay Basu :

সম্প্রতি একটা ব্যবস্থা করা হয়েছে, আগে এন সি সি তে রাইফেলের ব্যবস্থা ছিল না, তবে এখন ও রাইফেল হাতে পায়নি।

(দি অনারেবল রায় হরেক্স নাধ চৌধুরী: পেয়েছে) আমাদের ছেলের। পড়ছে, এন সি সিতে আছে, এখনও তাদের হাতে রাইফেল দেয়নি।

স্যার, আমি বলি আমার দুটো ছেলে এন সি সিতে যোগ দিয়েছে কিন্তুতাদের রাইফেল এখনও হাতে দিতে পারে নি। আমি তাদের জিজ্ঞাস। করেছিলাম কি করে রাইফেল ধরতে হয়, তার। বলুন আমর। এখনও রাইফেল পাইনি, এবার দেবে।

(নিন্দিট্ট সময়ে পৌছাইয়া যাওয়ায় বক্তা তাহার আসন গ্রহণ কবেন)

[4.30-4.40 p. m.].

Dr. Biswaranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশ্য, শুদ্ধেয় অর্থ মন্ত্রী এই পরিষদের সন্মুধে যে বাজেট উপস্থাপিত করেছেন তা আমি সম্থন করছি। স্যার, বিরোধিপক্ষের বন্ধুর। এই বাজেটের মধ্যে কেবল স্মালোচনার জিনিসই পাচেছন কিন্তু একটু নিরপেক দৃষ্টিতে দেখলে আমরা সহজে বুঝতে পারবো যে এই বাজেটের মধ্যে প্রশংসা করবার মত অনেক জিনিস আছে। অবশ্য আর্মি একখা বলি না যে এই বাজেট মার। আমাদের দেশের সমস্ত দুঃখ দারিদ্র চলে যাবে, আমাদের সব সমস্যার সমাধান হবে কিন্তু তা হলেও এতে একেবারে যে কেবল নিলার ধোরাকই আছে একণা আমি স্বীকার ক্রিনা। স্যার, ১৯৪৮-৪৯ সালে সেধানে রেভিনিউ রিসিট ছিল ৩২ কোটি টাকা সেধানে ১৩৬ কোটি টাকা হয়েছে। আগামী বৎসরের বাজেটে এবং সরকারের ব্যয় করবার ক্ষমতা সেটাও ২৯ কোটি থেকে এই কয়েক বংসরে ১৩০ কোটিতে দাঁড়িয়েছে। আমাদের কোন কোন বন্ধু এর মধ্যে কোন কৃতিত্ব দেখতে পাননি, তাঁরা বলেছেন যে টাকা তো আমর। দিচিছ কিন্তু সরকারের রেভিনিউ সর্বদাই দেশের জনুগণই দিয়ে থাকেন—আর কোথা থেকে টাকা আসবে তা আমি বুঝতে পারি না। স্যার, যদি গ্রোডাকসন ট্রেড থেকে দেখা যায় তাহলে দেখবো যে সর্ব বিষয়ে আমাদের দেশ প্রোডাকসনের দিক দিয়ে উন্ত হচেছ। ষ্টো আজকের দিনে সবচেরে বড় সমস্যা বলে মনে হয় সেই কৃষির কথা যদি ধরা যাব তাহলে আমরা দেখবো অর্থমন্ত্রী মহাশয়ের বিবৃতি থেকে যে ১৯৪৯-৫০ গালের যে কৃষি উৎপাদন হয়েছিল সেটাকে ১০০ ধরলে ১৯৬২-৬৩ সালে যে বৎসর উৎপাদন সবচেয়ে খারাপ হয়েছে সেটাও ১২১.০৮ হয়েছে। অর্থাৎ শতকর। ২১ ভাগ বেড়েছে। মাঝখানে সেটা ১৩১ ভাগ পর্যন্ত বেড়েছিল। কাজে কাজেই **গাময়িকভাবে কিছুটা ব্যাহত হলেও উৎপাদন** যে বরাবর বেড়ে চলেছে এবং ভবিষ্যতে আরে। বাড়বে সে বিষ্টে কোন সন্দেহ নেই। অন্যান্য বিভিন্ন খাতে ব্যন্ত বরাদ যদি দেখা যায় তাহলেও দেখা যাবে প্রায় প্রত্যেক্টা গঠনমূলক কাজের মধ্যে ব্যয় বরাদ অনেক বাড়ানে। হয়েছে। শিক্ষা খাতে অবশ্য আপাত দৃষ্টিতে দেখা যাচেছ ব্যয় বরাদ্দ কমেছে— এবার রিভাইজড বাজেটে ২২ কোটি ৭৬ লক্ষ টাকা ধরলেও আগামী বংসরে সেধানে ধরা হয়েছে ২২ কোটী ২৬ লক্ষ টাক। কিন্তু বর্তমান বংসরের যে প্রাথমিক বাজেট হয়েছিল সেধানে ১৯ কোটি টাক। ধরা হয়েছিল। কাজে কাজেই সেই তুলনায় দেখতে গেলে এডুকেশনে যেখানে আপাত দৃষ্টিতে ব্যয় ক্মেছে বলে মনে হচেছ গেখানে প্রকৃতপক্ষে ব্যয় বাঢ়ানো হয়েছে মেডিকেল, পাৰলিক হেলখ, এগ্রিকালচার, পাব্লিক ওয়ার্কুস প্রতিটি ওক্তম্বপূর্ণ বিষয়ে দেখলে দেখা যাবে যে ব্যয় বরান্দ সব জায়গায় বাড়ানো হয়েছে। এগ্রিকালচারের ব্যাপারে দুই বৎসর আগে যা ছিল ৫ কোটি টাকা তা এবার ১০ কোটি ৩০ লক্ষ টাকায় বাড়ানো হয়েছে এবং এগ্রিকালচারে বিভিনু দিক দিয়ে কৃষকদের যে বহু স্থযোগ স্থবিধা দেয়া হচেছ এবং পঞ্চাধিক পরিকল্পনার মাগধনে যে উনুত সেঁচ ব্যবস্থা এগিয়ে চলেছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

স্যার, মোটামুটি ভাবে দেখতে গেলে বাজেটের মধ্যে অনেক উনুতির ইঙ্গিত রয়েছে। তথাপি, যে কয়েকটি বিষয় আমরা কিছু কিছু অস্কবিধা ভোগ করছি, সেই রকম কিছু কিছু জম্ববিধার বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি প্রথমে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে বলভি। উচচ বিদ্যালয় ওলিকে টেন কুশি এবং ইলেভেন কুশি স্কল---দু-রকম ভাগ করা হয়েছে। এই জিনিসটা যত তাড়াতাড়ি হয়ে যায় ততই ভাল পথাং যত তাভাতাতি প্রতিটি বিদ্যালয় ইলেভেন ক্রাশএর পর্যায়ে উনুত হয়, সেটা দেখা সরকারের কর্তব্য। অবশ্য শিক্ষামন্ত্রী মহাশত্র এ বিষয় যথাসম্ভব স্থব্যবস্থা করেছেন এবং দ্রুত গতিতে তাকে এগিয়ে নিয়ে চলেছেন, তখাপি আমরা বলবো যদি সম্ভব হয়, তাকে আরও দুত এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা দরকার। এই কখা স্যার, আমি আগে বলে-ছিলাম এবং আজও বলছি যে শুদ্ধেয় মনোরঞ্জন বাবু একবার বলেছিলেন—সেটা হচেছ এানিয়েল ইন্সপেকসান অব স্থলস সম্বন্ধে। স্যার আমাদের স্বাধীনতার আগে যখন ডিভিসানেল ইন্সপেকটোবেট ছিলু, তখন প্রতিটি হাই স্কুলে, প্রতিটি বিদ্যালয়ে অন্ততঃ বৎসরে একবার করে পরিদর্শকরা গিয়ে দেখতেন যে কি ভাবে সেখানে পড়াগুনা হচেছ, কি ভাবে স্কল পরিচালনা করা হচেছ। কিন্ত দু:খের বিষয় বর্তমানে এই ব্যবস্থাটা প্রায় উঠেই গিয়েছে বললেই চলে। ডিসট্টিক্ট ইন্সপেকটার অব স্কুলস যাঁর উপর এই ভার দেওয়া হয়েছে তাঁর অধিকাংশ সময়, সরকারী টাকা, যে সমস্ত অনুদান আছে, সেগুলির বিলি বণ্টনের ব্যবস্থা করতে করতেই কেটে যায়। সরকারের গ্র্যাণ্ট নানান রকম বেড়েছে। তাদের কাজ অনেক বেড়েছে, স্কুলের সংখ্যাও বেড়েছে। কাজে কাজেই তাঁদের দোঘ দিচিছ না। কিন্তু এই সব হিসাব পত্রের কাজ করতে, করতেই তাদের সময় চলে যায়। কাজেই স্কুল পরিদর্শন করা যেটা ইন্সপেক্টর অব স্কুলস এর প্রধান কর্তব্য, সেটা আজকাল হচেছ না। এই জন্য আমি মনে করি ইন্সপেক্টরেট অব স্থূলসকে আরও শক্তিশালী করা দরকার। দরকার হচেছ আরও অধিক সংখ্যক অফিসার নিয়োগ করা এবং এ্যানুয়েল ইন্সপেকসান অব স্কল্স যাতে হতে পারে তার ব্যবস্থা করা দরকার। এটা করা একান্ত তাবে প্রয়োজন। এ

স্যার, গত কয়েক বৎশরের মধ্যে আমার মনে হয়, শিক্ষকদের স্কেল অব পে তিনবার বিভাইজড হয়েছে। শিক্ষকদের পে যে খুব ভাল হয়ে গিয়েছে, সেখানে আর কিছু উনুতি করবার নেই একথা আমি বলছি না। কিন্তু আমি বলছি ক্লার্কস বা অন্যান্য ক্লাশ ফোর কর্মচারী যারা আছে, তাদের পে অন্ততঃ হারাহারিভাবে আজ পর্যন্ত বাড়েনি। বর্তমানে य भाष निजियान शरासक, अस्तर य পतिकल्पना शरासक, या अथना कार्यकारी शरानि पर्वत. সেখানেও তাদের দেওয়া হচেছ্ ৮০ টাকা খেকে ১৫০ টাকা, নেট্রিকুলেট ক্রার্কসদের কথা আমি বলছি। কিন্তু আগে ছিল ৫৫টাকা থেকে ১৩০ টাকা, আর ২০ টাকা করে ডিয়ারনেস এলাউন্স পেতেন। ১০ টাকা সরকারী এবং ১০ টাকা স্কুলেরডিয়ারনেস স্থ্যালাওয়েন্স ছিল—তাতে তথন ছিল ৭৫ টাকা থেকে ১৫০ টাকা। এখন সেটা বেড়ে হয়েছে ৮০ টাকা থেকে ১৫০ টাকা। অথাৎ বিশেষ কিছুই বাড়েনি, যদিও গোড়ার দিকে ৫ টাকা বেশী দেওয়া হচেছ। কিন্তু যার। দু-চার বছর কাজ করেছেন তার। ৮৬১ টাকার পর্যায় চলে গিয়ে গিয়েছেন। কাজে কাজেই তাদের দিক থেকে সত্যিকারের কিছুই বাড়েনি। আমি আরও বলবো কুশ ফোর এমপ্লুয়িজ যার। আছে, তাদের জন্য ব্যবস্থা হচেছ ৪৫১ খেকে ৬০১ টাকা। কিঁত্ত অনুরূপ গভর্নমেণ্ট চাকুরীয়াদের ক্ষেত্রে বেতন অনেক বেশী। সেই জন্য আর্মি শিক্ষামন্ত্রী মহাশ্য়কে অনুরোধ জানাবো যে এদের জন্যও ব্যবস্থা অন্যান্য জায়গার সম-পর্যায়, যেমন সরকারী কর্মচারীদের বেলায় আছে, সেই রকম বা তারই কাছাকাছি নিয়ে যাবার চেষ্টা করা উচিত।

স্যার, এই নাইনের কথাতে আর একটি ব্যাপারে আসছি। সেটা হচেছ পঞায়েত এরিয়ার সেক্রেটারীদের কথা। পঞ্চায়েত এরিয়ার ইউনিয়ন সেক্রেটারী যারা ছিলেন, এখন যারা পঞ্চায়েত সেক্রেটারী হিসাবে কাজ করছেন, তারা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ করে থাকেন। তাদের মিনিমাম কোয়ালিফিকেসান্স হচেছ—মেট্রিকুলেসান স্কুল ফাইন্যাল পাশ, এবং যারা এক্সটেনসান ট্রেনিং নিয়ে থাকেন। গ্রাম সেবক, যাদের অনুরূপ যোগ্যতা আছে, তাদের মধ্যেও কেউ কেউ এক্সটেনসন ট্রেনিং নিয়ে থাকেন, আর কেউ কেউ নেন না, অথাৎ কিছু ট্রেণ্ড এবং কিছু আনট্রেণ্ড আছেন। কিন্তু এই সকল গ্রামসেবকদের যে মাইনে দেওয়া হয় বা অন্যান্য বিভাগের লোয়ার ডিভিসান ক্রার্ক দের যা মাইন দেওয়া হয় এই পঞ্চায়েত সেক্রেটারীদের এদের চেয়ে অনেক কম মাইনে দেওয়া হয়। এদের মাইনে বোধ হয় ৮০১

টাকা খেকে আরম্ভ হয়। কিন্তু একজন লোয়ার ডিভিসন ক্লার্ক আরম্ভ করেন ১২০১ টাক। খেকে।

[4-40-4-50 p. m.]

কান্ধে কান্ধেই যাদের উপরে গ্রামের উন্নয়ণের ভার রয়েছে যার। পঞ্চায়েতের মাধ্যমে নানান রকম গ্রামের উন্নয়ণমলক কান্ধের সহায়তা করেন তাদের এই রকম মাহিনার দিক দিয়ে তাদের কম করে রাধা, তাদের যোগ্যতা থাক। সত্তেও, ভাল নয় বলেই আমি মনে করি। এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের আমি দৃষ্টি আকর্ষণ করিছ।

স্যার, বিভিন্ন সময়ে আমাদের বিধান পরিষদ থেকে অনেক কিছু আইন তৈরী হয়ে যায়, স্বাইনগুলি জনকল্যাণের জন্য হয়. এবং ভাল ভাল আইন হয় বলেই আমি মনে করি। কিন্তু দঃখের বিষয় সেই সব আইন অনেক সময় কার্য্যকরী করতে এমন দেরী হয় যে তার মধো যে সমস্ত মঙ্গলজনক ব্যবস্থা ছিল সেগুলি ঠিক কার্য্যে পরিণত হয় না। আমি উদাহরণ দিচিছ। গত ১৯৬২ সালে সেপ্টেম্বর মাসে একটা অভিন্যান্য প্রোমলগেটেড হয়েছিল ওয়েষ্ট বেঙ্গল পাবলিক এভিক্সন অব আন-অধরাইজড অকুপেন্ট্স অভিনেন্স। অভিনেন্স হয়েছিল এই জন্যই যে এটার নিশ্চয়ই খুব একটা জরুরী প্রয়োজন ছিল। তারপরে ১৯৬২ সালে ডিসেম্বর মাসে তা বিধান মণ্ডলী থেকে আইন হিসাবে পাশ হয়েছিল। কিন্তু এই আইন খনুসারে যে সকল ম্যাজিট্রেট কেশ-এর হিয়ারিং করতে পারবেন, উপযুক্ত ক্ষমত। তাঁদের কাছে এক বছরের মধ্যে পৌঁছার নি। একটা ক্ষেত্রে ৬৩ সালের ডিসেম্বর মাসে সেই ক্ষমতা দেওয়া হয়েছে পূরে। এক বছর পরে। ত। ছাড়া এমন সব ম্যাজিষ্টেট এর কাছে এই সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে যে তাঁর। অন্যান্য কার্য্যের মধ্যে ব্যস্ত থাকেন বলে তাঁর। এইসব কেস স্ত্র করতে পারেন না। যে সমস্ত জায়গায় অন্যান্য লোক সাধারণের জমি জবর দখল করে নিয়ে রেখেছেন সেই সমস্ত লোককে উচেছদ করবার জন্য এই আইন হয়েছিল। কিন্তু ক্ষমতা-প্রাপ্ত ম্যাজিষ্টেটএর এই সব কেস শুনবার সময় নেই—কারণ তিনি অন্যান্য কাজে ব্যস্ত খাকেন। কাজে কাজেই আলাদ। ম্যাজিষ্ট্রেট নিযুক্ত করা যে ম্যাজিষ্ট্রেট অন্ততঃ কিছু সময় এই সব কাজের জন্য দিতে পারবেন—তার বাবস্থা করা একান্ত কর্ত্তবা।

পৌর এলাকায় কমপালসারি প্রাইমারী এডুকেসান আ্যাক্ট এর যে ব্যবস্থা কর। হল—সেই ব্যবস্থার জন্য মিউনিসিপ্যালিটির কাছে নির্দেশ গিয়েছে, বোধ হয় ঐ অ্যাক্ট এর তিন নম্বর ধারা অনুযায়ী তার। ষ্টেটমেন্ট দেবেন। কিন্তু এধানে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে সবিনয়ে বলছি যে পুতোক মিউনিসিপ্যালিটি যদি এই সমস্ত ষ্টেটমেন্ট পাঠায় তাহলে অনেক সময় এর মধ্যে ভুল থাকবে। কারণ সব মিউনিসিপ্যালিটি কলকাতা বা হাওড়ার মত বড় মিউনিসিপ্যালিটি নয়, মফঃসলে এমন অনেক ছোট ছোট মিউনিসিপ্যালিটি আছে যাদের মধ্যে সে রক্ষ উপযুক্ত যোগ্যতা সম্পনু কর্ম্বচারী নেই। যদি ডিত্রীক্ট ইনসপেক্টর অব ক্ষুল্সকে বলা হয় যে একজন তাঁদের বিভাগীয় লোক পাঠিয়ে পৌর কার্য্যালয়ে গিয়ে বসে থেকে এই ষ্টেটমেন্ট করিয়ে নেন, তাহলে হয়ত এতে একদিনের বেশী সময় লাগবে না। নিশ্চয়ই মিউনিসিপ্যালিটি কন্তৃপক্ষ আদের সাহায্য করবেন। কিন্তু এই রক্ম ভাবে ব্যবস্থা করলে ভুল রিটাণ আসা এবং তার জন্য যে বিলম্ব তা থেকে রেহাই পাওয়া যাবে।

মিউনিসিপাালিটি সম্বন্ধে একটা মন্তবড় সমস্যা দেখা গিয়েছে যার উল্লেখ হাওড়া মিউনিসি-প্যালিটি সম্বন্ধ একটু আগে হয়েছিল। সেটা হচেছ সমস্ত মিউনিসিপ্যালিটিতে ওয়েই বেঙ্গল মিউনিসিপাাল এমপুরিজ ফেডারেসান খেকে প্রায় ১৬।১৭ টা দাবী দিয়ে একটী চাটার অব ভিমাও দেওয়া হয়েছিল।

ৰবং আগামী এর। মার্চ তাঁরা একদিন টোকেন স্ট্রাইক করবেন এবং ২এশে মার্চ থেকে বরাবর স্ট্রাইক চালিয়ে যাবেন। কিন্তু তার মধ্যে এমন সমস্ত দাবি রয়েছে যে দাবি কোন মিউনিসিপ্যালিটির পক্ষে পূরণ করা সম্ভব নয়। এবং তার মধ্যে এমন অনেক দাবী আছে যার জন্য আইন সম্পূর্ণভাবে পরিবর্তন করা প্রয়োজন। কাজে কাজেই যতক্ষণ পর্যন্ত আইন পরিবর্তন না করা হচেছ, যতক্ষণ পর্যন্ত তাদের দাবি মেটাবার জন্য টাকার সংকুলান না হচেছ ততক্ষণ

পর্যন্ত স্ট্রাইক বন্ধ করা সম্ভব নয় যদি তারা স্ট্রাইক করার যে সন্ধলপ সেই সন্ধলেপ দুঢ় হয়ে থাকেন। সেজন্য আজকে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে গভর্ন-নেন্টের সংশ্রিষ্ট বিভাগ এমপ্রায়িজ ফেডারেণনের প্রতিনিধি এবং মিউনিসিপ্যাল এ্যাসোসিয়ে-লানের প্রতিনিধি নিয়ে যাতে সহর একটা আপস মীমাংসা হয়, যাতে এই স্টাইক সত্যিকারে কার্যকরী না হয় যাতে সারা বাংলাদেশের নাগরিক জীবন বিপর্যন্ত না হয় তার জন্য আশু চেষ্টা কর। দরকার। এটা যেহেত্ এরা মার্চ থেকে হবে সেহেত্ সেটা এখনই চেষ্টা কর। দরকার। এতে এতটুকু বিলম্ব হলে চলবে না। এরপর, মেডিক্যাল বিভাগ সম্বন্ধে আমি কিছ বলব। আমি মফ:স্বলের কথা বলছি, গ্রামে অনেকগুলি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার হয়েছে, প্রত্যেক থানাতে প্রাইমারী হেলথ সেণ্টার হয়েছে, এই বিষয়ে সরকারের যে কাজ সেটা নিশ্চয়ই পূশংসনীয়। কিন্তু একটা জিনিস যা আমরা বহুবার বলেছি এবং যা সরকার জানেন সেটা হচেছ এই সব হেলথ সেণ্টারে ইলেক ট্রিসিটির কোন বন্দোবস্ত নেই। হেলথ সেণ্টারের কছি দিয়ে ওভারহেড লাইন গেছে কিন্তু তবুও সেখানে ইলেক ট্রিক লাইট দেওয়া হয়নি। বর্তমান যগে রাত্রি বেলায় যদি একটা ডেলিভারি কেস করতে হয় তাহলে কেরোসিন ল্যাম্প দিয়ে ৰুৰতে হয়। অপারেসান করতে হলে কেরোসিনের ল্যাম্প দিয়ে করতে হয়। এটা কত জম্ববিধাজনক সেটা আপনার। সকলেই জানেন। ৫০ বছর আগে দেশ হয়ত এইভাবে অভান্ত ছিল। কিন্তু বর্তমান যুগে ইলেকট্রিসিটি গ্রামের অভান্তরে চলে গেছে, হেলথ শেণ্টারের সম্মুখ দিয়ে চলে গেছে, অথচ এই সমস্ত রোগীদের সেবার জন্য যদি ইলেকাট্রিসিটি নাপাওয়া যায় তাহলে খুব দুঃখর বিষয়। এই বিষয়ে আমি সরকারের मत्नार्योग जाकर्षन कति । जामात त्यम कथा वनिह, এটা शटा माखिनूत मिछेनिनिनेनानिरित হুখা। সেধানকার জন্য একটা ওয়াটার সাপ্রাইস্কীম গভর্নমেণ্ট থেকে মঞ্জুর হয়ে আজ ৬।৭ বছর পড়ে আছে। তার পাইপ ও সাজসরঞ্জাম জোগাড় হয়েছে কিন্ত কাজ আরম্ভ হচেছ না। এই ওয়ানার সাপ্রাই স্কীম যাতে তাড়াতাড়ি চালু কর। হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশ্যের কাছে আবেদন জানাচিছ। বহু সরঞ্জাম সেখানে বয়েছে, সেগুলি নষ্ট হয়ে যাচেছ অনেক কাল পড়ে থাকার ফলে। সেজন্য আমি সরকারের দষ্টি সেণিকে আকর্ষণ করছি। আমি আর একটা কথা বলতে চাই সেটা হচেছ কয়েকদিন আগে এখানে গ্রেস রিপোর্ট ঠিকভাবে হয়না এই রকম একটা অভিযোগ এসেছিল বলে একটা বিতর্কের ঝড় বয়ে গিয়েছিল। আমি এটা দুঃখের সঙ্গে জানাচিছ, যে এখানে যে সমস্ত সদস্যর৷ ভাষণ দেন কোন কোন ভাল ভাল কাগজ, যেসব কাগজের খুব সার্কুলেশান হয়, সেই সদস্যদের নামগুলি ঠিকভাবে ছাপা হয় না। আমি উদাহরণস্বরূপ বলছি—কালকে যতী দ্র সিংহ মহাশয় বলেছেন, একটা খুব বড় কাগজে ছাপা হয়েছে শ্রীযতীন সাহা। এই জিানসগুলি বন্ধ হওয়ার দরকার হয়েছে। যতীন বাবু এখানে ৬ বছর বা বেশী আছেন, <mark>তার</mark> নামটা রিপোর্টারদের কাছে পরিচিত হয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু তা যদি তুল ছাপা হয় তাহলে এটা খুব দুঃখর কথা। আমি স্যার, আপনার মাধ্যমে এই বিষয়ে সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি পুনরায় এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ কর্চ্চি।

[4-50-5-00 p.m.]

Shri Syed Shahedullah :

নাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমেই আমাদের এই যে ইকনমিক রিভিউ বলে একটা জিনিস দেয়া হয়েছে সেটার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই ইকনমিক রিভিউতে একটা অংশে দেখানো হয়েছে যে সরকার দাবী করছেন, তাঁরা ভারতের তরফ খেকে দাবী করছেন যে সেখানে ট্যাক্সের হার, ইনকাম ট্যাক্সের হার অতি উচচ \ এবন করে নিন পুরানো একটা কখা আছে ড্যাম লাই স্ট্যাটিস্টিক্স। এর মধ্যে স্ট্যাটিস্টিক্স। এর মধ্যে স্ট্যাটিস্টিক্স। এর ক্ষেয়াটিস্টিক্স সব চেয়ে বড় সে কথাটা দেখে আরে৷ মনে পড়ে যে এই পরিসংখান দেখা—অজকে তাঁর৷ ভুবনেশুরে দাবী করেছেন যে তার৷ সমস্ত সাম্য এনে দেবার চেটা করছেন বা সমস্ত গণতান্তিক সমাজতন্ত্র স্থাপন করতে চান এই সব যে ঘোষণা করছেন, তার পর সেখানে একটা উদ্দেশ্যমূলক ভাবে পরিসংখ্যান দেয়া হয় সেই জিনিসটা তার সঙ্গে দেয়া সক্ষত

ছয় না এটাই আপনার মাধ্যমে তাঁদের ভাল করে বলবা। সেধানে তাঁদের এই পরিসংখ্যান দেবার সময় অন্ততঃ বৈজ্ঞানিকভাবে দেয়া উচিত। ইনকাম পিরামিড দেয়া উচিত—ইনকাম পিরামিত কোন দেশে কি রকম হয় তার উপরই নির্ভর করবে ট্যাক্সের হারটা উচ্চ কি না। আমেরিকায় একটা লোক যে, ২৬ হাজার টাকা রোজগার করে সেখাতে তেটা ইনকাম পিরামিডের উচ্চ নয়। সাধারণত: হাজ'র 20 হাজার ১৬ জ্ঞাভারেজ ওয়ার্কারের বছরে ইনকাম সেখানে ২৬ হাজার টাক। যার ইনকাম সে এমন কিছু ইনকাম পিরামিডের উঁচু নয় কিন্তু এখানে যে ২৬ হাজার টাকা সে ইনকাম পিরামিডর অনেক উচতে থাকে। স্থতরাং তাদের কাছে অনেক বেশী আদায় করা উচিত এই হল নিয়ম। এখানে পাার্সে নাল সাভিস এত চিপ, ২৬ হাজার টাকায় এখানে এত বেশী চাকর বাকর রাখা যায়, এত বেশী কমফোর্টে থাকা যায় যা কিনা আমরিকাতে থাকা ষায় না। সেখানে লোকে একটা গাড়ী কিনলে তাকে নিজেকে ডাইভ করতে হয়. একজন ডাইভার রাখতে পারেনা। কিন্তু এখানে ২৬ হাজার টাকার ইনকামের লোক হয়ত দটো ডাইভার রাখতে পাঞ্চর। স্মৃতরাং এখানে কমফোর্টস অ্যাও লাকসারীজ সে পরিমাণ ২৬ হাজার টাকায় मार्गात्मक कर्ता यात्र जारमुद्र व्यत्नकथानि निरम्न अरम रुप्तेरि एम्या यात्र। २७ टाकांत्र होका परत्रत কথা, যাদের ৯৩ হাজার টাকা আছে তাদের অনেকখানি পাব্লিকের কাজে আন। যায়। কাজিই ইনকাম পিরামিডটা বিবেচনা করা উচিত। এটা আমার বজর্য নয়। যাঁদের কাছে তাঁরা ভিম্পা-পাত্রে নিয়ে হাজির হন সেই ইণ্টার ন্যাশনাল মনিটারী ফাণ্ডের যিনি কর্মকর্তা ব্র স্টিন তিনি বার বার করে ভারত গভর্নমেণ্টের দর্বলতার প্রতি তাঁর বই-এ দটি আকর্ষণ করছেন যে ভারত গভর্নেশেটর যাঁরা প্রবক্তা তারা বার্বার বলেন যে এখানে ইনকাম ট্যাক্স খব উঁচ লেভেলে আছে। কিন্তু তাঁরা আমেরিকা এবং বুটেনের ইনকাম পিরামিডের সঙ্গে ভারতের ইনকাম পিরামিড লক্ষ্য করেন না ---এটা বারস্টিনের বই খুল্লেই দেখা যাবে। তারপর এইভাবে দেয়াটা আমি मत्न कित थवरे अनुक्रुष्ठ रायाहा। ठात्रेपात वाःना गर्जन्याने विधारन तम्थार्ज कार्यान অন্যান্য রাজ্যের চেয়ে মাথাপিছু ট্যাক্সের হার এখানে কম এবং গণমঙ্গলের কাজ এখানে বেণী করা হয়। এক্ষেত্রে আমি বলবোঁ নেসান বিল্ডিং-এ তাঁরা কি কি ধরেছেন এবং ট্যাকসের আইটেমে ভাঁর। কি কি ধরেছেন। এই রকম তুলনামূলকভাবে দিলে আমরা কিছুই বুঝতে পারিছ না। কারণ আমারা দেখবো যে সব সহরে প্রাথমিক শিক্ষা অনেক দিন আগে প্রবর্তন হয়েছে এবং রাজ্য সরকার সেখানে অনেক খরচ বহন করে থাকেন, এখানকার সদরে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হয় নি এবং এখানে বাজ্যসরকার সেই দায়িত্ব ইনকামট্যার্ক্স পেয়ার বা অন্যান্য ট্যাক্স দাতার উপর দিচেছন না. সেটা কেবল রেট পেয়ার, ভাড়াটেদের যাড়ে চাপিয়ে দিচেছন—এই ভাবেই তাঁরা আইন করেছেন। তাই সেক্ষেত্রে এইভাবে গণ মঙ্গলের কাজে বাংলাদেশের দাবী যতক্ষণ পর্যন্ত এই রকমভাবে নেসান বিল্ডিং-এর কাজে দেখানো না যায় ততক্ষণ পর্যন্ত কিছুই বলা হয় না এটাই আমি আপনাৰ কাছে নিবেদন করবো। আমাদের যেটা আজ সঙ্কট দাঁডিয়েছে কৃষির ব্যাপারে সেটার প্রতি আপনার দটি আকর্ষণ করে বলবো ফসল ঘাটতির ব্যাপারে দেখা যাচেছ যে আমাদের সে সম্য ১৯৬১ সালে ঘাটতি ছিল ৩৯ লক্ষ টন সে সময় মন্ত্ৰী মহাশয় বলেছেন যে ঘাটতি ছিল ২২ ^{লক্ষ} টন। আজকে এ বছর বলছেন ফসল ভাল হয়েছে তারা আশা করেন। যাহোক তার ভেত্র আমি যাচিছ না কিন্তু যদি আশা করেন এবং ১৯৬১ সালের মত যদি ধরে নেন ফুগুর যদি আশানুযায়ী ৪৮ লক্ষ টন হয় তাহলে আজকে ১৩।১৪ লক্ষ টন ঘাটতি রয়েছে। স্বত্যাং এই জিনিস্ট্রি চিম্বার বিষয়, এটা বাজেটে রয়েছে সেখানে তাঁরা এটা দর করবার কি ব্যবস্থা করলেন ? এক একটা আইটেম যদি আমরা এখানে ধরি সেখানে আমাদের কি মনে হয়— ধরুণ সমাজতদ্বের ব্যাপার আমরা এই গভর্নমেণ্টের কাছ থেকে আশা করি না এবং ^{সেই} দাবীও করি না—আমরা যেটার সঙ্গে তুলনা করবো সেটা হচেছ একটা সভ্য গভর্নমেণ্ট এবং ধনতান্ত্রিক সমাজেও মেগুলি করা উচিত বলে বিবেচিত হয় সেই কাজও তাঁদের মারা হচেছ কিনা।

সেচের ব্যবস্থায় দেখা যায় যে আমাদের এখানে সেচের যে পরিমান জমিতে ^{গোচ} পাচেছ তার মেজর ইরিগোসান স্কিমে সেখানে টাগেট ছিল ১৪ লক্ষ একরের মত। ^{কিছ} সে জায়গায় হয়েছে কত ? ৫ লক্ষ ৮৮ হাজার একর, এই রকম সেখানে আমরা দে^{খতি} পাাচছ। কিন্তু এখানে আমরা কি দেখছি? যেখানে আজকে নূতন কৃষি ব্যবস্থা করা উ^{চিই} ভিল, তার জায়গায় কি দেখছি? তেনুবাট ভেমএ তে কি দেখছি? ডি. ভি. সির ^{কিটে}

সেখানে ১ লক্ষ টাকা ধরা হয়েছে, তেনঘাট থেকে ১১০০ কিউসেক জ্বল, ডেম তৈরী করে তার। দামোদরের জল সংগ্রহ করে নিয়ে যাবেন বোকারে। স্টীল এর জন্য। এখানে সেচের ব্যবস্থা করা যাচেছ না। সামান্য জল দিচেছন। সেখানে ২৫ লক্ষ একর জমিতে ফসল বোনা হয়েছে কিউন এরিয়াতে সেখানে মাত্র ১০ লক্ষ টাগেট ছিল, তার ফলফিল করতে পারেন নি মেজর ইরিগেসান এর হারা। সেখানে যেটুকু ইরিগেশনের ব্যবস্থা হয়েছে তার থেকে 5500 কিউসেক জল সরিয়ে নিয়ে বাংলা দেশ থেকে বোকারো স্টীল এ দেওয়া হচেছ। मামোদর স্ক্রিম থেকে এখানেই জল পাওয়া যাচেছু না ১০ লক্ষ একরের জন্য, সেই ক্ষেত্রে এই জল যদি আবার সরিয়ে নিয়ে বোকারো স্টীলএ দেওয়া হয়, তাহলে আমাদের কি খবস্থা দাঁড়াবে তা আপনারা সবাই বুঝতে পারছেন। এটা যে ভুধু চামের পক্ষে সন্ধট ক্ষনক তা নয়। এই যে দামোদর থেকে জল নিয়ে যাওয়া হচেছ, তার ফলেতে, তার সাথে क्रानकरहेछ य गव नमीधनि पाइ, प्रधनि स्पृतिः श्रिक ना, अतिस्नात श्रिक ना, ववः क्रानकाहा পোর্টের যথেষ্ট ক্ষতি হচেছ এবং অন্যান্য দিক থেকেও ক্ষতি হচেছ। এই স্কিম যেখানে হতে বাচেছ, সে সম্বন্ধে বাংলা সরকার আপত্তি করেছেন আমরা শুনেছি কিন্তু বাতে এটা দার্শর্পরপে বাধা দেওয়া যায়, তার ব্যবস্থা করা উচিত। ডি. ভি. সি. স্কিমে দেখা যাচেছ অনুরেডি তার। বাজেট করে, সেই তেনুঘাট স্কিম গ্রহণ করেছেন এবং তাই এঁরাও চাইছেন। এ থেকে বোঝা যাচেছ তাদের এই সব আপত্তি, এমনি মামলী আপত্তি, আসলে সেটার কোন আপত্তি নেই, অর্থাৎ বাধা দেওয়া যেনার উচিত, তারা করছেন না। সারা বাংলা দেশের মানঘকে কনফিডেন্সএ নিয়ে এসে, যাতে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করা যায়. তা তারা করছেন ন। বাংলা দেশের মানঘকে বঞ্চিত করে. এখান থেকে জল নিয়ে গিয়ে অন্যত্র এই যে স্কিম করা হচেছ, এর আমি তীব্র প্রতিবাদ করছি আপনার মাধ্যমে।

এ ছাড়া অন্যান্য যে সমস্ত ছোটখানে। সেচ ব্যবস্থা আছে, তাতে আগের চেয়ে কিছু বেশী টাকা এবারের বাজেটে ধরা হয়েছে সত্য, কিন্ত েটা এমন কিছু বেশা নয়। সাড়ে নয় লক্ষ টাকার জায়গায় আঠারো লক্ষ টাকা ধরা হয়েছে, এমন কিছু বৃদ্ধি নয়। ডিপটিউবওয়েল দ্বিম ও এই রকম অন্যান্য আইটেমের জন্য টাকা ধরা হয়েছে। কিন্ত এই ডিপ টিউবওয়েল দ্বিমের কি অবস্থা হয়েছে দেখুন অ.মি ফিগার দেখাচিছ ওঁদের ঐ ইকনমিক রিভিউ এবং এন্টিমেটস কমিটির রিপোর্ট থেকে। তারা ডিপ টিউবওয়েল সিন্ধ করেছেন ১৭০টি, সেখানে মাত্র ৬৪টি অপরেট করছে। এই ভাবে যদি কাজ হয় তাহলে কি করে সেচের উনতি হবে।

বাংলাদেশের যে সমস্ত অঞ্চলে সেচের ব্যবস্থা নেই, যেখানে সামান্য সামান্য জলের উৎস আছে, সেখানে সেগুলি নিয়ে তাড়াতাড়ি ডেভেলপ করে, এক সঙ্গে একটা বিরাট পরিমাণ জমি আমরা উদ্ধার করে, সেখানে সেচের ব্যবস্থা স্থানিয়ন্ত্রিত করতে পারি, এবং সেচের ব্যবস্থা স্থানিয়ন্ত্রিত করতে পারি, এবং সেচের ব্যবস্থা স্থানিয়ন্ত্রিত হলে, সেখানে মূলধন বিনিয়োগ হবে এবং তাতে চামীরা ভাল করে সার দিয়ে ফসল উৎপনু করতে পারবে। চামের উনুতির জন্য সেচ যে প্রধান অবলম্বন, তার উনুতি করতে গোলে সরকারে প্রথম যে ব্যবস্থা করা দরকার, তা হচেছ ছোট ছোট স্টোচ পরিকলপনা সম্বন্ধে দৃষ্টিভঙ্গী নিয়ে কাজে করা। বিতীয়তঃ তারা যেখানে তাদের এই সমস্ত দপ্তরের দ্বারা কাজ করতে যাচেছন, সেখানে হয়ত রং সাইট সিলেকসান-এর জন্য এবং অন্যান্য নানারকম দিক থেকে তাদের এমন ভাবে পঞ্চু করে দিচেছন, যে সেখানে সমস্ত টাকাটা নই হয়ে যাচেছ।

[5-00-5-10 p. m.]

শেখানে দেখা যাচেছ পাম্প টেশান করবার সম্বন্ধে পুরানো---কৃষি দপ্তরে যখন দেখা যাচেছ্
গাঁরের কৃষকরা যারা বিপনু হয়েছে আবাদের সময় জল না পেয়ে ছুটে এসেছে কৃষিদপ্তরে, পাম্পএর জন্য---তখন কৃষিদপ্তর থেকে জানান হয়েছে পাম্প ভাড়া দেবার কোন

ব্যবস্থা করা হয়নি। তারা বলেন যে আমাদের পাম্প নট হয়ে যাবে। আবার এদিকে বলা
হয় যে আমরা অনেক রকম ব্যবস্থাই করেছি। তারপরে সারের ব্যপারে আস্তন আমরু
উধু দেখছি ঋবরের কাগজে প্রবন্ধ বেরুচেছ যে সরকাব সারের জন্য অনেক টাক' খরচ

করছে। এটা সংবাদপত্রে এবং মন্ত্রীদের বক্তৃতার মধ্যে শুধু পাওয়া যায়। যাই হোক চাষীদের যখন এই রকম অবস্থা এবং আবাদ হচেছ না জলের অভাবে মাঠ যেখানে শুম্ক হয়ে আছে সেখানে ইমারজেন্সী পাম্প এর ব্যবস্থা না করা হলে চাঘ করা অসম্ভব। আজ পর্যন্ত সরকারের তরফ থেকে ঐরূপ ব্যবস্থা অথাৎ ইমারজেন্সী পাম্প ভাড়া দেওয়ার ব্যবস্থা *শে*গুলি এখনও পর্যন্ত হলো না এবং আমাদের মনে হয় সেগুলো করলে অনেক কিছু উপকার হবে। এই সব করলে খাদ্য সমস্যার অনেকখানি সমাধান হবে। ঋণের দিক থেকে আমাদের মাননীয় নগেন বাবু যা বললেন সেটা বাস্তবিকই প্রণিধানযোগ্য। সমবায়ের মধ্যে দিয়ে না গেলে এই সমস্যার সমাধান হওয়া কঠিন। রুরাল ইকনমিক সার্ভে করে দেখা গিয়েছিল যে সরকার যা চাষীদের ঋণ দেন তা প্রয়োজনের তুলনায় শতকরা মাত্র ১ ভাগ পায়। এবং কো-অপারেটিভ যা দেন তা হচেছ শতকরা ৩ ভার্গ। বাকী ৯৪ ভাগের জন্য ক্ষককে গ্রামের মধ্যে হাতড়িয়ে বেড়াতে হয়। যা হোক বন্ধক দিয়ে বা অন্য উপায়ে তাকে সেই ঋণ সংগ্রহ করতে হয়। একটা জিনিষ এখানে লক্ষণীয় এই যে চাণীকে যখন এই ঋণ করতে হয় তা সারা বছরের জন্য করতে হয়। তার বৈশাখ মাস খেকে শুখনো চাঘ শুরু হয় আবার মাঘ ফালগুন না হলে তার ফসল ওঠেনা। তাকে সারা বছর ধরে প্রতীক্ষা করতে হয়। চাষ কার্য্যে যারা নিযুক্ত তাদের মধ্যে শতকরা ৭২ ভাগ গরীব অথচ এদের জন্য ঋণ পাওয়া যাচেছ না। কিন্তু এদিকে দেখুন ব্যাঙ্কএ যা ইকনমিক রিভিউতে রয়েছে প্রায় ১৪ শো কোটি টাকা ব্যাঙ্ক এ ক্রেডিটএ কাজ করছে। আবার কেউ প্রায় ১৭ শাে কোটি টাকা খাটাচেছ। সেই ১৭ শাে কোটি টাকা কল কারখানায় যারা আজকে লােন নিয়ে কালকে মাল বেচে শােধ করেন এই সর্চ টার্ম লােন যারা নেন তারাই সেগুলি ব্যবহার করতে পাচেছন মাত্র। অতএব বড় বড় পূজিপতিরাই তাদের প্রয়োজন মেটাতে পাচেছন। কিন্তু চাষী যে সবচেয়ে গরীব যাকে গোটা বছর অপেক্ষা করতে হয় তাদের উৎপাদন নিয়মই এই রকম যা ১ বছর না হলে ফিরে আসে না। কল কারখানার উৎপাদনের মত নয় সেই চাষীকে সাহায্য করবার জন্য কৃষি ঋণ ব্যবস্থা কোন রকম নেই গাহায্য করবাব কোন ব্যবস্থা নেই তাহলে কি করে তার। উৎপাদন করবে। এখানেতে একটা কথা বলার দরকাব, কো-অপারেটিভে যেমন লোন দেওয়া হয় যেটা অন্য সদস্যরা বলেছেন তা সময়মত দেওয়া হয় না এবং নানারকম অস্ত্রবিধা আছে। তা ছাড়া যা করা হয়েছে এবারে আমার জেনায় বর্দ্ধমান জেলাব মধ্যপ্রাম ইউনিয়নের একটি উদাহরণ দিয়ে দেখাবো যে সেখানে ইণ্টারিম লোন-এর নাম করে জমি মট গ্রাজ দেওয়া হয়েছে বা কারবারনামা পর্যন্ত কবা হয়েছে। কারবারনামা রেজিস্ট্রি পর্যন্ত হয়েছে। অথচ তাকে লোন দেওয়া হয়নি। সেখানকার যার। কো-অপারোটিভ ওয়ার্কার প্রসঙ্গত তাদের মধ্যে অনেকে কংগ্রেসের ওয়ার্কার আছে, বিপর্যস্ত বিব্রত লোকে তাদের পুশু করে, তার। অস্থির হয়ে যায়। তার। এখন পর্যন্ত ইণ্টারিন লোন পায়নি। যাই হোক আমি কতকগুলি অন্য কথা এখানে বলতে চাইছি। একটা হচ্ছে এখানেতে যে কারমাইকেল মেডিকেল কলেজ হোস্টেল আছে সেই সম্বন্ধে একটি কর্থ বলবো ৷

এখন ছাত্রদের সেই হোস্টেল থেকে এই দান্ধার সময় বেরুতে হয়েছিল এবং সেই দান্ধার সময় সেই হোস্টেল লুঠ হয়ে গেছে। আমি যা শুনেছি তাতে বলতে পারি এখানকার একজন শিক্ষক সদস্যের সাক্ষাতে পুলিসের হাতে সেই হাস্টেলের চাবি দেওয়া হয়েছিল এবং তাদের রক্ষণাবেক্ষণের ভার দেওয়া হয়েছিল। প্রথমতঃ ছাত্রদের সরে যাবার বাবস্বা পুলিস থেকে করা হয়িন। তাদের কোন রকমে আত্যুরক্ষা করে উত্তেজিত অবস্থার মাধে বাউতের ভেতর দিয়ে পালিয়ে যেতে হয়েছিল। সেই ঘর যা পুলিসের হেফাজতে রেখে দেওয়া হয়েছিল ছাত্রদের সেই ঘর লুঠেন হয়ে গোল। সেই ছাত্রদের বিছানাপত্র, বই, খাতাপত্র সমস্ত জিনিস চলে গেছে, তারা কলকাতায় আশ্র পাচেছনা। ১০।১২ জন ছেনের

সরকার ব্যবস্থা করেছিলেন, তারা দিনকতক রামকৃষ্ণ মিশন না কোথায় ছিল আমি ^{সম্পূৰ্ণ} জানি না, কিন্ত অন্যান্য ছেলের। জানত যে আমাদের সেই জায়গায় ফিরিয়ে ^{দেবে,} কিন্তু সে ব্যবস্থা হয় নি। তারা কি করবে, কেথায় গিয়ে উঠবে কিছুই বুঝতে ^{পাবছে}

কিন্তু সে ব্যবস্থা হয় নি। তারা কি করবে, কেপায় গিয়ে ডঠবে কিছুই বুঝতে পা^{নতে} না, এই রকম একটা শোচনীয় অবস্থা চলছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপ^{নাব} মাধ্যমে নিবেদন করব যে তাড়াতাড়ি তাদের যাতে একটা স্থরাহা হয় এ^{বং এ} হাস্টেলে তার। যাতে ঠিক্সত থাকতে পারে তার একটা ব্যবস্থা করুন। আর একটা কথা আমি বলব। আমি দীর্ঘ দিন প্রেসিডেন্সী জেলে ছিলাম। এই প্রেসিডেন্সী জেল অত্যন্ত ইনস্যানিটারী কনডিসানের মধ্যে পড়ে রয়েছে, গোটা জেলময় ইউরিনের গ্যাস। এটার রিফর্মের চেটা করা উচিত। নতুন পরিকলপনা নিয়ে এটা রিপেয়ার করা উচিত। যারা জেলে আছে সে কয়েদী হোক আর অন্য যে কেউ হোক তাদের এবং এমন কি এম্পুরীদেরও সেই ইনস্যানিটারী কণ্ডিসানের মধ্যে থাকতে হচেছ। অত্যন্ত মিডিওভ্যাল কণ্ডিসানের জিনিস। বিদেশের যদি কোন রাষ্ট্রীয় অতিথি এখানকার জেল দেখতে আসেন তাহলে অত্যন্ত লনজার পরিস্থিতি হবে এটা আমি আপনার কাছে নিবেদন করছি।

Shri Biswanath Mukherjee:

নাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার বাজেট অধিবেশন আমাদের সামনে অভিসম্পাত নিয়ে এসেছে। ১০ই ফেব্রুয়ারী অধিবেশন প্রথমে আরম্ভ হল, রাজ্যপাল উভয় পরিষদে ভাষণ দিলেন, দেই ভাষণের মাঝধানেই আমাদের শ্রন্ধেয় হেমন্ত বাবু পার্লামেণ্টারী কনভেনসান ভঙ্গ করে রাজ্যপালের সামনে দাঁড়িয়ে অভিযোগ তুললেন। বিরোধী পক্ষের সদস্যবা জন-সাধারণের ভোটে নির্বাচিত, তাঁর। সভায় বলতে পারেন। তারপর কলকাতার আবহাওয়। ভাল। ভূবনেশ্বরে কংগ্রেস অধিবেশনে যোগদান কববার জন্য মধ্যমন্ত্রী ৫ই জানয়ারী যাত্রা কবলেন। সেই যাত্রা খুব ভাল ছিল না। সেদিন অগন্তা যাত্রা ছিল। যেদিন ফিরে এলেন, আমার মনে আছে ৮ই ফেব্রুদ্যারী সকাল থেকে চেষ্টা করছেন ফিরবার জন্য, স্কাল ৮টায় ফিরে আস্বান কথা, কিন্তু কলকাতা ক্য়াশাচ্ছন, ৮টা বাজল, ৯টা বাজল, ১০টা বাজল, ১১টা বাজল, ১২ বাজল, সেই জাহাজ ফিরে এল রাত্রি ১২ টার পরে, এসে দেখলেন কলকাতা শহরের মধ্যে হাঙ্গামা সম্পর্ণভাবে আরম্ভ হয়নি, টকটাক আরভ হয়েছে। কিন্তু তারপরে কাশ্মীরে হজরত বাল চুরি যাওয়ার ফলে খুলনাতে যধন বহুসংখ্যক হিন্দু নিধন আরম্ভ হয়ে গেছে তখন কলকাতায় এই পরিবেশে বাঁঙালীর। এটা সহ্য করতে পারল না। যতই আমরা সেক্লারিজ্মের কথা বলি তার ফলে কিছ কিছু ঘটনা চারিদিকে হতে আরম্ভ করল। যে পুলিসের যোগ্যতা অযোগ্যতা সম্বন্ধে আমাদেরী বিরোধী পক্ষের যতীনবাবু চিৎকার করে থাকেন সেই শচীন ঘোষের অপদার্থ তার জন্যই এই জিনিসটা হয়েছে। আজকে কলকাতার পুলিস কমিশনার যদি পি, কে, সেন, কি রায় বাহাদুর সত্যেন মুখার্জী থাকতেন তাহলে দাঙ্গা এতদুর বাড়তে পারত না। আমি পি, কে, সেন সম্বন্ধে কথা বাড়িয়ে বলছি না, ক্যালকাটা পুলিসের নাড়ী নক্ষত্র তাঁর জানা আছে। তাঁকে বসালে আজকে আমি ডাকতে হত না।

15-10-5-20 p. m.]

কোণায় কোন গুণ্ডা বাস করে, কোন গুণ্ডা কলাবাগান বন্তীতে বাস করে, কোন গুণ্ডা বিবিবাগান, বাবুবাগান বন্তীতে বাস করে সব নাড়ীনক্ষত্র তাঁর জানা আছে, তাঁর যোগ্যতা অযোগ্যতা
সম্বদ্ধে আমি একথা নিশ্চয় করে বলতে পারি কোলকাতায় এই দাঙ্গাহাঙ্গামা থামাবার যোগ্যতা
তাঁর মধ্যে ছিল। আজকে আমি ডাকা হয়েছে—১০ই রাত্রে মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করলেন
প্রথমে আমির চীপের সঙ্গে কথা বলতে, তিনি বল্লেন আমির যে ক্ষমতা আছে সেই ক্ষমতা
আইনগত ক্ষমতা নয়। আমাদের সঙ্গে সঙ্গে বিচার করতে হবে ম্যাজিস্ট্রেট অর্ডার না দিলে
আমরা ফায়ার করতে পারি না। এই গোলমালের মধ্যেও তাঁকে দাঙ্গা দমন করতে হয়েছিল এবং
ক্ষমুরের কৃপায় আমি বলবো সেই দাঙ্গা সেদিন দমন হয়েছে। আজকে আমি একটা কথা বলবো,
বিরোধিপক্ষের মাননীয় সদস্য বহরমপুর নিবাসী শ্রীশশাঙ্ক স্যান্যাল মহাশয় এখানে নেই, তিনি
থ্রে প্রচার করেছেন, আমার মনে হয় ১৯১৯ সালে হিলু মহাসতা যে সাম্পুদায়িক বিষ ছড়িয়েছিল
সেই বিষই তিনি আজ ছড়িয়ে গেছেন। তিনি বিরোধিপক্ষের সদস্য, বিরোধিপক্ষের প্রত্যক
সদ্যাকে বলতে হবে কিন্তু আমরা যদি এ ব্যপারে কিছু না বিল তাহলে আমাদের পক্ষে
সান্যা হবে। তিনি যে সাম্পুদায়িক বিষ ছড়িয়ে গেছেন সেই বিষ তিনি মুশিদাবাদ জেলা যেটা
মুলনান প্রধান দেশ সেখানেও ছড়িয়েছেন এ ধ্বর আমার ফাছে এসেছে। সাম্পুদায়িক দাঙ্গা
লাগিয়ে তাঁর যে কি লাভ হবে তা জানি না, তবে আমার মনে হয় তার লাভ হচেছ ''এলোমেল

করে দেমা লুটে পুটে খাই'', তিনি বিরোধিপক্ষে আছেন, তাঁর গদী থাকক, আর নাই থাকক তিনি কথার কথার বঁলেন আপনারা পদত্যাগ করুন। যা হক এই পরিষদে অর্থমন্ত্রী যে বাজেটই রচনা করুন না কেন আর একজন অধমন্ত্রী ছিলেন ১৯৪৮ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত, তিনিও বাজেট করে গেছেন, তারপরে ১৯৬২-৬৩ সালে এলেন মাননীয় শ্রীশঙ্করদাস ব্যানাজি মহাশয়, তিনি এলেই গোলমাল স্কুরু হয়, এই পরিষদের মধ্যেও গোলমাল হয়ে গেছে। তারপর শৈলবাব নিয়ে এলেন। প্রথমে আইন সভা বন্ধ হয়ে গেল এক দিন, এখানে। যতীন বাব্ও খুব পাকী ঝনো পার্লামেণ্টারীয়ান হিসাবে চেষ্টা করেছিলেন, অবশ্য পারেন ন। আমার একটা কথা বলবার ইচেছ ডা: বিধান চন্দ্র রায় মহাশয় ১২ আনা পয়সা থেকে ১৩৪ কোটি টাকার বাজেট করেছিলেন। তারপরে সাইদল্লাসাহেব যা বল্রেন আমি তার সঙ্গে একমত যে এবারে বাংলা-*দে*শে যা জল হয়েছিল একটু চেষ্টা করলেই^{ঁঁ} বহু ফসল করতে পারা যেত কিন্তু এত জল জমে গিয়েছিল যে তা কাটাবার বঁলোবস্ত ছিল না। বাঁধ কাটাবার ব্যবস্থা নেই। আমি সেচ মন্ত্রীর কাছে নিজে দরবার করেছি, সেই বাঁধ কাটাবার বন্দোবস্ত আমরা করতে গারি না, সেখানে অনুমতি নিতে হবে এখান থেকে। তারপর আমাদের দেশে খড়গুলি পর্যন্ত জালানীর জন্য কেটে নেয়া হয়, তারপর জলের অভাব রয়েছে, এই অবস্থার মধ্যে আমাদের চাঘ হয়। মৎস্য সম্বন্ধে বলবো, আমাদের দেশে মৎস্যের অভাব রয়েছে কিন্তু একটু চেষ্টা করলেই আমাদের দেশে মৎস্য বাড়ে অথচ সরকারী লালফিতার জন্য আমরা কিছু করতে পারি না। আমাদের ক্যানিং অঞ্চলে যে মতিলা রিভার আছে তাতে প্রচুর মাছ ছিল কিন্তু এখন কিছু নেই। আমাদের ডিরেক্টোরেট বঙ্গে আছেন, যে লালফিতার যুগ তাতে মন্ত্রীমহাশয় কি क्रवरन । जामि । क्रिंग विन जामाव गामरन स्मविष्य तार निर्देश पिरविष्टलन कारेरनव मरधा একটা খালের ব্যাপারে কিন্ত সেই ফাইলটা কেবলই ঘুরছে। আমাদের এই সব মন্ত্রীরা জনগণের দারা নির্বাচিত কিন্ত আমাদের যারা কর্মচারী আছেন তাঁদের যদি আমরা পরোপরি ডিফেও করি তাহলে কোন কাজই হবে না। একট চেষ্টা করলেই ইরিগেসন দ্বার আমাদের ফলন বাডানে। যায়।

পরিশেষে আমি এখানকার পরিবহন ব্যবস্থা সম্পর্কে দু-চারটা কথা বলতে চাই। আজ দেশের মানুম সরকার বিরোধী হতে বাধ্য, কারণ তাদের যে রকম দুর্ভোগ ভোগ করতে হয় মাতায়াতে তা অবণনীয়। আমরা বাল্যকালে ওয়াগনে করে গরু, ছাগল, ভেড়া প্রভৃতি আসতে দেখতাম। আজ মানুমকে ঠিক সেই ভাবে গরু, বাছুরের মত ট্রামে, বাসে যাতায়াত করতে হয়, তার ভিতর দিয়ে কি করে যে তারা বেঁচে বাড়ী ফিরে যায় আশ্চর্য। আজ ১৭ বছর হল আমরা স্বাধীনতা পেয়েছি। আজ আমরা ভারতীয় নাগররিকের মান পেয়েছি। আমাদের ভবিষ্যৎ নাগরিক যারা তারা যেন পুরা মাত্রায় পূর্ণ নাগরিক থে পেয়ে যায়। তারা যেন সম্প্রদায় মুক্ত থাকে, এই যেন আমরা দেখতে পাই, এবং শিক্ষক সম্প্রদায়ের মধ্যে, ঙর্ শিক্ষামন্ত্রী নয়, অন্যান্য শিক্ষক যারা আছেন, তাঁরা যেন রাজনীতি ছেড়ে দিয়ে ঙর্ শিক্ষাই দেন। ভবিষ্যৎ ভারতবর্ধের দিকে তাকিয়ে, বাঙ্গালী জাতির দিকে তাকিয়ে তাঁবা যেন সৎ শিক্ষা দেন, তবেই বাংলা দেশ বাঁচবে, ভারতবর্ধ বাঁচবে, আমার এই বক্তব্য রহিল। আমি এই বাজেট সমর্থন করছি।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের অংক নিয়ে আমি চুল-চেরা বিচার করতে চাই না। কারণ, বাজেটে লেখা আছে, দেশের কল্যাণের জন্য, সমাজের কল্যাণের জন্য এই বাজেটি তেরী হয়েছে,। দেশের ও সমাজের কল্যাণের যে রূপটা আমরা দেখছি, সেটা দেখলেই আমাদের বাজেট বিচার করা হবে। আমরা দেখতে পাচিছ যে বিদেশীর দিকে আমাদের সরকার হাত বাড়িয়ে বসে আছেন, যে সেখান থেকে টাকা আসবে। আজ আমাদের সরকার বিশ্ববিদ্যালয়কে যে ভাবে টাকা দিচেছন, তাতেও তারা বিদেশের দিকে হাত বাড়াতে বাধ্য হচেছন। আমরা দেখতে পাচিছ যাদবপুর ইউনিভাসিটি বিদেশের বহু দান নিয়েছে এবং সেই সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে বিদেশের দান কোন বিদ্যালয় যেন সরাসরিভাবে নিতে না পারে। সেই দান যদি একসেপট করতে হর্ম তাহলে সেটা সরকারের মাধ্যমে করতে হবে। কারণ এতে একটা রং ওর্মে

স্ট্র হয় এবং শনি সব সময় রয় পথে আসে, এতে যে কতথানি অনিষ্ট হতে পারে তা সরকার পরে বুঝতে পারবেন এবং তথন তাঁর আইন পরিবর্তন করতে হবে। আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ও বিদেশীর কাছ থেকে টাকা নেবার জন্য হাত বাড়িয়েছেন এবং তার জন্য সেখানে রেগুলার অফিস বসে গিয়েছে। দিনের পর দিন তারা ৯টা থেকে টো পর্যস্ত অফিস চালিয়ে যাচেছন এবং ইউনিভার্সিটির সমস্ত খাতাপত্র তারা বিচার করে দেখছেন, এবং মাসখানেক পরে তাঁরা হয়ত একটা কিছু মোটা দান করবেন। কিন্তু আমাদের সরকার যখন কোন একটা প্রতিষ্ঠানকে টাকা দান করেন। কিন্তু আমাদের সরকার যখন কোন একটা প্রতিষ্ঠানক টাকা দান করেন, তথন তার উপর একটা কণ্ডিসান আরোপ করে থাকেন, বিনা সর্তে কোন দান আজ পর্যস্ত তারা করেন নি। স্থতরাং আজকে যে বিদেশী সরকার আনকণ্ডিসনাল কোন দান করবেন এটা ভাবতে পার্রিনা, অন্ততঃ আনাদের সরকারের মতিগতি দেখে। স্থতরাং কলকাতা বিশ্ববিদ্যালয় ভারতের স্বাধীনতার জন্য দেশপ্রেমের জন্য বিধ্যাত এবং ভারতে যতগুলি স্বদেশী গণআন্দেলন হয়েছে দেশ মুজির উদ্দেশ্যে আন্দোলন হয়েছে তার প্রধান, প্রধান নেতাদের স্ট্রেই করেছে—এই কলিকাতা বিশ্ববিদ্যালয়। স্যার, আগুতোম মুখোপাধ্যায় কালকাতা বিশ্ববিদ্যালয়ের যে একটা ট্রেডিসান স্থাপন করে গিয়েছেন, আজকে সেই ট্রেডিসান নই করছেন আমাদের বর্তমান সরকার।

[5-20--5-30 p. m.]

কারণ সেখানে এ পর্যন্ত যারা ভাইস-চেন্সেলার হতেন তারা অবৈতনিক ভাইস-চেন্সেলা**র** হতেন, তাদের নিজেদের স্বাধীন মত প্রচার করতে পারতেন। যখন থেকে সেই ভাইস-ক্রেলারকে রজত শুঙ্খলে বাঁধা হয়েছে সরকারী দপ্তরের স**ঙ্গে** তখন থেকে সেই ভাইস-চেন্সেলারর। তাঁদের স্বাধীনতা হারিয়ে ফেলেছেন। আমাদের শেষ ভাইস-চ্যান্সেলার শন্ত্রনাথ বাব তিনি টাকা নিতে প্রত্যাখ্যান করেছিলেন এবং অবৈতনিক ভাবেই কাজ করেছিলেন। তিনি তার স্বাধীন বিচারবৃদ্ধি প্রয়োগ করেছিলেন। আজকে আমি এই দিকে সরকারের বিশেষ দট্টি আকর্ষণ করছি। তারা যেন সরাসরি কোন বিশ্ববিদ্যালয়কে বিদেশী কোন সরকারের দান নিতে অনুমতি না দেন। এবং আজকে ইউনিভাসিটি আইন পরিবর্তনের কথা আসছে এবং সেখানে আমি বলব যে আমার কানে এসেছে যে সেখানে এক নায়কত্বের প্রতিষ্ঠা হতে চলেছে নতুন পরিবর্তনের মাধ্যমে। সেখানে ভাইস-চ্যান্সেলার এর হাতে সমস্ত ক্ষমতা তলে দেওমা আমি মনে করি অত্যন্ত বিপদজনক হবে। কারণ ভাইস-চ্যান্সেলার সব সময় যে ভাল লোক হবেন এর কোন গ্যারাণ্টি নেই। সে গ্যারাণ্টি সরকারও দিতে পারেন না. কেউ দিতে পারেন না। পথিবীতে এমন কোন লোক আছে যে গ্যারাণ্টি দিতে পারে যে সমস্ত ভাইস-চেন্সেলার ইউভাসিটির ভাল লোক হবেন। স্থতরাং সেই অকণ্ঠিত ক্ষমতা যদি তার হাতে তলে দেওয়া হয় তাহলে বিশ্ববিদ্যালয়ের অনিষ্ট ষটতে পারে—এটা আমি সরকারের কাছে বিশেষভাবে দৃষ্টিগোচর করতে চাই। তারপরে यामि वनव त्य वाश्नारम्हण मिक्ना वावन्न। त्यहा इरार्ह्ह यहनक नजन ऋन यहनक होका সরকার দিয়েছেন বটে কিন্তু জাতীয় সরকারের যে জিনিষ্টা করা দর্কার যে সরকারী শিক্ষক বা সরকারী বিদ্যালয় বা সরকারী কলেজের শিক্ষক এবং বেসরকারী বা সরকারের শাহায্যপুষ্ট যে সমস্ত স্কুল আছে তার যে শিক্ষক তাদের মধ্যে কোন প্রভেদ যেন না ^{থাকে।} এ জিনিঘটা যদি আমরা না করতে পারি তাহলে আমাদের **জাতীয় সরকার** উনুতি টা কি করলেন-এটাই তাদের বোঝা প্রয়োজন। স্থতরাং আজকে সরকারী শিক্ষক বলতে গেলে, সরকারী কলেজ বলতে গেলে কি বোঝায় —সরকার কেন গোটা-কতক কলেজকে বেছে নেবেন? এবং বেছে নেবার মত অধিকার আছে কিনা—সেই অধিকারের পুশুই আমি এখানে জিজ্ঞাসা করব। কারণ স্বাধীন দেশ আমার, আমার স্বাধীন দেশেতে এই রকম বিভাগ থাকা উচিত নয়। আজকে গভর্নমেণ্ট কলেজে যে সমস্ত শিক্ষকদের বেতন তাঁরা বাড়িয়েছেন, পানসর্ড কলেজএর শিক্ষকদের ঠিক সেই ^{রকমভাবে} স্থযোগ স্থবিধা দেওয়া হচেছ না। তাদের টাকা হয়ত আংশি**ক** তাবে দেওয়া হয়, কিন্তু সেটা পরে দেওয়া হয়। এই সমস্ত অনিয়মগুলি ছিল যথন ^{গ্র্যাণ্ট} কমিশন টাক। দিত। যখন সরকার সরাসরি এর ভার নেবেন তখন সেই সমস্ত

পদ্ধতি বদলে যাবে বলে বলেছিলেন। কিন্তু এপর্যন্ত সেই পদ্ধতি বদলে যায় নি। এবং এটা কবে বদলাবে সেটা আমি জানতে চাই। স্কলের বেলায় ঠিক সেই কথাই আমি বলব। কারণ আজকে আমি জানি আমাদের মন্ত্রীমহাশয়ের প্রিয়ছাত্র এবং তার। কংগ্রেস চাঁই তার। পর্যন্ত মিপ্টার অমিয় সেন যিনি সিটি কেলেজের রেক্টর তিনি পর্যন্ত আমাকে বলেছেন সরকারের টাকা পেতে এমন বিলম্ব হচেছ যে তাঁহার কলেজের কাজ পরিচালন। করা পর্যন্ত কঠিন হয়ে উঠেছে। স্থতরাং অন্য[্]লোকের কথা ছেড়ে দিলাম। এই রকম সমস্ত স্তরেতে এই অস্থবিধা হচেছ। তারা অডিট করে দেবেন, অডিট করে দেখবেন, অভিটর প্রম্পটলি কাজ করে যেখানে দর্নীতি হচেছ তা কঠোর হস্তে দমন করুন। এই কথা আমি বলব। আজকে সেকেণ্ডারী বোর্ডে যাঁকে সেক্রেটারী করা হয়েছে তাঁর গুণাপণা কি আছে? আমি একটা স্কলের নাম করে বলছি সোনালী গার্লস স্কুল জলপাইগুড়ি, সেখানে ক্যাপিট্যাল গ্রাণ্টস দেওয় হয়েছে। সেই স্কুলের কোন নামে পরীক্ষার ফল বেরোর, ছাত্র-ছাত্রীরা পাশ করে, সেই স্কলের নামটা তথ্ন কি দাঁডার সেই খোঁজটা কি তাঁরা রেখেছেন? আজ আমি জিজ্ঞাসা করি সেই খোজটা রাখা কার কাজ? পেক্রেটাবী এমনই অপদার্থ যে সেদিকটা পর্যন্ত দেখেন না। অথবা তাঁর মুখ চেপে দেওয়া হয় সরকারী থাবায়। কারণ, সেখানে যার। ইলেকসান বৈতরণীর খেয়া মাঝি তাঁরাই সমস্ত স্কলের ম্যানেজিং কমিটিতে আছেন, তাঁদের বিরুদ্ধে কথা কইবার শক্তি এঁদের নেই। তারপর আমি আপনাদের কাছে অন্য বিষয় তুলতে চাই। বেঙ্গল লাইব্রেরী এ্যাসোদিনেসান অর্থাৎ গভর্নমেণ্ট স্পন্সোর্ড যতগুলি লাইব্রেরী আছে তাদেব যে সমস্ত লোক কাজ করে তাদেব চাকরি সম্বন্ধে কোন স্থব্যবস্থা হয়নি এবং তারা সে সম্বন্ধে গভর্ণ মেন্টের কাছে বহুদিন ধরে আবেদন নিবেদন করছে। সমকারের সে সম্বন্ধে মত কি সেটা আমি জানতে চাই। তাদের কণ্ডিসান অব সাভিস কি তাও তার। এ পর্য ও জানে না। তাদের নিভ রুলস আছে কিনা তাও তারা এ পর্যন্ত জানে না। তাদের বেতনের যে সমস্ত ক্ষেল তাও এখনও দেওয়া इयनि, এको किञ्चा १४ (प्रथम) इरायहा। जाएन कार्य यापि वित्वाचना करत एक्षा याप्र जाइएन দেখা যাবে তাদের কার্য কোন গভর্নমেণ্ট লাইব্রেরীয়ান, অন্যান্য ওয়ারকার তাদের সমান দায়িত্বপূর্ণ, বরং তাদের অনেক সময় বেশী কার্য করত হয়। তাদের বই অন্যত্র নিয়ে গিয়ে দিতে হয়। তারপর রিলিফ এও রিহ্যাবিলিটেশান ডিপার্ট মেণ্ট। সেখানে যে সমস্ত সরকারী কর্মচারী আছে তাদের স্কেল যদি অন্যান্য সমস্ত বিভাগের সঙ্গে তলন। করে দেখা যায় তাহলে দেখা যাবে তার মধ্যে অত্যন্ত অসংগতি এবং অসামঞ্জন্য রয়েছে। তারাও বহুবার সকারের কাছে আবেদন নিবেদন করেছে, সরকার একটা স্বীকতিও দিয়েছিলেন যে এইভাবে তাঁদের স্কেল করা হবে। কিন্তু এই পর্যন্ত সেই স্কেলটা চালু করা হয়নি কেন সেটা আমি জানতে চাই? এবং সরকার সে সম্বন্ধে শীঘ বিবেচন। করে সদুত্তর দেবেন বলে আমি আশা করব। তারপর আমি দেখতে পাচিছ যখনই মিউনিদি-প্যালিটিকে স্থপার্যাত করা হয় তথনই সেখানে একজন এগজিকিউটিভ অফিসার বসিয়ে দেন এবং তারা খুব ভাল কাজ করে বলে সরকারের ধারণা আছে। আমি সম্প্রতি দেখতে পাচিছ ভাটপাড়া পৌরসভার নির্বাচন হতে চলেছে। সেখানে যে ভোটার লিস্ট তৈরি হয়েছে শেই ভোটার লিস্টের দাম হয়েছে ১০ টাকা। আমি প্রশু করেছিলাম এটা আপনার্বা সংগত মনে করেন কিনা? তাতে স্বায়ত্বশাসন মন্ত্রী উত্তর দিয়েছিলেন হঁচা, আনি এ কমাতে চাই না, এটা ঠিকই হয়েছে। আমি জিপ্তাসা করি যে এই রকম ১৯টা ওয়ার্ড নিয়ে এ্যাসেম্বলীর একটা সিট হয়, সেই এ্যাসেম্বলী সিটের জন্য যে ভোটার লিস্ট হয় তার চেয়ে তো বেশী হতে পারে না ? তার দাম হচেছ ২০ টাকা। তাহলে এই ১৯টা ওয়ার্ডের যদি ভোটার লিস্ট নেওয়া যায় তাহলে এর দাম হবে ১৯০ টাকা। যে সমস্ত এগজিকিউটিত অফিসার রেখেছেন তাঁরা যা করেছেন ঠিকই করেছেন বলে সরকারের ধারণা। এতবড় বেআইনী কাজ ৩ধ এই কংগ্রেস সরকারের আমলেই হতে পারে। যে বেআইনী কাজ তাঁরা করছেন সেটা তাঁরা বুক ফুলিয়ে বলছেন যে হাঁ। ঠিকই হচেছ। আ দেখছি বে এই ২০ পাতা কি ২১ পাতার দাম হচেছ ১০ টাকা। আর আগে ^{যখন} আমাদের একটা করে ওয়ার্ড ছিল, এখন একটা ওয়ার্ড ভেঙ্গে ৫।৬টা করে ওয়ার্ড হয়েছে, সেই **এক এক**টা ওয়ার্ডে ইলেকটোরেটের সংখা সামান্য কিছু কম ছিল, তখন তার দাম ছিল ছिन २ টাকा।

[5-30-5-40 p. m.]

এবং ইলেকসনের জন্য যে খরচ এ পর্যন্ত হয়েছে তাতে ৫০ হাজার টাকা তারা খরচ করেছেন। সেখানে সমস্ত ইলেকসান আগে ৮।১০ হাজার টাকার মধ্যে হয়ে যেত। (শ্রীমহীতোম রায় চৌধরী: মেম্বার কজন ?) কমিশনার ২৫ জন, ২৫টা ওয়ার্ড—তাহলে ২৫০ টাকা হয়েছে আর ब्यारियनीराज त्मश्रीत श्रेटिक २० होका शोहोही, जारक ५५।२०हा ७ ग्रार्ड शास्त्र व्यवस्य ५ग्राह । তারপরে এবারে বি, এ ডিপ্রোমা যেটা দেয়া হয়েছে তাতে ভাইস-চ্যান্সেলারের সহি নেই, কারে সহি নেই কেবল রবার স্ট্যাম্প দেয়া আছে। প্রত্যেকবারে সিগনেচার দেয়া হত। এই সহিটা বে উঠে গেছে এতে অন্য ইউনিভাগিটিতে জানিয়াতী হবার সম্ভাবনা আছে এবং অন্য ইউনিভাগিটি এটা গ্রাহ্য নাও করতে পারেন এবং বিদেশে গেলে পর কি হবে তাও বলা মঞ্চিল। চিরকাল ষেটা হয়ে আসছিল তার যে ব্যতিক্রম ঘটেছে সেটা সব ইউনিভার্সিটিকে জানানে। হয়েছে কিনা যে এরকমভাবে নতন ডিপ্রোমা দেয়া হচেছ এই জিনিসটা আমি জানতে চাই এবং সেটা ভ্যালিড কিনা ? তারপর একজামিনের সং গা যেরকম বাড়ছে তাতে একজামিনেসনের জনা সমস্ত কলেজ রিকইজিসন করতে হয় এবং তার ফলে পড়াঙন। প্রায় বন্ধ হয়, এমন কি ইউনিভার্সিটির পঢ়াও প্রায় ২ মাস বন্ধ রাখতে হয়। সেজন্য আমি সরকারকে বলবাে যে কোলকাতায় এটা অন্ততঃ এক জামিনেসন হল করা উচিত-একটা সাউখে, একটা নর্থে, একটা সেণ্ট্রাল ক্যালকাটায় এবং তাতে অন্ততঃ ২০ হাজার ছেলে যাতে একগঙ্গে পরীক্ষা দিতে পারে তার বাবস্থা করা উচিত। তারপরে গভর্নমেণ্ট যখন মাগণী ভাতা দিচেছন তখন দেখছি ৫ होक। २० होक। करत पिटहरून—यहाँ स्कान शियाद पिटहरून शाही कानाटन वार्षिक स्व। আজ ওঁরা প্রাইস কণ্ট্রোল করতে পারেন না। অথচ আমাদের বলা হচেছ যে সব ট্যাক্স দিতে

তাদের এমন শক্তি নেইকো যে দ্রবামূল্য রোধ কবেন। তাঁদের এমন শক্তি নেইকো যে সাধারণ মানুঘ, যারা গভর্ননেণ্ট সাভিয়ে আছেন তাদের বাসস্থান দিতে পারেন না স্বল্প ভাড়ায়। তাদের কোন রকম স্থযোগ স্থবিধা দিতে পারছেন না, অণচ তাঁরা চাচেছ্ন যে তারা বেশী করে কাজ করুক। তাদেব কাছে বেশী কাজ প্রত্যাশা করছেন, অথচ তাঁদের দুর্গতির দিকে সরকারের লক্ষ্য নেই। তাদের পাচ টাকা ১০ টাকা মাগ্গি ভাতা দিয়ে সরকার যথেই স্বমতির পরিচয় দিচেছন।

তারপর আমি বলতে চাই রিটায়ার্ড বা স্থপারএনু্যুরেন্টেড যে সমস্ত লোক রিএপয়েণ্টেটেড হয়ে আছেন, তাদের সম্বস্কে। এই সমস্ত লোকদের এই ভাবে চাকরী দিয়ে আর কতদিন পর্যন্ত রাখবেন? তাদের সময় বৃদ্ধি করে পুননিয়োগ করছেন, তার ফলে পিছনের লোক যারা আছেন, তারা কংলও এইসব স্থযোগ পাবেন না, তাদের কাজে উনুতি লাভ করতে। স্ততরাং তাতে কাজ বেশী পাওয়া যাবে না, এবং কাজে বিশৃঙধলা দেখা দেবে। আজকে যদি শিক্ষামন্ত্রী মহাশয় মনে করেন য়ে, তারা তাঁর খুব প্রিয় বন্ধু তাদের অনেক কাজ তারা করেছেন, তাহলে তাঁদের এডভাইসার বোর্ডে নিন। কিন্ত তাঁদের পরে, নীচের দিকের লাকের পথ এইভাবে রোধ করবেন না, কারণ, এতে সরকারী কাজ, পও হবে, এইটাই আমার তাঁর কাছে অনুরোধ। এই বলে আমার বক্তব্য এখানে শেষ করলাম।

Shrimati Abha Chatterjee :

নাননীয় সভাপতি মহাশয়, অধমন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে জন-শিক্ষার বিষয় কিছু উল্লেখ করা হয়েছে।

আমি মুখ্যত প্রাথমিক শিক্ষার আলোচন। করবো। ছোট, ছোট ছেলে মেয়ের। হুচেছ ভবিদ্যৎ সামাজিক জীবনের বণিয়াদ। তাদের মধ্যে উনুত্তর বীজ বপন করতে পারলে ভাল স্বাস্থ্য, সমাজ গড়ে উঠবে। ছেলে মেয়েদের স্বাস্থ্যের উনুত্তির জন্য যে মধ্যাফ্ন আহারের ব্যবস্থা করা হুচেছ এটা খুবই স্থাবের বিষয়। বিগত যুদ্ধের পরে অলপ দিনের মধ্যে জাপান স্বাদিকে এত উনুতি করতে পেরেছে, তার প্রধান কারণ, জাপানের শতকরা ৯১জন্ম লেখাপড়া করতে জানে।

শিক্ষার খাতে এবার প্রায় ১৪ কোটি টাকা ব্যয় হবে। প্রাথমিক শিক্ষার খাতে ৬৫ লক্ষ টাকা ব্যয় বরাদ করা হয়েছে। মেয়েদের শিক্ষার জন্য ২২ লক্ষ টাকা বরাদ व्यादृ । मकः चटन महिना निक्करप्तत वामचार्गत क्रमा भाज । नक्क होका वास कता हरव । মফ:স্বলে মহিলা শিক্ষকদের বাসস্থান এক বিরাট সমস্যা। এদিকে আরও কিছু বেশী টাকা বরাদ্দ হলে ভাল হতো। সকল বালক, বালিকাদের প্রাথমিক শিক্ষা বার্বদ দেড কোটি টাক। বরাদ হয়েছে। পৃথিবীর সকল দেশে প্রাথমিক শিক্ষা ও বুনিয়াদি শিক্ষার ক্ষেত্রে অধিকাংশ শিক্ষকই হচেছন মহিলা। আমার মনে হয় আমাদের এখানে এই কাজে মহিলা শিক্ষকের সংখ্যা বাড়ান উচিত। প্রতি ৫০টি স্কুলের জন্য একজন করে পরিদশক নিযুক্ত করবার কথা আছে, যাতে তিনি ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। কিন্ত ৩০ হাজার প্রাথমিক স্কলের জন্য মাত্র ৮০ জন সাব-ইনম্পেক্টর নিযক্ত হয়েছেন। এদের সংখ্যা যতশাঘু সম্ভব বাড়ান উচিত। তাছাড়া মহিলা পরিদর্শক কিছু নিযুক্ত করতে পারলে ভাল হয়। তার। প্রতি সপ্তাহে পাচ মাইলের মধ্যে কাজ করবেন, মতদিন না, তাদের যাতায়াতের ভাল ব্যবস্থ। হয়। আমার মনে হয় পরিদশকদের মধ্যে অভিজ্ঞ শিক্ষক ও শিক্ষিক। এবং ইনঞ্জিনিয়ার ও কৃষিবিদ থাকা খুবই দরকার। তারা শিক্ষক ও অভি-ভাবকদের কলকবজা ও উন্তর কৃষি বিষয় শিক্ষা দান করতে পারেন। পুরাতন শিক্ষক ও শিক্ষিকার অভিজ্ঞতা নূতনদের অনেক কাজে লাগবে। জাতির ভিত্তি দূঁচ করতে হলে, সর্বপ্রথম শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, আচরণ প্রভতির দিকে বিশেষ লক্ষ্য দিতে হবে। শিশু যাতে সবল ও স্থন্থ হয়ে জন্মগ্রহণ করে, এজন্য শিশুর জন্মের পর্ব থেকে তত্তাবধান স্থক করতে হবে শিশু মঙ্গলের মাধ্যমে। শিশু কল্যাণ যোজনা, এই বিশেষ কর্মসচী নিয়ে অ জও পশ্চিমবঞ্চে কোন কাজ স্থক্ষ হয়নি। কিন্তু ভারতের বিভিন্ন রাজ্যে এই কর্মসচী নিয়ে কাজ স্থরু হয়ে গিয়েছে।

5-40-5-50 p. m.]

সরকার যাদ বিশেঘভাবে পরিকল্পনাটি কার্যকরী করেন তাহলে শিশু কল্যাণের কর্মসূচী পশ্চিমবঙ্গে বিশেষ কল্যাণকর হয়ে উঠবে। স্পযোগ হলে ছবি চলচিত্রের সাহায্যে বাচ্চাদের উৎসাহিত করা যেতে পারে। এবং সেই থেকে তার। অনেক শিক্ষালাভ করতে পারে। দেশ বিদেশের শিশুদের যেভাবে শিক্ষা দেওয়া হয়ে থাকে তাও শিক্ষিকাদের দেখা বিশেষ প্রয়োজন বলে আনি মনে করি। শিক্ষা পেলেই যে চাঘের কাজ ছাডতে হবে এই ধারণা দূর করতে হবে। লেখা পড়া শিখলে ভাল চাষী হওয়া যায় ও চাষের চেহার। রদলান যাঁয় এটা গ্রামের ছেলেমেয়েদের মনে গেঁথে দিতে হবে। শ্রমের প্রতি মর্য্যাদা শিশুকাল থেকে তাদের মনে গেঁথে দিতে হবে। লেখাপড়া শিখে চাকরীর দিকে अँटक পড়লে বেকারের সংখ্যা বাড়রে বই কমবে না। আর শিক্ষা হয়ে যাবে বদ্ধাা। যদি উচচ আদর্শ না থাকে তাতে ব্যাপক শিক্ষাদান বৃথা হয়ে যাবে। আমার মনে হয় প্রথম শুই বছর বই হাতে না দিয়ে মুখে মুখে শিক্ষা দেওয়া ভাল। এতে সমরণশক্তি বাড়বে এবং -ছেলে নেয়েদের উৎসাহ বার্ড়বে। এখন দেখা যাচেছ প্রথম বছরে যত ছেলে ভত্তি হয় ৪ বছর বাদে তার শতকরা ১০ জনও থাকে না। এই বিরাট অপচয় বন্ধ করতে হবে। প্রথম দুই বছর মেয়েদের হাতে প্রাথমিক শিক্ষার ভার থাকলে প্রায় অধিকাংশ ছেলেমেয়ে স্কুলে থাকবে—এই বিষয়টি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা যত সহজ ও সরল হবে পারিপাশ্বিক অবস্থাও সাথে তত যোগ থাকবে। ভবিষ্যৎ জীবনে একটা ধারা থাকবে এবং তাতে শিক্ষা স্বার্থক হবে। বই এর চাপ অতিরিক্ত হলে শিক্ষার উৎসাহ নষ্ট হবে। বিরোধী পক্ষের অনেকে বলেন যে পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু যার৷ আসছেন তাদের ঠিকমত -দেখা হচেছ না, আমি বলি এটা তাদের ভুল ধরণা। আমি জানি রিলিফ ডিপার্চ মেণ্ট-এর যা কাজ হচেছ সত্যি তা প্রশংসার যোগ্য। কারণ এই ব্যাপারটা ঘটে গেছে হঠাৎ কাজেই একটু সুময় নেবে। সেটা আমার বিরোধী পক্ষের বন্ধুদের বোঝা উচিত। তা না বুঝে অষ্থা মন্ত্রিমহাশয়কে গালাগালি করেন এবং ডিপার্ট মেণ্ট-এর নামে বদনাম দেন। এটা ঠিক নয়। আমি মানননীয় অর্থনন্ত্রীকে তাঁর ভাষণের জন্য স্থাগত ছানিয়ে আমি আমার 'ব**জব' শে**ষ করছি।

Shri Subodh Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট পেশ করা হয়েছে, সেই বাজেটের সঙ্গে সংশ্রিষ্ট যে পুস্তিক। দেওয়া হয়েছে, ''ইকন্মিক রিভিউ'', তাতে কতকগুলি অপনৈতিক ঝোঁক লিপিবদ্ধ করা হয়েছে। ঝোঁকগুলি যদিও প্রধানতঃ কেন্দ্রীয় সরকারের বিবেচ্য, তাহলেও অর্থ মন্ত্রী *যেহে*ত সেগুলি লিপিবদ্ধ কচেছন.তাই তিন আমাদের স্থযোগ দিয়েছেন সে সম্বন্ধে উত্তর এই ঝোঁকগুলির মধ্যে আপনি লক্ষ্য করবেন যে ৭.৮.৯ এই পঠাগুলিতে যেসব লেখা হয়েছে, যেসব মন্তব্য করা হয়েছে, তা থেকে আমাদের অর্থনীতিতে একটা বিরাট ভাঙ্গনের লক্ষণ ফটে উঠেছে। আপনি দেখবেন ইণ্ডিয়ার ফরেন এক্সচেঞ্জ রিজার্ভের এবং তার পরে যেওলি রয়েছে তাতে কি বলা হয়েছে? তাতে বলা হয়েছে, যে, আমাদের দেশ, যাকে শিল্পায়ন করতে হবে, যাকে গড়ে তুলতে হবে, যে দেশ এখনও উনুতির পথে পারেনি, সেই দেশের বাজারে ইতিমধ্যে সঙ্কট স্মষ্টি হয়েছে। অর্থ মন্ত্রী মহাশয় বলেছেন যে আভ্যন্তরীণ বাজারে কাপড় চলছে না, কাপড় মিলে স্টেলমেট কয়লা খনির পিট হেডে স্টেলমেট দেখা দিচেছ। আর বহির্বানিজ্যের मिरहरू । তিনি বলছেন কি—বহির্বানিজ্যের বাপারে

The terms of trade of the developing countries had been worsening owing partly to the increasing use of synthetics and partly to the trade barriers imposed by the advanced countries for the protection of their output of foodstuffs, raw materials and manufactured goods.

অর্থাৎ ভারতবর্ষ শিল্পায়নের মধ্যে প্রবেশ করতে না করতে বহির্বাণিজ্যে ভারতবর্ধের প্রোডাক্টসের বিরুদ্ধে টেরিফ ওয়াল করা হচেছ। 'টেরিফ ওয়াল' কারা করছেন, করছেন ইউরোপের উনুত দেশগুলি। টেরিফ ওয়াল কারা করছেন, করছেন মাকিন উনুত দেশ। টেরিফ ওয়াল কারা করছেন, করছেন ইউরোপিয়ান ইকনমিক কমিউনিটির দেশ। তারপর আবার দেখুন, তার পরের প্যারায় বলা হচেছ প্রাইমারি প্রোডাক্টসের ব্যাপারে অনুনুত দেশে, ঔপনিবেশিক দেশে, যেমন সাম্রাজ্যবাদীরা কাঁচা মালের দাম কম দেয় এবং পাকা মাল বেশী দরে বিক্রি করে, আজ ভারতবর্ষে স্বাধীন হওয়ার পরেও এখানে সেই অবস্থা চলছে। তাই বলা হচেছ—

Some idea of the worsening of terms of trade for the developing countries may b⁶ obtained from the fact that after the Second World War from 1948 to 1960 the world-trade in primary products rose by 95 per cent. in volume but only by 61 per cent. in value whereas the world trade in industrial products rose by 140 per cent. in volume and by 158 per cent, in value.

অর্থাৎ স্বাধীন হওয়ার পরে প্রাইমারী প্রোডাক্টস যার। করে, সেই আমাদের মত দেশের দ্রব্যের প্রাইস ফিক্সেসানের ব্যাপারে, দর দেওয়ার ব্যাপারে, বহির্বাণিজ্যের ব্যাপারে, আমাদের ''গ্লাঙার'' করা হচেছ যেরকম ঔপনিবেশিক দেশে করে এবং আমর। তলিউম ৯৫ পার্সেণ্টের দর পাই ৬১ পার্সেণ্ট আর সামাজ্যবাদী দেশ যে সব বিক্রি করে তারা ১৪০ পার্সেণ্টের উপর্ব ১৫৮ পার্সেণ্ট দর পায়। এই লুণ্ঠন আজো চলছে। তারপরের প্যারায় দেখুন সেখানে ইউরোপিয়ান কমিউনিটি মার্কেটের কথা আছে। সেখানে বলা হচেছ—

Though the necessity of helping the under-developed countries to export manufactures has now been generally accepted in academic circles all over the world and also by spokesmen of International Organistions administration in the advanced countries generally has not yet shown sufficient awareness in this matter so far at least as practical steps are concerned. The European Economic Community which was ready in principle in August 1962 to conclude a comprehensive trade agreement with India was found a year later to be reluctant even to discuss the same. The concessions which they finally granted in November 1963 had been negotiated the year before by Britain and related to only 3 per cent. of India's total exports to the community. Even the agreement to suspend the tariff on all hand-loom products which was reached during the negotiations with Britain will not now be effective. The nil tariff on tea cannot do much because the Common Market

onsumes a very small amount of toa. India cannot also appreciably increase her export earnings by sales of spices such as corriander and ginger or of mango chatney or tobacco-seed oil or of items like polo sticks or cricket bats. The six are in practice refusing to help solve the problem of India's growing trade deficit. They are reluctant to make concessions on items like jute good, carpet, partly tanned leather, leather goods and textiles. Concessions are particularly required in respect of manufactured and semi-manufactured goods and it is here that India is moeting with the stoutest possible resistance in practice.

তাহলে অবস্থা কি হচেছ, না, যাদের উপর নির্ভর করে আমরা উনুতির সোপান বেয়ে যা^ব বলে মনে করছি তার। আজকে ইউরোপিয়ান কমিউনিটি মার্কেটে টেরিফ ওয়াল করে দিয়েছে এবং সেখানে আমাদের প্রবেশ নিষিদ্ধ। তারপর দেখুন 'কনসোটিয়াম' এডের কথা কি বলা হচেছ। কনসোটিয়াম এডের কথা বলা হচেছ যে

The use of credits tied to specific projects depends on the progress of the projects and also on the manufacture and delivery of the machinery and equipment.

এবং তারপর বলছেন এই যে এড দেওয়া হচেছ এই এডের ব্যর্থতার একটা প্রথান কারণ হচেছ এই

This introduces an element of uncertainty and delay, factors which have been mainly responsible for the painfully slow use of tied loans by India, the total of unused aid standing at over Rs.1,500 crores at the end of 1962. Lately there has been a growing appreciation abroad of the need for united aid. About 38 per cent, of the total aid of the Consortium for the current year will be in non-project form. The largest contribute, the U. S. A., has promised half of its assistance in the form of non-project loans. The tendency to tie credits to purchases in the donor countries, however, continues mainly due to idle industrial capacity in the aid-giving countries.

This is easy to understand but it is not very helpful for countries like India which like to have the freedom to use and funds for purchases from the choopest—source

[5-50—5-53 p. m.]

এবং তার আগে বলা হয়েছে

The general tendency to tie credits to purchases in the donor countries, however-continues, mainly due to idle industrial capacity in the aid-giving countries.

অর্থাৎ যার৷ দান করছেন, দাত৷ যারা আমাদের কাছে সেজেছেন তাদের বাজারে সন্ধটের জন্য এই এডের নামে আমাদের দেশকে ডাম্পিং গ্রাউণ্ড হিসাবে স্বষ্টি মাননীয় অধ্যাক্ষ মহাশয়, এগুলি ঔপনিবেশিক অর্থনীতির লক্ষন, এগুলি স্বাধীন অর্থনীতির লক্ষণ নয়। আমরা স্বাধীনতার পর যে দেশকে গড়ে তলেছি তাতে এই ঔপনিবেশিক লক্ষণ যদি থাকে যদি আমরা ঔপনিবেশিক সাম্রাজ্যবাদীদের উপর নির্ভর করি, তাহলে আমরা কিছতেই উনতি করতে পারবো না, অথচ দু:খের কথা,যে, এই অভিব্যক্তি ডিফিকাল্টিজ হদয়ঙ্গম করা সত্তেও মন্ত্রী মহোদয়া আরো বেশী পরিমাণে বিদেশী পুঁজিকে আহ্বান করেছেন এবং বিদেশী পঞ্জির উপর আরো বেশী করে নির্ভরশীল হতে বলেছেন। তথন আমার স্বন্দার্থ বজব্য হচেছ, ঐ সামাজ্যবাদী গোট্টী, ঐ আমেরিকা, ঐ 'এড ইণ্ডিয়া' কাব, ঐ ইউরোপীয়াণ কমন মার্কেট—ওদের উপর নির্ভর করে আমাদের দেশকে গঠন করা যাবে না। আমরা মনে করি, আজকে ইউ, এ, আর আছে, আরব জাতি আছে আফ্রিকার ঐ দূর প্রাচ্যের জাতি আছে, সিলোন, বার্মা, পাকিস্তান, চীন, জাপান আছে এই সমস্ত দেশ যার। আজকে উনুতির দিকে যাচেছ তাদের সঙ্গে আমাদের বাণিজ্য সম্বন্ধের <u>পূত্রপাত করতে হবে। আত্যবিলাপের ভেতর দিয়ে আমাদের আন্ধবিলোপের পথ দিয়ে যাওয়।</u> হঁচেছ এবং সেদিকে দৃষ্টি রেখে আমি বলবো, অত্যন্ত দুঃখের কথা যে ভারতবর্ষের প্রতিবেশী मिन वाँगांत गल्क मार्त्य मार्त्य जामार्गत गम्लर्क थाताल इंग्, त्नलाल जामार्गत আমাদের বাজার হতে পারে—নেপালের সঙ্গে মাঝে মাঝে অবস্থা খারাপ হয়। এটা যদি কেন্দ্রীয় সরকারের বাজেট হত তাহলে ওঁর এখানে অবতারণা করা ভূল হয়েছে—উনি যখন অবতারণা করেছেন তখন আমাকে যেন স্কুযোগ করে

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখন এখানে আলোচনা হচ্ছে সে সম্পর্কে আমার বন্ধব্য হচ্ছে যে দ্বী শিক্ষক বা পরেষ শিক্ষক এই ভাবে আমাদের বিচার করা অন্ততঃ আমার মনে হয় সমীচীন নয়। স্বী শিক্ষক ভাল না পুরুষ শিক্ষক ভাল, কে বেশী ভাল পড়াতে পারেন. কে ভাল পড়াতে পারেন না, কার যোগ্যতা কম, কার যোগ্যতা বেশী আমাদের দুণ্টিভঙ্গী এটা হওয়া উচিৎ নয় এবং বিশেষভাবে আজকের দুনিয়ায় স্ত্রী এবং পুরুষের যোগাতা এ**ভাবে** বিচার করা আমার মনে হয় সঠিক দূজিভংগীর পরিচয় নয় কাজেই আমার মনে হয় যে এই ভাবে ভেদ আমরা করবো না এবং ভেদ করাটাও অন্যায়। স্ত্রী এবং পুরুষের মধ্যে এভাবে মার্মখানে দেয়াল তুলে দিয়ে আমরা যদি আলোচনা করতে যাই তাহলে আমার মনে হয় বে আমরা ঠিক জায়গায় গিয়ে এবং লক্ষ্যে বোধ হয় পে'ছিতে পারবো না, তবে এখানে আম্রি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই আবেদন জানাবো যে বাংলাদেশে বর্তমানে কতকগর্নল বাস্ত্র সমস্যা শিক্ষা জগতে আছে, তার মধ্যে খুব একটা বিরাট সমস্যা না হলে এটাও একটা সমস্যা रय वर् वानिका विम्हानय आभारमय श्रीम्डमवर्ष्ण आर्ष्ट श्रुवात्ना এवर नृजन त्रिशात्न किन्द्र সংখ্যক পরেষ শিক্ষক আছেন—এরকম ঘটনা নিশ্চয়ই ওঁদেরও জানা আছে এবং আমরাও জানি। যেমন একটা ঘটনা দুন্ডান্তস্বরূপ আমি বলতে পারি, যে একজন শিক্ষকের কথা, মাসখানেক আগে যিনি আমাদের কাছে এসেছিলেন। ১৫ বংসর ধরে একটা বালিকা বিদ্যালয়ে তিনি কাজ করে আসছেন, তাঁর সমুপারয়্যানমেন এজ ৬০ বছর বয়স সেটা এখনও হয় নি, প্রায় কাছাকাছি হয়েছে, ৫৯ বছর বয়স হয়েছে কিন্ত হঠাৎ বিদ্যালয় কর্তপক্ষ—আমি খবে সান্প্র-তিককালের কথা বলছি, সেই বিদ্যালয়ের নামও আমি করে দিতে পারি মফঃস্বলের একটা বিদ্যালয়, এই রকম অনেক বিদ্যালয় আছে, সব বলার এখানে কোন প্রয়োজন নেই, তিনি ১৫ বছর ধরে সেখানে শিক্ষকতা করছেন, স্থায়ী শিক্ষক, অনুমোদিত শিক্ষক এবং তিনি প্রভি**ডেন্ট** ফাণ্ড এবং অন্যান্য যা কিছু সূখে সূবিধা তা ভোগ করে আসছেন কিন্তু হঠাৎ বিদ্যালয় কর্তুপক্ষ তাদের মাথায় একটা থেয়াল হল যে এই ভদুলোক যিনি ঐ বিদ্যালয়ের **একজন** অন্যতম প্রতিষ্ঠাতাও বটে কিন্তু যেহেতু তিনি প্রেব্রুষ শিক্ষক সেইহেতু তাঁকে **এখন** थ्यक वना रन-रेश्वर मोर्जिनमें जात तो नेशात तिकशार्ज- এर तेकम घटेना घटेल्, এগনলি খব খারাপ। আমি নাম করে দিই শিক্ষামন্ত্রী মহাশয় খোজ নিন-মুশিদাবাদ জেলায় কাঁদি মহকুমায় কাঁদি সহরের যে বালিকা বিদ্যালয় রাজা মণীলূচলদু বালিকা বিদ্যালয় সেই বালিকা বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক শ্রীসহস্রাক্ষ উপাধ্যায় তাঁর নাম, তিনি সেদিন খবে কাতরভাবে আমাদের কাছে এসেছিলেন এবং বল্লেন এর কি কোন প্রতিকার নেই? আমি ১৫ বছর ধরে এই বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য অক্লান্ত পরিশ্রম করলাম এবং বিদ্যালয়ের বে রেকর্ড তাতে দেখা যাবে যে বারবার এই উপাধ্যায় মহাশস্ত্রের যে অবদান সেই অবদান বিদ্যা**লর**

কর্তৃপক্ষ স্বীকার করেছেন কিন্তু আজকে তাঁর চাকরী নেই, গত ১-।। জান্যারী থেকে তিনি । বেকার।

(4-40-4-50 p.m.]

এর কোন প্রতিকার হচ্ছে না। এই রকম উপাধ্যায় মহাশয়ের মত কিছু সংখ্যক বৃদ্ধ, প্রাচীন শিক্ষক আছেন, তাদেরকে এই রকম একটা অজ্বহাতে সরিয়ে দেওয়া হচ্ছে। যেহেতু বালিকা বিদ্যালয়ে প্র্বৃষ্ধ শিক্ষকের প্রয়োজন নেই, এই একটা অজ্বহাতে এই রকম বৃদ্ধ ও বহুদিনের যারা পরীক্ষিত অভিজ্ঞ শিক্ষক, তাদেরকে বিদায় দেওয়া হচ্ছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অন্রোধ করবো, আবেদন জানাবো যে বিভিন্ন বালিকা বিদ্যালয়ে এই রকম ধরণের যে সব ঘটনা ঘটেছে সেগ্রিল সম্বদ্ধে তিনি বদি দৃষ্টি দেন এবং কোন বিষয় তাঁর গোচরীভূত করা হ'ল, তার যদি তিনি প্রতিকার করেন, তিনি তাঁর জীবনের শেষ প্রাণ্টে এসে, তাহলে এই সব বৃদ্ধ হতভাগ্য শিক্ষকদের অন্ততঃ কিছুটা উপকার হতে পারে।

দ্বিতীয় কথা হচ্ছে যে যোগ্যতা অনুসারে বিচার করতে হবে। আমার সংগে হয়ত অনেকে একমত হবেন যে এমন কি ছেলেদের স্কুলেও প্রয়োজন যদি হয় এবং যদি দেখা যায় যে সেখানে মহিলা শিক্ষিকা নিয়োগ করা চলে, তাহলে সেখানে মহিলা শিক্ষক নিয়োগ করাতেও কোন রক্ম আপত্তি থাকা উচিত নয়। বাস্তবিক পক্ষে কলকাতা সহরে যে সমস্ত প্রাইভেট স্কুল আছে, যেমন লা মার্টিনিয়ার স্কুল, যেখানে ধনিকদের সন্তানরা প্রভেন, সেখানেতে আপুনি দেখতে পাবেন স্যার, এবং শিক্ষামতী মহাশয়ও জানেন যে ঐ ধরণের বিদ্যালয়ে পুরুষ শিক্ষক আছেন, আবার স্ত্রী শিক্ষিকাও আছেন, এবং তারা পাশাপাশি থেকে ছেলে মেরেদের লেখাপভা শিখিয়ে চ.লছেন। আমি স্যার, সাউথ কালকাটার, যে পাড়াতে থাকি, **সেখানে সাউ**থ পয়েণ্ট স্কু**লে প্রচুর পরিমাণে স্ত**ী শিক্ষক আছেন, এবং তাঁরা অত্যনত যোগাতার সঙ্গে ছেলেদের হাইয়ার ক্লাশে পড়াচ্ছেন। সেখনকার কিছু সংখ্যক শিক্ষক ও শিক্ষিকাব স্পে আমার ব্যত্তিগত পরিচয় আছে, আমি সেখানে দেখেছি যে হাইয়ার সেকে ভারী কাসেতে একজন শিক্ষিকা অতাত যোগাতার সংখ্য ইকন্মিকস সম্বন্ধে পড়াচ্ছেন। তিনি সেখানে **অর্থন**ীতির অধ্যাপিকা হিসাবে হাইয়ার সেকেণ্ডারী ক্লাসে পড়াচ্ছেন। সেথানে শৃ_ধ্ব ইকনিমকস নয়, ইংরাজী, ইতিহাস এবং বিভিন্ন বিষয় ছেলেদের শিক্ষিকারা পড়াচেছন, এবং ছেলের থে তাতে উপকৃত হচ্ছে না, তা মোটেই নয়, ছেলেরা তাতে যথেণ্ট লাভবান হচ্ছে। কার্জেই প্রয়োজন যদি হয়, এবং যোগ্যতা অনুসোরে যদি দেখা যায় যে সেই রক্ত্য অভিজ্ঞ শিক্ষিকাকে **एहल्ला**एत विमानस्य निरम्नाण कता स्थाप भारत, जाराल जाएत निरम्नाण कतार्य, आङ्रकत मिल কোন আপত্তি থাকা উচিত নয়, বিশেষ করে সহরাগুলে ও অপেক্ষাকত শিক্ষিত অগুলে আমবা বুঝতে পারি। ক্রাজই স্ত্রী ও পুরুষ শিক্ষকের মধ্যে ভেদাভেদের রেখা টানাটা **মনে** করি অভানত **অবাঞ্চিত। তারপর দেখান—আমার ভ**ণনী আভা চ্যাটার্জ্রা বেলেছেন যে ছোট ছোট ছেলে মেয়েদের যে সব বিদ্যালয় সেখানে মেয়ে শিক্ষকরা বেশ ভাল ভাবে ছেলে. মেরেদের লেখাপড়া শেখান। এটা ঠিক, এ বিষয়ে কোন সন্দেহ নেই। এবং মেয়েদের ঐ যে মাদারলি ভাব, ঐ যে মাত দেনহ শিশ্বদের প্রতি, তারজনা তাবা ছোট, ছোট ছেলে মেয়েদের **লেখাপড়া শেখানব ব্যাপারটা খ্র ভাল ভাবেই করতে পারেন।** আজকে যে সমস্যুটা বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে দেখা দিয়েছে, বিশেষ করে আমাদের হাই ও হায়ার সেকে ভারীটা হবার পর **থেকে** অর্থাৎ ১৯৫৭ সা**ল থেকে. এই ক**য় বছর ধরে বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে একটি বিশেষ সমস্যা দেখা দিয়েছে—সে সমস্যাটা হচ্ছে—ভাইভারসিফাইড কোস', যেগালি ইনটো **ডিউস** করা হয়েছে। এখন বিভিন্ন বিষয় যা পডান হচ্ছে, দেখা যাচ্ছে যে সে কোস'গ**ু**লি মেয়েদের পক্ষে উপহান্ত নয়। যে কথা মহীতোষবাবা বলেছেন যে এটা একটা বিশেষ সমস্যা. **এবং এর সমাধান করা একানত প্রয়োজন। এর সমাধান আমাদের করতেই হ**রে। টেম্পোলারী মেজার্স নিয়ে এই ভাবে আর কত দিন চালাতে পারবেন, আমি জানি না। আমাদের এখানে বালিকা বিদ্যালয়ে শিক্ষা সংক্রান্ত ব্যাপার নিয়ে যে সমস্যার উল্ভব হয়েছে তার সমাধান একার্ট প্রয়োজন। সকলের সমবেত প্রচেণ্টার দ্বারা এর সমাধান করতে হবে। দেখতে হবে মেয়েদের

_{মাধ্য} যাতে বিজ্ঞান শিক্ষার প্রসার লাভ করে। মেয়েরা যাতে বিজ্ঞানের দিকে বেশী করে আক্রম্ট হয়, সে দিকে আমাদের সব সময় লক্ষ্য রাথতে হবে। কিন্তু আজকের দিনে বাস্তব অবস্থা হচ্ছে এই যে মেয়েরা সাধারণত বিজ্ঞানের দিকে বেশী আরুষ্ট হয় না. অপেক্ষাক্ত ছেলে-দেব তলনায় মেয়েরা বিজ্ঞান কম পন্ডেন। সেইজন্য যে সমস্ত বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান খোলা চয়েছে, সেখানে দেখা যাচ্ছে যে যথেণ্ট সংখ্যক উপযুক্ত বিজ্ঞানের শিক্ষিকা পাওয়া যাচ্ছে না। এবং ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এটা আমরা বলতে পারি এবং ওরাও জানেন যে বেশীর ভাগ ব্যক্তিকা বিদ্যালয়ে ফিজিক্স পড়ানর জন্য কেমিস্টি পড়ানর জন্য হায়ার মেথেমেটিক্স পড়াবার জন এই সমুহত বিষয় পড়ানর জন্য মেয়ে শিক্ষিকা দুর্লভ। এবং এমন কি কলাবিদ্যা ষেটা আর্টস হিউমেনিটিশ সেখানেও বিশেষ করে অর্থনীতি—ইতিহাস বাংলা এ পডাবার জনা শিক্ষিকার অভাব নেই, কিন্তু সংস্কৃত পড়াবার জন্য কিছু কিছু শিক্ষিকা পাওয়া যেতে পারে। ত্ত্ব ও অপেক্ষাকৃত ইতিহাস বাংলার চেয়ে কম। মেয়েদের ইতিহাস আর বাংলার দিকে বের্থিকটা খব বেশী। কাজেই অর্থানীতি পড়াবার ক্ষেত্রেও দেখছি যে মেয়ে শিক্ষিকার অভাব হচ্ছে। যদিও বা তা পাওয়া যায় কিন্তু বিজ্ঞানের ক্ষেত্রে আমরা পাচ্ছি না। এটাই হচ্ছে বাস্তব সমস্যা। এবং সেখানে ফিজিক্স কোর্মাস্ট্র এবং মেথেমেটিক্স ইত্যাদি বিজ্ঞানের বিষয়গর্মল পড়াতে গেলে স্থানে দেখতে পাচ্ছি পরেষ শিক্ষক ছাড়া আর গতি নাই। এখন এটাই হচ্ছে সমস্যা। এখন এখানে চাই পার্ট টাইম করে আপনারা রাখেন টেন্সোরারি মেজার্স দিয়ে আপনারা চালাতে পাবেন। আমার নীতিগত ভাবে কোন দ্বিমত নেই, সেটা হচ্ছে বালিকা বিদ্যালয়ে যতদরে সম্ভব দ্রী শিক্ষিকা নিয়েগ করা উচিত। এই যে একটা নীতি হিসাবে **ওঁ**রা ঠিক করেছেন এটার সংগ্র খবে বেশী কলহ আমাদের সংগে নেই। এটা আমি পরিস্কার করে বলে দিতে চাই। কিন্ত আসলে যেটা আমাদের লক্ষ্য রাখতে হচ্ছে এই ছাত্রীদের কোন ক্ষতি হচ্ছে কি না। এখন এই ' ভাবে যদি টেম্পোরারি মেজার্স হিসাবে আপনারা এটা চালান—যেমন ধরনে ফিজিক্স-এর অপনারা দ্বী শিক্ষিকা পাচ্ছেন না—এখন এখানে আপনি একজনকে টেম্পোরারি ভাবে নিরোপ করলেন সেই টেম্পোরারি টীচার কি করলেন—এ প্রতি ক্ষেত্রে দেখা **বাচ্ছে—এটার প্রতি শিক্ষা** মলীমহাশয় নজর দিন। সেই ব্যক্তিগত শিক্ষকের কি ক্ষতি না হল তার চেয়ে বড ক্ষতি হল ছাত্রীদের সেটা হচ্চে এই আপনি নিয়োগ করলেন, নিয়োগপত্র দিলেন টেম্পোরারি হিসাবে একজন প্রেষ শিক্ষককে। তিনি ১॥ বা ২ মাস পড়ালেন, তিনি জানেন তিনি অস্থায়ী, অন্য জায়গায় সমানে তিনি দরখাস্ত করে যাচ্ছেন। এখন ফিজিক্স-এর এম-এস-সি কেমিস্মি-র এম-এস-সি বা মেথেমেটিক্স-এর এম-এ বা এম-এস-সি তারা টেম্পোরারি ভাবে ওখানে পড়াচ্ছেন এবং দরখাস্ত হাড়ছেন—যেই সুযোগ পাচ্ছেন,—আমি এই রকমও জানি ১৫ দিন সেখানে চার্করি করার পরেতে विभेत्र हान्त्र (भूदा अना कार्यगाय हत्न राह्र । कार्क्सरे के य एएस्भार्तात कारतक्षरमध्ये आभनाता ^{কুরছেন} তাতে দেখা যাচ্ছে যে এক বছরের মধ্যে ৪।৫ জন শিক্ষক বদল হয়ে গেছে কোর্স আন-ফিনিসড থেকে যাচ্ছে। কারণ টেম্পোরারি টিচার-এর যে নিষ্ঠা, সে জানে আমি অস্থায়ী, সতেরাং ^{যে} মহেতের্ত বেটার চান্স পাবে সে চলে যাবে। বছরের মধ্যে দেখা যা**ছে** তিনবার ফিজি**ন্স-এর** ^{টীচার} বদল ৪ বার কেমিস্ট্রি-র শিক্ষক বদল হল—তাতে ব্যক্তিগত শিক্ষকদের—তিনি তো চলে ^{(গলেন} বেটার চান্স পেয়ে তার যে একটা খুব ক্ষতি বৃদ্ধি হল তার চেয়ে বড় যেটা ক্ষতি হচ্ছে ^{নেটা} হচ্ছে ছাত্রীদের। টেম্পোরারি মেজার্স-এর এই হচ্ছে কুফল। সেই জন্য আজকে হায়ার ^{দৈকে} ডারি স্কলে বিজ্ঞান পড়া প্রায় একেবারে বন্ধ হয়ে গেছে। এবং আর্টস ও অর্থনীতি ^{ক্ষেত্রেও} এই সমস্যা দেখা যাচ্ছে। কাজেই এই সমস্যার দিকে আমি আপনাদের বিশেষভাবে দুলিট ^{বিতে} বলি। এখানে প্রেয় শিক্ষক ভাল কি স্ত**ি শিক্ষক ভাল এই নিয়ে আলোচনা করে কোন** ^{मृ}रूल रहत वरल आमात महन रहा ना। यागाजारे रहत এकमाठ मानमन्छ। का**रलरे आमात राजा मह**न SS-37C

[4-50-5 p.m.]

হয় টেম্পোরারি মেজার আমি সাপোর্ট করতে রাজী আছি, সমর্থন করতে রাজী আছি কিন্তু ৰজাদন পর্যান্ত না ঐ কয়েক শত বালিকা বিদ্যালয়কে উচ্চতর ১১ ক্রাসে পরিণত করতে পার্বাচ এবং যেখানে বিজ্ঞান পড়াবার বাবস্থা করেছেন সেথানে যতদিন পর্যন্ত ফিজিক্স কোমস্টি মাাথে-মেটিকা ইত্যাদি বিজ্ঞান বিষয়ে এবং অর্থানীতি, অন্যান্য হিউম্যানিটিজ বিষয়ে যথেক্ট সংখ্যক **দাী শিক্ষিকা না পাচ্ছি তত্তিদন পর্যন্ত এটা টেন্সোরারি মেজার হিসাবে চলতে পারে। তত্তিদ** পর্যানত এই সমস্ত বিদ্যালয়ের পরেষ শিক্ষকদের আপনারা যদি পার্মানেন্ট করেন তাহলে তাতে সহাভারত অশুন্থ হবে না। কাজেই বাস্তব অবস্থার প্রতি দূর্গ্টি রেখে আমাদের এই জিনিসটাকে ৰিচার করতে হবে। আমি শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাব যে এই দুট্টিভঙ্গী নিয়ে তিনি **বিচার কর**নে যাতে করে আমাদের বোনেরা, আমাদের ঘরের মেয়েরা আগামী দিনে উচ্চ শিক্ষিত হরে বেরিয়ে এসে পরেষদের পাশে সমানভাবে যোগাতার পরিচয় দিয়ে জাতীয় উন্নয়নের ক্ষেত্রে এগিঃয় ষেতে পারেন। তাদের প্রতি যাতে স্কবিচার করতে পারি সেই দূচ্চিভগ্গী নিয়ে বিচার করনে। স্যার, তাঁরা আলোচনা করনে। এটা কোন বিতণ্ডার বিষয় নয়, এটা কোন তর্কের বিষয় নয়, এটা আলোচনার বিষয়। সম স্বার্থে, সম প্রেরণায় উদ্বন্ধ হয়ে আমাদের ভবিষ্যত ষারা গড়ে তুলবে তাদের কল্যাণের দিকে শক্ষ্য রেখে, জাতির সামগ্রিক কল্যাণের দিকে লক্ষ্য রেখে, ৰাশ্তব বিচার বৃদ্ধি দিয়ে সমস্যা বিবেচনা করে এটা বিচার কর্মন। ইফ উই পটে আওয়ার **হেড্স** টুগেদার—যদি আমরা সকলে একসংগ বসি তাহলে নিশ্চয়ই এই সমস্যার সমাধান অন্ততঃ **আমরা ভালভাবে করতে পারব। এটাই হচ্চে আমার আবেদন এবং আমি আশা করি শিক্ষামল**ী মহাশয় এটা দয়া করে বিবেচনা করে দেখবেন।

Dr. Biswaranjan Roy:

শ্রুদেশয় অধাক্ষ মহাশয়, শ্রুদেশয় মনোরঞ্জন বাব্বর প্রস্তাবটির আমি বিরোধিতা করছি। এই **≱শ্তাবটির বিরোধিতা এই পক্ষ থেকে শ্রদে**ধয় শ্রীমহীতোষ রায়চোধরী এবং শ্রীচারু সানাল সহাশয় করেছেন। কিন্তু আমার মনে হয়েছে যে বিরোধিতা করবার সময়ও তাঁরা যেন ঠি থাণ খলে বিরোধিতা করতে পারেন নি, যেন কতকটা দিবধাগ্রস্তভাবে এর বিরোধিতা করেছেন 📫 👣 স্যার, আমি সম্পূর্ণ অকুণ্ঠ চিত্তে এর বিরোধিতা করছি। বিরোধিতা করছি এইজন 🚜 এর পিছনে যে নীতি আছে সেই নীতিগতভাবে এর বিরোধিতা করছি; এজনা আমার ম এতটুকু সংকোচ নেই। কোন কোন সদস্য এই কথাও বলেছেন যে সমুপারএ্যানুয়েটেড টীচারদের বেলার প্রযোজা হয়ে যেতে পারে বা অন্যান্য জায়গায় প্রযোজা হয়ে যেতে পারে সেজন্য যেবকা ভাষায় এই প্রস্তাবটা এসেছে সেই ভাষাটা আপত্তিকর। সেজন্য এই ভাষায় এই প্রহণ করা যেতে পারে না। কিন্তু আমি বলছি এর ভাষা যদি পরিবর্তনিও করা যায় তাহলেও এটা সমর্থনিষোগ্য নয়। আমি যে নীতির উপর এটার বিরোধিতা করছি সেই নীতি হচ্ছে ^{যে} নীতির বশে বালকদের এবং বালিকাদের বিদ্যালয় আলাদা করা হয়েছে, যে নীতির ^{বশে} সরকারের ফিমেল এডুকেশানের একটা বিভাগ আলাদা হয়েছে এবং বালিকাদের উচ্চ শিক্ষার ভার আলাদা কর্তৃপক্ষের হাতে দেওয়া হয়েছে, সেই নীতি। সেই নীতি থেকেই ব্রুতে ^{হবে} বে বালকদের এবং বালিকাদের শিক্ষার জন্য আলাদা বন্দোবস্ত করা প্রয়োজন এবং সেই প্রয়োজনট নীতিগতভাবে স্বীকৃত হয়েছে। অবশ্য প্রার্থামক শিক্ষার পর্যায়ে কিংবা আরও উচ্চ শিক্ষা পর্বায়ে, ষেমন কলেজীয় শিক্ষার পর্যায়ে হয়ত কো-এডুকেশন চলতে পারে এবং কো-এডুকে^{শনি} চললে সেখানে শিক্ষক শিক্ষিকাও পাশাপাশি একসংগে কাজ করতে পারেন কারণ, কলেজীয় শিক্ষা পর্বারে ছাত্ররা অপেক্ষাকৃত পরিণত বয়স্ক, সেখানে ভালমন্দ ব্রুবার বৃদ্ধি তাদের হয়েছে। ^{কার্চ} কাজেই তাদের ষেখানে ছেড়ে দেওয়া যেতে পারে সেখানে এই সেকেন্ডারী বা হায়ার সেকেন্ডারী স্কুলের ছাত্রী, যারা অপেক্ষাকৃত অপরিণত বয়স্ক, যাদের অপরিণত বৃদ্ধি, তাদের ছেড়ে ^{দেওর} ষায় না। এবং ছেড়ে দিলে বহু, রকম বিপদের আশংকা আছে বলে আমি মনে করি। আমার ^{মনে} হন্ধ ওরা সেটাকে বিবেচনা করে দেখবেন এবং এই আশংকাটা অমূলক নম্ন বলে স্বীকার কর^{বেন ।}

সারে, একথা বলা হয়েছে যে অনেক জায়গাতে উপযুক্ত শিক্ষিকা পাওয়া যায় না। আমার ৰা অভিজ্ঞতা তাতে বলতে পারি এখন মেয়েরা শিক্ষায় খবে অগ্রসর হয়ে গেছেন, এত মেয়ে স্নাতক পাওয়া যায় যে সাধারণভাবে শিক্ষিকার অভাব হয় না, কেবলমাত্র িজ্ঞানের ক্ষেত্রে ছাড়া। বিজ্ঞানের ক্ষেত্রে যে শিক্ষিকা পাওয়া যায় না এটা শিক্ষকদের সম্বশ্যেও সমানভাবে প্রযোজ্য। আজকে হায়ার সেকেন্ডারী বালকদের স্কুলেও বিজ্ঞানের মেল গ্রাজ রেট, অনার্স প্লাক্তরেট বা এম-এস-সি পাওয়া যায় না। কাজে কাজেই বিজ্ঞানের শিক্ষাদানে যে অসচবিধা আছে সেটা বালকদের বিদ্যালয়ের ক্ষেত্রে যেমন আছে, মেয়েদের বিদ্যালয়ের ক্ষেত্রেও তেমন আছে। रमञ्जना वाथा रुद्ध मामश्चिक्छारव रुद्ध वालिका विमालिश म्यद्ध कीठात ना भाउशास जना भूत्र व টীচার নেবার প্রয়োজনীয়তা দেখা যেতে পারে। কিন্তু এখন পাওয়া যাচ্ছে ন। বলে যাদ স্বাইনের ম্বারা এই সাময়িক নিয়োগ স্থায়ী বলে স্বীকার করে নেয়। যায় সাময়িকভাবে নিয়োগ করা হল বলে সেই শিক্ষক তার অবসর গ্রহণের সময় পর্যান্ত সেই মেয়ে স্কলে থাকবেন এই নিয়ম হয় তবে সেটা কিছুতেই বাঞ্চনীয় হবে না। একজন নূতন পুরুষ গ্রা*জু*য়েটকে ২৫ বছর ৰয়স যদি ঐ রকম একটা অস্কবিধার জন্য সাময়িকভাবে নিয়োগ করা হয় এবং আরও ৪০ বছর সেখানে থাকার আইনতঃ অধিকার যদি তার জন্মায় তাহলে এই যে সাময়িক ব্যবস্থা এটা কোনদিন পরিবতান করা যাবে না, অর্থাৎ চিরকাল সেই মেয়েদের স্কুলে একজন প্রার্থ টীচার দিয়ে চালিয়ে যেতে হবে--যেটা অবাঞ্চিত হলেও সাময়িক অসুবিধা দূর করার জন। আমরা করতে ৰাধ্য হয়েছি, সেটা চিব্ৰম্থায়ী হয়ে থাকবে। কাজে কাজেই এই প্ৰম্ভাবটা যেভাৰে এসেছে এই সভার সম্মুখে তঃ কিছুতেই গ্রহণযোগ্য হতে পারে না। তার পরে মেয়েদের মধ্যে অনেকে श्वाक्तुरहार्षे त्य रुष्क्त्र ना जा नहा, वतः यरथक्ते रुष्क्त्र । এवः भ्रारहारनत भरता जानात्क वाक्रारहारे रुरहा শিক্ষিকা ছাড়া অন্য কাজে যেতে পারে না। ছেলেরা যেমন কলকারখানায় ও নানারকম জায়গায় ৰাজ করতে চলে যেতে পারে, তাদের প্রসংগ্রুটা আরো ভাল হতে পারে, তেমন মেয়েরা কিন্ত ষেতে পারে না। মেশ্রেদের সায়েশ্স গ্রান্ধ্রটো হলে মেন্ডামন্টি শিক্ষিকার পদেই থাকতে হয় কিম্বা যদি আরো ভাল হয় ভাহলে তাঁরা বড় জোর অধ্যাপকের কাজ করতে পায়েন। কোন শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের সাধারণতঃ নিয়োগের স্থান। কাজে কাজেই যেখানে দশ বছর পরে নিশ্চয়ই উপযুক্ত সংখ্যক মেয়ে সায়েন্স গ্রাজ্যুয়েট পাওয়া যাবে সেখানে তাদের রাস্তা যদি এরকমভাবে এখন থেকে বন্ধ করে দেয়া হয় ত।হলে মেয়েদের ভবিষ্যতের দিফ থেকে চিন্তা করলেও এই প্রদতাব সমর্থ নযোগ্য নয়। যে সম>ত স্বুপারয়্যান্য়েটেড টীচারদের কথা বলা গরেছে সেই সুপারয়্যনুয়েটেড টীচার ও সংয়েদের ক্ষেত্রে পাওয়া যায় না। আমি আমার বন্তবাটা সাধারণতঃ সারেন্স টীচারদের ৫৮রে নিব্দ্ব বাথ ছি. এলন যে সারেন্স **টীচারে**র জনাই সাধারণতঃ म्परायुक्तत प्रकृतन भूतपुष जीवात स्नाभरसन्धे कता द्य । कादन वाश्मा, अश्य वा अश्यक्रात्यत শিক্ষিকা পাওয়া যায় কিন্তু বি-এস-সি শিক্ষিকার অভাব সবচেয়ে বেশী দেখা যায়। স্পোন-য়ান য়েটেড টীচারদের রাখবার প্রশ্ন কোন কোন মাননীয় সদস্য যে তুলেছেন সেটাও এখানে প্রয়োজ। হয় না, কারণ সূপারয়ানেরেটেড সায়েন্স টীচার পাওয়া যায় না। আজকাল হায়ার সেকেন্ডাবীতে সামেন্স টীচার হতে গেলে সায়েন্সে অনার্স গ্রাজ্বয়েট বা এম-এস-সি হতে হবে -এই রকম স্বপারয়্যান্রেটেড টীচার খ্ব কম। কলেজ থেকে পার্ট টাইম অল্পক্ষেত্রে হয়ত পাওয়া ষেতে পারে কিন্তু সাধারণভাবে পাওয়া যায় না। কাজে কাজেই স্পারয়্যান্যেটেড টীচার এনে ^{বা} তাদের পার্মানেণ্ট করা যে বিশেষ কিছু, সূর্বিধা হবে তা হবে না। এই বিষয়ে যে সাময়িক ষস্বিধা রয়েছে, মেয়েদের স্কুলে পূর্য শিক্ষক নিয়োগ না করলে তথনকার মত কাজ চালানো ^{মাছে}না বলে তারজন্য যে সাময়িক ব্যবস্থা আছে এটা মন্দের ভাল কিন্তু এটাকে চিরস্থায়ী ^{ক্রবার} জন্য কোন আইনগত স্বীকৃতি দেয়া কিছুতেই উচিত নয়।

[5-5-10 p.m.]

বরং আমি বলবো যে মেয়েদের মধে। আরও যাতে বিজ্ঞান শিক্ষাব প্রসাব হয় তার জন্য চেটা করে হবে, এবং সাময়িক ভাবে এই রকম করা মেতে পারে যে হায়ার সেকেন্ডারীর ক্ষেত্রে, মিরেরে মধ্যে যে সব শিক্ষিকা বি-এস-সিতে ভাল ফল করেছেন তাঁদের সেশানে নিয়ে সাময়িক জাবে অনার্স প্রাক্ত, এবং পরে তাদের কল্টেন্টেস কোর্স-এ বিনিং দিয়ে নিয়ে প্রায়ীভাবে কাজে লাগান যেতে পারে । কিন্তু সেই জারগায়, মেয়েদের বদলে শির্বুই টীচার এনে, তাদের চিরপ্রায়ী করে দেওয়া, তাদের পার্মানেন্ট করে দেওয়া, অর্থাৎ ৩০।৪০

বছর তাদের আটকে রেখে কোন স্বিধা হবে না, বলেই আমার মনে হর । তারপর কনকার্মেসাল সম্বর্দেধ সন্তোষবাব্ বলেছেন যে টেপোরারী টীচার হয়ে থাকেন বলে, তারা অনেক সময় স্কুলের চানরী ছেড়ে অন্যর চলে যান এবং তাতে ছার, ছারীদের শিক্ষার অস্ববিধা হয় । আমি বলবো তা নর, পার্মানেন্ট টীচার-রাও চলে যান । বিশেষ করে সায়েন্স-এর টীচাররা, এরা কোন দিনই থাকতে চান না । তাদের মধ্যে এই যে চলে যাবার একটা প্রবণতা আছে, এই প্রবণতা যেমন ভাবে টেপোরারী টীচারদের মধ্যে আছে তেমনি পার্মানেন্ট টিচারদের মধ্যে আছে তেমনি পার্মানেন্ট টিচারদের মধ্যে কাল ভাবে আছে। সেইজন্য আমি মনে করি এমন ভাবে আইন করা দর্মার এমন ভাবে সমহত নিয়ম হওয়া দরকার যাতে করে হঠাং টেপ্পোরারী শিক্ষকের এক জায়গা থেকে শার এক জায়গার চলে যেতে না পারেন । আজকাল যা মাইনে ঠিক হরেছে তা যথেন্ট নয় । এক জায়গার চলে যাবার প্রবণতা রয়েছে। এই প্রবণতা যাতে বেড়ে না যার, তারজন্য একটা নিয়্ম রাখা উচিত।

Shri Santosh Kumar Bhattacharyya:

টেম্পোরারী টীচার্সদের কি আটকে রাখতে চান?

Dr. Biswaranjan Roy:

তাদের আটকেও রাখা হচ্ছে না। আপনি বলেছেন টেনেপারারী টীচাররা চলে যান। আমার বস্তব্য হচ্ছে টেনেপারারী টীচাররা যেমন চলে যায়, পার্মানেন্ট টীচাররাও ঠিক তেমনি চলে বায়। আমার অভিজ্ঞতা হচ্ছে তাই, আমি বহু দ্কুলের সপ্যে জড়িত আছি। এই চলে ব্যাপ্তরাণ প্রবাত্তা তাঁদের মধ্যে আছে। সেই রোলিং ভৌন-এর মত তাঁরা থাকতে চান না এক দ্কুলে। স্ত্রাহ এটা টেন্পোরারী বা পারমানেন্ট টীচার্স-এর প্রশ্ন নয়। (এ ভয়েস—চলে ত একদিন সকলকেই দ্বিনায়া থেকে যেতে হবে।) সে কথা আলাদা। এখানেও আধ্যাত্মিক আলোচনা করা! প্রয়োজন নেই। এটা হচ্ছে কর্মন্থলের ব্যাপার। যাইহোক, তারা চলে যাবেই, এক জারগাঃ থাকবে না। এটা ব্যক্তি বিশেষের দ্বভাবের কথা, এর মধ্যে টেন্পোরারী বা পার্মানেন্ট টীচার-এর কোন প্রশ্ন নেই। কাজে, কাজেই আমি মনে করি, কোন কারণেই বালিকা বিদ্যালয়ে প্রেইটার্সকে কনফার্ম করে দিয়ে, সেখানে পরে শিক্ষিকা নিয়োগের রাস্তাটা চিরকালের জন্য রুম্ম করে দেওয়াটা উচিত নয়। সেইজনা আমি এই প্রস্তাবের প্রতিবাদ করিছি।

Shri Tripurari Chakravarti:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ পরিষদ ভবনে শিক্ষা নীতি নিয়ে আলোচনা হচ্ছে। অনেক বছর প্রায় অন্ধশিতান্দিকাল শিক্ষকতা করছিলাম, তাই মনে হয় এ সন্বন্ধে কয়েকটা কথা আমার বল উচিত। আমি সর্ব প্রথম বলতে চাই আমার বন্ধ, শ্রীসন্তোষ ভট্টাচাজী মহাশয়ের বাক্য সমর্থন করে যে শিক্ষার ক্ষেত্রে যোগ্যতাই হওয়া উচিত একমান্ত মানদন্ড। স্থাী বা প্রবৃষ, এই প্রদান কুলে যোগ্যতাকে একমান্ত মানদন্ত করা উচিত। এই হচ্ছে শিক্ষা নীতি। অধ্যাপক হেরন্ড লাস্কীর একটা প্রবন্ধ পড়েছিলাম শিক্ষক সন্বন্ধে, অপুর্ব সে উদ্ভি—

a good teacher is the rarest of human beings. He fill his subject with personality.....

ভাল শিক্ষক বেশী মেলে না। আমি মনে করি আমাদের মেরেদের বিদ্যালয়েও যদি ভাল প্রব্ শিক্ষক পাওরা যায় তাঁকে নেওরা উচিত এবং ছেলেদের স্কুলে যদি ভাল মেয়ে শিক্ষক পাওরা যায় তাঁকে নেওরা উচিত। আমি বলতে পারি আমার একজন কৃতী ছালী শ্রীমতী শিপ্রা সরকার যাদবপ্র বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক। ১৯৫০ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস পরীক্ষার প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার.করেছিলেন। তাঁর মত উপযুক্ত টাঁচার আনি কমই দেখেছি। এমনই তাঁর যশ—তাঁর যশ চতুদিকে বিকীর্ণ হয়েছে। ছেলেদের তিনি পডিয়েছেন স্বেরন্দ্রনাথ কলেজে, যাদবপ্রে বিশ্ববিদ্যালয়ের ছেলেদেরও তিনি পড়াছেন। অনেক উদাহরণ দিতে চাই না—আমার ছাল্র নির্মাল্য বার্গচি এখানে আছেন, তিনি মুরলীধর গার্লস কলেক্ষে অধ্যাপনা করেন। আমার আর একজন ছাল্র অধ্যাপক নরহার কবিরাজ। তাঁরা কমিউনিস্ট পার্টির সভ্য, সেজন্য কারোর কারোর মনে কিছু বিশ্বেষ থাকতে পারে কিম্তু শিক্ষক হিসাবে তাঁরা যে খ্বই উপযুক্ত এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। আমি তাঁদের অধ্যাপক ভাদের কৃতিত্ব এবং তাদের গণে আমি জানি। সেই কথাটা আমি বলছিলাম। আর একটা কথা কলতে ইচ্ছা করছে। শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, অক্সফোর্ডের বেলিয়ন কলেজের মান্টার বেঞ্জামিন জুয়েট, তার বায়োগ্রাফি পড়বার মত। তিনি একটি কথা বলেছিলেন. সেটা তাঁর বায়োগ্রাফিতে উম্পৃত রয়েছে। তিনি বলেছিলেন—

A good teacher knows, like Moses, how to strike living water from the rocks.

কি শ্বন্দর কথা। যাঁরা বাইবেল পড়েছেন তাঁরা ব্বনতে পারবেন ভাল করে এই উন্তিতিটির ষধার্থ মাহাত্ম্য—পাথর থেকে জল বের করা যায়। আমরা যাকে জটিল মনে করি, আমরা বাকে ব্যন্দিহীন ছাত্র, মৃঢ়ধী, হতধী ছাত্র মনে করি তাকেও সৃধী করা যায়, ভাল শিক্ষক করতে পারেন, মোজেস যেমন পাহাড়ের মধ্য থেকে জল বের করেছিলেন। তাঁর হাতে একটা দন্ত ছিল, তা দিয়ে তিনি আঘাত করছেন আর জল বেরিয়ে আসছে।

A good teacher knows, like Moses, how to strike living water frim the rocks. আর একটা কথা বলতে চাই, নগেনবাব এবং মহীতোষবাব বলেছেন যে তাঁরা প্রাচীন পল্থী। আমি তাদেরই মত প্রাচীন পশ্থী। কিন্তু প্রাচীন পশ্থা কি ছিল? প্রাচীন পশ্থায় যদি আমরা একটু ফিরে যাই তাহলে দেখব প্রোকালে রামায়ণের যুগে, মহাভারতের যুগে, উপনিষদের যুগে. অধ্যাপকের চতুম্পাঠীতে প্রেম্ব এবং নারী একসংগে অধ্যয়ন করত। ভবর্ভাতর উত্তর রাম চরিত্তের একটি শ্লোক মনে গড়ছে। দিবতীয় অঞ্চে আত্রেয়ী এবং বাসন্তী দুন্ডকারণ্যে প্রবেশ করেছেন, দণ্ডকারণ্যের বনদেবতা তাঁদের জিজ্ঞাসা করছেন যে তোমশা এখানে কেন এলে। তখন তারা বলছেন যে বাল্মীকির চতুৎপাঠীতে অধায়ন করছিলাম, সেখনে দুর্টি ছেলে এসে জুর্টেছে লব এবং কুশ, তাদের সঙ্গে পেরে উঠিনা, তাল রাথতে পার্রাছ না, তাই আজ বাল্মীকি পার্ষাত ইহ পর্যটামি। আপনি তো সারে সে সব কথা জানেন। এই যে বিধান ছিল ভালই ছিল এইসব বিধান। আর একটা কথা মনে পড়ছে, মহাভারতের শান্তি পর্বে সূলভার উপাখান— তিনি ভিক্ষ্কী হয়েছেন, সন্ন্যাসিনী হয়ে ঘ্রুরে বেড়াচ্ছেন অধ্যাপনা করে। জনকের সভাষ গিয়েছিলেন, সেখানে বিতকে মোগদান করে সমসত পরেয়েদের হারিয়ে দিলেন, তাঁর কার্ডে পরাজিত হল পার্য দার্শনিক পণ্ডিত। তখন জনক তাঁকে বললেন তোমার এই রূপ এবং ষোবন, তুমি বিবাহ করছ না কেন? তখন স্থলভা তার উত্তর দিয়ে ছিলেন যে বিবাহ করবার উপযুক্ত পুরুষ সমসত ভারতবর্ষে খ'জে পেলাম না। মেয়েদের মধ্যেও সেই মুনিব্রত রয়েছে. তারাও সম্ন্যাস নিয়েছে, তারাও অধ্যাপনা করেছে। তাই আমি বলছিলাম আমার নীতি হচ্ছে ৰেখানে ষোগ্যতা সেখানে আমরা যাব। সন্তোষবাব যে কথা বলাছিলেন যে যোগ্যতা হবে একমাত্র মাণ্যদণ্ড, আমি সে কথা বলতে চাই না. এ অত্যন্ত খুটি নাটির কথা। সভায় ষে বিতক্ হল তাতে আমার বলতে ইচ্ছা করে এটা পেটিফগিং ডিসকাসন বলে মনে হল। কিন্তু সেটা তো কথা নয়। আমি এই কথা বলছি না যে সম্পারএ্যান্যেটেড শিক্ষকদের রাখতে হবে, বয়স সীমা যার অতিক্রম করে গেছে তাকে রাখতে হবে। তাহলে তো আমিও দাবি করতে পারতাম। কারণ, এখনও আমি মনে করি যে আমি খবে ভাল পড়াতে পারি।

[5-10--5-20 p.m.]

আমি ৭০-এর কে টায় পা দিছি, আমি কারো ক'ছে দাবী করি না যে আমাকে চাকরী দাও কিন্তু আমি মনে করি ৭০ হোক ৮০ হোক তথনও রাখা উচিৎ যাঁরা পড়াতে পারবেন তাঁদের। এবদি না হয়, দেশ বন্ধিত হচ্ছে, এ টাকা পয়সা হিসাব নয়, শিক্ষা জগতে যাঁরা টাকা পয়সার হিসাব করেন তারা শিক্ষা ব্বেন না। সেই য়াডাম স্মীথের বড় কথা nation cannot be governed on the maxim of the counter.

বিণকের তুলা দন্ডে শিক্ষার বিচার হয় না এটা সবচেয়ে বড় কথা। সেজন্য আমি বলবো ষেন সেগ্রিগেসনের নীতি কথনও না হয়। অমরা তো অনেক সর্বনাশ করেছি দেশের—কমিউনাল য়াওয়র্ড করেছি, চাকরীর ক্ষেত্রে করিছি, আর যেন না করি। শিক্ষা ক্ষেত্রে সকলের অবাধ প্রবেশ থাকবে ছাত্র এবং শিক্ষকের যাকে আমরা বলি কেরিয়ার ওপেন ট্র ট্যালেণ্ট্স, এই স্কুলে হবে, কলেক্তে হবে, শিক্ষকের প্রবেশ হবে। আমি এই নীতি সমর্থন করি এবং মাননীয় শিক্ষা বিলাক হবে, শিক্ষকের প্রবেশ হবে। আমি এই নীতি সমর্থন করি এবং মাননীয় শিক্ষা বিলাক শ্রুনেছি সকলেই বলছেন অবসর গ্রহণ করছেন, যাবার প্রবেশ তিনি এই ব্যবস্থা

বারে যান যে যোগ্য শিক্ষক যেখানে পাওয়া যাবে নিয়ে আসবেন—মেয়েদের স্কুলে নিয়ে আসছে গারেন, পার্ব্যুমদের স্কুলে নিয়ে আসতে পারবেন, এটা খাব ভাল কাজ করা হবে, বড় কাজ করা ছাল, দেশের সংগল হবে, এই কথা বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

Shri Ras Behari Pal:

মাননীয় সভাপাল মহাশয়, মনোরঞ্জনবাব্ যে প্রস্তাব এনেছেন তাতে দেখা যাচ্ছে যে যথেক সংখ্যক শিক্ষিকার অভাব, উচ্চ এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গঢ়ীলতে যেসকল পরেষ শিক্ষক িয়োগ করা হচ্ছে তাঁদের শিক্ষণ ব্যবস্থা করা হোক এবং তাঁদের স্থায়ীভাবে নিয়োগ করা হোক। এই প্রস্তাব আমি কতকগুলি কারণে সমর্থন করতে পার্রাছ না। প্রথম কথা হচ্ছে এই যে আত্তকে দেখতে পাচ্ছি প্রাথমিক বিদ্যালয়গ নিতে যথেন্ট সংখ্যক বালিকাদিগকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হলে অভিভাবকদের কাছে তাঁদের মেয়েদের যাতে প্রা**থমিক বিদ্যালয়ে** ঠিক্মত পাঠাতে পারেন তজ্জন্য একথা আসর। অনুভব করছি যে প্রাথমিক বিদ্যা**লয়গ্রালতে** যথেণ্ট সংখ্যক মহিলা শিক্ষক নিয়োগ করা হোক এবং সরকার গ্রামাণ্ডলে প্রাথমিক বিদ্যালয়-গ[ু]লির সংখ্য যথেন্ট সংখ্যক শিক্ষিকাগণের থাকবার জন্য যাতে বাসম্থানের ব্যবস্থা করা যায় সেই ব্যবস্থা করছেন এবং আমরা এতে দেখতে পাচ্ছি যেসব অণ্ডল শিক্ষায় অনগ্রসর, বিশেষতঃ দীন্ত্র অঞ্চল, এমন অনেক অঞ্চল আছে সেখানে প্রার্থামক শিক্ষা অধিকাংশ বালক বালিকা পাচ্ছে না সেই সব জায়গাতে যদি যথেণ্ট সংখ্যক বালিকাকে আনতে হয় তাহলে প্রার্থামক বিদ্যালয়ে <u>ে রকম মহিলা শিক্ষক নিয়োগের আবশ্যকতা আছে। গ্রামাণ্ডলে যে বালিকা বিদ্যালয় আছে</u> সেখানে স্থায়ীভাবে পরেয়ে শিক্ষক িয়ে।গের দ্বারা দ্বীশিক্ষা প্রসারের পরিবর্ত্তে একটা প্রতিকলে আবহাওয়া স্টিট হবে কিনা সেটা আমাদের চিন্তা করে দেখতে হবে। আমার মনে হয় মহিলা শিক্তিকাৰ ফে অভাৰ অনুভূত হচ্ছে তার কারণ দূরে করার দিকে আমাদের অধিকতর মনোযোগ দেয়া উচিৎ। আমরা দেখতে পাচ্ছি গ্রামাণ্ডলে এপয়ান্ত ৮ম শ্রেণী পর্যান্ত বালিকা-দের বিনা বেডনে পড়াবার ব্যবস্থা ছিল, সহরাঞ্চলেও সেই ব্যবস্থা প্রসারিত হচ্ছে এবং আমার মনে হয় অল্পদিনের মধ্যেই একাদশ শ্রেণী পর্যানত বালিকাদের সহরে এবং গ্রামাণ্ডলে বিনা নেতনে পড়াবার ব্যবস্থা করা হয়ে এবং যেসব বালিকা স্নাতক হয়েছে তাদের যদি অনার্স এবং উ'চ**িশক্ষার ব্যবস্থা করা যায়, এম-এ, এম-এস-সি** শিক্ষার ব্যবস্থা করা যায়, তাদের জন্য যাঁদ অংক সংখ্যক আসনের বাক্তথা করা যায় বিশ্ববিদ্যালয়ে তাহলে অলপদিনের মধ্যে আমাদেব যে শিক্ষিকার অভাব আছে ঐ সমস্যার সমাধান হতে পারে। নতবা আমরা র্যাদ স্থারীভাবে শিক্ষক নিয়েগে করি তাহলে আমাদের স্ত্রী শিক্ষার প্রসারতা মন্দীভূত হবে বলে আমি বিশ্বাস করি।

অমি এবিযয় আর বিশেষ কিছু বলতে চাই না। তবে, একটা কথা বলতে পারি যে সব
শিক্ষক পথারা ভাবে আছেন তাদের জন্য শিক্ষণ শিক্ষার ব্যবস্থা করলে কোন ক্ষতি হবে না।
করম যখন ঐ বিদ্যালয়ে মহিলা শিক্ষক পাওয়া যাবে, তখন তারা সহজে অন্য বিদ্যালয়ে গিরে
কাজ করতে পারবেন, এবং শিক্ষণ প্রাণত যারা শিক্ষক তারা বালিকা বিদ্যালয়ে থাকলেও, ষতট্টুক্
বায়ে তাঁনা থাকবেন, যে কয় বছর তারা সেখানে থাকবেন, সেখানে অধিকতর শিক্ষা জ্ঞান অর্জন
করতে পারবেন। এতে আমার অনা কোন মত
নেই, এটা হতে পারে। অর্থাৎ তাদের শিক্ষণ ব্যবস্থা হতে পারে। কিন্তু প্থায়ীভাবে তাদের
নিয়োগ করা চলবে না।

Shrimati Labanya Prova Dutt:

ম বনীয় পরিষদপাল মহাশয়, শ্রীমনোরঞ্জন সোগম্বত মহাশয় যে প্রস্তাব এনেছেন তার বির**্থে** ক্রমি দু-চাবটে কথা বলতে চাই। তিনি বলেনেন যে সমসত পুরুষ শিক্ষকরা মেয়েদের স্তুলেতে ও হায়ার সেকে ভারী স্কুলেতে শিক্ষকতা করছেন দ্ব-বছর পরে তাদের সেন ট্রেনিং দেওলা হয়. এং ট্রেনিং-এর পর. তাদের যেন আবার সেই স্কুলেতেই পার্মানেণ্ট বেসিস-এ নিয়ে নেওরা হল। যারা ট্রেনিং পাবেন এবং যারা ট্রেনিং নিয়ে পাশ করবেন, আমারত মনে হয় না সেই ^{সব} পর্ষ শিক্ষকদের কোন কাজের অভাব হবে। আমরা দেখছি আমরা যথন মেয়েদের জনা হয়ার সেকেণ্ডারী স্কুল করছি তথন নিশ্চয় যাদের হাতে এই ভার দেওয়া হচ্ছে তারা বিচক্ষণ সহিত নিশ্চয় বিবেচনা করে দেখেছেন যে কেন মেয়েদের আলাদা করে হায়ার সেকে ভারী স্কুল করা দরকার! বিদেশেও এই দেখা গিয়েছে যে প্রাইমারী স্কুলেতে এবং কলেজগুলিতে

ও মেয়েদের এক সংখ্যা লেখাপড়ার ব্যবস্থা করা যেতে পারে এবং তাতে কোন রকম বিপদ দেখা যায় না। কিন্তু এই এডোলেসেন্স পিরিয়ড-এ ছেলে, মেয়ে তারা যদি একচিত ভাবে পড়াশনা না করে, তাদের জনা যদি আলাদা বাবস্থা করা যায়, তাহলে তাদের পক্ষে ভালই হবে। আমরা চাই আমাদের ছেলে. মেয়েরা বলিষ্ঠ ভাবে তাদের চরিত্র গঠন করে, তারা শিক্ষার দিকে পরিপর্ণে ভাবে মন দিয়ে তারা যেন লেখাপড়া শিখে, তারা যেন সান্দর ভাবে তাদের ভবিষ্যং জীবনে নিভেদের প্রতিষ্ঠিত করতে পারে। সেইজন্য যখন এই প্রয়োজন আমরা মনে করছি, তখন আমার মনে হয় এই যে সব হায়ার সেকেন্ডারী ও সেকেন্ডারী স্কুলেতে মেয়ে টীচার্সরা রয়েছেন —আমার কথা হচ্ছে অনেকেই বলেছেন যে ভাল শিক্ষিকা পাওয়া যায় না। ফি**জিকা কেমেপি** ও ম্যাথেমেটিক এর জন্য শিক্ষিকা পাওয়া যায় না। কিন্তু একটা জিনিষ ত স্বুরু করতে হবে আমাদের। হয়ত প্রথম, প্রথম আমরা শিক্ষিকা পাবো না। কিন্তু পরে আমরা দেখবো ঐ বে সমস্ত মেয়েরা আজকালকার দিনে, যারা সাইন্স গ্রাজুয়েট ইচ্ছেন, যারা অনার্স নিয়ে বা ভিস্টিংসন নিয়ে, ভাল করে কৃতিছের সঙ্গে পাশ করছেন, তাঁরা যখন এই সমস্ত সেকেন্ডারী ও হায়ার সেকেন্ডারীতে সায়েন্স সাবজেক্টস পড়াতে চাইবেন, তখন তাদেরকে কেন সেখানে শেখাতে (संबंधा रूप्य ना? शांगाजात कथा जा न स्मिथात ज्यनरे, यथन ছেলে এবং মেয়ে সমান **ভাবে** পাশ করবে। তাদের সমান অধিকার দেওয়া হয়েছে, তারা যখন ভাল ভাবে দ্নাতক হয়ে, তারা বখন বেরিয়ে আসতে পারবেন, তাদের যখন স্কুল কর্তৃপক্ষ নিয়োগ করবেন, তখন ত তাদের যোগ।তা দেখেই ত তাদের নিয়োগ করবেন। এখানে কথা উঠেছে যে পরেয়ে শিক্ষকরা এই সৰ ্রেরেদের স্কলেতে কাজ করবেন, ভাল কথা। নিশ্চয় তাঁরা যতদিন প্রয়োজন বোধ করবেন. ত্তদিন করবেন। কিন্তু এমনও দেখা গিরেছে যে প্রথম প্রথম যথন মেয়ে ল-ইয়ার ছিল না. হথন কোন মেয়ে ডাব্রার ছিল না. তখন আমরা সব সময় পরে, যদেরও নিয়েছি।

5-20--5-30 p.m.]

িকন্ত এখন যখন সমান অধিকার পাওয়া গেছে এবং যথন দেখা যাচেছ ৰে মেরেরা তাদের যোগ্যতা অর্জন করছে তথন এইসব মেরেরা যদি শিক্ষিকার পদে তাদের যোগাতা দেখায়, তাহলে এইসব জায়গায় তাদের নেওয়া হবে না কেন? আর একটা কথা হচ্ছে মেল টীচারদের পার্মানেণ্ট করার কথা বলা হয়েছে। একবার যদি তাদের পার্মানেন্ট করা যায় তাহলে তাদের ছাডাবার প্রশ্ন উঠতে পারে না। সেজন্য বর্লাছ পার্মানেন্ট কর্বার আগে তাদের যদি আমরা কিছু দিন টেম্পোরারীভাবে রাখি এবং তাঁরা অনাত চেষ্টা বলে যেতে পারেন এবং ইতিমধ্যে মেয়েরা যদি শিক্ষা লাভ করে এইসব স্কুলে কাজ করতে পারেন তাহলে কেন তাদের সেই চান্স দেওয়া হবে না সেটা আমি আপনাদের কাছে বলতে চাই। আর এই কথা আমরা বিশ্বাস করব না যে চিরকালের জন্য ফিজিক্স বলুন, কের্মোষ্ট বলুন, ম্যাথে-র্ন্দির বলনে এরজনা আমরা মেয়ে চীচার পাবনা। শুধু মেয়েরা হিউমাানিটিজ পড়াতে পারবে তাই বা কেন হবে? সেজনা তিনি যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাব সমর্থন করিছ না ^{এবং} তাদের পার্মানে ট করবার যে কথা বলেছেন সেই বিষয়ে আমাদের চিন্তা করে দেখবার ব্যা: কারণ, একবার পার্মানেন্ট করলে আর তাদের কাজ থেকে তাড়াতে পারব না, তখন নানা ^{বক্}ম গোলমাল উপস্থিত হবে। সেজন্য আপনার কাছে অনুরোধ আপনি এটা প্রত্যাহার ^{কর}ন। আমরা নিশ্চয়ই চেষ্টা করব যতদিন পর্যন্ত মেয়ে স্কুলে হায়ার সেকেণ্ডারী স্কুলে ^{সারেন্স} পডাবার জন্য মেয়ে টীচার পাব না ততদিন পুরুষদের আমরা গ্রহণ করব। কিন্তু যখন মেরেরা ধীরে ধীরে এই লাইনে আসবেন তখন তাঁদের যেন এই ক্ষেত্রে নিয়োগ করা হয় এই ^{কথাই} আজকে আমি আপনাদের কাছে পেশ করতে চাই।

8hri Krishna Kumar Chatterjee:

সভাপাল মহাশয়, শ্রীমনোরঞ্জন 'সনগ্ন্পত মহাশয় যে প্রস্তাব আমাদের সামনে উপস্থিত করেছেন নেই প্রস্তাবের আমি তীব্র বিরোধিতা করিছি। একদিকে শিক্ষক সম্প্রদায়ের যাঁরা বাংলাদেশে খ্যাতি লাভ করেছেন তাঁদের মধ্যে অনেক শ্রুদেখয় অধ্যাপক ও শিক্ষক বিরোধী পক্ষ থেকে এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে নানা কথা বলেছেন। তাঁদের কথাগ্ন্লি আমরা খ্ব শ্রুদার সঞ্জো শ্নেছি। যদিও অমি নিজে একজন শিক্ষক নয় বটে কিন্তু শিক্ষকের প্রত বলে দাবি রাশি এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করবার সুযোগও আমার হয়েছে। ছেলেদের হায়ার সেলে ভারী স্কুল এবং মেয়েদের সেকে ভারী রেকগনাইজভ স্কুল, হায়ার সেকে ভারী স্কুল আ পরিচালনা করতে পেরেছি। আমার প্রতিষ্ঠানটি দেখে আমার মনে একটা সন্দেহ জেগেছে আমার বিরোধী বন্ধুরা যেন মনে না করেন যে আমি কোন ইণ্গিত রচনা করবার জন্য এই ক বঙ্গছি। আজকের দিনে যথন মেয়েরা দুত শিক্ষার দিকে এগিয়ে চলেছে এমনকি আমরা অনে মেয়েকে দেখেছি যারা ফিজিক্স কেমিছিটতে ফাস্ট হয়েছেন, কেউ সেকে ও হয়েছেন বি-এসিসেটে যখন খুব দুত গতিতে তাঁরা বিজ্ঞান, অর্থানীতি, অন্যান্য সমস্ত বিভাগে কৃতিত্বের সঙ্গো শিষ্ণ লাভ করছেন তখন কি আমাদের শিক্ষক বন্ধুরা যাঁরা আজকে এই প্রস্তাব আনরন করেছে তাঁরা বিচালত হয়েছেন, একট্ব ভীত হয়েছেন? এবং ভীত হয়ে আজকে তাঁনের এই পার্মানে করবার প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন। এতে পরিষ্কার বোঝা যাছে যে মেয়েদের শিক্ষ বর্ণা, দিকে এমনভাবে প্রসার লাভ করছে যে এটা আজকে ভেস্টেড ইন্টারেস্টের কাছে কায়ে হবার্থের কাছে একটা আতঞ্চেরর স্গিট হয়েছে। আমার নিজের পত্র সম্প্রতি একটি মহিল কলেজে অধ্যাপক হিসাবে নিযুত্ত হয়েছে। আমি তৎসত্বেও বলছি যে এই প্রস্তাব নীতিগাভাবে অত্যন্ত অন্যায়।

এই কারণেই আমি নীতিগতভাবে বলছি—এখানে ত্রিপ্রারী চক্রবতী মহাশয় প্রদেধয় ব্যা তার অভিনতকে আমি খাব শ্রুদধা করি তথাপি অর্থা একথা বলতে চাই যে এথানে শিক্ষাগ্রু যোগ্যতার বিষয়বস্তু নয় এই প্রস্তাবের। নিশ্চয়ই অনেক কৃতী শিক্ষকের কথা আমরা জা যাঁদের কাছে দেশ সতাই ধন্য হয়ে গেছে, শিক্ষাজগতে তাঁদের অবদানের কথা অস্বীকার কর **ষায় না কিন্তু একথাও** স্বীকার করতে হয় যে আমাদের মেয়েদের মধ্যে এমন প্রতিভার বিকা[ু] আমরা দেখাত পাচ্চি এবং শিক্ষাজগতে সেই প্রতিভার বিকাশ একটাও ম্লান হয় নি, তাঁলাং কৃতিছের সংশ্যে এই দায়িত্ব পালন করতে পারেন একথা আমি বিশ্বাস করি। সেজন্য আচি এই প্রস্তাবের বিরোধিতা করতে দাঁড়িয়েছি। এহাড়াও অনেক সামাজিক এবং নৈতিক প্রদ এর ভেতর আছে। আমি অত্যন্ত আশংকা এবং লম্জার সঙ্গে একথা বলছি সেগনুলি সম্প্রতি সংবাদপতে আপনি দেখেছেন যে একটা ৯ 150 বছরের ছেলেকে হত্যা করা হয়েছে, এটা কাগাঃ বেরিয়েছে এবং তার কারণ অনুসন্ধান করে দেখা গেছে যে সেই ছেলেটা যখন স্কলে এসেছি সেই সময় দেখা গিয়েছিল একজন পারুষ শিক্ষক এবং একজন মহিলা শিক্ষকের আচরণ আমি আর বেশী খুলে বলতে চাই না কিন্তু সেই ছেলেটা সেটা দেখে ফেলেছিল ফলে সে **শিক্ষক সেই ছেলেটাকে হত্যা করে:ছন বলে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এটা মামলা**য় যাবে কাজেই আমি আর বলতে চাই না সংবাদপত্তে যেটকু প্রকাশিত হয়েছে সেটকুর আভাষ মাত্র আ দি**লাম। ষেহেতু এই ঘট**না ঘটেছে বা যেহেতু এই ঘটনার মধ্যে সত্যতা আছে সেহেতু আচি **একথা বলছি না কিল্ড** তব্যুও বলছি কতকগ**ুলি জিনিষ আমাদের নিশ্চরই আজকের দিনে** চিল্ড করার প্রয়োজন আছে, বিশেষ করে আমাদের বিরোধীপক্ষের মধ্যে যাঁরা শিক্ষার সঙ্গে সংস্কৃ আছেন তাঁদের কাছে বিশেষ অনুরোধ—তাঁরা আজকে শিক্ষক প্রতিনিধি হিসাবে এখানে এসেছে এ**কথা স্বীকার করে নে**য়া হয়েছে। এবং সেজন্য তাঁদের যে মতামত সেই মতামতকে নিশ্চয় আমরা ততট্টকুন শ্রন্থা দিতে রাজী আছি কিন্তু যথন রাজনীতি তাদের মতামতকে বিষাহ কং তৃঙ্গ'ছ তখন তাদের মতকে আমরা নিতে পার্রাছ না। কাজেই রাজনীতির প্রশন এখানে আছে আজকে সকলেই জানেন যে স্কুলের একটা ভয়ংকর চিন্তার কারণ হয়েছে সম্প্রতি ওয়েষ্ট বেণ্ণা হেডমান্টার এ্যাসোর্নসয়েশন একটা প্রস্তাব গ্রহণ করেছেন, তাঁরা বলেছেন যে রাজনীতির ^{খেল} এসে দেখা দিয়েছে এই ম্যানেজিং কমিটিতে রাজনীতির খেলা হয়েছে বলে তাঁরা আশংকা প্র^{কাশ} করেছেন। আমি সেটা বলতে চাচ্ছি না, আমি বলতে চাচ্ছি আজকে এই যে পারুষ শিক্ষকে গার্মানেণ্ট করার প্রস্তাব এটা রাজনৈতিক প্রস্তাব। এর মধ্যে একটা কায়েমী স্বার্থকে েরেদের স্কুলে আসবার প্রচেন্টা চলেছে বলে আমি এর বিরোধিতা করতে চাচ্ছি। কেননা আজবে েখুন মেয়েরা যখন বিভিন্ন শিক্ষার দিকে এগিয়ে চলেছেন তখন তাঁরা ঝাঁকে ঝাঁকে সকলে স্কল োষ করে বেরিয়ে আসছেন, তাঁরা যদি বোঝেন মেয়েদের স্কুলে পারুষ শিক্ষক রাখবার বন্দোর্গত হক্ষে তাহলে কেন তাঁরা এই শিক্ষার মধ্যে যাবেন? আমাদের একজন মাননীয় সদস্যের কনা ির্<mark>নি কেমিম্টিতে অনাস</mark>্নিয়ে বি-এস-সি পাশ করে ছন কিন্তু তাঁর এম-এস-সি পড়বার ^{উপায়} েই। আমাদের শিক্ষামন্ত্রী অবশ্য উচ্চশিক্ষার প্রসার লাভের জন্য চেণ্টা করছেন কিন্তু আমি ব্দুনি ইউনির্ভাসিটির দরজায় দরজায় ঘুরে তিনি পড়বার সুযোগ পান নি। আজকে এক^{র্ছা}

ক্ষা চলবেনা শিক্ষক ছাড়া শিক্ষামন্ত্রী কি করে পারেন, তাই তাদের পার্মানেণ্ট করে দেরা উচিৎ
—এটা বাদতব অবস্থার অপব্যাখ্যা বলে আমি মনে করি আজকের দিনে আমরা যদি আরো সুখোগ
সুবিধা খুলে দিই, অর্থাৎ মেয়েরা যদি দেখেন যে মেয়েদের স্কুলে তাদের অবাধ স্পিতি লাভের
সুখোগ আছে তাহলে নিশ্চরই আমাদের মেয়ে শিক্ষকের অভাব দেখা দেবেনা। কিন্তু মেরেরা
বিদি দেখেন যে গ্রামাঞ্চলে বা অন্যান্য অণ্ডলে মেয়েদের বাসস্থানের অভাব আছে, সুখোগ সুবিধার
অসুবিধা আছে ধাকার তাহলে তাঁরা সেখানে যেতে পারবেন না।

[5-30-5-40 p.m.]

এর সংশ্যে সংশ্যে আমাদের যারা শিক্ষার ব্যবস্থা করছেন, শিক্ষার দায়িত যাদের দেখেন যে গ্রামাণ্ডলে এবং অন্যান্য অণ্ডলে যেখানে মেয়েদের বাসম্থানের অভাব আছে এবং অন্যান্য অনেক রকম অসুবিধা আছে থাকবার, সেখানে তারা যেতে পারেন না। কিল্ত তার মানে এই নর যে আজকের দিনে যে সমস্ত পরেষ শিক্ষকদের মেয়েদের স্কলে নিয়োগ করা হয়েছে, ষেহেত দেখানে মেয়ে শিক্ষক পাওয়া যায় নি বলে সেই জনা তাদের সেখানে পারমানেন ভাবে কারেমী ভাবে রাখবার চেম্টা করা উচিত, এই প্রস্তাবের আমি বিরোধীতা করছি। আপনারা জানেন বে সরকার পক্ষ থেকে এমন কোন নির্দেশ দেওয়া হয়নি যে কাউকে পার্ম্যানেন করতে পারবেন না। আমি আজকে বিরোধী পক্ষকে এই প্রশ্ন করতে চাচ্চি আরুকে আমি হল্প অর্থাৎ আমি যদি বিরোধী পক্ষের সদস্য হতাম তাহলে কথনও এই ধরণের প্রস্তাব আনতাম না। কারণ আমি জানি এটা ওপেন রাখা খবে প্রয়োজন আছে। যদি আমরা এটা ওপেন রাখি---এটা আমরা যদি খোলা রাখি, এই প্রস্তাব যদি ভোটে দেওয়া হয়, আমরা যদি এই প্রস্তাবের বিরোধিতা করি, এই প্রস্তাব যদি পাশ না হয়, তাহলে রাস্তা বন্ধ হয়ে যাবে। মনোরপ্রনবাব 🗷 এই প্রস্তাবটি আনা খবে সমীচীন ও ব্রম্পিমানের কাজ হর্মান। আমরা এর বিরোধিতা কর্মছ এই জনা যে এটা নীতিগত প্রশ্ন। পশ্চিম বাংলার সরকার যারা পরিচালনা করছেন, ভারা নীতিশ্বত ভাবে বিশ্বাস করেন যে মেয়েদের এই অধিকারে হস্তক্ষেপ করা উচিত নয়। কারণ মেরেদের স্কলে ছাত্রীদের মনস্তাত্থিক এবং অন্যান্য সমস্ত প্রয়োজনীয় বিষয় মেয়ে শিক্ষিকা বেষন করে ব্রেকবেন, তা প্রেয় শিক্ষক ব্রুবেন না। যেমন শ্রন্থের ত্রিপ্রোরীবাব্র বলছিলেন ৰে শিক্ষকের সপে ছাত্র. ছাত্রীদের মনের সম্বন্ধ এমন ভাবে রচনা হলে, তবে হ্যারোল্ড লাক সির মত শিক্ষক হতে পারে। সেই শিক্ষকই ঐ হ্যারল্ড লাকসির মত হতে পারে, যিনিই এই সার-জেই-এর সঙ্গে ওতপোতভাবে তাঁব মনের যোগ স্থাপন করতে পারেন। যদি সেখানে বেবিশার না থাকে, তবেই সে হ'ত পারে। যদি একটি ভাল মেয়ে শিক্ষিকা তার ছাত্রীর সংগে তার মনের সম্বন্ধ রচনা করতে পারেন, এবং তার যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছাত্রীর সংগ্রে হওয়া সম্ভব, তা যতবড়ই উপৰত্তে পরেষে শিক্ষক হউক না কেন, ছাত্রীর সঙ্গে তাঁর সেই ঘনিষ্ঠ সন্বন্ধ হওয়া সন্তব, নম্ন। **আমি একথা পরিক্ষার করে ঘোষণা করতে দিবধাবোধ করছি না। আমি চালেঞ্জ করতে প্রস্তুত্ত** भाषि । क्लाना, आधि आनि प्राप्तपति वा ছেলেদের কাছে याता ছात. ছाती—

Shri Nirmalya Bagchi: It is irrelevant.

Shri Krishna Kumar Chatterjee: It may be irrelevant according to you because it does not suit you.

ৰাই হোক, সে প্রদন নয়। এই কথা আমি বলতে চাচ্ছি যে হয়ত কয়েকটি আদর্শ শিক্ষক হতে পারে, বারা বনিষ্ঠ সম্পর্ক রচনা করতে পারেন ছাত্র, ছাত্রীদের সংগ্ণা। কিন্তু লেই আদর্শ শিক্ষকের কথা কয়েক জন মাত্র। একসেপসান্স ডু নট প্রভু দি র্লস। আমি র্লের কথা কলিছ। সোটা স্বাভাবিক ভাবে হওয়া সম্ভব নয়। কাজেই আমরা এই প্রস্তাবের তীর বিশ্বেশিতা করিছি। আমরা মনে করি এই কায়েমী স্বার্থ প্রতিষ্ঠা করবার এই প্রচেন্টায় মেরেদের বিজ্ঞান এবং অন্যান্য বিভাগে সে বিষয় শিক্ষা প্রাপতা শিক্ষিকা কম আছে সেখানে এইর্শ বাবস্বা গ্রহণ করলে, আমরা ঐ পথে আরও শিক্ষায় প্রতিবন্ধকতা রচনা করবো। আমরা দেখেছি যখন ইন্জিনিয়ারিং শিক্ষা মেয়েদের জন্য খুলে দেওয়া হল, তখন শিবপুর্ব বি. ই, কলেজে স্থানের অভাবে মেয়েরা জায়গা পেল না। কাজেই এ কথা ঠিক নয়। সক্ষত্ব

ন্বার যদি উন্মন্ত থাকে, তাহলে মেয়েরা প্রতিযোগিতার মধ্য দিরে, প্রতিভার মধ্য দিরে সমল প্রতিবন্ধকতা তারা দ্বে করতে পারে এ বিষয় কোনর প সন্দেহ নেই। কাজেই এইভাবে প্রস্তাবা আনা. আমার মনে হয় যে কোন আতৎক থেকে এনেছেন। হয়ত, তাঁরা মনে করছেন যে একদি মেরে শিক্ষিকা এর প আকারে দেখা দেবে যে তখন আর সেখানে প্রনুষ শিক্ষকের প্রয়োজ ধবে না। সেই ক্ষেত্রে, তাদের হয়ত উন্দেশ্য বিফল হতে পারে, তাই এই প্রস্তাব আনীত হয়েছে আমি এই প্রস্তাবর বিরোধীতা করে, এই প্রস্তাব যাতে প্রত্যাহার করেন, তারজন্য আমি মনে রঞ্জনবাব্বক সনির্বন্ধ অনুরোধ করছি।

Shri Jatin Chakravorty:

মাননীয় সভাপতি মহাশয়. এতক্ষণ ধরে আমি এই বক্তৃতা শ্বনছিলাম, উভয় পক্ষের. এব ভেবেছিলাম এই সম্পর্কে কিছু বলবো না। কারণ সাধারণতঃ শিক্ষকদের ব্যাপার হলে আদি শত হস্ত দ্বের থাকি। ওদিকে লিডার অব দি হাউস আছেন, আমাদের এদিকে উপযুদ্দিক্ষক প্রতিনিধিরা আছেন। কিন্তু স্যার, এই বক্তৃতা শোনবার পর. একজন ট্রেড ইউনিয় কমী হিসাবে আমি দ্ব-চারটে কথা বলতে চাই।

আমি আমার শ্রন্থাভাজন, এককালে আমার রাজনৈতিক দাদা, শ্রীকৃষ্ণকুমার চ্যাটাজি মহ শুয়ের বন্ধতা শুনছিলাম। উনি যে যুক্তিটা দিলেন, সেই যুক্তিটা অশ্ভূত। কোথায় কে শৈক্ষক এবং শিক্ষিকা তাদের কি অধঃপতন হয়েছে, সেই কুৎসিত চিত্রটা তুলে ধরে উনি এ প্রস্তাবের বিরোধিতা করেছেন, এটা অত্যন্ত দৃ্ভাগ্যজনক। স্যার, এইরক্ম কুর্ণস্ ব্যাপারটাই যদি একমাত্র পরেব এবং নারীর অন্যান্য ক্ষেত্রে মিলনের পথে বাধা হয়ে তাহলে তো সারে ওঁদের চোর্জ্গী ভবনের কংগ্রস সেবাদল রাখার কোন অর্থ হয় না কারণ, আজকে যেখানে পূর্যু এবং নারী একসংগে এগিয়ে চলেছে, বিভিন্ন, বামপন্থী দলে মধ্যে নারী সদস্য রয়েছেন, কংগ্রেসের মধ্যে আছে. এম. এল. সি'র মধ্যে আছে. মন্তীমণ্ডলী মধ্যে আছে এবং কোথায় কখন কি হয়ে যায় তারজন্য আমরা একেবারে ওয়াটার টাইট **কমপার্ট** মেন্ট রেখে দেব এটা উপযুক্ত যুক্তি নয়। এটা অত্যন্ত বাজে তর্ক। সেজন্য আমি বলচিলা আজকে যখন আমাদের সহ-শিক্ষার প্রথা প্রচলিত হচ্ছে, যখন আমরা একসংগে পরেত্র এব নারী তালে তালে এগিয়ে চলেছি যখন আজকে আমাদের সমাজের অগ্রগতি হচ্ছে সেইসব জায়গায় আমাদের উপযুক্ত শিক্ষক রাথতে হবে। কৃষ্ণকুমার চ্যাটান্ধণী মহাশয়ের প গার্লাস স্কলে চাকরি পেয়েছেন। তাঁর পত্রের উপর যদি তাঁর আম্থা না থাকে তাহ**লে ভাঁ**টে র্সারয়ে দিন। পিতার উপযুক্ত পুত্রের উপর যদি পিতার আম্থা না থাকে তাহলে তাঁকে রাখকে না পার্মানেন্ট করবেন না। কিন্ত সেটাই কি একটা কারণ হয়ে দাঁড়াতে পারে? যে শিক্ষ**ক** : বছর কাজ করেছেন তিনি যদি চীরিত্রান এবং আদর্শে বিশ্বাসী হন তাহলে তাঁকে কেন রাখ হবে না? যেহেতু মেয়ে স্কুল, সাত্রাং তাঁকে রাখবেন না। কোথায় কোন মন্ত্রী কি করেছে, সাত্রা মক্তীম-ডলীতে আমি কোন মহিলা সদস্য রাখব না এটা কোন যুক্তি নয়। উপযুক্ত শিক্ষক আদর্শবান শিক্ষক, চরিত্রবান শিক্ষক আমরা চাই। আজকে শিক্ষকের মত শিক্ষক যদি পাই তাহতে তিনি নিশ্চয়ই সেখানে থাকবেন। ত্রিপারারীবাবার মত যদি শিক্ষক পাই, আপনাদের মত আদর্শ শুন শিক্ষক যদি আমরা পাই তাহলে সেখানে নিশ্চয়ই আপনাদের রাখতে হবে। স্যার আপনি কানেন যেসব মেয়েরা সেকেণ্ডারী স্কুলে পড়ে বা সেকেণ্ডারী স্ট্যাণ্ডার্ডে যারা **পড়ে** তার্দের ক্রন্য অনেক জায়গায় বাডীতে প্রাইভেট টিউটর রাখা হয়। এবং সেই প্রাইভেট টিচার হচ্ছে 🍱 প্রাইভেট টিচার। কোচিং ক্লাসে টিউটর রাখা হয়। কিন্তু তাতে তো সাধারণ ঘটনা ঘটে যেথে পারে এবং সমাজের প্রতি স্তরে এই রকম ঘটনা ঘটছে। তা দিয়ে তো আমি আমার সমা**জ**ৰে রিচার করব না, মন্ত্রীমণ্ডলীকে বিচার করব না, বিধান পরিষদের সদস্যদের বিচার করব না আমি বিচার করব আমার মানদণ্ড। সাধারণভাবে আমি দেখব যাতে এই রকম ঘটনা **ঘটে**। আর বাধা দিলে যেথানে ঘটবার সেখানে ঘটে যা:চছ। গাই বাছ∡রের ভাব **থাক**লে সে ছংগলে গিয়েও দুধ দেয় এ তো চলতি প্রবাদ আছেই। সতুরাং বাধা দিলেও আপনি আটকাণে পারবেন না। আমি ট্রেড ইউনিয়ন কমী হিসাবে এই প্রদতাব সমর্থন কর্রাছ এইজনা ষে ই বছর যদি একজন শিক্ষক চাকরি করে থাকেন সহলে তাঁকে পার্মানেন্ট করা উচিত। এট আমরা ট্রেড ইউনিয়নের দৃণ্টিভংগী দিয়ে দেখছি যে মহিলা স্কুল হলেও একজন শিক্ষক বদি ্ৰছর কাজ করে থাকেন তাহলে তাঁকে পার্মানেন্ট করা উচিত। আমি জ্ঞানি অনেক স্কুলে স্থ্যানেজিং কমিটি ব্যবসার ক্ষেত্র হিসাবে দাঁড়িয়েছে। কৃষ্ণকুমার চ্যাটাজী মহাশয় শ্রন্ধাভাজন বাবি তিনি জানেন যে কিরকমভাবে স্কুল পরিচালিত হয়। তিনি জানেন কেমনভাবে স্কুলকে ব্যবসা ক্ষেন্ত্র পরিণত করা হয়। বহু ক্ষেত্রে তিনি এটা দেখেছেন। এবং সেই সব ক্ষেত্রে শিক্ষকদের এবং শিক্ষিকাদের আমরা জানি বছরের পর বছর পার্মানেন্ট করা হয় না, শোষণ করা হয় এবং তাঁদের যে সমস্ত সনুযোগ সনুবিধা পাওয়া উচিত সেগ্লি দেয় না।

[5-40-5-50 p.m.]

স্তুতরাং আজকে আমি একথা বলতে চাই যে যদি উপযুক্ত শিক্ষক হয়, যদি সমাজের অন্য স্তরে পরেষ এবং নারী এর মধ্যে কোন প্রভেদ না করা হয়, আমাদের সংবিধানে যথন প্রেষ এবং নারীকে সমান চক্ষে দেখা হচ্ছে তখন গার্লস স্কুলে প্রব্নুষ রাখতে পারবো না -২ আমরা রাখতে পারছি, ঐ রকম ঘটনা যদি ঘটবার মত হয় তাহলে ২ বছর সাার, সাফিসিয়েন্ট, উনি যে উবর্বর মহিতক্ষের পরিচয় দিলেন এই যুক্তি দেখিয়ে তাতে ও°কে চাষ করতে হয় দেখছি স্যার, > বছরের মধ্যে সেই ঘটনা ঘটে যেতে পারে। তাই আমার বন্ধবা হচ্চে ২ বছর **হলে তাঁকে পার্মানেন্ট** করা হোক এবং যদি তাঁকে সেখানে রাখার পক্ষে অনুপয়্ত্ত মনে করেন ম্যানেজিং কমিটি তাহলে তাঁকো অলটারনেটিভ এমপ্লয়মেণ্ট দিন। আজকে যেখানে শিক্ষকদের সমস্যা দেখা দিয়েছে, আমরা শিক্ষক পাই না, ২ বছর মেয়েদের স্কুলে শিক্ষকতা করেছি বলে আমাকে পার্মানেন্ট न्ता १८५ मा, जनगेत्रत्निग्रेज अभन्नत्राभन्ते एत्या १८५ मा अपर जामारक रहेल्यानायी सार्य क्रिनस ক্রবেন সেটা ঠিক নয়। আমি সব থেকে আশ্চর্য হয়ে গেলাম আগার শ্রন্থভাজন শ্রীমতী লাবণ্য-প্রভা দত্ত মহাশয়া কি করে এই প্রস্তাবের বিরোধিতা করছেন, কারণ আমিতো ভাঁকে জানি, ির্নে অত্যন্ত প্রগতিশীলা, আমি তাঁকে বহুদিন ধরে দেখেছি। আজকে যেখানে সমাজ এ<mark>গিয়ে</mark> চলেছে, নারী এবং পারেষ একসংগে র্ঞাগয়ে চলেছে সেখানে এই রকম ঊর্নবিংশ শতাব্দীর সেই গণ্ডীর মধ্যে থেকে এই রকম ক্ষীণ, সংকীণ দুন্টিভংগীর পরিচয় আমি ও'র কাছ আশা করিনি। সত্তরাং আজকে প্রগতিশীলতার যুগে এবং একজন ট্রেড ইউনিয়ন কমী হিসাবে আমি বলবো যে দু বছব শিক্ষকতা করবার পর যদি সেই শিক্ষক উপযুক্ত হন, যদি তিনি গ্রামানের শ্রুপাভাজন কৃষ্ণকুমার চটুপাগ্যায় মহাশ্যের পুত্রের মত উপযুক্ত না হন, তাহ**লে তাঁকে** পার্মানেন্ট করা হোক, অলটারনেটিভ চাকরী তাঁকে দেয়া হোক। আমি সর্শা**ন্তঃকরণে এই** পুস্তার সমর্থন ব্রছি।

Shri Nirmal Chandra Bhattacharyya:

সভাপাল মহাশয়, যে প্রস্তাব শ্রন্থেয় মনোরঞ্জন সেনগত্বত মহাশয় উত্থাপন করেছেন সেই প্রস্তাব নিয়ে এখানে যে ঝটিকার সৃষ্টি হবে আমি তা মনে করিনি কিন্তু দেখতে পাচ্ছি তাই স্য়েছে। এই প্রস্তাবের প্রতি স্মাবিচার করতে হলে কতকগম্বলি নীতির দিকে আমাদের দ্যুতিসাদ করা প্রয়োজন। প্রথমে আমি সংবিধানের কথা উত্থাপন করবো–আমাদের সংবি**ধানে ডা**ইরেক-টিভ প্রিনসিপল অব দেটট পলিসি-তে লিখিত আছে যে যাঁরা মহিলা তাঁদের গীবিকার্জনের সুযোগ স্মৃবিধা করে দিতে হবে এবং তাঁদের প্রতি বিশেষভাগে সমুহত প্রকারের শামাজিক সুবিচারের ব্যবস্থা রাখতে হবে। আজকে আমরা কি দেখতে পাঢ়িছ - আমরা দেখতে পাচ্ছিয়ে মেয়েরা খবে বেশী সংখ্যায় পাশ করছেন, শুখু, তাই নয়, কৃতিজের সংগে তীরা শাশ করছেন এবং আরো দেখতে পাচ্চি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বল'ছ, অনেক চাত্রীরা ঘামার কাছে আসে, তা থেকে বুন্মতে পারি যাঁরা এম. এ বি, এ পাশ করেছেন, অনার্স নিরে নে বা পাশকোর্সে হন তাঁরা পরিবার পালনের ভার নিয়েছেন। তাঁদের জীবনের সুযোগ স্বিধা সংকৃচিত করা কতদূরে সমীচীন সেটা আমাদের বিবেচনা করে দেখা প্রয়োজন। দ্বিতীয় কথা ফৈছ এই যে বিদ্যালয় স্তরে, বিশেষ করে প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয় স্তরে মেয়েদের শিক্ষাদান করবার একটা বিশেষ পট্টো আছে, এটা সর্বান্ন স্বীকৃত হয়ে থাকে সমস্ত দেশে। সেজনা, নীতিগত হিসাবে আমার মনে হয় যে মেয়েদের কেবল প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্য-মিক িন্যালয়ে চাকরীর ব্যবস্থা করা উচিং। আর একটা দিকে আমাদের নজর রাথতে গবে— ক্লাংকের কথা বলা হয়েছে, আমি িজে জানি দক্ষিণ কলিকাতার কতকগ্নিল স্কুলে. দানা একটা কলেজে পর্যন্ত নানারকম দুর্নাম রটেছে, কারণ ছেলে এবং মেয়ে দুই রকম শিক্ষক সেখানে রয়েছে। এটা অনেক জায়গায় হয় এবং আমা'দর শিক্ষা মন্ত্রীমহাশয় বলতে পারেন ^{ষে অনেক} সময় গভার্ণাং বাঁডর ভেতর গোলযোগের স্থান্ট হয়েছে এবং সরকারকে পর্যান্ত ^{ইন্তক্ষে}প করতে হয়েছে। সব স্কুলেই যে হয় তা আমি বলছি না কিন্তু এরকম যদি পারিস্থিতি হর তাহলে সেটা একটা ভাল আদর্শ দেখানো হবে না বলে আমি নিজে মনে করি ছাত্রীদের কাছে।

সেইজন্য সেদিক থেকে সতর্ক হওয়া উচিত। তবে আমার মনে হয় বদি কোন শিক্ষক দীর্ঘকাল কাজ করছেন একটা বিদ্যালয়ে, তাঁকে সেখান থেকে ছাড়িয়ে দেওয়া বোধহয় অন্যায় হবে। হয়ত তিনি দশ বছর কাজ করছেন সেখানে, কিম্বা সাত, আট বছর সেখানে কাজ করছেন, সেক্ষেরে নীতিগত হিসাবে তাঁকে বাকী চাকরী সেখানে করতে দেওয়া উচিত বলে আমি মনে করি। কিম্তু এইগুর্নলি হচ্ছে একসেপসনাল। নীতিগত হিসাবে বিদ্যালয়ে এবং প্রাথমিক বিদ্যালয়ে যাতে করে মেয়েদের বেশী করে নিয়োগ করা বায়—সেদিকে আমি খ্রুব বিশেষ ভাবে জাের দেবা। আজকাল কৃতিছের সংগ্ পাশ করা বহু মেয়ে পাওয়া যাচেছ, এইরপে ক্ষেরেতে মেয়েদের সকল প্রকার স্থোগ, স্ববিধা দেওয়া উচিত বলে আমি মনে করি। কিম্তু আমি আবার বাল দীর্ঘকাল ধরে যে সকল প্রমুষ শিক্ষক কাজ করছেন মেয়েদের সম্পা, তাদের তাড়িয়ে দেওয়া অত্যানত অন্যায় হবে। আমি আশাকরি সরকার তা করবেন না। এটা বিশেষভাবে বিবেচনা করবার জন্য আমি শিক্ষামন্দ্রী মহাশয়ের কাছে নিবেদন করবা।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, বৈশাখ মাস এখনও দরে, আজ যে কাল বৈশাখীর ঝড উঠবে এই সামান্য প্রস্তাবটাকে আশ্রয় করে আমি তা মনে করতে পারিনি। আজকে যে প্রস্তাব শ্রম্থেয় মনোরঞ্জনবাব, উপস্থাপিত করেছেন, এই প্রস্তাবটি সম্বন্ধে সমর্থিত ও বিরোধিত হয়েছে। কিন্তু ৰতামানে আমাদের সমস্ত দেশের অবস্থাটা বিবেচনা করা উচিত। ত্রিপরোরী চক্রবর্তী মহা-**শরের উত্তি সম্বন্ধে আমার কোন দ্বিমত নেই। সেটা হচ্ছে যোগাতাই প্রকৃত মানদ**ণ্ড হওয়া উচিত সে বিষয় কাহারও কোন সংশয় থাকতে পারে না—সকলেই স্বীকার করবেন যে যোগাতাই শিক্ষার ক্ষেত্রে প্রকৃত মানদন্ড হওয়া উচিত। কিন্ত দেশের অবস্থা আমাদের একট, ব্রুবর্ডে হবে। একদিন বটে আমাদের দেশে আমরা মেয়েদের খবে শ্রম্পার চোখে দেখে থাকতাম এবং এ কথা অতীব সতা যে মহাভারত. রামায়ণ শুধু কেন, যদি আমরা বৈদিক যুগে ফিরে আমরা দেখতে পাবো অনেক সময় মেয়েদের উক্তিকে আমরা খুব সম্মানের সঙ্গে গ্রহণ করে নিরেছি। আজও চণ্ডীপাঠ করছি। চণ্ডীপাঠ করতে গেলে, অম্ভূণ ঋষির কথায় বাকের রচিত, দেবীস্কু পড়ে তবে চণ্ডীপাঠ করতে হয়, একথা অনেকেই জানেন। কাজেই আমাদের দেশে শিক্ষিত নেয়েরা যে খাব শ্রুদ্যাভাজন, এ বিষয় কোন সন্দেহ নেই। এখন কথা আমাদের দেশের বর্তমান অবস্থায় বিদ্যালয়ে শিক্ষার ক্ষেত্রে মেয়েদের শিক্ষা যে ছেলেদের থেকে পিছিয়ে আছে এটা আমাদের স্বীকার করতেই হবে, ইট ইজ এ ফ্যাক্ট। তাই বলে যে মেরেদের শিক্ষা াম্বন্থে আমরা উদাসীন হয়ে আছি তাও নয়। নির্মালা বাগচী মহাশয় যেটা বলেছেন, তাতে বোঝায় আমরা এ বিষয় যেন একেবারে উদাসীন হয়ে আছি, এ কথা ঠিক নয়। প্রথম যখন আমরা কার্যভার গ্রহণ করি ১৯৪৮ সালে তখন এই মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে পার্লাস স্কল ছিল ২৪০টি আর তাত ছাত্রীর সংখ্যা ছিল প্রায় ৬৫ হাজার, আর ছেলেদের বিদ্যালয় ছিল ১৬৬৩টি, আর তাতে ছাত্রের সংখ্যা ছিল সাডে চার লক্ষের কিছু বেশী। অর্থাং ৪ লক্ষ্ণ ৫৭ হাজারের মত। আজকে ১৯৬১ সালে, দ্বিতীয় পণ্ডবার্ষিকী পরিকল্পনার শেবে সেখানে হয়েছিল আড়াই হাজার প্রায় ছেলেদের স্কুল, আর সাড়ে আট হাজারের মেরেদের স্কুল। অর্থাৎ মেরেদের স্কলের সংখ্যা এই কয়েক বছরে ১৯৪৮ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে হয়েছে প্রায় চর্তাগুণ।

[5-50—6 p.m.]

জর্থাৎ মেরেদের স্কুল এই কয়েক বছরে ১৯৪৮ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে েড়ে হরেছে চর্তৃগন্ন, ছেলেদের স্কুল ৩॥ গন্ধের বেশী বাজেনি। যেথানে ১৯৪৮ সালে মেরে-দের ২৪০টি স্কুল ছিল সেখানে ১৯৬১ সালে ৮৫৯টি হয়েছে। আর ছাত্রীর সংখ্যা ১৯৪৮ সালে ছিল ৬৫ হাজার মাত্র সেখানে ১৯৬১ সালে হয়েছে ২ লক্ষ ৫৫ হাজার ১৯১। ১৯৪৮ সালে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ছেলেদের অন্পাতে মেরেদের সংখ্যা ছিল ১ জন মেরের স্থাল ৭ জন ছেলে, আজকে সেখানে একটি মেরের স্থাল ৩ জন বালক। আগে ছিল একের সার্ছ াৰ. আর এখন है। কাজেই মেয়েদের শিক্ষায় আমরা অগ্রসর বে কিছু হচ্ছি না বা হতে পারছি া এই কথা ঠিক নয়। যেভাবে অগ্রসর হচ্ছি মেয়েদের শিক্ষার ব্যাপারে তাতে এটা প্রমাণিত হয় া সে বিষয়ে আমরা উদাসীন নই, আমরা বরং এই সম্বন্ধে আরো দুটি দিচ্ছি। এখন মাধ্য-क भिका या মেয়েরা পাচ্ছে সেটা দৃই শ্রেণীর স্কুলে—এক হচ্ছে কো-এডুকেশানাল স্কুলে, ात्र এक राष्ट्र भार्नि न स्कूल। का-अपूर्वभागाल स्कूल आक्षकाल মেয়েরা পড়তে वाश राष्ट्र। ুধ্ব কলকাতা নয়, শহরের বাইরে যেখানে মেয়েদের স্কুল স্থাপিত হয়নি সেখানে ছেলে ায়েরা একসংগে পড়ছে এটা অনেকেই জানেন। সেখানেও আমাদের মেয়ে টিচার রাশা হয় বং সেখানে কোন কোন বিষয়ে এ্যাকোমোডেসানের পূথক ব্যবস্থাও করা হয়। আর হচ্ছে লাস স্কুল যেটা মেয়েদেরই স্কুল। আমরা সকলেই জানি যে গ্রামাণ্ডলের লোকেরা মেয়েদের কলে মেয়েদের পড়ান বেশী পছন্দ করেন এটা অস্বীকার করবার উপায় নেই। এমন ্যথমিক ক্ষেত্রে মাধ্যমিক ক্ষেত্র তো দূরের কথা, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে পর্যন্ত মেরেদের কুলে আনবার জন্য পৃথক চেণ্টা করতে হচ্ছে। অনেক জায়গায় সেজন্য মেয়েদের স্কুলে শিক্ষ-য়ত্রী নিষক্তে করতে হচ্ছে। যেখানে শিক্ষয়িত্রী নেই সেখানে গ্রামাণ্ডলে অভিভাবকরা ময়েদের স্কুলে পাঠাতে চান না। এমন কি শিক্ষক এবং শিক্ষয়িত্রী থাকলেও মেয়েদের স্কুলে মানবার জন্য গ্রাম সেবিকার সাহায্য অনেক ক্ষেত্রে আমাদের নিতে হচ্ছে। এটা সত্য কথা ৰে ্রাথমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষয়িত্রীর উপযোগীতা ঢের বেশী। নির্মালবাব, যে কথা বলেছেন সই কথাটা সত্য। ইংরাজীতে একটা কথা আছে সেটা হচ্ছে মাদার্স ওয়েতে শিক্ষা দেওরা। কছুদিন পূৰ্বে আমার মনে আছে ডাঃ জ্ঞান ঘোষ যথন জীবিত ছিলেন তখন তিনি দিল্লী থকে আমার কাছে একটা চিঠি দিয়েছিলেন। ডাঃ পেনিফিল্ড বলে কানাডা থেকে **একজ**ন বশেষজ্ঞ এসেছিলেন শিক্ষা সম্বন্ধে ভাষণ দেবার জন্য। ডঃ পেনিফিল্ড দিল্লীতে কতকগুলি लक्कात निरहिष्टलन, म्पेट लक्कारत किन्निन एः छान खाय मगारे आमात कारह भाठिता দেন। তাতে আমি দেখলাম ডঃ পেনিফিল্ড বলছেন এই কথা যে ভাষা শিক্ষার দিক থেকে ইন াদ মাদার্স ওয়েতে শিক্ষা দেওয়াটাই দরকার। ধর্ণ, আমাদের বাড়ীতে ছোট ছোট শৈশ্রা মায়ের সংগে কথা কয়ে কয়ে ভাষা শেখে। অঘচ তাদের কম্পোজিসান ভূল হয় না। কোন ছাট শিশু এই কথা বলে না যে আমি থেয়েছে, বলে আমি থেয়েছি। এই যে শিক্ষা লাভটা হয় সেটা হয় মায়ের মুখ থেকে, সেটা বর্ণ পরিচয় থেকে হয় না। এটা কেমন করে হয়, না, এটা মাদার্স ওয়েতে শিক্ষা পেয়ে হয়। এইজন্য প্রার্থামক স্কুলে শিক্ষয়িত্রীর খবে বেশী প্রয়োজন আছে মাদার্স ওয়েতে শিক্ষা দেবার জন্য।

সারে, পি. কে. সেন একদিক থেকে এদের প্রশ্রম দিচেছ় । স্যার, এম. সি. সর্বাধিকারী, পলিস স্নাজিস্টেট শিয়ালদ। . তিনিও আজ দাক্ষিণা দেখাচেছন। রোজ স্যার, আখতার হোসেনের বাড়ী থেকে যে কোন কাংগান হউক নোগলাই খান। যাচেত্র আনানের প্রত্নিস কমিশনার-এর বাডীতে। কে কে নিয়ে যায় তাও আপনাকে বলছি, পটলা বলে একজন কনষ্টেবল **আ**ছে, শান্তিরাম হালদার বলে একজন কনস্টেবল সাছে ঐ স্পেশাল কনস্টেবল সেক্সান লিভার **আরেক** দিকে মধচক্রের আরেক মধকর হলেন শ্রী এম সি সর্বাধিকাবী, পি. কে. সেন-এর জন্য প্রনিস ওঁর গায়ে হাত দিতে সাহস করে না। আর এম. সি. স্বাধিকারী রোজ রোজ সন্ধ্যাবেলা গাঁডীতে করে ঐ মধ্চক্রে আসে। সেধানে ভাগের বন্দোবস্তও আছে। এদের বাঁচিয়ে রেখেছে— होका श्रमा किलाद एम अम दन अम इम जा अनुन। श्रमानम्य होटि यान मान सामि हारिन अ করে বলতে পারি আখতার হোসেন যে কোন আসামী ঘরে বসে পাকবে—হাজির হতে হবে না কোর্ট-এ এমন কি মার্ডার চার্জ হলেও সে বেল পেয়ে যাবে। এই ভাবে টাকা পয়সার লেনদেন চলছে। এবং টাকা উপায়ের আর একজন সাহায্যকাবী ঐ মধচক্রের আরেক মধকর। তার নাম হচেছ বি. ডি. ব্যানার্জী, সাটিফিকেট অফিসার আলিপরেব। রোজ ইনিও এখানে মধু থেতে जारमन । जार्श कुछ डिलार्ने स्मण्डे- । डिलान, श्रुरमामन-वेत्र लि. मि. स्मन जारनन पराउँ ১०० বাব ২০০টা দবধীস্ত কবেছেন। বেশ ভাল জায়গায় আছেন আলিপুর-এ সার্টিফিকেট অফিসার আধতার হোসেনের সাথে যোগসাজসে লক্ষ লক্ষ টাক। সাটিফিকেট কেস-এর মারফং আজকে আদায কবে চলেছেন। ভাগাভাগি চলছে। এবং ঐ বি. ডি. ব্যানাজী ক্যামাক খ্রীটে এখন ্।। লাপ টাকা পরচ করে বাড়ী কবেছেন। স্যার, আমি জিন্তাস। করতে চাই কলকাতায় পুনাণ—আজকে এদেব ধরুন ট্রানসমিনার বেকবে, আই এ এফ প্লেন ক্র্যাস-এর তদস্ত হবে এবং তাৰ স্তত্ত্ব তাৰা পেয়ে যাৰে। স্যাৰ, এই স**ক্ষে আশ্চ**ৰ্যোৱ কথা হচেছ—আমি **অনেকৰার** এখানে বলেছি—বলেছি যে কোন কেন্দ্রীয় মন্ত্রী এবং পুলিষ কমিষনার যিনি আগে ছিলেন তাকে সবিয়ে এই পি. কে. সেনকে বসাবার জন্য চেষ্টা করেছিলেন। সে কণা স্যার সত্যি— यांनि त्र मिन मिल्ली (शतक घृटन अलान, यामि त्रिश्रान (शदक अक्रो मिनन क्षांशांफ़ करत এনেছি। আমি চ্যালেঞ্ করে বলতে পারি পূর্ণ দায়িব নিয়ে বলছি, সেই কেন্দ্রীয় মন্ত্রী হুমায়ণ কৰিব সাহেবের কথা আমি বলেচিলেম সেঁ তিনি সমর্থন করেন এই এবং তিনি প্রধান মন্ত্রীব কাছে একটা বিপোর্চ দাখিল করেন। সেই বিপোর্চ-এব মধ্যে এই কথা আছে র্যাদ যত্যি না হয় আমি তার জন্য যে কোন শাস্তি পেতে বাজী থাকব। তাতে তিনি বলছেন

Chief Minister himself told me that he had sensed the trouble as early as 8th January and on the 10th January he had asked the Commissioner of Police to take storing preventive action. For some strange reasons the Police Commissioner did not take this action. This inefficiency on the part of the Police Commissioner affected the morale of the service and the result was that during the first 24 hours of the riots the Police was almost completely ineffective. The importance of an effective head was clearly seen when the Police Commissioner was removed and a new Commissioner appointed. Within a few hours several miscreants were rounded up and the whole tone of the Police changed

শাব হোল টোন অব দি পুলিস যা চেঞ্চ করেছে এই স্টেটসম্যান এডিটরিয়াল লিখে সেটা বলেছে। যথন পাকিস্তান গুপ্তচর চক্রের ইন্সিতে কলেজে মিশনারী স্কুলগুলিতে যথন দাঙ্গা হান্ধায়া চল্ছিল সেই সময় তারা এক্সপেরিমেণ্ট করছিল। এবং তারা কটাক্ষ করেছেন এর যে কর্মতংপরতা সেই সম্পর্কে। যার সম্পর্কে আমাদের এই কেন্দ্রীয় মন্ত্রিমগাশয় তিনি অনেক সার্টিফিকেট দিয়েছেন। আমি আগেই বলেছিলাম যে যোগাযোগ কাছে এই পুলিস কমিশনারকে এখানে বসানর ব্যাপারে। এবং এই রিপোটেরি মধ্যে এও আমরা দেখেছিযে বাংলাদেশের সংবাদপত্র সম্পর্কে অনেক কথা আছে, দুটো কাগজ, সেই কাগজ বুঝাবে তাদেব কখা। কিন্তু অবস্থা কি দেখুন—

Some of the Bengali newspapers in particular Ananda Bazar and the Jugabani, have been carrying persistent campaign for raising communal passion.

কিন্তু স্যার, জিজাসা করতে পারি কি কলকাতার যে উর্দু সংবাদপত্রগুলি সাম্প্রদায়িকভাব বিষ ছণ্ডাচেছ্, প্রথাম যে বিষ ছণ্ডাচেছ্ তাদেব সম্পর্কে তো একটা কথা তিনি উল্লেখ কবেন নি ? শুধু তাই নয়, বামপহী সম্পর্কে অত্যন্ত প্রথতিশীল বলে তাঁকে মনে কবা হন্দ্ কি কথা তিনি লিখেছেন সেটাও পড়ে দেওনা দরকার—

Another factor responsible for the riots was the machination of political interests which went to discredit the Congress. In particular there has been attack on P. C. Sen, Chief Minister of West Bengal. This attempt to discredit the Government politically became evident some months ago. The first issue chosen was a demand to reduce the price of articles.

বামপন্থীরা খাদ্যের আন্দোলন করছে, দর কনাবার চেঠা কনতে এবং তার জন্য আমি বলচি যে বামপন্থীরা নাকি ক'থ্যেসকে ডিসক্রেডিট করাব জন্য দাঙ্গা বাধিনেছে। আনাধ্য কথা, এই চিঠিব মধ্যে আছে যে তিনি কাউকে বাদ দেন নি—চীন্দণ্ডী অনেকে আছে যারা তখন ধরা পড়েছিল তাদের সম্বন্ধেও কটাক্ষ আছে। আমাদের এপানকাব বং সদ্যা বিনা বিচারে গ্রেপ্তার হয়েছিল, ঐ হাউসেব বহু রেক বিনা বিচারে গ্রেপ্তার হয়েছিল, তাদের সম্পক্তিও কটাক্ষ আছে যে

There may be other factors as well and it is possible that some treacherous elements in sympathy with China attacked on the factories which were supplying the defence forces, indicates this possibility and it should be investigated carefully.

স্যার, এদেবই আণীর্নাদ নিয়ে আমাদের পুলিস কমিশনার বলে আছে। মুখ্যমন্ত্রী আছাকে তাঁকে আশীর্বাদ করছেন এবং এঁদের পুশুয়ে পুষ্ট হযে ঐ ম্যাজিসেন্ট্রের পুশুয়ে পুষ্ট হয়ে ঐ ম্যাজিসেন্ট্রের পুশুয়ে পুষ্ট হয়ে পাকিস্তানের গুপ্তচর চক্র চলছে, ট্রান্সমিটার ব্যবহার কবা হচেছ এবং তারাই যোগানোল করে আজকে আই এ এক আমান যে বিমান আজকে তারই দুর্ঘটনা ঘটাতে বন্দোবস্থ করেছে। এর কি কোন পুতিকাব আজকে এখানে হবেনা ? সেই পুতিকাব আমি দাবি কবি এবং সনকারকে কঠোরভাবে ব্যবহা অবলম্বন করে দাসাকারী এই সমস্ত পাকিস্তানী চক্রকে এখান থাকে কলকাতা থাকে নিশ্চিফ করে দেওয়ার জন্য আমি বার বার আবেদন জানাচিছ। এবং আমি বলছি যাবা পাকিস্তানকে সাহায্য করে, হিন্দু মুসলমানের পুশুনেই, পি. কে সেনের মত লোক আজকে তাদের পুশুষ দেয়, এম. সি. স্বাধিকারীর মত লোক মিনি গুরুত্বপূর্ণ পদে বসে আছেন, তিনি তাঁদের সমর্থন দিয়ে থাকেন। স্কুত্বাং তাঁদের বিক্রিক্ত অবলম্বন করা হোবা এই কথা বলে আমি আমান বক্তব্য শেষ কর্তি।

Shri Narendra Nath Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যর মঞ্বুরী বিল আনাদেব গাননে এনেছেন সেই বিলের বিবোধিতা করবার জন্য আমি এখানে দাঁড়িয়েছি। বিবোধিতা করচি এই জন্য যে ১৮ মাস আগে পশ্চিমবাংলাব সাধারণ মানুষ এই মন্ত্রী মণ্ডলীকে এবং এব মুখ্যমন্ত্রীকে নিজের। স্বেচছায় যে অধিকাব দিয়েছিল আপতকালীন জব্দবী অবস্থাব তেত্ব দিয়ে গোই অধিকার কিভাবে অপপ্রয়োগ করা হয়েছে তার নজীর ইতিহাসে নেই। একটা জাতীয় জাগরণকৈ কি বকম করে দিনের পর দিন একটা জাতীয় অব্যাননাব পর্যবিগতি করা যায় তার সাক্ষী আমানের পশ্চিমবক্ষ সরকার। স্যার, জব্দবী অবস্থা অম্যা রাজ্য সরকারের কাছ্ থেকে আশা করেছিলাম যে দেশবক্ষার প্রথম এবং প্রধান কাক্ষ হিসাবে সাধারণ মানুষের নিয়ন্ত্রিত মূল্যে খাদ্যদ্রব্য মিলবে।

5-25-5-35 p.m.]

कुछ স্যার, আপনি জানেন যে গত অক্টোবর মাসে নিয়ন্তিত মলা তে। দরের কথা এখানে াকটা ফেমিন কণ্ডিশন স্বষ্টি হয়েছিল এবং আমি এখানে দাঁডিয়ে সেদিন পশ্চিমবাংলার খাদ্য ীতি সম্বন্ধে বলেছিলাম এবং বিশেষ করে আমি মধ্যমন্ত্রীকে দায়ী করেছিলাম—-সেই অভিযোগেব গ্রামি প্রবার্তি করছি। স্যার, মিতীয় কাজ হল যে যদ্ধকালীন অবস্থায় সাধারণ মান্ম हेह अर्द्धनर्राट को अर्थिक ये यांगा करत रा इर्टिंग शोहेंग नाहेन र्वट्स प्राया। मार्गत, দ্রাপনি জানেন আমাদের স্বকাব কিভাবে প্রাইস লাইন রেনেচেন তাব আপুনার সামনে রাখতি। কালকেব আমাব একটা প্রশেব লিখিত জবাবে মখ্যমন্ত্রী জানিষেচেন— আমি সামান্য ক্যেক্টা ক্থা আপনার সামনে তল্চি যে অত্যাবশ্যকীয় যে স্কল জিনিস্ ্র কিবকসভাবে এক বছরে বেড়েছে। স্থান এক বছরে বেভেছে৮ ৭, ওড় বেডেছে ৯৫ ৪. ক্ররোসিন বেভেছে ৩১°৮, জাশিং সোপ বেডেছে ৭°৫, মুস্তব ডার বেড়েছে ১১°৮, মুগডান ২৪০৭, অরহৰ ১৫০৭, মোটৰ ভালা বেড়েছে ২০০৩, এবং চাল বেডেছে, গতা বছৰ ফেব্ৰুয়াৰী মাসে ছিল ১১৭ ৫ সেটা এখন ১১৯ ৫ দাঁডিমেছে। এই যে দিতা প্রয়োহনীয় দ্রবা, এব যদি পাইস লাইন বাঁৰা না হয়, এ যদি দিনেৰ পৰ দিন স্টাইন টোৱে উঠতে পাকে ভাছলে দেশ-বকাৰ কাজ হচেছ একথা বলা যায় না। তারপ্রে অসাম্বিক প্রতিবক্ষা যিভিল ডিফেন্সের कि कांक इत्यक्त ता गम्भार्क जामता अभारत नव पांजिरमांश करति । आरंग गिजिन फिर्फर्स्यन পতি যেরকন অবহেলা বা এই সাবভেক্টেব উ'বৈ যতনা অবদে। কৰা লগেছে তাৰ আৰু কখনও হুমনি এবং তার ফল আমরা কি দেখেছি, অমবা দেখেছি একটা ধ্যুবত দেশ তার সিতিল ডিট্রেন্স অগানাইজেসান বেপেতে : অথচ জান্যানী মাসে এখানে স্থন িন দিনের খাদামা হল এবং ৫টা থানায় যখন সেই হাঙ্গানা সীমার্ন্দ্র ছিল তখন সমস্ত কোলবা এব নাগবিক জীবন বিপর্যস্ত হয়েছিল, ছাট-বাছাব টামবাস বন্ধ হয়েছে। এমন কি বাইটার্স বিলিড সে পর্যস্ত আসা। যা ওয়া বন্ধ হয়েছিল, বর্ষোরেশন সাভিমেদ বন্ধ হয়েছিল। তাহলে সিভিন ডিফেন্সের যে সংগঠন সেটা কি হল ? ১৯৬২ সালেৰ অক্টোৰৰ মাসে যখন অত্তৰিত ভাবে চীন আক্ৰমণ করলো। ভুগন যদি গিতিল ডিংসংস অর্থানাইজেসন না পাকতে। তাহলে আমরা কিছু মনে করতাম না কিন্তু ১৫ মাস সিভিল ডিফেন্স অর্গানাইজেসন খাকা সত্ত্বেও ভারপনে যদি কোলকাতায় সিভিল ডিফেন্স অর্গানাইত্রেসন বলে কিছু না খাকে বা সম্পর্ণভাবে সেন। য্রেকডাউন করে। তাহলে স্বকাবের উপর সে দায়িত্ব ন্যক্ষ রয়েছে, স্বকাবের হাতে ইমার্জেন্সীর যে সমস্ত পাওয়ার তলে দেয়া ছয়েছে—তার সম্বন্ধে বিক্কান ছাডা আন কি দেয়া मात्र, তারপারে অভর্যার্ভা যভ্যান্তের কথা এখানে বিশেষ করে যতীনবার উল্লেখ করেছেন. আমি তার প্নরাবৃত্তি ক্রতে চাই না, তবে একটা কথা আহি বলছি থে এটা সর্বভাবতীয শেত্রে প্রযোজ্য কিন্তু একথা তে। আজ স্বীকাৰ করা হলেছে যে ওবু এয়াৰ ক্র্যাসেৰ মাধ্যমে খামাদের ৩৭ জন অফিসাব প্রাণ হারিয়েছেন, যদ্ধে হয়ত ৩৭ জন এয়ার ফোর্য অফিয়াব প্রাণ হাবাতেন না কিন্তু শুধ এয়ার ক্র্যাবেদৰ ভেতৰ দিয়া ৩৭ ছন প্রাণ হাবিষেচন। এখানে নিশ্চনই শাবটেজ হয়েছে এঁনট আনি আপনার মাব্যমে স্বকাবেব কাছে বাপ্তি। তাবপরে ইনার্জেন্সীকে কিন্তানে ব্যবহান করা হযেতে—দলগত স্বার্থে ব্যবহান করা হয়েছে, সমস্ত শোর্টি অর্গান্টিভেশা 🕫 দখন করার চেষ্টা হবেছে। লিটারারী অর্থানাইভেসানকে দখন ক্লান চেষ্টা হয়েছে। এমন কি থিংকাবনেৰ পৰ্যন্ত প্ৰভাবান্তি ক্লান চেষ্টা হয়েছে। 'গ্ৰয়ক মহাশ্য, আপুনি বিদ্যা মান্ম, আপুনি কি কুখন ও ওনেছেন বেনিং রোলা বা রবীজনাপের ^{মত} লোককে বজুতা দিয়েঁ বা পাম্প করে চিন্তাশীল করা যায় দিন্ত পশ্চিম বাংলায় *যে*ই খ্যাটেম্পট হয়েছে, তাৰ কাৰণ সৰকাৰী শাসন্যত্ন গাতে ৰয়েছে, অতএৰ পিংকাৰ স্কটি কৰাৰ জনা এখানে এই ধনণেন প্রচেঠা হযেছে।

সারি, আজ দলীয় কুনীতি কোপায় দাঁড়িযেছে ? দলীয় দুনীতি দাঁডিয়েছে রিলিফ বংটমেব বাপাবে। আপদকালীনে অবস্থার কথা এখানে ভুলছি না। কিন্তু পাকিস্থান পেকে যথন ৰানুষ্ব দলে দলে চলে আগ্রাত সক্তকরলো, তখন ভাবত পেবাধুন সংঘ থাকে সেবার কাজ চালান হয়। সারি, আপনি জানেন ভারত সেবাধুন সজ্ঞ, একটি সেবা প্রতিষ্ঠান। একজন উদ্লোক তাদের একটি বাড়ী ছেড়ে দেয় এই কাবণে, যে বিনা ভাড়ায় সেখানে পেকে ভারা শেলার কাজ করবেন। কিন্তু আয়াদেব এখানকার আগ্রাহী একেবাবে বাজপক্ষীর মত সেধানে গিয়ে তাঁকে আক্রমণ করলো, বললেন কেন সে বিনা ভাড়ায় ঐ বাড়ীটি ভারত সেবা: সঙ্গকে দিলেন? কেন সেই বাড়ী কংগ্রেসকে দেওয়া হলনা?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে, আমি আপনাকে এই কথা জানাচিছ যে আণ্ হচেছন আণের জন্য, তিনি আর্তের আণ করবেন। কিন্তু তিনি তা না করে, যেখা সেবা প্রতিষ্ঠান সেবা কাজ করছে, সেখানেতে তিনি প্রতিম্বাল্বিতা করতে দাঁড়িয়েছেন। তি আপত্তি তুলেছেন সেই বাড়িটি ভারত সেবাশ্রম সঙ্ঘকে দেওয়াতে, তিনি বলছেন কংগ্রে প্রতিষ্ঠানকে সেটি কেন দেওবা হলনা ?

স্যার, আর একটি কথা বলবো আজ পার্টি এবং অর্গ্যানাইজেসান কি অবস্থায় দাঁডিয়ে —এই দুটা মিলে সরকারী যন্ত্রের যে কুশাসন বা তার যে দুনীতি তা পার্টিকে প্রভাবাত্ করছে। পার্টির যে দুর্নীতি তা সরকারী যন্ত্রকে সংক্রামিত করছে। এই রকম এক অবস্থা দাঁড়িয়েছে। আমি তাঁদের এ্যাপীল করবো, জগনাধবাৰ এখানে উপস্থিত আছে আমি তাঁর কাছে এ্যাপিল করবো যে তাঁরা এটা বন্ধ করুন। বাঁকুড়াতে ২৫শে কি ২৬। এপ্রিল তারিখে পশ্চিমবঙ্গ কংগ্রেদের প্রাদেশিক সন্ধেলন হতে যাচেছ। আমি আপন ক ছে জানাচিছ সেই প্রাদেশিক সম্মেলনের ডেলিগেট ক্যাম্প হিসাবে ব্যবহার করবার জ ওখানে ৫০০ বেড এর যে একটা হাসপাতাল তৈরী হয়েছে, সেটা নেওয়া হয়েছে। ৫ হাসপাতালটি এক মাস আগে তৈরী হয়ে, রুগীদের ব্যবহারের জন্য রেডি হয়ে আয়ে কিন্তু সেই হাসপাতালটি এখনও পর্যন্ত সাবমিট কর। হয়নি মেডিকেল ডিপার্ট মেণ্টের কারে ষেখানে কংগ্রেসের যে কনফারেন্স হবে, তার ডেলিগোনরা সেখানে থাকবেন বলে সং বন্দোবস্ত হয়েছে। সেই কনফারেন্য শেষ হয়ে যাবার পর, মে কি জন মাসে ঐ হাসপাতাল সমপূর্ণ করা হবে মেডিকেল ডিপার্ট মেণ্টের কাছে। এটা কি দুর্নীতি নয়? একে দুর্নী ছাড়া আর কি বলবো ? সরকারের পি ডব্লিউ ডি বা খগেন বাবুর ডিপার্ট মেন্ট ৰাড়ী তৈরী করেছে, সেই বাড়ী আজ ব্যবহৃত হবে কংগ্রেস পার্টির প্রভিন্সিয়াল পলিটিক্য কনফারেন্স এর জন্য। স্যাব, এ থেকে বেশ স্পষ্ট বোঝায় যে কংগ্রেস পার্টি তার দল্য উদ্দেশ্য সিদ্ধির জন্য এই সব করছেন। এটা কি নীতির দিক থেকে জন্যায় নং (এ তয়েস—এতে লাভ করবেন।) এটা লাভ করবার প্রশু নয়। আজ যদি কংগ্রেস পার্টি এটা দেওয়া হয়, তাহলে অন্যান্য পার্টিরা যদি চায়, তথন কি আপনারা সেই বাড়ী তাদের ভাড়া হিসাবে দেবেন ? আমি বলছি সেই বাড়ীটি সরকার ডেলিবারেটলি আট রাখছেন, তাঁর নিজের কাজের জনা, কংগ্রেস পার্টির দলগত উদ্দেশ্য সিদ্ধির জনা। জনসাধারণের স্থবিবার্থে সেই বাড়ীটি ব্যবহৃত হতে পারবে না, যতক্ষণে পর্যন্ত না এ কনফারেন্স শেষ হচেছ।

गात, मनीय ठकान्छ कि तकम **ভाবে धर्मारिकत**शतक विश्वश करत वा विश्वरंश कर তা আমি বলবো। বিচারের বাণী নীরবে নিভূতে কাঁদে। এখানে সিরাজু দিনেব বেং জজ বা ম্যাজিট্রেট কেন বদল হল? কারণ, যে বিজয় নন্দ পট্টনায়ক এবং বীরে<u>ল</u> মি^{ট্রে} প্রভাবে এখানকার মুখ্যমন্ত্রী প্রভাবাত্বিত হয়ে তাঁকে বদল করা হয়েছিল। এই হচেছ আছকে অবস্থা, এই হচেছ পশ্চিমবঙ্গ সরকারের স্বরূপ। স্যার, আমি আপনাকে জিজ্ঞাসা ^{কর্বা} আজকে আমরা কি অবস্থায় এসে দাঁজিয়েছি। আজ আমরা এমন একটা অবস্থায় এ দাঁড়িয়েছি, যে মুধামন্ত্রীর এক, একটা অন্তৎ কাজে, আমাদের বিপণু করে তুলেছে। ^আ মুখ্য মন্ত্রী মহাশর্ম যেন একটা ফুটবল থেলার আম্পায়ার হয়ে বসেছেন। মুখ্যমন্ত্রী এইট স্টেটমেণ্ট দিলেন যে পশ্চিমবঙ্গে যে দাঙ্গা হয়েছে, তা রিফিউজিবা করেছে। এই র^{রা} কথা তিনি বলেছেন এবং প্রদেশ কংগ্রেসের অতুন্য ঘোষ মহাশরও বলেছেন। ^{প্র} কারণ যে রিফিউজিদের পশ্চিম বঙ্গে রাখা উচিত ন্ম, যদি থাকে তাচনে তাবা এখাঁ দুর্ঘটনা ষটাতে পারে, অতএব ভারতবর্ষের অন্যত্ত তাদের সরিয়ে দাও। কিন্ত ^{এটি} ছিজ্ঞাসা করি জানসেৰপুৰে বা রুরকেল্লায় বা রায়গড়ে যারা রায়টকবেছে তারা ^{কাবা}ুঁ তারাত বাঙ্গালী ও নয়, রিফিউজিও নয়। অতএব মুখ্যমন্ত্রী মহাশয় যে থিওরি ফ^{ব্মুনৌ} ■রলেন, যে অসত্য ভাষণ করলেন, তা প্রমান হয়ে গৈল, তার মুখের উপরই বিহাব ^{এব} উড়িষ্যার মানুষর। এটা ছড়ে মেরে দিয়েছেন।

[5-35-5-45 p.m.]

কিন্তু সেদিন যখন কমিউনিস্ট পার্টি স্পোকসম্যান বললেন যে ওখানে মশলমাননিধন হয়েছে ঠিকই। কিন্তু তার প্রতিক্রিয়া পাকিস্তানে কি হতে পারে সে সম্বন্ধে তিনি কথা বলার **পরে** মখ্যমন্ত্রীকে যে ব্রিজ থ্রো করেছিলেন দেই ব্রিজ থেকে মখ্যমন্ত্রী পেরিয়ে এলেন। তিনিও বললেন হাঁ। পাকিস্থানে এর সাংঘাতিক প্রতিক্রিয়া হবে। কিন্তু আজ আমি জিজ্ঞাসা করি যে স্বাসন্ত্রীর মত মানুষ যদি বলেন যে বেল্বরিয়ায় যে ঘটনা হয়েছে সেই ঘটনা পাকিস্তানে দারুণ প্রতিক্রিয়া হবে এবং তা যদি পাকিস্তান রেডিও বলে। এবং আজ যদি মুধামন্ত্রী সেখানে থেকে রিগুল আউট করতে চান যদি দুটি ইউনিয়ন ক্যানিস্ট ইউনিয়ন ও কংগ্রেস ইউনিয়নের ঝগড়া তাহলে যেদিনকার ফেটমেণ্ট-এর সঙ্গে আর আজকের রিগল **আউটের** যে ব্যবস্থা তার কোথায় মিল বইলো দ্যাব ? এই হচেছ আমার মুখ্যমন্ত্রী সম্বন্ধে অভিযোগ, আজ কোথায় আমরা এসে দাঁড়িয়েছি আজ একটা সাংঘাতিক অবার্ত্যান ভিতর দিয়ে **যাচিছ** গ্যার আপনি জানেন আমাদের যে ইণ্টারন্যাল সিস্টেম সে ভেঙ্গে যাওয়ার মত আজকে অবস্থা। আমরা যেন একটা ভলক্যানোর সামনে এসে দাঁডিয়েছি। **আজ**ু সরকারের উপরে আমি এগানে যারা সন্ত্রীমণ্ডলীর ভিতর রয়েছেন তাদের আমি ইনকগনিসিও ষেতে বলি যে দেখুন তার। সরকারের পক্ষে কতগুলো লোক বলে। কংগ্রেস পার্টি ১৯৬২ সাল ভোট পেয়েছে তাদের মিগরুল কবার কনসাঁটটিউশান্যাল রাইটকে আমি অধিকার করি না। কারণ সে রাইট তাদের রযেছে। কিন্তু তা সত্তেও আমি জিজ্ঞাসা করি যে এই দবছরের ভিতরে কতটা পরিবর্তন হযেছে। জিগুলা করুন যে সাধারণ মানুষের বিশ্বাস তাদের রয়ে**ছে** কিনা? জিজ্ঞাসা ককন যে সরকারী কর্মচারীদের বিশ্বাস এই সরকারের উপরে রয়েছে কিন। ? পুলিসী জুলুম এমন একটা জায়গায় এসেছে সে কথা বলে বোঝানো যায় না। আজ যেন মনে হয় প্লিস মন্ত্রী কথা অনুযায়ী চলেন না, মনে হয় সরকারের কোন নীতি নেই। আমি হাবড়ার কথা আবার তুলি। হাবড়াতে একটা উন্নান্ত সম্মেলন হল, সেই উদ্বাস্থ সম্মেলনে যারা পুর পরিচিত মানুষ তারা গেলেন যেমন পরিচিত সাংবাদিক, পরিচিত বাজনৈতিক কন্মী সমাজ সেবী তাবা সকলে গেলেন কিন্তু সেই সম্মেলনকে ভেঙ্গে দেওয়া হল। সন্মেলনের ওখানে ১৪৪ ধার। জারী করে ভিতরে থে ক্রোজড ডোর মিটিং সেই মিটিং ভেঙ্গে দেওয়া হল। নেয়েদের চুল ধরে টেনে বের করে দেওমা হল। সেখানে একজন বিশিষ্ট সাংবাদিককে গ্রেপ্তার করা হল, যুগান্তর পত্রিকার ফটোগ্রাফাবকে এগবেস্ট করা হল। কিন্তু আমি জিজ্ঞাসা করি गাবা এই ধবণের আইনসঙ্গতভাবে ১৪৪ ধারাকে মেনে **নিমে** তারা যে ক্রোজড ডোর মিটিং করতে যাচিছল সেখানেও তারা অত্যাচার করেছে। কিন্ত হাবড়াতে যথন স্মভাঘবাদী জনতা আজ সেখানে পাবলিক মিটিং করে বলে যে এখানে পশ্চিমবাংলা সরকার নাই-এখানে আজাদ হিন্দ সরকাব প্রতিদা হয়েছে এই যে সামনে দাঁড়িয়ে রয়েছে পুফুলু সেন–কুকুব এদের আমর। মানিনা। আমি জিজাস। করি এই ধরণের কথা এই **ধ**রণের দম্ভউক্তি যারা করেন সেগানে আচরণের ভিতবে তারতমা দেখা দিচেছ কেন ? হয় এই স্মভামবাদী জনতা ভার। যে কাজ গুলি করছে সে কাজগুলির সরকারের সমর্থন রয়েছে, তাকে তার। লেনিযে দিচেছন অথবা এদের দমন করতে তারা অক্ষম। এখানে আমি আরেকবার যখন হাবড়াতে ৰোধ হয় আনন্দবাজার কাগজ তারা পুড়িয়ে শে সম্বন্ধে কিছুই জনিনা। কিন্তু এখানে আনন্দবাজার কাগজের অফিস আক্রমণ করেছিল তথ্য কোখায় ছিল পুলিস। এখানে দাঁড়িয়ে যথন ফতীন বাব প্রশা তুলেছিলেন মুধ্যমন্ত্রী তাৰ জবাবে বলেছিলেন যে এটা একটা ল এটাও অর্ডারএর যদি প্রশু হয় তাহলে আমি দেখব। কিন্তু তার পরে ৬ মাস চলে গেল। স্যার, আজ ছাত্রদের ভিতরে **অসন্তোষ** ্রানিকদের ভিতরে অসন্তোষ, শিক্ষকদের ভিতবে অসন্তোষ রয়েছে—এমনি একটা জায়গায় এসে দাঁড়িরেছি যে সব দিকে অসস্থোষ। একটা হিংসায় উন্মত্ত কুাইমেট চারিদিকে গড়ে উঠেছে। আজ এমন একটা জায়গায় আমরা এসে দাঁড়িযেছি। আমাদের <u>পুর্বস্থার জন্য যে মন্ত্রী সভা দায়ী সেই মন্ত্রী সভার যে বিল আনাদের সামনে এসেছে</u> উাদের সেই এ্যাপ্রোপ্রিয়েসান বিনকে আমি স্বীকার করতে পারছি না। আর একটা ক্ষা বলে আমি আসন গ্রহণ করব সেটা হচেছ স'সদীয় গণতন্ত্র সম্বন্ধে বার উপর ডেমোক্র্যাসি দাঁড়িয়ে পাকে। এ একটা ফিটিন, যেমন কুমোর তার প্রতিম। গড়ে তুলে

সেই প্রতিমা যথন মন্ত্রপুত: হয় তথন সে তার কাছে বর চায়। আমাদের এই সংসদীয় গণতন্ত্র পার্নামেণ্টারী ডেনোক্র্যাসিও এই ধরণের একটা ফিটিশ। স্পীকারের উপর সন্ধান দেখান - উচিত। কিন্তু আজ অত্যন্ত লজ্জার কথা যে মুখ্যমন্ত্রী বা বিজয় সিং নাহারের নত মন্ত্রী স্পীকারের সঙ্গে, আনি সেদিন ওখানে বসেছিলাম, যে দুর্ব্যবহার করেছেন তা অত্যন্ত পরিতাপের বিষয় এবং আনি এতে মনে করিয়ে সংসদীয় গণতন্ত্রের উপর মানুমের সিশ্বাস কমিয়ে দিলেন।

Mr. Chairman: You should not make any reference to the Speaker of the other House.

The Hon'ble Jogannath Kolay: Reference to the Speaker should be expunged.

Shri Narendra Nath Das:

তারপর গ্যার, আমন। গান্ধীজাঁব কাছ থেকে হবতালের কথা শুনেছি বা শিখেছি। যথন জালিয়ান ওয়ালাবাগের উপন হরতাল হল তথন এটাকে একটা সলেম ডে হিগাবে এছণ করা হয়েছিল। আজ এখানে একটা খাওয়ার আনন্দ উৎসব হয়েছে। আনন্দ উৎসব হলেছে এইজন্য যে মুখ্যমন্ত্রী বখন মাণ্য বিতরণ করতে যান তথন এটা বোঝা যাচেছ যে এটা শলেম ডে নয়, এটা শোক দিবস নয়, এটা আনন্দ দিবস। এটা যথন পুরাতন ক্রেণ্য করে তথন লজ্জায় মাথা নত হয়ে যায়। আজ আনি আবার বলছি যে তাদেব কন্সিটিউসন্যাল রাইট রবেছে টু মিসকল এবং আমাদের মোবাল রাইট রবেছে টু বিছেই দ্যাট মিসকল। যদিও আমার কন্সিটিউসন্যাল রাইট নেই কিন্ত রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে আমি এই বিলের বিবোধিতা কবছি।

Shri Gopal Halder:

শুদ্ধাম্পদ সভাপতি মহাশয়, আজকে এই অর্থ মঞ্জুরী বিলেব আলোচনায় যোগদান কবতে পিয়ে স্বভাৰতঃই আমি সন্ধৃচিত এবং দ্বিধাগ্রস্ত ইচিছ। কাৰণ, অনেক দিন আমি দেশে ছিলাম না। ত। ছাড়াও এমন উত্তপ্ত আবহাওয়াব মধ্যে আলোচনা চলছে যেখানে আলো উত্তাপ সঞ্চাবিত না করাই ভাল, আর যেন বিপদ না ঘটাই সেজন্য সাবধান থাকতে চাই। আমার নতুন কোন স্ক্রাণ্ডেলএর কথা নতুন করে উৎপাপন করাব নেই কোন গোপন তথ্যও আমি ফাঁস করতে পাবব না। শুধু সাধারণভাবে এই বিল সম্বন্ধে আলোচনা কৰতে পিয়ে সরকাবের কাছে আপনাব মাধ্যমে কতগুলি কণা নিবেদন করতে চাই এবং আমি আশা করব তাঁবা সে সম্বন্ধে অবহিত হবেন। আমি যাবাব সময় দেখে গিযেছিলাম যে দেশের মধ্যে একটা বিপূল উঞ্চীপনা এসেছে। সেই উদ্দীপনা ক্রমশঃ কোন স্তপ্য ন। পেয়ে আন্তে আন্তে ন্তিমিত হনে আসছে। তথনই হনত প্রমাদ গুণেছিলাম যে ভাল লক্ষণ নয়। এবাবে আমি আমাব নিজেব কথাটা একট বলি। বিদেশে থাকতে ग জনভব কবেছিলাম সেট। হচেছ গত ১৩ই জানুষাৰী আমি লেলিনগ্ৰাদ খেকে প্ৰত্যাবৰ্তন করার পথে দেশের দিকে কিবতে শাফি। ১২ তাবিখে সন্ধ্যা বেলায় আমার প্রতিবেশী একটি রুণ্যবক, তিনি সেধানকার ইতিহাসের শিক্ষক, খানাকে বললেন মিঃ হালদার, তেরি ব্যাড নিউজ ফুব ইউ, বি বি গি কাল সন্ধায় জানিয়েছে যে কলকাতা শহবে হিন্দু মুসলমানেৰ মধ্যে বিরাট সঙ্ঘর্ষ চলেচে এবং সেধানে মাশাল ল জাবি হয়েছে। ১৯৪৬ সালেও আনন ৰাশাল ল দেখিনি। কাজেই আমি বিশেষভাবে চমকিত হলাম এবং অতান্ত শংকিত হলাম। তাঁকে আমি জিজ্ঞাস। করলাম তোমাদের বেডিওব কোন খবর আছে? তিনি বললেন শাধারণতঃ পাকিস্তান হোক আর আমাদের ভারতবর্ষই হোক শেখানকার হিলু মুসলমানেব দাঙ্গা সম্পকিত কোন ব্যাপার আনাদের দেশের লোকেব কাছে আমাদের সরকাব প্রি-বেশিত করতে চান না। কারণ, তাতে দেশেব লোকের মনে ভারতবর্ষ এবং ভাবত্রার্চন লোকের সম্বন্ধে একটু শুদ্ধার অভাব ঘটতে পাবে। তাবপব ১৩ তাবিখে আমি ^{নক্ষো} এলাম। সেধানে আমার দেশীয় বন্ধদের সঙ্গে সাক্ষাত হল, এবং রুশীয় বন্ধদের সঙ্গেও সাক্ষাত रुल।

[5-45-5-55 p.m.]

এবং তাদের থেকে আমি কিছ্ কিছ্ দেশীয় কাগজ অমৃতবাজার প্রভৃতি দেখার সোভাগ্য লাভ করেছিলাম এবং তাতে করে জানতে পারলাম যে কোলকাতার অনেকগৃলি ভাল ভাল জারগার কারিফউ রয়েছে। মিলিটারী রয়েছে এবং হয়ত অনেক রকম গোলযোগ রয়েছে কিন্তু সেই সংগ্র আমি যা জানতে পারলাম তা হচ্ছে আমাকে জিজ্ঞাসা করলেন রুশ বন্ধুরা, হয়ত পাকিস্তানের রেডিও কোট করে তাঁরা বলছেন যে পশ্চিমের রেডিও বলছে

one-third of Calcutta has been burnt down

est one lakh of Muslims have been killed in Calcutta

আমি বিশেষ রকমের শৃৎ্পিত হলাম এবং আমার ব্যুবতে দেরী হল না যে এটা অত্যুক্ত পরি-কল্পিত এবং বিকৃত থবর কিন্তু তথনও পর্যন্ত অন্য কোনরকম সংবাদ সংগ্রহ করার আমার সাম**র্থ** ছিল না। সেখান থেকে আমি বালিনে এসে শুনলাম যে ১৫ দিন যাবং ওয়েন্ট জার্মাণীর ব্রডিও টেলিভিশান দেখানো হচ্ছে কোলকাতায় বাডী ঘর পড়েছে এবং তাতে বলা হচ্ছে িসদ্টার তেরেসায় যে লেপার এ্যাসাইলাম রোগীদের জন্য আশ্রয় তৈরী করা যাচ্ছিল ক্যাল**কটো** ক্রপোরেশন তা বন্ধ করে দিচ্ছে এই রকম প্রচার ১৫ দিন যাবং ওয়েস্ট জার্মাণী রেডিও করে সাচ্চে বোনে এবং টেলিভিশানে সেই সব বার্ণিং-এর দুশ্য দেখানো হচ্ছে। এর পরে **আমি** লণ্ডনে গিয়ে শুনলাম, আমার ভারতীয় বন্ধুরা বল্লেন যে আমরা শেষ পর্যন্ত হাই কমিশনারে**র** অফিসে গিয়ে প্রতিবাদ করতে বাধ্য হয়েছিলাম। আমার ভারতীয় বন্ধরো বঞ্জেন যে ১৫ দিন যাবং বি বি সিতে শুখু একথা জানা যাচ্ছে যে কোলকাতায়, পশ্চিমবাংলায় একটা বড রকমের निधन यस्क हत्लाइ अवर न्वजावज्ञा राज्ये निधत वीन राष्ट्र नाधातगजात मरथालघा मन्धनास । ১৫ দিন যাবং এই প্রচার চলেছে, অবশ্য ভাগ্যক্রমে ঠিক তখনই ভারতবর্ষ এবং পাকি-স্তানের অধিবাসীরা একত হয়ে একটি সভা লণ্ডন শহরে আহন্তান কর্ম্ব ছলেন **এই** লংগাহাজ্য মার ব্যাপারে এবং গোলযোগের প্রতিবাদে এবং এ্যাক্সিডেণ্টালী আমাকে **সেই** সভায় সভাপতি হতে হয়। সেই সভায় ভারতবাসী যাঁরা ছিলেন তারাও বক্ততা করেন এবং প্যাকিস্তানীরাও বক্ততাও করেন সেই বক্ততায় প্রথম আমি জানতে পারি আমার পাকিস্তানী বন্ধাদের মাখে যে তাঁদের বন্ধারা পরেবাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের জীবন রক্ষার জন্য আমীর হোসেন প্রভৃতি তাঁদের বন্ধরো যাঁরা এক সময়ে লণ্ডনে ছিলেন, তাঁরা কিভাবে জীবন দান করেছেন। ক্ষোভের সংগ্যে দৃঃথের সংখ্য অভিমানের সংখ্যে এবং লম্জার সংখ্য আমার পর্বে াংলার পাকিস্তানী বন্ধুরা যে ভাষণ দেন সেই ভাষণে বিস্মিত হলাম। তাঁদের সংখ্য আলাপে ব্*ঝ*তে পারলাম যে ব্যাপারটা কতথানি পর্যন্ত গড়িয়েছে। মন্কোতে আমি শ্বনতে পেলাম ্য খুলনা থেকে এই দাংগা সূত্র কিন্তু আমার পাকিস্তানী বন্ধরো আমাকে জানালেন যে সমগ্র পর্ব পাকিস্তানে এই দাৎগা বিস্তৃত হয়ে পড়েছে এবং সেখানে সংখ্যালঘ্রদের রক্ষার জন্য পর্ব পাকিস্তানের বন্ধুরা জীবন বিপন্ন করেও অনেক কিছু করবার চেণ্টা করেছেন। ক্ষোভের সংগ তাঁরা বল্লেন যে আয়ুবশাহীর বিরুদ্ধে আমাদের সংগ্রাম। বারবার যদি সেই সংগ্রাম বিপর্যস্ত হয়ে যায় তাহলে আমরা কি করে দাঁড়াবো? পাকিস্তানে হত্যাকান্ড বেশী হয়েছে। সেজন্য আমাদের পশ্চিমবাংলায় হত্যাকাণ্ড করবার অধিকার আছে এটা কিন্ত আমার বন্তবা নয়। বরং আমার বন্তব্য হচ্ছে এই যে পশ্চিমবাংলার একটিও যদি সংখ্যালঘ**্র সম্প্রদারের** গোক উপদ্রত হয়ে থাকেন, একজনও যদি নিহত হয়ে থাকেন তাহলে আমাদের ক্রুলার কথা শোকের কথা, এবং মর্মাদাহ উৎপাদনের কথা—আমার মনে হয় কোন ভারতবাসী বোধ হয় এবিষয়ে দ্বিমত হবেন না। আমার বস্তব্য হচ্ছে, সমস্ত পশ্চিম ইউরোপ ব্যাপী আমাদের ভারতবর্ষের বিরুদ্ধে যেভাবে প্রচার হয়েছে এই দাণগাকে কেন্দ্র করে, ভারতবর্ষের শীবনযাত্রা, ভারতবর্ষের রাজনীতি, ভারতবর্ষের আদর্শ সমস্ত কিছুকে বিকৃত করে দেখাবার যে তেখ্যা চলেছে তার বিরুদ্ধে কি আমাদের সরকারের কোন কিছু করার নেই। একমান্ত আমি কভন ত্যাগ করবার প্রেম্হতের শনেলাম যে বি বি সি রেডিও হতে আমাদের হাই কমিশনারের কথাতে বলতে বাধ্য হয়েছে সে ঢাকাতে দাংগাহাংগামা এবং অনেক রকম দুর্ঘটনা ঘটছে। যাহো**ক** জামার বন্তব্য এইসব বিদেশী সংবাদ যাঁরা সরবরাহ করেন তাঁরা অনেকেই কোলকাতার থাকেন এবং এই বি বি সি বা ওয়েস্ট জার্মাণ টেলিভিসন বা রেডিও তাদের যারা সংবাদ সরবরাহ করে ষান, চিত্র সরবরাহ করে থান, কোলকাতার জ্বন্য চিত্র সেধানে দেখানো হরেছে। বি বি সি টেলিভিগনে ব্যাক্যাউও চিত্র হিসাবে এই সমস্ত কোলকাতার রিপোর্ট দেয়া হয়েছিল—এই সব চিত্র লগুনে দেখানো হয়েছে। এই সব চিত্র যাঁরা সংগ্রহ করে যান, এসব সংবাদ যারা কোলকাতা থেকে সংগ্রহ করেন আমাদের সরকার কি তাঁদের বিরুদ্ধে কিছুই করতে পারেন না ? জান্য দেশে আমি জানি যে এই রকম সাংবাদিকদের দেশ থেকে বিতাভিত করা হয় পার্গোনালী ননগাটা বলে বিতাভিত করা হয়। আমাদের সরকার কি এ বিষয়ে অবহিত আছেন বা একটু চিন্তা করে দেখেছেল যে কি করে এই রকম কোলকাতার সংবাদ অতিরঞ্জিত হয়ে বিকৃত হয়ে বিষোদ্গারিত হয়ে অন্যান্য দেশের কাছে পরিবেশিত হচেছ, যার দ্বারা আমাদের মানসম্বম শুধুনয়, আমাদের আদর্শ পর্যন্ত হয়ে যান্তর স্বাদ্ধিত হয়ে আমাদের আদর্শ পর্যন্ত হয়ে যান্তর।

আমি জানি আমরা আমাদের দেশের মধ্যে গহিত কাজ না করলে এমন স্থুযোগ তাঁরা পেতেন না। কিন্তু, তথাপি আমাদের সরকারের ত একটা কর্তব্য আছে, তাঁদের ত দেখার প্রয়োজন আছে,—এই সঙ্গে সঙ্গে আমার বলার প্রয়োজন যে আমাদের সরকারের এই প্রচারের ও প্রকাশের দিকটা যেটা বিদেশে গিয়ে প্রচারিত হচেছ, প্রকাশিত হচেছ, তা যেমন তাঁদের দেখা প্রয়োজন,—শুধু মাত্র কেন্দ্রীয় সরকারের উপর তার অর্পণ করে থাকা উচিত নেয়, তেমনি আমাদের দেশের মধ্যেও কি প্রকাশিত হচেছ, কি প্রচারিত হচেছ, সেটাও তাদের দেখা দরকার।

আজ অত্যন্ত ভ্রমানক অবস্থার কথা, আমার বন্ধুরা বলেছেন, আমি আর তার মরো বিশেষণ যোগ করে কঠিন করে দেখাতে চাইনা। সত্যিই আজ দেশের লোক বিদ্রান্ত বলে আমার মনে হয়। কেউ জানে না যে কোন দিকে, কোন বিষয়, কোন মিথ্যার মধ্যে তিনি জড়িত হয়ে পড়ছেন। এমন সময় যদি সত্যিই আমরা আমাদের রাষ্ট্রকে রক্ষা করতে চাই, এবং আমাদের আদর্শকে রক্ষা করতে চাই, অমাদের ডেমক্রেসির যে আদর্শ, তাকে রক্ষা করতে চাই, তাহলে আমাদের পুরোজন অত্যন্ত গভীর দৃষ্টির সঙ্গে দেখা যে কোথায় কোন কাজে ক্রটিগুলির অভাব এখনও থেকে যাচেছ।

হঠাৎ কোনখানে. কোন জায়গায়—হজরতবল মসজিদে একটা ঘটনা ঘটলো বা খলনায় তাব প্রতিক্রিয়া স্বরূপ একটা ঘটনা ঘটলো, এবং তার সঙ্গে সঙ্গে চারিদিকে যে হত্যাকাঁও সংঘাত হয়ে যাবে, অত্যাচার চলবে—এই যদি চলে তার কারণাটা কি? কারণাটা এই যে তার পর্ব মুহূর্ত পর্যন্ত সারা দেশের মধ্যে এমন সব কথাবার্তা প্রচাবিত হয়ে দেশের আবহাওনা তৈরী হুঁহের থাকে, যার হারা দুর্ভরা এই রুন্ম সব কাজ করবার জন্য পুশুর লাভ করে থাকে, বা স্থযোগ লাভ করে থাকে, আমার তাই বক্তব্য, আজ আমাদের সংবাদপত্তে যেরূপ সংবাদ পরিবেশিত হয়, তার প্রতি কি আপনার। নজর রাখেন । আপনার। কি লক্ষ্য রাখেন যে কি ভাবে সংবাদপত্রগুলি পরিচালিত হচেছ ? আমি অবশ্য সংবাদপত্তের স্বাধীনতাব পক্ষপাতী, একথা আমি বারবার বলি। যদিও আমি সাংবাদিক হিসাবে জানি যে আনাদেব এখানে সংবাদপত্রের স্বাধীনতার অর্থ হচেছ-এই সব দেশের সংবাদপত্রের নালিকের স্বাধীনতা. এটা সাংবাদিকের স্বাধীনতা নয়, দেশের জনসাধারণের স্বাধীনতা নয়, এবং যেটা সত্য, তা জানবারও দেশের লোকের স্বাধীনতা নেই। তথাপি আমি বলবো, সংবাদপত্রের উপর যে সরকার হস্তক্ষেপ করবেন, তা আমি চাই না। কিন্তু এমন কি, আপনার। করতে পারেন না. যে একটি কমিটি নিযুক্ত করুন, যে কমিটি হয়ত আপনারা এখানকার সভ্যদের নিয়ে গঠন করতে পারেন. যাঁর৷ দেখবেন যে দেশের মধ্যে যাতে সত্যি, সত্যি সংবাদপত্তের মারফং কিছা জন্যান্য পুচারের যে **শব যন্ত্র আছে**, তার মারফৎ কোন রকম জন্যায় আবহাওয়া স্ফটি হতে না পারে. থাতে আবহাওয়া বিঘাক্ত হয়ে উঠতে না পারে, সেদিকে তাঁরা দব সময় দৃষ্টি রাধবেন। আমার বিশেষ করে একথা বলবার কারণ এই---গত সপ্তাহের একটা সাপ্তাহিক পত্তে একটা গল্প বা একটা ধারাবাহিক উপন্যাদের এই জিনিষট্ক আমি পাঠ করলান। আমি কারও নাম বলবো না। কারণ আমি কারও বিরুদ্ধে প্রচার করতে চাই না। লেখকের নামও বলবো না। তিনি হয়ত স্থলেখক হতে পারেন, তা আমি স্বীকার করি, এবং সাহিত্য বে সাহিত্যই এটাও আমি স্বীকার করি। কিন্তু তাতে যখন দেখান হয় যে একছন **দিঠাবাৰ হিন্দু ব্ৰাহ্যণকে মোল্লাচক বা মোল্লাদহ নাকি একটি গ্ৰানে মসলমানৱা তাকে** ভৌর

করে ধরে তার মুখে গরুর মাংগ পুরে দিয়ে, তার পৈতে ছিঁডে দিয়ে, এবং নান। রকম ভাবে তাকে বিপর্যন্ত করে তাকে হেনস্থা করা হচেচ, তখন এ থেকে দেশবাদীর মনে কি ভাবৰারা উপস্থিত হতে পারে, সে কথা আপনাব। একবার চিন্তা করে দেখুন। এই রকস স্ব গ্রেপ্র মাধ্যমে যদি এই রকম ধরণের দৃষ্টান্ত পবিবেশন করা হয়, তাহলে কি রনোভাব দেশের মধ্যে স্টেই হতে পারে? সে বিষয় আপনার। কি অবহিত হবেন না? কোন বাৰুণে 🕯 সামনে দাঁড়িয়ে আমরা আওণের ফুলকি নিয়ে খেলা কবছি, তা কি আপনারা ব্রুতে भारतन ना ? < < > विषय अभिनाता कि अविषिठ रुदन ना ? जागांत এই ७५ वक्तवा त्य এটা অত্যন্ত কঠিন কাজ, অত্যন্ত দুর্দৈব কাজ, কোন দেশ, কোন দল, সে কংগ্রেস দলই ক্ষ নয়, কোন দলই টিকবে কিনা সন্দেহ, এমন কাল সমাগত হচেছ। আজ সেই দ্ধি কোণ সন্মুধে বেখে, আমি গভর্নমেণ্টের কাছে আবেদন করবো আপনাবা দেশের ভাবহাওমা পরিবর্তনের জন্য বিদেশে কি প্রচারিত হচেচ এবং ম্বদেশে কি প্রচারিত হচেছ সে সম্বন্ধে অবহিত থাকুন। সমস্ত দেশের দলকে একত্রিত করে, স্লুষ্টু সংলোককে এক্ত্রিত করে আপ্রাবা চেষ্টা ককন বাতে আজকে এদেশে সতি৷ সতি৷ আমাদের খে আদর্শ, তা রক্ষিত হতে পারে। এবং যাতে আমাদেন সেকুলার রাষ্ট্রের আদর্শও সন্মান বক্ষিত হতে পারে, তাব জন্য আপনারা চেষ্টা করুন। ডেনোক্রেদির আদর্শ আমাদের রাষ্ট্রে ৰা স্থাপিত হয়েছে, তা যেন ধ্বংস হয়ে না যায়, তা যেন বিপর্যন্ত হয়ে না যায়। এই কর্ম অবস্থা যেন দিনের পর দিন এখানে স্ফটি না হয়, সেটা আপনারা দেখবেন। এই আলোচনা উপলক্ষে, আপনাদের কাছে শুধু এইটুকুই নিবেদন করতে এসেটি, কাউ मगात्नाठना कत्रवीव जना नग्न।

[5-55-6-6 p.m.]

Shri Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশ্য়, আজকে আপনার মাধ্যমে এই বিল সমন্ধে কতকণ্ডলি প্রয়োজনীয় দ্বিন্য বলতে চাই। আপনার ২ নম্বর আইটেম-এ রয়েছে ৫ কোটি টাকাব উপর জমিদারী এাবোলিসান-এর ফলে খেসারত দেবার বাবস্থা হযেছে। কিন্তু এট বিভাগের কাজ যে শমুক-াতিতে হচেছ ত। আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি। স্ততরাং এ শ্বর্থনে, আমি সরকারকে বিশেষ অবহিত হবার জন্য বলচি। জমিদাবী থেসারতী থে দওয়া হচেছ তার সম্বন্ধে যারা পরিচালনা কবছেন, তারা এত বীরে বীবে পরিচালন। ক্ৰছেন যে তাতে তারা অনেকেই জীবদ্ধশায় থেসারত পাবেন কিনা সে বিষয়ে আমার শলেহ আছে। অথচ এত টাকাৰ কেন ব্যবস্থা করা হচেছ। দ্বিতীয় কখা হচেছ পলিসের শঘদে, যেটা হচেছ প্রায় ১১ কোটি টাকার মত দেওয়া হচেছ, আমি পুলিশের কার্যকলাপ খামার ওঝানে যা দেখি, চোর ধরতে পারে না, খুনী আসাদী ধরতে পারে না। তারা ঘুদ शाः, घष थ्रियः भनी जानाभीटक शानाम प्रवांत (DE) करन। এবং চোপেন गामरन प्रिर्नेत বেলায় চুরী হচেছ তাও সেধানে তার। ধরতে পারে না। অধচ পূলিসেব প্রশংসায় পঞ্চর আনাদের সরকার। তারপরে আনার তৃতীয় কথা হচেছ এডুকেশন সম্বন্ধে। আমি দেখছি এডুকেশন–এর জন্য ২৩ কোটি টাকার উপরে দেওয়া আছে। কিন্ত চারদিকে শিক্ষক-দের যে আন্দোলন হচেছ এবং প্রথম যেটা আমি দেখতে পাচিছ যে এডুকেশন–এর জন্য যে বরচ হচেছ—এই বাবে হারার সেকেণ্ডারীতে রবীন্দ্রনাথের ''তোতাপার্থী'' পাঠ্যের মধ্যে শাছে। সেই তোতাপাধীই পোঘা হচেছ। বড়বড় সোনার খাঁচা তৈরী করা হয়েছে এবং সেইটা দেখান হচেছ। চারদিকে মামার দল তার প্রশংসা করছেন আর ছেলেদের এমন বই-এর চাপ দেওয়া হয়েছে তাদের কাগজ গেলান ছাড়া আর কোন কাজ নাই। শতরাং তাদের এই ভবিষাৎ দৃষ্টি যেটা সেটা আমার প্রফোটিক দৃষ্টি বলেই আমাব মনে হচেছ---তারা তোতা পারী পুষছেন, এবং মন্ত্রীরা তাদের প্রশংসা ওনে বেশ আনন্দ অনুভব করছেন। পাৰলিক হেলখ-এ নেডিক্যাল-এ যে সমস্ত খরচ হচেছ---আনি জিজ্ঞাস৷ করতে চাই যে শরকারী যত হাসপাতাল আছে দেখানে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়েছে কি না ? শামি আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি এবং আমি নিজে গিয়ে শনত যুৱে খবর নিয়ে দেখেছি যে সেখানে কোন হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ এবং যন্ত্রপাতি নাই। সফ:স্বলের সরকারী হাসপাতাগগুলির কথা বনছি। আমি বলছি শ্রীরামপুরের স্থাসপাতাল, চুঁচুড়ার হাসপাতাল—এই রকম হাসপাতালে প্ররোজনীয় ঔষধ তাঁরা পান না। অথচ এঁরা বলছেন যে আনরা খুব উনুটুতি করেছি, চিকিৎসার স্থাবস্থা করেছি। কিন্ত হাসপাতালে রোগীর সংখ্যা কত তা তারা ধবর নেন কি? আছকে দেখা যায় যেখানে ৭০টি বেড সেখানে ১৭০টি রোগী পড়ে আছে। অধিকাংশের কোন বেড-এর ব্যবস্থা নাই। যার। অত্যত্ত সদয় চিকিৎসক তারা রোগীদের হাসপাতালে নেন—এই ভাবে নরক গুলজার করে হাসপাতালগুলি রয়েছে।

তার পরে আমি এগ্রিকালচার সম্বন্ধে কিছু বলতে চাই। চাকা অনেক দেওয়া হয়েছে। কিন্ত এগ্রিকালচার-এর যেটা প্রথম কথা সেটাই আমি বলতে চাই। চেপ্তার বালুস বে বই বে নেকিং অফ এ জাস্ট সোসাইটি তাতেই বলছেন যে আগে জমি তাল করে ভাগ না দেওয়া হয়। প্রত্যেক চাষীকে অন্ততঃ এভারেম্ব ও 'একরশ–জনি না দেওয়া হয়ে তাহলে পরে কোন কালে এগ্রিকালচার উন্ত করা যাবেনা। সেটা জাপানের দুটান্ত দিয়ে তিনি দেখিয়েছেন। জাপান কতবার চেষ্টা করেছে যাতে চাঘের উনুত হয় কিন্তু তার। পারে নি। পরে যখন তার ল্যাণ্ড ডিম্টিবিউশান ভাল হয়, জমি সম্যুকভাবে ভাগ করে দিতে পারল তথনই সেটা সম্ভবপর হবেছে। সেই কথাটার প্রতি আমি তাদের বিশেঘকরে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটা বিশেষ জিনিস বলতে চাই সেটা হচেছ হগুলী মহুনীন কলেজের প্রিন্সিপ্যাল যে নীতি আবদ্ধ করেছেন তাতে ছাত্রদের বর করবার জন্য আমার মনে হয় আর পুলিস অফিসারের দরকাব নেই। একজন পুলিস অফিসারকে সেখানে বসান হয়েছে। তিনি ছাত্রদের বিতাড়িত ত্বতেন ধর্ম ঘটের অভুহাতে। কিন্তু যাবা ধর্ময়টে যোগ নিনেতে—একদল ছাত্রের পক্ষ হয়ে খাব একদল ছাত্রকে তিনি কলেজ থেকে তাড়াচেছন এবং যারা অযোগ্য বলে বিবেছিত হয়েছে, যে সব ছাত্র পৰীক্ষায় অনুত্তীৰ্ণ হয়েছে তালের তিনি পাশ করিয়ে দিখেছেন এবং তাদের এ্যালাও করেছেন এবং যেসব ছাত্র যত পরীক্ষা দিতে পারেনি উত্তেহ তিনি বিরোধী পক্ষের ছাত্র বলে সনে করে কোন জন পরীক্ষা দেবার অনুমতি তিত্তিন না। এইভাবে তিনি কলেজের মধ্যে শিক্ষকদের মান্য বেশ ভেদ নীতি চালিবেলে। এই হুগুলী মহসীন কলেজে একবারে ৰন্ধিম চল্ল ভাউনা করেছিলেন। সেই কলেজ আজ কি অবস্থায় এসেছে সেটা দেখবার মত আজকে 😳 পত্রে সে সম্বন্ধে নানা লেখা, প্রবন্ধ বেরিয়েছে। আমি বিশেষভাবে শিক মন্ত্রী মহাণ্ড্রে: বৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই সম্বন্ধে ভালকরে অনুসন্ধান করে দেখন বে হগলী কলেজেব ব্যাপারটা কি চলেভে।

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ এই এ্যাপ্রোপিনুয়েশন বিল উপলক্ষে আমি কিছু বলতে চাই।
শূীযুক্ত, শাশাক্ষ শেবর সান্যাল মহাশয় যে বিপাদের সক্ষেত দিয়েছেন সে সম্বন্ধে আমাদের মন্ত্রী
মণ্ডলী যাতে অবহিত হন এবং যাতে বর্ডার প্রান্তের নিরাপত্তা রক্ষা করবার বাবলা
করেন সেজন্য আমি তাঁদের অনুরোধ জানাচিছ। আমরা সংবাদপত্রে যেভাবে সংবাদ পাই তাতে
জানতে পারি যে আমাদের শিয়বে বিপদ উপস্থিত হয়েছে। কিন্তু আজকে অর্ধেপু নম্বর
মহাশয়ের উল্লেখ থেকে যেটা বুরতে পারলাম সেটা হচেছ এই যে তাঁরা এই বিঘয়ে
সঙ্গাগ নন। গামি আগেই বলেছি ভিজিলেন্স ইজ দি প্রাইস অব লিবাটি। কিন্তু এগানে
আমরা দেবতে পাই নিজেদের বর না সামলে আজকে শিক্ষকদিগের মধ্যে, শুমিকদিগের
মধ্যে, ছাত্রদিগের মধ্যে সরকারের বিরুদ্ধে নানা রক্ষের অসান্তোম স্মষ্ট করা হচেছ।
আজ যেবানে বর্ডার সম্পর্কে সতর্ক হণ্ডয়া উচিত সেখানে সেই বিঘয়ে সতর্ক না হয়ে
যরের মধ্যে বিপদের সন্তারনা স্মষ্ট করছে। এটা রাজনৈতিক নয়, এটা মোন্ট অরাজনৈতিক ব্যাপাব বলে আসি মনে করি। আজকে যাঁরা শাসন তক্তায় বন্দে আছেন তাঁণের
মধ্যে একজনেরও রাজনৈতিক বৃদ্ধি আছে কিনা সেই বিঘয়ে সন্দেহ রয়েছে। আমার মনে
হয় বৃদ্ধির বিগদ্ধির এঁদের মধ্যে ঘটেছে। তা না হলে আজকে সংবাদপত্রে দেখতে
পাচিছ যেভাবে পাকিন্তান চীনের সহযোগিতায় ভারতবর্ধকে বিপর্যন্ত, বাংলা আসার এই
ক্রিপরা এই সমন্ত রাজ্যগুর্ভনিকে বিপদাপন্ন করবার চেট্। করন্ত্র, তানের মধ্যে যেতাবে আর্থী

ৃষ্ধতি চলেছে, যেতাবে তারা সৈন্য সংগ্রহ করছে তাতে আমাদের দিক থেকেও সেই
ৃষ্ধতি চলত। কিন্তু সেই প্রস্তুতি নেই। অতুলা ঘোদ মহাশ্য নাকি মালদহ, মুশিদাবাদ
জলায় গিয়ে সেখানে গীমান্ত বাহিনী করবার চেটা করছেন। তিনি মুখে বলছেন,
কন্তু সে সম্পর্কে আমাদের সরকার কোন ববেস্থা করছেন কিনা আমরা জানি না।
মামার কথা শুনে আমাদের স্বায়ত্থশাসন মন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহাশয় হাসছেন। কিন্তু
মামাদের এই বিপদ সম্পর্কে তাঁরা মোটেই সজাগ নন। আজ দেশের মধ্যে একাট্রু বিপদ
ছ্রেছে, যাদের উপর শাসন তার রয়েছে. নিরাপতার তার রয়েছে তাঁরা সে সম্বন্ধে সজাগ
ন। আজ ৪ কোটি লোকের জীবন বিপদাপনা। গভর্মমেণ্ট এই বিষয়ে কোনরকম
নতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করছেন না।

[5-5-6-15 p.m.]

মাজ আপনি যে কোন লোককে জিপ্তাসা করুন, সকলেই বুঝতে পারছেন আমাদের মধ্যে বিপদের ভয়য়র ঝুঁকি রয়েছে অথচ আমাদের সরকাব, যাদের উপর শাসনের ভার রয়েছে, নিরাপত্তা গ্রহণের ভার রয়েছে তারা কোন রকম আয়োজন করছেন না। বর্ডারে পার্কিস্তানের যে সংবাদ পাই সংবাদপত্তের মাধ্যমে সেধানে দেধতে পাই কি. আজকে আনন্দবাজার, অমৃতবাজার, যেগুলি কংগ্রেসী পত্র সেগুলি পড়লে পর দেধতে পাই আছ একদিক থেকে হিন্দু বিতাড়ন হচ্চে পাকিস্তান থেকে আব এক দিক থেকে কোন-বকম প্রস্তুতির আয়োজন নেই, যেন মনে হয় আমরা হিন্দু যারা হাজার বৎসর ধরে পরাধীন ছিলাম, আমাদের মধ্যে রাজনৈতিক বোধ কিছুনেই। বরং আমি আয়ুবধানকে পুশংসা করি, এজন্য প্রশংসা করি তিনি বলেছেন আমি সৈনিক, আমি প্রাকটিকাল মান

t am a practical man. I am not a theoratician, I am not a religious preacher. I am a practical man.

আমি দেশের কল্যাণ যা বুঝবো সেইভাবে কাজ করে থাখো, অধচ আমার্দের এখায়েশ লকলারিজমের ধোঁকা দিয়ে আজ এমনভাবে অগ্রসর হচেছ যে লকুলারিজম জিনিসটা আছে বলে আমাদের মনে হয় না। আমি জানি ইংলও, আমেরিক। সেকলার সেটা---আমি জানি গেখানে যে শিক্ষা দেওয়া হয় তার মূলমন্ত্ৰ হচেছ খু প্ৰান তৈরি করা এবং আমরা রাজনৈতিক পার্টি দেখি খণ্টান ডেমোক্রাটিক পার্টি। তারা নিচ্ছের দেশকে, কৃষ্টিকে, সাংস্কৃতিকে বৈক্ষা করে। আর আমরা আমাদের সাংস্কৃতিকে, ধর্মকে, কৃষ্টিকে বিসন্ধান দিয়ে সেকুলার হতে চাচিছ্। আমরা চাই একদিকে থেকে পাকিস্তান তোঘণ নীতি, আর এক দিক থেকে হিন্দু নিপীড়ন নীতি এবং এটাই হচেছ আমাদের সেক্লারিজম। ১৭ বছর ধরে এই ভাবে আমাদের দেশকে শাসন করা হচেছ, অথচ এই ১৭ বছর শাসনের ফলে আমরা কি শক্তি সঞ্চয় করতে পেরেছি? চীন আমাদের চোধ খুলে দেখিয়ে দিয়ে গেল থে আমর। ক্ত দুর্বল। আজকে লোকসভায় যে সমস্ত আলোচনা চলেছে তাতে দেখতে পাই যে **আজকে** আমাদের দেশরকার জন্য যে সমস্ত ব্যবস্থা করা হচেছ—যেমপাতি যুদ্ধান্ত তৈরি করার যে ^{ব্যবস্থা} তা অত্যন্ত ডিফেকটিভ এ বিষয়ে আমরা একেবারেই সজাগ নই। এখনও পর্যন্ত আমাদের প্রস্তৃতির আয়োজন চলেছে। চীনের হাঙ্গামা ২ বছর হয়ে গেল কিন্তু আমাদের অস্ত্রসন্ত্র যা দেশের ^{মুখ্যে} একটা যুদ্ধের প্রস্তুতি বা প্রেরণার সাড়া জাগাবার কোন আয়োজনই দেখতে পাচিছ্ না। আমি ^{শিকাম}গ্রীকে বনছি যে পাকিস্তানে আজকে প্রত্যেকটা ছেলেকে রাইফেল শিক্ষা দেয়ার ^{ব্যবস্থা} হচেছ। আমি এখানে শিক্ষামন্ত্রীর কাছে প্রস্তাব করেছিলান যে আমালের দেশে ^{বাায়ামকে} বাধ্যতামলক করা হোক কিন্তু তিনি বলেছিলেন আমাদের সঙ্গতি নেই। **আজ**কে ^{ব্যারামকে} বাধ্যতামূলক করার দরকার হয়ে পড়েছে প্রত্যেক স্কুলে। ছাত্রেরা যাতে সবল ^{স্যে} দেশকে রক্ষা করতে পারে সে বিষয়ে আমি বরাবর চে**ই। ক**রে এসেছি। আমাদের ^{ন এন সি} সি গঠিত হয়েছে সেওভাল ভাবে গঠিত হয়নি। তাদের জন্য বিশেষ **সংবোপ থাক**। ^{'বুকার}। তারা ভাত্ত করে থেতে পায় না। তাদের আালাউযেন্স দেয়া হয় না। তাদর স্বাস্থ্য জানি তাদের স্বাস্থ্য পদ্মীকার যতদ্ব দরকার। আমি ^{এব° তাদের} খাদ্যের কোন ব্যবস্থা নেই। এই সমস্ত দেৰে কি সম্ভে হয় **আমন্ত্র** ^{দেশ শাসনের উপযুক্ত} ? আমরা যে পরারীন ছিলাম সেই প**রাধীৰতা**র বু**ভিন্ন হাল। আবলা** 88-45C

পরিচালিত হচিছ্ কিন্তু পাকিন্তান তাদের দেশকে বড় করে দেখে এবং সেইভাবেই তার। দেশাসন করছে। আর আজকে আমর। ফল্স্ সেকুলারিজমের নাম দিয়ে দেশের স্বাধীনতাবে বিপপু করে ফেলেছি—এই আমার বজব্য।

Shri Satya Priya Roy:

ৰাৰনীৰ অধ্যক্ষ মহাশয়, আলোচনার শেষ পর্যায়ে আমি থোগদান করতে চাচিছ এজন্য যে শিক্ষক দের প্রতিনিধি হিসাবে শিক্ষার যে দরবস্থা হচেছ সে সম্পর্কে এই আলোচনার সময় সকলে দৃষ্টি আকর্ষণ করাটা আমার বিশেষ কর্তব্য বলে আমি মনে করি। আজকে স্যার, আপনি ভনে ছিলেন যে ৫ হাজার প্রাথমিক শিক্ষক বিভিন্ন জেলা থেকে সমবেত হয়েছিলেন শিক্ষামন্ত্রীয় সজে সাক্ষাৎ করবার জন্য তাঁর কাছে তাঁদের স্মারকলিপি পেশ করবার জন্য এবং আপনি র্ত্ত্বিও জানেন যে ২৬এ ফেব্র য়ারী মাধ্যমিক শিক্ষকরা এসেছিলেন, আপনি জানেন এরা এপিন **কলেজ** এবং ইউনিভার্সিটি টিঁচাররা ঠিক এমনি রাস্তায় এসে দাঁড়াবেন। তাহলেই আপনি বঝতে শারছেন এই বাজেটে যে অবস্থা স্বষ্টি করা হয়েছে তাতে কলেজ টিচার হোন, মাধ্যমিক টিচার হোন, প্রাথমিক টিচার হোন কারো দাবী কোন অংশে মেটেনি এবং প্রত্যেককেই আজ রাস্তায় এসে দাঁড়াতে হচেছ এবং প্রত্যেকেই আজ আন্দোলনের কথা ভাবতে বাধ্য হচেছন। কেন হচেছ সেকথা অথমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয় আজ পাশাপাশি বসে সাছেন, সেই জন্য আমি বলছি। ১৯৬২-৬৩ সালের বাজেটে যত টাকা বরাদ্ধ **ব্দ**রা হয়েছিল, তার থেকে দেখা গেল, এই এক কোটি টাকা আমাদের আগামী বছরের বাজেটে কমে গেল, অথাৎ প্রতি বছর ৫০ লক্ষ টাকা করে। এর কারণ কি? বিশু বিদ্যালয়ের সংখ্যা বাডলো, ক্রমশঃ আমাদের কলেজের সংখ্যা বাডলো, হায়ার সেকেগুরী विमानदात मः था। वाज्रत्ना ववः श्वाथिमक विमानदात मः था। उत्ह निराहः। क्रम् । যেখানে ব্যয় বরাদ্ধ বাড়িয়ে যাওয়া উচিত, সেখানে ঐ ১৯৬২-৬৩ সালের একচয়াল-এর হিসাব করে, আজকে আগামী বছরের ১৯৬৪-৬৫ সালের বাজেটে ১ কোটি টাক। কেন কমে গেল, সেই প্রশু শিক্ষামন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে করেছেন কি?

রিভাইজড বাজেটে বা সাপ্রিমেণ্টারি বাজেটে তিন কোটি টাকা দেখান হয়েছে। কিল্প এই कथा वर्षे मन्त्री महाग्र छत्न शिरायिहत्नन त्य यथनरे जाछीय मक्कि वतन शांघणा कता हन, তথনই প্রথম বলি দেওয়া হয়েছে শিক্ষাকে। শিক্ষাখাতে দুই কোটি টাকা কমি য় দেওয়া হয়েছিল। পরে রিভাইজড বাজেটে সেই টাকার কিছটা যগিয়ে দেওয়া সত্তেও, দেখা গেন অামাদের ১৯৬২-৬৩ সালের বাজেট থেকে. ঐ ১৯৬৩-৬৪ সালের রিভাইজড বাজেটে ৫০ লক টাক। কমে যায়, এবং ১৯৬৪-৬৫ সালের বাজেটে আরও ৫০ লক্ষ টাকা কমে, ক্রনণঃ এক কোটি টাকা খরচ কমে গেল। এর ফলে আজ বিদ্যালয়গুলির সমস্যা কোখার এনে দাঁডিয়েছে. সে কথা ভারতে গামি অর্থমন্ত্রী মহাশয়কে বলছি। আরও বিশেষ পরলোকগত ডাঃ রায়, তাঁর কাছে 'ওঁরা এই সংসদীয় রাজনীতি শিক্ষা করেছেন, ^{যার} পদতলে বসে ওঁরা মন্ত্রীয় করেছেন, তাঁর প্রতিশ্রুতগুলির কি কোন মূলা নেই? **জাজকে এই কথা তাঁর। কি করে বাজেটে প্রকাশ করেছেন এবং অ্যাপ্রোপ্রিয়েশ**ন বিলে কি করে আসছে তা আমরা জানি না। (এ ভয়েস:বেঁচে থাকতে উনি এ কথা বলেনি নি।) ১৮-৯-৬১ সালের এ্যাসেম্বলী প্রসিডিং খুলে দেখবেন। তিনি বেঁচে থাকতে, তাঁর ^{সঙ্গে} শামরা ঝগড়া করেছি, কিন্ত এ্যাজ এ নোবেল অ্যাডভারসারী আমরা দেখেছি তাঁর ^{মধ্যে} প্রচর উদারতা ছিল, একথা আজকেই বলছিনা, একথা তাঁর পরলোক গমনের পর, ^{এখানে} দাঁড়িয়ে বলেছিলাম যে একটা তাঁর সমরণচিহ্ন এই বিধান সভার কোথাও প্রতি^{চিত} হল না। এই অভিযোগ আমরা করেছিলাম। তাঁর সঙ্গে আমরা সংগ্রাম করেছি ^{এবং} যঁকে উদার শত্রু বলে আমর। মনে করেছিলাম, তাঁর একটা সমরণ চিহ্ন, কিছু বাংলায় আপ^{নারা} রাখেন নি। অস্ততঃ এখানে যে একটা কিছু করবেন, যা আমরা বলৈছিলাম ^{সৌটুরুও} আপনারা করেননি। যাইহোক, তাঁর যাঁ প্রতিশ্র তি ছিল, তার প্রতি আমি ^{মাননীয} অর্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছিলেন বিদ্যালয়ের যত অর্ধন্তন কর্মচারী, ^{যাদেব} শামরা বেয়ারা বলি, যাদের উদয়াগু বিদ্যালয়ে কাজ করতে হয়, উনি বিদ্যালয়ের স্পা^{ন্ত} হিসাবে জানেন সেটা, কতকগুলি বিদ্যালয়ের সঙ্গে যেহেতু ওর যোগ আছে। তি

বলেছিলেন যে গভর্নমেণ্টের ঐ ধরণের কর্মচারীদেব বেতনের কোন সাব্যস্ত হয়নি—১৮-৯-৬১ সালের তারিঝে, তাঁর বজ্তায়, তিনি পরিছ্লার এই কথা বলেছিলেন যে আমাদের গর্জন্মেণ্টের কর্মচারীদের বেতনের হার নির্দ্ধারিত হয়ে গেলেই তারপর বিদ্যালয়ের এই ধরণের কর্মচারীদের জন্য, আমি তদুপ সবকারী কর্মচারীদের মত বেতন নির্দ্ধারিত করবো। এই যে দুর্ভাগা, মারা দু মুঠো ধেতে পাচেছ না, উদয়াস্ত পরিশ্রম করে যাচেছ যারা, যারা বিদ্ধালয়-গুলিকে চালু রেঝেছে, তাদের জন্য আমি আজকে এর্থয়রী মহাশয়ের কাছে এই আবেদন জানাবার জন্য দাঁড়িয়েছি। এঁদের পুতি অর্থয়ন্ত্রী ও শিক্ষায়ন্ত্রী মহাশয় যেন বিশেষ ৠিট রাঝেন এবং বিদ্যালয়ের অন্যান্য সমস্যাগুলিব পুতিও যেন তাঁরা দৃটি দেন। শোনা যাচেছ শিক্ষায়ন্ত্রী মহাশয় চলে যাচেছন, তিনি অবসব গ্রহণ করবেন। কিন্তু উনি স্যার, কতকগুলি মানুছের অভিশাপ পুঁজি কবে নিমে মন্ত্রীয় ছাড়ছেন কেন, জানি না। এতগুলি শিক্ষকের অন্ততঃ একটা আশীর্বাদও তিনি পেতেন। তাঁদেব একটা গুলি বা বিত্তমা করবেন, এই আশুগাস্টুকু দিতেন। অপচ তিনি তা না করেন, তাঁর জীবনেব শেষ সীনায় এদে, কেন যে তিনি অভিশাপ পুঁজি কবে নিয়ে যাচেছন, এটা আমি আমাৰ জীবনেব শেষ প্রাম্থে এসে, বুঝতে পারছি না।

যাইছোক, থামি আশা করি যে শব সম্পাণ পূর্ণ বিদ্যালয়ওলি আছে, সে দিকে শিক্ষামন্ত্রী মহাশয় ও অর্থমন্ত্রী মহাশয় উভয়েই দৃষ্টপাত করবেন। আমার পাঁচ মিনিট সময়ের
মধ্যে সমস্ত সমস্যার কথা বলা যায় না নলে, যা আমাদের শিক্ষা অপতে গবচেরে বড় পীড়াদায়ক, সেইটাকেই আমি উল্লেখ করলাম। অপনাকে আনাব ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ কর্ছি।

[6-15-6-29 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman:

অন্ত প্রেণ্ট অফ পারসোনার এক্সপ্লানেগান, যানি, যানি যথন এখানে জিলান না, যাননীয় সদস্য যতীন চক্রবর্তী মহাশ্য, এছাল ডিডিক লিখলে প্রকার করে বা লেখিলে প্রামান ক্ষন্তার যাওবা সম্বন্ধে দুই একটা ছেখা ব্লেছেন। গামি চুটনখনে ছিলাছিলান, এটি ব্রুখন সোনে আমি কোন ওছল ওটিনি এবং ডিটি স্বেখনৈ ভংলালে কটিন ছেলাছে যে একটা টেনশান ছিল বলে উল্লেখ করেছেল সোনি ছিলিছিল মানুখে আফার লাইব্রেলী বা নাবনাইব্রেলীৰ পিস কমিটিৰ সালুখে এটি ধণী ধনে সভা করেছি। সোধানে কোনবক্য ওছল ছিলা।

Shri Jatin Chakravorty:

শার, অন এ পরেণ্ট অফ অর্ডার আমি একটা চিঠি পড়েছি, তার নম্বর দিয়েছি, আমি এখনও বলছি ২২৬(সি) চীফ সেক্রেটারীর কাছে লেখা—সেই চিঠি থেকে পড়েছি। লেট ফিম এগাগারটেন—আমি তাকে এখনও চ্যালেঞ্জ কবছি।

Let him ascertain from the Chief Secretary, whether it lies with the Chief Secretary Mr. R. Gupta, 29th January, 1964.

The Hon'ble S. M. Faziur Rahman: explanation.

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি আপনার চিঠিতে কি আচে জানি না, চিঠিব উল্লেখ কবে আমাকে জড়িত কর। ংযেছে। সেখানে আপনি একটা গুজব এবং টেনশান-এর কথা উল্লেখ কবেছেন। সেখানে কোন গুজব বা কোন টেনশান ছিল না। আমি কৃষ্ণনগরে গিয়েছি সাকুইট হাউস-৭ থেকেছি, অসংখ্য জনপ্রতিনিধি, শিক্ষিত, অর্দ্ধশিক্ষিত এবং নেতৃষ্থানীয় ব্যক্তিদের সাথে ঘণ্টার পর ঘণ্টা ধরে তাদের সাথে আলোচনা করেছি কোন গুজব বা কোন টেনশান শুনিনি। সর্বোপরি স্যার, ২৩শে তারিখে নেতাজী দিবসে ন্যাকাচোকা থানায় সাধারণ সভা করেছি এবং সেখানে ১০।১৫ হাজার লোক ছিল সেখানে কোন গুজব বা টেনশান দেখিনি। নদীয়া জেলায় করিমপুর থানায়, তেহট্ট থানায়, নাদালীপাড়া থানায়, চাপড়া থানায়, কেইগঞ্জ থানায়, হাঁসখালি থানায় এবং রাণাঘাট থানায়, শান্তিপুর থানায় কোন জায়গায় কোন গুজব ছিল না। সম্পূর্ণ শান্তি বিরাজ করছিল। এবং গুজব ভিত্তিক চিঠিগুলি প্রকাশ করেছেন তার কোন সত্যতা নাই।

Shri Jatin Chakravorty: On a point of personal explanation হচেছ এই, আমি যে চিঠিখানি পড়েছি আমি সেই চিঠি জাজমেণ্ট দেবার পর পি. বি. মধাজির কোর্ট থেকে তার সার্টিফায়েড কপি এনে দিলে উনি যে অসত্য কথা বলছেন সেটা প্রমাণ হবে।

Mr. Chairman: I am not going to decide that.

Shri Jatin Chakravorty: I will produce the certified copy of the letter after the judgment is delivered. The file is with Justice P. B. Mukherjee.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয সভাপতি মহাশর, আজকে এই অতিরিক্ত ব্যয়-বরাদ আমাদের পশ্চিমবঙ্গের সাম্প্রিক অর্থ ভাণ্ডাবে অন্তর্ভুক্তির জন্য যে আইনের ধর্মড়া আনা হয়েছে তার এই বিতর্কের উত্তর দেশার সময় আনার কাজ মাননীয় বিরোধী দলের সদস্যন। অন্ত্যন্ত গৃহজ্ব ও ল্ববু করে দিয়েছেম। কেন না স্পেদীয় গণতন্ত্রের নীতি অনুসারে এ্যাপ্রোপ্রিয়েসান বিলের ধান সন্ধর্মে বিতর্কের যে রীতি আছে সকল সদস্যই সেই বীতি বহির্ভুত বজ্বতা দিয়েছেন। এখাদে দীর্ঘদিন বিভিন্ন বিঘরের দাবির আলোচনা হয়েছে। সকল সদস্যের প্রত্যেক বিভাগের স্ক্রোগ ছিল সেই বিঘয়ে আলোচনা করবার।

Shri Jatin Chakravorty:

খান এ পরেণ্ট খাব আর্ডার স্যার। আমার পরেণ্ট খাব আর্ডার হচেছ আপনি চেয়ারে বংগ আছেন, আমার যদি কোন রীতি বহির্ভূত বজ্ঞা দিয়ে থাকি তাহলে you could pulled us up. Is it not an aspersion on the chair?

The Hon'ble Saila Kumar Mukherjee: No.

Mr. Chairman: Not at all.

Shri Nirmalya Bagchi:

The Hon'ble Minister has stood up and said that it is not. It is at aspersion on the chair.

Shri Jatin Chakravorty: You are here to pull us up Who is the Minister to refer to the matter? You did not pull us up.

The Hon'ble Saila Kumar Mukherjee: I have never said that.

Sarı Jatin Chakravorty:

স্যার, আমর। নীতি বহির্ভত বক্তা দিতে পারি আপনি বসে গাক। শশ্বেও : ps it not an aspersion on the chair !

Mr. Chairman :

নীতি-বহির্তুত বললে কিছু ক্ষতি হয় না। নীতি is a very eloquent word in Bengali.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, আমি যথন আজকে মাননীয় সদস্য যতীন চক্রবর্তীর দীর্ঘ এবং উত্তেজনাপূর্ণ বজ্তা শুনছিলাম তখন আমার মনে হচিছল যে আজকে হাউসে বোধ হয় পুলিস প্রাণ্ট হচেছ। সেজন্য আমি মনে করি এগুলির কোন জ্বাব দেওয়ার প্রয়োজন নেই। কেন না কেউ বলেননি যে এটাপ্রোপ্রয়োন বিলে এই এই খাতে বেশী অর্থ ধরচ করুন। এইজনা আমি বলছিলাম যে পার্লামেণ্টারী রীতি বহিত্ত। এটাপ্রোপ্রিয়োন বিলের স্কোপই হচেছ অন্য রকম। মাননীয় সভাপতি মহাশয় আপনার নিশ্চমই অধিকার আছে। দ্বিতীয়তঃ আজকে মাননীয় সদস্য যতীন চক্রবর্ত্তী নহাশয় তাঁর অধিকাংশ বক্তৃতায় বিশেষ করে উচচ পদস্ব পুলিস কর্মচারীর বিরুদ্ধে একটি একটি নাম করে বলেছেন। হাঁা, এটা সত্য যে বিধানসভার রুদ্ধার কক্ষের অধিকারের স্থাযোগ নিয়ে বিষোদ্গার করবার অধিকার তাঁর আছে। একটি বিষয়ে তিনি যা বলেছেন তার তীত্র প্রতিবাদ করা দরকার। তিনি বলেছেন যে মাননীয় মন্ত্রী ফজলুর রহমানের জামাতাকে প্রশ্রম দেবাব জন্য মাননীয় মুখ্য-মন্ত্রী বিচার বিভাগীয় তদন্ত করছেন না। আমি যতীন চক্রবর্তী মহাশয়কে জানাতে চাই যে মাননীয় মন্ত্রী ফজলুর রহমানের জামাতার সঙ্গে পশ্চিমবঙ্গের পুলিসের কোন সম্পর্ক নেই। (ত্রেস: মুখ্যমন্ত্রীকে ভিফেণ্ড করবার জন্য ওকালতি করতে দাঁভিয়েছেন ?)

It is my primary duty to defend my colleague, the Hon'ble the Chief Minister.

Shri Jatin Chakravorty:

নো।

The Hon'ble Saila Kumar Mukherjee:

I am here to be guided by the Chairman and not by you, Mr. Chakravorty. It is my primary duty to protect my leader and dispel the aspersion cast on it.

गात, তিনি বলেছেন যে ফজলুর রহনানের জামাতাকে প্রোটেঈ করবার জন্য তিনি বিচার বিভাগীয় তদন্ত করছেন না। যাদবপুরে যে ঘটনা ঘটেছিল সেটার সঙ্গে ফজলুর রহমানের জামাতার কোন সম্পর্ক নেই, সমস্ত হচেছ পশ্চিমবঙ্গের পুলিস কর্ভূপক্ষের। তাঁর জামাতা ক্লকাতা পুলিসের একজন সার্জেণ্ট। তাঁর ডিউটি হচেছ ব্যাঙ্কশাল পুলিস কোটের প্রজনারদের আনা এবং নিয়ে যাওয়া। দাঙ্গার সময় তাঁর জামাতাকে দাংগা সম্পর্কিত কোন কর্ত্তবা দেওয়া হয়নি। স্নতরাং তিনি তাঁর অলীক উদ্ভাবনীশক্তি পেকে নানারকম অসত্য তথ্য উপস্থিত করতে পারেন, কিন্তু আমি তাঁকে বলছি যে এই সংবাদটি সম্পূ অসত্য। অন্যান্য কর্মচারীদের সম্বন্ধে তিনি যা বলেছেন পার্লামেণ্টারী ভদ্রতা হচেছ যাঁদের এখানে হাউসে এসে রিপ্লাই দেবার স্বযোগ নেই তাঁদের বিরুদ্ধে এইরকম অধিকার প্রযোগ করা অসংগত।

ু শুত্রাং আমি আপনাকে অনুরোধ করবে। আজকে যে সমস্ত উক্তি আপনি করেছেন আপনার বিদি সদিচছা থাকে বাংলার কল্যাণে প্রত্যেকটা লিখিত বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ ওলি শাঠিয়ে দিন, নচেৎ এই সভায় বাহিরে গিয়ে এ বিষয়ে প্রচার করুন, তখন স্থযোগ পাবে সেই শিন্ত কর্মচারীর। যাঁদের এই বিধানসভার রুদ্ধ কক্ষারে আপনি অযথা আক্রমণ করছেন, আপনার বিক্লম্বে অভিযোগগুলি আদালতে পুমাণ করবার। এখানে গোপাল হালদার মহাশয় যা বলেছেন শাহি তাঁর সজ্পে সম্পূর্ণ এক্মত। দেশের মধ্যে একটা বিশৃংখলার স্টেষ্ট হয়েছে। এক বছর

পূর্বে যখন আমাদের চীন আক্রমণ করে তখন সমস্ত দেশ রুখে দাঁড়িয়েছিল। আজকে চীন ও পীকিস্তানের আঁতাতে তার চেয়েও দারুণ দরবস্থার স্টি হয়েছে। দঃখের কথা পশ্চিমবক্ত এবং ভারতবর্ষের প্রাণকেন্দ্র কোলকাতায় রাজনৈতিক দলাদলীর উর্দ্ধে উঠে আমরা সমবেতভাবে শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা না করে এই সমস্ত উত্তেজনাকে জিইয়ে রাখছি—এটা দেশের পক্ষে কল্যাণকর নয়। আমি মাননীয় গোপাল হালদার মহাশয়ের সঙ্গে একমত যে পাশ্চাত্য দেশগুলি পাকিস্তানে যে জঘন্য ঘটনা ঘটেছে সেগুলি প্রচার না করে আমাদের বিরুদ্ধে তারা প্রচার করছে। এ বিষয়ে দট্টি আকর্ষণ করা দরকার এবং আমাদের কেন্দ্রীয় সরকারের ফরেন অ্যাফেয়ারস ডিপার্ট মেণ্ট এ বিষয়ে যথাযথ ব্যবস্থা করছেন এবং আমাদের রাজনৈতিক দতাবাসে তাদের সচেত্র করে দেওয়া হয়েছে যাতে তারা আমাদের তথ্যগুলি পরিবেশন করেন কিন্তু পশ্চিমবঙ্গ বিধানমণ্ডলী মাননীয় গোপাল হালদার মহাশ্যের এই প্রশোর জ্বাব দিতে পারেন না। আমরা তাঁদের কাছে জানিয়েছি যা সংবাদ আসছে আমরা সঙ্গে সঙ্গে তা কেন্দ্রীয় সরকারের কাছে পরিবেশন করছি। আজ কেন্দ্রীয় সরকার এটা সর্বভারতীয় সমস্যার্রপে গ্রহণ করেছেন এবং এটা স্বীকার করে নিয়েছেন এবং তার প্রমাণ পাচেছন যে ভাবতবর্ষের প্রত্যেকটা প্রদেশকে আজকে আমাদের এই ছিনুমূল উন্নান্তদের পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করার জন্য কেন্দ্রীয় সরকার সবরকম অর্থ এবং সাহায্য করতে প্রস্তুত। অন্যান্য বিষয় আলোচনার মধ্যে আমি অংশ গ্রহণ করতে পারি না। এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল যেটা আমি উপস্থাপিত करनिष्ठ रमि मकरले यनरमानरने बना यागि याभनात कार्ष्ट शार्थना कति ।

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation Bill, 1964, as passed by the Assembly be taken into consideration, was then put and agreed to.

Clauses 2, 3 and the schedule, preamble and title and Clause 1

The question that clauses 2, 3 and the schedule as well as the preamble and the title and clause of the Bill do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I move that the West Bengal Appropriation Bill, 1964, as settled in the Council be returned to the Assembly.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 6-29 p.m. till 3 p.m. on Wednesday, the 25th March, 1964, at the Legislative Building, Calcutta.

Members absent
